নবপর্যায়ে
র‍্যাডিক্যাল বুক ক্লাবের প্রথম গ্রন্থ
বিমল মিত্রর
স্মৃতিতে নিবেদিত

ভূমিকা

চীনের কিয়াংসু প্রদেশের নানাকিং শহরে, একদা চতুর্দশ বছর আগে, এই উপন্যাস লিখি। কোলাহল থেকে দূরে শান্ত এক ছোট্ট ঘর...আমার পড়ার ঘর...সেই ঘরে বসেই আমি লিখি। তার নীচু জানলা দিয়ে বাইরে, শহরের ছাদের পর ছাদ পেরিয়ে, নগর প্রাচীর ছাড়িয়ে, সোজা দেখতে পেতাম সান-ইয়াৎ-সানের মর্মর সমাধি-স্মৃতি, রক্ত-পাথরের পাহাড়ের গায়ে ঝকমক ক'রে উঠতো তার প্রস্তর শুভ্রতা।

যে-সব মানুষের কথা নিয়ে আমার এই কাহিনী রচিত, তারা কিন্তু সেই ধনী প্রদেশের বাসিন্দা নয়। দুর্ভিক্ষ বিতাড়িত হ'য়ে দক্ষিণ দিকে হাঁটতে হাঁটতে তারা এই নানকিং শহরে এসে পৌঁছিত। তাদের বাড়ী ঘরদোর সব ছিল উত্তর অঞ্চলের আনহুই প্রদেশে...সেখানেও আমি বহুকাল বাস করেছি, তাদের মধ্যে থেকে তাদের জেনেছি, চিনেছি। দুর্ভিক্ষ শেষ হ'য়ে গেলে, তারা আবার সেই উত্তর অঞ্চলে ফিরে যেতো।

কিন্তু আজ সেই দক্ষিণী শহর, উত্তরাঞ্চল এবং চীনের সমস্ত পূর্ব উপকূল শত্রুরা [জাপানী ফ্যাসিষ্টরা] দখল ক'রে নিয়েছে। যে ঘরে বসে পরম নিশ্চিন্ত মনে নির্বিবাদে আমি লিখতাম, সে-ঘর, সে-বাড়ী আজ জাপানীরা অধিকার ক'রে নিয়ে আছে। না জানি, কত না অনাত্মীয় দৃশ্যের সাক্ষী হয়ে সে আছে! শত্রুর আক্রমণের জঘন্যতম ও নিষ্ঠুরতম অপঘাত নানকিং শহরকে সহ্য ক'রতে হয়েছে। শত সহস্র নাগরিক লুণ্ঠিত, ধর্ষিত এবং নিহত হয়েছে। নবীন চীনের রাজধানী ক'রে নানকিং শহরকে তারা যে-সব সুন্দর সৌধমালায় বিভূষিত ক'রে আজ সে-সব সুরম্য অট্টালিকায় বিচরণ ক'রছে বিদেশী প্রভুর চরণাশ্রিত কলের পুতুলের শাসক আর তাঁর অনুচরেরা।

সমস্ত অনিশ্চয়তার মধ্যে আমি শুধু সুনিশ্চিতভাবে একটি জিনিস জানি—'গুড আর্থ' যাদের নিয়ে লেখা, তারা তেমনি সজীব, সবল এবং সজাগ ভাবেই বেঁচে আছে, বেঁচে থাকবে,—যে-মাটিকে, যে-দেশকে তারা ভালবাসে আজও তেমনি ভাবে তাকে ভালবেসে তারা বেঁচে আছে। যেদিন শত্রুরা

পরাজিত হ'য়ে বিতাড়িত হবে, সেদিন তারাই আবার সেখানে মাথা তুলে থাকবে ; যুদ্ধক্ষেত্র থেকে আবার ঘরে ঘরে ফিরে আসবে তাদের ছেলেরা, যারা আসতে পারবে না, যুদ্ধক্ষেত্রেই থাকবে শুয়ে। নতুন ক'রে সেদিন আবার তারা গড়ে তুলবে নতুন সব ভিত্তি। যদি এই যুদ্ধ-কণ্টকিত বর্ষের পর বর্ষ মানবতার কোন প্রয়োজনে লাগে, তা'হলে দেখা যাবে একটা মস্ত বড় প্রয়োজনীয় কাজ তারা স্থায়ীভাবে ক'রে গিয়েছে। তারা সমগ্র পৃথিবীর সামনে প্রমাণ ক'রে দিয়ে গিয়েছে চীনের অতি সাধারণ প্রতিদিনের মানুষের মধ্যে আছে কি প্রচন্ড বীরত্ব আর অপূর্ব মহিমা।

পার্ল এস্ বাক

[এক]

আজ ওয়াং লাঙের বিয়ে।…

ভোরবেলা মশারির ভেতর আলো-আঁধারীর মধ্যে চোখ মেলেই ওয়াং লাঙের মনে হয় সে-কথা…আজকের স্নিগ্ধ সকাল মনে হয় অন্য রকম।

বাড়ীটা নিঝুম। কেবল থেকে থেকে বাবার চাপা দম-বন্ধ কাশির শব্দ কানে আসছে। বাবার ঘরটা ওর ঘরের সামনে, মাঝের ঘরের ও-পাশে।

প্রতিদিন ঘুম ভেঙেই বাবার কাশির শব্দই ওয়াং শোনে সর্বপ্রথম। বিছানায় শুয়ে শুয়েই শোনে, তারপর যখন শব্দটা ক্রমে ক্রমে কাছে এগিয়ে আসে আর কাঠের দরজাটাও কব্জার ওপর মোচড় খেয়ে ক্যাঁকিয়ে ওঠে, সে আড়মোড়া ভেঙে উঠে বসে।

কিন্তু আজ আর দেরী করে না ওয়াং। মশারি সরিয়ে বিছানা ছেড়ে উঠে আসে। দেখে, আঁধার কাটিয়ে ভাবী দিনের আহ্বান। কাগজ-সাঁটা ছোট্ট ঘুলঘুলির ফাঁকে সোনালী আকাশের টুকরো দেখবার জন্য ওয়াং ছিঁড়ে ফেলে কাগজটা।

বসন্ত এসে গেছে…কাগজ দিয়ে ঘরের ফাঁক আজ বন্ধ করার প্রয়োজন ফুরিয়েছে।

ওয়াঙের ইচ্ছে বাড়ীটা আজ ঝকঝকে ক'রে ফেলে। এই গোপন ইচ্ছেটুকু বাইরে প্রকাশ ক'রতে কোথা থেকে লজ্জা এসে ঘিরে ধরে তাকে।

ঘুলঘুলির ভেতর দিয়ে হাত গলিয়ে দেয় বাইরে। মৃদু, কোমল বৃষ্টি-ভেজা হাওয়া। শুভ সূচনা! শুকনো মাঠগুলো তৃষ্ণার্ত হ'য়ে পড়ে আছে—বর্ষণের ধারা ব'য়ে গেলেই তাদের ফুটবে ফুল, ধরবে ফল। আকাশে বৃষ্টির আভাস আজ আর নেই। কিন্তু এই হাওয়া বইতে থাকলে দু'চার দিনের মধ্যেই বৃষ্টি নামবে। সুলক্ষণ! কালই বাবাকে বলেছিল ওয়াং—আর ক'দিনের মধ্যে বৃষ্টি না হলে গম যাবে নষ্ট হ'য়ে। আর আজই কিনা ভগবান তাদের জন্য তাঁর এই আশীর্বাদ পাঠালেন। বসুমতী এবার সুফলা হবে।

ওয়াং তাড়াতাড়ি উঠে মাঝের ঘরে গিয়ে নীল পাজামাটা পরে নিলো। গরম জলে স্নান সেরে জামা পরবে।

শোবার ঘরের পাশেই হেঁসেল। তারই এক অন্ধকার কোণে দাঁড়িয়ে ড্যাবডেবে দৃষ্টি মেলে ওয়াঙের প্রতীক্ষায় বলদটা ডাকছে মাঝে মাঝে। থাকবার ঘর আর রান্না ঘরটা মাটির—নিজেদেরই জমির মাটি দিয়ে ওয়াঙের ঠাকুর্দার হাতের তৈরি। ক্ষেতের খড় দিয়ে চাল ছাওয়া, নিজেদেরই ক্ষেতের খড়। ঐ প্রকান্ড উনুনটা…এত বছরের দাহনে কালো পাথরের মতো হ'য়ে উঠেছে। উনুনের ওপরে চাপানো রয়েছে একটা প্রকান্ড কড়াই। অতি সাবধানে জলের জালা থেকে আধ-কড়াই জল ঢেলে নিল ওয়াং; তারপর কিছুক্ষণ কি ভেবে জালার সব জলটাই ঢেলে দিল। আজ ওয়াং সর্ব অঙ্গে জল ঢেলে স্নান করবে, পরিচ্ছন্ন হবে! সেই শৈশবকালের পর দেহের দিকে

কারো দৃষ্টি পড়েনি আজ পর্যন্তও। আজ একজন তাকে দেখবে। তাই দেহটাকে পরিচ্ছন্ন ক'রে নিতে হবে।

উনুনের পেছনেই কুটো জমানো আছে। তার থেকে কিছু এনে উনুন ধরালো। কাল আর ওয়াঙকে উনুন ধরাতে হবে না। মা মারা গেছে ছ'বছর। এই দীর্ঘ ছ'বছর ওয়াং উনুন ধরিয়েছে, জল গরম করেছে—তারপর বাটি ভ'রে বৃদ্ধ বাবার কাছে এনে দিয়েছে। এই ছ'বছর বৃদ্ধ রোজই গরম জলের আশায় ছেলের জন্য প্রতীক্ষা ক'রেছে। কাল থেকে এ সবের শেষ। ওয়াংকে আর শীতে-গ্রীষ্মে অন্ধকার থাকতে বিছানা ছেড়ে গিয়ে উনুন ধরাতে হবে না। সেও শুয়ে শুয়ে প্রতীক্ষা করবে ...তার কাছেও এক বাটি গরম জল আসবে। আর যদি ফসল ভালো হয় জলের বদলে আসবে চা।

প্রতিদিন কাজ করতে করতে যদি তার ক্লান্তিই আসে—উনুন ধরাবার জন্য থাকবে তার সন্তানেরা; বহু-সন্তানবতী হবে নিশ্চয়ই ওয়াঙের বৌ। ক্ষুদ্র ঘর তিনটি উছলে উঠবে তার সন্তানদের হুটোপাটি উচ্ছ্বাস আর আনন্দে। ভাবীদিনের এমনি-তর স্বপ্ন দেখে ওয়াং।

মা মারা যাবার পর বাড়ীটা একেবারে ফাঁকা হয়ে গেছে। বাড়ীর তিনখানা ঘর বৃদ্ধ বাবা আর ওয়াঙের পক্ষে বেশী। আত্মীয়স্বজনের ভিড় ওদের আটকাতে হয়েছে —বিশেষ ক'রে কাকা। প্রকান্ড গোষ্ঠী-পরিবার তাদের। এ বাড়ীতে এসে মৌরুসী পাট্টা জমাবার কি চেষ্টাই না করেছে তারা। কাকা মতলব হাসিল করার জন্য কতো রকম কৌশল করেছে। ওয়াংকে বারবার বলেছে : 'বুড়ো বাপকে একা এক ঘরে ফেলে রাখছিস! বাপ-বেটায় এক সঙ্গে ঘুমোলে তো তোর তাজা শরীরের তাপে হিমের রাতে বুড়ো শরীর একটু গরম থাকে।' অয়াঙের যদি একটু সুবুদ্ধির উদয় হয়, তবে আর একখানা ঘর খালি হয়ে যাবে—আর তাতে কাকাদের স্থানও হ'য়ে যেতে পারে।

বুড়ো সন্ত্রস্ত হ'য়ে বলেছে : 'না না, আমার পাশে আর কেউ শোবে না—শোবে আমার নাতিরা। তাদেরই কচি দেহের তাপ আমার এই মরা শরীরটাকে বাঁচিয়ে রাখবে।'

আসছে—সেই নাতিরাই আসছে। একটি নয়, দুটি নয়—আরো...আরো... অনেক। মাঝের ঘরটায়ও বিছানা পাততে হবে। ওঃ, সব ঘরগুলোই তাহলে বিছানায় বিছানায় ভরে যাবে!

শূন্য গৃহ শিশুর শয্যায় ভরে-ওঠার সুখ-স্বপ্নে ওয়াং নিজেকে ভাসিয়ে দেয়।

কাপড় সামলাতে সামলাতে বৃদ্ধের শীর্ণ মূর্তি দরজার কাছে এসে দাড়ায়।

কাশির বেগে ধুঁকতে ধুঁকতে বলে : আজ এখনো জল গরম হ'লো না রে? আমি তো মরছি কাশতে কাশতে।' ওয়াং ফিরে আসে বাস্তবে, লজ্জায় লাল হয়ে ওঠে। বলে : 'কাঠগুলো কেমন ভিজে, জ'লো হাওয়া—'

বৃদ্ধের কাশির বেগ থামে না। জল গরম হ'য়ে গেলে একটা বাটিতে ক'রে নিয়ে ওয়াং একটু ইতস্তত: করে। তারপর একটা পাত্র থেকে কয়েকটা চায়ের পাতা নিয়ে বাটিটার জলে ফেলে দিয়ে বাবার কাছে নিয়ে আসে। বৃদ্ধের দৃষ্টি লোভে জ্বলে

জ্বল্ ক'রে ওঠে। কিন্তু সঙ্গে সঙ্গে কড়া কণ্ঠে ঝাঁঝিয়ে ওঠে ঃ 'এঃ, খুব যে বড়মানুষী দেখছি আজ ! চা, না তো—আস্ত পয়সা গেলা।'

'এই আজই একটু খাও বাবা ! আরাম লাগবে,' একটু হেসে ওয়াং বলে। বৃদ্ধ তার শীর্ণ অস্থিসার গ্রন্থিল আঙুলগুলো দিয়ে বাটিটা ওয়াঙের হাত থেকে তুলে নিয়ে আপন মনে কি বলতে থাকে, বোঝা যায় না। কোঁকড়ানো পাতাগুলো ধীরে ধীরে জলের ওপর ছড়িয়ে যাচ্ছে, তা দু'চোখ ভরে দেখে। দেখে দেখে তৃপ্তি যেন আর শেষ হয় না। এই মহামূল্য পানীয় মুহূর্তেই শেষ ক'রে ফেলতে বুকটা কেমন টন্‌টন্ ক'রে ওঠে।

'খেয়ে নাও, ঠান্ডা হ'য়ে যাবে যে বাবা !'

'ওঃ, তাইতো—' চমকে উঠে বৃদ্ধ এক নিঃশ্বাসে বাটিটা শেষ ক'রে ফেলে। মাতৃস্তনে মুখ দিয়ে পরিতৃপ্ত শিশুর মুখে যে তৃপ্তি ফুটে ওঠে, ঠিক তেমনি অপূর্ব তৃপ্তি ফুটে ওঠে বৃদ্ধের মুখে।

কিন্তু এদিকে ওয়াং যে বে-হিসেবীভাবে কড়াইয়ের সব জল বালতিটাতে ঢেলে নিলো, তা কিন্তু বৃদ্ধের দৃষ্টি এড়ালো না। গরম হ'য়ে বলে উঠলো ঃ 'ব্যাটা, জলগুলো কিভাবে ফেলছে দেখ না ; ক্ষেতে জল বুঝি আর লাগবে না !'

ওয়াং জলই ঢালে, কোন উত্তর দেয় না।

চিৎকার ক'রে ওঠে বুড়ো ঃ 'জবাব দিচ্ছিস না যে ?'

ওয়াং আস্তে আস্তে জবাব দেয় ঃ সেই নতুন বছরের পর একদিনও ছান করিনি বাবা।'

এক অচেনা নারী এসে ওকে দেখবে, তাই এত আয়োজন,—একথা বাবাকে বলতে সঙ্কোচ এসে বাধা দেয়। তাড়াতাড়ি বালতিটা তুলে নিয়ে নিজের ঘরে যায়। দরজা ভালো ক'রে বন্ধ হয় না। বাবা দরজার ফাঁকে মুখ বাড়িয়ে বলে ঃ

'চোখ খুলতে না খুলতেই চা, ছান ক'রে অমন ক'রে জল নষ্ট করা ; এসব ভালো নয় বাপু ! প্রথম থেকে মেয়েমানুষকে মাথায় তুললেই হয়েছে আর কি ! এখনথেকেই—'

ভেতর থেকে চেঁচিয়ে বলে ওয়াং ঃ 'রোজ তো করি না, একদিনই তো—। তাছাড়া, জলটা নষ্ট হবে না বাবা। ছান হয়ে গেলে সব জলটাই মাটিতে ঢেলে দেবো।'

বৃদ্ধ চুপ ক'রে যায়।

ঘুলঘুলির ফাঁক দিয়ে আলোর একটি ঋজু রেখা ঘরের মধ্যে এসে পড়েছে। গরম জলে গামছা ভিজিয়ে ওয়াং তার পেটা দেহখানা বেশ ভালো ক'রে রগড়ে রগড়ে পরিষ্কার করে। দিনটা বেশ গরম ; কিন্তু গায়ে জল পড়লে কেমন একটু শির-শিরিয়ে ওঠে। গরম গামছা দিয়ে রগড়ানো দেহ থেকে বাষ্প মন্থরভাবে ঊর্ধ্বে উঠতে থাকে। মায়ের বাক্স খুলে ওয়াং একটা নীল সুতী-পোষাক পরে নেয়। গরম জামা না পরলে হয়তো একটু শীত করবে, কিন্তু ময়লা জামাটা আজ আর গায়ে দিতে ইচ্ছে হয় না। জামার বাইরের কাপড়টা ছিঁড়ে ভেতরের তুলো বেরিয়ে পড়েছে। এক নারী তার জীবনে প্রথমে আসছে, এসেই এই দৈন্য দেখবে ! তার এই দৈন্যকে শ্রীতে ভরিয়ে তুলবে ঐ নারীই ; কিন্তু তবুও এই প্রথম প্রভাতেই শ্রীহীনতার মাঝে তাকে সে আহ্বান করবে না।

নীল পা'জামা খানা পরে সেই রঙেরই কোর্তাখানা চাপিয়ে দিল। ঐ একটি মাত্র জামাই তাঁর সম্বল—নিমন্ত্রণ বা উৎসবের দিনে শুধু পরে, তাও বছরে দশ-বারো দিনের বেশী হবে না। তারপরে অতিদ্রুত বেণীটি খুলে ভাঙা টেবিলের দেরাজ থেকে চিরুণী নিয়ে আঁচড়াতে বসে।

আবার বাবা এসে দরজার ফাঁকে মুখ রেখে বলেঃ 'আজ আমায় না খাইয়েই রাখবি নাকি রে? সকাল বেলা পেটে কিছু না পড়লে বুড়ো মানুষ আমি কত বেলা পর্যন্ত থাকবো, বল্‌তো?'

কালো রেশমী ফিতে দিয়ে বেণী বাঁধতে বাঁধতে ওয়াং বলেঃ 'এই আনছি বাবা।'

কোর্তাটা আবার খুলতে হলো। বেণীটা মাথায় জড়িয়ে ওয়াং বালতি হাতে বাইরে এলো। খাবার কথা নিজে ভুলেই গেছে। ভুট্টার ময়দা দিয়ে একটু মন্ড ক'রে বাবাকে দিয়ে আসবে, ওর নিজের তো কিছু আজ আর খাওয়া চলবে না।

হেঁসেলের দাওয়ার কাছে এসে বালতির জলটা মাটিতে ঢেলে দিয়েই ওয়াঙের মনে পড়ে গেল কড়াতে একটুও জল নেই। উনুনও আবার ধরাতে হবে। মেজাজ গরম হ'য়ে ওঠে। উনুন ধরাতে ধরাতে আপন মনে বক্‌বক্‌ করে ওয়াংঃ ভোর না হ'তেই 'বুড়োর খাওয়া আর খাওয়া!' প্রকাশ্যে কিছু বলে না। যাক্‌গে, আজকের পরে আর তো রাঁধতে হবে না—যত সব ঝামেলা! কালই তো এসব শেষ। কুয়ো থেকে জল এনে সামান্য জল কড়াইতে ঢেলে দিল। জলটা ফুটে উঠতেই তাড়াতাড়ি মন্ড তৈরি ক'রে বাবাকে দিয়ে এল।

'এখন এই খাও বাবা, আজ রাতে আমরা ভাত খাব।'

কাঠি দিয়ে মন্ডটা নাড়তে নাড়তে বাবা বলেঃ 'চালই বা কই রে, দেখতো ঝুড়িটা।' খুবই সামান্যই হয়তো ঝুড়িটায় আছে।'

'তা অল্প একটু কমই না হয় হবে।'

বৃদ্ধের কানে কথাটা প্রবেশ করে না, সে সশব্দে মন্ডের বাটিতে চুমুক দেয়।

ওয়াং লাঙ আবার ঘরে গিয়ে কোর্তা প'রে নেয়; মুখে একবার হাত বুলিয়ে নিয়ে বেণীটা পিঠের ওপর দুলিয়ে দিল। আজ একবার দাড়িটা কামিয়ে নিলে হতো। সূর্য তো এখনও ওঠেনি! তার বধূকে নিয়ে আসার জন্য জমিদার-বাড়ী যাবার আগেই সে নাপিত-পাড়ায় গিয়ে কামিয়ে নিতে পারবে; কিন্তু পয়সা! কোমর থেকে একটি ছাই রঙের থলি বের ক'রে গুনে দেখলো, ছ'টা রুপোর টাকা আর কিছু খুচরো রেজকী আছে। রাত্তিরে জন কয়েক বন্ধুকে খেতে বলা হয়েছে—বাবা এখনও জানে না। জানলে আবার রাগারাগি করবে। কয়েকজনের মধ্যে তো কাকা আর তার ছেলে—তা এদের বলা তো বাবারই খাতিরে! তাছাড়া পাড়াপড়শী তিনজন। মনে মনে ওয়াং ঠিক করে, শহর থেকে কিছু শুয়রের মাংস, মাছ, আর বাদাম কিনে নেবে। বাঁশের কোঁড় যদি পায় তাও নেবে। বাগানে বাঁধাকপি হয়েছে—কপি দিয়ে মাংসের স্টু বেশ হবে। অন্য মাংস কিছু নিতে হবে। তেল আর সয়াবীনের চাট্‌নীটা আগেই কিনে ফেলতে হবে। কামাতে গেলে মাংসটা আবার কেনা হবে না, টাকায়

টান পড়বে। যাক্‌গে, নাই হলো। হঠাৎ ওয়াং স্থির করে, মাথাটা আজ কামাতেই হবে। আর কিছু হোক আর না-হোক্‌।

বাবাকে কিছু না বলেই ওয়াং বেরিয়ে পড়ে। নিশাবসানে কালো অন্ধকারের বুক চিরে প্রত্যূষের রক্তিমাভা কাটিয়ে দূর-দিগন্তে সূর্য উঠছে। গম আর যবের অঙ্কুরে শিশির ঝলমল করছে। ওয়াঙের কৃষকের মন নাড়া খায়, ওয়াং নীচু হ'য়ে হাতের স্পর্শে গাছগুলো পরীক্ষা করতে বসে। গাছগুলো বৃষ্টির আশায় তাকিয়ে আছে। বুক ভরে নিশ্বাস নিয়ে ওয়াং ব্যগ্র দৃষ্টি আকাশে মেলে দিয়ে দেখল, বর্ষণোন্মুখ কালো মেঘে আকাশ ঢাকা। কিছু ধূপ এনে মন্দিরে জ্বালিয়ে দিতে হবে। শুভদিন, দেবতাকে স্মরণ না করলে যে উৎসবই অঙ্গহীন হয়ে যাবে!

আঁকাবাঁকা পায়ে-হাঁটা পথ ধরে ওয়াং চলে। ওই তো অদূরে শহরের ধূসর প্রাচীর। ফটক পার হয়ে সেই জমিদার-বাড়ী—যেখানে ওর বরণীয়া-কন্যা গোলামীর শৃংখলে দিন কাটিয়ে চলেছে শৈশব কাল থেকে। অনেকে বলে যে, জমিদার-বাড়ীর বাঁদী বিয়ে করার চাইতে সাত জন্ম বিয়ে না করা ভালো। ওয়াং হতাশ হ'য়ে পড়েছিল—ওর আর বুঝি বিয়ে করাই হলো না। বাবা ওকে বুঝিয়েছে, বিয়েতে যা খরচ আজকাল, আর বেটিগুলোও তেমনি! এক রাশ কাপড়-গয়না না হ'লে তারা ফিরেও তাকায় না! সুতরাং বাঁদী ছাড়া গরীবের আর গতি নেই। নাহলে অত খরচ জোটাবে কোথা থেকে? তারপর বাবাই উদ্যোগী হ'য়ে জমিদার-বাড়ী এসে খোঁজ ক'রে মেয়ে ঠিক করেছে! বয়স একটু বেশী, আর চেহারাটাও তেমন ভালো নয়।

চেহারা ভালো নয় শুনে ওয়াঙের বুক মোচড় দিয়ে উঠেছিল। বৌ-র রূপে অন্যের চোখই যদি না টাটালো তবে আর বৌ কি হলো! ছেলের মুখের দিকে তাকিয়ে বাপ সব বোঝে। তারও মনটা ব্যথায় ভরে ওঠে। কিন্তু সান্ত্বনা দিয়ে বলে: 'চাষীর ঘরে বৌ তো আর শিকেয় তুলে রাখবার নয়। সুন্দরী বৌ নিয়ে কি ধুয়ে খাবি? আমাদের চাষার ঘরে এমন শক্ত বৌ চাই যে ঘর সামাল দেবে এক হাতে, আর-এক হাতে মাঠে কাজ করবে আবার ছেলেও বিয়োবে বছর বছর। সুন্দরী বিবিরা এসব করবে না, বুঝলি। আমাদের কুচ্ছিৎ বৌ-ই ভাল রে। আর সুন্দরীরা সব যোয়ান বাবুদের পাতের এঁটো, এই তুই জেনে রাখিস। তা ছাড়া সুন্দরী যে চাস্, তুই কি ভেবেছিস্ বাবুদের বাড়ীর সোনা-রঙ ছেলেদের ছেড়ে তারা তোর চাষীর ঘর করতে আসবে?' ঠিক কথাই বাবা বলেছে—তবুও কোথায় যেন একটু কাঁটার খোঁচা। কিন্তু মনের কষ্ট চেপে ওয়াং একটু গরম হয়েই বাবাকে বলেছিল: 'আর যা খুশী হোক্‌গে—মুখে বসন্তের দাগ-ফাগ যেন না থাকে ঠোঁট-কাটাও যেন না হয়। ভালো ক'রে দেখে নিও, নইলে কিন্তু বিয়েই করবো না!'

যাই হোক্, মেয়েটির মুখে দাগও নেই, ঠোঁট দুটিও কাটা নয়। ওয়াং ঐটুকুই মাত্র শুনেছে। তারপর একদিন বাপ-ব্যাটায় মিলে দুটো গিল্টি-করা রুপোর আংটি আর একজোড়া কানের দুল কিনে এনেছে। বাবা তাই দিয়ে ক'নে আশীর্বাদ ক'রে এসেছে। যে রমণী আজ ওয়াঙের জীবনে আসছে, তার সম্বন্ধে ওয়াং এর বেশী খবর রাখে না। তবে এটুকু সে জেনেছে যে সেই অপরিচিতা রমণী আসবে আজ ওর

পরম সান্নিধ্যে একান্ত আপনার হ'য়ে।

শহরের বড় ফটকের সংলগ্ন সুড়ঙ্গের অন্ধকারের মধ্য দিয়ে ওয়াং হেঁটে চলে। এই পথে ভিস্তিওলারা জল নিয়ে আনাগোনা করে। ভিস্তি থেকে জল পড়ে পড়ে নীচের পাথর স্যাঁৎসেঁতে পিছল হ'য়ে আছে। গরমের দিনেও এ জায়গাটা ঠান্ডা। তরমুজওলারা তাদের তরমুজ ঠান্ডা করার জন্য এখানে ভিজেমাটির ওপর রেখে দেয়। তরমুজ অবশ্য এখনও দেখা দেয়নি। কাঁচা পিচ্ ফলের ঝুড়ি সারবেঁধে প'ড়ে আছে। ফেরিওলারা—'চাই পিচ্, চাই পিচ্—' বলে হেঁকে যাচ্ছে। ওয়াং মনে মনে ভাবে : বৌ যদি ভালোবাসে, ফেরার পথে ওকে কিছু কিনে দেবো।'

ফিরবার পথে ওয়াং আর একা থাকবে না। সঙ্গে থাকবে ওর জীবনসঙ্গিনী —ওর সারা জীবনের সাথী। সত্যি! স্বপ্ন নয় তো! বিশ্বাসই হয় না এত সুখ!

ফটক পেরিয়ে ডাইনে মোড় ঘুরে নাপিত-পাড়ায় এলো ওয়াং। পাড়া তখনও নিঝুম, তখনও কেউ ঘুম থেকে ওঠেনি। কেবল জন কয়েক চাষী সকালের হাটেই বেচাকেনা সেরে ফিরে গিয়ে চাষের কাজ করবে বলে রাতেই বেসাতি নিয়ে এসেছে। ঝুড়ির পাশে কুন্ডলী পাকিয়ে শুয়ে ওরা রাতভোর কেঁপেছে। শূন্য ঝুড়িগুলো এখন পড়ে আছে ওদের কাছে। ওয়াং পাশ কাটিয়ে চলে গেল, পাছে চেনা লোকের সামনে না পড়ে যায়। আজ কোনো বিদ্রূপ সহ্য করতে পারবে না ও। রাস্তার ওপারে আপন আপন দোকানের সামনে দাঁড়িয়ে আছে নাপিতেরা। ওয়াং সোজা শেষের দোকানটায় গিয়ে টুলের ওপর ব'সে নাপিতকে হাতের ইশারায় ডাক দিল। নাপিত তাড়াতাড়ি এসে উনুনের ওপর থেকে খানিকটা গরম জল একটা পেতলের বাটিতে ঢেলে নিল, তারপর ব্যবসায়ীর অভ্যস্ত সুরে জিজ্ঞেস করলো : 'পুরো কামাবে তো?

'হ্যাঁ, চুল দাড়ি সব।'

'নাক কান পরিষ্কার হবে?

'কত লাগবে?'—ওয়াং ভয়ে ভয়ে জিজ্ঞাসা করে।

একখন্ড কালো রঙের ঝাপড় জলে ভেজাতে ভেজাতে নাপিত বললে :

'চার পয়সা।'

'দুই পয়সায় হবে না?'

ওয়াঙের মুখের কথা প্রায় কেড়ে নিয়ে নাপিত জবাব দেয় : 'নিশ্চয় হবে—আধা দাম—আধা কাম! একটা কান আর একটা নাক—আর আদ্দেক দাড়ি। তা, কোন্ দিকের দাড়ি কামাবে, দাদা?' ব'লে পাশের নাপিতের দিকে তাকিয়ে চোখ টিপতেই সে হোঃ হোঃ ক'রে হেসে গড়িয়ে পড়ে। ওয়াং বুঝতে পারে এই হাসি কার উদ্দেশে। ওর ভেতরটা কুঁকড়ে গেল। ক্ষুদ্র নাপিত বটে, কিন্তু যত ক্ষুদ্রই হোক—শহুরে ব্যক্তিদের সামনে কেন জানি ওয়াং বড় সংকুচিত হ'য়ে ওঠে। শোধরাবার জন্য তাড়াতাড়ি সে বলে : 'তা তোমার যা খুশী তাই করো।'

নাপিত লোক হিসেবে নেহাৎ মন্দ নয়। ওয়াং নিজেকে তার হাতে সমর্পণ ক'রে দেয়। সাবান লাগিয়ে ঘসতে ঘসতে নাপিত ওয়াংকে বলে : 'চুলগুলো কেটে ফেললে তোমায় মন্দ দেখাবে না ভাই। আর আজ-কালের ফ্যাসানই তো বেণী কেটে

ফেলা—বেণী রাখে সব সেকেলে লোকেরা।'

ওয়াঙের মাথার বেনীটির বড় কাছে নাপিতের কাঁচি নৃত্য করে, ওয়াঙের ভয় করে। চিৎকার ক'রে বলে ঃ 'বাবাকে না বলে ও বেণী কাটতে পারবো না।' নাপিত হেসে ওঠে।

কামানো হ'য়ে গেলে নাপিতের ভেজা শিরা-ওঠা হাতে পয়সা গুনে দিতে দিতে ওয়াং শিউরে ওঠে ঃ 'ওঃ, এতগুলো নগদ পয়সা চলে গেল!' যেতে যেতে কেশ-বিহীন মাথায় আর মুখে হাওয়ার স্পর্শ পেয়ে ওয়াং নিজেকে সান্ত্বনা দেয় ঃ 'যাক্‌গে। একটা দিনই তো!' তারপর বাজারে গিয়ে সের খানেক শুয়রের মাংস কিনল। কসাই শুকনো পদ্ম পাতায় মাংসটা দিল জড়িয়ে। একটু ইতস্ততঃ ক'রে কি ভেবে আধপো গরুর মাংসও কিনল। আর খানিকটা সয়াবীনের চাটনীও নিয়ে নিল। কেনাকাটার পর্ব শেষ হয়ে গেলে এক গন্ধবণিকের দোকানে গিয়ে ওয়াং ধূপকাঠি কিনল। তারপর আস্তে আস্তে চললো জমিদার-বাড়ীর দিকে। ওর বড় লজ্জা করতে লাগল।

জমিদার-বাড়ীর ফটকে পেঁছুতেই কোথা থেকে লজ্জা আর ভয় সমস্ত রক্ত হিম ক'রে দিল। একা সে এলো কি করে? বাবাকে বা কাকাকে নিয়ে এলেই হতো কিংবা কোনো প্রতিবেশীকে। এই বিরাট রাজবাড়ীর মতো বাড়ী, এত বড় বাড়ীতে ওয়াং মাথাই গলায়নি কোনোদিন। বিয়ের বাজার হাতে নিয়ে রাজবাড়ীতে প্রবেশই বা করবে কি ক'রে? নিজের মুখেই বলতে হবে বৌ নিতে এসেছে! সিংহদ্বারের দিকে তাকিয়ে ওয়াং দাঁড়িয়ে রইলো অনেকক্ষণ। দরজা তখনও খোলেনি; লৌহ-কীলক বসানো কালো অতিকায় দুটো দরজা। দু'দিকে পাথরের তৈরি দুটো সিংহ-মূর্তি। কেউই নেই সেখানে, ডাকবে কাকে? ফিরে আসে ওয়াং।

হঠাৎ সমস্ত শরীরটা বড় অবসন্ন মনে হয়। কিছু খেতে হবে। সকালে তো কিছুই পেটে পড়েনি; একেবারে ভুলেই গিয়েছিল।

রাস্তার পাশেই অপরিসর চায়ের দোকানটায় গিয়ে টেবিলের ওপর দুটো পয়সা রেখে ওয়াং গিয়ে বসলো। অতি অপরিচ্ছন্ন পোষাকের ওপর কুচকুচে কালো রঙের এপ্রন-এঁটে-ভৃত্য কাছে এলো, তাকে খাবার আনবার হুকুম দিল ওয়াং। খাবার এসে পেঁছলে গোগ্রাসে গিলতে লাগল। কাছে দাঁড়িয়েই ভৃত্যটি পয়সা দুটো নিয়ে লোফালুফি খেলতে লাগল। খেলা না থামিয়েই নির্লিপ্তভাবে সে জিজ্ঞেস করে ঃ 'আর কিছু আনবো?'

ওয়াং মাথা নেড়ে নিষেধ জানায়। চারদিকে তাকিয়ে দেখে, চেনা মুখ নেই একটাও, আশ্বস্ত হয়। কয়েকজন বসে চা খাচ্ছিল। সবাই গরীব। পরিচ্ছদে ওয়াংই এদের মধ্যে বিশিষ্ট। ভিখিরী যাচ্ছিল পথ দিয়ে, যেতে যেতে ওকে শিক্ষকমশায় মনে ক'রে ভিক্ষে চাইলো।

এর আগে ওয়াঙের কাছে কেউ কোনোদিন ভিক্ষে চায়নি—শিক্ষক বলেও কেউ ভাবেনি। তাই পরম খুশী হয়ে ভিখিরীকে দুটো পয়সা ভিক্ষে দিয়ে দিল। জানোয়ারের থাবার মত দুটো কালো কালো হাত বার ক'রে ছোঁ মেরে পয়সা দুটো

তুলে নিয়ে ট্যাঁকে গুঁজে ছুটে চলে গেল লোকটা।

ওয়াং ব'সেই রয়েছে। সূর্য অনেকটা ওপরে। কাছেই দোকানের ভৃত্যটি অস্থির ভাবে পায়চারী করছে। কিছুক্ষণ পরে ওকে রূঢ় কণ্ঠে জানিয়ে দিলেঃ 'মিছিমিছি ব'সে থাকা চলবে না এখানে, ভাড়া লাগবে। কিছু কিনে খেতে হয়তো খাও।'

ওয়াং জ্বলে ওঠে। দুত্তোর! মিছিমিছি বসে থাকবো কেন? ঢের আগেই চলে যেত। নেহাৎ জমিদার-বাড়ী গিয়ে বৌ আনতে হবে, তাই। অপেক্ষা করতেই হবে। ঘেমে উঠল ওয়াং। কি আর করে, আবার চায়ের হুকুম দিতে হয়। কিন্তু ওর মুখের কথা শেষ না হ'তেই ও শুনতে পেলঃ 'পয়সা দাও আগে—'তাকিয়ে দেখল সেই ছোকরা। ওয়াঙের বুকটা মোচড় দিয়ে উঠল কিন্তু পয়সা বের করতেই হবে। ডাকাত! ডাকাত!

সামনের লোকটা কে যাচ্ছে? রাতে যাদের নেমন্তন্ন করেছে তাদেরই একজন না! সর্বনাশ! তাড়াতাড়ি বাকী চাটুকু গিলে পেছনের দরজা দিয়ে ওয়াং বেরিয়ে উধাও হয়ে গেল। আবার এল জমিদার-বাড়ীর সামনে। ফটকের দরজা খুলেছে। অনেক বেলা হয়েছে। দারোয়ান বাঁশের খড়কে দিয়ে অলসভাবে দাঁত খুঁটছে। কি লম্বা মানুষটা! বাঁ গালে একটা বড় আঁচিল, তাতে তিনটে লম্বা লম্বা চুল। ওয়াঙের ঝুড়িটা দেখে ফেরিওয়ালা ভেবে কর্কশ স্বরে চিৎকার ক'রে উঠলঃ 'কি চাই?'

ভ্যাবাচ্যাকা খেয়ে ওয়াং বলে আমতা আমতা ক'রেঃ 'আ—মি—আ-আ-মি ওয়াং লাঙ।'

'হুঁ, তা চাই কি?' দাঁত মুখ খিঁচিয়ে দারোয়ান বলে। বোঝা গেল এ পুরুষ-প্রবরটি অপাত্রে সৌজন্যের অপচয় করে না কোনোদিন।

'আমি এসেছি—'

'তাতো দেখতেই পাচ্ছি চাঁদবদন।' আঁচিলের চুল তিনটে পাকাতে পাকাতে দারোয়ান তাড়া দেয়।

একটি মেয়ে—একজন দাসী—'আর বলতে পারে না ওয়াং, কণ্ঠে যেন কে একটা মস্ত পাথর ঠেলে দিয়েছে। ঘেমে একেবারে নেয়ে উঠে।

হোঃ হোঃ ক'রে হেসে উঠে লোকটাঃ 'ওঃ হো, বর? একখানা ঝুড়ি লটকে যা খোলতাই চেহারা বাগিয়েছো, তা চিনবে কার সাধ্যি? তা বেশ বেশ।'

কুণ্ঠায় একেবারে এতটুকু হয়ে যায় ওয়াং। আমতা আমতা ক'রে বলেঃ এই একটু মাংস কিনে আনলাম।' বাড়ীর ভেতরে যাবার জন্য অস্থির হয়ে উঠেছে সে। কিন্তু দারোয়ানের নড়বার কোন লক্ষণ নেই।

'যাবো?' ওয়াং জিজ্ঞেস করে।

দারোয়ান সবকটা দাঁত বের ক'রে বিশ্রী হেসে বলেঃ 'মাথাটি তাহলে খসিয়ে রেখে ফিরতে হবে বাপু?'

এতক্ষণে ওয়াংকে লক্ষ্য ক'রে দেখল দারোয়ান। নেহাৎ সাদাসিধে গোবেচারী ভালোমানুষী চেহারা লোকটার। বলেঃ 'রুপোর চাবিতে সব দরজাই খোলে হে চাষার-পো।' ওয়াং বোঝে, কিন্তু মিনতি করেঃ বড় গরীব—'

দেখি তোর গোঁজ বের কর্।'

ওয়াং সত্যি সত্যি ঝুড়ি নামিয়ে কোর্তা তুলে কোমর থেকে থলিটা নিয়ে উপুড় ক'রে বাঁ হাতের তেলোয় ঢেলে দিল। দারোয়ান উচ্চকণ্ঠে হেসে উঠল লোকটার বোকামী দেখে। একটা টাকা আর চৌদ্দটা পয়সা ছিল। ছোঁ মেরে টাকাটা তুলে নিয়েই দারোয়ান লম্বা লম্বা পা ফেলে 'বর! বর!' বলে চিৎকার করতে করতে অন্দরের দিকে চললো। ওয়াং একটা প্রতিবাদ করারও সময় পেল না।

ভয়ানক রাগ হলো ওয়াঙের। দারোয়ানের ঘোষণায় ওর বুকটাও দুর্ দুর্ ক'রে ওঠলো। কিন্তু উপায় নেই, পেছন পেছন ওকে যেতেই হয়—পা কাঁপে থর্ থর্ ক'রে। মুখ দিয়ে আগুন ছোটে। মাথা বোঁ বোঁ করে। মাথা নিচু ক'রে মহলের পর মহল পেরিয়ে যায়—সামনে সেই 'বর! বর!' চিৎকার, আর মূর্ত প্রতিধ্বনির মতো ও চলেছে পেছনে! চার পাশ থেকে আসে নানা সুরের হাসি আর সরস মন্তব্য। প্রায় শ'খানেক মহল পার হয়ে দারোয়ান থামলো। তারপর ওয়াংকে একটা ছোট ঘরের মধ্যে ঠেলে দিয়ে কোথায় উধাও হয়ে গেল। পরমুহূর্তেই এসে বলল ঃ

'হুকুম হয়েছে, চল্ রাণীমা'র দরবারে।'

ওয়াং যাবার জন্য পা তুলতেই দারোয়ান মহা বিরক্তিতে ওকে থামিয়ে দিয়ে বলে ঃ 'ব্যাটা গেঁয়ো ভূত, ঐ আস্তাকুঁড় কাঁধে ঝুলিয়ে যাচ্ছেন রাণীমার সামনে।'

ওয়াং ব্যস্ত হয়ে পড়ে। তাইতো! কিন্তু ঝুড়িটা রাখে কোথায়? কিছু যদি খোওয়া যায়! ঐ সের-টাক মাংস আর মাছটুকুর জন্য যে সারা সংসার ওৎ পেতে নেই একথা ওয়াঙের বিশ্বাসই হয় না। দারোয়ান ওর এই ভয় আঁচ ক'রে বলে ঃ 'নিকুচি করেছে তোর মাংসের—ও রকম জিনিস এবাড়ীতে কুকুরেও খায়না, বুঝলি!' ব'লে ঝুড়িটা ওয়াঙের কাছ থেকে কেড়ে নিয়ে দরজার পেছনে ছুঁড়ে দিয়ে ওয়াংকে সামনের দিকে ঠেলে দিল। কারুকার্য খচিত জালি আর স্তম্ভের সারি পেরিয়ে প্রশস্ত অলিন্দের ওধারে প্রকান্ড হলঘর। এত প্রকান্ড একটা ঘর যে হতে পারে, না দেখলে ওয়াঙের বিশ্বাসই হতো না। ওয়াংদের বাড়ীখানার মতো গোটা কুড়ি বাড়ী ঐ একটা ঘরেই পুরে ফেলা যেতে পারে। হয়তো তাতে এর একটি কোণও ভরবে না। উঁচু ছাঁদ। মাথা তুলে অপরের কড়ি বরগার অপরূপ কারুকার্য দেখে বিস্ময়ে হতবাক হয়ে যায় ওয়াং। দরজার কাছে এসেই চৌকাঠে হোঁচট্ খেল একটা। দারোয়ান ধরে ফে'লে বললে ঃ 'হ্যাঁ, ঠিক অমনি ক'রে চার-হাতপায়ে উপুড় হয়ে রাণীমাকে একটা পেন্নাম কর্ দেখি ব্যাটা।'

লজ্জায় ভেঙে পড়ে ওয়াং। সম্বিত ফিরিয়ে এনে সামনে তাকিয়ে দেখে,—হল-ঘরের মাঝখানে একটি কারুকার্য খচিত উচ্চাসনের ওপর বসে আছেন এক স্থবির নারী মূর্তি। উজ্জ্বল শাটীনের পরিচ্ছদে আবৃত ছোট দেহটি, মুখখানা বলিকীর্ণ, কালো রেখা-বলয়িত গভীর কোটর-গত তীক্ষ্ণ ক্ষুদ্র দু'টি চোখ, এক হাতে আফিঙের নল; কোমল মসৃণ সোনার প্রতিমার হাতের মতো পীত বর্ণ হাতখানা। অভিভূত ওয়াং সাষ্টাঙ্গে প্রণাম করতে গিয়ে মেঝেতে মাথা ঠুকে ফেলে।

বৃদ্ধা গুরু গম্ভীর স্বরে দারোয়ানকে আদেশ করে ঃ 'হয়েছে, হয়েছে, খুব

হয়েছে। উঠিয়ে দে এবার। ওকি সেই বাঁদীটার জন্য এসেছে ?'

'আজ্ঞে হ্যাঁ রাণীমা—'দারোয়ান জবাব দেয়।

'তুই বলছিস্ কেন ; ওর কি নিজের মুখ নেই ?'

'রাণীমা, চাষা তো, জানে না কিছুই।'—আঁচিলের লোম তিনটি পাকাতে পাকাতে দারোয়ান বলে।

ওয়াং যেন বাস্তবে ফিরে আসে। দারোয়ানের দিকে একটা ক্রুদ্ধ দৃষ্টি হেনে নিজেই বলে : 'রাণীমা, আমরা চাষী-মানুষ, অপরাধ নেবেন না।'

রাণীমা, অর্থাৎ কর্ত্রী ঠাকরুণ স্থির-গাম্ভীর্যের সঙ্গে সন্ধানী-দৃষ্টি মেলে কি যেন বলতে চাইলেন। কিন্তু আফিঙের নলটার উপর হঠাৎ তার মুঠি চেপে বসলো। মুহূর্তে তাঁর জগৎ থেকে লুপ্ত হয়ে গেল ওয়াঙের অস্তিত্ব। ঝুঁকে প'ড়ে লুব্ধভাবে নলের ধোঁয়া টানতে টানতে যেন তাবি মধ্যে লুপ্ত হয়ে গেল চেতনা। চোখের সে-তীক্ষ্নতার ওপর ছায়া ঘনিয়ে এলো, বিস্মৃতির কালো পর্দা নেমে এলো দৃষ্টির ওপর। ওয়াং বিমূঢ় হয়ে দাঁড়িয়ে রইল।

অল্পক্ষণ পরেই আবার রাণীমার দৃষ্টি ওয়াঙের ওপর ফিরে এল। উগ্রস্বরে জিজ্ঞেস করলেন : 'কে ওটা, এখানে কি করছে ?' যেন আগের সব কিছু তাঁর স্মৃতি থেকে একেবারে মুছে গেছে। দারোয়ানের মুখে কোনো ভাব-বিকারই দেখতে পেল না ওয়াং। সে নিরুত্তর। ওয়াং অবাক হয়ে নিজেই উত্তর দিল : 'আমি আপনার সেই দাসীর জন্য দাঁড়িয়ে আছি রাণীমা।'

'দাসী ? কোন্ দাসী আবার ?'

পাশের পরিচারিকা স্মরণ করিয়ে দেয়। তাঁর লুপ্ত স্মৃতি চকিতে যেন ফিরে আসে। অনুশোচনা স্বরে বলেন : 'পোড়া কপাল ! সব ভুলে গিয়েছিলাম একেবারে। হ্যাঁ, হ্যাঁ, মনে পড়েছে—ওলান্ ওলান্ ! কোন এক চাষীর সঙ্গে মেয়েটার বিয়ে ঠিক হয়েছে, না ? তুই বোধ হয় সেই চাষী ?'

'আজ্ঞে হ্যাঁ রাণীমা,' মাথা নামিয়ে ওয়াং উত্তর দেয়।

'যা যা, শিগ্গির ওলানকে ডাক তোরা,' পরিচারিকাকে হুকুম করেন রাণীমা। এই ব্যাপার মিটিয়ে ফেলে নির্জন ঘরের শূন্যতার মধ্যে আফিঙের নেশায় ডুবে থাকার জন্য বৃদ্ধা ব্যস্ত হয়ে ওঠে।

খুব দেরী হলোনা। পরিচারিকা হাতে ধরে ওলান্‌কে নিয়ে এল। দীর্ঘ, পুরুষালি গঠন—নীল রঙের জামা আর পা'জামা পরা। একবার দেখেই দৃষ্টি ফিরিয়ে নেয় ওয়াং। ওর বুকটা আন্দোলিত হয়ে ওঠে। এই ওর জীবন সঙ্গিনী ! ওর বধূ ! ওর প্রিয়া !

নির্বিকার কণ্ঠে বৃদ্ধা ডাক দেয় : 'এদিকে আয় বাঁদী। এই লোকটাকে দেখছিস্ ? ও তোর বর।'

বাঁদী কাছে গিয়ে নতশিরে জোড়হাত ক'রে দাঁড়িয়ে থাকে।

'তৈরি হয়েছিস্ ?'

প্রতিধ্বনির মতো ক্ষীণকণ্ঠে জবাব দেয় ওলান্ : 'আজ্ঞে।'

ওয়াং শোনে। ঐ তো সে দাঁড়িয়ে সামনেই। পিঠটাই কেবল চোখে পড়ে। কণ্ঠস্বরটা ওর কানে হয়তো মধু বর্ষণ করলো না, কিন্তু এ সেই স্বর যা শুনতে ভালো লাগে। কণ্ঠস্বরে উচ্চতা নেই, হয়তো মধু ঝরে না, তবে উগ্রতা নেই—সাধারণ স্থির অচঞ্চল। পরিষ্কার ক'রে চুল বাঁধা, সামান্য পরিচ্ছদেও পরিপাট্য-পরিচ্ছন্নতা আছে। পা বাঁধা নয়। ওয়াঙের মনটা দমে যায়। যাক্ গে, ওসব কথা ওয়াং পরে ভাববে। এখন ভাবার সময়ও নেই।

রাণীমা দারোয়ানকে আদেশ করেন ঃ 'বাক্সটা এগিয়ে দিয়ে আয়, ওরা যাক্ এবার।' তারপর ওয়াংকে বলে ঃ 'তুই গিয়ে ওর পাশে দাঁড়া, আমি যা বলি মন দিয়ে শোন।'

বৃদ্ধা বলতে শুরু করে। ওয়াং শোনে ঃ 'ওলান্ দশ বছর বয়সে এ বাড়ীতে আসে। এখন ওর বয়স আন্দাজ কুড়ি। দশটা বছর ও এখানেই আছে। সেবার দুর্ভিক্ষের বছরে ওর বাবা মা খেতে না পেয়ে দক্ষিণ দেশে আসে সান্টুঙ থেকে। মেয়েকে এই জমিদার-বাড়ীতে বেচে দিয়ে পথের খরচা ক'রে তারা আবার দেশে ফিরে যায়। তারপর থেকে আর তাদের কোনো খোঁজ নেই। মেয়েটার শক্ত চওড়া গড়ন, আর উঁচু চোয়াল দেখে নিশ্চয়ই বুঝতে পারছিস যে এরা এ অঞ্চলের মানুষ নয়। খাটতেও পারে খুব—যা বলবি সব পারবে মেয়েটা। চেহারাটা অবশ্যি তত ভালো নয়। তা চাষার ঘরে সুন্দর বৌ দিয়ে কি দরকার? যারা ব'সে খায় তারাই সুন্দরী বৌর রূপের দিকে তাকিয়ে বসে থাকতে পারে। খুব সোজা সরল মানুষ ওলান্—যেদিকে চালাবি সেদিকেই চলবে। মেজাজ নেই, বেশ ঠান্ডা লক্ষ্মী মেয়ে। এ বাড়ীর সুন্দরী দাসীদের ভিড়ে বাবুদের হাত থেকে ও বেঁচে গেছে—চাকরদের নজরেও নিশ্চয়ই পড়েনি—কারণ বাবুদের পাতের এঁটো সুন্দরী দাসীরা ওদের ভোগেই লাগে। তাদের ছেড়ে যে চাকরদের চোখে পড়েছে, তা মনে হয় না। যাই হোক, তুই ওকে যত্ন করিস। পরলোকের জন্য পুণ্য সঞ্চয়ের বাসনা না থাকলে, মেয়েটাকে আমি কখনোই কাছছাড়া করতাম না। রান্না ঘরের কাজে ওর জুড়ি নেই। অবশ্যি, পাত্র পাওয়া গেলে আর বাবুদের দরকার না থাকলে দাসীদের বিয়ে দিয়ে সংসারে স্থির ক'রে দেওয়াই জমিদার-বাড়ীর রীতি।'

তারপর ওলানের দিকে তাকিয়ে বললেন ঃ 'বছর বছর যেন ছেলে হয়। স্বামীর কথা শুনিস, শ্রদ্ধা-মান্য করিস, আর প্রথম ছেলে হলে দেখিয়ে যাস।'

ওলান মাথা নেড়ে সম্মতি জানায়।

কিছু বলা উচিত কিনা ভেবে ওয়াং অস্থির হ'য়ে ওঠে। কিন্তু বৃদ্ধা যেন বিরক্ত হ'য়ে উঠেছেন। বলে উঠলেন ঃ 'যা, এবার যা তোরা এখান থেকে—'

ওয়াং সাষ্টাঙ্গে প্রণাম সেরে বেরিয়ে আসে। ওলান পেছনে। দারোয়ান ওলানের বাক্সটা নিয়ে ওদের পেছনে পেছনে হাঁটে। যে-ঘরে ওয়াঙের ঝুড়িটা রাখা ছিল, সেঘরে ধুপ ক'রে বাক্সটা ফেলে দারোয়ান মুহূর্তে উধাও হয়ে গেল।

ওয়াঙ লাঙ ফিরে ওলানের দিকে তাকায়। এই শুভদৃষ্টি। চৌকো গড়ন, সরল মুখ—নাকটা একটু ছোট ও চওড়া চাপা, নাসারন্ধ্র তাই একটু বিস্ফারিত। ঠোঁটদুটো ছোট। চোখের দৃষ্টিতে বিষাদের ছায়া। মুখে কঠিন নীরবতা; যেন

ইচ্ছে থাকলেও ভাঙ্গবে না। শুভদৃষ্টি! কিন্তু জীবনের এই প্রথম শুভদৃষ্টি ঐ নারীর মধ্যে না আনলো কোনো শিহরণ, না পারলো তার শান্ত ধৈর্যের বর্ম ভেদ করতে। ওয়াং খুঁজে পায় না কোন কমনীয়তার রেখা। ঐ মুখে শুধুই একখানা অতি সাধারণ ঔদাস্যে পরিপূর্ণ শান্ত নির্বিকার মুখ। একি পাথর কেটে মুখ! কিন্তুও তবুও ওয়াং হৃষ্ট হলো। মেয়েটির তাম্রাভ বর্ণে বসন্তেরও দাগও নেই, ঠোঁটও কাটা নয়। ওরই দেওয়া গিল্টীকরা দুল জোড়া দুলছে কানে, হাতে সেই আংটি!

একটা চাপা পুলকে ভরে ওঠে ওয়াঙের মন। জীবন-সাথীকে আজ কি পেল ওয়াং? কিন্তু তার বহিঃপ্রকাশ হতে দেয় না। পূর্ণ গাম্ভীর্য বজায় রেখে কর্তৃত্বের ইঙ্গিতে ও বাক্স আর ঝুড়িটা দেখিয়ে দেয়। নিঃশব্দে বাক্সটা কাঁধে তুলে নেয় ওলান্। অতিরিক্ত ভারে ওর পা কাঁপতে থাকে। ওয়াঙের দৃষ্টি এড়ায় না। বলেঃ 'থাক, বাক্সটা আমিই নিচ্ছি, ঝুড়িটা বরং তুমি ধরো।'

ভাল পোষাকটা বুঝি নষ্ট হয়ে গেল। নিরুপায় হয়ে বাক্সটা কাঁধে তুলে নেয়। ওলানের কোনো পরিবর্তন নেই হাবেভাবে। নীরবে ঝুড়িটা হাতে ঝুলিয়ে নেয় সে। আবার কতকগুলো কুতূহলী তীক্ষ্ন দৃষ্টি পার হতে হবে ভেবে যেন অস্থির হয়ে ওঠে ওয়াং। 'খিড়কীর দরজা টরজা নেই?' ওয়াং জিজ্ঞেস করে।

ওলান একটা সংকীর্ণ অব্যবহৃত জঙ্গল-ভরা আঙ্গিনা পেরিয়ে ওয়াংকে সঙ্গে নিয়ে বেরিয়ে আসে। একটা বুড়ো পাইনগাছের তলা দিয়ে বহু প্রাচীন একটা দরজা খুলে ওরা বাইরে বেরিয়ে রাস্তায় পা দেয়। বার দুই পেছন ফিরে দেখল ওয়াং। বড় বড় পাদু'খানির স্থির সঞ্চরণে ওলান হেঁটে চলছে, যেন আজন্ম ঐ পথ দিয়েই সে চলায় অভ্যস্ত। মুখে কোন ভাবের চিহ্নমাত্র নেই।

শহর-প্রাচীরের প্রান্তে এসে হঠাৎ ওয়াং থেমে পড়ে। এক হাতে বাক্সটা ধরে আরেক হাতে কোমর হ'তে দুটো পয়সা বের ক'রে, ছ'টা কাঁচা পিচ ফল কিনে ওলানকে দিয়ে খেতে বললে, ওয়াংয়ের কথা বলার মধ্যে আদেশের সুর। ওয়াংয়ের হাত থেকে পিচগুলো নিয়ে নিঃশব্দে নিজের হাতের মধ্যে রাখে, ঠিক লোভী বালিকার মতো।

ক্ষেতের আল ভেঙ্গে চলেছে ওরা। পিছন ফিরে ওয়াং তাকায়, দেখে একটা পিচ ফল নিয়ে সন্তর্পণে একটু একটু ক'রে খাচ্ছে ওলান। ওয়াংয়ের দিকে চোখ পড়তেই ফলটা হাত দিয়ে ঢেকে চিবোন বন্ধ ক'রে দেয়।

পশ্চিমের মাঠে ক্ষেত্রদেবতার মন্দির, ছোট্ট মন্দির, একটা মানুষের সমান উঁচুও হবে না, ঝামা ইঁটের তৈরী, ছাদ টালির। ওয়াংয়েরই ঠাকুরদাদা শহর থেকে ইঁট এনে এটা তৈরী করেছিল। দেয়ালের বাইরের দিকটায় একদা আঁকা ছিল একটা পাহাড় ও বাঁশ ঝাড়ের চিত্র। কালের দাপটে পাহাড় গেছে মুছে, বাঁশগুলো হয়েছে রেখায় পর্যবসিত। মন্দিরে দু'টি মৃন্ময়ী মূর্তি দাঁড়িয়ে, ধ্যান-গম্ভীর—সঙ্গিনীকে পাশে নিয়ে ক্ষেত্রদেবতা। এই জমিরই মাটি দিয়ে তৈরী প্রতিমা। লাল কাগজের সজ্জা পরানো। ক্ষেত্রদেবতার গোঁফে বাস্তবের ছাপ আনা হয়েছে—সত্যিকার চুল লাগানো হয়েছে। ওয়াংয়ের বাবা নিপুণ হাতে নতুন ক'রে প্রতিমার পোষাক তৈরী

ক'রে দেয় প্রতি বছর। আবার প্রতি বর্ষায় নষ্ট হ'য়ে যায় সে-সাজ।

এখন সবে মাত্র বছরের শুরু। লাল কাগজের পোষাক এখনও তাই নষ্ট হয়নি। সুসজ্জিত ক্ষেত্রদেবতার মূর্তি দেখে ওয়াংয়ের মনে তৃপ্তি আসে! ওলানের হাত থেকে ঝুড়ি নামিয়ে অতি সাবধানে ধূপকাঠি বের ক'রে। ধূপকাঠিগুলো ভাগ্যিস ভেঙ্গে যায়নি, ভেঙ্গে গেলে যে ভারী অমঙ্গল হবে।

সারা গ্রামের পুজো পড়ে এই ক্ষেত্রদেবতার মন্দিরে। বেদীর ওপর ধূপের ভস্ম জমে আছে। কাঠিদুটি তারই মধ্যে গুঁজে দিয়ে চকমকির আগুনে একটা শুকনো পাতা ধরিয়ে জ্বালিয়ে দিল ওয়াং।

দু'জনে পাশাপাশি দেবতার সামনে দাঁড়ালো। ধূপ লাল হ'য়ে জ্ব'লে শুভ্র ভস্মে নিঃশেষ হয়ে যায়, নারী চোখ ভরে দেখে...ধূপকাঠির মাথায় ভস্ম জমে ওঠে, নীচু হ'য়ে আঙুলের ডগা দিয়ে ঝেড়ে দেয় ওলান। তারপর হয়তো অন্যায় কিছু ক'রে ফেলেছে ভেবে সন্ত্রস্ত হ'য়ে নির্বাক দৃষ্টিতে তাকায় ওয়াংয়ের দিকে। ওয়াংয়ের বড় ভালো লাগে এই দৃষ্টি ; ভালো লাগে প্রতিটি ভঙ্গি ওর। ওলান যেন সমস্ত মন দিয়ে বুঝে নিয়েছে, এ ধূপ ওয়াংয়ের একলার নয়, ওদের দু'জনেরই। এই তো বিবাহের শুভ লগ্ন! নীরবতায় দাঁড়িয়ে থাকে ওরা পাশাপাশি—ধূপ জ্বলে জ্বলে নিঃশেষ হ'য়ে যায়।

দিন প্রায় শেষ হ'য়ে এসেছে। ওয়াং আবার বাক্স কাঁধে তুলে নিয়ে বাড়ির পথে রওনা হয়।

বাড়ির দোরে বসে বৃদ্ধ পরম আরামে দিন-শেষের রোদটুকু ভোগ করছিল। ছেলে বৌ নিয়ে বাড়ি এলো, বৃদ্ধ নড়লো না, যেন লক্ষ্যও করলো না। এতে যে তার সম্মান ক্ষুণ্ণ হবে। মুখ না ঘুরিয়েই বললেঃ 'ঐ যে মেঘখানা দেখছিস ওয়াং,' এমনি ভাব যেন, আকাশের মেঘ ছাড়া মাটির পৃথিবীতে দেখবার আর কোনও কিছু নেই, 'চাঁদটার বাঁকা কোণটার দিকে হেলে আছে, ঐটেতে বৃষ্টি হবে, কিন্তু কালকের আগে হবে না।' তক্ষণি চোখ পড়লো ওয়াং বৌ-এর হাত থেকে ঝুড়ি নামাচ্ছে। সুতরাং কণ্ঠস্বরে বেশ ঝাঁঝ মিশিয়ে বললেঃ 'সব উড়িয়ে এসেছ তো একেবারে।' টেবিলের উপর ঝুড়িটা তুলে রাখতে রাখতে জবাব দেয় ওয়াংঃ 'রাতে জন কয়েককে খেতে বলেছি বাবা—'

ওলান্‌এর বাক্সটা শোবার ঘরে নিয়ে নিজের বাক্সের পাশে রেখে দেয়। তারপর মুগ্ধ দৃষ্টিতে বাক্স দুটোর দিকে তাকিয়ে থাকে ওয়াং। বাবা দরজার কাছে এসে মোটা গলায় বলেঃ 'পয়সা, পয়সা নয়তো যেন খোলাম কুচি! দু'হাতে পয়সা ওড়ানো হচ্ছে!' কিন্তু ছেলে যে বুদ্ধি ক'রে বিশেষ দিনটায় দু'চার জনকে খেতে বলে এসেছে এতে কিন্তু সে খুশীই হয়েছে। প্রকাশ করল না বটে বৌটা—ঘরে এসেছে মাত্র—সায় পাচ্ছে—মনে কররে আর সেও উড়নচণ্ডী হয়ে উঠুক আর কি! ঘরে কি আর লক্ষ্মী থাকবে তাহ'লে?

ওয়াং কিছু না ব'লে ঝুড়ি নিয়ে রান্না ঘরে গেল। ওলান্‌ও গেল পেছন পেছন। জিনিসগুলো বের ক'রে রাখতে রাখতে ওয়াং জিজ্ঞেস করেঃ 'জন সাতেক নেমন্তন্ন

করেছি, রাতে খাবে, রাঁধতে পারবে তো ?'

ওয়াংয়ের দিকে না চেয়েই ওলান্ অকুণ্ঠিত স্বরে জবাব দেয় : 'সেই ছোটবেলা থেকেই তো জমিদার বাড়ী রাঁধার কাজ করেছি। মাংস ছাড়া এক বেলাও খেতো না তারা।,

ওয়াং মাথা নেড়ে বেরিয়ে যায়। সন্ধ্যের আগে আর সে ফেরে না।

নিমন্ত্রিতরা আসে সন্ধ্যার পরেই। কাকা এলো তার অকালপক্ক, শৃগাল-ধূর্ত ছেলেটিকে নিয়ে, বয়স তার মাত্র পনেরো এবং এ-গাঁ ও-গাঁ থেকে এলো কয়েকজন চাষী আর চিং। মাঝের ঘরেই জায়গা হয়েছে। সকলে বসলে ওয়াং রান্নাঘরে গিয়ে, স্ত্রীকে পরিবেশন করতে বললে। ওলান্ বললে : 'আমি খাবারগুলো তোমার হাতে সাজিয়ে দি, তুমি দিয়ে এসো। ওদের সামনে বেরুতে আমার লজ্জা করে।'

বৌএর এ উত্তরে খুব খুশী হয় ওয়াং। মনে মনে গর্ব বোধ করে। এ নারী তারই, একান্তই তার—একমাত্র তারই কাছে এ নারী নির্ভয় অন্য পুরুষকে তার ভয়।

ওয়াংই পরিবেশন করে। শতমুখে রান্নার প্রশংসা করে সকলেই। ওয়াং বাইরে বিনয় প্রকাশ ক'রে রীতি অনুযায়ী ক্ষমা ভিক্ষা চায় আয়োজনের দৈন্য আর রান্নার অপটুতার জন্য, মনে মনে সে কিন্তু গর্বস্ফীত। একটু সির্কা' কিছু চিনি, আর সামান্য একটু সয়াবীনের চাটনী দিয়ে কি স্বাদই না ফুটিয়েছে ওলান্ ঐ মাংসটুকুর ! অমন রান্না কখনও খায়নি ওয়াং।

বসে বসে অনেকক্ষণ ধরে খেল নিমন্ত্রিতরা। হাসি-ঠাট্টা গল্প-গুজব করলো। সবাই চলে গেলে ওয়াং রান্নাঘরে এসে দেখল, বলদটার পাশে খড়ের ওপর ওলান্ ঘুমিয়ে পড়েছে। গায়ে চুলে খড়কুটো লেগেছে। ওয়াং ডাকতেই ঘুমের ঘোরে চমকে উঠে দু হাত দিয়ে আপনাকে আড়াল করতে চেষ্টা করলো,—যেন প্রহার থেকে আত্মরক্ষার চেষ্টা। তারপর চোখ খুললো—সেই রহস্যময় নির্বাক দৃষ্টি। ওয়াংয়ের মনে হয়, ওলান্ যেন শিশু। হাত ধরে ওকে নিয়ে যায় সেই ঘরে যে-ঘরে আজ ও স্নান করেছে সেই উষাভোরে ওলানের জন্য।

টেবিলের ওপর একটা লাল মোমবাতি জেলে রাখল ওয়াং। সেই ক্ষীণ, প্রায়-অস্পষ্ট আলোকের সামনে দাঁড়িয়ে পুরুষ ওয়াং আর ওই পরিচয়হীন রমণী ! হঠাৎ লজ্জায় লাল হয়ে উঠে ওয়াং। ওর সমস্ত মন ভরে বার বার গুঞ্জন হতে থাকে—এ রমণী ওরই, একান্ত করেই ওর।

তাড়াতাড়ি বেশ পরিবর্তন ক'রে বিছানায় চলে যায় ওয়াং। ওলান্ও নীরবে মশারির অন্য ধারে গিয়ে শোবার জন্য প্রস্তুত হয়।

'বাতিটা নিভিয়ে দিও শোবার আগে।' ওয়াংয়ের কণ্ঠে আদেশের সুর।

মোটা লেপখানা নেয় গলা পর্যন্ত ওয়াং, ঘুমোবার ভান করে। কিন্তু আজও ঘুম আসছে না চোখে। ওর সমস্ত দেহ কাঁপছে এক চাপা উম্মাদনায়, কাঁপছে অঙ্গ প্রত্যঙ্গ। নিশীথিনীর আঁধার কক্ষের চারদিকে। নিঃশব্দে ওলান্ বিছানায় এসে বসে। সর্বদেহে একটা পুলকের আবেগে ওয়াং কেঁপে ওঠে। অন্ধকারের গায়ে একটা আচমকা হাসি আছড়ে দিয়ে উম্মত্তের মতো ওয়াং বুকে টেনে নেয় ওলান্কে।

[দুই]

রীতিমত বিলাস এখন ওয়াং-এর।

পরদিন ভোরে ওয়াং আর বিছানা ছেড়ে ওঠে না। শুয়ে শুয়ে ওর পরমাত্মীয় ওই নারীকে প্রাণ ভরে দেখে।

ওলান ওঠে—মন্থর ভঙ্গীতে দেহটাকে এদিকে ওদিকে মৃদু মোচড় দিয়ে বিস্রস্ত বসন অঙ্গে এঁটে নিয়ে কাপড়ের জুতো জোড়া বড় বড় পা দুখানায় পরে নেয়। ঘুলঘুলির ফাঁকে ঋজু একটি আলোর রেখা ওলান-এর ওপর এসে পড়েছে। সেই ম্লান আলোয় ওয়াং ওর মুখ ভালো করে দেখল। কোনোও পরিবর্তন, কোনও ব্যঞ্জনা ও-মুখে। বিচিত্র! বিচিত্র ওই নারী। একটি মাত্র রাত্রের ব্যবধান—ওলট্ পালট্ করে দিয়ে গেল ওয়াংকে, পুরুষ ওয়াং। কিন্তু ওই নারী—ওর শয্যা হ'তে অবলীলায় উঠে গেল—যেন অমনি ক'রে রোজই ও শয্যা হ'তে উঠে যায়।

বৃদ্ধের কাশির আওয়াজ শোনা যায়। ওয়াং ওলানকে বলেঃ 'বাবাকে এক গ্লাস গরম জল করে দিয়ে এসো আগে।'

'চা দেব ?' ওলান জিজ্ঞাসা করে—সেই স্বর, যেমন ছিল কাল। নিতান্ত সাধারণ প্রশ্ন; কিন্তু ওয়াং বিব্রত হ'য়ে ওঠে। বলতে চায়—দেবে না তো কি ? চাষাভুষো হ'লেও কাঙ্গাল নয় ওরা। ও দেখতে চায়, এ বাড়ীতে অত হিসেবের ব্যাপার নেই। অবিশ্যি বড় লোকদের বাড়ীর চাকর বাকররাও শুধু জল খায় না; সকলেই চা খায়। কিন্তু প্রথম দিনই বৌ-এর অত বড়মানুষী চাল দেখলে বাবা চটে আগুন হবে। তা ছাড়া বড় মানুষী করার মত অবস্থাও নয় ওদের। কাজেই ইচ্ছা চেপে বলেঃ 'না না, কক্খনও চা দিও না। বাবার কাশি বেড়ে যায় চা খেলে।'

শুয়েই রইল ওয়াং—উষ্ণতায়, তৃপ্তিতে, আরামে, আবেশে। ওলান রান্নাঘরে যায়, উনুন জ্বালে, জল গরম করে। ওয়াং আর একবার ঘুমোতে চেষ্টা করে—আজতো অবকাশ আছে ওর। কিন্তু নির্বোধ শরীর—আঁধার কাটবার সাথে সাথেই ওঠার অভ্যাস এত কালের, সুযোগ থাকলেও আজ আরাম মানল না। শুয়ে রইল, কিন্তু ঘুম এল না। অন্তর দিয়ে অঙ্গ-প্রত্যঙ্গ দিয়ে, সর্ব অনুভূতি দিয়ে কর্মহীনতার বিলাস চোখ বুজে উপভোগ করতে চেষ্টা করে ওয়াং।

সঙ্গিনী এই নারীর কথা ভাবতে এখনও কেমন যেন একটা লজ্জা ঘিরে ধরে ওয়াংকে। খানিকক্ষণ ভাবল ক্ষেত ভুঁই জমি-জমার কথা। গম অঙ্কুরিত হ'য়েছে; বৃষ্টি পেলে ফসল খুব ভালো হবে এবার; চিং-এর কাছ থেকে কিছু সাদা শালগমের বীজ কিনতে হবে…। কিন্তু প্রাত্যহিক কর্মধারার এই সব চিন্তার তন্তুতে তন্তুতে জড়িয়ে থাকে ওয়াং-এর নূতন জীবনের নূতন অনুভূতির সঙ্গীত। রাতের কথা স্মরণ ক'রে চকিতে ওর মনে হয়, ওলান্-এর ওকে মনে ধরল তো। ভারী অদ্ভুত!

ওয়াং শুধু এতক্ষণ আপনাকেই সন্ধান করেছে—কেবল ভেবেছে ওর শয্যায়, ওর পাশে এই নবাগত মেয়েটির পূর্ণ সঙ্গীত হবে কিনা। ভেবেছে আর আপনাকে সান্ত্বনা দিয়েছে—হ'লই বা মুখখানা সাদাসিধে সাধারণ, হ'লই বা হাত দুখানা পরুষ—কিন্তু ওর ওই অ-তনু দেহখানিতে তো কোন পুরুষের স্পর্শ আজও লাগেনি। মনে হ'তেই ওয়াং হেসে উঠল। সংক্ষিপ্ত হাসি। ওই নির্বিকার মুখখানার বাইরে তরুণ জমিদারদের চোখ আর কিছুই দেখতে পায়নি তাহ'লে। দেখেছে ওয়াং—স্থূল অস্থির কাঠামোতে তৈরী বলিষ্ঠ দেহখানা, সুডৌল, সুকোমল সৌন্দর্যে ভরা।

হঠাৎ ওয়াং আপনার মনেই দাবী ক'রে বসে—এই নারী ওকে স্বামী বলে গ্রহণ করবে, ভালোবাসবে। কিন্তু নিজের মনেই লজ্জা পায় আবার।

দরজা খুলে যায়। প্রস্তর-মূর্তির মত নির্বিকার ভঙ্গিতে ওলান্ দুই হাতের মাঝখানে একটি বাষ্পায়িত বাটি নিয়ে এসে দাঁড়ায়। ওয়াং উঠে বসে। জলে চায়ের পাতা ভাস্‌ছে। ওয়াং ওলান্-এর মুখের দিকে তাকায়। ওলান্ সন্ত্রস্ত হ'য়ে পড়ে; বলে: 'বাবাকে দিইনি চা, তুমি বারণ করেছিলে। কিন্তু তোমার জন্য।'

ওয়াং বোঝে বেচারা ভয় পেয়েছে। মনে মনে বেশ একটা আত্মপ্রসাদ লাভ করে। ওলান্-এর কথা শেষ না হ'তেই জবাব দেয়: 'তা বেশ, বেশ, আমি ভালোবাসি চা।' বলেই চায়ের বাটিটা টেনে নিয়ে সশব্দে চুমুক দেয়।

নূতন রোমাঞ্চ ওয়াং-এর মনে। ভাবতেও ও যেন লজ্জায় রাঙ্গা হয়ে ওঠে—এই নারীর ভালোবাসা ও পেয়েছে।

ওয়াং-এর কেবলি মনে হয়—এই নারীকে দেখে দেখেই এই কটা মাস কেটে গেল, ও আর কিছুই করেনি। কিন্তু সত্যি ও কাজ করেছে চির অভ্যাস মত। খুরপী কোদাল নিয়ে ক্ষেতে গেছে রোজ, ভুট্টা গাছগুলো নিড়িয়ে দিয়েছে। পশ্চিমের ভুঁইয়ে চাষ দিয়ে পেঁয়াজ রসুন লাগিয়েছে। কিন্তু কাজে আয়াস ছিলনা—ছিল আয়েস; কাজ যেন ওর আনমনা হাতের বীণায় সুর হয়ে হাওয়ায় ভেসে গেছে।

সত্যি কাজে এখন আয়াস নাই, আছে আয়েস। সূর্য মাঝ আকাশে এলেই ও এখন বড়ী চলে যেতে পারে; খাবার থাকে তৈরী, ঝক্‌ঝকে তক্‌তকে টেবিলে সাজান; বাটি কাঠি, সব কি সুন্দর ভাবে সাজান থাকে। এতদিন খেটেপিটে বাড়ী ঢুকেই হেঁসেলে ঢুকতে হ'য়েছে। অসময়ে খিদে পেলে বাবা নিজেই একটু ভুট্টার মন্ড, নয়তো একখানা রুটী করে রসুন দিয়ে খেয়ে নিয়েছে। এখন সবই তৈরী থাকে। মাঠ থেকে এসেই বসে পড়া চলে। মাটির মেজে কি সুন্দর পরিষ্কার-পরিচ্ছন্ন! জ্বালানি-কাঠের ভান্ডার সদাই পূর্ণ। সকালে ওয়াং বেরিয়ে গেলে ওলান্‌ও একটা ঝুড়ি আর একগাছা দড়ি নিয়ে বেরিয়ে পড়ে। ঘুরে ঘুরে শুক্‌নো লতাপাতা, শুক্‌নো কাঠখড়ি কুড়িয়ে আনে। তাই দিয়ে দুপুরের রান্না হয়। কাঠের খরচ বেঁচে যায়। ওয়াং খুব খুশি।

বিকেলের দিকে বড় রাস্তা থেকে গোবর কুড়িয়ে এনে সারগাদায় ফেলে। নিঃশব্দ আপনা থেকেই এসব ক'রে চলে ওলান্; কারো নির্দেশের অপেক্ষা রাখেনা। সন্ধ্যার সময়ও ওর বিশ্রাম নাই। বলদটাকে ঘাসজল দেওয়া, ঘরে তোলা। তারপর রাজ্যের

যত ছেঁড়া-ফাঁড়া নিয়ে বসে। বাঁশের তক্‌লীতে নিজে সুতো কেটে সেলাই করে সে সব; গরম কাপড়গুলোতে তালি লাগায়। কতকালের ময়লা ছেঁড়া, তেলচিটে বিছানা। লেপ-তোষকের তুলো বহু কালের নিষ্পেষণে শক্ত হ'য়ে চাপ বেঁধে, হলদেটে হয়ে গেছে। ভাঁজে ভাঁজে ছারপোকার দল সাম্রাজ্য গড়ে তুলেছে। ওলান্‌ বিছানা-গুলি রোদে দিয়ে, ছারপোকা মেরে ঝেড়েঝুড়ে শুচি ও পরিপাটি করে তোলে। এমনিতর একটার পর একটা কাজের চক্রে ওলান্‌ কেবলি ঘোরে। ওয়াং-এর এত-দিনকার নারী-স্পর্শহীন সংসারের শ্রী ফিরিয়ে আনে।

বৃদ্ধের কাশিও সেরে গেছে। দক্ষিণের প্রাচীরে হেলান দিয়ে এখন সে পরিতৃপ্ত আরামে ঝিমিয়ে ঝিমিয়ে রোদ পোহায়।

ওলান্‌ বড় একটা কথা কয়না; অতি প্রয়োজনীয় সংক্ষিপ্ত এটা ওটা ছাড়া ও কথাই কয়না। চওড়া পা দুখানির উপর ভর করে স্থির মন্থর ছন্দে সঞ্চারিণী সেই নীরব প্রতিমাখানির দিকে তাকিয়ে তাকিয়ে ওয়াং দেখে, গোপনে নিরীক্ষণ করে সেই চতুষ্কোণ বিকার হীন মুখখানি; সেই অনুচ্চার ভীরু চাহনির পথে ওয়াং ওর হৃদয়ের কোনো সন্ধানই পায়না।

অনুদ্ঘাটিতা রহস্যময়ী ওলান্‌! রাত্রির অন্ধকারে তার কোমল দেহের উষ্ণতার পরিচয় অবারিত হ'য়ে যায় ওয়াং-এর কাছে। দিনের আলোয় নিতান্ত সাধারণ ওলান্‌ নীল রং-এর পরিচ্ছদের আবরণ তুলে দেয় সে পরিচয়ের ওপর। বাইরে থাকে খালি একটি নিতান্ত অনুগতা, সেবার্তা, বাক্যহীনা পরিচারিকা তার বেশী কিছু নয়।

'কথা বলোনা কেন তুমি?' ওয়াং বলতে চায়, কিন্তু কোনও যৌক্তিকতা খুঁজে পায়না তার এ-প্রশ্নের। ওলান্‌ তার কর্তব্য করে যাবে এই তো যথেষ্ট।

ক্ষেতে কাজ করতে করতেও মাঝে মাঝে ওলান্‌-এর চিন্তায় হারিয়ে যায় ওয়াং। ওই শতমহলা ভবনে কি দেখেছে ওলান্‌ এতদিন! কি ইতিহাস সে ফেলে রেখে এসেছে সেখানে, ওয়াং-এর অজানা কোন্‌ সে ইতিহাস! তারপর নিজের মনেই লজ্জিত হ'য়ে ওঠে—কেন এ কৌতূহল! কেন এ আসঙ্গ!··· রমণী বই আর কিছুই তো নয় ওলান্‌—।

তিনটি মাত্র ঘর। বার দুই রান্না আর খাওয়া, কতটুকুই বা কাজ? যে আজীবন একটা বৃহৎ ধনী পরিবারের সহস্র কাজের আবর্তে দিবারাত্র ঘুরেছে, ঐ অতটুকু কাজ তাকে কতক্ষণ জড়িয়ে রাখবে?

অনবরত কদিন ধরে গমের ক্ষেতে খেটে খেটে সেদিন ওয়াং-এর পিঠ যেন ক্লান্তিতে ভেঙ্গে যাচ্ছিল। নীচু হ'য়ে কাজ করতে করতে হঠাৎ চোখে পড়ল পাশে একটা ছায়া।

ওলান্‌। একটা কোদাল রয়েছে কাঁধে।

সংক্ষেপে বলল সে: 'আমার কাজ কর্ম সব শেষ হ'য়ে গেছে—আর কাজ সেই রাতে।' তারপর নীরবে ওয়াং-এর বাঁ দিককার চষা অংশটায় ঢেলা ভাঙ্গার কাজে লেগে যায়।

গ্রীষ্মের সবে সুরু। সূর্যের তীক্ষ্ন-রশ্মি যেন দু'জনের পিঠে কেটে বসছিল।

ওলান্-এর সারা মুখে স্বেদের ধারা। ওয়াং জামা খুলে ফেলেছে। ওলান্-এর স্বেদ-সিক্ত জামা গায়ে সেঁটে একেবারে চামড়ার সাথে মিশে গেছে।

নীরব কর্মের মিলিত ছন্দে, পরিপূর্ণ সঙ্গীতিতে ওয়াং ওলান্ যেন মিশে একাত্ম হয়ে যায়। ওয়াং-এর শ্রান্তির খেদ সঙ্গীত হ'য়ে ওঠে। ওদের সব অনুভূতি আজ ব্যঞ্জনার ঊর্ধ্বে এক অলোক-লোকে আলোক হয়ে মিশে যায়। ভাষা নাই—বেগ নাই—আছে শুধু কর্মরত দুটি নরনারীর গভীর অন্তর-শায়ী প্রেম-নিশিক্ত একাত্মী ভাব। পূর্ণতম একীভাব…ছেদহীন, অবকাশহীন—। ওদের দু'জনের এ মাটি… ওরা একসাথে কোপায়, চষে, বড় বড় মাটির চাপ উল্টিয়ে সূর্যের দিকে মেলে দেয়… সেই মাটি,—যে মাটি গড়েছে এদের ঘর, পুষ্টি দিয়েছে এদের দেহে…রূপ দিয়েছে এদের ঠাকুরকে।

ঐশ্বর্যময়ী কালো মাটি…এদের কোদালের আঘাতে ভাঙ্গছে, গুঁড়িয়ে যাচ্ছে, কণাগুলি পরস্পর বিচ্ছিন্ন হ'য়ে যাচ্ছে। কোদালের মুখে কখনও বা একটা ইঁট ওঠে, একটা কাঠের খন্ড বা এমনি ধারা কিছু যার কোনও দাম নেই। কবে কোন অতীত যুগে হয়ত কত নরনারী এই মাটির কোলে ঘুমিয়ে পড়েছিল, হয়ত ছিল এখানেই কারো সুখনীড়, সব আবার মাটিতে ফিরে আসবে, মিশে যাবে এই মাটিরই সাথে অণু অণু হয়ে…এক এক করে সকলেরই অস্তিত্ব এই মাটির বুকে যাবে লীন হ'য়ে।

ওয়াং-ওলান্ কাজ করে চলেছে—দু'জনে। ছন্দোবন্ধ সুবায়িত সঙ্গীতিতে বাক্যহীন—ভাষাতীত একাত্মীভূত উপলব্ধিতে…মাটির বুকে ফসল সৃষ্টির কাজ করে ওরা…।

সূর্য ডুবে গেল। পিঠ সোজা করে দাঁড়িয়ে ওয়াং তাকায় পাশের কর্মরতা রমণীর দিকে। স্বেদে মাটিতে মিশে মুখখানা বিচিত্র হ'য়ে উঠেছে; মাটির গেরুয়া লেগেছে ওর সর্ব অঙ্গে। স্বেদ-সিক্ত নীল পরিচ্ছদ নিতান্ত অন্তরঙ্গ ভাবে ওলান্-এর দেহ-লগ্ন হ'য়ে আছে। হাতের কাজটুকু শেষ করে ওলান্ তার স্বাভাবিক নির্বিকার স্বরে, একেবারে সোজাসুজি বলে গেল—তার জঠরে সন্তান এসেছে—। ভূমিকা নাই, নাই ব্রীড়ার বিজড়িমা…। ব্যঞ্জনাহীন, প্রাণহীন, স্পন্দনহীন স্বর সান্ধ্য-আকাশের পরিবেশে আরো সাধারণ, আরো নিঃসাড় শোনাল…।

ওয়াং নির্বাক, নিস্পন্দ। কি বলবে সে! বলবারই বা কি আছে! ওলান্ নীচু হ'য়ে মাটি থেকে একটা ছোট ঢিল কুড়িয়ে ফেলে দিল। অতবড় একটা কথা ওলান্ বলে গেল যেন—'এই চা এনেছি তোমার জন্য' বা, 'চলো খেতে যাই…' এমনি ভঙ্গীতে। নিতান্ত ঘরোয়া সাধারণ সুরে! কিন্তু ওয়াং-এর কাছে—ওয়াং ব্যক্ত করতে পারে না—কত বড় কথা ওলান্ বলে গেল…। ওর অব্যক্ত সেই ভাবের সাগর ফুলে উঠে যেন সীমার বাধা ভেঙ্গে চলে যেতে যায়…মাটির ধরণীতে ফল-সৃষ্টির পালা এবার ওদেরও।

তাড়াতাড়ি ওলান-এর হাত হ'তে কোদালখানা তুলে নিয়ে ওয়াং বলেঃ 'সন্ধ্যে হ'ল, বাড়ী যাই চলো। আজ আর কাজ থাক। বাবাকে খবরটা দিইগে।' ওর স্বর ঘন, কণ্ঠের মধ্যে যেন দানা বেঁধে আছে।

বাড়ীই ফেরে ওরা—ওলান্ কিছু পেছনে, মেয়েদের রীতি অনুসারে।

বৃদ্ধ দুয়ারে দাঁড়িয়ে আছে রাতের আহারের প্রতীক্ষায়। বৌ এসেছে অবধি কিছুতেই আর সে হেঁসেল মাড়ায়না। চঞ্চল হ'য়ে উঠেছে বৃদ্ধ : 'রোজ খাবার জন্য হত্যে দেব নাকি অমনি করে? ওসব চলবে টলবে না বলে দিচ্ছি।' একটু উত্তাপের সাথে বলে। ওয়াং ঘরে ঢুকতে ঢুকতে বলে : 'তোমার যে নাতি হবে বাবা!—'

খুব সহজ ভাবেই কথাটা ওয়াং বলতে চেয়েছিল কিন্তু পারল না। খুব আস্তেই বলেছে, কিন্তু ওর মনে হ'ল যেন সারা পৃথিবীকে শুনিয়ে বলেছে।

ছোট ছেলের মত ওলান্-এর পেছন পেছন রান্না ঘরে যায় বৃদ্ধ। 'তাইতো, খাবার! খাবার কই?' যেন পিতামহ হবার স্বপ্ন ওকে খাবারের কথা ভুলিয়ে দিয়েছিল। এখন কথাটা আবার মনে হতেই, কোথায় পড়ে রইল সেই অনাগত শিশু!

অন্ধকারের স্নিগ্ধ আবেষ্টনের মধ্যে ওয়াং একা টেবিলের পাশে একটা বেঞ্চিতে বসে—মাথাটা রাখে তার হাতের ওপর।

ওরই দেহ, ওরই অস্তিত্ব মন্থন করে উজ্জীবিত হ'য়ে উঠেছে নব প্রাণের অঙ্কুর।

[তিন]

ওলান্ আসন্ন প্রসবা।

ওয়াং বলে : 'এ সময়ে একা থাকাটা ভালো নয়, কাউকে এনে রাখতে হয়।' ওলান্ মাথা নাড়ে। রাতের খাওয়ার পর বাসন ধুচ্ছিল ওলান্। বৃদ্ধ শুয়ে পড়েছে। বেশ নির্জ্জনতার পরিবেশে দু'জনে একা। প্রদীপের কম্পিত শিখার ম্লান আলো এসে পড়েছে ওদের মুখে।

ওয়াং উদ্বিগ্ন হয়ে জিজ্ঞাসা করে : 'সে কি? কেউ না?'

আর কোন জবাব ও খুঁজে পায়না। ওলান্-এর কাছ হ'তেও আর কোনো জবাবের আশা নাই, ওয়াং এ কথা জানে। কেননা, ওলান্-এর কথা বলার অর্থ—হয়ত বা মাথাটাকে ডাইনে বা বাঁয়ে ঈষৎ একটুখানি দুলিয়ে দেওয়া, নয়ত বা তার অতিবিস্তৃত মুখ হ'তে অনিচ্ছা সত্ত্বেও খসে পড়া দু একটা আকস্মিক শব্দ। ওয়াং এতে অভ্যস্ত হয়ে গেছে। এখন আর ওর মনে কোনও অভাব-বোধ নেই। এই বোবা মানুষটিকে ওর অভ্যাস হয়ে গেছে। তবুও আবার বলে : 'বাড়ীতে আমরা বাপ বেটায় দু'টো মরদ। মেয়েছেলে কেউ নেই। মা তো সর্ব্দা গাঁ থেকে কাউকে আনিয়ে নিতেন। আমি—আমি আবার এসব ব্যাপারের জানি টানি না বাপু কিছু। বাবুদের বাড়ীতে তো বহুদিন ছিলে, 'সখানে জানাশোনা নেই কেউ?'

ওলান্ এ-বাড়ীতে আসবার পর ওয়াং কোনো দিন জমিদার বাড়ীর নাম মুখে আনেনি। আজই প্রথম। মুহূর্তে ওলান্-এর ক্ষুদ্র চোখ দুটি বিস্ফারিত, মুখখানা রাগে থমথমে হয়ে উঠল। এ মূর্তি ওয়াং আর দেখেনি কখনও।

ওলান্ চীৎকার করে ওঠে ঃ 'না—না—কেউ না, বলেছিতো।'

ওয়াং-এর হাত হুকো থেকে স্খলিত হয়ে পড়ে যায়। সে হতবাক্ হয়ে ওলান্-এর মুখের দিকে তাকিয়ে থাকে। মুহূর্তে ওলান্-এর মুখ আবার স্বাভাবিক হয়ে যায়। খাবার কাঠিগুলো একত্র করে গুছোতে থাকে, যেন কিছুই হয়নি। একটু আগেই যে ওর চোখে জ্বলেছিল অগ্নি, স্বরে বেজেছিল বজ্রের কাঠিণ্য তার ক্ষীণতম লেশ মাত্রও ওর মুখখানা থেকে একেবারে মুছে গেছে। ওয়াং অবাক হয়ে যায়। আবার যুক্তি দেখিয়ে বলে ঃ 'কথাটা ভালো করে বুঝে দেখ। বাড়ীতে খালি মরদের রাজ্যি। শ্বশুর তো আর বৌ-এর আঁতুড়ে গিয়ে ঢুকতে পারবে না। আর বাকী রইলাম আমি। একেবারেই আনাড়ি। আর যা চোয়াড়ে দু'খানা শ্রীহস্ত আমার। বাচ্চাটা হয়ত চেপ্টেই যাবে হাতের চাপে। বাবুদের বাড়ীর ঝিরা তো হামেসা বিয়োচ্ছে—। ওরা জানে সব। সেখান থেকে—।'

টেবিলে কাঠিগুলো গুছিয়ে রাখা হয়ে গেছে। ওলান্ ওয়াং-এর দিকে একটু ক্ষণ তাকিয়ে থেকে বলল ; 'ও বাড়ীতে ফিরব, আবার খোকাকে কোলে নিয়ে। তার আগে নয়। লাল জামা, লাল ইজের পরিয়ে নিয়ে যাব খোকাকে। মাথায় দেব একটা টুপী, তাতে একটা বুদ্ধ-মূর্তি থাকবে। আর পায়ে পরিয়ে দেব বাঘমুখো জুতো। আমিও নতুন জুতো পরব সেদিন, আর নতুন কালো সাটীনের জামা। সকলে দেখবে আমার খোকাকে।'

ওলান্-এর মুখে এত কথা এক সাথে ওয়াং শোনেনি কখনও। কথাগুলি বিনা ছাঁদে, বিনা ছেদে, অতি ধীরে কিন্তু সু-সংলগ্নভাবে একে একে বের হয়ে আসে। ওয়াং বোঝে মৌনতার যবনিকার অন্তরালে নিভৃতে বসে ওই মানুষটি স্বপ্নের জাল বুনেছে এতদিন। তারই পাশে কাজ করতে করতে, ধ্যানলোকে বিচরণ করেছে ওই নিতান্ত সাধারণ মানুষটি ! কি বিচিত্র রহস্যময়ী এই নারী ! কি গভীর নীরবতায়, দিনের পর দিন নিয়মিত ভাবে কাজ করে গেছে। কে জানতো, তারই মাঝে অনাগত শিশু ওর মনের পটে অমন বিচিত্র রংএর আখর লিখে দিয়েছে। কে ভেবেছিল ওর অন্তর-লালিত এই সম্ভাবিত শিশু ওর কল্পনা রচিত বেশ পরে পৃথিবীর আলোয় নেমে এসে আগেই ধরা দিয়েছে ওর স্বপ্নে ! ও দেখেছে আপনাকে কালো সাটীনের নতুন কোটে ভূষিতা মাতৃরূপের মহিমায়

মুহূর্তের জন্য ওয়াং-এর ভাষা হারিয়ে গেল। পরিপূর্ণ অধ্যবসায়ের সাথে বুড়ো আঙ্গুল এবং তর্জ্জনীর সাহায্যে তামাক টিপে টিপে কল্কেতে ভরতে লাগল। খানিক পরে গাম্ভীর্যের সাথে বলল ; 'কিছু টাকা কড়িতো তাহ'লে তোমার চাই।'

ওলান্ ভীরু কুন্ঠার সাথে বলে ; 'তা গোটা তিনেক ডলার যদি দাও। অনেক টাকা বুঝি এ, আমি অনেক হিসেব করে দেখেছি—ওর কমে হয় না। তবে একটা কড়িও বাজে খরচা করব না। খুব হিসেব করে দেখে শুনে কাপড় কিনব।'

ওয়াং কালই পশ্চিমের মাঠে যে বিল আছে তা থেকে বোঝা দেড়েক নল কেটে এনে বেচেছে। তার দামটা কোমরে তখনও গোঁজাই ছিল। ওলান্ যা চেয়েছে তার চাইতে কিছুটা বেশীই আছে। প্রথমে তিনটে ডলার নিয়ে টেবিলের ওপর রেখে দিলে—

তারপর কি ভেবে আর একটা ডলারও বের করে ওর সাথে রাখল। এই ডলারটি ওয়াং বহুদিন পুষে রেখেছিল চায়ের দোকান- টায় গিয়ে একদিন একটু জুয়া খেলবে ব'লে। কিন্তু আজও খেলা ওর হয়ে ওঠেনি। কেবল টেবিলের ওপর ঝুঁকে পড়ে জুয়ার ছকটার সশব্দ উত্থান পতন সাতঙ্কে দেখেছে। ওর ভয় হ'তো খেলতে গেলে যদিই বা হেরে যায়। অবসর সময়টা ওয়াং সাধারণতঃ কাটাতো সহরের সেই ছোট্ট চালা খানায় গল্প-বুড়োর গল্প শুনে। সেই আদ্দিকালের গল্প।

ডলারটা রেখে হুঁকো ধরাতে ধরাতে ওয়াং বলে ; 'তা এটাও রেখে দাও—এই তো প্রথম ছেলে আমাদের, জামাটা না হয় সিল্ক দিয়েই ক'রো।'

ওলান্ টাকাতে হাত দিতে পারলনা হঠাৎ। নিস্পন্দ হয়ে কেবল তাকিয়ে রইল। তারপর চাপাস্বরে বল্‌ল ; 'গোটা ডলার হাতে করলাম আজ এই প্রথম।' পরক্ষণেই ডলার ক'টা হঠাৎ তুলে নিয়ে শোবার ঘরে চলে গেল।

তামাকের ধোঁয়ার সাথে সাথে ডলার ক'টির চিন্তা ঘনতর হয়ে ওঠে ওয়াং-এর মনে। তার মাটির দৌলতে সে আজ এ ঐশ্বর্য্যের অধিকারী যে মাটির বুকে নিজ হতে ও হাল চালিয়েছে—আপনাকে তিল তিল করে গলিয়ে গলিয়ে মিশিয়ে রস সিঞ্চন ক'রেছে। ওর সারা প্রাণ-শক্তির কেন্দ্র ওই মাটি। বিন্দু বিন্দু স্বেদ ঢেলে ফসল ফলিয়েছে ও, আর সেই ফসল এসেছে এই ধন।

কাউকে দুটো পয়সা দিতে গেলে ওয়াং-এর বুকটা টন টন করে উঠেছে বরাবর। কিন্তু কই আজ তো কোনোখানে বাজল না। ওর শ্রমার্জ্জিত অর্থের আজ সহরের কোনো বিদেশী বণিকের হাতে অপঘাত মৃত্যু ঘটবেনা—মহা সার্থকতায় রূপান্তরিত হয়ে উঠবে পরিচ্ছদ হ'য়ে ওরই আত্মজের দেহখানিকে জড়িয়ে ধরবে।

আর রহস্যময়ী নারী—যে ওরই সাথে কাজ ক'রে এসেছে সহচরীরূপে, মুখে যার নেই ভাষা, যার উদাসী দৃষ্টির সামনে সব কিছুই হয়ত পাশ কাটিয়ে চলে গেছে, তারই চোখে কিনা ধরা পড়ল এই মহাস্বপ্ন—এই রূপান্তরিত-মহাবিত্তে সজ্জিত ওদের সন্তানের নবরূপ!

কিন্তু ওলান্ একাই রইল।

সেদিন সূর্য তখনও ডোবেনি। স্বামীর পাশে কাজ ক'রছে ওলান্, গমের মৌসুমের পর ধান বোনা হয়েছে। গ্রীষ্মের প্রথম বর্ষণের পর হেমন্তের কোমল স্পর্শে ধানের শীর্ষ সুডৌল পরিণতি পেয়ে কনক-সজ্জা ধারণ করেছে। দিনমান কাস্তে হাতে ধান কেটেছে দু'জন। দেহান্তর্লীন গুরুভার ওলান্-এর সঞ্চরণ-স্বাচ্ছন্দ্য হরণ করেছে। ওর গতি হয়েছে মন্থর, কাজেই ওয়াং এগিয়ে গেছে অনেক দূর।

দুপুর-বিকেল-সন্ধ্যা ওলান্-এর হাত শ্লথ হয়ে আসে। ওয়াং অধীর দৃষ্টিতে ওর দিকে তাকায়। হঠাৎ ওলান্ সোজা হয়ে দাঁড়িয়ে পড়ে। হাত হ'তে কাস্তে খসে পড়ে।

মুখে কোন্ এক নব মহা-বেদনার স্বেদ-নিষেক!

ওলান্‌ই কথা কয় : 'সময় হ'য়ে এসেছে, আমি বাড়ী চল্লাম। না ডাকলে ঘরে ঢুকোনা যেন। খালি একটা কঞ্চি চেঁছে ফালি করে দিয়ে যেও, নাড়ী কাটতে লাগবে।'

ওলান্ মাঠ পার হ'য়ে বাড়ীর দিকে চলে। সেই সাধারণ নির্লিপ্ত ভঙ্গী যেন কিছু হয়নি। যতক্ষণ দেখা যায়, ওয়াং তাকিয়ে থাকে অপসৃয়মানা ওলান্-এর দিকে। তারপর পুকুরের পারে গিয়ে একটা সরু সবুজ কঞ্চি নিয়ে কাস্তে দিয়ে চেঁছে ঘনায়মান শরৎ সন্ধ্যায় বাড়ীর দিকে চলে।

টেবিলের ওপর রোজকার মত খাবার, সদ্য-প্রস্তুত, গরম। ওর বাবা খাচ্ছে। খাবার তৈরী করার জন্য আসন্ন সৃষ্টির অত বড় বেদনা বুকে রেখে কাজ ক'রেছে বেচারী। ওয়াং ভাবে—সাধারণের কত ঊর্ধ্বে ওলান্।

শোবার ঘরের দরজায় গিয়ে ওয়াং ধীরে ধীরে ডাকে: 'এই যে কঞ্চি চেঁছে এনেছি, নাও।'

ওয়াং অধীর আকুলতায় ভাবে—এই বুঝি ওলান্ ওকে ভেতরে ডাকবে। কিন্তু কই ওলানই হামা দিয়ে এসে দরজার ফাঁকে হাত বাড়িয়ে দিল। কোন কথা বলল না।

কিন্তু ওয়াং শুনতে লাগলো, বহু-দূর পথবাহী শ্রান্ত পশুর মত হাঁপাচ্ছে ওলান্। বৃদ্ধ খাওয়ার ফাঁকে বলে: 'খেয়ে নে আগে বাপু, ঠান্ডা হ'য়ে যাবে সব।'

তারপর আবার খেতে খেতে বলে: 'ভাবছিস্ কেন ? একটু সময় তো লাগবেই। তোর দাদা হবার সময় গোটা রাত্তিরটাই লেগে গেল। গন্ডা পাঁচেক ছেলে হ'ল একটার পর একটা, বেঁচে আছিস একা তুই। এই জন্যেই বুঝেছিস্ মেয়েদের বছর বছর ছেলে বিয়োতে হয়।'

তারপর হঠাৎ যেন একটা হারিয়ে যাওয়া চিন্তার খেই খুঁজে পেয়ে বলে: 'ও, কাল এ সময় ঠাকুরদা হয়ে গেছি।' খাওয়া থামিয়ে প্রবল বেগে হাসতে সুরু করে বুড়ো।

ওয়াং দরজায় দাঁড়িয়ে শোনে—পশুর মত হাঁপাচ্ছে ওলান্। দরজার ফাঁকে গরম রক্তের এক ঝলক গন্ধ আসে নাকে—কুৎসিৎ ন্যক্কারজনক গন্ধ। ওয়াং ভয় পায়। ভিতরে কষ্ট-শ্বাসের শব্দটা দ্রুততর, উচ্চতর হয়ে ওঠে। প্রবল-শক্তিতে চাপা বেদনার গুমরানি একটা—সশব্দ হয়ে ফুটতে দেয় না ওলান্। অসহ্য !

দরজা ভেঙ্গে ঢুকবে ঘরে ওয়াং ?

হঠাৎ একটা স্বল্প অথচ তীক্ষ্ণ কান্নার শব্দ কানে আসে।

ওয়াং সব ভুলে যায়। ওলান্-এর কথা মনেও রাখে না। অধীর মিনতিতে জিজ্ঞাসা করে: 'কি হ'লো গো ? ছেলে না মেয়ে ?'

আবার কান্না। এবারে বলিষ্ঠ, তীক্ষ্ণ বিরতি-হীন কান্না।

আবার চীৎকার ক'রে জিজ্ঞাসা করে ওয়াং: 'ছেলে হলো না মেয়ে হ'লো, এটুকু অন্ততঃ বলনাগো !

প্রতিধ্বনির মত নিস্তেজ একটা স্বর ভিতর হ'তে উত্তর দেয়: 'ছেলে।'

ওয়াং নিশ্চিন্ত হ'য়ে গিয়ে টেবিলে বসে। যাক্, শিগ্গিরই ঝামেলা মিটে গেল। খাবার ঠান্ডা হয়ে গেছে। বাবা বেঞ্চির ওপরেই ঘুমিয়ে পড়েছে। কতটুকু মাত্র সময়ের মধ্যে এত বড় একটা আবির্ভাব হ'ল !

ওয়াং বাবার মাথা ধরে একটা ঝাঁকানি দেয়: 'ও বাবা, বাবা, তোমার নাতি হয়েছে যে ! আজ থেকে তুমি ঠাকুর্দা হ'লে, আর আমি বাবা।'

বিশ্ব-বিজয়ীর স্বর ওয়াং-এর কণ্ঠে।

বৃদ্ধ জেগে উঠে হাসতে থাকে ঃ 'য়্যা, ঠাকুর্দা, তাইতো—' হাসতে হাসতে বিছানায় গিয়ে শুয়ে পড়ে।

হঠাৎ প্রবল ক্ষুধা বোধ হয় ওয়াং-এর। কিন্তু তাড়াতাড়ি খেতে পারে না কিছুতেই। ঘরের মধ্যে ওলান্-এর নড়াচড়ার শব্দ আর সেই শ্রান্তি-বিহীন তীব্র কান্না।

ওয়াং সগর্বে বলে আপন মনে ঃ 'নাঃ, আর শান্তিতে থাকা যাবে না দেখছি এ বাড়ীতে।'

খাওয়া শেষ করে ওয়াং আবার ঘরের দরজায় গিয়ে দাঁড়ায়। ওলান্ তাকে ভেতরে ডাকে। ঘরের বায়ুতে রক্তের গন্ধ ভরে আছে, কিন্তু রক্তের এতটুকু চিহ্ন নেই কোথাও। কাঠের গামলায় সব আবর্জনা ফেলে, জল ঢেলে ওলান্ সব খাটের তলায় দৃষ্টিপথের বাইরে ঠেলে দিয়েছে। লাল মোমবাতিটা জ্বলছে ঃ ওলান্ পরিচ্ছন্ন শয্যায় শুয়ে ; পাশে রীতি অনুসারে ওয়াং-এরই পা'জামায় সুপ্ত-শিশু জড়ান।

ওয়াং নির্বাক। ওর বুকের সমস্ত স্পন্দন ভিড় ক'রে যেন বেরিয়ে আসতে চায়। ঝুকে পড়ে ছেলেকে দেখে ওয়াং। গোলগাল মুখখানা, কুঞ্চিত, শ্যামসুন্দর। মাথায় একরাশ ভিজে কালো চুলের ভিড়। কান্না থেমে গেছে, ক্ষুদ্র চোখ দু'টি ঝিমিয়ে পড়েছে।

ওয়াং স্ত্রীর দিকে চায়, ওলান্ সে দৃষ্টি ফিরিয়ে দেয়। কঠিন বেদনার স্বেদধারায় তখনও তার চুল সিক্ত, অনায়ত চোখদুটি কোটরাগত। আর কোন পরিবর্তন নেই।

সেই প্রতিদিনের ওলান্ যেন।

কিন্তু ওয়াং-এর চোখে ঐ শায়িত মূর্তিটি অপূর্ব মাধুরীতে উচ্ছ্বসিত হয়ে ওঠে। ওর মনের অণুতে পরমাণুতে সে মাধুরীর স্পর্শ লাগে। ঐ মা আর ছেলে! ওয়াং এর অন্তর উদ্বেল হয়ে ওঠে। কি বলবে ও ! কিছু ভেবে পায় না। শুধু বলে ঃ 'কাল সহরে গিয়ে পাউন্ডটাক লাল চিনি এনে গরম জল দিয়ে পানা করে তোমায় খেতে দেব।'

ছেলের দিকে চেয়ে ওর মুখ হতে বের হয়ে এল—যেন কথাটা এইমাত্র ভেবেছে ঃ 'কাল ঝুড়িখানেক ডিম এনে লাল রং করে গ্রামের সবাইকে বিলোতে হবে, তাহ'লে সবাই জানবে আমার ছেলে হয়েছে।'

[চার]

পরের দিন রোজকার মতই ওলান্ উঠল, রান্না করল, অন্যান্য গৃহকাজ করল, কেবল মাঠে গেল না। একাই ক্ষেতের কাজ সেরে নীল চাপকানটা গায়ে চড়িয়ে ওয়াং সহরের দিকে চলল। বাজারে গিয়ে পেনি পেনি হিসেবে পঞ্চাশটা ডিম কিনল, সঙ্গে কিনল রং করার জন্য লাল রং-এর কাগজ। কাগজ গুলো সেদ্ধ করলেই রং

বেরুবে। তারপর মুদীর দোকানে কিনল লাল চিনি। দোকানী কাগজ দিয়ে পোটলাটা বেঁধে সুতোর নীচে একটা লাল কাগজের ফালি গুঁজে দিল হাসতে হাসতে।

'ছেলে হয়েছে বুঝি ?'

'হাঁ, প্রথম ছেলে ভাই।' ওয়াং বুক ফুলিয়ে জবাব দেয়।

'বেশ বেশ বেঁচে বর্তে থাকুক ভালোয় ভালোয়।' নির্লিপ্ত ভাবে বলে দোকানী। সে ঐ কথা বহুবার বহুজনকে, হয়ত' রোজই, বলে কাউকে না কাউকে। ওয়াং-এর কাছে ওর এ-বলার মধ্যে বৈশিষ্ট্য আছে। মাথা নত করে প্রসন্ন স্মিত হাস্যে ও সৌজন্য স্বীকার করে। দোকান হ'তে বের হবার সময় আর একবার দোকানীকে মাথা নীচু করে সৌজন্য জানিয়ে আসে।

প্রখর রোদ মাথার ওপর নিয়ে, ধূলি সঙ্কুল পথ বেয়ে চলতে চলতে ওয়াং-এর মনে হয় ওর মত ভাগ্যবান কে আছে ?

কিন্তু পরক্ষণেই আশঙ্কায় ওর বুক কেঁপে ওঠে। এত সৌভাগ্য কি সইবে ওর কপালে! আকাশে বাতাসে আত্মগোপন করে আছে পর-সুখাসহিষ্ণু অশরীরী প্রেতের দল। বিশেষ ক'রে দরিদ্রের সুখ যে ওদের সয়না।

মনে হতেই ফিরে গিয়ে বাড়ীর প্রত্যেকের নামে নামে একটি করে চারটি ধূপকাঠি কিনল। তারপর, পথে ক্ষেত্র-দেবতার মন্দির, সেখানে গেল। কদিন আগে ওয়াং আর ওলান্ মিলে এখানেই ধূপ জেবলেছিল, আজও সেই ছাই রয়েছে জমে। সেই ছাইয়ের মধ্যে কাঠিগুলো গুজে দিয়ে নিঃশঙ্ক চিত্তে ও ঘরে ফিরে চলল।

ওয়াংকে কিছু বুঝবারও অবকাশ না দিয়ে হঠাৎ একদিন আবার তার কাজের খেই হাতে তুলে নিয়ে স্বামীর পাশে এসে দাঁড়াল ওলান্। ফসল কাটা সারা হয়েছে, বাড়ীর অঙ্গনে তখন চলেছে শস্য মাড়াই। দু'জনে মুগুর নিয়ে অবিশ্রাম পিটে চলে। তারপর বড় বড় বাঁশের ঝুড়িতে করে মাড়ান শস্য ওপর থেকে ধীরে ধীরে নীচে ঢেলে তুষ খড় হাওয়ায় উড়িয়ে দিয়ে ঝেড়ে ঝুড়ে ঘরে তোলে। এর পর আসে শীতের ফসলের জন্য চাষের পালা। ওয়াং লাঙ্গল চালায়, ওলান্ পিছন পিছন কোদাল দিয়ে মাটির ঢেলা ভাঙ্গে।

দিনমান ওলান-এর কাজের চাকা ঘোরে। শিশু ছেলেটা মাটিতে ছেঁড়া কাঁথায় শুয়ে ঘুমোয়। কেঁদে উঠলে মাটিতে ব'সে পড়ে শিশুকে স্তন দেয় ওলান্। অবসান-প্রায় শরতের বিমুখ রোদ গ্রীষ্মের উত্তাপকে জড়িয়ে ধরে ঝরে পড়ে মা ও ছেলের ওপর। মাটির ধূসরতা লাগে ওদের মনে। মাটির বুকে মাটির প্রতিমার মতই দেখায় ওদের। মাটির ধূলি জড়িয়ে থাকে ওলান্-এর চুলে, শিশুর কোমল কালো মাথায়।

মায়ের পীন স্তন-যুগল থেকে শিশুর জন্য তুষার-শুভ্র পীযুষ-ধারা উচ্ছ্বসিত হয়ে ওঠে। এক স্তন শিশুর অধরে ঢালে সুধা-ধারা, আর এক স্তন ঝরণার মত উছলে পড়ে আপন অজস্রতায়। ওলান্ বাধা দেয় না। লোভী শিশুর প্রচুর প্রয়োজন মিটিয়েও ওরই মত বহু শিশুর দাবী মেটান চলে ওর অজস্র বক্ষ-ধারায়, এখবর ওলান্ রাখে; নিরর্থক প্রাচুর্যকে অবহেলা করতে ওর বাধে না। কিন্তু অফুরন্ত উৎস—আপনাকে ঢেলে ঢেলে কেবলি বেড়ে ওঠে। কাপড় বাঁচাবার জন্য কখনও স্তন একটু তুলে ধরে।

মাটিতে ঝরে পড়ে দুধ—ধরিত্রীর রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ ক'রে বাইরে রেখে যায় কালো কোমল নিটোল একটা চিহ্ন।

শীত আসে। ওয়াংদের ভাবনা নেই। ফসলও হ'য়েছে এবার বিস্তৃত। ছোট বাড়ীখানায় যেন আর ধরে না। কড়িকাঠ থেকে ঝোলে অসংখ্য শিকে, তাতে আছে পেঁয়াজ রসুন। পিঁপের আকারে বড় বড় বাঁশের ঝুড়িতে ভরা ধান আর গমে তিনটে ঘরই ঠাসা। এগুলো প্রায় সবই বিক্রীর জন্য। জুয়ার খেয়াল বা রসনার বিলাসের অপব্যয় ওয়াং-এর নাই, ওয়াং হিসেবী। কাজেই শস্য তুলেই তাড়াতাড়ি যথালাভে বিক্রী ক'রে দেবার প্রয়োজন ওর হয় না; ভাণ্ডারে সঞ্চয় করে রাখে। শীতের মৌসুমে এবং নতুন বছরে সহুরে লোকদের কাছ থেকে বেশ চড়া দাম পাওয়া যায়।

[পাঁচ]

অত রয়ে বসে দাম পাবার জন্য হাঁ করে বসে থাকা ওয়াং-এর কাকার পোষায় না। ভাল করে ফসল পাকারও সবুর সয়না, তার আগেই বেচে বেচে দেয়। এমনকি হাতে কাঁচা পয়সা পাবার লোভে ফসল মাঠে থাকতেই দায় সেরে ফেলে—যা দাম পাওয়া যায় তাতেই। সুবিধেও আছে—কাটা, মাড়াই, ঝাড়া, তোলার ঝামেলা বাঁচে। বাড়ীর গিন্নী অর্থাৎ ওয়াং-এর খুড়ী স্থূল দেহ তদনুপাতিক স্থূলবুদ্ধি ও আলস্যের ত্রিগুণাত্মিকা। ভাল আহার ও সজ্জা ছাড়া এই প্রাণীটির জগতে প্রণিধেয় আর কিছু নাই। আজ এ জিনিষ চাই, কাল ও খাবার না হ'লে চলবে না—চাই শহুরে জুতো এমনি নানা ধারার দাবীর নিরন্তর কলহ ও কোলাহল তার স্বভাবের সব চাইতে বেশী অংশ জুড়ে আছে। আর দেখোগে ওয়াং-এর বাড়ী, ওর বৌ-এর হাতের তৈরী জুতো ওদের বাড়ীর সবাই পরে—বাবা, ও নিজে। ওলান্ যদি ওর খুড়ীর মত হতো ওয়াং যে কি করত ও ভেবেই পায় না।

কাকার বাড়ীখানা কতকালের জরাজীর্ণ, প্রায় অন্তিম অবস্থায় এসে পেঁছেছে। চালের বাতার পুরোনো ঘুণেধরা কাঠগুলো শূন্য, তাতে না ঝোলে একটা শিকে, না কিছু। ওয়াং-এর বাড়ীতে চালের বাতায় ঝোলান কত শিকেয় কত জিনিস—শুঁটকি শুয়োরের একটা ঠ্যাংও রয়েছে। ওদের প্রতি-বেশী চিং তার শুয়োরটা রোগা হয়ে যাচ্ছে দেখে কেটে ফেলেছিল, সেখান থেকেই ঠ্যাংটা কিনে এনেছিল ওয়াং। বেশ মস্ত বড় ঠ্যাংটা—ওলান্ নুন দিয়ে বেশ করে জারিয়ে রেখে দিয়েছে, সময়ে অসময়ে চলবে। নিজেদের দুটো মুরগীও পালক টালক সুদ্ধ পেটের ভেতর নুন মসলা পুরে সুটকি করে ঝুলিয়ে রেখেছে।

শীত এল। উত্তর পূবের মরুভূমি থেকে এল কন্‌কনে হাওয়া। অজস্র প্রাচুর্যের মধ্যে ওয়াং নিঃশঙ্ক নিরাপদ আরামে বাড়ীর মধ্যে থাকতে পেল। খোকা বসতে

শিখেছে। ওর যেদিন একমাস পুরো হল, সেদিন ওয়াং ওদের বিয়ের দিন যারা এসেছিল তাদের একটা হালুয়ার ভোজ দিয়েছিল। এটা নাকি দীর্ঘায়ুর প্রতীক। আর দিয়েছিল দশটা করে রঙ্গীন সেদ্ধ ডিম। অন্য যারা খোকাকে আশীর্বাদ করতে এসেছিল, তাদের দিয়েছিল দুটো করে।

বেশ নাদুস্‌ নুদুস্‌ বড় সড়টি হ'য়েছে খোকা। মুখখানা পূর্ণচন্দ্রের মত ভরা গোলগাল; চোয়াল মায়ের মত উঁচু। সকলের হিংসে হয় দেখে।

শীতের দরুণ, এখন মাঠের বদলে ঘরের মেজেই হয়েছে ওর বিচরণ-ভূমি। দক্ষিণের খোলা জানালার পথে আলো আর বাতাসের দাক্ষিণ্য ঘরখানার মধ্যে; উত্তরের হিমেল হাওয়া বৃথাই প্রাচীরের গায়ে কেঁদে কেঁদে যায়।

দোর গোড়ার খেজুর গাছটার পাতা ফালি ফালি হয়ে ছিঁড়ে গেছে। মাঠের ধারের উইলো আর পিচ্‌ গাছে নিষ্পত্র শূন্যতা। বাড়ীর পূর্বদিকের বাঁশের ঝাড়েই কেবল পাতাগুলি বাতাসের বিপুলা শক্তিকে চোখ ঠার দিয়ে দোমড়ান বাশের গায়ে লেগে রইল। শুকনো হাওয়ায় গমের অঙ্কুর জাগলো না। ওলাং লাং আকুল প্রতীক্ষায় বৃষ্টির পথ চেয়ে থাকে। তারপর একদিন শীতান্তের ধুসরতার উপর নামল বৃষ্টি। বাতাসের উন্মত্ত তান্ডব কোমল উষ্ণতায় পর্যবসিত হল। ওরা মুক্ত দৃষ্টিতে তাকিয়ে তাকিয়ে দেখে—বেমন করে বৃষ্টিধারা, পরিপূর্ণ ঋজু নিটোল রেখায় রেখায় ধরনীতে নেমে এসে, মাটির অনুতে পরমানুতে আপনাকে মিশিয়ে দেয়। চাল বেয়ে জলের ধারা গড়িয়ে পড়ে। শুভ-সূচনার উপলব্ধি সকলের মনে। শিশুর চোখে প্রথম দেখার বিস্ময়। সে হাত বাড়িয়ে বৃষ্টিধারার রূপালী রেখা ধরতে গিয়ে খিল খিল খিল করে হেসে ওঠে। সাথে মা হাসে, হাসে বাবা। বুড়ো মাটিতে থপ্‌ করে পড়ে বলে; 'হবে না বাবা! আমার নাতি যে লাখে এক। দেখতো তোর কাকাটার প্যাঁচা-মুখো ছানাগুলো—হাঁটার আগেই চোখের মাথা খেয়ে কিছুর দিকেই কি আর তাকায়?'

অঙ্কুরিত গমের সবুজ শীষ ভেজামাটি ঠেলে মাথা তোলে। প্রকৃতির এ উৎসবের মৌসুমে চাষীদের ঘরেও উৎসব—দেখা শোনা, মেলা মেশা হাসি গান, খাওয়া দাওয়ার ধুম পড়ে যায়। কাজ নেই কোনো, চাষ নেই, পিঠ ভেঙ্গে বাঁকে করে জল বয়ে মাঠে ঢালা নেই—প্রসন্ন আকাশ ক্ষেতে জল সেচনের ভার নিয়েছে। ভোর হতেই ঘরে ঘরে জটলা, কলহাস্য চায়ের মজলিস, মাঠের আল ভেঙ্গে ছাতা মাথায় দিয়ে বৃষ্টির মধ্যেই পাড়াপড়শীর বাড়ী যাওয়া। মেয়েরা বাড়ীতেই থাকে, জুতো তৈরী করে' ছেঁড়া কাপড় সেলাই করে; আর যারা একটু গোছান গিন্নী, তারা আগে থাকতেই নূতন বছরের উৎসবের আয়োজনে লেগে যায়।

ওয়াং আর তার বৌ অত মেলামেশা ভালবাসে না। গ্রামে বেশী হ'লে আঠার কুড়ি ঘর লোকের বাস তার মধ্যে ওয়াং-এর উপরেই লক্ষ্মীর কৃপা বেশী। তাই ওয়াং ভাবে মেলামেশার ঘনিষ্ঠতার পথ বেয়ে ঋণ হয়ে বেরিয়ে যাবে ওর ঘরের শ্রী। নূতন বছর এল প্রায়। তার মত উৎসবের জন্য সঞ্চিত সম্বল তো নাই প্রায় কারো ঘরেই।

কাজেই মেশামিশি বাঁচিয়ে ঘরে থাকাই ভাল। ওর বৌ সেলাই করে, ছেঁড়া

কাপড়ে তালি লাগায়। ও চাষের যন্ত্রপাতিগুলো পরীক্ষা করে দেখে, ভাঙ্গা চোরা থাকলে মেরামত করে। ও করে চাষের খবরদারী, বৌ করে ঘরের। মাটির হাঁড়িটা ফুটো হয়ে গেলেও ওলান্ ফেলে না, মাটি আর বালি মিশিয়ে ফুটোটা বন্ধ ক'রে ধীরে ধীরে পুড়িয়ে নেয়।

ঘরের অপ্রচুর পরিসরের মধ্যে ওদের সুখ কোমল অন্তরঙ্গতায় দানা বেঁধে ওঠে। কথা বিশেষ হয় না, নিতান্ত দু'একটা খাপছাড়া আকস্মিক কথা ছাড়া। যেমন 'বড় স্কোয়াশটার বীজগুলো ফেলোনি তো?' বা 'এবারে খড়গুলো বেচে ফেলব, জ্বালাবার জন্য লটর গাছগুলো না হয় থাক।' বা ওয়াং কখনও বলে; 'বাঃ আটার হালুয়াটা বেশ হয়েছে তো!' ওলান্ও নির্বিকারভাবে উত্তর দেয়; 'এবার গমটা খুব ভালো হয়েছে কিনা তাই আটাগুলোও হয়েছে ভালো।' এমনি ধারা।

খরচ শেষ হ'য়ে উদ্বৃত্ত এবার রইল কিছু ওয়াং-এর হাতে। কোমরে রাখতে ভয়, বৌ ছাড়া আর কাউকে জানাতেও ভয়। কোথায় রাখে। ওলান্ বুদ্ধি খাটায়। শোবার ঘরে খাটের পিছনে গর্ত খুঁড়ে টাকাগুলো রেখে মাটি চাপা দিয়ে দেয়। ওলান-ওয়াং-এর কাছে পরম সম্পদ ঐ টাকা কটি—যেন বহু সাধনায় অর্জিত কোন সুগোপন ঐশ্বর্য।

ওয়াং-এর প্রতি স্নায়ুতে এই কথাটাই জেগে থাকে—ওর সঞ্চয় আছে ব্যয়ের উদ্বৃত্ত আছে। তাই নিঃশঙ্ক স্বাচ্ছন্দ্যে ওর দিন কাটে।

নতুন বছর এল। চারদিকে উৎসবের সাড়া। ওয়াং লাং সহরে গিয়ে মেলাই 'মঙ্গল-পত্রী' কিনে আন্‌ল—অর্থাৎ সোনার জলে কল্যাণ-মন্ত্র লেখা লাল কাগজের লম্বা সব ফালি; লাঙ্গল, জোয়াল, কোদাল ইত্যাদি সবগুলো চাষের যন্ত্রপাতিতে একটা একটা ক'রে লাগিয়ে দিল আঠা দিয়ে, ভাবী বছরের নব সৌভাগ্যোদয়ের আশায়। সার বইবার বালতি দুটো অবধি বাদ গেল না। দরজার চৌকাঠেও ঝুলিয়ে দিল মঙ্গল-পত্রীর লম্বা লম্বা ফালি। এগুলোতে আবার চমৎকার সূক্ষ্ম ফুল-লতাপাতা কাটা। ক্ষেত্র-দেবতার পোষাকের জন্যও লাল কাগজ এসেছে। ওয়াং-এর বাবা তার কম্পমান শিথিল হাতে নিপুণ ভাবে পোষাক তৈরী করল। ওয়াং গিয়ে পরিয়ে এল, ধূপ জ্বালিয়ে দিল বেদীর ওপর। বাড়ীর জন্যও দুটো লাল মোমবাতী কিনে এনেছিল, মাঝের ঘরে ঠাকুরের ছবির তলায় জ্বলবে বলে।

ওয়াং আবার সহরে গিয়ে খানিকটা শুয়রের চর্বি নিয়ে এল। বাড়ীতে যাঁতা তো রয়েইছে, বলদ দু'টো যুতে দিলেই হল, দিব্যি চাল গুঁড়ো হয়ে যাবে। চালের গুঁড়ো, চর্বি, আর চিনি দিয়ে ঠিক বাবুদের বাড়ীর মত ক'রে চমৎকার চন্দ্রপুলি গড়ল ওলান্। তখনও সেঁকা হয়নি,পিঠেগুলো থরে থরে সাজান র'য়েছে টেবিলের ওপর। কতকগুলোর ওপর লাল বাদামের আর সবুজ রং-এর শুক্‌নো প্লামের কুচি দিয়ে চমৎকারি ফুললতাপাতার বাহার করে দিয়েছে। দেখে দশহাত ফুলে ওঠে ওয়াং-এর বুক। গাঁয়ে আর কেউ এসব তৈরী ক'রতে পারে না, এসব শুধু জমিদার বাবুদের বাড়ীতে ভোজ টোজের বেলা তৈরী হয়। ওয়াং বলেঃ 'এমন চমৎকার জিনিস খেয়ে শেষ ক'রে ফেলতে মায়া হয়।'

বৃদ্ধ টেবিলের ওপর ঝুকে পড়ে রং বেরং-এর পিঠের বাহার দেখে ছোট ছেলের মত খুশি হ'য়ে ওঠে। আনন্দে বলে ওঠে ঃ 'তোর কাকা আর ওর ছেলের পাককে একটিবার ডেকে দেখিয়ে দেনা, চোখ সার্থক ক'রে যাক।'

ভাগ্য পরিবর্তনের সাথে সাথে ওয়াং সাবধানী হয়েছে হয়ে গেছে। এ অভিজ্ঞতা ওর হয়েছে, যে যাদের জঠরে ক্ষুধার আগুন তাদের কেবল খাদ্যবস্তুর রচনা-লালিত্য দেখাবার জন্যই ডাকা চলে না। তাই সে তাড়াতাড়ি বাবাকে জানিয়ে দেয়; 'সেই পয়লার আগে ওসব পিঠে টিঠে দেখাতে নেই।' ওলান্‌ও তার ময়দা-চর্বি-চর্চিত হাতে বলে উঠল; 'এগুলো আমাদের খাবার জন্য নয়, বাবা। গোটাকয়েক সাদা পিঠে খালি রাখব, এই বাইরের লোক যারা দেখা সাক্ষাৎ করতে আসবে তাদের জন্য। আমরা চাষা-ভুষো গরীব মানুষ! আমাদের কি এসব খাওয়া পোষায়? নতুন বছরে খোকাকে নিয়ে যাব জমিদার বাবুদের বাড়ী গিন্নীমাকে দেখাতে, খালি হাতে যাওয়াত' ভাল দেখায় না—নেই সাথে এই কখানা পিঠে নিয়ে যাব।'

সেই মুহূর্তটি থেকে পিঠেগুলোর গৌরব ও মর্যাদা যেন অত্যন্ত বেড়ে গেল। ওয়াং-এর বুকও স্ফীত হয়ে উঠল-যে গৃহের দ্বারে দারিদ্রের দীনতা ভীরুতা নিয়ে গিয়ে ও দাঁড়িয়েছিল কম্পিত পদে, সেখানেই যাবে ওর স্ত্রী রিক্ততার দৈন্য বহন করে নয়, পুত্র বক্ষে নিয়ে মহার্ঘ উপকরণে তৈরী উপহার নিয়ে।

নব-বৎসরের উৎসবের এই মহা-আঙ্গিকটি স্ব-মহিমায় আর সব কিছুকে ম্লান করে দেয়। ওলান্‌-এর তৈরী কালো কোটটা গায়ে দিতে দিতে ওয়াং ঠিক করে; 'এই কোটটাই পরে বৌ ছেলেকে নিয়ে বাবুদের বাড়ী যাব।'

বছরের শেষের দিন শুভকামনা জানাতে প্রতিবেশীরা আসে। কাকাও আসে। খাওয়া দাওয়া কোলাহল সবকিছুতেই যোগ দিতে হয় ওয়াংকে। কিন্তু তার সারা চেতনা উদগ্রীব হয়ে থাকে এই কোলাহল-মুখর দিনের ভিড় ঠেলে পরের দিনটির জন্য। চন্দ্রপুলিগুলো নিজে হাতেই একটু সরিয়ে রাখে ওয়াং কি জানি কার কখন চোখ পড়ে যায়। সাদা পুলিগুলো খেয়েই অতিথিরা যে পরিমাণ প্রশংশা-মুখর হয়ে উঠেছে, তাদের এক একবার ওর ডাক দিয়ে বলতে ইচ্ছে করে; 'ওতেই এত! লাল সবুজের ফুলকাটা পিঠে দেখল, হুঁ!—' কিন্তু অতিকষ্টে আত্মদমন ক'রে নিতে হয়। আগামী কালের অতবড় অনুষ্ঠানটির গৌরব ও ক্ষুণ্ণ করতে পারবে না কোন মতে।

দ্বিতীয় দিন, মেয়েদের মেলামেশার দিন। ভোরে উঠেই ওলান্‌ ছেলেকে সেই লাল কোট, বাঘ মুখো জুতো আর সদ্যমুণ্ডিত মাথায় বুদ্ধের মূর্তি সেলাই করা টুপি পরিয়ে সাজিয়ে দিল। বছরের শেষের দিন ওয়াং নিজ হাতে খোকার মাথাটা কামিয়ে দিয়েছিল। ওয়াং-এরও তৈরী হ'য়ে নিতে বেশী দেরী হ'লো না। ওলান্‌ তার দীর্ঘায়িত কালো চুলের রাশ আঁচড়ে গিল্টি করা পেতলের কাঁটা গুঁজে খোঁপা বেঁধে নিল। পরল কালো কোট, ওয়াং-এর কোট যে কাপড়ে তৈরী হয়েছে সেই কাপড়ের।

ওয়াং খোকাকে কোলে তুলে নেয়, ওলান্‌ পিঠের ঝুড়ি। শীতের শষ্পহীন ধূসর মাঠের পথে তারা বেরিয়ে পড়ে।

জমিদার বাড়ী পৌঁছুতে বেশী সময় লাগে না। ওলান্‌-এর ডাকে গেট খুলে

দিয়ে দরোয়ান ফ্যাল্ ফ্যাল্ করে তাকিয়ে আঁচিলের চুল তিনটে পাকাতে থাকে। কিছুক্ষণ পরে যেন সম্বিৎ পেয়ে বলে ওঠে; 'আরে ওয়াং ভায়া যে! একা নয়, একেবারে তিন!" তারপর ওদের নূতন কাপড় চোপড়, সুস্থ সুন্দর ছেলে এসব দেখে বলল; 'বেঁচে থাকো ভাই, সুখে থাকো। দিন দিন তোমার পয় হোক।'

আর একদিন ওয়াং এসে এখানেই দাঁড়িয়ে ভয়ে কেঁপেছিল, দীনতায় সংকুচিত হয়ে এতটুকু হয়ে গিয়েছিল। আজকের ওয়াং যেন সে ওয়াং নয়। আজ সে তাচ্ছিল্যের সাথে জবাব দেয়; 'তার মাটির পরেই সব হয়েছে।' দারোয়ান লোকটা যেন ওর সামনে দাঁড়াবারই যোগ্য নয় এমনি একখানা ভাব ওর স্বরে ভাবে বাবে স্পষ্ট হয়ে ওঠে। অপেক্ষারও যেন কোন প্রয়োজন নেই, সুদৃঢ় নিঃসংশয়তায় ভেতরের দিকে পা বাড়িয়ে দেন ওয়াং।

দারোয়ান ওয়াং-এর বেশে বাসে, আকারে প্রকারে সুস্পষ্ট সৌভাগ্যের পরিচয়ে একটু অভিভূত হয়ে পড়ে। একটু বিনীত ভাবেই ওয়াংকে থামিয়ে সে বলেঃ 'এই গরীবের ঘরেই একটু বস ভাই, আমি তোমার বৌ আর ছেলেকে ভেতরে নিয়ে যাচ্ছি।'

ওয়াং অভিভূতের মত তাকিয়ে থাকে। ওর বৌ ছেলে চলেছে খোদ জমিদার-গিন্নীর কাছে ভেট নিয়ে। একি একটুখানি কথা? এ গৌরব ওর, সম্পূর্ণ ওর নিজের, এতে আর কারো অংশ নেই। ওলান্ ছেলে কোলে নিয়ে দরোয়ানের সাথে শতমহলা বাড়ীর মহলের ভিড়ে অদৃশ্য হয়ে যায়, ওয়াং হৃষ্টমনে ধীরে ধীরে গিয়ে দরোয়ানের ঘরে বসে।

বসন্তের দাগ-চিহ্নিত-মুখ দরোয়ান-গৃহিণীর। সে এসে মাঝের ঘরে নিয়ে ওয়াংকে টেবিলের বাঁ দিকের সম্মানের আসনে বসায়। ওয়াং অকুণ্ঠ নির্লিপ্ততার ভাব দেখিয়ে এই স্বাগত গ্রহণ করে,—যেন এ ওর ন্যায্য প্রাপ্য, এর মধ্যে বিশেষত্ব কিছু নেই। দরোয়ান গৃহিনী চা এনে দেয়। ওয়াং মাথাটা একটু নেড়ে চা-টুকু হাতে নিয়ে রেখে দেয়, খায়না, যেন ওর যোগ্য হয়নি চা-টুকু।

অল্পক্ষণ পরেই দরোয়ান ওলান্ আর খোকাকে নিয়ে ফিরে এল। ওয়াং-এর মনে হ'ল এই কয়টি মুহূর্তের মধ্যে যেন কালের একটা বিপুল ব্যবধান কেটে গেছে। ও তীক্ষ্ন দৃষ্টিতে ওলান-এর মুখ দেখে তার মনখানাকে পড়তে চেষ্টা করে। ঐ উদাসী, ভাবহীন, চ্যাপ্টা মুখখানার সুক্ষ্মতম রেখাও ওয়াং-এর দৃষ্টিতে ধরা পড়ে আজকাল।

ওলান্-এর মুখে সুগভীর পরিতৃপ্তির আলো। ওয়াং আশ্বস্ত হয়। কিন্তু সব কিছু সবিস্তারে শুনবার জন্য ব্যগ্র হ'য়ে ওঠে সে। সপত্নীক দরোয়ানকে সংক্ষিপ্ত অভিবাদন জানিয়ে তাড়াতাড়ি ওলান্কে নিয়ে বেরিয়ে পড়ে। খোকা ঘুমিয়ে পড়েছে। ওলান্-এর কোল থেকে সে তাকে নিজের কোলে তুলে নেয়।

পেছন পেছন আসছে ওলান্। ওয়াং ঘাড় ফিরিয়ে দেখে ওলান্-এর অত ধীরে চলায় ওয়াং অসহিষ্ণু হ'য়ে ওঠে। হঠাৎ ওলান্ তাড়াতাড়ি এগিয়ে এসে ওয়াং-এর কানে কানে বলে; 'এবার বাবুদের অবস্থা যেন একটু কাহিল কাহিল মনে হ'ল।' ওলান্-এর স্বরে ভীতি, যেন কোনও ক্ষুধার্ত অপদেবতার কথাই বা সে বলছে।

'তার মানে ?'—ওয়াং অসহিষ্ণু হয়ে জিজ্ঞাসা করে, শুনবার জন্য ও ব্যস্ত হয়ে পড়েছে, একমুহূর্ত দেরী ওর সইছে না।

কিন্তু ওলান-এর কথা কওয়া অতি কষ্টের ব্যাপার। একটি একটি করে শব্দ অনেকক্ষণ ধরে অতি আয়াসে বের হয় ওর মুখ থেকে: 'কর্ত্রী-ঠাকরুণের পরণে সেই গত বছরের পুরোনো কোটটাই তো দেখলাম। এমন তো কখনও আগে দেখিনি। ও বাড়ীর দাসী চাকররাও নূতন বছরে পুরোনো কাপড় পরেনি কখনও।' খানিক থেমে আবার বলে: 'একটা ঝি চাকরের গায়ে আমার মত অমন কোট দেখলাম না।' আবার থেমে কয়েক মিনিট পর আবার বলে: 'ঐ একপাল কাচ্চা বাচ্চা, দাসীদের—মানে কর্তারাই, তাছাড়া আরও আছে—কে, একটারও আমাদের খোকার মত অমন সুন্দর চেহারা আর অমন পোষাক দেখলাম না কিন্তু—'

বলতে বলতে ওলান-এর মুখ ধীর মন্থর তৃপ্তিতে স্নিগ্ধোজ্জ্বল হয়ে ওঠে। ওয়াং খোকাকে আস্তে বুকে চেপে জোরে হেসে ওঠে। বিশ্বজয়ী ওর খোকা! আজ দিগ্বিজয় করে এল।

বিপুল আনন্দোচ্ছ্বাসের মধ্যে হঠাৎ ওয়াং-এর মন ত্রস্ত হয়ে ওঠে; কি সর্বনাশ! এই নিরাবরণ আকাশের নীচে অমন সুন্দর সুপুষ্ট ছেলে নিয়ে চলেছে! কে জানে কোথা দিয়ে কোন অপদেবতার দৃষ্টি লাগে তাড়াতাড়ি বোতাম খুলে খোকাকে কোটের নীচে বুকের মধ্যে লুকিয়ে জোরে বলে; 'এত সাধ্যি সাধনা করে যাওবা হ'ল, হ'ল একটা মেয়ে! যেমন মেয়ে, তার তেমনি ছিরি! মুখময় বসন্তের দাগ, আহা! রূপ নয়তো রূপের বালাই! কপাল, কপাল, পোড়া কপাল! এখন এটাকে যমে নিলেই আপদ যায়।' ভারী অন্যায় হয়ে গেছে বুঝতে পেরে ওলানও সায় দেয়। তারপর একটু নিশ্চিত হয়ে ওয়াং আবার জিজ্ঞাসা করে ওলানকে: 'ও বাড়ীর ব্যাপার কিছু আঁচ পেলে ?

'হ্যাঁ, বাবুর্চিটার সাথে একটুখানির জন্য কথা বলতে পেরেছিলাম। তা থেকেই জানতে পেরেছি কিছু। কর্তার পাঁচ ছেলে। তার সব বিদেশে। ওদের কেবল টাকা আর মেয়েমানুষ। দুই হাতে টাকা ফোঁকেন বাবুরা। আর মেয়েমানুষ একটার সাধ মিটে গেলেই তাকে এ বাড়ী পাঠিয়ে দেয়। কর্তাও ছেলেদের সাথে পাল্লা দিয়ে চলেন—ফী বছর তাঁর মহলে একটা দুটো নতুন মেয়েমানুষ আমদানী হচ্ছেই। ওদিকে কর্ত্রীঠাকরুণ-এরও খরচ কম নয়—তাঁর আফিং-এও মুঠো মুঠো টাকা যায়। এমনি করলে সংসারের লক্ষ্মী থাকে আর কদিন ?'

'সত্যি!'—ওয়াং বিস্ময়ে বিহ্বল হয়ে যায়।

'এদিকে আবার কর্তার সেজ মেয়ের বিয়ে এসে পড়েছে। বিয়ের যৌতুকই তো একটা আস্ত রাজ্যি। মেয়েও তেমনি বাবা! তিনি সুচাও আর হ্যাংচাও-এর তৈরী বুটীদার সাটিনের ছাড়া আর কোন কাপড়ের জামা পরবেন না। তার পোষাক করতেই সাংহাই থেকে দলবল নিয়ে দরজী এসেছে, ফ্যাসানের যদি একচুল এদিক ওদিক হয়ত' রক্ষে আছে!

'বাবা! এত খরচ! বিয়ে হচ্ছে কোথায় ?' এত জলের মত টাকা ওড়ায় ওরা ?

টাকার ওপর কি এতটুকু দরদ নেই ! ভেবে ওয়াং ভয়ে বিস্ময়ে কেমন অভিভূত হ'য়ে যায়।

'সাংহাই-এর কে এক ম্যাজিস্টর না কি বলে—তারই ছেলে', একটা সুদীর্ঘ ছেদ টেনে ওলান্ আবার বলে ; 'তা, আমারও সত্যি মনে হয়, ওদের অবস্থা পড়ে এসেছে। গিন্নীঠাকরুণ আমায় নিজ মুখেই বল্লেন, বাড়ীর দক্ষিণ ধারের ধেনো জমিটা বেচতে চান। চমৎকার জমিটা ! বিলটা পাশেই, জলটলের সুবিধে খুব আছে।

জমি বেচবে ? বলো কি ?' এবারে ওয়াং ব্যাপারটা যেন তলিয়ে বুঝতে পারে। 'তাহ'লে সত্যিতো ওদের অবস্থা বড় খারাপ হ'য়ে পড়েছে। নইলে, জমি যে দেহের রক্ত মাংস।'

ওয়াং ভাবতে লাগল। হঠাৎ ওর মাথায় কি যেন মৎলব খেলে গেল। স্ত্রীর দিকে তাকিয়ে একটু উচ্চস্বরে বলল ; 'দেখ আমি ভেবে ঠিক করেছি, জমিটা আমরা কিনব।' পরস্পরের দিকে তাকিয়ে থাকে ওরা—ওয়াং আনন্দে, ওলান্ বিমূঢ় বিস্ময়ে। 'কিন্তু ঐ জমিটা,—ওটা যে—' অস্পষ্ট ভাবে ওলান্ কি যেন বলতে যায়।

কর্তৃত্বের স্বরে ওয়াং বলে ঃ হ্যাঁ গো হ্যাঁ, বাবুদের বাড়ীর ঐ জমিটাই গো—ওটাই কিনব আমি।'

বিহ্বল ওলান্ জবাব দেয় ; 'বড় দূরে যে জমিটা। ওখানে পৌঁছুতে পৌঁছুতেই তো সাতপহর বেলা হয়ে যাবে।'

'তা হোক। কিনবই ওটা আমি।' ওয়াং-এর কণ্ঠে বিরক্তি ফুটে ওঠে একটু।

ওলান শান্তভাবে জবাব দেয় ; 'তা জমি কিনবে সেতো ভালো কথা। মাটির তলায় টাকা পুঁতে রাখার চাইতে জমি কেনাই ভাল। তা, তোমার কাকার জমিটা কেনোনা কেন ? আমাদের পশ্চিমের মাঠের গা ঘেঁষে তার যে জমিটা রয়েছে, সেটা তো বেচ্‌বার জন্য উনি ব্যস্ত হ'য়ে প'ড়েছেন।'

ওয়াং অসহিষ্ণুভাবে চীৎকার ক'রে ওঠে ; 'ছোঃ, ও বুড়োর জমি কিনবে কোন শালা ! ওতে কি আর মাটি আছে ? কেড়ে খিমছে এই বিশটা বছর জমিটা শুষেছে বুড়ো, এক ফোঁটা সার দিয়েছে কখনও ওতে ? ও জমিতে মাটি নেই, কেবল ছাই ছাই—ও আমি কিনছিনে, ওই জমিদার বাবুদের, ওই হোয়াং-দের জমিই কিনব। আলবৎ কিনব।

'হোয়াংদের জমি' কথাটা এমন অবলীলায় বলল ওয়াং, ঠিক যেমন ক'রে ও বলতে পারত, প্রতিবেশী চিং-এর নাম। ঐ ক্ষয়িষ্ণু জমিদার বাড়ীর নির্বোধ মানুষগুলোর চাইতে আজ যেন ওর স্থান অনেক উঁচুতে। টাকা হাতে নিয়ে ও সোজা গিয়ে বলবে ; 'টাকা নিয়ে এসেছি, বলো তোমাদের জমির দাম।'

সেই মুহূর্তেই ও যেন শুনতে পেল ঐ কথাগুলো ও বলছে খোদ কর্তাকে। আর ম্যানেজারকে বলছে ; 'ঠিক ঠাক দামটা বলে টাকাগুলো গুণে গেঁথে তুলুন মশাই। ওসব হাতে হাতেই চুকিয়ে দেব। বাকীর কারবার নেই আমার কাছে।'

ওর স্ত্রী, যে এই গর্বোদ্ধত পরিবারের রন্ধন-শালার পরিচারিকা ছিল একদিন—সে আজ তারই গৃহলক্ষ্মী। হোয়াং পরিবারের বংশানুক্রমিক শ্রেষ্ঠত্বের মূলে যে মাটি তারই একাংশের অধিকারী হবে ওয়াং।

ওলান্ যেন মুহূর্তে স্বামীর মন বুঝতে পারে। ধীরে বলে ; 'তাই হোক, জমিটা কেনই তাহলে। ধেনো জমিই ভালো, আর বিলটার কাছেই জমি—তেমন জলের কষ্ট হবেনা।'

আবার ওলান্-এর মুখে ফুটে ওঠে সেই মন্থর ম্লান হাসি, যে হাসিখানি তার অনায়ত, নিষ্প্রভ চোখদুটির ভাবহীন নির্বিকারত্বে এতটুকু রেখাপাত করেনি কখনও। বহুক্ষণের স্তব্ধতার পর সে বলেঃ 'গত বছর এমনি দিনে আমি ছিলাম ও বাড়ীর দাসী।'

মহা সম্ভাবনার স্বপ্নে আত্মহারা দম্পতীর মুখে কোনো ভাষা যোগায় না। অন্তরের ভাষায় বাইরের মৌনতা বাঙ্ময়ী হ'য়ে ওঠে।

ওরা এগিয়ে চলে নীরবে।

[ছয়]

নূতন কেনা জমিটা ওয়াং-এর জীবনে পরিবর্তন নিয়ে আসে।

প্রাচীরের ফোকর থেকে টাকা তুলে নিয়ে জমিদার বাড়ী গিয়ে, দামদস্তুর করে জমি কেনে ওয়াং, তারপর কেমন যেন একটা বিমর্ষ ভাব তাকে ঘিরে ধরে।

প্রাচীরের ঐ ফোকরটা এতদিন ভরা ছিল তাদেরই জমান অর্থে, যে অর্থে প্রয়োজনের তাগিদ ছিলনা এতদিন। গর্তটা আজ শূন্য হয়ে গেল। অর্থগুলো আবার ফিরে আসুক, আবার গর্ত ভ'রে উঠুক ওয়াং-এর সমস্ত মন কেঁদে ওঠে এই কামনায়। জমিটার পেছনেত' আবার কত পরিশ্রমের দরকার হবে। ঠিকই বলেছিল ওলান্, বড় দূর, সত্যি! তারপর এই জমি কেনার ব্যাপারটা যেমন জমকালো হবে ভেবেছিল, তাই বা কই হ'ল? ও একটু বেশী তাড়াতাড়ি এসে প'ড়েছিল জমিদার বাড়ীর দোরে। অবশ্যি তখন দুপুর গড়িয়ে প'ড়েছিল অপরাহ্নে। কিন্তু কর্তার ঘুম ভাঙ্গেনি তখনও। ওয়াং একটু হেঁকে ব'লল দরোয়ানকেঃ 'হুজুরকে বল, আমি একটু বিশেষ কাজে এসেছি—টাকা-কড়ির ব্যাপার।' দরোয়ান জবাব দিলঃ 'ওরে বাবা! বাঘের গোঁফে হাত দেওয়া! কর্তা তাঁর সদ্য আমদানী উপ-পত্নীকে নিয়ে শয্যায় সুখ সুপ্ত। এখন তাকে জাগাব আমি? নিজের জানটাকে খরচের খাতায় আগে লিখে নিতে হবে তবে। অত বেহিসেবী আমি নই।' তারপর খানিকটা অবজ্ঞা মেশান স্বরে—কতকটা আপনমনেই বলে গেলঃ 'টাকার লোভে জাগবে ঐ মানুষ! —এই এতটুকু বয়স থেকে টাকা নিয়ে ছিনিমিনি খেলে যার হাতে কড়া পড়ে গেল! হুঃ। টাকা এদের কাছে খোলামকুচির সামিল হে।'

শেষটায় ম্যানেজারের সাথেই কথাবার্তা কইতে হয়। লোকটা পাকা ঘুঘু। নাদুস নুদুস তেল চকচকে নধর দেহ। হাতদুটোতে যেন আঠা লাগান। প্রত্যেকটি লেনদেনের কারবারে ওর হাতে কিছুনা কিছু আটকে থাকবেই। ওয়াং-এর তাই

মনে হয়—জমির চাইতে টাকারই বাস্তব-মূল্য বেশী। টাকা গুলো কেমন চোখের সামনে ঝলমল করে। কিন্তু এই জমিটা তো আজ থেকে ওর-সম্পূর্ণ ওরই। এর ওপর ওর পুরো স্বত্ব।

একটা ভালো দিন দেখে জমিটা দেখতে বেরিয়ে পড়ে ওয়াং একাই।

কালো মাটির জমি, বিলের ধার ঘেঁষে আপনাকে বিস্তার ক'রে দিয়েছে। ওর এই নূতন অর্জিত সম্পদের কথা এখনও জানেনা কেউ। পা পা ক'রে মেপে দেখল কতটা হবে। জমিদারের নাম বুকে নিয়ে চারকোণে চারটি পাথরের স্তম্ভ দাঁড়িয়ে আছে সীমা-নির্দেশ ক'রে। এগুলোত বদলাতে হবে নিজের নাম লিখে দিতে হবে ওখানে। কিন্তু এখনই না, আরও ক'দিন পরে। বাবুদের জমি কেনার দুঃসাহস হবার মত ওর যে টাকার বাড় হয়েছে, তা এখনও জানান চলেনা কাউকে। অবশ্যি টাকা পয়সা আরো বাড়লে তখন ও তোয়াক্কাই রাখবে না কারো। জমিটার দিকে তাকিয়ে তাকিয়ে ও ভাবে: 'জমিদারের কাছে এ জমি একমুঠো মাটি মাত্র—কিন্তু আমার কাছে এ যে অমূল্য!'

হঠাৎ ওর নিজের ওপর রাগ হয়। ঐ তো টুকরো মাটি—তার জন্য ওয়াং সব বিকিয়ে দিয়ে এল! সারা বছরের মাথার ঘাম পায়ে ফেলে জমানো অতগুলো টাকা ও একটি একটি করে গুণে দিয়ে এল। গুণে দেবার সময় যেন একটু গর্বও মনে এসেছিল। আর ম্যানেজার ব্যাটা বললে কিনা: 'কর্ত্রীর কদিনের আফিং-এর খরচা মাত্র হবে ওতে!'

ওর আর ওই বাবুদের বাড়ীর মাঝখানের ব্যবধানটা আজ যেন বিস্তৃতি পেয়ে দুস্তর হয়ে উঠেছে—সামনের ঐ জল-ভরা খাতটার মত; যুগ-যুগান্তের ধূসরতা গায়ে মেখে দাঁড়িয়ে আছে ঐ যে প্রাচীর, তারই মত দুর্লঙ্ঘ্য। ওর মনে এসে জমতে থাকে একটা ক্রোধ। পণ ক'রে বসে হঠাৎ: 'বার বার মাটির তলার শূন্য গর্তটা ভরে তুলব টাকায়,—জমি কিনব আরও জমি কিনব। আমার জমির সীমা ছাড়িয়ে যাবে ঐ দূরে, ঐ সুদূরে।'

এই ক্ষুদ্রায়তন জমিটুকুতেই ওয়াং-এর জীবনের অনাগত কালের ইতিহাসের সূচনা হ'ল।

বসন্ত এ'ল। বাতাস হল উদ্বেল। আকাশে উড়ল জল-ভরা মেঘের ছিন্ন টুকরো। শীতের কর্মহীন অলসতা, বসন্তের ফসল ফলানোর বেহিসেবী ব্যস্ততার তলায় হারিয়ে গেল। বুড়ো বসে বসে ছেলে আগলায়, আর ওয়াং ওলান্ উদয়াস্ত মাঠে কাজ করে।

এর মধ্যে আবার ভাবী জীবনের সূচনা ওলান্-এর শরীরে ফুটে ওঠে। ওয়াং চেয়ে চেয়ে দেখে, কেমন বিরক্তি এসে যায় তার। ফসল কাটার সময়েই ফী বছর মানুষটা অকর্মণ্য হয়ে পড়বে! ক্লান্তিতে বিরক্তিতে ধৈর্য হারিয়ে ওয়াং চীৎকার করে ওঠে: 'বিয়োবার আর সময় পেলেনা। যত—'

ওলান্ একটুও ব্যস্ত হয় না, ধীরে জবাব দেয়: 'এবারে আর কি, প্রথমবারেই যা একটু কষ্ট।'

আর কোনও কথাই হ'ল না এ ছাড়া।

ধীরে ধীরে ওলান্-এর জঠর স্ফীত হ'তে থাকে, তারপর এক শরতের ভোরে সে কাঁধ থেকে কোদাল নামিয়ে শোবার ঘরে গিয়ে ঢোকে। ওয়াং সেদিন ঘরে ফেরে না, দুপুর বেলা খেতেও না। আকাশে সেদিন মেঘের ঘনঘটা। ধান একেবারে পেকে গেছে সব, আজ না কাটলে সর্বনাশ হয়ে যাবে।

সূর্য ডুববার আগেই ওলান্ ফিরে এসে স্বামীর পাশে দাঁড়ায়; দেহের স্ফীতি একেবারে মিলিয়ে গেছে। মুখে নিবিড় নীরবতা। ওয়াং বলতে চাইল: 'আজ অনেক কষ্ট গেছে তোমার, এখন একটু শোও গিয়ে।' কিন্তু আপন শ্রমখিন্ন দেহের যাতনা ওকে কঠোর ক'রে তোলে। মনে মনে হিসেব করে সে: কষ্ট হয়েছে দুজনেরই সমান। প্রসবে ওলান্-এর যা হয়েছে, ক্ষেতের কাজে ওর নিজের কিছু কম হয়নি।… আর কিছু না ব'লে ধান কাটার ফাঁকে একবার শুধু সে জিজ্ঞাসা করে: 'ছেলে হ'য়েছে না মেয়ে?'

'ছেলে।'

আর কোনও কথা নেই। প্রসন্ন ওয়াং-এর অনবরতঃ ঝুঁকে থাকার ক্লান্তি মোলায়েম হ'য়ে আসে। সন্ধ্যা হয়। একরাশ রক্তিম মেঘের কোণে চাঁদ ওঠে। কাজ সমাপন ক'রে ওরা ঘরের পথে ফেরে।

স্নান খাওয়ার পর একবাটি চা খেয়ে ওয়াং ছেলে দেখতে এল। ওলান্ রান্না সেরে শুয়েছিল, পাশে শুয়ে সদ্যজাত শিশু বেশ হৃষ্ট পুষ্ট শান্ত। কিন্তু বড় খোকার মত অতটা বড় সড় হয় নি যেন। ছেলে ছেলে, একটি, আর একটি প্রতিবছর একটি। প্রতিবারই তা' বলে লাল ডিম বিলোন যায় না কিছু। প্রথম বারই দিয়েছে সেই যথেষ্ট। ওর ঘরে লক্ষ্মী প্রসন্ন দক্ষিণ হাত বাড়িয়ে দিয়েছেন। ওলান্-এর পয় আছে—দুই হাতে শ্রী আর সম্পদ নিয়ে এল এই রূপহীনা নারী। বাবাকে ডেকে বলে ওয়াং: 'বাবা নাতির হিসেব যে তোমার বেড়ে গেল। এবার বড় নাতিকে তোমার কাছে শোয়াতে হচ্ছে।'

বৃদ্ধ তো এই একান্ত করে চেয়ে এসেছে এতদিন! ওই তো ওর সুখ। কত সুদীর্ঘ দিনের প্রতীক্ষা ওর—নাতি হবে, তাকে পাশে নিয়ে বুকে জড়িয়ে শুয়ে থাকবে। কচি নরম মাংসের উত্তাপে উষ্ণ হয়ে উঠবে ওর স্থবির হিমদেহ। কিন্তু দুষ্টু ছেলেটা মাকে ছাড়তে রাজী হয়নি কিছুতে এতদিন। আজ সে নরম ক্ষুদ্র পা দু'খানিতে ভর ক'রে মার পাশে তার রাজ্য দখলকারীকে দেখল, গম্ভীর দৃষ্টিতে দেখে সে যেন বুঝে নিল সে স্থানচ্যুত। বিনা প্রতিবাদে আজ সে গিয়ে দাদুর পাশে শুয়ে পড়ল।

এবছরও ফসল হ'য়েছে খুব। টাকাও হ'ল, প্রাচীরের গায়ের সেই গর্তটির শূন্যতা আবার ভরে উঠল। জমিদার বাড়ীর জমিটায় দ্বিগুন ধান হয়েছে। উর্বর রসাল মাটি এ জমিটার। আগাছার মত অবাঞ্ছিত প্রাচুর্যে হ'য়েছে ধান।

এবারে সবাই জানল জমিটা ওয়াং-এর। তাকে গ্রামের মোড়ল করবার কথাবার্তা শোনা যেতে লাগল।

[সাত]

কাকা সম্বন্ধে ওয়াং যে ভয় করেছিল প্রথম থেকে তাই সত্য হ'ল। এ লোকটার ধারণা তার নিজের ঘরে অভাব হ'লে আত্মীয়তার ন্যায়সঙ্গত দাবী নিয়ে ভ্রাতুষ্পুত্রের ঘাড়ে চাপা চলে। ওয়াং-এর সংসারে যতদিন স্বচ্ছলতা ছিল না ততদিন এ লোকটাও যাই হোক ক'রে ক্ষেত থেকে খুঁটে পিটে সাত ছেলে মেয়ে, তাদের মা আর নিজের এই গুষ্ঠির পিন্ডির জোগাড় করে নিয়েছে। পেট ভরলেই অবশ্য পরম নিশ্চিন্ততায় হাত গুটিয়ে বসেছে। ওয়াং-এর খুড়ী নড়ে চড়ে বসে না, বাড়ীখানায় ঝাঁট পড়ে না সাতজন্মে। ছেলেমেয়েগুলোও তেমনি, খেয়ে মুখ ধোবার কষ্ট টুকুও ওরা করে না। মেয়েরা বিয়ের যুগ্যি হয়ে উঠেছে কিন্তু ধিঙ্গীর মত মাথাটায় কাকের বাসা ক'রে তারা এখনও রাস্তায় ছুটোছুটি ক'রে, ড্যাং ড্যাং ক'রে নির্লজ্জের মত পুরুষের সাথে ঢলাঢলি করে। ওয়াং একদিন তার কাকার বড় মেয়েটাকে ঐ অবস্থায় রাস্তায় দেখে ফেলল। ওর মাথাটা হেঁট হয়ে গেল সেদিন অপমানে। রেগে আগুন হয়ে খুড়ীর কাছে গিয়ে তাকে কড়া কড়া কথা শুনিয়ে দিলঃ 'এমনি ক'রে যার তার সাথে ঢলাঢলি ক'রলে কোনো ব্যাটা ও-মেয়েকে বিয়ে করবে না। বুড় ধাড়ী মেয়ে বিয়ের বয়েস হয়েছে কবে, এখনও ভাবেন যেন কচি খুকীটি। সারাদিন রাস্তায় রাস্তায় নেচে বেড়াচ্ছেন ড্যাং ড্যাং ক'রে। আজ স্বচক্ষে দেখলাম। গাঁয়েরই একটা পাজী বদমাস ছোঁড়া ওর হাত ধরে টানছে, আর বেহায়া মেয়ে দাঁত বের করে হাসছেন। ছি ছি, কি লজ্জা!'

ওয়াং-এর খুড়ীর অচল দেহের একটি অঙ্গ কেবল সক্রিয় ছিল, সেটি তার রসনা। ওয়াং-এর কথা শুনে এই ক্ষুদে অঙ্গটি গা ঝাড়া দিয়ে পুরো মাত্রায় সচল হ'য়ে হ'য়ে উঠলঃ 'ও! জমিদারের জমিদারী কিনে জমিদার হ'য়ে বসেছেন আর কি! ওই যাকে বলে আঙ্গুল ফুলে কলা গাছ। অত গুমর ভালো নয়! বিষ নেই তার কুলোপানা চক্কর! আমাদের ওপর দৃষ্টি ঘোরাতে এসেছেন। বিয়ে বিয়ে বললেই হুট্ করে বিয়ে হয়ে যায়রে চোখখেগো! দেখতে পাস না চোখে! বলে, খেতে গেলে পরতে কুলোয় না তার বিয়ে! পণের কড়ি, ঘটক বিদায় এসব আসে কোত্থেকে! আমাদের ঐ গতরখেকো মিনসের কপাল নয়তো যেন বালির চড়া! কোন পাপ করেছিলাম গো আর জন্মে কে জানে, কোন পাপে অমন পোড়া ভাগ্য! সব ওপর-ওলার ইচ্ছে! নইলে কারো মাঠে সোনা ফলে আর মিনসে হাত দিলেই যেন মাঠ পুড়ে ছাই হয়ে যায়। সব এক চোখো। অদৃষ্ট! অদৃষ্ট!' কোঁদল অবশেষে বিলাপে গিয়ে দাঁড়ায়। চুল ছিড়ে, অজস্র চীৎকার ক'রে বিনিয়ে বিনিয়ে সে বলে গেল তাদের দুর্ভাগ্যের কাহিনী। অন্যদের ক্ষেতে কেমন সুন্দর পাকা সোনা রং-এর ধান গম, আর ওদের ক্ষেতে সেই একই বীজ থেকে জন্মায় যত রাজ্যের আগাছা। সকলের বাড়ীগুলো

যুগ যুগ নির্লজ্জের মত দাঁড়িয়ে থাকে বুড়ো হাড় নিয়েও, আর ভূমিকম্প হবি তো হ' ওদের বাড়ীর মাটিতেই ঠিক মাপসই! তাইতো ওদের বাড়ী নড়্‌বড়ে হয়ে পড়েছে। আর সব পোড়ারমুখীরা কেমন বছর বছর ছেলে বিয়োয়। ওর নিজের পেটেই কি ছেলে আসে না! এলে কি হবে—ভূঁয়ে পড়বার সময় পড়বে ঠিক আটকুড়ীর বেটী আটকুড়ী মেয়ে। এমনি পোড়া কপাল!

বিলাপ শুনে পাড়ার লোক দৌড়ে আসে। ওয়াং শক্ত হয়ে দাঁড়িয়ে থাকে, যা বলতে এসেছে শেষ ক'রে তবে যাবে। মরীয়া হয়ে ও বলে: 'অবশ্য কাকা গুরুজন, তাকে আমার উপদেশ দেওয়া সাজে না, তবে বলি, মুখে চুণ কালি পড়ার আগেই বিয়েটা দিয়ে ফেলা ভাল।'

সোজাসুজি কথাকটা বলে ফেলে ও বাড়ী চলে এল। ওয়াং ভেবেছিল এবারও হোয়াংদের কাছ থেকে কিছুটা জমি কিনবে, এবং সাধ্যমত প্রতিবছরই কিছুটা কিনবে। বাড়ীতে আর একটা ঘর তোলার স্বপ্নও ছিল মনে মনে। মনশ্চক্ষে ও দেখছিল ও আর ওর বংশধরেরা এমনি করে শ্রীর দাক্ষিণ্যে কৃষকের খোলস ছেড়ে অদূরে অনাগত কালে বর্ধিষ্ণু জমিদারের পর্য্যায়ে উন্নীত হয়েছে। কিন্তু ওই কাকার ছেলেগুলো—একই রক্ত বইছে ওদের ধমনীতে, ওরা অমন ছন্নছাড়া হা-ভাতের মত ঘুরে বেড়ায়। ভয়ানক রাগ হ'ল আজ ওয়াং-এর।

পরদিন। মাঠে যথারীতি কাজ করছিল ওয়াং। কদিন হ'ল ওলান্ মাঠে আস্‌ছে না। মেজখোকা হবার পর প্রায় দশমাস গেছে এরই মধ্যে সে আবার আসন্ন প্রসবা। শরীরটাও এবারে ওর তেমন ভালো নেই। কাজেই ওয়াং একাই ছিল।

এমন সময় ওর কাকার আবির্ভাব। ঢিলে ঢালা বিপর্য্যস্ত কাপড়-জামা। বোতাম নেই একটাও। কোনো মতে কোমর বন্ধের শ্লথ বন্ধনে বন্দী হয়ে আছে—একটু বাতাস এলেই বুঝি খুলে পড়বে। ওয়াং-এর কাছে এসে চুপ করে দাঁড়িয়ে থাকে বৃদ্ধ। ওয়াং হাত না থামিয়ে, মাথা না তুলেই একটু শ্লেষের সুরে বলে: 'হাতটা থামাতে পারছি না কাকা, কিছু মনে করো না। ফুল ধরেছে, এই ফলবে, তার আগেই বীন্‌গুলোর গোড়া একটু খুঁচিয়ে দিতে হবে। তোমার নিশ্চয় সারা হয়ে গেছে। আমি একটি কুঁড়ের বাদশা, কোন কাজ আমায় দিয়ে যদি ঠিক সময়ে হয় কোনোদিন—'

বৃদ্ধ ওয়াং-এর বিদ্রূপ বুঝতে পারে। কিন্তু চেপে গিয়ে মোলায়েম সুরে জবাব দেয়: 'আমার পোড়া অদৃষ্টের কথা আর বলিস কেন বাপ। কতগুলো বীন্-এর বীজ পুঁতেছিলাম, হ'ল মাত্র একটা। তারও হাল এমনি, যে গোড়া টোড়া খুঁড়ে আর কিছু হবে না। বীন্ এবাব কিনেই খেতে হবে।' বলে একটা দীর্ঘশ্বাস ফেলল বৃদ্ধ।

ওয়াং নিজেকে কঠিন ক'রে নিল। ও বেশ বুঝেছে কিছু চাওয়াই হচ্ছে এ লোকটার শুভাগমনের উদ্দেশ্য। অত্যন্ত সহজ ভাবে তৈরি জমিটার ক্ষুদ্রতম মাটির ঢেলাগুলো ও নিবিষ্ট মনে গুঁড়ো ক'রে চলল। বীনের চারাগুলো বেশ সবল ঋজু হ'য়ে উঠেছে। পায়ের কাছে তাদের ছায়ার ছোট ছোট রেখা পড়েছে।

কাকা আবার বলে ঃ 'তোর খুড়ী বলছিল বড় মেয়েটার বিয়ের জন্য নাকি তুই ভারী ব্যস্ত হয়ে উঠেছিস। তা হবারই কথা। যা বলেছিস সত্যি সবই। বয়েস কম হলে কি হবে, বাপ খুড়োর চাইতে তোর বুদ্ধি বেশী। মেয়েটার বিয়ের বয়েস হ'ল বৈকি। বিয়ে হ'লে এতদিন ক'ছেলের মা হ'য়ে বসতো। ও আমার গলার কাঁটা হয়ে আছে। ভয়ে ভয়ে থাকি, কখন কোন কুকুরের পো মেয়েটাকে নষ্ট করে দেয়। তাহলে কি আর গাঁয়ে মুখ দেখাতে পারব। আর আমাদের মান গেলে তোদেরও তো অপমান! তা তুই ব্যস্ত হবি বৈকি।'

ওয়াং শক্ত ক'রে কোদালটা মাটিতে বসায়। ওর সাফ সাফ বলে দিতে ইচ্ছে করে ঃ 'মেয়েকে একটু শাসন করলে আর বাড়ীতে রেখে একটু কাজ-কর্ম রান্না, সেলাই ফোঁড়াই শেখালেই তো আর এসব হয় না।' কিন্তু হাজার হোক কাকা গুরুজন, তার মুখের ওপর এসব কথা বলা যায় না। অগত্য চুপ ক'রে ও একটা গাছের গোঁড়া খোঁচাতে থাকে। কাকা প্রায় কান্নার সুরে বলে ঃ

'আমার কপাল সব রকমে ভাঙ্গা। তোর খুড়ীবেটি যদি তোর মার মত হ'ত তা হলে কি আর আমার ভাবনা ছিল! তোর মা ছিল লক্ষ্মী—যেমন ছিল কাজের হাত, তেমন বছরে বছরে বিয়োত ছেলে। আর এ মাগী দিন দিন মুটিয়ে হাতি হচ্ছে আর পালে পালে জম্মাচ্ছে কতগুলো বাঁদর। শত্তুরের মুখে ছাই দিয়ে একটা মাত্র ছেলে ব্যাটা নবাব পুত্তুর, কুটোটি ভেঙ্গে দুখান করবে না। নইলে আমার কি আর এ হাল থাকতো! আমার ঘরেও তোর মত লক্ষ্মী বাঁধা থাকতো। তখন কি আর তোদের না দিয়ে খেতাম। তোর মেয়েদের বিয়ে, ছেলেগুলোকে মানুষ টানুষ ক'রে আমিই দিতাম! ওসবের জন্য না তোকে মাথা ঘামাতে হ'তো, না তোর গাঁটের কড়ি খসাতে হ'ত।'

ওয়াং কাটা জবাবব দিল ঃ 'তুমি জান কাকা, আমি বড়লোক নই। পাঁচ পাঁচটা পেট আমায় পুষতে হয়। বাবা বুড়ো তাকে দিয়ে কোনো কাজ হয় না। তাই ব'লে খাওয়া তো আর বাদ যায় না। তারপর আর একটাও জুটেল ব'লে।'

'বড়লোক নই! নই বললেই হ'ল! মুঠো মুঠো টাকা দিয়ে বাবুদের জমিদারী তো দিব্যি কেনা হ'চ্ছে—তার বেলা তো পয়সার কমতি দেখি না।'—চেঁচিয়ে ওঠে বৃদ্ধ।

ওয়াং-এর আর সহ্য হয় না। কোদালটা দেয় ছুঁড়ে ফেলে। কাকার মুখোমুখি দাঁড়িয়ে চীৎকার ক'রে জবাব দেয় ঃ 'আমার যদি দুটো পয়সা হ'য়ে থাকে, অন্যের তাতে চোখ টাটায় কেন, কারো ঘরে কিছু আর সিঁদ কাটতে যাইনি। পয়সা করেছি রীতিমত গতর খাটিয়ে ; আমি, খাটি, আমার বৌ খাটে। ওদিকে কাউকে তো দেখি ছেলে-বৌ-এর পেটে নেই ভাত, পরনে নেংটি, ক্ষেতে জমছে জঙ্গল—আর তিনি জুয়োর টেবিলে উবু হয়ে বসে আছেন। কেউ বা বাসি ঘরের দুয়োরে বসে পরের মুখের ঝাল খাচ্ছেন। আমরা খেটে-খাওয়া মানুষ, ওসব আমিরী আমাদের পোষায় না।'

কাকার বাদামী মুখ লাল হ'য়ে ওঠে, ছুটে এসে কষে মারে ওয়াং-এর মুখে দুই চড়, 'পাজী বেল্লীক, গুরুজনের মুখে মুখে কথা! গোল্লায় গেছো। দুটো পয়সা হয়েছে বলে দেমাকে মাটিতে পা পড়ে না।'

ওয়াং নিজের অপরাধের গুরুত্ব বুঝতে পেরে গুম হয়ে দাঁড়িয়ে থেকে কাকা জাতীয় এই জীবটির মুন্ডপাত করতে থাকে মনে মনে। 'দাঁড়া, বের করে দিচ্ছি তোর সব কীর্তি,' কাকা বলে : 'কাল—কাল বাড়ী বয়ে যা না তাই বলে এসেছিস। রাস্তায় দাঁড়িয়ে পাড়া মাথায় করে চেঁচিয়েছিস্—আমার মেয়ে নষ্ট। মেয়ে আমার নষ্ট হোক আর যাই হোক্, গুরুজনের মুখের ওপর অমন কথা বলার সাহস তার হ'ত না কখনও।' ভাঙ্গা গলায় চীৎকার ক'রে গাঁয়ে তার সব গুণ জাহির ক'রে দেবে বলে বার বার ওয়াংকে শাসাতে থাকে।

ওয়াং অবশেষে উপায়ন্তর না দেখে বলে ফেলে ; 'আমার কি করতে হবে এখন ?' ওর অহমিকায় একটু ঘা লেগেছে—পাছে গাঁয়ের লোকে সত্যি জানতে পারে যে ওয়াং গুরুজনকে মান্যি মাননা করে না।

কাকা যেন যাদুমন্ত্রে এক লহমায় একেবারে জল হয়ে গেল। মুখে হাসি টেনে ওয়াং-এর কাঁধে হাত রেখে বলল : 'আহা-হা তোকে কি আর এ বুড়ো চেনে না রে বাপ ! সোনার চাঁদ ছেলে আমার তুই। তা দেখ্ বাপ্ কিছু টাকা, এই ধর গোটা দশেক ডলার, কিছু কম হ'লেও চলবে অবশ্য। তা'হলেই বড়টার একটা ব্যবস্থা করতে পারি। ঠিকই বলেছিস, মেয়েটা ধাড়ী হ'য়ে উঠেছে, বিয়েটা না দিলে আর চলে না।' বলে দীর্ঘশ্বাস ছেড়ে মাথা নেড়ে ভক্তিগদগদ দৃষ্টিতে আকাশের দিকে তাকায়। ওয়াং কোদালটা তুলে নিয়ে আছড়ে ফেলে দেয় অসহায় ক্রোধে।

'চলো বাড়ী', প্রচন্ড উষ্মার সাথে বলে ওয়াং : 'টাকার থলি বয়ে তো আর বেড়াই না।' তারপর বড় বড় পা ফেলে আগে আগে চলে। মনের তিক্ততা তীব্র অসহনীয় হ'য়ে ওঠে। ওর শ্রমার্জিত অতগুলো টাকা, জমি কিনবে বলে রেখেছিল সঞ্চয় করে—আজ ওকে তুলে দিতে হবে এই জুয়াড়ীর হাতে। সন্ধ্যার আগেই হয়ত ওই আঙ্গুলের ফাঁক দিয়ে গলে টাকাগুলো জুয়োর টেবিলে পড়বে।

উঠানের রোদে ওয়াং-এর ছেলে দুটি খেলা করছিল। ধাক্কা দিয়ে তাদের সরিয়ে ওয়াং দুম্দাম্ করে বাড়ী ঢুকল। ওর কাকা সহজ ভাল মানুষটির মত—যেন কিছুই হয়নি—তার শতচ্ছিন্ন মলিন বস্ত্রের গোপন গুহা থেকে দুটি পেনি বের ক'রে ছেলে দুটির হাতে দিয়ে তাদের কোলে তুলে নিল। সুপুষ্ট, মসৃণ, কচিদেহগুলি বুকে চেপে ধরে আদর ক'রে ঘাড়ের কচি মাংসের কোমল ভাঁজে নাক ডুবিয়ে প্রাণ ভরে ঘ্রাণ গ্রহণ করল।

ওয়াং সোজা গিয়ে শোবার ঘরে ঢোকে। বাইরের রোদ থেকে আসার জন্য অন্ধকার ঘর আরও বেশী অন্ধকার লাগে। ছোট একটা ফাঁক দিয়ে সরু এক ফালি আলো আসছে—তা ছাড়া কিছুই চোখে পড়ে না আর। সারা ঘর জুড়ে একটা গন্ধ, অতি পরিচিত গন্ধ—গরম, কাঁচা রক্তের।

'তোমার আর সময় অসময় নেই' স্বরে ঝাঁঝ মিশিয়ে ওয়াং বলে। অতি ক্ষীণ স্বরে বিছানা থেকে ওলান্ জবাব দেয়। ওয়াং চমকে ওঠে। ওলান্-এর স্বরে এত ক্ষীনতার সাথে তো ওর পরিচয় নেই।

'একটা মেয়ে হ'ল।'

ওয়াং স্তব্ধ হয়ে দাঁড়িয়ে পড়ে। একটা অশুভের আকস্মিক অনুভূতি ওকে যেন হঠাৎ চাবুক মারে। মেয়ে! এই মেয়ে নিয়েই কাকার বাড়ীতে অত দুর্গতি। এখন ওর ঘরেও মেয়ে!

কোনো কথা না বলে দেওয়ালের কাছে সরে এসে হাতড়ে হাতড়ে এবড়ো থেবড়ো জায়গাটা খুঁজে নিল ওয়াং। তারপর মাটির তালটা সরিয়ে হাত দিয়ে টাকাগুলো আঁচ ক'রে নটা ডলার গুনে নিল।

'টাকা বের করছ কেন ওখান থেকে! ওলান-এর তীক্ষ্ন স্বর যেন তীরের ফলার মত অন্ধকার ভেদ ক'রে ওয়াং-এর মর্মে গিয়ে বেঁধে।

'কাকাকে ধার দিতে হবে।'

প্রথমটা কিছু বলল না ওলান্। তারপর ওর স্বাভাবিত নির্বিকার স্বরে গাম্ভীর্যের সাথে বলল : 'ধার না হাতী। ধার ব'লো না, বলো—দিচ্ছ।'

'তা আমি জানি ভাল করেই'—ওয়াং তিক্তভাবে জবাব দেয় : 'এতো টাকা দেওয়া নয়,—ছুরি দিযে নিজের গা থেকে মাংস কেটে দেওয়া। নেহাৎ আপনার লোক, এক রক্তের, তাই—নইলে বয়ে গেছে দিতে।'

বাইরে এসে ডলার ক'টা কাকার দিকে ছুঁড়ে দিয়ে হন্ হন্ ক'রে ওয়াং সোজা চলে গেল মাঠে। একটা প্রবল হিংস্রতা নিয়ে যেন সে কাজে ডুব দিল। মাটি আজ ও টেনে উপড়ে ফেলবে মূলের বন্ধন হতে। খানিকক্ষণ ভাবল খালি টাকার কথা। যেন চোখের সামনে দেখতে পেল—ডলারগুলো জলধারার মত অবলীলায় ঝর্ ঝর্ ক'রে জুয়োর টেবিলে পড়ছে। একটা নিষ্কর্মা হাত কুড়িয়ে তুলে নিল সব। ওরই টাকা, ওরই প্রাণপাত শ্রমের মূল্যে জমান টাকা। ঐ টাকাইত' ফিরে আবার আসত মাটিরই রূপে।

জ্বলে জ্বলে অন্তরের দাহ যখন নিঃশেষে নিবে গেল, তখন প্রায় সন্ধ্যে হ'য়ে এসেছে? এইবার পিঠটা একটু সোজা ক'রে ওয়াং দাঁড়ায়, মনে পড়ে তার ঘরের কথা—মনে পড়ল খিদে পেয়েছে।

বাড়ীতে নূতন ভাগীদার জুটল আর একজন মেয়ে মনটা ভারী হয়ে ওঠে। ওর ঘরেও আমদানী হ'ল মেয়ে—যে মেয়ে বাপের নয়, মায়েরও নয়; তাকে খাইয়ে পরিয়ে বাপ মা বড় করবে শুধু অন্যকে বিলিয়ে দেবার জন্য। কাকার ওপর রাগ ক'রে নবাগত শিশুর ছোট কচি মুখখানাও একবার দেখে আসতে ভুলে গেছে।

কোদালের ওপর ভর দিয়ে দাঁড়িয়ে ভাবতে ভাবতে কেমন একটা বিষাদের সাগরে ডুবে-গেল ওয়াং। ঐ জমির পাশের জমিটা কিনতে এখন আরও এক বছর ঘুরে যাবে। সেই আবার শস্য উঠলে পর। খাবার লোকও আবার একটা বাড়লো।

সন্ধ্যার ধূসর আকাশ বেয়ে এক ঝাঁক নিকষ কালো কাক ওয়াং-এর মাথার ওপর ঘুরে ঘুরে কর্কশ ভাবে ডাকতে ডাকতে উড়ে গেল। ওয়াং তাকিয়ে তাকিয়ে দেখল। খন্ড খন্ড কালো মেঘের মত কতগুলো কাক ওদের বাড়ীর পেছনকার গাছের সারির আড়ালে অদৃশ্য হ'য়ে গেল। কোদাল নিয়ে ওয়াং তাড়া করল। ওরা আবার দৃশ্যমান হ'য়ে ধীরে ধীরে বৃত্তকারে ওয়াং-এর মাথার ওপর ঘুরে ঘুরে যেন ওকে ব্যঙ্গ

ক’রতে লাগল। তারপর ঘনায়মান অন্ধকার আকাশের প্রান্তে মিলিয়ে গেল ওগুলো।
অলক্ষণ।
ওয়াঁং-এর ভেতর হ’তে একটা ব্যাথাহত করুণ আর্তনাদ বেরিয়ে এল।

[আট]

সারা বর্ষা এক ফোঁটাও বৃষ্টি হ’ল না। আকাশের বুকে নিত্য উপচীয়মান জ্বালা, নীচের ওই বিদীর্ণ-বক্ষ ধরিত্রীর মূক যাচঞাকে যেন ব্যঙ্গ করে চলেছে। প্রভাতী আকাশের মেঘের ছবি সোনার লেখায় আর বিচিত্র হ’য়ে ওঠে না। রাতের আকাশে হেম নক্ষত্রের নিষ্ঠুর সৌন্দর্য, সেই স্নিগ্ধ দ্যুতি নাই।

ওয়াং-এর চষা ক্ষেতগুলো শুকিয়ে ফেটে চৌচির হ’য়ে গেল। বসন্ত-বাতাসের ছোঁয়ায় তরুণ গমের অঙ্কুর সাহস করে মাথা তুলেছিল—ভাবী কালের স্বপ্নও বুকে বাসা বেঁধেছিল; কিন্তু না পেল আকাশের দাক্ষিণ্য, না পেল মাটির রস। মাথা তুলতে আর পারল না তারা। নিস্পন্দ হ’য়ে সূর্যের অবারিত জ্বালার নীচে দাঁড়িয়ে দাঁড়িয়ে ধীরে ধীরে পান্ডুর হ’য়ে ঢ’লে পড়ল নিষ্ফল তৃণত্বে। মাটির পটভূমির ধূসরত্বে কচি ধানের শ্যামলেখা জেগেছিল। গমের আশা যখন পুড়ে ছাই হ’য়ে গেল, ওয়াং বাঁশের বাঁকের মাথায় দুটো কাঠের বালতি বেঁধে ভারে ভারে জল এনে ধানক্ষেতে ঢেলেছে। ওর কাঁধে মাংসের মধ্যে গর্ত হয়ে গেছে, বাটির মত মস্ত একটা কড়াও পড়েছে। কিন্তু সে-জল রাক্ষুসী মাটি যেন তার যুগসঞ্চিত তৃষায় শতমুখে শুষে নিয়েছে।

পুকুরের জল শুকিয়ে তলার মাটি ফেটে গেল। কুয়োর জলও এত নীচে চ’লে গেল যে ওলান্ ভয়ে স্বামীকে বলল: ‘শুকোতে দাও তোমার ক্ষেত, নইলে ছেলেপুলে আর বাবা গলা শুকিয়ে মরে যাবে যে—’!

ওয়াং রেগে উঠল: ‘কিন্তু গাছে জল না পড়লে পেট শুকিয়ে মরবে—’ ওর রাগটা ভেঙ্গে পড়ল একটা বুক-ভাঙ্গা ফোঁপান কান্নায়।

মাটির সাথেই ওদের জীবন মরণ বাঁধা। কেবল খালের ধারের জমিটায় কিছু ফসল হল। কারণও ছিল। যখন গরম চলে যাবার পরও বৃষ্টি হ’ল না, তখন আর সব ফেলে, সারাদিন ধ’রে জল তুলে এই লোভী মাটির বুকে ঢেলেছিল ওয়াং। জীবনে এই প্রথম, এবছর ফসল কাটা হ’তেই ওয়াং বেচে ফেলল। রূপোর ঝকঝকে ডলারগুলো হাতে আসতেই শক্ত করে মুঠোর মধ্যে ধরল একটা প্রবল অবজ্ঞায়। হোক দেবতারা বিরোধী, হোক অনাবৃষ্টি, ওয়াং সংকল্পচ্যুত হবে না কিছুতেই। এই কটা ডলারের জন্য ও শরীর পাত ক’রেছে খেটে খেটে। যা খুশি ওর, তা ও এ দিয়ে করবে। ওখান থেকে সোজা জমিদার বাড়ী গিয়ে ম্যানেজারকে বলল বিনা ভূমিকায়:

'খাতের ধারে আমার জমির পাশেই আপনাদের যে জমিটা আছে সেটা আমি কিনতে চাই, টাকা হাতে ক'রেই এসেছি।'

এদিক সেদিক থেকে ওয়াং শুনেছিল—হোয়াং পরিবারের অবস্থা অত্যন্ত শোচনীয় হ'য়ে পড়েছে। ভেসে আছে এখনও কোনমতে। বহুদিন থেকেই কর্ত্রীর আফিঙের পুরো মাত্রা জুটছে না কাজেই ক্ষুধিতা ব্যাঘ্রীর মত হয়েছে তার ভীষণতা। প্রতিদিন ম্যানেজারকে ডেকে গালাগালি, মাঝে মাঝে হাতের পাখাটার দু'চার ঘাও বেচারার ভাগ্যে জোটে। নিষ্কর্মা ম্যানেজার কি জমিগুলোও সব খেয়েছে ? জমিদারী বেচে পারে না কড়ি জোগাতে ? জমি থাকে কি করতে তা'হলে ? সে বেচারা নিরুপায়। লেনদেনে নিজের মুনাফার ভাগও ইদানীং তাকে ছাড়তে হয়েছে।

অন্যদিকে বুড়োকর্তা বাড়ীর একজন দাসী-কন্যাকে নূতন ক'রে অন্তপুরে পোষিতাদের মধ্যে স্থান দিয়েছেন। এই দাসীটি কর্তার যৌবনের অনুগৃহীতা ছিল। সে এখন এ বাড়ীরই একজন ভৃত্যের বিবাহিতা পত্নী। এরই ষোড়শী কন্যা বৃদ্ধের স্থবির দেহের রক্তে আগুন জ্বালিয়ে দিল নূতন ক'রে। এই জরা-গ্রস্তের ক্রম-বর্ধমান মেদ পিন্ডের শিরায় উপশিরায় প্রবাহিত রক্তস্রোতে তখনও যৌবন সুলভ কামনার ফেনিল আবর্ত। যে কোনো অল্পবয়সের তনু দেহা মেয়ে,—হোক সে শিশু, হোক বালিকা, হোক যুবতী, সেই আবর্তে ডুবে যেত।

এর উপর কর্তার প্রেয়সীদের হাতে সোনার অলঙ্কার কানে জেড্‌-এর কর্ণাভরণ জোটাবার মত সম্বল ঘরে নেই, একথা তাকে বোঝান অসম্ভব। যাকে আজীবন কেবল হাত বাড়াবার কষ্টটুকুই স্বীকার করতে হয়েছে, বাড়ালেই মুঠো ভরা টাকা পেয়েছে, আজ সেই মানুষকে 'টাকা নেই' বোঝান অসম্ভব। কর্তার নারী, ও গিন্নীর আফিং, দুজনের এই দুই মস্ত নেশার ক্রমান্বয় আঘাত ওদের সম্পদের ভান্ডার সইতে পারেনি।

তার ওপর দেশ জোড়া অনাবৃষ্টির ফলে জমিদারের ক্ষেতও শস্যহীন। কাজেই ওয়াং লাং-এর প্রস্তাব যেন বুভুক্ষিতের কাছে নিয়ে আসা আহারের পাত্র। ম্যানেজারও হাতে শিকার পেল। দর-কষাকষি হলো না, বিলম্বিত সময় অপহরণের জন্য চা খাওয়ার প্রয়োজন হ'ল না, কেবল দুইটি প্রাণীর ক্ষুদ্র ক্ষণের ব্যগ্র অনুচ্চার দু'চারটি কথা। কাগজে নাম সই হ'ল, পড়ল সীল, টাকাগুলো এক হাত হ'তে আর এক হাতে চলে গেল এক লহমায়, জমিদারের নাম বুক থেকে মুছে ফেলে জমি ওয়াং লাং-এর হ'য়ে গেল।

এবারও ওয়াং গণ্য করল না অতগুলো টাকার বিচ্ছেদ—ওর অত কষ্টের টাকা, দেহ-জল-করা টাকা, দেহের রক্ত-মাংসের সামিল। ঐ অর্থের মূল্যে ও নিজের অন্তর পোষিত কামনা পূর্ণ ক'রেছে। এখন এই বিপুল সু-উর্বর ভূ-খন্ডের অধিকারী সে। নূতন জমিটার পরিমাণ আগেরটার দ্বিগুণ। ঐ পরাক্রান্ত জমিদার-গোষ্ঠীর একদা স্বাধিকার-ভুক্ত এই ভূখন্ডের স্বত্ব আজ ওর, ওয়াং-এর। এ মহা-গৌরব, জমিটার উর্বরতার প্রশ্নকে বহু পেছনে ফেলে গেছে।

জমি কেনার কথা এবারে ওয়াং একেবারে চেপে গেল, ওলান্‌-এর কাছেও।

মাসের পর মাস গেল। বৃষ্টি হল না। শরৎ এল, হালকা মেঘের ছোট ছোট টুক্‌রো মন্থর গতিতে আকাশের গায়ে ভেসে উঠল, নেহাৎ যেন অনিচ্ছায়। গ্রামের রাস্তায় কর্মহীন উদ্বিগ্ন লোকের জটলা। আকাশের দিকে ব্যগ্র চোখ তুলে গভীর অভিনিবেশে মেঘগুলি নিরীক্ষণ করে দেখে ওরা, আলোচনা করে কোনোটাতে জলের আভাস আছে কি না।

কিন্তু বর্ষণের পক্ষে যথেষ্ট মেঘ-সঞ্চার হবার অবকাশ আর হ'ল না। উত্তর-পশ্চিমের মরু-ভূমি থেকে এক দুরন্ত বাতাস এসে যেন ঝেঁটিয়ে সব মেঘ উড়িয়ে নিয়ে গেল। আকাশ তার মমতা-হীন অসীম শূন্যতা নিয়ে ধরিত্রীর দিকে তাকিয়ে রইল নিষ্পলক দৃষ্টিতে। প্রতি উষায় যথা নিয়মে সূর্য ওঠে রাজ সমারোহে; রোজকার একলা পথ-চলা সারা ক'রে রাতের আঁধারে একলা ডুবে যায়। নির্মেঘ দীপ্তির প্রখরতায় চাঁদ হয়ে ওঠে ছোটখাট একটা সূর্য।

ফসলের মধ্যে পাওয়া গেল কিছু বীন্। আর ধানের চারা উঠিয়ে লাগাবার আগেই হলুদে হয়ে শুকিয়ে যাওয়াতে মরীয়া হ'য়ে ভুট্টা লাগিয়েছিল ওয়াং, তারই কটা অপুষ্ট থোপ্‌না। ঝাড়বার সময় একটা দানাও এদিক ওদিক যেতে পেল না। খামারের আঙ্গিনায় বসে পিটিয়ে পিটিয়ে ভুট্টার দানা ছাড়ান হ'লে ওয়াং ছেলেদের লাগিয়ে দিল তুষগুলো খুঁজে দেখতে ওর মধ্যে ভুট্টার কোনো দানা চলে গিয়েছে কি না। দানা-ছাড়ান ভুট্টার থোপ্‌নাগুলো জ্বালাবার জন্য সরিয়ে রাখতে রাখতে ওলান্ বলল ঃ

'এগুলো পোড়াব না। আমার মনে আছে সেই সেবারে শান্‌টুং-এ দুর্ভিক্ষের বছর, অবিশ্যি খুব ছোট ছিলাম তখন, এগুলো শুকিয়ে গুড়ো ক'রে কত খেয়েছি তখন আমরা। ঘাসের চাইতে বরং ভালোই লাগে খেতে।'

ওলান্-এর কথা শুনে স্তম্ভিত হ'য়ে গেল সবাই,—ছেলেরা অবধি। ভয়ে কারো মুখে কথা ফুট্‌ল না। এই অদ্ভুত জ্বালাময় দিনগুলো যেন একটা ভাবী অকল্যাণের বিভীষিকায় থম্ থম্ করে। শুধু কোলের অবুঝ শিশুটি ভয়-ভাবনার উর্ধ্বে। ওর দাবী মেটাবার মত অজস্র সম্বল তখনও তার মায়ের বক্ষে প্রচুর রয়েছে। ওলান্ মেয়েকে স্তন দিতে দিতে আপন মনে বলে ঃ 'নে নে খেয়ে নে, যতক্ষণ আছে, প্রাণ ভরে খেয়ে নে।'

শিশুর এ সুখ বেশী দিন রইল না। ওলান্-এর আবার সন্তান সম্ভাবনা হল, স্তনের দুধ গেল শুকিয়ে। বুভুক্ষু শিশুর অসহায়, আর্ত, বিরতি-হীন কান্নায় আতঙ্কিত বাড়ীখানার ভয়াল পরিবেশ আরো বিভীষিকাময় হয়ে ওঠে।

যতদিন পেরেছে ওয়াং বলদটার যত্ন করেছে প্রাণপণে, ত্রুটি হ'তে দেয়নি। খুঁটে পিটে যতদিন পেরেছে সুক্‌নো ঘাস-লতা-পাতা খড় ওকে যতটুকু হোক জুটিয়েছে; বাইরে গিয়ে গাছ থেকে পাতাও পেড়ে এনে দিয়েছে। কিন্তু শীত এলে গাছের পাতাও যে ফুরিয়ে গেল। কর্মহীন জীবন—চাষ নেই, বীজ বোনা নেই, বুনলেও শুকিয়ে যায়। আর বীজই বা কোথায়। ওতো সব পোড়া পেটে ঢেলেছে। বলদটাকে এখন ছেড়ে দেয় নিজেই চরে খাবার জন্য। বড় খোকা দিনমান ওর

নাকের দড়ি ধরে পিঠে বসে থাকে, পাছে কেউ চুরি করে। তারপর তাও বন্ধ করতে হ'ল। সারা গাঁয়ের যা হাল হয়েছে, কে জানে, কোন্‌দিন ছেলেটাকে মেরে ধরে বলদটা ছিনিয়ে নিয়ে গিয়ে মেরে খাবে ওরা। সুতরাং অনাহারে দরজার কাছে বাঁধা থেকে থেকে একেবারে কঙ্কাল সার হ'য়ে গেল অমন সুপুষ্ট বলদটা।

টেনেটুনে চলল কোনো মতে। তারপর এমনদিন এল যেদিন উনুনে আর হাঁড়ি চড়ল না। ঘরে না আছে একদানা চাল, না একদানা গম। থাকার মধ্যে আছে কয়েকটা বীন্‌ আর কদানা ভুট্টা। বলদটা ক্ষিদের জ্বালায় ডেকে ডেকে সারা হ'য়ে গেল। ওয়াং-এর বাবা বলল: 'এর পর বলদই মেরে খেতে হবে আমাদের।' ওয়াং-এর ভেতর একটা আর্ত চীৎকার বেরিয়ে আসে, যেন কেউ ওকে বলেছে: 'এর পর মানুষ খেতে হবে।'

এই বলদটা ওর কৃষি-জীবনের আজীবন সাথী। প্রতি ঊষার আধো আলো আধো অন্ধকারের মধ্যে মাঠের পথে সে চলেছে আগে, ও পেছনে; প্রসন্ন ঔদার্যে কখনও ওকে আদরে ভরে দিয়েছে; বিরক্তিতে কখনও করেছে গালাগালি। এই এতটুকু যখন ছিল তখন কেনা হয়েছিল; সেই থেকে ওয়া এর সাথে ওর জীবন এক সূত্রে বাঁধা পড়ে গেছে। একে খাবে? কেমন ক'রে? তা ছাড়া এরপর চাষ চলবেই বা কেমন করে?

বাবা শান্ত স্বরে বলে: প্রাণটা বড় হ'ল কার রে! তোর, না ওই বোবা জানোয়ারটার! তোর ছেলেদের, না ঐ বলদটার? প্রাণ গেলে ফিরে পাওয়ার সাধ্য থাকে না বাপ্‌, একটা বলদ গেলে আর একটা কেনা যায়।'

পারল না—ওয়াং কিছুতেই সেদিন ওটাকে মারতে পারল না। পরের দিন গেল, তার পরের দিনও। অনাহারী শিশুদের অশ্রান্ত কান্না মিথ্যা আশ্বাসে আর ত' ঠেকিয়ে রাখা যায় না। ওলান্‌ স্বামীর দিকে চায়, দৃষ্টিতে ওর করুণ অসহায় মিনতি। ওয়াং ঐ দৃষ্টির ভাষা পড়ে নেয়, বোঝে, যা এড়াতে চেয়েছিল প্রাণপণ ক'রে আজ আর তা ঠেকান যাবে না, যাবে না—। নিরুপায় ওয়াং, ক্ষুধার যূপকাষ্ঠে ও নিজেই আজ বলির পশু। ক্ষুধা, ক্ষুধা…রাক্ষসী ক্ষুধা…। শেষ পর্যন্ত রুক্ষ স্বরে সম্মতি জানিয়ে দেয়: 'মারতে চাও মারোগে—কিন্তু আমার দ্বারা হবে না, আমার দ্বারা হবে না।'

ওয়াং ছুটে শোবার ঘরে গিয়ে আপাদ-মস্তক লেপ-মুড়ি দিয়ে প'ড়ে থাকে। ওর আজীবনের সাথী ওই মরণাহত মূক প্রাণীর শেষ করুণ আহ্বান ওর কানে যেন না পৌঁছায়, কিছুতে না পৌঁছায়।

রান্নাঘর থেকে বড় ছোরা হাতে নিয়ে ওলান্‌ ধীরে ধীরে বেরিয়ে আসে। বেশী নয়, গলায় একটি সবল কোপ। দুর্বল প্রাণ—বড় সহজেই দেহটা হ'তে বিচ্ছিন্ন হ'য়ে গেল। একটা বাটিতে রক্তটুকু ওলান্‌ ধরে নিল, এক ফোটা মাটিতে পড়তে দিল না। সুপ্‌ ক'রে দেবে। তারপর ছাল ছাড়িয়ে খন্ড খন্ড ক'রে ফেলে বিশাল দেহটাকে। সব শেষ হ'য়ে রান্না পর্যন্ত শেষ হবার আগে ওয়াং কিছুতে ঘর থেকে বেরুতে পারল না। ও চেষ্টা করল মাংস খেতে, কিন্তু ভেতর থেকে ওর সব কিছু

যেন উল্টে বেরিয়ে আসতে চায়। খালি একচুমুক সুপ গিলল কোনো মতে চোখ মুখ বুজে।

'এত দুঃখ করছ কেন,' ওলান্‌ সান্ত্বনা দেয়ঃ 'ওটা তো বুড়োই হ'য়েছিল। দুদিন বাদে অমনি মরে যেত। আর, দিন কি এমনিই থাকবে? আবার সুদিন আসবে, তখন এর চাইতে আরো ভাল বলদ কিনতে পারবে।'

সান্ত্বনার প্রলেপে ওয়াং-এর বেদনার তীব্রতা অনেকটা সহজ হ'য়ে আসে। একটু একটু ক'রে মাংসও সে খেলে শেষটায়।

ক'দিন পরে মাংস ফুরোল। হাড়গুলো চিবিয়ে চিবিয়ে নিঃশেষ হ'য়ে গেল। তারপর কিছুই রইল না। রইল শুধু শুকুন চামড়াটা।

প্রথমদিকে প্রতিবেশীদের ধারণা ছিল, ওয়াং মেলাই টাকা, মেলাই খাবার ঘরে লুকিয়ে রেখেছে। ওয়াং-এর কাকার ঘরে দুর্ভিক্ষ দেখা দিয়েছিল সকলের আগে। সাত ছেলে মেয়ে, নিজে, স্ত্রী—এই নয় প্রাণীর সংসার, আর শূন্য ভান্ডার। ওয়াং-এর দ্বারে এসে অগত্যা সে আঁচল পেতে দাঁড়িয়েছিল। অনিচ্ছাসত্ত্বেও খানিকটা বীন্‌ আর ভুট্টা কাকার কাপড়ে ঢেলে দিয়ে ওয়াং তাকে দৃঢ়ভাবে জানিয়ে দিয়েছিল এই তার শেষ সম্বল। বড়ো বাপ আর অবুঝ শিশুগুলোর দিকে তো ওকে চাইতে হবে।

কাকা আর একবার এসেছিল—কিন্তু ফিরে গেল ব্যর্থ হয়ে।

সেদিন পদাহত কুকুরের মত সে ওয়াং-এর ওপর ক্ষেপে গেল। গাঁয়ের চারদিকে অনুচ্চারে সে বলে বেড়াতে লাগল; 'ওয়াং-এর ঘরে টাকা, খাবার মেলাই আছে। কিন্তু এমনি কঞ্জুষ সে—কাউকে একমুঠো দেয় না। নিজের খুড়োটা বাচ্চাকাচ্চা নিয়ে পেট শুকিয়ে মরছে, তাকে দ'মুঠো দে—তাও না। চোখে সে দেখছে তো সবই।'

ঘরে ঘরে অনটন। অনাহারের হাহাকার প্রেতের অট্টহাসির মত বাতাসে বাতাসে হা হা করে বেড়ায়। কারো ঘরে একটি কপর্দক নেই—একদানা আহার্য নেই। কঙ্কাল মূর্তির দল রূপ নিয়েছে গাঁয়ের ঘরে ঘরে, যেখানে দুদিন আগেও ছিল সুস্থ-সবল পরিতৃপ্ত সুন্দর মানুষ। পরপর এল মরু-ভূমির বক্ষ-মন্থন-করা-শীতের হাওয়া, শাণিত ছুরির ফলার মত তীক্ষ্ন। একদিকে আপন জঠরের অনির্বাণ ক্ষুধার আগুন, আর একদিকে বস্ত্রহীন, উপবাসী মৃত্যুপথ-যাত্রী প্রিয়জনের কাতর আর্তনাদ।—কিষাণেরা মরীয়া হ'য়ে ওঠে। আর এরই মধ্যে ওয়াং লাং-এর কাকা বিশীর্ণ রাস্তার কুকুরের মত শীতে হি হি করে কাঁপতে কাঁপতে রাস্তা দিয়ে তার অনাহার-শীর্ণ হিমে-নীল ঠোঁটে বল্‌তে বল্‌তে যায়; 'যাও সব, গিয়ে দেখো অমুকের ঘরে মেলাই খাবার রয়েছে গো। নইলে ওর ছেলেদের হাড়ের গায়ে এখনো মাস লেগে আছে অমনি অমনি।'

এমনি অবস্থায় দুর্ভিক্ষ-পীড়িত প্রতিবেশীর পক্ষে মনুষ্যত্বের সীমার হিসাব রাখা সম্ভব হয় না। লম্বা লম্বা লাঠি নিয়ে তারা একদিন রাতে ওয়াং-এর বাড়ীতে হানা দেয়। তাদের গলা শুনে দরজা খুলে দিতেই হিংস্র পশুর মত সবাই লাফিয়ে ওয়াং-এর ওপর পড়ে। ধাক্কা দিয়ে ওকে দেয় বাইরে ঠেলে, ভয়ার্ত ছেলেগুলোকে দেয়

দূরে সরিয়ে। তারপর বন্য উম্মত্ততায় সন্ধান করতে থাকে যেন কোন মহারত্নের। প্রতি কোণ তারা খুঁজল, ভেঙ্গে চুড়ে, তচ্‌নচ্‌ ক'রে প্রতি জায়গা আনাচ, কানাচ, হাতড়ে দেখল স্পর্শে ক্ষুদ্রতম কিছু ঠেকে কিনা। কিন্তু বৃথাই হল শ্রম, বেরুল শুকুন কয়েকটি বীন্‌ আর পোয়াখানেক ভুট্টার দানা—ওয়াং-এর সারা পুঁজির ভাণ্ডার। নিষ্ঠুর আশা-ভঙ্গে নিদারুণ আর্তনাদ ক'রে উঠে ওরা মরীয়া হ'য়ে ওঠে। ওদের রক্তে আজ জেগেছে আদিম ক্ষুধার উম্মত্ত প্রচণ্ডতা। খাবার না পেয়েছে, আজ এখানকার কিছু ওরা রেখে যাবে না। ওরা এসেছে লুটে নিতে, লুটের মুখ্য বস্তু ওরা পেলনা—যা হাতের কাছে পাবে, তাই নিয়ে যাবে, বৃথা হ'তে দেবে না ওদের শ্রম। বেঞ্চ, টেবিল, এমন কি যে-বিছানায় শুয়ে ওয়াং-এর বুড়ো বাপ থর্‌ থর্‌ করে কাঁপছিল আর শিশুর মত অসহায় হ'য়ে কাঁদছিল—যা পেল সব সব তুলে নিল।

এমন সময় ওলান্‌ এসে মাঝে দাঁড়াল। তার চির অনাড়ম্বর ভাব-ব্যঞ্জনা-হীন মন্থর কণ্ঠ কিষাণদের উম্মত্ত চীৎকার ছাপিয়ে ওপরে উঠল ; 'সাবধান, একটি জিনিসে হাত দিও না। এখনও—আমাদের বাড়ীর আসবার নেবার পালা এখনও আসেনি। নিজেদেরগুলো বেচেছ ? সেগুলো আগে বেচে খাও, তারপর এখানে এস। এখন ছাড় আমাদের জিনিস। আমাদের বাঁচতে হবে না ! তোদের যা আছে তার চাইতে একদানাও বেশী আমাদের ঘরে নেই। বরঞ্চ তোমাদেরই বেশী আছে, আমাদেরটাও তোমরা কেড়ে নিয়েছ। আর যদি কিছুতে হাত দাও দেবতার দিব্যি রইল। তার চাইতে চল, সবাই মিলে একসাথে বেড়িয়ে পড়ি, ঘাস পাতা যা পাই কুড়িয়ে আনিগে যার যার বাড়ীর জন্য—হা ভববান ! আর একটা হতভাগা দুর্দিনে না এসে পারল না—' বলতে বলতে পেট চেপে বসে পড়ল ওলান্‌।

ওলান-এর সামনে লজ্জিত হয়ে প্রতিবেশীর এক এক ক'রে চলে যায় মাথা হেঁট করে।

এদের স্বভাবে পাপ নেই। সহজ সরল খেটে-খাওয়া মানুষ এরা। কিন্তু ক্ষুধা এদের পশুর স্তরে নামিয়ে এনেছে।

একজন পেছনে রয়ে গেল। চিং। ছোট খাট নিস্তব্ধ পিঙ্গল বর্ণের মানুষটি, মুখের আকৃতি অনেকটা বানরের মত। চোখ গর্তে, গাল গর্ত, মুখে উদ্বেগের অকুঞ্চন, হয়ত' কিছু বলবে, হয়ত ক্ষমা চাইবে, কৃত অন্যায়ের জন্য কুণ্ঠা প্রকাশ করবে। চিং ছিল অকলঙ্ক চরিত্র ; কিন্তু একমাত্র সন্তানের ক্ষুধার কান্না ওকে আজ এই পথে বের ক'রেছে।

নিঃশব্দে দাঁড়িয়ে রইল চিং, মুখ খলল না, বুঝি পারল না। ওর বুকের মধ্যে ছিল এক মুঠো বীন্‌, ওয়াং-এর ঘর থেকে হরণ করা। পাছে ওগুলো ফিরিয়ে দিতে হয়, সেই ভয়ে মুখ খুলল না। ওয়াং-এর দিকে ক্লিষ্ট, নীরব, বেদনার্ত দৃষ্টিতে তাকিয়ে ধীরে ধীরে বেরিয়ে চলে গেল।

ওয়াং দাঁড়িয়ে রইল অঙ্গিনায়, যেখানে বছরের পর বছর ফসল মাড়াই ক'রে ঘরে তুলেছে। আজ শূন্য অঙ্গিনা, নেই ফসল, নেই ফসল-মাড়াইয়ের আনন্দোচ্ছল কলগুঞ্জন, নেই সে-স্পন্দন—শূন্য অঙ্গন মৃতের মত পড়ে আছে সামনে। কণামাত্র

খাবারও নেই ঘরে। অসহায় বৃদ্ধ, অবোধ শিশুগুলির মুখে আজ কি তুলে দেবে ওয়াং? কি দিয়ে ওলান্-এর দেহ-পুষ্টি হবে! ওলান্-এর দেহ-পুষ্টি হবে! ওলান্-এর দেহান্তরলীন সৃষ্টির সম্ভবনাটিতে পুষ্ট ক'রে তোলার দায়িত্বও যে ওরই। নইলে বাঁচবে না ওলান্—নূতন এই সৃষ্টির বীজ তার জীব-ধর্মে নিষ্ঠুর ভাবে মাতৃদেহ হ'তে রস শোষণ ক'রে বর্ধমান-জীবনের দাবী মেটাচ্ছে। তীব্র আতঙ্কে ওর সমস্ত রক্ত হিম হ'য়ে যেন জমাট বেঁধে গেল মুহূর্তের জন্য, তার পরক্ষণেই কোমল সুধার মত সান্ত্বনার স্নিগ্ধ ধারা ওর ভয়-কুণ্ঠিত ধমনীর এক প্রান্ত হ'তে আর এক প্রান্ত পর্যন্ত যেন বয়ে গেল। সব গেছে যাক। কিন্তু ওর মাটি কে কেড়ে নেবে? ওর দেহের শ্রম আর মাটির ফল ও এমন জায়গায় রেখেছে যা কেউ কেড়ে নিতে পারবে না। অর্থ থাকলে এখনি ওরা লুটে পুটে নিত। অর্থের বিনিময়ে পাওয়া আর কোনো বস্তু ঘরে থাকলেও আজ ওদের হাতে পড়তই। আজ ওয়াং-এর আর কিছু নেই, কিন্তু সব গিয়েও রইল ওর মাটি—সর্ব-পালিকা, ধাত্রী-ধরিত্রী মা একান্ত ক'রে ওর আপনার, ওর লালিকা, ওর পালিকা।

[নয়]

দাওয়ায় বসে ওয়াং ভাবে—কিছু একটা করা দরকার। এমন নিষ্ঠুর শূন্যতার মধ্যে কেবল মরণকে আকড়ে পড়ে থাকা চলে না। ওর কঙ্কালীভূত দেহের মধ্যেকার ধুক্‌ধুকে প্রাণটুকুতে বেঁচে থাকার দুর্বার বাসনা। জামাটার দিকে তাকিয়ে দেখে ওয়াং, ক্রমেই ঢিলে হয়ে যাচ্ছে। যে মুহূর্তে ও সবে বৃহত্তর জীবনের দোরগোড়ায় পা দিয়েছে, সেই মুহূর্তে জীবনটাই খসে পড়ে যাবে এমনি অর্থহীন ভাবে ভাগ্যের ক্রূরতায়! এ হবে না কিছুতে, হবে না, না-না—। ক্রূর ভাগ্যটার প্রতি একটা ভাষাহীন ক্রোধ উদ্দাম হয়ে ওর চিত্তকে মথিত বিপর্যস্ত করে তোলে প্রায়ই। ওয়াং থাকতে পারে না। ছুটে বেরিয়ে আসে শূন্য আঙ্গিনায়—বৃদ্ধ মুষ্টি ছুঁড়ে মারে আকাশের দিকে, আকাশ তার মেঘহীন জ্বালাময় নীলের বিস্তার নিয়ে ওর দিকে চেয়ে থাকে বোকার মত। পাগলের মত চিৎকার করে ওঠে ওয়াং ঃ শয়তান! শয়তান শয়তান তুমি বুড়ো—ওপরে বসে মজা দেখছ।'

নিজের কথায় নিজেই হয়ত' শিউরে ওঠে, কিন্তু মুহূর্তের জন্য। পরক্ষণেই গুমরে ওঠে ঃ 'আর কি করবে, বলো বাকী কি রেখেছ—সবতো নিয়েছ, রাক্ষস!'

একদিন দুর্বল পা দুটো টেনে নিয়ে গেল ক্ষেত্রদেবতার মন্দিরে। থুথু ফেলল দেবতার গায়ে। আজ জ্বলছে না দীপ—হয়ত বহুকাল জ্বলেনি। মূর্তির কাগজের পোষাক ছিঁড়ে গেছে, ফাঁক দিয়ে বেরিয়ে পড়ছে মাটি। কিন্তু এত দৈন্যের মধ্যেও দেবতা বিকারহীন। অবিচলিত তার ঔদাস্য। ওয়াং রাগে দাঁত কড়্মড়্ ক'রতে ক'রতে বাড়ী ফেরে। চাপা ব্যাথায় গোঙাতে গোঙাতে শুয়ে পড়ে গিয়ে।

এখন কেউ আর বিছানা ছেড়ে ওঠে না বড় একটা। ওঠার প্রয়োজনও নেই।

শুয়ে থাকলো বিকারগ্রস্ত তন্দ্রার ঘোরে অচেতনের মত—ক্ষুধার জ্বালা তবু খানিকক্ষণ মনে থাকে না। শুকনো ভুট্টার খোপনাগুলোও ফুরিয়েছে, গাছের ছাল ফুরিয়েছে—শীতের শষ্পহীন পাহাড়ের গায়ে যা দু' একটা ঘাস আছে তাই এখন মানুষের সম্বল। চারদিক নিঝুম—যেন গোটা গ্রামখানা মরে গেছে। মাঠ ঘাট পথ সব শূন্য—কুকুর মুরগীও দেখবে না কোথাও একটা।

ছোট ছোট ছেলে মেয়েদের শূন্য পেট বাতাসে ফুলে ঢোল হয়েছে। ওদের কাউকে আর গাঁয়ের রাস্তায় ছুটোছুটি করে খেলা করতে দেখা যায় না। ওয়াং-এর ছেলে দুটি হামা দিয়ে কোনো মতে দোর গোড়ায় এসে একটু রোদে বসে। নিষ্ঠুর রোদ, নিষ্ঠুর এ দাহের যেন আর অবসান নেই। বেচারাদের সেই সুডোল হৃষ্টপুষ্ট নধর দেহ আর নেই—কয়েকখানি জীবন্ত কঙ্কাল মাত্র। কেবল এক ফুলো পেটটি ছাড়া, সারা শরীরময় জেগে উঠেছে খোঁচা খোঁচা ছোট ছোট হাড়।

বসার বয়স পার হ'য়ে যায়, মেয়েটা বসতে পারে না। ছেঁড়া কাঁথাখানায় শুয়ে থাকে ঘন্টার পর ঘন্টা, নালিশ করে না। প্রথমটা সারা দিন রাত কাঁদত'—রাগের কান্না, ক্ষিদের কান্না, সারা বাড়ীটা ওর কান্নায় ঘোলাটে হ'য়ে থাকত। এখন আর ও কাঁদে না। মুখে যা পড়ে, দুর্বল ভাবে চোষে। বিশীর্ণ, গর্তসংকুল মুখখানা বাড়িয়ে সকলের দিকে চায়। ছোট ঠোঁট দুখানি শুকিয়ে নীল হয়ে দন্তহীন বৃদ্ধের ঠোঁটের মত বসে গেছে। কোটরে-বসে-যাওয়া কালো চোখ দুটির সে কি করুণ দৃষ্টি! ক্ষুদ্র ক্ষীণ ওই প্রাণের অণুটুকুর পৃথিবীকে আঁকড়ে থাকার কি করুণ প্রয়াস। ওতেই তো ওয়াং মেয়েটার কাছে বাধা পড়ে গেছে। ও যদি ওই বয়সের সাধারণ ছেলে মেয়েদের মত হ'তো, অমনি চোখ মুখ ভরা হাসি, দেহ ভরা স্বাস্থ্যের লাবণ্য, তাহ'লে হয়ত' ওয়াং ওদিকে ফিরেও চাইতো না—কেননা, ওযে মেয়ে! কিন্তু এখন ওয়াং বার বার ফিরে ফিরে দেখে ওই অভাগা মেয়েটাকে, স্নিগ্ধ দৃষ্টি দিয়ে সর্বাঙ্গ ওর অভিষিক্ত করে দেয়, কানের কাছে মুখ নিয়ে গিয়ে সহস্র আদরের নামে ডাকে।

দন্তহীন মুখে সেদিন হাসির একটু করুণ প্রচেষ্টা ফুটে উঠল মেয়েটির। দেখে ওয়াং ফুঁপিয়ে কেঁদে ওঠে। নিজের অস্থি-সার পুরুষ হাতে মেয়ের শীর্ণ কাঁচ হাতখানা আলতো করে তুলে নেয়। ওয়াং-এর তর্জনিটা ওর ছোট্ট মুঠোখানির মধ্যে এলিয়ে পড়ে থাকে। সেই থেকে মাঝে মাঝেই শিশুর নগ্ন দেহটা নিজের কোটের মধ্যে বুকের ক্ষীণ উষ্ণতার অন্তরঙ্গ ঘনিষ্ঠতায় পুরে নিয়ে বসে থাকে দাওয়ায় শুকনো মাঠগুলির নিষ্ফল বিস্তৃতির দিক চেয়ে।

ওয়াং-এর বাবার অবস্থাই যা হোক ওর মধ্যে একটু ভালো আছে, কেননা, খাবার যা জোটে—তাকেই আগে দেওয়া হয়। নিজের পিতৃনিষ্ঠায় ওয়াং নিজেই মনে মনে গর্ব বোধ করে। কেউ বলতে পারবে না দুর্দিনেও সে বুড়ো বাপকে ঠেলেছে। যে করেই হোক বাপকে ও খাওয়াবেই। গায়ের মাংস কেটে হ'লেও খাওয়াবে।

বুড়োরও কোনো চিন্তা নেই। যা পায় খেয়ে রাত দিন সে বসে বসে ঝিমোয়। দুপুরে চৌকাঠের কাছ একটু রোদে এসে বসে হামাগুড়ি দিয়ে। ওটুকু শক্তিই আছে এখনও। সেদিন ভাঙ্গা গলায় বুড়ো বলল: 'এ আর কি আকাল দেখছিস!

আকাল হ'লো সেবারে। বাপ মা পেটের জবালায় নিজের ব্যাটাকে কামড়ে খেলে। নিজের চোখে দেখেছি।' ওর গলার স্বর কেঁপে ওঠে, ফাটল-ধরা বাঁশের মধ্যে বাতাস যেমন কেঁপে কেঁপে যায়।

'ব'লো না, ব'লো না—'ওয়াং আতঙ্কে চীৎকার ক'রে ওঠে—'আর ব'লো না, —ওসব রাক্ষুসে ব্যাপার এ বাড়ী হ'তে দেব না, জান্ থাকতে কক্খনও দেব না, দেখে নিও।'

একদিন চিং এসে উপস্থিত। চেনা যায় না—এমন চেহারা হ'য়েছে তার। এ যেন মানুষ নয়,—মানুষের একটা ক্ষীণ ছায়া মাত্র। শুকনো ঠোঁট দুখানিতে মাটির কালো ছায়া। ওয়াং-এর কানে কানে সে বলেঃ 'শহরে তো লোকে কুকুর, বেড়াল, ঘোড়া, পাখী, যা হাতের কাছে পাচ্ছে খাচ্ছে। আমরাও তো এদিকে ঘাস, পাতা, মায় গাছের ছাল অবধি উজাড় করেছি। হালের বলদ সুদ্ধ পোড়া পেটে গেছে। এখন কি খাবো বলতে পারো?'

কি বলবে ওয়াং? বলার মত ও কিছু খুঁজে পায় না; নিদারুণ অসহায়তায় কেবল মাথা নাড়ে। বুকের মধ্যে র'য়েছে মেয়েটার কঙ্কাল-সার শরীরটা। ওয়াং ওর শীর্ণ কালো মুখখানার দিয়ে তাকিয়ে দেখে। বিষাদ-গভীর তীক্ষ্ণ চোখ দুটির পলক-হীন চাওয়া যেন ওয়াং-এর সারা মুখ জুড়ে আছে। চোখে চোখ পড়লেই মেয়েটার ঠোঁটের কোণে হাসির একটু আভাস কেঁপে উঠেই মিলিয়ে যায়। ওয়াং-এর পাঁজরটা কে যেন ভেঙ্গে মুচড়িয়ে দিয়ে যায়।

চিং গলা বাড়িয়ে আনে কাছে, আরো কাছে।—'আমাদের গাঁয়েই মানুষের মাংস খাচ্ছে কতজনে,' চিং বলেঃ 'শুনেছি তোমার খুড়ো খুড়ীও তাই করছে। নইলে ওরা এতদিন টিকে আছে কি ক'রে? শুধু টিকে আছে? দিব্যি চলে ফিরে বেড়াচ্ছে। এমনিতেই লোকটার দুবেলা খাওয়া জুটতো না জানতাম।'

কথা ব'লতে ব'লতে চিং আরো এগিয়ে আসে; মূর্ত মৃত্যুর মত মাথাটা যেন তার। ওয়াং চম্‌কে পেছনে সরে যায়। কাছে, মেয়েটার একেবারে কাছে চিং-এর চোখ দুটো এসে পড়ে। কি বীভৎস দেখায় লোকটাকে! একটা অজানা আতঙ্কে ওয়াং-এর সমস্ত শরীর শিউরে ওঠে। হঠাৎ উঠে পড়ে, যেন কোন বিপদ সামনে এসে পড়েছে।

চীৎকার করে বলেঃ 'আমরা এ গাঁ ছেড়ে দক্ষিণ দেশে চলে যাব। এতবড়ো জায়গাটায় যেদিকে চাও খালি উপোসী মুখ। কিন্তু ভগবান কি এত নিষ্ঠুর? সব মানুষকে একবারে মারবেন!,

ধীর ভাবে ওয়াং-এর দিকে তাকিয়ে ব্যথিত স্বরে চিং বলে, 'তোমার কাঁচা বয়স ভাই। আমার বয়স অনেক বেশী। আমারা স্ত্রী পুরুষ দুজনেই বুড়ো হ'য়েছি। সবই তো গেছে আমাদের। থাকার মধ্যে একটা মেয়ে—আমরা মরে গেলে কারো কিছু যাবে আসবে না।'

'আমার চাইতে তোমার কপাল অনেক ভালো', ওয়াং বলেঃ 'তিন তিনটে বাচ্চা বুড়ো বাপ, নিজেরা দুজন, এতগুলো পুষ্যি আমার। তায় আবার আর একটা বাড়ল

বলে। আমার না বেরিয়ে উপায় নেই, যেতেই হবে, নইলে কোনদিন হয়তো পেটের জ্বালায় স্বভাব ভুলে বুনো কুকুরের মত নিজেদেরই খেয়ে বসব।'

ওয়াং-এর মনে হ'ল ও খুব ঠিক কথাই বলেছে। চীৎকার ক'রে ডাকে ওলান্‌কে। ওলান্ আজকাল বিছানা ছেড়ে বড় একটা ওঠে না। উঠে করবেই বা কি—ঘরে খাবার মত একটা দানাও নেই, কাঠও নেই, কাজেই না আছে উনুন ধরানো, না আছে রান্না বান্না।

'চলো আমরা দক্ষিণে চলে যাই।' হেঁকে বলে ওয়াং।

ওয়াং-এর স্বরে অমন খুশির সুর অনেক দিন শোনা যায়নি। ছেলেরা আগ্রহ ভরে ওর দিকে তাকায়; বুড়ো হামা দিয়ে ঘর থেকে বেরিয়ে আসে। ওলান্ তার অসীম দুর্বল দেহটাকে টেনে এনে দরজায় হেলান দিয়ে দাঁড়ায়। বলে: 'তাই চলো, অন্ততঃ চলতে চলতে মরতে পারব।'

ওলান্-এর জঠরস্থ সন্তান একটা গ্রন্থিল ফলের মত ঝুলে আছে। বেচারার সারা মুখে একতিলও মাংস নাই, চামড়ার নীচে হাড়গুলো পাহাড়ের চূড়ার মত মাথা উঁচিয়ে আছে। ওলান্ বলে: 'আচ্ছা, কাল পর্যন্ত সবুর কর। কালের মধ্যেই খালাস হ'য়ে যাব, পেটের মধ্যে নড়া চড়া দেখে বেশ বুঝতে পারছি!'

'বেশ তাই হবে।'

স্ত্রীর মুখের দিকে তাকিয়ে ওর বড় মায়া হয়। বেচারী! আবার আর একটা প্রাণীর বোঝা ব'য়ে বেড়াতে হচ্ছে!

চিং তখনও দুয়ারে হেলান দিয়ে দাঁড়িয়ে। বলতে মুখে সরে না, জোর করে ওয়াং ওকে বলে: 'এতটুকু খাবার দিয়ে বৌটার জান্ বাঁচাও ভাই, দোহাই তোমার। আমার বাড়ী ডাকাতি করতে এসেছিলে সে সব কথা ভুলে যাব—ভুলে যাব।'

লজ্জায় এতটুকু হয়ে যায় চিং। ওয়াং-এর দিকে তাকিয়ে বলে: 'সেদিনকার ব্যাপারের পর থেকে তোমার কথা মনে আনতে লজ্জা পাই। কিন্তু তোমার কাকা ব্যাটাই তো লোভ দেখালে। সারা গাঁয়ে বলে বেড়িয়েছে, তুমি নাকি মেলাই ধান গম সব লুকিয়ে জমা করে রেখেছ। এই আকাশ সাক্ষী, তোমায় বলছি, আমার বেশী নেই, কমুঠো লাল বীনের দানা আছে। দুয়ারের কাছে পাথরটার তলায় পুঁতে রেখেছি। শেষ সময়ের জন্য রেখেছিলাম। মরবার সময় পেটটা যেন একেবারে খালি না থাকে, যা হোক একটু কিছু পেটে নিয়ে যেন মরি। ও থেকেই কদানা তোমায় এনে দিচ্ছি। আর থেকোনা ভাই এখানে, পারতো কালই বেরিয়ে পড়। আমি ভিটে কামড়েই পড়ে থাকব। একটা ছেলেও নেই, কার জন্যে আর পেছু টান? আমি বাঁচলেই বা কি, আর মরলেই বা কি?

চিং চলে গেল। কয়েক মুহূর্ত পরেই আবার ফিরে এল, ন্যাকড়ায় বাঁধা মাটি মাখা কয়েকটা বীন্ হাতে। খাবারের গন্ধ পেয়ে ছেলেরা কোলাহল জুড়ে দেয়। কিন্তু ওয়াং তাদের ঠেলে সরিয়ে দিয়ে বীন্ ওলান্-এর কাছে নিয়ে যায়। খাওয়ার একটুও ইচ্ছা নেই, কিন্তু জোর করে কয়েকটা দানা একটু একটু করে চিবিয়ে খায় ওলান্। খেতে হল ওকে। ও বুঝতে পেরেছে প্রসবের সময় এগিয়ে এসেছে, কিছু

না খেলে প্রসবের কষ্ট ও সইতে পারবে না।

কয়েকটি বীন্ ওয়াং হাতের মুঠোয় রেখে দিয়েছে লুকিয়ে। চিবিয়ে চিবিয়ে লালা দিয়ে নরম করে মেয়েটার ঠোঁটে ঠোঁট রেখে জিভ দিয়ে একটু একটু করে ঠেলে মুখের মধ্যে দিতে লাগল। ছোট ঠোঁট দুটি একটু একটু করে নড়ে—ওয়াং তাকিয়ে দেখে। ওর নিজেরই যেন পেট ভরে ওঠে।

রাতে ওয়াং মাঝের ঘরে রইল। খোকারা তাদের ঠাকুর্দার কাছে। ওলান্ আঁতুড়ে একাই রয়েছে বরাবরের মত। প্রথমবারের মত উৎকর্ণ, উদ্‌গ্রীব হ'য়ে বসে আছে ওয়াং। এমন সংকটের সময়টাতেও ওলান্ ওকে কাছে থাকতে দেবে না। পুরোনো বালতিটার মধ্যে ওর সন্তান ভূমিষ্ঠ হবে। তারপর ও হামা দিয়ে অতবড় ব্যাপারটার ক্ষুদ্রতম চিহ্নও অবলুপ্ত ক'রে দেবে, পশুরা যেমন ক'রে চেটে চেটে শাবকের গা হতে প্রসবের সব চিহ্ন নিঃশেষে মুছে দেয়।

উদগ্রীব প্রতীক্ষা। এই বুঝি কচি গলার তীক্ষ্ম কান্না কানে আসে। এ কান্নার সাথে ওয়াং-এর কত কালের পরিচয়। ও চেনে এ কান্না। কিন্তু আজ এ প্রতীক্ষায় আনন্দ নেই, গভীর নৈরাশ্য ওর হৃদয় ছেয়ে আছে। ছেলেই হোক্ আর মেয়েই হোক্, কিইবা এমন তফাৎ, যাই হোক, না কেন, একটা পেট বাড়বে, তারপ আহার জোটাতে হবে। ওয়াং মনে মনে মনে ভগবানকে ডাকে, 'মরা যেন হয় হে ঠাকুর—

সেই মুহূর্তেই একটা অতি ক্ষীণ কান্নার স্বর কাকে আসে,—ওঃ কি ভয়ানক ক্ষীণ! ক্ষণিকের জন্য শব্দটা যেন ঘরের নিস্তব্ধতার গায়ে ঝুলে থাকে।

প্রবল তিক্ততায় ওয়াং মনে মনে বলে। 'না, সংসারে দয়া মায়া নেই কারো এক ফোঁটা—'

শব্দটা হয়েই একেবারে থেমে গেল। তারপর আবার আবার দুঃসহ, জমাট-বাঁধা নিস্তব্ধতা থম্ থম্ করে ওঠে। কিন্তু এমনি নিথর নিস্তব্ধতা তো কতদিন থেকেই বাড়ীটার বুকে চেপে আছে। তবুও হঠাৎ আজ ওয়াং-এর কেমন অসহ্য বীভৎস মনে হয়। বড় ভয় করে।

উঠে ওলান-এর দরজায় মুখ রেখে ডাকে: 'ভালো আছ তো?' নিজের গলার স্বরে একটু সাহস ফিরে যেন পায়।

কান পেতে থাকে উত্তরের প্রতিক্ষায়। আচ্ছা, ওয়াং তো এখানে বসে আছে, ওলান্ যদি ওঘরে মরে গিয়ে থাকে। না,—ঐ তো খস্ খস্ আওয়াজ আসছে। ঐ তো ওলান নড়া চড়া ক'রছে।

'এস।' ওলান্ একেবারে বিছানার সাথে মিশে গেছে। কিন্তু পাশে শিশু কই! ওলান্ একা কেন?

ওয়াং জিজ্ঞাসা করে।

হাতের অতি দুর্বল সঞ্চালনে ওলান্ দেখিয়ে দেয়—মেজের উপর শিশুর মৃতদেহ।

মরে গেছে! চীৎকার ক'রে ওয়াং।

'হ্যাঁ। ফিস্ ফিস্ ক'রে ওলান্ জবাব দেয়।

ওয়াং নীচু হ'য়ে দেহটা পরীক্ষা করে—শুকনো চামড়ায় আঁটা কখানা হাড় মাত্র,

এই একমুঠো, এত টুকু একটু শরীর।

মেয়ে।

ওয়াং-এর মুখ দিয়ে প্রায় বেরিয়ে আসে ঃ 'এই মাত্র যে কান্না শুনলাম!' কিন্তু সামলে যায়। ওলান্-এর মুখের দিকে চায়—মড়ার মত প'ড়ে আছে মেয়েটা, চোখ বন্ধ, মুখে এক ফোঁটা রক্ত নেই, ছাইয়ের মত সাদা। চামড়ার তলা হ'তে খোঁচা খোঁচা হাড় বেড়িয়ে আছে। মুখে এতটুকু শব্দ নেই, অবসাদে মড়ার মত এলিয়ে পড়ে আছে ওলান্। ওয়াং কিছু বলতে পারে না, স্তব্ধ হ'য়ে যায়। ও তো কেবল নিজের দেহের বোঝাই বয়। কিন্তু এই মেয়েটা! এই কমাস কি অপরিসীম দুঃখই না সয়েছে। দিনের পর দিন অনাহারে, তার ওপর জঠরের ঐ বুভুক্ষু প্রাণীটা বেঁচে থাকার দুর্দম প্রয়াসে ওকে কুরে কুরে খেয়েছে—!

কিছু বলতে পারে না ওয়াং। নিঃশব্দে মৃতদেহটা তুলে নিয়ে পাশের ঘরে চলে যায়। খুঁজে পেতে একটা ছেঁড়া মাদুরের টুক্‌রো বের কারে তাতেই ওটা জড়িয়ে নেয়—মাথাটা এদিক ওদিক এলিয়ে পড়ে। হঠাৎ ওয়াং এর চোখে পড়ে—শিশুর গলায় দুটো নীল দাগ। চোখ ফিরিয়ে নিয়ে কর্তব্যে মন দেয় ওয়াং।

বেশী দূর যেতে পারে না, পা চলে না। পশ্চিমের মাঠের শেষে পাহাড়টার গায়ে কতগুলো পুরোনো, ভাঙ্গা ধ্বসা কবর রায়েছে—পূজাহীন, অপরিচয়ের গ্লানি অঙ্গে মাখা সেগুলোর। তারি মধ্যে একটা ধ্বসে যাওয়া কবরের গর্তের মধ্যে শবটা ওয়াং ধীরে ধীরে নামিয়ে দেয়। সেই মুহূর্তেই কোত্থেকে একটা প্রকান্ড বাঘের মত উপোসী কুকুর পেছনে এসে দাঁড়ায়। ওয়াং একটা ঢিল ছুঁড়ে মারে। কুকুরটার অস্থি সার গায়ে ঠন্ করে এসে লাগে ঢিলটা। কিন্তু ক্ষুধায় ওটা মরীয়া হায়ে উঠেছে, ঢিল খেয়ে একটু নড়ে বসল মাত্র।

ওয়াং-এর পা যেন অবশ হয়ে আসে, দেহের ভার আর বুঝি বইবে না। মুখ ঢেকে বাড়ীর দিকেই পা বাড়ায়।

নিজের মনে বলে ঃ 'এই ভালো, এই ভালো—।

আজই প্রথম নিরাশা ওর সবখানি মন পরিব্যপ্ত করে, ও যেন ভেঙ্গে পড়ে একেবারে।

নীলের পালিশ লাগানো আকাশে রোজকার মতই সূর্য ওঠে পরের দিন। কাল ও ভেবেছিল ঘর ছেড়ে চলে যাবে সবাইকে নিয়ে,—এই এতগুলি অসহায় শিশু, অক্ষম বৃদ্ধ আর ওই বীত-শক্তি নারী।...আজ মনে হয়, স্বপ্ন, স্বপ্ন, সব স্বপ্ন—কাল ও স্বপ্ন দেখেছিল...

শ'খানেক মাইলেরও বেশী পথ।...হয়তো পথের পারে রয়েছে সব পেয়েছিরই দেশ। কিন্তু এই নিঃশেষিত-শক্তি দেহগুলোকে কেমন ক'রে অতদূর টেনে নিয়ে যাব? তারপর সেই অজানা দক্ষিণ দেশ, সেখানে যে খাবার মিলবে, সেখানেও যে এমনতরো দুর্ভিক্ষ নেই, তাই বা কে বলবে? আকাশের দিকে তাকালে তো মনে হয়, ওই জ্বালাময় পিঙ্গল বিস্তারের বুঝিবা শেষ নেই,...চলে গেছে পৃথিবীর প্রান্তরেখা পর্যন্ত। সব শক্তি ক্ষয়

করে তো যাব—হয়তো পড়ব গিয়ে আরো বেশী দুর্ভিক্ষের দেশে, হয়তো দেখব, চারদিকে আরো বেশী উপবাসীর ভিড়…

না, না, তার চেয়ে এই ভালো…যেমন আছি তেমন…অন্ততঃ বিছানায় শুয়ে আরাম করে তো মরতে পারব।

দাওয়ায় বসে এমনি কত কথাই ভাবে ওয়াং।

অসহায় দৃষ্টিতে তাকিয়ে থাকে শুকন উষর ক্ষেতগুলির দিকে, একটা বিচিত্র কাঠিন্যে ধূ ধূ ক্ষেতগুলো। একটি তৃণও নেই কোথাও…কেড়ে খুড়ে তুলে নেওয়া হয়েছে সব…যা কিছু খাদ্য ব'লে অন্ততঃ মুখে পোরা চলে, যা কিছু উনুনে দিয়ে জ্বালানো চলে…সব, সব—

পুঁজিও শূন্য—শেষ কপর্দকটিও এই কদিন আগে গেছে। আর থাকলেই বা লাভ কি ছিল? অর্থ দিয়েই কি আহার মিলবে? ওয়াং শুনেছে শহরে বড় লোকেরা খাবার জিনিস পুঁজি ক'রে রাখে—কতক নিজেদের জন্য, কতক বেশী দামে বেচবে বলে। এককালে ওর রাগ হত। আজ আর হয় না। পারবে না ওয়াং, কোনো মতেই হেঁটে শহরে যেতে পারবে না—। বিনা পয়সায় পেট ভ'রে খেতে পাবার লোভেও না।…তা ছাড়া সত্যি ক্ষিদেও আজ তেমন নেই।

প্রথমটায় ওর মনে হতো—পেটের মধ্যে অহর্নিশ কি যেন কুরে কুরে খেয়ে চলেছে। এখন সে-সব থেমে গেছে। এখনও মাঠ থেকে মাটি খুঁড়ে এনে সম্পূর্ণ নির্লোভ হ'য়ে জল দিয়ে গুলে ছেলেদের মুখের কাছে ধরতে পারে। মাটি—কদিন ধরে ওরা ওই মাটিই খাচ্ছে জল দিয়ে গুলে—মাটি নয় করুণাময়ী জগদ্ধাত্রী। মাটিই খেতে হচ্ছে, কিছুটা অন্ততঃ পুষ্টির শক্তি আছে মাটির—কিন্তু শেষ পর্যন্ত ত' প্রাণটাকে বাঁচিয়ে রাখতে পারে না। তা ছাড়া জল দিয়ে গুলে খানিকটা মাটি খেয়ে ছেলে দুটো ক্ষিদের জ্বালাও তো ভুলে থাকে অন্ততঃ কিছুক্ষণ—আর হাওয়ায় ফুলো শূন্য পেটগুলোতে যাহোক্ কিছুতো পড়ে।

ওলান্-এর হাতে বীন্-এর কটা দানা এখনও রয়েছে, ওয়াং কিছুতেই ওর একটাও ছোঁবে না নিজে। অনেকক্ষণ পরে পরে ওলান্ একটি একটি দানা নিয়ে আস্তে আস্তে চিবোয়। চিবুনর শব্দ ওয়াং-এর কানে আসে। বেশ লাগে…ওয়াং যেন সান্ত্বনা পায়।

দাওয়ায় ব'সে থাকে ওয়াং, চার পাশে নিরাশার রন্ধ্রহীন আঁধার, আশার এত-টুকু রশ্মি চোখে পড়ে না।…সেই ভালো, সেই ভালো…বিছানায়ই শুয়ে থাকবে ওয়াং, ঘুমিয়ে পড়বে…সুপ্তির পথ বেয়ে মরণ আসবে চুপি চুপি…।

কেমন যেন ভালো লাগে একথা ভাবতেও। স্বপ্নময় আবেগে ওর মন ছেয়ে যায়।

মাঠ পেরিয়ে কারা যেন ওর দিকেই আসে। কাছে এলে ওয়াং চিনতে পারে—একজন ওর কাকা, অন্যদেব ও চেনে না। যেমন ছিল তেমনি বসে থাকে। স্বরে জোর ক'রে খুশির সুর টেনে ওয়াং-এর কাকা বলেঃ 'ওঃ কতদিন দেখিনি তোদের। বেশ ভালোই তো আছিস দেখছি। কই, দাদা কই? কেমন আছে?' ওয়াং তাকিয়ে দেখে কাকা একটু রোগা হ'য়ে গেছে বটে, কিন্তু উপোসী চেহারা নয়। ওয়াং-এর খিন্ন

বিশীর্ণ দেহের ক্ষয়িত শক্তির যেটুকু অবশিষ্ট ছিল আজও, সংহারিণী মূর্তি ধরে ভেঙে পড়তে চায় এই লোকটার ওপর। কিন্তু উপায় নেই—নিজের মনে গোঁ গোঁ করে বলে, 'তোমরা খাও, পেট ভরে খেতে পাও—।' অন্য লোকগুলোর দিকে ও তাকিয়েও দেখে না—ও খালি দেখে, কাকার হাড়ের ওপর মাংস লেগে আছে তখনও।

—'হুঁঃ, খাওয়া! খাচ্ছি বৈকি!' চোখ দুটো বড় বড় ক'রে আকাশের দিকে দুই হাত ছুঁড়ে কাকা চীৎকার করে, 'যা না, গিয়ে দেখ্ একবার আমার ওখানে। একটা চড়াই পাখীও দানাটি খুঁটে পাবে না। তোর খুড়ী—মনে আছে তো কেমন মোটা ধুসো গতরখানা ছিল তার! কেমন চেক্নাই ছিল চেহারার। আর এখন চাম্ড়াখানা ঝুল্ ঝুল্ করছে, যেন খোঁটার গায়ে একটা জামা ঝোলান। নড়লে চড়লে চামড়ার খোলের মধ্যে হাড্ডিগুলো খট্খট্ ক'রে বাজে। সাত সাতটা ছেলে মেয়ে ছিল, ছোট তিনটেই পটল তুলেছে। আমার হাল তো চোখেই দেখছিস্।'

ব'লে জামার আস্তিনে চোখদুটি সাবধানে মুছে নিল।

'পাও, পাও, তোমরা খেতে পাও।' নিষ্প্রাণ ভাবে ওয়াং বলে।

ওর মুখের কথা লুফে নিয়ে কাকা বলে, 'তোর আর দাদার কথা ছাড়া আর কি আমার মনে কোনো চিন্তা ছিল? বিশ্বাস তো করবিনে। কিন্তু আজ সেইটেই প্রমাণ করব। আজকাল কে-ই বা খেতে দেয়! এই এরা লোক ভালো তাই খাবার ধার দিলে তবু। এরা লোক খুব ভালো, শহরেই থাকে। খেয়ে দেয়ে গায়ে একটু বল হ'লে আমাদের এ গাঁ থেকে এদের কিছু জমি জোগাড় ক'রে দেব বলেছি। আমার প্রথমেই মনে হ'ল তোর কথা। তোর তো মেলাই ভালো ভালো জমি আছে। এখন আর ও রেখেই বা কি হবে? মাটি খেয়ে তো আর জান বাঁচে না। ট্যাঁকে পয়সা থাকলে তবু কাজ দেয়। আমি বলি কি জমিগুলো তুই ছেড়ে দে, এরা লোক ভালো, ভালো দামই দেবে। টাকা পেলে খেয়ে প্রাণ বাঁচবে, বুঝলি?'

ওয়াং একটুও নড়ল না, এক ভাবেই বসে রইল। আগন্তুকরা যে ওর চোখেও পড়েছে তা ওকে দেখে মনে হ'ল না। একবার কেবল চোখ তুলল, এরা শহর থেকেই এসেছে বটে। পরনে সিল্কের ঝোলা পোষাক, একটু ময়লা। নরম তুল্তুলে হাত, তাতে লম্বা নখ, স্বচ্ছন্দ-ভোজন-পরিপুষ্ট চেহারা, স্নায়ুতে তাজা রক্তের বেগবান প্রবাহ। হঠাৎ এই লোকগুলির ওপর ওয়াং-এর মনে প্রবল ঘৃণা জেগে ওঠে। সুপ্রচুর পান-ভোজন-পুষ্ট শহরের কীটগুলি দাঁড়িয়ে রয়েছে ওর সামনে, আর ওর সন্তানেরা ক্ষেতের মাটি খুঁড়ে খেয়ে পেটের আগুনকে চাপা দিচ্ছে। নিদারুণ দুর্গতির সুযোগ নিয়ে এই মানুষগুলো এসেছে ওর জমি কেড়ে নিতে! ওয়াং-এর দৃষ্টিতে ক্রোধের বহ্নি শিখা জ্বলে ওঠে। কঙ্কালীভূত মুখের মধ্যে গভীর কোটর প্রবিষ্ট চোখ দুটো যেন ঠিকরে বেরিয়ে আসতে চায়। 'জমি বেচব না আমি'—দৃঢ়ভাবে ওয়াং বলে।

কাকা দু'পা এগিয়ে আসে। এর মধ্যে ওয়াং-এর মেজ ছেলেটি হামা দিয়ে দরজার কাছে এসে বসেছে কখন। হাঁটবার শক্তি নেই, দ্বিতীয় শৈশবে ফিরে গেছে যেন আবার।

বৃদ্ধ ওকে দেখে বিস্ময়ে চীৎকার ক'রে ওঠে: 'এমনি হাল হয়েছে? সেই নাদুস

মুন্দুস সুন্দর ছেলেটা ? একেই তো সেবার একটা পেনি দিয়েছিলাম না ?'

সকলের দৃষ্টি পড়ল ছেলেটার দিকে। এতদিন ওয়াং-এর চোখে জল আসেনি—আজ হঠাৎ ওর এতদিনকার রুদ্ধ বেদনা তাল পাকিয়ে পাকিয়ে গলার কাছে উঠে এসে গলে গলে আঁখির পথে নেমে এসে বক্ষ প্লাবিত করে দিল। ধীরে ধীরে চাপা স্বরে ওয়াং জিজ্ঞাসা করে ঃ 'কি দাম দেবে তোমরা ?' তিন তিনটে অসহায় শিশু, এদের খাইয়ে বাঁচাতেই হবে। ওর নিজের আর ওলান্-এর ভাবনা নেই। ওরা নিজেদের ক্ষেতে আপন হাতে নিজেদের কবর খুঁড়ে তার মধ্যে শুয়ে পড়বে, ধীরে ধীরে মরণের কোলে ঘুমিয়ে পড়বে। কিন্তু এদের তো একটা ব্যবস্থা করা চাই।

আগন্তুকদের মধ্যে চোখ-কানা লোকটি বলে ঃ 'তা এ ছেলেটার মুখচেয়ে এ সময়কার সাধারণ বাজার দরের চাইতে কিছু বেশীই দেব তোমায়। এই ধর,' কিছুক্ষণ থেমে আবার বলে ঃ 'ধর, একর প্রতি একশ' পেনি দেব।'

ওয়াং তিক্তভাবে হেসে জবাব দেয় ঃ 'তার চেয়ে জমিগুলো ভিক্ষে চাও বলেই হাত পাত না কেন ? ওর বিশগুণ দামে যে কিনেছি হে।'

'তা, হ্যাঁ, কথাটা ঠিক। তবে কি জানো ? দুর্ভিক্ষ লাগলে মানুষ যখন না খেয়ে খেয়ে ধুক্‌পুক্ করে তখন অন্য রকম কথা হয় বৈকি।' বেঁটে উঁচু নাকওয়ালা লোকটা বলে। ওর স্বরে কেমন একটা অস্বাভাবিক স্পষ্টতা ও প্রাখর্য।

ওয়াং তিনজনের দিকেই তাকায়। হুঁ ? এরা ভেবেছে ওয়াং দায়ে ঠেকেছে সুতরাং একে এরা বাগে পেয়েছে। বুড়ো বাপ ছেলেরা না খেয়ে শুকিয়ে মরতে বসেছে —কাজেই সব কিছুতেই রাজি হবে ওয়াং ? তাই না ?

পরাভবের অসহায়তা উবে গিয়ে একটা প্রচন্ড ক্রোধ ওর সারা মন পরিব্যাপ্ত ক'রে দিল। ও লাফিয়ে উঠে ক্ষিপ্ত কুকুরের মত আগন্তুকদের দিকে ধেয়ে গেল।

'বেরিয়ে যাও, বেরিয়ে যাও, জমি বেচব না আমি। মাটি খুঁড়ে খাওয়াব ছেলেদের হ্যাঁ, তাই খাওয়াব। ওরা মরলে এই মাটিতেই কবর দেব। আমরা সব—বৌ, বাবা, আমি সব এ মাটিতে শুয়েই চোখ বুজব। এ মাটির কোলেই জন্মেছি—এখানেই মরব—।'

প্রবল কান্নার ওর সমস্ত শরীর মথিত হয়ে ওঠে। সমস্ত ক্রোধ হঠাৎ যেন দমকা বাতাসে উড়ে যায়। দাঁড়িয়ে দাঁড়িয়ে আকুলভাবে কাঁদে, সমস্ত শরীর প্রবলভাবে থর্ থর্ করে কাঁপতে থাকে—লোকগুলো আর কাকা মুচ্‌কি মুচ্‌কি হাসে ; ওদের মনে কোনও ছাপই পড়ে না। ওদের চোখে এসব নেহাৎ পাগলামো, ভাবালুতা, এক্ষুনি সব ঠান্ডা হয়ে যাবে।

হঠাৎ ওলান্ দরজা ঠেলে বাইরে এসে লোকগুলোকে লক্ষ্য ক'রে বলে,—সেই সাধারণ ব্যঞ্জনাহীন স্বর, এ যেন রোজকার ব্যাপার, তার বেশী কিছু নয়,—'জমি আমরা বেচব না গো, বেচলে এখন নয় কড়ি হবে, তারপর—ফিরে এসে খাব কি ? আসবাবগুলো বেচতে পারি, টেবিল আছে একটা, দুটো চৌকি, বিছানাটা, চারটে বেঞ্চি, বড় কড়াটা, এই সব নিতে চাও ত দিতে পারি। হালের যন্ত্রপাতি বা জমি কিছুই বেচব না। নিতে হয় নাও, নয় চলে যাও বাপু, ঝামেলা করো না।'

ওলান্-এর ভঙ্গিতে এমন একটা শান্ত গাম্ভীর্য যার প্রচন্ড শক্তির সামনে ওয়াং-এর খুড়ো ভ্যাবাচ্যাকা খেয়ে ঢোক গিলে জিজ্ঞাসা করল, 'সত্যি যাচ্ছ ?'

এক-চোখো লোকটা আর তার সঙ্গীদের মধ্যে অস্ফুটস্বরে কি যেন কথাবার্তা হ'ল। তারপর সে বলল ঃ 'ভাল জিনিস তো একটাও নেই, যত সব বাজে জিনিস, পোড়ান ছাড়া আর কোনো কাজে আসবে না। দু' ডলারের বেশী দিতে পারব না। দিতে হয় দাও, নয় থাক।' বলেই তাচ্ছিল্যের ভঙ্গীতে মুখ ফিরিয়ে নিল। ওলান্ খুব শান্তভাবে তাদের জানিয়ে দিল, 'ওতো জলের দাম। দু'ডলারে একটা চৌকিও হয় না। তবে দামটা হাতে হাতে পেলে ঐ দামেই জিনিস ছাড়ব।'

তাই হ'ল। দুটি ডলার ওলান্-এর হাতে এসে পড়ল। ওরা তিনজনে মিলে ঘরে ঢুকে সব জিনিসপত্র বের করে নিয়ে গেল, মায় উনুনের ওপর থেকে কড়াটা পর্যন্ত। ওয়াং-এর কাকা তার দাদার চোখের সামনে আর গেল না—। তা ছাড়া শত হ'লেও ভাই তো ; তাকে হিঁচড়ে টেনে মাটিতে শুইয়ে বিছানা কেড়ে নেবে এ অপ্রীতিকর দৃশ্যটা নিজের চোখে দেখার সাহসও ছিল না।

খা খা করা শূন্যতার মধ্যে মাঝের ঘরের এক কোণে লাঙ্গলটা আর এক কোণে দুটো কোদাল পড়ে রইল কেবল। ওলান্ স্বামীকে বলল ঃ 'ডলার দুটো হাতে থাকতে থাকতে চলো বেরিয়ে পড়ি—নইলে এরপর ঘরের খুঁটি বেচতে হবে। ফিরে আসার পর মাথা গোঁজার ঠাঁই থাকবে না তাহ'লে।'

'তাই চলো'—ওয়াং বলে। মাঠের ওপর দিয়ে অপসৃয়মান প্রেতমূর্তিগুলোর দিকে তাকিয়ে ওয়াং মনে মনে বার বার বলে ঃ 'আমার মাটিতো রইল—মাটি—।'

[দশ]

উদ্যোগ নেই, আয়োজন নেই, কেবল ঘরের দরজাটা টেনে, শিকলটা তুলে দেওয়া। কাপড় যা তা পরনেই। দু' ছেলের হাতে দুটো বাটি আর দুজোড়া কাঠি তুলে দিল ওলান্। ওরা পরম আগ্রহে ওগুলো শক্ত ক'রে চেপে ধরে—যেন আহারের সুনিশ্চিত সম্ভাবনার প্রতীক এরা।

তারপর মাঠের বুক বেয়ে ওরা চলে—প্রেতমূর্তির ছোট একটি শোভাযাত্রা। ধীরে, অতি ধীরে ওরা চলে ; এত ধীরে মনে হয় এই দুর্ভাগারা নগরের প্রাচীর পর্যন্তও পৌঁছুতে পারবে না।

মেয়েটিকে ওয়াং বুকে জড়িয়ে নিয়েছে। হঠাৎ হুমড়ি খেয়ে পড়ে গেল দেখে, তাড়াতাড়ি খুকীকে ওলান্-এর কাছে দিয়ে ওয়াং বাপকে কাঁধে তুলে নিল। হওয়ার মত হাল্কা, বৃদ্ধের শীর্ণ দেহটা। তার ভারেও ওর পা থর্ থর্ ক'রে কাঁপতে থাকে।

কারো মুখে একটি কথা নেই। মন্দিরের পাশ দিয়ে পথ চলে গেছে। চির-

বিকার-হীন দেবতার তেমনি নির্বিকার ঔদাস্য—চলমান জগতের কোনো তরঙ্গ সে ঔদাস্যের কূল ছুঁয়ে যায় না। অত শীতেও দৌর্বল্যের আতিশয্যে ওয়াং কেবলি ঘামছে। হু হু ক'রে ঠান্ডা বাতাস বয়, শীতে ছেলেরা কাঁদে। ওয়াং ভোলায়ঃ 'কত বড় হয়েছিস তোরা, শীতে কাঁদিবি কিরে। চল্, কত নতুন দেশ দেখব, কি চমৎকার জায়গা, কত খাবার। শীত টিত কিচ্ছু নেই সেখানে। সাদা ধব্‌ধবে ভাত আমরা রোজ কেমন সবাই পেট ভরে খাব। কি খোসবাই সে ভাতের!'

একদমে হাঁটা সম্ভব হয় না। হাঁটে—আবার বসে, আবার হাঁটে। শহরের প্রাচীর এসে যায়। গেটের সুড়ঙ্গটার মধ্যেও কন্‌কনে হাওয়ার বেগবান স্রোত, যেন দুই দিকে পাহাড়ের মাঝখান দিয়ে বরফের নদী বয়ে চলেছে। এখানে বসে একদিন ওয়াং আতপ্ত দেহ শীতল ক'রেছিল—আর আজ তীব্র শীতে ওর হাড় পর্যন্ত জমে উঠেছে। পায়ের তলায় বরফের কণা মেশান কাদা, তীক্ষ্নাগ্র কণাগুলো সূঁচের মত পায়ে ফোটে। ছেলেদের খালি পা, হেঁটে ওরা এক পা'ও চলতে পারে না।

ওয়াং টল্‌তে টল্‌তে কোনো মতে বাবাকে পার করে আনে। এক এক ক'রে দুই ছেলেকেও তুলে আনে। তারপর একেবারে অবসন্ন হ'য়ে বসে পড়ে। সারা গায়ে ঝর্‌ঝর্ ক'রে ঘাম ঝরে। স্যাঁৎস্যাঁতে দেয়ালের গায়ে দেহ এলিয়ে দিয়ে চোখ বুজে পড়ে পড়ে হাঁপায় অনেকক্ষণ ধরে। সকলের মুখ শুকিয়ে যায়। ওর মুখের দিকে উদ্বিগ্ন দৃষ্টি মেলে ওরা দাঁড়িয়ে দাঁড়িয়ে ভয়ে কাঁপে।

জমিদার বাড়ীর অতি কাছে এসে পড়েছে ওরা। গেট তালা বন্ধ। দু'পাশের ধূসর রং-এর সিংহ দু'টোর ওপর কত ঝড় বাতাসের পদচিহ্ন পড়েছে। সিঁড়ির ধাপের ওপর গুঁড়ি মেরে পড়ে আছে কতগুলো নর-নারীর ছায়া-প্রায় মূর্তি। তাদের বুভুক্ষা-তীব্র লোভাতুর দৃষ্টি যেন বন্ধ দরজার গায়ে ছোবল মারছে। অয়াং পাশ কাটিয়ে চলে যেতে যেতে শোনে, কে একজন বলছে ভাঙ্গা হেঁড়ে গলায়ঃ 'এই বড় মানুষেরা পাষাণ গো পাষাণ। এদের ঘরে কত ভাত, ওরা ফেলে ছড়িয়ে খায়, আর যা বাকী থাকে তা দিয়ে মদ বানায়। আর আমরা না খেয়ে মরি!'

আর একটা স্বর, যেন কান্নায় ভেঙ্গে পড়েঃ 'হেই ভগবান, দাও, এক লহমার জন্য হাত দু'খানায় একটু শক্তি দাও,—আগুন ধরিয়ে দি এই পিশাচপুরীতে। পিশাচ্! পিশাচ্, হোয়াং পিশাচ্,—বড়লোকেরা সব পিশাচ্! চোখের সামনে দেখি মহলগুলো দাউ দাউ ক'রে জ্বলে উঠুক। ছারখার হ'য়ে যাক সব। নিজে মরি ক্ষতি নেই। আর ঐ মাগীরা, হোয়াং-এর ছেলে যারা পেটে ধরেছে,—মরুক মরুক, ওরাও এই আগুনে পুড়ে মরুক। ওদের নরকেও ঠাঁই হবে না!'

ওয়াং নীরবে এগিয়ে চলে।

শহর পেরিয়ে ওরা যখন দক্ষিণের গেটে আসে, তখন সন্ধ্যা, অন্ধকার নেমে এসেছে। একদল লোকের সাথে দেখা হ'ল। দখিণের যাত্রী তারাও। ওয়াং সবে মাত্র ভাবতে সুরু করেছে রাতটা কোথায় মাথা গুঁজে কাটাবে—এমন সময় হঠাৎ দেখল, ওরা একটা দারুণ ভিড়ের আবর্তে ওলট্‌পালট্ খাচ্ছে। একটা লোক এসে একেবারে হুমড়ি খেয়ে

ওর ওপর পড়্ল। ওয়াং জিজ্ঞাসা করল ওকে ঃ 'এরা সব চলেছে কোথায়, বলতে পার ?'

লোকটা জবাব দেয় ঃ 'আকাল পড়েছে গো দেশে। আমরা সব না খেয়ে ম'লাম। তাই সব চলেছি দক্ষিণে। ঐ হোথা, সামনের ওই বাড়ীটা থেকে 'আগুন-গাড়ী' ছাড়ে, তাতেই সব যাব। ভাড়া বেশী নয়, এক ডলারেরও কম। 'আগুন-গাড়ী !' চায়ের দোকানে ওয়াং শুনেছে বটে নামটা লোকের মুখে। একটা গাড়ীর সাথে নাকি আর একটা শেকল দিয়ে বাঁধা থাকে। না টানে মানুষ, না গরুঘোড়ায়। কল না কিসে নাকি চলে। ড্র্যাগনের নিঃশ্বাসের মত কলটা থেকেও নাকি আগুন আর জল বেরয় হুস্ হুস্ করে। অনেকবার ভেবেছে ওয়াং, একবার গিয়ে একটু দেখে আসবে। তা ওর কি আর ছাই ছুটি মিলল ক্ষেতের কাজ থেকে ! আর দূরও তো কম নয়— সেই উত্তরে ওদের বাড়ী। তারপর অচেনা অজানা এই বস্তুটার ওপর ওর সন্দেহও ছিল যথেষ্ট। কাজ কর খাও, বাস তার চাইতে বেশী জানবারই বা আর দরকার কি !

একটু সন্দিগ্ধভাবেই ওলান্-এর দিকে ফিরে ওয়াং লোকটাকে শুধায় ঃ 'আমরাও যেতে পারবো ওতো ?'

ও আর ওলান্ দুজনার মিলে বুড়ো আর ছেলেদের ভিড়ের চাপ থেকে একটু ফাঁকায় নিয়ে আসে। ভয়ে বিস্ময়ে ওরা কেবল পরস্পরের দিকে ফ্যাল ফ্যাল ক'রে তাকায়। বৃদ্ধ মুখ থুবড়ে মাটিতে পড়ে গেল। ছেলেরা ধুলায় লুটিয়ে পড়ে,— ওরা আর পারে না। চার পাশে অসংখ্য মানুষের পা, কখন ওদের ওপর এসে পড়ে বা। মেয়েটা ওলান্-এর বুকে জড়ান, কিন্তু ওর মাথা এলিয়ে পড়েছে, স্তিমিত চোখে পড়েছে, মৃত্যুর কালো ছায়া ! সব ভুলে ওয়াং ডুকরে কেঁদে ওঠে—একেবারে চলে গেল ! ওলান্ মাথা নেড়ে জানায় ঃ 'না, এখনও যায়নি। বুকের কাছে এখনও একটু শ্বাস ধুক্ ধুক্ করছে। তবে রাতটা আর কাটবে না। তা এভাবে থাকলে এটা কেন, সকলেই—'

আর বলতে পারে না। কন্ঠ-রোধ হয়ে আসে। নিরুপায় দৃষ্টি তুলে ধরে স্বামীর দিকে। শীর্ণ মুখখানা ক্লান্তির গভীর রেখায় বড় করুণ হয়ে ওঠে। ওয়াং কিছু বলার ভাষা খুঁজে পায় না। তাইতো—আর একটা দিন এমনি করে চললে,— ওদেরও আর যে রাত পার হবে না।

কিন্তু তবু স্বরে জোর করে উৎসাহ টেনে এনে বলে ছেলেদের ঃ 'ওরে ওঠ্ তোরা, লক্ষ্মী সোনারা, দাদুকে তোল, এই মজার গাড়ী চড়ে আমরা যাব যে এখন।'

অন্ধকারের বুক চিরে ড্র্যাগনের মত গর্জাতে গর্জাতে কি একটা ছুটে এল। চোখ দিয়ে তার আগুন ঠিক্‌রে পড়ছে। চারদিকে একটা হুড়োহুড়ি, ছুটোছুটি, চীৎকার পড়ে গেল। প্রত্যেকেই প্রত্যেককে পেছনে ফেলে এগিয়ে যেতে চায়। ধাক্কাধাক্কিতে ওয়াংরা প্রতিমুহূর্তে বিচ্ছিন্ন হ'য়ে পড়তে লাগল, কিন্তু অতি কষ্টে পরস্পরকে তারা আঁকড়ে ধরে রইল। সহস্র উন্মত্ত-কন্ঠের এলোমেলো চীৎকার মথিত ঘন অন্ধকারের মধ্যে ধাক্কায় ধাক্কায় এগিয়ে ওরা একটা ছোট দরজা দিয়ে বাক্সর মত একটা ঘরে ছিট্‌কে পড়ল। আপনার জঠরে এতগুলো মানুষকে পুরে নিয়ে তমোময়ী যবনিকা নির্মম হাতে ছিঁড়ে ফেলে দৈত্যটা আবার অজস্র গর্জনে ছুটে চল্‌ল।

[এগার]

একশ মাইল পথ। ভাড়ার জন্য দুটো ডলার ওয়াং কন্ডাক্টারের হাতে দিল। কন্ডাক্টার ফিরিয়ে দিল এক মুঠো পেনি !

গাড়ীটা এক জায়গায় এসে থামতেই একটা ফেরীওয়ালা গাড়ীর জানালা দিয়ে নিজের পসরা বাড়িয়ে ধরে। কয়েকটা পেনি দিয়ে ওয়াং চারখানা রুটি আর খুকীর জন্য একবাটী নরম ভাত কিনল। বহুদিন অত খাবার ওরা একসঙ্গে চোখে দেখেনি। পেটে জ্বলন্ত ক্ষুধা থাকা সত্বেও কিন্তু মুখে দিতেই খাবার ইচ্ছা উবে গেল। অনেক ভুলিয়ে ভালিয়ে ছেলেদের সামান্য একটু খাওয়ান গেল। কিন্তু বৃদ্ধকে ভোলাতে হ'ল না। সে তার দন্তহীন মাড়ী দিয়ে পরিপূর্ণ অধ্যবসায়ের সঙ্গে একটা রুটি নিয়ে চুষতে লাগল। গাড়ীর এলোমেলো গতিতে ভেতরকার মানুষগুলো গড়াচ্ছিল, হুমড়ি খেয়ে পড়ছিল এর ওর ওপর। স্বরে আত্মীয়তার সুর লাগিয়ে ওয়াং-এর বাবা সবাইকে উপদেশ দেয়ঃ 'না খেলে চলবে কেন? আমি বুড়ো মানুষ কেমন খাচ্ছি দেখছ না। তবে আমার ভুঁড়িটি কদিন কাজ না ক'রে একটু কুঁড়ে হ'য়ে পড়েছেন দেখছি। কিন্তু তাই বলে আমি ছাড়ছিনে। উনি কাজ করতে চাইবেন না বলে আমি শিঙ্গে ফুঁকি আর কি! হুঁ শর্মার কাছে সে সব চালাকী খাট্‌বে না। খাইয়ে তবে ছাড়ব, দেখনা। এই বিরল শ্মশ্রু, অস্থিসার, ক্ষুদ্রকায় বৃদ্ধের কথায় সবাই হেসে ওঠে।

ওয়াং খাবারের জন্য সব পয়সা খরচ করেনি, কিছু রেখে দিয়েছে! অচিন্ জায়গায় একটা মাথা গোঁজার ঠাঁই করে নিতে হবে তো! তার তো খরচ-পত্র আছে। গাড়ীতে বহু যাত্রী ছিল যারা এর আগে বহু বার দক্ষিণে এসেছে। কেউ কেউ প্রতিবার আসে কাজের খোঁজে। কাজ ক'রে এবং ভিক্ষে ক'রে খাবার খরচটা বাঁচায়। ক্রমে নূতন স্থানের বিস্ময় কেটে যায় ওয়াং-এর। প্রথম প্রথম চলন্ত গাড়ী থেকে ঘুলঘুলির ফাঁকে ও অবাক হয়ে তাকিয়ে দেখত মাটি কেমন করে ঘুরপাক খায়। এখন এও অভ্যস্ত হয়ে গেছে। এখন ও সকলের কথাবার্তা শোনার অবকাশ পায়। লোকগুলি এমন পন্ডিতের মত কথা বলে যেন ওদের চারদিকে কেবল মুখ্যুর দল। হাসি পায় ওয়াং-এর।

'বুঝলে, প্রথম গিয়েই খানকয়েক চাটাই কিনে ফেলবে,' উটমুখো লোকটা বলে উঁচু গলায়ঃ 'দু দু পেনি ক'রে একটা চাটাই। দরদস্তুর ঠিকমত ক'রতে না পারতো তিন পেনি চেয়ে বসবে ঠিক জোচ্চর ব্যাটারা। আমায় দক্ষিণী কোনো শর্মা ঠকাতে পারে না যত টাকার গুমরই থাক না তার।' বলে বিজ্ঞের মত মাথা নেড়ে বাহবার আশায় সকলের মুখের দিকে তাকায়!

ওয়াং খুব ব্যগ্র কৌতূহলে শোনে। গাড়ীর মেজের ওপর শক্ত হ'য়ে বসে ও জিজ্ঞাসা করেঃ 'তারপর?'

লোহচক্রের ঘর্ঘর নির্ঘোষের উপর নিজের কণ্ঠ তুলে লোকটা বলেঃ 'তারপর আর কি? চাটাইগুলো বেঁধে ছেঁদে একটা যাহোক ক'রে আশ্রয় খাড়া করে নায়। তারপর বেশ ক'রে গায়ে কাদাটাদা মাখো খানিক, চেহারাখানা বেশ যত্নসই করে নাও যেন দেখলেই লোকের মন ভিজে যায়, শেষে বেরিয়ে পড়ো ভিক্ষেয়।'

'ভিক্ষেয়?' ওয়াং চমকে চীৎকার ক'রে ওঠে। জীবনে কখনও তো ও ভিক্ষে করেনি। দক্ষিণ দেশ সম্পূর্ণ ওর অজানা। অজানা দেশের অচেনা লোকের কাছে ভিক্ষে করার কথাটা ওর মোটেই ভালো লাগে না।

উটমুখো লোকটা জবাব দেয়ঃ 'হ্যাঁ গো হ্যাঁ। কিছু না খেয়ে বেরিও না। ভোর বেলা উঠে চলে যেও লঙ্গর-খানায়। দাও একটা পেনি ফেলে আর দিব্যি পেট ঠুসে খাও ধবধবে সাদা ভাতের মন্ড। তারপর আরামসে ধীরে আস্তে বেরোও ভিক্ষে ক'রতে। দেখবে ও দেশের লোকের কেমন পয়সা। ভিক্ষে করে যা পাবে, তা দিয়ে তরকারী কেনো, রসুন কেনো, বীন্-এর চাটনী কেনো—যা খুশি।'

ওয়াং একটু আড়ালে সরে গিয়ে হাত দিয়ে কোমরে বাঁধা গেঁজের পয়সা গোনে। খান দুই চাটাই, প্রত্যেকের এক বাটী ক'রে ভাত বেশ হবে। হয়েও পেনি তিনেক বাঁচবে।

স্বস্তির নিঃশ্বাস ফেলে ওয়াং—জীবনের নূতন অধ্যায়ের সুরু এ মূলধনেই বেশ হবে।

কিন্তু ভিক্ষে! পথচারীদের সামনে ভিক্ষাপাত্র তুলে ধরা? কি এক অব্যক্ত যন্ত্রণায় ওয়াং-এর মন পীড়িত হতে থাকে। ছেলেরা না হয় পারতে পারে; বাবাও পারে। ওলান্-এর পক্ষেও হয়ত সম্ভব, কিন্তু ওর তো দুটো সমর্থ হাত রয়েছে, ও ভিক্ষে কেমন ক'রে করবে? আবার ওয়াং জিজ্ঞাসা করেঃ 'কাজটাজ মেলে না সেখানে?'

খানিকটা থুথু ফেলে ঘৃণার সাথে লোকটা বলেঃ 'পাবে না! আলবৎ পাবে। হলদে রং-এর রিকশ ক'রে রোদ্দুরে দৌড়ে দৌড়ে বড় লোকদের টানতে পারবে। শরীরের মধ্যে যে ক'ফোঁটা রক্ত আছে দিব্যি গলে গলে ঘাম হয়ে বেরুবে দর্ দর্ ক'রে। আবার ভাড়ার জন্যে যখন হা পিত্যেশ ক'রে দাঁড়িয়ে থাকবে তখন আবার ঘামগুলো জমে বরফ হবে। ওরে বাপরে উনি ভিক্ষে করতে পারবেন না—ছাল নাই কুকুরের বাঘা নাম!' তারগর এমন সুমধুর ভাষা প্রয়োগ করল ওয়াংকে লক্ষ্য ক'রে যে বেচারার আর কিছু জিজ্ঞাসা করবার সাহস রইল না।

এসব কুথা শুনে ভালোই হ'ল ওয়াং-এর। ও মনে মনে সব হিসেব ঠিক করে নিল। গাড়ীটা গন্তব্য স্থানে পেঁছে ওদের ঢেলে ফেলতেই ওয়াং কাছেরই একটা প্রকান্ড বাড়ীর সুদূর বিসারী ধূসর রং-এর প্রাচীরের কাছে ওলান্-এর জিম্বায় সবাইকে রেখে চলে গেল বাজারে চাটাই কিনতে। বাজারের পথ ও চেনে না, জিজ্ঞাসা ক'রে নিতে হয়। আর এক ফ্যাসাদ। ওয়াং এদের কথা বোঝে না, এদের উচ্চারণ কেমন যেন তীক্ষ্ণ, ভাঙ্গা ভাঙ্গা; ওর কথাও এদেশী লোক বোঝে না। ওয়াং বার বার জিজ্ঞাসা করে, ওরা বোঝে না আর ও দাঁত খিঁচুনী খায়। অল্পক্ষণের মধ্যেই

মানুষের মুখ দেখে তাদের মেজাজের বিচার করার একটা অভিজ্ঞতা দাঁড়িয়ে গেল ওর। মুখ দেখলেই এখন ও ঠিক বুঝে নেয় কার কাছে পথের কথা জিজ্ঞাসা করলে ও সদুত্তর পাবে। কাজেই বুঝে শুনেই জিজ্ঞাসা করে। বাপ্‌স্‌ যা রগ-চটা লোক সব এরা!

চাটাইয়ের দোকানের সন্ধান মিলল শহরের প্রায় প্রান্ত ঘেঁষে। যেন দাম ও ভালো করেই জানে এমদি ভাবে দর দস্তুর না করেই সোজা ন্যায্য দামটা দোকানীকে হাতে তুলে দিয়েই ও চাটাই নিয়ে এল।

ওর ফিরতে দেরী দেখে ভেবে মরছিল সবাই—বিদেশে বিভুঁই। ওয়াংকে ফিরতে দেখে সকলে যেন হাঁফ ছেড়ে বাঁচল। একমাত্র বৃদ্ধের মনে কোনো ভাবনা ছিল না এতক্ষণ। সে আনন্দে বিস্ময়ে তার নূতন জগৎ পর্যবেক্ষণ করছিল। ওয়াং আসতেই সে বলে উঠল: 'দেখেছিস্‌ কি মোটা এ দেশের মানুষগুলো—কেমন পালিশ চকচকে চেহারা, নিশ্চয় রোজ মাংস খায়।'

পথচারীদের কেউ ফিরে চায় না ওয়াংদের দিকে। বড় রাস্তাটা দিয়ে কত লোকই বা আনাগোনা করে। সবাই ব্যস্ত। আশে পাশের দরিদ্র ভিখারীদের একটু দৃষ্টি ভিক্ষা দেবে সে সময় কোথায় ওদের। অল্পক্ষণ পরেই ভারবাহী গর্দভের ছোট ছোট দল খুট্‌ খুট্‌ করতে করতে আসে যায়। ওদের ছোট ছোট খুরগুলো রাস্তার পাথরের খাঁজে যেন মাপে মাপে বসে যায়। কোন গর্দভের পিঠে ইটের বস্তা, কোনোটার পিঠে বড় বড় শস্যের বস্তা আড় করে রাখা, সব চাইতে পেছনের গাধার পিঠে চাবুক হাতে চালক। তার উচ্চ কণ্ঠের বিশিষ্ট অভিব্যক্তির সাথে হাতের চাবুক শপাং শপাং শব্দে নিরীহ প্রাণীগুলোর পিঠে নেমে আসে বার বার। ওয়াংদের পাশ দিয়ে যাবার সময় রাজপথের ধারের এই বিস্ময়াভিভূত ভাগ্যহীনদের দিকে তাকিয়ে এদের চোখে মুখে তাচ্ছিল্য ও রূঢ়তার কুঞ্চন ফুটে ওঠে। ওয়াংদের বিচিত্র বেশে বাসে ভারী মজা লাগে। দেখলেই ওদের লক্ষ্য ক'রে চাবুক আস্ফালন করে। শব্দে চমকে সরল বেচারীরা লাফিয়ে ওঠে। আর ওরা হেসে গড়িয়ে পড়ে। দু' তিন বার এরকম হ'তেই ওয়াং চটে গিয়ে জায়গা বদলাবার জন্য ব্যস্ত হয়ে ওঠে।

ওদের ঠিক পেছনটায়, প্রাচীরের গা ঘেঁষে ঠিক ঐরকম আরো কতগুলো কুড়ে ছিল। প্রাচীরের আবেষ্টনীর মধ্যে কি আছে কেউ জানে না, জানার কোনো পথও নেই। দূর বিসারী ধূসর বিস্তৃতি নিয়ে আকাশের বুক চিরে দাঁড়িয়ে আছে প্রাচীরটা। চালাগুলো প্রাচীরের গায়ে ঠিক কুকুরের গায়ে এঁটুলির মত লেগে আছে। ওয়াং অন্যদের চালাগুলো দেখে নিজেরটাও অমনি ক'রে ক'রতে চেষ্টা করে। কিন্তু চেরা নল ঘাস দিয়ে তৈরী চাটাই মুড়তে চায় না, শক্ত হয়ে থাকে। ওয়াং হাল ছেড়ে দেয়। ওলান্‌ বলে: 'দাও আমায় দাও, ছোট বেলায় করতে দেখেছি, বেশ মনে আছে।'

মেয়েকে মাটিতে শুইয়ে ওলান্‌ চাটাইগুলো নৌকার ছই-এর মত ক'রে মুড়ে গোল ক'রে মাটির ওপর খাড়া ক'রে ইঁট কুড়িয়ে এনে ধারগুলো চাপা দিয়ে দিল। ভিতরে একটা মানুষ বেশ বসতে পারে, মাথা ঠেকে না। একটা চাটাই বেঁচেছিল সেটা মাটিতে পেতে নিল।

ব্যবস্থা এক রকম হ'য়ে গেল। এবার মুখ চাওয়া চাওয়ির পালা। ওদের যেন সব ব্যাপারটা কেমন অসম্ভব মনে হয়।···কেবল মাত্র কালই বাড়ী ছেড়েছে। একটা দিনেই কি দূরত্বের ব্যবধান, একশ মাইল! হেঁটে আসতে কতদিন লাগত, কতদিন কত সপ্তাহ ; হয়ত ক'জন পথ শেষ হবার আগে নিজেরাই শেষ হ'য়ে যেত। তারপর মনে হয়, কত প্রাচুর্য এদেশে। চারদিকে কত লোকের ভিড় ; কিন্তু অনাহারের ক্ষুদ্রতম ছায়াও তো কোন মুখে নেই। ওরাও তাহলে খেতে পাবে, না খেয়ে পড়ে পড়ে ধুকতে আর হবে না। এমনি একটা নিশ্চিন্ততার অনুভূতিতে সকলেরই মন মেতে উঠে। ওয়াং বলে ঃ 'চলো তো, দেখি এবার লঙ্গর-খানাটার খোঁজ ক'রে।'

খুশি হয়ে ওরা বেরিয়ে পড়ে। ছেলেরা কাঠি দিয়ে ঠুন্ ঠুন্ করে বাটি বাজায় পথ চলার তালে তালে। একটু পরেই ওদের শূন্য বাটিগুলো ভরে উঠবে। যে প্রাচীরটার গায়ে ওয়াং আয়শ্র নিয়েছে, তারি উত্তর দিক দিয়ে একটা রাস্তা। ওই রাস্তা ধরে চলেছে বাটি, বালতি, ভাঙ্গা টিনের-কৌটা প্রভৃতি শূন্য পাত্র হাতে বিরাট ভুখ্ মিছিল—রাস্তার শেষ প্রান্তে অবস্থিত লঙ্গর-খানার দিকে। ওয়াংরা এখন বুঝতে পারল, কেন ঐ বৃহৎ প্রাচীরটার গায়ে অতগুলো কুঁড়ে রয়েছে। এদের সাথে ওয়াংরা মিশে গেল। অল্পক্ষণের মধ্যে চাটাই দিয়ে তৈরী প্রকান্ড দুই চালার সামনে এসে তারা উপস্থিত হল। চালার খোলা দরজার সামনে সকলে ভিড় ক'রে এসে দাঁড়াল।

চালার পেছনের অংশে বিশাল বিশাল মাটির উনুন। অত বড় উনুন ওয়াং জন্মে দেখেনি। তার ওপর চাপান ছোট খাট পুকুরের মত অতিকায় লোহার কড়া। কড়ার ঢাকনা খুললে, সেই ফাঁকে দেখা যায় ধব্‌ধবে ফুটন্ত, সাদা ভাতের চঞ্চল নৃত্য ; ভেসে আসে সুবাসিত বাষ্পের জাল। আঃ, সে কি সুগন্ধ! নাকে আসতেই ভিড়ের চাপ সামনের দিকে ঠেলে আসে। চীৎকার, ডাকাডাকি, শিশুর কান্না, ক্রুদ্ধ মায়ের গলাগালি,—এই বুঝি তার ছেলেদের কে মাড়িয়ে দিলে ; সব মিশিয়ে একটা কোলাহল পড়ে যায়। সরাইওয়ালারা চীৎকার করে ঃ 'আরে, সবাই পাবে, সবাই পাবে—। ভাত মেলাই আছে। বোস সব চুপ ক'রে।' কিন্তু দুর্বার এই বুভুক্ষু মানবের প্রবাহ। পেট না ভরা পর্যন্ত এমনি করেই এরা বুনো পশুর মত কাড়াকাড়ি করে। ওয়াং যেন ভেসে যাচ্ছে এই স্রোত-বেগে। প্রাণপণ শক্তিতে বাপ আর ছেলে দুটিকে শক্ত ক'রে ধরে রাখে। কখন যেন পেছনের ধাক্কায় ও চালার সামনে এসে পড়ল। তারপর অতি কষ্টে বাটি বাড়িয়ে ধরল। এবং ভাত পেলে দামটা বের ক'রে দিল অতি কষ্টে। প্রতিমুহূর্তে জনপ্রবাহ ওকে যেন ভাসিয়ে নিয়ে যায়—প্রাণপণে ঐটুকু সময় ও কোনোমতে দাঁড়িয়ে রইল।

ফাঁকা রাস্তায় এসে দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাত খায় ওরা। ওয়াং-এর বাটিতে খানিকটা ভাত পড়ে থাকে, ও সবটা খেতে পারে না। রেখে দিল, রাতে খাওয়া যাবে।

কাছেই লাল-নীল কাপড়ের পোষাক পরা একটা পাহারা-ওয়ালা গোছের লোক দাঁড়িয়েছিল। সে তীব্র স্বরে বাধা দিল ঃ 'পেটে পুরে যা নিয়ে যেতে পারো, নাও বাপু। বাস। পোটলা বাঁধা চলবে না।'

• ওয়াং অবাক্। বারে! পয়সা দিয়ে কিনেছে রীতিমত! পেটে পুরেই ওর জিনিস ও নিয়ে যাক্ আর পোট্‌লা বেঁধেই নিক্, তা ও লোকটার কি? লোকটা বুঝিয়ে বলে: 'বাপুহে, বুঝছ না। এ তোমাদের ভালোর জন্যেই। এ লঙ্গর-খানা গরীব গরবার জন্যই। গরীবের জন্যই এত সস্তা করা হ'য়েছে, নইলে এমনিতে এক পেনির ভাতে কি আর পেট ভরে কারো? কিন্তু জানো—জানবেই বা আর কি ক'রে—একদল মানুষ আছে, এমন পাষন্ড যে গরীবের এই সস্তা ভাত কিনে নিয়ে গিয়ে শুয়রদের খাওয়াতে লাগলো। তাই এ নিয়মটা করতে হ'ল। বুঝলে?'

ওয়াং অবাক হয়ে শোনে। চীৎকার করে ওঠে: 'ওঃ, এমন পাষন্ডও আছে? আচ্ছা, গরীবদের এমন ক'রে কে খাওয়ায়?'

'ভাল লোকও আছে, সবাই কি আর মন্দ! শহরে মেলাই বড় লোক আছে··· কেউ খাইয়ে পুণ্যি ক'রে পরলোকের পথ সাফ করে, আবার কেউ করে তারিফের আশায়। কতই যে আছে দুনিয়ায়!'

'তা, যার জন্যই করুক। কাজটা তো ভাল। কেউ কেউ হয়ত ওসব কিছুই চায়না, সত্যিকার দরদ আছে বলেই করে তারা।'

লোকটা আর জবাব না দিয়ে পিছন ফিরে একটা অলস সুর গুন্‌গুনিয়ে ভাঁজে। ওয়াং নিজেকে নিজেই সমর্থন করে ও-তরফের কোনো সায় না পেয়ে। তারপর কুঁড়েতে ফিরে আসে সবাই। গ্রীষ্মের পর থেকে আজ এই প্রথম পেট ভরে খাওয়া। গভীর অবসাদে, ঘুমে ওদের সর্বাঙ্গ আচ্ছন্ন হ'য়ে এল।

ঘুম ভাঙ্গল পরদিন ভোরে।

কালই ভাত কিনতে সব খরচ হ'য়ে গেছে। আজ খাওয়া চলে কি দিয়ে? কি করা যায়। জিজ্ঞাসু দৃষ্টিতে ওয়াং স্ত্রীর দিকে চায়। কিন্তু আজ আর সেই নিরাশার দৃষ্টি নয়—যে-দৃষ্টি ও মেলে ধরেছিল ওলান্‌-এর দিকে যেদিন ওদের শস্য-শ্যামল মাঠের বুকে মরুভূমির ঊষরতা নেমে এসেছিল। ওয়াংরা কি এখানেও না খেয়ে মরবে? হতে পারে না। এখানে রাস্তায় ঘাটে সকলের চেহারায়ই স্বচ্ছন্দ ভোজনের কান্তি। বাজারেও দেখে এল—তরী তরকারী, মাছ-মাংসের অজস্রতা। বড় বড় কাঠের গামলায় কত মাছ। একি সম্ভব, এমন প্রাচুর্যের দেশে একটা মানুষ তার ছেলে পুলে নিয়ে না খেয়ে থাকবে? এতো তাদরে গাঁ নয়—যেখানে পয়সা দিলেও কিছু কিনতে পাওয়া যায় না! কিন্তু সে তো হ'ল। জিনিস পেতে হ'লে পয়সা তো চাই। ওয়াং-এর জিজ্ঞাসু দৃষ্টির উত্তরে স্থির ভাবে ওলান্‌ জবাব দেয়: 'ছেলেরা, আমি আর বাবা না হয় ভিক্ষে করি। আমাকে ভিক্ষে হয়ত কেউ দেবে না। কিন্তু বাবা বুড়ো মানুষ, তাকে দেখে লোকের মন নিশ্চয় গলবে।' কথাগুলো বেরিয়ে এল এমন ভাবে যেন এ ওলান্‌-এর প্রাত্যাহিক অভ্যস্ত জীবনের একটি অধ্যায় মাত্র, এর খুঁটি নাটি সবই ওর পরিচিত।

শিশুর স্বভাব—এরই মধ্যে ক'টা দিনের বিভীষিকাময় ইতিহাস ওরা একেবারে ভুলে বসেছে। পরম নিশ্চিন্ততায় রাস্তায় দাঁড়িয়ে হাঁ করে ওরা নূতন জগৎটাকে দেখছিল। ওলান্‌ ওদের ডেকে নিল, হাতে তুলে দিল বাটি। তারপর শেখাতে

বসল ঃ 'হ্যাঁ এই ভাবে বাটি ধরে জোরে জোরে বল,—এই এমনি ক'রে, করুণ স্বরে—জয় হোক বাবু, জয় হোক মা। পুণ্যি হবে, ভগবান রাজা করবেন—দয়া ক'রে কিছু দিয়ে যান বাবু। কর্তাদিকে কত পয়সা ফেলে দেন বাবু। আজ ক'দিন খাইনি, দু'টো পয়সা দিন খেয়ে বাঁচব!'

অবোধ বালক, বোঝেনা কিছু। অবাক্ হয়ে তাকিয়ে থাকে মায়ের দিকে। ওয়াংও বিমূঢ় হ'য়ে যায়—এ সব শিখল কোথায় ওলান্? রহস্যময়ী এ নারীর কতখানি অংশ এখনও ওর কাছে অনুদ্ঘাটিত রয়ে গেছে কে জানে!

ওলান্ই সমস্যার সমাধান করে ঃ 'যখন খুব ছোট ছিলাম, এমনি ক'রে ভিক্ষে করতাম, তবে তো খেতে পেতাম। সেবার দুর্ভিক্ষের বছরই আমায় বেচে দিলে কিনা।'

বৃদ্ধ ততক্ষণ জেগে উঠেছে। তার হাতেও একটা বাটি গুঁজে দিল ওলান্। চারজনে চ'লে গেল বড় রাস্তায়। সকলের সামনেই ওলান্ বাটি তুলে ধরে। অনাবৃত-বক্ষে ঘুমন্ত শিশুর এলিয়ে-পড়া মাথা এদিক ওদিক দোল খায়। শিশুকে দেখিয়ে, স্বরে যাচ্ঞা মেখে ওলান্ চীৎকার করে ঃ 'দয়া করে দিয়ে যান কিছু মা, বাবু, নইলে—'

সত্যি মেয়েটাকে দেখলে মনে হয়, বুঝি মরেই গেছে—এমন ভাবে মাথাটা ঝুলে পড়েছে, আর এদিক ওদিক দুলছে। কারো প্রাণে দরদ হয়, খুচরা দু' একটা ভাঙ্গতি ছুঁড়ে ফেলে দেয় ওর দিকে।

ভিক্ষের ব্যাপারটা ছেলেদের মনে হ'ল বেশ একটা খেলা। বড় ছেলে স্বভাব-লাজুক। চাইতে গিয়ে কুণ্ঠিত হাসি ফুটে ওঠে মুখে। মার চোখে পড়ে যায়। দু'জনকে হিড়্ হিড় ক'রে কুঁড়েতে টেনে এনে গালে মুখে চড়ের ওপর চড় মারতে লাগল আর বলতে লাগল ঃ 'ক্ষিদে, মুখে আনিস আর ক্ষিদের কথা,—ছাই বেড়ে দেব। লজ্জা করে না দাঁত বের করে হাসতে।' ওলান্-এর হাত আর থামতে চায় না। অবশেষে নিজের হাত যখন প্রায় ফাটবার মত হ'ল, তখন দু'জনকে ঠেলে বের করে দিল। 'হ্যাঁ ঠিক হয়েছে এবার, যুৎসই চেহারা খানা হয়েছে। খবরদার আর হেসেছিস্ তো, হাড় মাস আলাদা করে দেব ঠেঙ্গিয়ে।'

ওয়াং রাস্তায় বেরিয়ে পড়ে। একে তাকে জিজ্ঞাসা ক'রে রিক্শর 'খাটাল' খুঁজে বের ক'রে আধ ডলারে একটা রিক্শ সারা দিনের জন্য ঠিক করে নিল।

অদ্ভুত নড়্বড়ে হাল্কা দু'চাকার কাঠের গাড়ীটা টানতে টানতে ওয়াং-এর মনে হয় সারা বিশ্ব ওর আনাড়ি-পনা দেখে হাসছে। হালে প্রথম-জোড়া বলদের মত রিক্শর বমের মধ্যে দাঁড়িয়ে দাঁড়িয়ে ওয়াং-এর কেমন অদ্ভুত ঠেকে। হাঁটতে পা বেঁধে যায়। কিন্তু পয়সা পেতে হ'লে তো আর দাঁড়িয়ে থাকলে চলবে না। ছুটতেও হবে। রিকশ্ওয়ালারা তো দৌড়ে দৌড়েই রিক্শ টানে। সংকীর্ণ নির্জন একটা গলি খুঁজে নিয়ে ওয়াং রিক্শ টানা অভ্যাস ক'রতে আরম্ভ করে। কিছুতেই যেন আর হাত আসে না। দুত্তোর ছাই—এর চেয়ে ভিক্ষে ক'রে খাওয়া ভালো।

গলিরই একটা বাড়ীর দরজা খুলে যায়। স্কুল-মাষ্টারের পোষাকপরা চশমা

চোখে বয়স্ক একজন ভদ্রলোক ওকে ডাকলেন। ওয়াং ভদ্রলোককে বোঝাতে চেষ্টা করে, যে ওর কাঁচা হাত, তাড়াতাড়ি টানতে পারবে না। কিন্তু এক অক্ষরও কি বোঝে লোকটা! সে গম্ভীরভাবে ওকে রিক্‌শ নামাতে সংকেত করে। কি যে করবে ওয়াং ভেবে পায় না। লোকটার গুরু-গম্ভীর চেহারা দেখে ভড়কে গিয়ে রিক্‌শ নামিয়ে দেয়। সে ভেতর ঢুকে সোজা হ'য়ে বসে হুকুম করে: 'কনফ্যুসিয়াসের মন্দির।'

ও স্থানটির অবস্থান সম্বন্ধে কোনো ধারণাই ওয়াং-এর নেই। কিন্তু তবুও ওই গুরু গম্ভীর মূর্তিকে কিছু জিজ্ঞাসা করার সাহসও হ'ল না। অন্যের দেখাদেখি ও সামনের দিকেই ছুটতে লাগল। খোঁজ ক'রতে ক'রতে একটা বড় রাস্তায় এসে পড়ে। অসম্ভব ভিড়। পসরা-মাথায় রকমারী ফিরীওলা, মেয়েরা চলেছে বাজার করতে; ঘোড়ার গাড়ী, রিক্‌শ, আরো কতরকম গাড়ী,—ও সে-সবের নামও জানে না। এত ভিড়ে দৌড়োন অসম্ভব। ও যতটা সম্ভব তাড়াতাড়ি হেঁটেই চল্‌ল। পিছনের বোঝাটার সশব্দ ঝাঁকানি ও কিছুতেই ভুলতে পারে না। পিঠে বোঝা বইবার অভ্যাস তো কিছু কম নেই, তবে বোঝা টানেনি ও কস্মিন্ কালেও। মন্দিরে পেঁছুবার আগেই ব্যথায় ওর হাত টন্‌টন্ ক'রতে থাকে—মস্ত মস্ত ফোস্কা পড়ে যায়। লাঙ্গল-টানা হাতে ফোস্কা পড়ার অবশ্য কথা নয়, তবে বমের ঘষাটা লাগছে, লাঙ্গলের ঘষা সেখানে লাগেনি, কাজেই জায়গাটা নরম রয়ে গেছে।

গন্তব্য স্থানে পেঁছে মাষ্টার মশায় নেমে গেলেন। জামার বুকে অনেক দূর পর্যন্ত হাত গলিয়ে একটা রুপোর মুদ্রা বের ক'রে দিয়ে বললেন: 'আর হবে টবে না বাপু, সরে পড় গোলমাল না ক'রে।'

গোলমাল করবে কি ওয়াং? সে-কথা ওর মাথায়ই আসেনি। কারণ ওরকম মুদ্রা এর আগে ও দেখেনি। ওতে ক' পেনি পাওয়া যাবে কে জানে।

কাছেই একটা চালের দোকানে মুদ্রাটা ভাঙ্গিয়ে ওয়াং ছাব্বিশটা পেনি পেল। এত সহজে এত পাওয়া যায় এখানে? ওয়াং বিস্ময়ে অভিভূত হ'য়ে যায়। আর একজন রিক্‌শওয়ালা কাছেই দাঁড়িয়েছিল, সে ওর পেনি গোনা দেখছিল। সে বলল: 'মাত্র ছাব্বিশ পেনি? কতদূরে নিয়ে গিয়েছিলে বুড়োটাকে?'

ওয়াং বলতেই ও রেগে উঠল: 'আচ্ছা চামচিকে তো বুড়ো! ঠিক আদ্দেক ভাড়া দিয়েছে তোমায়। ভাড়া ঠিক করে নাওনি আগে থাকতে?

'দরদস্তুর তো করিনি কিছু! সে ডাকল, আমি চলে এলাম।'

সহানুভূতি ভরা দৃষ্টিতে লোকটা ওয়াং এর দিকে তাকাল। তারপর আশ-পাশের লোকদের ডেকে বলল: 'শুনছ তোমরা সব! কে ওকে ডাক্‌ল আর উনি তার পেছন পিছন সুর্ সুর্ ক'রে চলে গেলেন। অমন লম্বা টিকি না হ'লে অমন আক্কেল! গেঁয়ো ভূত কোথাকার! আরে হাঁদা, দরটা প্রথম ঠিক ক'রে নিতে হয়। বিদেশী সাহেবদের কথা অবশ্য আলাদা। ওরা একটু খিট্‌মিটে মেজাজের বটে, কিন্তু ওরা ডাকলে দরদস্তুর না ক'রে যাওয়া যায়। সাহেবগুলো একটু বোকাই হয়। কোন্ জিনিসের কি দাম ওরা বোঝে না। হুট্ করতেই পকেট থেকে পেনি টেনি নয় একেবারে কাঁচা ডলার বের করে।'

সবাই হেসে ওঠে।

ওয়াং কিছু বলে না। এই সব সহুরে লোকের ভিড়ে ও মিইয়ে এতটুকু হয়ে যায়। চুপচাপ রিক্‌স নিয়ে চলে গেল। যেতে যেতে মনকে বোঝাল: 'হোক্‌গে ছাই কম, ছেলেদের কালকের খোরাক তো চলে যাবে।' কিন্তু সাথে সাথেই মনে প'ড়ল রাতে রিক্‌শর চুক্তি মেটাতে হবে। কিন্তু চুক্তির অর্ধেকও তো পায়নি ও। সকালের দিকেই আর একটা ভাড়া মিলে গেল। এবারে আর ঠকবে না, ঠিক দরদস্তুর ক'রে নিল। বিকেলে আরো দুটো পেল। কিন্তু রাতে সব মিলিয়ে হিসেব করে দেখল মালিকের হিসেব মিটিয়ে ওর হাতে মাত্র একটা পেনি থাকে। ওয়াং ঘরে ফিরল বিশ্রী একটা তিক্ততা নিয়ে। সারাদিনে পেল মাত্র এক পেনি? আর তার জন্য খাটলে কিনা ক্ষেতের একটা পুরোদিনের খাটুনির চাইতে বেশী! মজুরীও তো পোষাল না।

তারপর ওর সেই পেছনে-ফেলে আসা মৃত্তিকার স্মৃতি বন্যার মত ওকে প্লাবিত করে দিল। এই বিচিত্র দিনটার মধ্যে একবারও ওর মনে পড়েনি ও কথা। কত দূরে—কত দূরে—আজ ওর অন্নদায়িনী পালিকা জননী। সুদূরের আড়ালে বসে আজ ওরই আশাপথ চেয়ে আছে ওর মাটি। নিবিড় প্রশান্তিতে পূর্ণ হ'য়ে ওঠে ওয়াং-এর অন্তর। পরিপূর্ণ হৃদয়ে ও ঘরে ফেরে।

কুটিরে ফিরে দেখল ওলান্ সারাদিনের ভিক্ষায় পাঁচ পেনি আন্দাজ পেয়েছে, ছেলেরাও পেয়েছে কিছু। সব মিলে ভোরের খাওয়াটা হ'য়ে যাবে। ছোট খোকার পয়সাগুলো সকলের সাথে মেশাতেই সে চেঁচিয়ে কেঁদে উঠল। আপন উপার্জন সে ছাড়বে না। হাতের মুঠোতে পয়সা নিয়েই ছেলেটা ঘুমোল, বের করে দিল খালি নিজের ভাত কেনার সময়।

বুড়ো পায়নি কিছু। বাধ্য ছেলের মত গোটা দিনটা রাস্তায় বসেই ছিল, কিন্তু চায়নি। ঘুমিয়েছে, জেগেছে, চোখের সামনে যা এসেছে, বিস্মিত চোখে তাকিয়ে দেখেছে, ক্লান্ত হ'লে আবার ঘুমিয়েছে। বুড়ো মানুষ, তাকে আর কিছু বলা যায় না। যখন দেখল, হাত একেবারে খালি, একটা পয়সাও পায়নি, নির্লিপ্ত ভাবে কেবল বলল: 'এই হা'তে আমি লাঙ্গল চালিয়েছি, বীজ বুনেছি, ফসল কেটেছি, আপন ভাতের থালা ভরেছি। আমার ছেলে হয়েছে, নাতি হয়েছে—'

ওর পুত্র আছে, পৌত্র আছে, এই পরম অধিকারেই ও খেতে পাবে। শিশুর মত নিশ্চিন্ত নির্ভরতায় বৃদ্ধ এই কথাটা জেনে বসে আছে।

[বার]

এখন আর না খেয়ে থাকতে হয় না। ছেলেদের পেটে রোজই কিছু না কিছু পড়ছে এখন। ওয়াং-এর পরিশ্রম আর ওলান্-এর ভিক্ষা-লব্ধ মিলিয়ে চলে যাচ্ছে এক রকম। কাজেই ক্রমে জীবনের এই বিচিত্র রূপান্তরের প্রথম অনুভূতির তীব্রতা

কমে এল অনেকটা। যে শহরের উপায়ে ওর জীবনের নূতন অধ্যায়ের বুনিয়াদ পত্তন হয়েছে, তারই পরিচয় নেবার আকাঙ্ক্ষা এবারে ওয়াং-এর মনে জাগল।

রিক্‌শ নিয়ে সকাল সন্ধ্যা রাস্তায় দৌড়ে খানিকটা পরিচয় ও পেয়েছেও। ও দেখেছে ওর রিক্‌শয় সকাল বেলায় স্ত্রীজাতীয় আরোহীরা বাজারে যায়, আর পুরুষ জাতীয়রা যায় স্কুলে, নয় অফিসে। স্কুলগুলির মস্ত মস্ত গাল-ভরা নামও শুনেছে, যেমন 'মহা-প্রতীচ্য বিদ্যালয়,' 'মহা চীন-বিদ্যালয়,' এমনি ধারা সব নাম। কিন্তু নাম ছাড়া এদের সম্বন্ধে আর কিছুই জানেনা ও। গেট পার হবার সাহসই হয়নি কখনও। অফিসগুলো সম্বন্ধেও ওর জ্ঞানের দৌড় ঐ পর্যন্ত। ও যায়, ভাড়া পায়, দোর গোড়া থেকে চলে আসে।

এখানেও ওয়াং-এর অভিজ্ঞতা ওই বাইরের। সাক্ষাৎভাবে এর কোনো কিছুর সাথে ওর পরিচয় ঘট্‌ল না,—ওর গতি-সীমা গেট পর্যন্ত। এই ঐশ্বর্য-শালিনী নগরীর একেবারে মাঝখানে থেকেও ওয়াং সম্পূর্ণ প্রবাসী ও অসম্পৃক্ত রয়ে গেল এর সাথে। ধনী-গৃহ-বাসী মূষিক যেমন সেই সংসারেরই ঝড়তি পড়তি খেয়েই জীবন ধারণ করে, অথচ সেখানকার জীবন-ধারার সাথে সত্যিকারের তার কোনো নাড়ীর যোগ নেই—তাকে গা ঢাকা দিয়েই থাকতে হয়, ওয়াং-এর অবস্থাও ঠিক এমনিই রয়ে গেল এই বিলাস নগরীতে।

ওয়াংরা নিতান্ত বাইরের মানুষ হয়েই রইল যদিও নিজের গাঁ থেকে মাত্র একশ মাইলের ব্যবধান এ যায়গা। একশ' মাইলের দূরত্ব বিশেষ করে স্থলপথে তো কিছুই নয়।

রাস্তায় ঘাটে সর্বদা ওয়াং যাদের দেখছে এখানে, তাদের চুল চোখ, ওদের উত্তর-দেশীদের মতই কালো; আকারে প্রকারে তারা ওদেরই মতো; এদের কাটা কাটা উচ্চারণও একটু কণ্ট করলেই বেশ বোঝা যায়। তবুও ওয়াং র'য়ে গেল বাইরের মানুষ হয়েই।

আনহুই আর কিয়াংশু এক কথা তো নয়। দুটো আলাদা জায়গা। ওয়াং-এর মনে হয়—আনহুই অর্থাৎ ওয়াং-এর মাতৃভূমির ভাষা—কেমন মন্থর, গভীর, কণ্ঠোৎসারী। আর কিয়াংশু—যেখানে ওরা এখন রয়েছে—শব্দগুলো উচ্চারণ করতে গিয়ে জিভের প্রত্যন্ত থেকেই ওষ্ঠের বাধায় হোঁচট খেয়ে টুক্‌রো টুক্‌রো হ'য়ে ছিট্‌কে পড়ে। আনহুইয়ে ওর মাটি-মা স্বচ্ছন্দ মন্থরতায় ধান, গম, মটর, রসুনের দাক্ষিণ্যে আপনাকে উৎসারিত ক'রে দেয় বছরে দু'বার। আর এখানে মনুষ্য-বিষ্ঠার দুর্গন্ধময় সারের সাহায্যে নগরোপান্তের জমিগুলোর উৎপাদিকা শক্তি বাড়িয়ে জবরদস্তি ক'রে সারাবছর নানা রকম তরকারী, শাকসব্জী আদায় করে। কেবল শস্য-শালিনী হয়েই মাটি-মার রেহাই নেই শহরে।

তাছাড়া ওয়াংদের দেশে দু'-এক কোয়া রসুন দিয়ে মোটা মোটা গমের রুটি একেবারে রাজভোগ। কিন্তু এখানে, শুয়রের মাংস, বাঁশের কোড়, পাখীর মাংস, হরেক রকম তরকারী, হরেক রকম রান্নার বাহার।—বাবাঃ হিসেব থাকে না ওয়াং-এর অতশত। গায়ে একটু রসুনের গন্ধ পেলেই যা নাক সিঁট্‌কায় এরা। রসুনের গন্ধ

নাকে গেলে কাপড়ের ব্যাপারীরা কাপড়ের দর শুদ্ধ চড়িয়ে দেয়, সাহেবদের দেখলে যেমন তারা করে থাকে।

একা ওরা নয়, ওদের গোটা দীন-পল্লীটি শহর এবং কাছেরই শহরতলী থেকে সম্পূর্ণ আলাদা রয়ে গেল। একদিন কনফ্যুসিয়সের মন্দির-প্রাঙ্গণের একধারে যেখানে সকলেরই অবারিত-দ্বার, ওয়াং দেখল ভীষণ ভিড় জমেছে। মাঝখানে এক যুবক সকলকে সম্বোধন করে উচ্চকণ্ঠে বলছে ঃ

'বিপ্লব চাই, চীনে চাই বিপ্লব। ঘৃণিত বিদেশীদের বিরুদ্ধে মাথা তুলতেই হবে।...'

ওয়াং ভয় পেয়ে পালিয়ে এল। ও তো বিদেশী। ওরই বিরুদ্ধে কথা বললে ছেলেটা! আরও একদিন শুনল, আর একজক যুবক ওয়াংদের ঐ দিককার রাস্তার মোড়ে দাঁড়িয়ে আহ্বান ক'রছে সমগ্র চীনবাসীকে—তাদের সংহত হতে, শিক্ষা পেয়ে মানুষ হতে। আজ ওয়াং-এর মনেই হল না এই আহ্বানের যারা লক্ষ্যভূত, সেও তাদের একজন।

কিন্তু একদিন ওর চোখ খুলে গেল। ও বুঝল এই শহরে ওর চাইতেও বেশী বিদেশী মানুষ আছে। সেদিন ও সিল্কের বাজারে ভাড়ার আশায় ঘুরতে ঘুরতে একটা দোকানের সামনে এসে উপস্থিত হল। মহিলারা এখানে সিল্ক কিনতে আসেন আর ওয়াং-এর ভাগ্যেও প্রায়ই দু'একটা বড়ো শিকার মিলে যায়, বেশ দু'পয়সা ভাড়া পাওয়া যায়। আজও পেল। কিন্তু জীবটি অদ্ভুত—স্ত্রী না পুরুষ, ওয়াং ঠাহর করতে পারল না; প্রকান্ড লম্বা গড়ন, কালো মোটা কাপড়ের ঝোলা পোষাকে পায়ের গোড়ালী পর্যন্ত ঢাকা, গলায় জড়ান কি একটা মৃত জন্তুর স-রোম চামড়া। জীবটি হাতের একটি হ্রস্ব ইঙ্গিতে ওয়াংকে বম্ নীচু করতে সঙ্কেত করল। কলের মত হুকুম তামিল করে ওয়াং। অভিভূতের মত উঠে দাঁড়াতেই জীবটি ভাঙ্গা অস্পষ্ট উচ্চারণে গন্তব্যের নির্দেশ দিল।

স্বপ্নাবিষ্টের মতো ছুটে চলল ওয়াং। পথে একজনকে ডেকে জিজ্ঞাসা করল ঃ 'দেখ তো ভাই আমার রিক্শায় ওটা কি চড়ে বসেছে!'

'জোর কপাল ভাই তোমার, লোকটা বলে ঃ 'ও বিদেশী—আমেরিকান মেমসাহেব যে—'

কিন্তু অদ্ভুত জীবটার ভয় ওকে একেবারে পেয়ে বসেছে। প্রাণপণে ও ছুটে চলল। গন্তব্যস্থানে যখন পেঁছিল, তখন ওর বিন্দুমাত্রও শক্তি অবশিষ্ট নেই। ভয়ে ক্লান্তিতে ও অবসন্ন। ঘেমে একেবারে নেয়ে উঠেছে। মহিলাটি নেমে এসে আগের মতই ভাঙ্গা উচ্চারণে বললে ঃ 'অমন করে মরতে মরতে ছোটার কোনো দরকার ছিল না। তারপর ন্যায্য ভাড়ার দ্বিগুণ দুটো ডলার ওর হাতে তুলে দিয়ে চলে গেল।

ওয়াং বুঝল, এই হল যাকে বলে আসল বিদেশী, ওর চাইতেও বেশী বিদেশী। কালো চুল, কালো চোখের সব মানুষ তবে একজাতের। আর কটা চোখ, কটা চুল-ওয়ালা সব আর এক জাত। বিদেশী ওরাই। ওয়াং এখনো পুরো বিদেশী নয়।

ডলার দ্বটো ও সাবধানে রেখে দিল। খরচ করল না। রাতে বাড়ী ফিরে ওলান্‌কে সব বল্‌লে। ওলান্‌ও দেখেছে ওদের। ওদের কাছেই তো ও বেশী ভিক্ষে পায়। এদের হাতে তামা টামা ওঠে না। স্রেফ র্বপো ওঠে।

কিন্তু এদের দ্বজনের বিশ্বাস অমন করে র্বপোর ম্বদ্রা দেওয়াটা এই বিদেশী-গ্বলোর ঔদার্য নয় ঠিক, এ ওদের নিছক বোকামী। নইলে র্বপো দেয় লোকে ভিখিরীকে! সবাই জানে ভিখিরীকে দিতে হয় এক আধটা তামার রেজ্‌গি। আচ্ছা বোকা বিদেশীগ্বলো!

কিন্তু ওর এই অভিজ্ঞতাই ওকে ব্বঝিয়ে দিল যা সেদিনকার য্ববকদের বক্তৃতায় ও বোঝেনি। ব্বঝল যে এখানকার যত কালো চুল, কালো চোখওয়ালা তাদেরই স্বগোষ্ঠী ওয়াংরা।

আর ব্বঝল এখানে না খেয়ে মান্বষকে মরতে হয় না। ওদের দেশে অনাহার ঘটে আহার্য থাকে না বলে। র্বদ্র আকাশের মমতাহীনতায় বসুন্ধরা হন বন্ধ্যা, আর সে বন্ধ্যাত্বের হেতুতেই হাতের অর্থও হয় অক্ষমতায় ম্বল্যহীন।

এখানে না খেয়ে মরবে না মান্বষ। চারদিকে এত আহার্য; যেখানে যাও সেখানেই খাবার জিনিস। ভারী অদ্ভুত লাগে ওয়াং-এর। মেছো বাজারে প্রকাণ্ড প্রকাণ্ড ঝ্বড়ি সারি সারি সাজান, তাতে বড় বড় র্বপালি মাছ—রাতের বেলা নদী থেকে ধরা। তারপর গামলায় গামলায় সব কুচো মাছ—প্বকুর থেকে ছোট ছোট জাল দিয়ে ধরা—কি রকম ঝল্‌মল্‌ করে মাছগ্বলো। হল্‌দে রং-এর কাঁকড়াগ্বলো সব স্ত্বপ ক'রে রাখা হয়েছে। বিরক্তিতে বিস্ময়ে ওরা দাঁড়া দিয়ে যেন শ্বন্যে চিম্‌টি কাটছে আর এদিক ওদিক নড়া-চড়া ক'রছে। ভোজন-বিলাসীদের অতিপ্রিয় কুঁচে মাছের স্ত্বপ সাপের মত মোচড় খাচ্ছে। শস্যের বাজারে যাও—এত প্রকাণ্ড প্রকাণ্ড এক একটা শস্যের ঝ্বড়ি যে তাতে একটা আস্ত মান্বষ তলিয়ে গিয়ে মরে থাকতে পারে। কত রকমের শস্য; সাদা চাল, বাদামী চাল ঃ গাঢ় হল্‌দে, ফিকে সোণালী রং-এর গম; হল্‌দে রং-এর সয়াবীন, লাল বীন, চওড়া চওড়া সব্বজ রং-এর বীন; হল্‌দে রং-এর ভুট্টা; তামাটে রং-এর তিল এমনি কত কি।

মাংসের বাজারে পেট চিরে নাড়ী-ভুঁড়ি বের করা গোটা গোটা শ্বয়োর সব ঝ্বলছে। গভীর লাল মাংসের মধ্যে সাদা ধব্‌ধবে থোলো থোলো চর্বি চমৎকার লাগে দেখতে। ঢিমে আঁচে সেঁকা হাঁস ঝ্বলিয়ে রেখেছে শিকেয় ক'রে দরজার চৌকাঠে। সাদা হাঁসের নোনা স্টট্‌কী—আরো কত রকম বেরকমের পাখীর মাংস সব।

তরকারীর বাজারও কম যায় না—ভুলিয়ে ভালিয়ে মান্বষ মাটি থেকে যা কিছ্ব আদায় ক'রতে পেরেছে কিছ্বই বাদ যায়নি। নানা রং-এর ম্বলো, পদ্মের নাল, কপি, নানারকম শাক, বাদাম, ক্রেসের নরম নরম পাতা, সব আছে। এরপর আছে মিঠাইওয়ালা, ফলওয়ালা, মেওয়া-ওয়ালা। ছেলের দল ম্বঠো ম্বঠো পেনি নিয়ে ছ্বটে যায় ফিরী-ওয়ালাদের কাছে, কেনে আর খায়। তেলে রসে চট্‌চটে হ'য়ে ওঠে ওদের হাত পা ম্বখ।

এহেন শহরে অনাহারে কেউ মরতে পারে না।

কিন্তু প্রত্যেক দিন দেখে ভোরে অন্ধকার কেটে যাবার সাথে সাথেই এই দীন পল্লীর প্রত্যেকটি কুঁড়েঘর থেকে নর-নারী-বৃদ্ধ-বালের এক একটি দল বেরিয়ে আসে। সুদীর্ঘ সারি রচনা ক'রে তারা লঙ্গর-খানার দিকে যায় একটি পেনির বিনিময়ে এক বাটি ভাতের মন্ড কিনতে। শীতের সকাল, নদীর বুক থেকে ওঠে জোলো কুয়াশা, কারো গায়ে কোনো আবরণ নেই, থাকলেও আভাসমাত্র। কন্‌কনে হাওয়ায় কাঁপতে কাঁপতে পিঠ বাঁকা হ'য়ে যায় তাদের। ওয়াং বাটি, কাঠি নিয়ে তার পোষ্য-বর্গ সহ এদের সঙ্গ নেয়।

ভাত কিনে কখনও যদি বা এক আধটা পেনি উপরি হয় ওয়াংদের তা দিয়ে এক আধটু তরকারী কেনে মাঝে মাঝে। তরকারীর হাঙ্গামাই কি কম? কাঠ চাই, রান্নার বাসন চাই। কাঠ খড়ের যেসব গাড়ী সহরে যায় তা থেকে লুকিয়ে টেনেটুনে ছেলেরা দু'এক মুঠো আনে; ওলান্‌ খান দুই ইঁট দিয়ে একটা উনুনের মত ক'রে রেখেছে, তাতে কোনও মতে তরকারীটুকু সেদ্ধ ক'রে নেয়। কাঠ খড় চুরি ক'রতে গিয়ে ধরা পড়ে ছেলেরা মারধরও খায় মাঝে মাঝে। বড় খোকা একটু লাজুক ও ভীরু। বেচারা একদিন রাতে ফিরে এল কোন্‌ চাষার হাতের গুতোয় ফোলা দু'চোখ নিয়ে। ছোট খোকার হাত বেশ রপ্ত হয়ে গিয়েছে চুরিতে।

ওলান্‌-এর মনে এসব কিছুই বড় একটা দাগ কাটে না। না হেসে ভিক্ষে যদি ওরা নাই চাইতে পারে, তবে চুরি করেই পেট ভরাক। পেটটা ভরাতে তো হবেই। ওয়াং কিছু বলতে পারে না। কিন্তু সন্তানের এই অবনতিতে রাগে দুঃখে অপমানে ভেতরটা ওর জ্বলে যায়। বড় খোকার ভীরুতাই ওর ভালো লাগে। এই বিশাল প্রাচীরের গায়ের কালো ছায়ার তলার এই বিড়ম্বনার জীবন তো ও চায়নি কোনোকালে। ওর জন্য ওর মাটি যে পথ চেয়ে রয়েছে।

একদিন খেতে বসে ওয়াং দেখল কপির ঝোলে বেশ বড়সড় একখন্ড শুয়োরের মাংস। বলদটা কাটার পর আর মাংস খায়নি এতদিন। ওয়াং খুশি হয়ে উঠল। জিজ্ঞাসা করল: 'আজ কোনো বিদেশীর কাছে ভিক্ষে পেয়েছ বুঝি?'

অভ্যাস-মত ওলান্‌ চুপ করে রইল। কিন্তু ছোট খোকা কৃতিত্বের গর্বে ডগ্‌মগ্‌ হয়ে বলে ফেলল: 'আমি এনেছি বাবা মাংস।' মাংস আনার ইতিহাসটা এই—এক বুড়ী, কসাইখানায় মাংস কিনতে গিয়েছিল। কসাই মাংস কেটে একটু অন্যদিকে চাইতেই ছোট খোকা বুড়ীর বগলের তলা দিয়ে ওটা নিয়ে সট্‌কে পড়ল। এক গলির মধ্যে একটা বাড়ীর পেছনে খালি একটা জলের জালার আড়ালে লুকিয়ে ছিল খানিকক্ষণ, তারপর বড় খোকা এলে, দু'ভাইয়ে মিলে বাড়ী এসেছে।

শুনে ভীষণ রেগে গেল ওয়াং। 'খাবো না আমি, এ চুরি করা মাংস,' চীৎকার করে ওঠে: 'গতর খাটানো পয়সা দিয়ে যেদিন কিনতে পারব সেদিন খাব। চুরি! আমার ছেলেরা চুরি ক'রবে? ভিক্ষে করতে হয়েছে বলে চোর নই আমরা, কখনও না।' ছুঁড়ে ফেলে দিল মাংস বাটি থেকে তুলে। ছোট খোকা কেঁদে মাটিতে গড়িয়ে পড়ল। ভ্রূক্ষেপও করল না ওয়াং।

ওলান্ তার চিরকালের স্বাভাবিক মন্থর নির্বিকার ভঙ্গিতে এগিয়ে এসে মাংসটা তুলে আনল। ধুয়ে পাত্রে রেখে শান্ত স্বরে বলল ঃ 'চুরি করা বলে কি ওটা আর কিছু হ'য়ে গেল নাকি ? মাংস মাংসই।' ওয়াং আর কিছু বলল না। কিন্তু রাগে গুমরাতে লাগল। ভয়ে যেন ওর বুকের ভেতরটা থমথমে হ'য়ে রইল, শহরে থেকে ওর ছেলেরা চোর হচ্ছে !

ওয়াং বসে বসে দেখে ওলান্ নির্বিকারচিত্তে তার কাঠি জোড়া দিয়ে মাংস ছিঁড়ছে। কিছু বলল না। দেখল ছেলেদের পাতে, বাবার পাতে তারি বড় বড় টুকরো দিল, ছোট খুকীকে একটু খাওয়াল, নিজে খেল। ওয়াং কিছু বলল না। শুধু নিজে ছুঁল না মাংস, কেবল নিজের পয়সায় কেনা কপির তরকারী দিয়ে ভাত খেয়ে উঠল।

খাবার পর ছোট খোকাকে নিয়ে গেল রাস্তায় ; ওলান্ শুনতে না পায় এমন জায়গায় ! তারপর ওর মাথাটা বগলে চেপে নির্মমভাবে ওকে মারতে লাগল। বালকের চীৎকারে নৈশ আকাশ ঘোলাটে হয়ে উঠল ; কিন্তু ওয়াং-এর হাত আর থামতে চায় না।

'চুরি করা ? এখন কেমন লাগে ! চোরের এই এই—' হাত চলার সাথে সাথে ওয়াং গর্জায়।

তারপর ছেড়ে দিলে কাঁদতে কাঁদতে বাড়ী এল। ওয়াং ভাবতে লাগল ঃ 'আর নয়, আর নয়, এবারে ফিরতেই হবে আপন ভুঁইয়ে, সেই পল্লীমায়ের কোলে।

ঐশ্বর্য-শালিনী এই মহানগরী যে মহা-দৈন্যের বুনিয়াদে গড়া, এত ঐশ্বর্যের মধ্যে থেকেও, ওয়াং লাং ভিতিমূলের সেই দৈন্যেই আকণ্ঠ ডুবে রইল। বাজারে আহার্যের কি অজস্রতা, কি অপচয় ! রাস্তার দুই ধারের চীনাংশুকের বিপণি-বীথি হতে নানা রং-এর দুকুলেয় ধ্বজা উড়ে উড়ে নবাগত পণ্য সম্ভারের বার্তা ঘোষণা করে। চারদিকে সাটীন, ভেলভেট্ সিল্কের পরিচ্ছদ-ভূষিত ধনিকের জগৎ, যাদের দেহের মাংস কোমল, কুসুম-পেলব হাতে যাদের কুসুম-সুরভি আর নৈষ্কর্মের লালিত্য। বিলাসিনী নগরীর এই রূপসম্ভারের পাশে ওয়াংদের ওই হৃত-শ্রী দুর্গত পল্লী। না আছে সেখানে অভদ্র ক্ষুধার মুখ চাপা দেবার মত স্বল্পতম খাদ্য, না আছে অস্থিসার দেহের নগ্নতা আবৃত করবার মত ক্ষুদ্রতম বস্ত্র।

পুরুষেরা দিনমান রুটি-কেকের কারখানায় খেটে ধনিকদের ভোজন বিলাসের সহস্র উপকরণ তৈরী করে। বালক মজুরেরা সেই ভোর থেকে খেটে খেটে মাঝরাতে বিশেবর অবসাদে চাপ-বাঁধা ময়লা ও তেল-চর্বিতে চটচটে দেহগুলি মেঝের খড়কুটোর ওপর এলিয়ে দেয়। পরদিন আঁধার না যেতে যেতেই চোখে অতৃপ্ত ঘুম নিয়ে টলতে টলতে এসে উনুনে আগুন দিতে হয়। এই শ্রমের মূল্য যা মেলে তা দিয়ে নিজের হাতে পরের ভোগের জন্য তৈরী ভক্ষ্যের একটি টুকরো কিনে মুখে দিতে কুলোয় না। আর একদিকে এরাই স্ত্রী-পুরুষে মিলে হাড় কালি ক'রে বহুমূল্য ব্রোকেড্, সিল্ক, ফার দিয়ে, কত সুষমা ফুটিয়ে বিভিন্ন পরিচ্ছদ তৈরী করে তাদেরই জন্য, যারা অপরের শ্রম-সৃষ্ট প্রাচুর্যকে নির্লিপ্ত ঔদাসীন্যে ভোগ করে। আর হতভাগ্য শ্রমিকদের ভাগ্যে জোটে কায়ক্লেশে-সংস্থান করা মোটা নীল কাপড়ের শ্রী-ছাঁদহীন যেমন তেমন করে জুড়ে নেওয়া নগ্নতার আবরণ।

এমনি ক'রে পরের ভোগের জন্য খেটে-মরা মানুষের দলের মধ্যে বাস করতে করতে ওয়াং কত বিচিত্র কথা শোনে। কিন্তু তেমন কান দেয় না ঃ অপেক্ষাকৃত বয়স্করা বড় কিছু একটা বলে না। বৃদ্ধেরা নীরবে খাটে, রিক্‌শ টানে, বোঝা বয়, ঠেলায় করে কাঠ, কয়লা বোঝাই ক'রে রাজবাড়ী বা কারখানার জোগান দেয়। পাথুরে রাস্তায় ভারী ভারী বোঝাই গাড়ীগুলি ঠেলতে ঠেলতে ওদের পিঠ ব্যথা হয়ে যায়, পেশীগুলি দড়ির মত মোটা হ'য়ে ফুলে ওঠে। আধপেটা আহার যা জোটে, দিনান্তে হিসেব ক'রে খায়, রাত্রির সংক্ষিপ্ত অবসরটুকু বেহুঁসে ঘুমিয়ে কাটায়। কোনো কথা বলে না। ওলান্‌-এর মতই এরা বোবা, তেমনি ভাবহীন মুখ। যা দু'একটা কথা বলে, হয় খাবার কথা, নয় পয়সা' কড়ির। পয়সা কড়ির মধ্যে পেনির ওপরে ওরা যেতে পারে না, রুপোর মুদ্রার উল্লেখ ওদের মুখে কদাচিৎ শোনা যায়। রুপোর মুদ্রা ওরা প্রায় চোখেও দেখে না। দিন আনে দিন খায়।

বিশ্রামের সময়ও এ মানুষগুলির মুখের পেশী এমন ভাবে কুঞ্চিত হ'য়ে থাকে, দেখে মনে হয় যেন ভয়ানক রেগে আছে। কিন্তু সত্যি রাগ নয়। বছরের পর বছর সামর্থ্যের অতিরিক্ত ভারী বোঝা টানার আয়াসে ওপরের ঠোঁট উল্টে গিয়ে বিশ্রীভাবে দাঁত বেরিয়ে আছে,—তাতেই মনে হয় ওরা যেন সর্বদাই দাঁত খিঁচিয়ে আছে। শক্তি প্রয়োগের প্রাবল্যে চোখ ও মুখের চারিদিক গভীর বলি-সংকুল। এরা যে এককালে কেমন ধারা মানুষ ছিল, সে-কথা এরা নিজেরাই সম্পূর্ণ ভুলে গেছে। একদিন মাল-বোঝাই একটা গাড়ী যাচ্ছিল; তাতে ছিল একটা আয়না। তারি মধ্যে নিজের ছায়া দেখে ওদেরই একজন চেঁচিয়ে উঠেছিল ঃ 'বাস্‌রে, কি চেহারা শালার!' সঙ্গীরা ওর কথা শুনে হো হো করে হেসে উঠেছিল। ও নিজেও বোকার মত একটু হাসল। কিন্তু বুঝতে পারল না এরা হাসে কেন। ভীত চোখে চারদিকে তাকাল, কোনো অপরাধ করে ফেলেনি তো!

ওয়াং লাং-এর কুঁড়ের আশে পাশে অগুন্তি কুঁড়ে, একটার ওপর আর একটা হুমড়ি খেয়ে পড়ে আছে। অগুন্তি কুঁড়ে, অগুন্তি মানুষ। পুরুষেরা খাটে। মেয়েরা যখন ঘরে থাকে তখন ন্যাকড়ার ফালি জুড়ে জুড়ে তাদের অবিরত-বর্ধমান-সংখ্যা সন্তানদের জন্য জামা তৈরী করে; বাইরে গিয়ে কারো ক্ষেত থেকে একটু তরকারি, বাজার থেকে দু'মুঠো চাল চুরি করে আনে; পাহাড়ের গায়ে সারা বছর ঘাস পাতা কুড়োয়; ফসল কাটার সময় কিষাণদের পায়ে পায়ে ফেরে মুরগীর মত, একটা দানা মাটিতে পড়লে ছোঁ মেরে তুলে নেয়। এই শ্রীহীন বস্তির জগতে অসংখ্য শিশুর যাওয়া আসা। এরা জন্মায়, মরে, আবার জন্মায়, শেষ পর্যন্ত বাপ মাও হিসেব রাখতে পারে না ক'জন জন্মেছিল, ক'জন মরল। ক'জন যে বেঁচে আছে তাও তারা বড় একটা খবর রাখে না। কারণ, বাপ মার সাথে বস্তির জগতের এই সন্তানদের সম্পর্ক শুধু হিসেবের খাতায় কতগুলো পেট, তাদের আহার জোটাতে হবে, এইমাত্র।

এই নর, নারী, শিশু-বালকের দল বাজারে, কাপড়ের দোকানে, শহরতলীতে আনাগোনা করে; পুরুষেরা নাম-মাত্র পারিশ্রমিকে মজুরী করে; আর শিশু ও স্ত্রীলোকেরা চুরি করে, ভিক্ষা মাগে, কেড়ে নেয়। এই চুরি-করা, ভিক্ষে-মাগা,

মজুরী করা মানুষের ভিড়ে ওয়াং লাং, তার স্ত্রী ও তার সন্তানেরা মিশে এক হ'য়ে গেছে।

বৃদ্ধরা তাদের জীবন-ধারাকে মেনে নেয়। কিন্তু বালকেরা একদিন যৌবনে এসে পৌঁছোয়। ওদের মনে অতৃপ্তি দানা বাঁধে। এরা কি যেন বলাবলি করে, অর্ধোচ্চার ক্রোধের গর্জন ফুটে ওঠে এই যুবকদের ভাবে ভাষায়। তারপর জীবধর্মে এরা বিয়ে করে, জীবধর্মে এদের সন্তান হয়। সন্তানের ক্রমবর্ধমান সংখ্যার দিকে তাকিয়ে তাকিয়ে চোখের সামনে আঁধার নেমে আসে। উদয়াস্ত জানোয়ারের বাড়া শ্রম—আর তার বিনিময়ে দিনান্তে আধখানা পেট ভরাবার মত ধনীদের ফেলে-দেওয়া ক্ষুদ-কুড়ো, সেই আঁস্তাকুড়ের পাঁকের মধ্যে ক্রিমিকীটের জীবন!···সারা জীবনের এই তো বলা আর না-বলা ইতিহাস···যতদূর দৃষ্টি চলে, চেতনার পাড়ে পাড়ে-থাকা ওই অন্তহীন পথের ধূলিকণায় একই বার্তা লেখা। যৌবনের উদ্দীপ্ত অসন্তোষের বিক্ষিপ্ত দানাগুলো একত্রিত হয়ে এমন একটা ভয়াবহ নৈরাশ্য ও বিদ্রোহে জ্বলে ওঠে যা অবশেষে শুধু কথা দিয়ে নেবান যায় না।···

এমনি কথাবার্তার ফাঁকে একদিন সন্ধ্যায় ওয়াং শুনতে পেল এই বিরাট প্রাচীরটার ওপাশে কি আছে।

অপগত-প্রায় শীতের দিন-শেষ। সেদিন হাওয়ায় যেন বসন্তের খবর পাওয়া গেল। বরফ-গলা জলে কুড়ের চারদিকে কাদা হ'য়ে রয়েছে। জল গড়িয়ে ভেতরে আসছে। ভেতরে আর শোওয়া চলে না। এই সিক্ততার কৃচ্ছের মধ্যেও বাতাসে কেমন একটা উষ্ণতার আমেজ। ওয়াং চঞ্চল হ'য়ে ওঠে। খাবার পরে ঘুম এলনা। বেরিয়ে রাস্তার ধারে গা ছেড়ে দিয়ে দাঁড়িয়ে রইল।

এইখানটাতেই ওর বাবা রোজ এসে মাটিতে থেবড়ে, দেয়ালে হেলান দিয়ে বসে। আজও ভাতের বাটিটা হাতে নিয়েই এসে বসেছে। কুড়েখানা ছেলেদের চেঁচামেচিতে গুলজার। বৃদ্ধের সাথে তার বোবা নাত্নীটি···ছেঁড়া কাপড়ের ফালি কোমরে বাঁধা—ফালির এক মাথা তার দাদুর হাতে। মেয়েটা টলে টলে হাঁটে আজকাল! ভিক্ষে করার সময় মার বুক আঁকড়ে আর থাকতে চায় না। তা ছাড়া ওলান্ও আবার অন্তঃসত্বা, এই বিদ্রোহী সত্বাটির বোঝা সে আর বইতেও পারে না। কাজেই নাত্নীকে পাহারা দিয়ে বৃদ্ধের দিন একরকম কাটে। ওয়াং তাকিয়ে দেখে খুকী পড়ে যায়, মাটি ধরে ওঠে, আবার পড়ে। বাবা দড়ি ধরে টানে।

ওয়াং-এর বুকে মুখে বাতাসের স্পর্শ লাগে। স্মৃতি-সাগর মন্থন ক'রে ওর ফেলে-আসা মাটির জন্য গভীর আকুলতা উদ্বেল হ'য়ে ওঠে। বাবাকে শুধায়ঃ 'এটাই তো গম চাষের সময় না বাবা?' গভীর স্নেহে বৃদ্ধ উত্তর দেয়ঃ 'আমি বুঝিরে বাপ্, তোর কল্জের ব্যথা। এম্নি ক'রে আমারও দেশ ছেড়ে, ভিটেমাটি ছেড়ে দু'দুবার চলে যেতে হ'য়েছিল। বুনবার বীজ পর্যন্ত ছিল না।'

'আবার তো ফিরেছ বাবা।'

'হ্যাঁ বাবা, জমিগুলো যে ছিল—মাটির টান্রে, মাটির টান···'

ওয়াং মনে মনে বলে, ওরও তো জমি আছে। ও-ও ফিরে যাবে। এ বছর না

হোক্‌ আসছে বছর যাবেই। যতদিন মাটি আছে—ওর ভাবনা কি ?

বসন্তের জল-সেক-সিঞ্চিত রস-সমৃদ্ধ অপেক্ষমানা মাটির স্বপ্ন ওয়াংকে আকুল ক'রে তোলে।

কুঁড়েতে ফিরে গিয়ে একটু রুক্ষ ভাবে ওলান্‌কে বলে ঃ

'বেচবার মত কিছুই হাতে নেই, নইলে বেচে কিনে চলে যেতাম দেশে। যত ঝামেলা ঐ বুড়োর জন্য—নইলে পা দুটোকেই চালিয়ে দিতাম। বাবা আর মেয়েটাতো কিছু এই একশ' মাইল হাঁটতে পারবে না। তার ওপর তোমার আবার এই অবস্থা।

ওলান্‌ একটুখানি জল দিয়ে সন্তর্পণে বাটিগুলো ধুচ্ছিল। ধোয়া হ'লে এক কোণে জড় ক'রে রেখে না উঠেই ওয়াং-এর দিকে তাকিয়ে বলল্‌ ধীরে ধীরে ঃ 'এক খুকী ছাড়া বেচার মত আর তো দেখিনা কিছু।'

ওয়াং-এর গলাটা যেন দুইহাতে টিপে ধরে কে, ওর দম বন্ধ হ'য়ে যায়। চীৎকার করে ওঠে ঃ 'কক্‌খনও মেয়ে বেচব না আমি, কিছুতেই না।'

'আমায় বাবুদের বাড়ী বেচেই না আমার বাবা মা দেশে ফিরে যেতে পারল !'— অতি ধীরে ওলান্‌ জবাব দেয়।

'তাই খুকীকে বেচতে চাও ?'

'খালি আমার কথা হ'লে ও-কথা মনেই আনতাম না,—বরঞ্চ মেয়েটাকে গলা টিপে মেরে ফেলতাম। কিন্তু মেরে লাভ নেই তো, মরা মেয়েতো কড়িতে বিকোবে না। ওকে বেচে তোমায় ফিরিয়ে নিয়ে যাব···তোমার দেশে···তোমার মাটিতে।'

'মেয়ে বেচে পারের কড়ি জোটাব ? তার চাইতে জন্ম জন্ম এখানে পড়ে পচব সেও ভাল।'

আবার বাইরে চলে যায় ওয়াং। যে চিন্তা আপনা থেকে ওর মনে আসার পথ পায়নি—আজ ওলান্‌-এর ইঙ্গিতে সেই চিন্তাই ওকে প্রলোভন দেখায়···ওর ইচ্ছার বিরুদ্ধে। বেচারা মেয়েটা—দাদুর হাতে দড়ির বন্ধনে টলে টলে চলার কি অধ্যবসায়। প্রতিদিন পেট ভরে খেতে পেয়ে কত বড়টি হ'য়েছে, বেশ একটু মাংসও লেগেছে গায়ে। কিন্তু কথা কইতে শিখল না—। ওই বোবা শুক্‌নো ঠোঁট দু'খানিতে লালের ছোঁওয়া লেগেছে। মুখে হাসি লেগেই আছে সর্বদা। ওয়াং-এর চোখে চোখ পড়লে কি খুশিই না হ'য়ে ওঠে। ওয়াং ভাবে ঃ 'সর্বনাশী, তোর ওই হাসিই তো আমার কাল। এখন তোকে আমি বেচি কি ক'রে ? আমার কল্‌জে খানা যে উপড়ে আসবে !' কিন্তু মাটি ওকে দুর্বার টানে পেছন-পানে টানে। অস্থির আবেগে প্রায় কেঁদে ওঠে ওয়াং ঃ 'আর কি ফিরে চোখের দেখাও দেখব না আমার মাটিকে ! এই হাড়ভাঙ্গা খাটুনি, ভিক্ষে,—তাও আজ পেরিয়ে কাল কুলোয় না—'

অন্ধকারের মধ্যে একটা মোটা রুক্ষ স্বর ভেসে আসে ঃ 'একা তুমি নও হে ভায়া, বহু লোক অমনি আছে এই শহরেই।' ছোট একটা বাঁশের হুঁকো টানতে টানতে এগিয়ে আসে লোকটা। ওয়াংদের ওখান থেকে দুটো ঘর এগিয়েই একটা কুঁড়েতেও থাকে। দিনমানে ওকে বড় একটা দেখা যায় না। দিনে ও ঘুমোয়, ওর কাজ

রাত্তে। ঠেলায় ক'রে মাল-টানার কাজ। ঠেলাগুলো খুব বেশী-বড় বলে দিনের বেলা ভিড়ের মধ্যে টানা সম্ভব হয় না। মাঝে মাঝে ভোরবেলা ওয়াং ওকে অবসন্ন দেহটাকে টেনে নিয়ে হাঁপাতে হাঁপাতে ঘরে ঢুকতে দেখেছে; গ্রন্থিল, বলিষ্ঠ কাঁধ দুটো যেন নেতিয়ে পড়তো। ওয়াং রিক্শ নিয়ে বেরুবার সময় ক'দিন ওর পাশ কাটিয়ে গেছে। কোনো কোনো দিন কাজে যাবার আগে রাতের ভাঙ্গা আড্ডায় এসে দাঁড়ায় লোকটা। ওয়াং জিজ্ঞাসা করল: 'চিরকাল এ ভাবেই চলবে?' ওর স্বরে তিক্ততা। হুঁকোতে বার তিনেক টান মেরে, মাটিতে বার কয়েক থুথু ফেলে লোকটা বলে: 'না হে না, চিরকাল কেন? কিছুই চিরকাল চলে না। সবেরই শেষও আছে, উপায়ও আছে। আবার আমাদের মত হতভাগারাও ভাগাড়ে পড়ে খাবি খায়, তারও পথ হতে দেরী হয়না হে। এই দেখনা, গেল বছর, দু-দুটো মেয়েকে বেচতে হ'লো, বুক ধরে তাও তো সয়েছি। এবার যদি গিন্নীর আর একটা মেয়ে হয়, তাকেও কি আর রাখতে পারব? তাকেও বেচতে হবে। খাওয়াব কি তাকে? আর নইলে গলা টিপে মেরে ফেলতে হবে। কিন্তু তার চাইতে বেচাই ভালো, তবুও যাহোক দু'মুঠো খেয়ে বাঁচবে তো! বড় মেয়েটাকে আর বেচতে পারিনি প্রাণে ধরে। কতই আর বুক বাঁধব বল, পাথর তো নই। আঁতুড়ে থাকতেও কেউ কেউ মেয়ের গলা টিপে বালাই শেষ ক'রে দেয়। গরীবের এও তো একটা পথ হে ভায়া! এমনি ধারা— একটা না একটা পথ হয়-ই সব কিছুর। হবেও—হ'য়ে আসছে চিরকাল।...হ্যাঁ, কি বলছিলাম, বড়লোকদের টাকা আর যখন তাদের সিন্দুকে ধরে না, তখন তারও একটা উপায় হয়—তাই না? বোধহয় সে-দিনেরও আর দেরী নেই ভায়া।' ব'লে মাথা নেড়ে, হুঁকোর নলটা দিয়ে প্রাচীরের দিকে একটা অর্থপূর্ণ ইঙ্গিত করে: 'ওখানে দেখেছি?'

রহস্যময় কথা লোকটার, বলে কি সব? ওয়াং বিস্ময়ে নির্বাক হ'য়ে যায়।

'আমার একটা অভাগী মেয়েকে,' আবার বলতে আরম্ভ করে: 'বেচতে নিয়ে যাই ওই ওর মধ্যে এই চোখ দুটো দিয়ে দেখেছি, বল্লে বিশ্বেস করবে না, সে একেবারে এলাহি কারবার! চাকর ব্যাটারা পর্যন্ত রুপো বাঁধান হাতীর দাঁতের কাঠি দিয়ে ভাত খায়। দাসী-মাগীগুলোর গায়ে মণি মুক্তোর সব গয়না ঝলমল্ করে। জুতোয় অবধি মুক্ত বসান। মাগীদের দেমাক্ কত! একছিটে কাদা লাগল, বা এই এ্যাতটুকু ফুটো হ'ল, দিলে জুতোগুলো ছুড়ে ফেলে মুক্তটুক্ত সুদ্ধু।' খুব জোরে হুঁকো টানে লোকটা। ওয়াং হাঁ ক'রে শোনে রূপকথা! বলে কি? এই দেয়ালটারই ওপাশে, সত্যি—!!

আবার বলতে আরম্ভ করে লোকটা: 'সব কিছুরই সীমা আছে হে, সব কিছুরই সীমা আছে—টাকার কুমীরদের টাকা যখন বড় বেশী বেড়ে যায় তারও উপায় আছে।' বলে খানিকক্ষণ চুপ করে রইল। এবং তারপর যেন এর আগে একটা কথাও বলেনি এমনি ভাবে হঠাৎ বলে ওঠে: যাও যাও কাজে যাও যার যার।' তারপরে অন্ধকারে মিলিয়ে যায়।

ওয়াং-এর ঘুম আসে না। কত সোনা, রুপো, মুক্তোর ছড়াছড়ি ঐ ওপাশে, ঐতো

এতটুকু প্রাচীরের ব্যবধান মাত্র। আর এ-পাশে ওয়াং এবং তারই মত কত হতভাগ্য—এক ফালি ন্যাকড়ায় যাদের লজ্জাটুকু কেবল অর্ধাবৃত। শীত বাঁচাবার ছেঁড়া কাঁথারও একটা টুকরো নেই, আছে পিঠের তলায় ছেঁড়া মাদুর আর মাথার তলায় ইঁট।

আবার প্রলোভন জাগে—

'তাই হোক্‌ বেচেই ফেলি খুকীকে। কত বড়লোকের বাড়ী। আমার এখানে এক মুঠো ভাত। ওখানে কত কি খাবে। অঙ্গ মণি মানিক্যে ঢেকে থাকবে। কিন্তু বড় হ'য়ে চেহারাখানা ভালো হ'লে কোনো বাবুর মনে ধরে যায় তবেই না কথা!' আবার ভাবে: 'বেচলেই কি আর ওর ওজনে সোনা রুপো ঢেলে দেবে কেউ? অতটুকু মেয়ের আর দামই বা কতটুকু হবে? যদি এমন হয়—দাম যা পাওয়া গেল তাতে যাবার খরচটুকুই কেবল কুলোবে! তবে? তবে কি দিয়ে বলদ কিনব, অন্যান্য জিনিসপত্রই বা কোত্থেকে আসবে? দেশে গিয়ে মাটি কামড়ে পড়ে থাকলেই তো আর চলবে না। চাষের যন্ত্রপাতি চাই, বীজ চাই, সবই তো চাই। তবে কি কেবল অনাহারে মরার ঠাই-বদলের জন্যই মেয়েটাকে ডালি দেব?'

ওই লোকটা যে বলে গেল পথ আছে, কৈ পথ? ওয়াং তো কোনো পথ পায়না খুঁজে!

[চোদ্দ]

বসন্ত এল, এবং এল কুৎসিৎ বস্তিটার মধ্যেও। পাহাড়ের গায়ে পাথরের ফাঁকে শুকনো মাঠের বুকে শস্প-শিশুরা ভীরুভাবে দু'চারটে করে পাতা মেলে দিয়েছে। এতদিন যারা ভিক্ষার দীন অন্নের হীন উপকরণ চুরির রাস্তায় জোটাত, তারা এখন দু'চারটে শাকপাতা খুঁটেপিটে নিতে পারে। তাই ভোর না হ'তেই অর্ধোলঙ্গ ছোট বড় নারী শিশু বালকের একটা কঙ্কাল-বাহিনী কাঁণ্ড বা নলঘাসের ঝুড়ি আর টিনের টুকরো, ধারাল পাথর বা ভোঁতা পাথরের হাতিয়ার হাতে বেরিয়ে পড়ে; পাঁতি পাঁতি ক'রে খুজে বিনা পয়সায়, বিনা ভিক্ষায় যতটুকু পারে খাদ্যের সংস্থান করে। এদের সাথে ওলান্‌ও যায় দুই ছেলে নিয়ে।

ওয়াং আগের মতই কাজ করে। কিন্তু দীর্ঘায়িত তপ্তদিন, প্রখর সূর্যের তাপ, এলোমেলো বৃষ্টি সকলের মন অতৃপ্তিতে ভরে তোলে। শীতের সময় এরা নীরবে কাজ ক'রেছে; ঘাসের জুতো পরে পায়ের তলায় বরফের তীব্রতা সহ্য করেছে, দিনমান পরে ঘরে ফিরেছে সেই অন্ধকার গড়িয়ে গেলে। স্ত্রীলোকের ভিক্ষা আর পুরুষের শ্রমের মূল্যে যা যা জুটেছে পেটে পুরেছে কথাটি না ক'য়ে। তারপর অসাড়ে ঘুমিয়ে হীনখাদ্য আর অমানুষিক শ্রম শরীরে যে অপচয় ঘটিয়েছে তারি আংশিক ক্ষতিপূরণ ক'রেছে। ওয়াং-এর ঘরেও এই ব্যবস্থাই চলেছে। পাড়ার সকলের ঘরেই।

কিন্তু বসন্ত আসতেই একটা চাঞ্চল্য জাগে। এদের অবরুদ্ধ অতৃপ্ত ভাষায়

উচ্চারিত হয়। সন্ধ্যার বিলম্বমান আধা-আলো-আঁধারের পরিবেশে এই মানুষগুলি ঘর ছেড়ে বাইরে এসে বসে জটলা করে। এতদিন ওয়াং যাদের দেখেওনি এমন অনেক প্রতিবেশীকেই এই সান্ধ্য-সভায় ও দেখতে পায়। পাড়ার কোনো খবরই ওয়াং রাখে না। কারণ ওলান্ প্রয়োজন ছাড়া কথাই কয় না, নইলে পাড়ার কোথায় কে বৌ ঠ্যাঙ্গায়, কার কুষ্ঠ হয়ে সারা গা ছেয়ে গেছে, অমুকে ডাকাতের সর্দার, এমনিধারা বহু খবর ওয়াং পেত। ও কেবল এই জটলার একধারে দাঁড়িয়ে এদের কথা শোনে।

এদের মধ্যে বেশীর ভাগেরই শ্রম আর ভিক্ষার উপার্জন ছাড়া আর কোনো সম্বলই নাই। কাজেই ওয়াং এই অর্ধ-উলঙ্গ ভিক্ষে-মাগা, মজুর-খাটা, সম্বলহীন মানুষগুলো থেকে নিজেকে সম্পূর্ণ আলাদা-স্তরের মানুষ বলে জানে। এই উপলব্ধি ওর চেতনায়, ওর অবচেতনের, প্রতি অলি-গলিতে একেবারে মিশে আছে। কেননা, ওযে পেছনে ফেলে এসেছে রাজার ঐশ্বর্য, ওর ভূমিসম্পদ। ওর সেই ফেলে-আসা ধন, ওর চির-জন্মের ধাত্রী, জননী ধরিত্রী, আজও পথ চেয়ে রয়েছে তার নির্বাসিত সন্তানের। আর এই যে মানুষগুলি, কত ক্ষুদ্র এদের জগৎ! এরা কেবল ভাবে কেমন ক'রে বঞ্চিত রসনাকে একদিন একটু মাছের স্বাদ দেবে, কেমন ক'রে কাজ পালিয়ে একটা দিন একটু বিনাকাজে কাটিয়ে দেবে, দু' এক পেনি দিয়ে জুয়ো খেলার স্বপ্নও মাঝে মাঝে মনে জাগে এদের।—এদের পশুজীবনের চারপাশের অনটন, দৈন্য আর ক্লেদের মধ্যে এরাও হাঁপিয়ে ওঠে, একটু খেলার অবকাশ এরা খোঁজে।

আর ওয়াং কেবলি ওর মাটির স্বপ্নে বিভোর হ'য়ে থাকে। দূরাপগত আশার পীড়া বুকে বয়ে সহস্র উপায় হাতড়ে বেড়ায়—কি ক'রে ফিরে যাবে। এই ধনীর গৃহ-প্রাচীরের প্রান্তে পড়ে-থাকা আঁস্তাকুড়ের তো ওয়াং কেউ নয়, ওই ধনী-গৃহেরও ত কেউ নয় ও। ও মাটির ছেলে—পায়ের তলায় ও পাবে মাটির স্পর্শ। বসন্তে লাঙ্গল হাতে নিয়ে ও মাটি চষবে, তারপর নিজের হাতে কাস্তে নিয়ে কাটবে সেই মাটির বুকের পাকা ফসল, তবেই না ওর বাঁচা, তবেই না ওর জীবনের পূর্ণতা। তাই ও সবার কথা দূরে দাঁড়িয়ে শোনে, ওদের সাথে নিজেকে মানাতে পারে না। ওর মর্মের সুগোপনে ওর সমস্ত চেতনায় মাটির সুর কেবলি বেজে চলেছে···ওর পিতৃ-পিতামহের আমলের মাটি···রস-সমৃদ্ধ গমের জমি···জমিদার-গৃহ হ'তে ওর স্বোপার্জিত অর্থে কেনা ধানের জমি···

বস্তি-বাসী এই লোকগুলির মুখে কেবলই অর্থের কথা: কে একজন একহাত কাপড় কিনেছে আজ ক' পেনি দিয়ে, আর একজন এই এতটুকু একটা মাছ কিনেছে, বাপ্‌রে, এত দাম ওইটুকু মাছের! আর একজনের রোজগারটা আজ ভালো হয়েছে বেশ।...এমনিধারা সব কথা। কিন্তু সব শেষে রোজই ওদের আলোচনা এসে দাঁড়ায় প্রাচীরের ওপাশের ওই ধনীগৃহের অধিকারী ও তার লোহার সিন্দুকে। লোহার সিন্দুকে ভরা নাকি প্রকাণ্ড বড় বড় সোনার তাল। বস্তা ভরা টাকা, আর ওর পোষা মেয়েমানুষগুলোর গায়ের মুক্তোর গয়না। হাতে পেলে যে কি ক'রবে তারি বিচিত্র পরিকল্পনায় সান্ধ্যসভা মুখর হয়ে ওঠে।

এরা কেউ রাজভোগ খাবে থালায় থালায়, কেউ কেবলি দিন রাত নাক ডাকিয়ে

ঘুমোবে ; শহরের সেরা রেস্তরাঁয় গিয়ে আঁজলা আঁজলা ডলার ঢেলে জুয়ো খেলবে আর পরীর মত ফুটফুটে মেয়েমানুষ ভাড়া ক'রে স্ফূর্তি ওড়াবে। কাজ! আবার কাজ! ও নামও না। ওই টাকার কুমীরটার মত গদির ওপর ঠ্যাং তুলে বসে থাকবে।

ওয়াং হঠাৎ বলে ওঠে : 'আমি ঐ ধন দৌলত হাতে পেলে ভালো দেখে মেলাই জমি কিনি।'

শুনে সকলেই ওকে তেড়ে আসে : 'যেমন চাষা তেমনি গেঁয়ো বুদ্ধি। টিকি-ওলা গেঁয়ো ভূত শহুরে হালচালের কি জানবে। বলদের ল্যাজে মোচড় দিতে দিতে হাল ঠেলা ছাড়া চাষার আর কিছু রুচবে কেন?'

ওদের প্রত্যেকেরই ধারণা প্রাচীরের ওপাশের ধনী-গৃহের ঐশ্বর্যের যোগ্যতম অধিকারী সেই, যেহেতু ব্যয়ের সর্বোত্তম কৌশল তারই জানা আছে।

এত বিদ্রূপেও ওয়াং টলে না। মনে মনে দৃঢ়সংকল্প করে, যাই বলুক এরা, ধন যদি ও পায়ই কোনোদিন সে-সোনা হোক, রুপো হোক, হীরে জহরৎ হোক, ও সব দিয়েই জমি কিনবে। যে ভূমি-সম্পদে ওয়াং ধনী, তারই জন্য দিনের পর দিন আকুল হয়ে ওঠে ওয়াং।

নগরে ওরই চারপাশে প্রতিদিন যে বিচিত্র ঘটনা ঘটে চলেছে—ভূমির স্বপ্নে বিভোর ওয়াং-এর কাছে সব স্বপ্ন বলে মনে হয়। ও কোনো প্রশ্ন করে না। সব কিছু বৈচিত্র্যকে ও মেনে নিয়েছিল। কত কিছুই ঘটছিল চারি দিকে—কতগুলো কি সব কাগজ কারা যেন নানা জায়গায় বিলি ক'রে বেড়ায়, ওকেও দিয়েছে মাঝে মাঝে।

কখনও অমনিও বিলি ক'রেছে, কখনও বিক্রিও ক'রেছে কাগজগুলো। শহরের গেটে, দেয়ালেও ওয়াং ঐসব কাগজ সাঁটা দেখেছে। ও লেখাপড়া জানে না, কাজেই কাগজের বুকের কালো কালো দাগগুলি ওর কাছে রহস্যই থেকে গেছে।

প্রথমদিন কাগজ পায় ও একজন বিদেশীর কাছ থেকে ; সেই যাকে ও একদিন না জেনে রিকশ ক'রে নিয়ে গিয়েছিল, তার মত। এ লোকটা পুরুষ—ভয়ানক লম্বা, রোগা, ঝড়বিধ্বস্ত গাছের মত চেহারা, শ্মশ্রু-সংকুল, বরফের মত কঠিন মুখে একজোড়া নীল চোখ। প্রকান্ড উঁচু টিকোল নাকটা যেন দুই গালের বেড়া অতিক্রম ক'রে বহুদূর চলে গেছে দুই পাশ ডিঙ্গিয়ে বেরিয়ে পড়া নৌকর গলুইর মত। লোকটার অদ্ভুত চোখ আর ঐ ভীষণ নাক দেখে তার হাত থেকে কিছু নিতে ওয়াং-এর ভয় হচ্ছিল, না-নিতে ভয় হচ্ছিল আরো বেশী। কাজেই সে ওর হাতে যা গুজে দিল ও ধরে থাকল খানিকক্ষণ। কাগজটা দেবার সময় ওয়াং দেখল—হাতখানা লাল, যেন ফেটে পড়েছে, আর কোমল। লোকটা চলে গেলে পর সাহস ক'রে হাত খুলে দেখল। একটা ছবি। একটা কাঠের মাথায় আড়াআড়ি করে রাখা আর একখানা কাঠ, আর তাতে ঝোলান একজন সাদা মানুষ। পরণে নেংটি, মাথাটা সামনের দিকে ঝুঁকে-পড়া। বন্ধ চোখ দুটি যেন ঠোঁটের কাছে নেমে এসেছে, দেখলে মনে হয় লোকটা মরে গেছে। ওয়াং শিউরে উঠল : তাকিয়ে তাকিয়ে ওর কৌতূহলও বেড়ে উঠল। নীচে কি যেন লেখা।

রাত্রিবেলা ছবিটা বাড়ী নিয়ে গিয়ে বাবাকে দেখাল ওয়াং। সেও নিরক্ষর। ছবিটার অর্থ কি হতে পারে এ নিয়ে বাপ-ব্যাটা আর দুই নাতির মধ্যে অনেক তর্ক বিতর্ক হলো। ছেলেরা ভয়মিশ্রিত উল্লাসে বলে ঃ

'দেখছ কেমন গল্ গল্ ক'রে রক্ত পড়ছে !'

'লোকটা', দাদু বলে ঃ 'নিশ্চয় বদমায়েসের হাঁড়ি ছিল। তাই দোল খাচ্ছেন এখন।' কিন্তু ওয়াং-এর মনে কেমন একটা ভয় জড়িয়ে থাকে। ভাবে, বিদেশীটা ওকে ওটা দিতে এল কেন, হয়তো বা তারই কোনও আত্মীয় স্বজন হবে ছবির লোকটা। ওরকম নিষ্ঠুর অত্যাচার হয়ত কেউ করেছে বেচারার ওপর, আর তারই প্রতিশোধ চাইছে ওই বিদেশী তার নিজের দেশবাসীর কাছে।

যে রাস্তার বিদেশী ওকে কাগজটা দিয়েছিল, ভয়ে ওয়াং আর সে-রাস্তা মাড়ায় না। ক'দিন পরে কাগজটার কথা সবাই ভুলে গেল, আর অন্যান্য কুড়িয়েআনা কাগজের সাথে ওটাও ওলান্-এর জুতো মেরামতের কাজে লাগল।

এর পর আর একজন ওয়াংকে আরো একখানা কাগজ দিল। লোকটা এই শহরেরই। পোষাক পরিচ্ছদ ফিটফাট্ বয়সে তরুণ। ওর চারধারে ভিড় জমে গেল। ভিড়ের মধ্যে কাগজগুলো ছুঁড়ে দিতে দিতে ছেলেটি চেঁচিয়ে কি যেন সব বলছিল। এবারের কাগজেও ছবি ছিল, কিন্তু অন্যরকম। তেমনি মৃত্যুর ছবি রক্তের ধারায় লেখা—। তবে এবারে মৃত ব্যক্তি শ্বেতকায় নয়—ওরই মত একজন, তামাটে রং, গভীর কালো চুল, চোখগুলো ছোটখাটো, নিতান্ত সাধারণ মানুষ। পরণের নীল পোষাকটি শতছিন্ন। মৃতদেহটার ওপর দাঁড়িয়ে রয়েছে দৈত্যের মত চেহারা বিপুল-কায় আর একটা লোক, হাতের লম্বা ছোরা নিয়ে মৃতদেহটার ওপরেই বার বার আঘাত ক'রছে। কি বীভৎস দৃশ্য ! ওয়াং ফ্যাল্ ফ্যাল্ ক'রে তাকিয়ে রইল। নীচের লেখাগুলো পড়ে ছবিটার রহস্যের সমাধান যদি ও ক'রতে পারত ! পাশের লোকটাকে জিজ্ঞাসা ক'রল ঃ 'পড়তে পারো ভাই, এ সাংঘাতিক ছবিটার মানে আমায় একটু বুঝিয়ে দেবে ?'

'শোনোনা মন দিয়ে, আমাদের তরুণ নেতাই তো সব বুঝিয়ে দিচ্ছে,' লোকটা বল্‌লে ওয়াং মন দিয়ে শোনে। এসব কথা ও আগে শোনেনি কখনও।

'এই যে মৃতদেহটা দেখছ এ হচ্ছি আমরা, বুঝলে ? আমরা মরে গেছি। কিন্তু মরে গিয়েও কি রক্ষে আছে ! ওই রাক্ষসটা মড়ার ওপরই খাড়ার ঘা চালাচ্ছে। ওটা যে মড়া, মরে কাঠ হয়ে আছে, সে হুঁসও নেই পিশাচটার। স্রেফ্ মারবার নেশায় ও মারছে। ওটা কে জানো ? ও ধনিক, ও পুঁজিপতি। আমরা মরে গেলেও ওরা মারে। তোমরা, মানে আমরা, দরিদ্র নিপীড়িত, রিক্ত, সর্বহারা। কিন্তু কেন ? ওই ধনীরা সব শুষে নিঃশেষ ক'রে নেয় বলে—'

নূতন কথা শোনে ওয়াং। এতদিন ওয়াং জেনে এসেছে দারিদ্র্যের কারণ, আকাশের অদাক্ষিণ্য, আর অতিবৃষ্টি। ঠিকমত রোদ-বৃষ্টি হ'লে ফসল উপচে পড়ে। তখন কোথায় দারিদ্র্য ; ওয়াং নিজেও তো তখন রীতিমতো বড় লোক। কাজেই উদগ্র কৌতূহলে আরো অভিনিবেশ দিয়ে ওয়াং শুনতে চেষ্টা করে, এই পুঁজিপতি-না

কি যেন ঐ লোকটি বলল, হয়ত ওরা বৃষ্টির মন্ত্র-টন্ত্র জানে। কিন্তু যুবক অনর্গল আরো কত কি বলে যায় অথচ ঐ কথার নামও করে না। তখন ওয়াং একটু সাহস সঞ্চয় ক'রে এগিয়ে জিজ্ঞাসা করে:

'শুনছেন, ও মশায়, ওই যে কি বললেন বড়লোকেরা না পুঁজিপতি কারা—ওই যারা আমাদের সব কেড়ে নেয় বলছিলেন, তাদের কাছে কোনোমতে বৃষ্টির মন্ত্রটা শিখে নেওয়া যায় না একবার! চাষবাসের বড়ো সুবিধে হয় তাহ'লে। আর চাষ বাসটা ভালো হ'লেই তো দুদিনেই বড়লোক হয়ে যেতে পারি সব।'

তীব্র ঘৃণা আগুনের মত জ্বলে ওঠে যুবকের দুই চোখে। সে উগ্রস্বরে জবাব দেয়: 'মূর্খ কোথাকার। হবেই বা না কেন—যা সাতহাত একখানা টিকি ঝুলছে মাথায়। আরে মূর্খ! বৃষ্টি আপনি না হ'লে কারো সাধ্য নেই মন্ত্রতন্ত্র দিয়ে বৃষ্টি নামায়। তাছাড়া আমাদের সাথে তার সম্পর্কটা কি! আমি বলছি—এই ধণিকদের পুঁজি যা আছে, তা তাদের সিন্দুক থেকে একার ভোগে না লেগে যদি আমাদের সকলের মধ্যে সমানভাবে বাঁটোয়ারা হ'য়ে যায়, তবে বৃষ্টি হোক না হোক, কুছ পরোয়া নেই, টাকা আর খাবার কোনোটারই অভাব হবে না কা'রো।'

শ্রোতাদের বিপুল চীৎকারে আকাশ মথিত হয়ে ওঠে। কিন্তু ওয়াং ফিরে যায় অতৃপ্তি নিয়ে। ওর জমি রয়েছে। টাকা! খাবার! খাবার তো খেলেই খতম্। কিন্তু ঠিক মত রোদ জল না হ'লে তখন? তখন উপোষ ঠেকায় কে?

যাই হোক, আগ্রহের সঙ্গেই ও কাগজগুলো বাড়ী নিয়ে চলল; কারণ ও জানে জুতোর সুকতলী মেরামত করার জন্য ওলান যথেষ্ট কাগজ পায় না।

বস্তির অনেকেই যুবকের কথা খুব আগ্রহভরে শুনেছে। বিশেষ আগ্রহের হেতুটা, প্রাচীরের ওপাশের বড়-বাড়ীর ভরা-সিন্দুক। মাঝখানে ঐ তো খানকয়েক মাত্র ইঁটের বাধা। মোটা লাঠির কয়েকটা গুঁতো, বাস্! বোঝা বইবার বাঁকগুলোই যথেষ্ট, আবার লাঠি!

বসন্তের চঞ্চল হাওয়ায় বিক্ষোভ ছড়িয়ে দিয়ে গেল ঐ যুবক এবং তার মতো আরো অনেকে। ওরাও মানুষ কিন্তু মনুষ্যোচিত ভাবে বেঁচে থাকার অধিকার-চ্যুত হয়েছে, অন্যায়ভাবে সে অধিকার কেড়ে নেওয়া হয়েছে ওদের কাছ থেকে। আজ যেন হঠাৎ ঘুম ভেঙ্গে উঠে এই পুরানো সত্যটাই নূতন করে চোখে পড়ে। বস্তির মানুষগুলো বিক্ষুব্ধ সাগর-তরঙ্গের মত আলোড়িত হয়ে উঠেছে। আজ ওদের চোখে পড়ে ওদের এই শোণিত-ক্ষরা শ্রম আর তার পরিণতিতে এই অসুন্দর পশুর জীবন।

প্রতি সন্ধ্যায় ওরা ওই আলোচনাই করে, দিনের পর দিন। যারা এখনও যুবক, যাদের পেশীর শক্তি এখনও ক্ষয়িত হয়নি, তাদের ধমনীর রক্তে ঝঞ্ঝা জাগে। একটা উদ্দাম হিংস্রতায় ওরা শীতের তুষারে কেঁপে-ওঠা নদীর মত ভেতরে ভেতরে ফুলতে থাকে।

ওয়াং দেখে, শোনে,—এদের ধূমায়িত ক্রোধবহ্নির উত্তাপ ওর মনেও এসে লাগে। কিন্তু ওর সারা চেতনার একমাত্র চাওয়ার কেন্দ্র ওর মাটি,—পায়ের তলায় মাটির স্পর্শ—আর কিছু নয়—আর কিছু চায় না ওয়াং।

আজকাল রোজই একটা না একটা নতুন কিছু ঘটে। সেদিন একেবারে ওর চোখের সামনেই ঘটে গেল, কিন্তু ও কিছুই বুঝল না। ভাড়ার আশায় ও খালি রিক্‌শ নিয়ে যাচ্ছিল। একটা লোক দাঁড়িয়েছিল রাস্তায়। হঠাৎ একদল সশস্ত্র সৈন্য এসে ঘেরাও করল লোকটাকে। সে প্রতিবাদ ক'রতেই তারা ওর মুখের সামনে ছোরা খুলে ধরল। ওয়াং অবাক হয়ে ফ্যাল্‌ ফ্যাল্‌ ক'রে তাকিয়ে রইল। পর পর ক'জনকে ধরল সৈন্যরা। ওয়াং দেখল এরা সবাই খেটে-খাওয়া লোক। ওর চোখের সামনেই ওর একজন প্রতিবেশীকেও ধরল।

বিস্ময়ের ঘোর কেটে গেলে ওয়াং লক্ষ্য করল এরা সব ওরই মত নেহাৎ সাধারণ মানুষ। কিন্তু কি ক'রেছে ওই নিরীহ বেচারারা? ওদের কেন অমন ক'রে ধরছে, ওয়াং ভাবে। ভয় পেয়ে গলির একধারে রিক্‌শটা ঠেলে দিল। তারপর দৌড়ে একটা গরম জলের দোকানে ঢুকে পড়ে বড় বড় জলের হাঁড়িগুলোর পেছনে গুঁড়ি মেরে লুকিয়ে রইল; পাছে ওকেও ধরে। সৈন্যরা চলে যেতে বেরিয়ে দোকানীকে জিজ্ঞাসা করল ঃ 'এসব কি?'

বুড়ো দোকানী ঔদাসীন্যের সাথে উত্তর দিল ঃ 'যুদ্ধটুদ্ধ হ'চ্ছে হয়তো কোথাও। কেন যে এসব লড়াই ফড়াই কে জানে। দেখছি লড়াই আর লড়াই। চিরটা কাল ওই চলবে।'

'লড়াই হবে তো আমার বাড়ীর পাশের ও লোকটাকে ধরল কেন ওরা? ওসব লড়াই ফড়াইর ধারপাশ দিয়েও আমরা যাই না। খাটি, খাই, বাস্‌। কি অপরাধ করল ও লোকটা?' বিহ্বলভাবে জিজ্ঞাসা করে ওয়াং।

'কে জানে বাপু কেন। সেপাইরা বোধ হয় লড়াইয়ে যাচ্ছে। ওদের মালপত্তর বইবার কুলি টুলি চাই তো—। তাই হয়তো ধ'রছে। কিন্তু তুমি এসেছ কোত্থেকে হে! এ শহরে এ তো নতুন ব্যাপার নয়,—এ তো হামেশাই হচ্ছে।'

ওয়াং হাঁপাতে হাঁপাতে জিজ্ঞাসা করে আবার ঃ 'তারপর—তারপর—ওরা টাকা দেবে না—মাইনে?—কি রকম মাইনে দেয়?'

অতিবৃদ্ধ দোকানী, জলের হাঁড়ি ছাড়া ওর আর কোনো আসঙ্গ নেই; এসব ব্যাপারে ওর বড় একটা কৌতূহল নেই। একটু তাচ্ছিল্যের সাথেই জবাব দেয় ঃ

'মাইনে না হাতী! মামারবাড়ী পেয়েছে? হুঁঃ, মাইনে! দেবে দুটুকরো শুকনো রুটি ফেলে, ডোবা থেকে আঁজলা ভরে জল খাও আর রুটি চিবোও, তারপর কাজ হ'য়ে গেলে বাস্‌ ভাগো বাড়ী—অবশ্যি ঠ্যাং দুটোতে যদি বাড়ী পর্যন্ত আসার শক্তি থাকে। নইলে মর রাস্তায় পড়ে।'

ওয়াং আতঙ্কে শিউরে ওঠে ঃ 'কিন্তু সকলেরই তো পুষ্যি আছে—'

'ওঃ', একটা হাঁড়ির ঢাকনা ফাঁক ক'রে জল ফুটেছে কিনা দেখতে দেখতে বৃদ্ধ ব্যঙ্গের সুরে বলে ঃ 'সে ভাবনা ভেবে তো ওদের ঘুম হ'চ্ছে না!'

একরাশ ধোঁয়ার জালে বৃদ্ধের বলিকীর্ণ মুখখানা প্রায় ঢেকে যায়। বাষ্পের আবরণ কেটে যেতেই তার চোখে পড়ল সৈন্যেরা আবার ফিরে আসছে। ওয়াং হাঁড়ির পেছন থেকে দেখতে পাচ্ছিল না।

রাস্তা একেবারে শূন্য। দেহে সামর্থ্য আছে এমন একটি প্রাণীও রাস্তায় নেই। দোকানী তাড়াতাড়ি বলেঃ আরে মাথা নীচু কর, মাথা নীচু কর—ওরা ওই আবার এসেছে।'

ওয়াং নীচু হ'য়ে একেবারে মাটির সাথে মিশে রইল। রাস্তায় বন্ধুর পাথরে খট্ খট্ ক'রে বুট বাজিয়ে সৈন্যরা চলে যায় পশ্চিম দিকে। শব্দ মিলিয়ে গেলে লাফ দিয়ে উঠে ছিটকে বাইরে গিয়ে রিক্‌শটা নিয়ে সোজা বাড়ীর দিকে দৌড়ায় ওয়াং।

শাক পাতা কুড়িয়ে সবে ওলান্ ফিরেছে। হাঁপাতে হাঁপাতে ভাঙ্গা ভাঙ্গা ভাষায় ওয়াং সবিস্তারে সব বর্ণনা করল। ওঃ কি বাঁচাটাই ও বেঁচে এসেছে। মনে করতেই আবার নূতন ক'রে ভয়ে কেঁপে ওঠে, যেন সত্যি সত্যি ওকে ধরে নিয়ে যাচ্ছে। ওর শঙ্কিত কল্পনায় ভেসে ওঠে—বুড়ো বাবা, ওলান্—সব না খেয়ে মরছে। ও নিজে মরে গেছে লড়াইতে। ফিন্‌কি দিয়ে রক্ত ছুটছে,—আঃ, আর ফিরে যাওয়া হল না, —আর মাটি-মাকে দেখা হ'ল না; একবার চোখের দেখাও না। ভয়ের কাতরতা নিয়ে ও ওলান্-এর দিকে তাকিয়ে বলে ঃ

'এবারে মেয়েটাকে না বেচলে চলছে না। আর থাকছি না—এবার ফিরবই।'

ওলান্ শুনল,—ভাবল কিছুক্ষণ, তারপর তার সাধারণ স্বভাব-নির্বিকার স্বরে বলল ঃ 'সবুর কর ক'দিন। কেমন কেমন সব শুনছি যেন চারদিকে।'

ওয়াং দিনের বেলা আর বাইরে যায় না। রিক্‌শটা বড়খোকাকে দিয়ে মালিককে ফিরিয়ে দিয়েছে। রাতের বেলা যায় কুলির কাজে। রোজগার এখন আগের অর্ধেক হ'য়ে গেছে। সারা রাত বিশাল বিশাল বোঝাই বাক্স টানে, এতো বড়ো বাক্স—জন বার লোকের জিভ বেরিয়ে যায় তুলতে। সারা রাত অন্ধকার ঢাকা পথে সামর্থ্যের অতিরিক্ত শক্তি-প্রয়োগে বোঝা বওয়ার বীভৎসতা। উলঙ্গ দেহ হ'তে দর্ দর্ ক'রে ঘাম ঝরে; শিশির ভেজা পিছল পাথরে নগ্ন পদ পিছলে যায় প্রতিমুহূর্তে। সামনে এক ছোকরা মশাল নিয়ে পথ দেখিয়ে চলে। মশালের আলো শ্রমিকদের স্বেদ সিক্ত মুখে আর নীচেকার ভেজা পাথরে প্রতিফলিত হয়ে প্রেতলোকের বীভৎসতার সৃষ্টি করে।

ভোরের আগেই ওয়াং ধুক্‌তে ধুক্‌তে ফেরে। কিছু মুখে তোলার মতও শক্তি থাকে না। ঘুমে ঢুলে পড়ে। দিনের বেলা সৈন্যরা রাস্তায় রাস্তায় ফেরে মজুরের খোঁজে। ওয়াং ওর কুঁড়ের এক কোণে এক গাদা খড়ের পেছনে নিশ্চিন্তে ঘুমোয়।

কিসের লড়াই, কেই বা লড়ে ওয়াং কিছু জানে না। কিন্তু ক্রমেই একটা আতঙ্কে সারা শহরটা থম্‌থমে হ'য়ে ওঠে। রোজ ওরা দেখে শহরের অভিজাত সব ধনীরা সপরিবারে ধনরত্ন এবং মূল্যবান সম্পত্তি নিয়ে ঘোড়ার গাড়ী ক'রে নদীর ধারে আসে, তারপর জাহাজে ক'রে কোথায় চলে যায়। বড় বড় মোটর লরী ক'রেও যায় কেউ কেউ। এদের বিছানাগুলো পর্যন্ত সাটীনে মোড়া,—ওরা দেখেছে। ওয়াং দিনে বেরোয় না। ওর ছেলেরা বড় বড় চোখ ক'রে এ সব পলায়নের বিচিত্র কাহিনী ওকে শোনায়।

'একটা লোক যা যাচ্ছিল বাবা—ইয়া হাতীর মত ধুম্‌সো চেহারা! ঠিক আমাদের

সেই মন্দিরের ঠাকুর মূর্তির মত। আর একজনের কি সুন্দর টুক্‌টুকে হল্‌দে জামা পরা, কি সুন্দর চক্‌মক্‌ করছে! সিল্কের জামা, না বাবা? বুড়ো আঙ্গুলে সোনার আংটি, আর তাতে সবুজ রং-এর কাঁচের মত কি যেন বসান। কি নরম মাখনের মত তুল্‌তুল করছে গা। খুব খায় আর তেল মাখে ওরা, না?'

আর এক ছেলে বলে:

'পেল্লায় পেল্লায় পাহাড়ের মত কি সব বাক্স, মা! সে কি একটা দুটো?—অগুন্তি। একজনকে জিজ্ঞাসা করলাম, ওর ভেতরে কি আছে? সে বললে কি সোনা-রুপো ভরা নাকি সব একদম! আর বলে কি জানো? বড়লোকরা নাকি সব নিয়ে যেতে পারবে না, ও সব নাকি একদিন আমাদের হবে। তাই নাকি, মা! সত্যি?' চোখে প্রশ্ন নিয়ে ছেলে বাবার দিকে তাকায়।

ওয়াং ছোট্ট একটুখানি কাটা জবাব দেয়: 'তা আমি কি ক'রে জানব, কে ব'লেছে ওর মাথামুণ্ডু।'

'বলো না, বাবা, সত্যি নাকি ওসব আমাদের হ'য়ে যাবে! যাইনা এক্ষুনি গিয়ে নিয়ে আসি না তবে। আমার ভয়ানক পিঠে খেতে ইচ্ছে করে, তিলের মিষ্টি পিঠে নাকি ভারী চমৎকার খেতে। কক্‌খনও খাই নি।'

একথা কানে যেতেই বৃদ্ধ তার স্বপ্নের ঘোর থেকে জেগে উঠে আপন মনে বলে: 'ফসল ভালো হ'লে নবান্নের সময় অমন কত পিঠে খেয়েছি। পিঠের জন্য তিল রেখে তবে বেচেছি—।'

ওয়াং-এর মনে পড়ে যায়, সেবার নতুন বছরে, চালের গুঁড়ো, চর্বি আর চিনি দিয়ে কি চমৎকার পিঠে বানিয়েছিল ওলান্‌। এখন জিভে জল আসে। যে দিন চলে গেছে, তারই জন্য আকাঙ্ক্ষার বেদনায় ওর বুকটা মোচড় দিয়ে দিয়ে ওঠে। যদি একবার কোনোমতে ফিরে যেতে পারে—।

হঠাৎ ওর কেমন মনে হয়, আর একদিনও ওই বিশ্রী কুঁড়েটায় ও শুতে পারবে না, পা-টা অবধি ছাড়াবার মত পরিসর নেই। পারবেনা, পারবেনা আর একটা রাতও অমন হাড়ভাঙ্গা খাটুনি খাটতে। পাথুরে রাস্তার ওপর দিয়ে কোমরের সাথে দড়ি বেঁধে, ঝুঁকে পড়ে জানোয়ারের মত অত বড় বড় বোঝা টানতে পারবে না। দড়িগুলো মাংসতে যেন কেটে বসে। বন্ধুর রাস্তাটার প্রত্যেকটা পাথর ওর চেনা হ'য়ে গেছে—ওরা ওর পরম শত্রু। কিন্তু চাকার দাগগুলো পরম মিত্রের মত ওকে বহু আঘাত থেকে বাঁচায়। ঐ দাগে দাগে পা ফেলেই তো ওয়াং রাস্তার মাথা উঁচিয়ে-থাকা পাথরগুলো থেকে আত্মরক্ষা ক'রেছে! নইলে হোঁচট খেয়ে বহু-কষ্টোপার্জিত রক্তের কত অপচয় ঘটত। কত কালো রাত্রির অন্ধ তমিস্রায়, বিশেষ ক'রে বাদলা রাতে কত সময় ওর মন বিদ্রোহী হ'য়ে উঠেছে ঐ ভেজা পাথরগুলোর ওপর। ওরাই যেন ওর ঘাড়ের বোঝাগুলোর সাথে ঝুলে ঝুলে ওগুলোকে অত ভারী করে তোলে।

ফুঁপিয়ে কেঁদে ওঠে ওয়াং। ছেলেরা ভয় পায়। বৃদ্ধ বাবা বিহ্বল বিস্ময়ে ছেলের দিকে তাকায়, এদিকে ওদিকে মুখ ঘুরিয়ে দেখে, মায়ের কান্না দেখে শিশু যেমন করে।

আবার ওলান্ তার ব্যঞ্জনাহীন স্বরে বলে ঃ

'অস্থির হ'চ্ছ কেন' আর একটু সবুর করনা বাপু। দেখতে পাবে'খন শিগ্‌গিরই। সবাইতো বলছে।'

কুঁড়েতে গা ঢেকে দিয়ে শুয়ে ঘন্টার পর ঘন্টা ওয়াং পায়ের শব্দ শোনে। যুদ্ধগামী সেনাদলের পায়ের শব্দ। কখনও চাটাই একটু ফাঁক ক'রে দেখে সেই চলমান পায়ের অগণিত সংখ্যা। চামড়ার জুতো-পরা, পটি-আঁটা পা, জোড়ায় জোড়ায় সুবিন্যস্ত ছন্দে মার্চ ক'রে চলেছে।

রাতের বেলা কাজ করতে করতে ওয়াং কতদিন ওদের পাশ দিয়ে মার্চ ক'রে যেতে দেখেছে। নিরন্ধ্র অন্ধকারের মধ্যে মশালের আলোয় ক্ষণিকের জন্য ওদের কঠিন মুখগুলো দেখে চমকে উঠেছে ওয়াং। এখন ও ভয়ে কেমন যেন বিকার-গ্রস্তের মত হ'য়ে পড়েছে। মোহাচ্ছন্নের মত মাল বয়—বাড়ী ফিরে কোনো মতে একমুঠো ভাত মুখে গুঁজে শুয়ে প'ড়ে নেশাগ্রস্তের মত খড়ের গাদার আড়ালে পড়ে ঘুমোয়। আজকাল কেউ কারো সাথে কথা কয় না। ভয়ে গোটা শহরটার যেন নাড়ীর স্পন্দন থেমে গেছে। যে যার কাজ সেরে ঘরের ভিতরে দরজা এঁটে বসে থাকে। সন্ধ্যার সেই মজলিশ নেই—দোকানপাট সব বন্ধ। দুপুর বেলা শহরটাকে মনে হয় যেন মৃতের পুরী।

চারদিকে যেন হাওয়ার কানাকানি—শত্রু এসে পড়েছে। যাদের কিছুমাত্র আছে তারা শঙ্কিত হয়। ওয়াং-এর কোনো ভয় নেই, বস্তির কারুরই নেই। থাকার কথাও নয়। কে শত্রু, কার শত্রু, কেমন শত্রু এরা কিছুই জানে না হারাবার মত বিত্ত এদের কারো ঘরে নেই। যা আছে ওই ধুকপুকে প্রাণটা। কিন্তু এদের মতো মানুষের প্রাণ যাওয়াটাও তত বড় যাওয়া নয়। এলই বা শত্রু! এর চাইতে বড়ো দুর্গতি আর কি হবে?

কর্তারা মালটানা মজুরদের জানিয়ে দিল তাদের প্রয়োজন ফুরিয়েছে, যেহেতু ব্যবস্থা বন্ধ হ'য়েছে। ওয়াং এখন বেকার। দিনরাত মড়ার মত ঘুমিয়ে কাটিয়ে দিল কদিন। বেকারত্বের সাথে বেভন্নত্বেরও যোগ আছে—এটা ওয়াংকে বুঝতে হ'লো দুদিনেই। হাতের সামান্য সঞ্চয়ও ফুরোল। এখন ওয়াং পাগল হয়ে ওঠে।

লঙ্গরখানাগুলোর দোর বন্ধ হ'লো। যাঁরা নিরন্নকে অন্ন দিয়ে ওপারের পথ নিরঙ্কুশ ক'রছিলেন, তাঁরা এখন ঘরে খিল এঁটে এপারের পথের ভাবনা করেন। এখন নাই অন্ন, নাই বস্ত্র, নাই রাস্তায় মানুষ, ভিক্ষাও তাই বন্ধ।

ওয়াং মেয়েটাকে দু'হাতে বুকে জড়িয়ে কুঁড়ের ভিতরই বসে থাকে। ওর চোখে চোখ রেখে ভিজা কোমল স্বরে বলে ঃ 'তাই ভালো মা, তাই ভালো। ওই বড় বাড়ীটায় রেখে আসি তোকে। কত খাবি দাবি, নতুন নতুন কত জামা কাপড় পরবি।'

অবোধ শিশু বোঝে না, হাসে। ক্ষুদ্র হাত দু'খানি বাড়িয়ে বাবার চোখ ধরতে যায়। ওয়াং-এর বুকটা ব্যথায় টন্ টন্ ক'রে ওঠে। অসহিষ্ণু হ'য়ে চীৎকার ক'রে স্ত্রীকে জিজ্ঞাসা করে ঃ

'বাবুদের বাড়ী যখন ছিলে তোমায় মারধোর করত?'

'রোজ'—নির্লিপ্ত, মোটা স্বরে ওলান্ জবাব দেব।

'কি দিয়ে মারতো ?'

'কি দিয়ে আবার ? খচ্চর তাড়ানো চামড়ার চাবুক দিয়ে। হাতের কাছেই সর্বদা ঝোলান থাকত কিনা ওটা।' নিতান্ত সাধারণ নিষ্প্রাণ স্বর।

ওয়াং জানে ওলান্ ওর মনের কথা বুঝতে পেরেছে। তবুও আশ্বস্ত হবার মত একটু কিছু শুনতে পাবার আশায় আবার জিজ্ঞাসা করেঃ

'মেয়েটা বেশ ফুট্‌ফুটে হয়ে উঠেছে। চেহারা ভালো হ'লেও মার খায় দাসীরা ?'

তেমনি নির্বিকার জবাব দেয় ওলানঃ 'সে বাবুদের খেয়াল। সোহাগ ক'রে শয্যায়ও শোয়ায়, আবার মেরে হাড় মাস এক ঠাঁইও করে।'

ওলান্-এর বিকারহীন আটপৌরে কণ্ঠ হ'তে ওয়াং ধনীগৃহের অন্তঃপুরের ইতিহাস শোনে। অর্থ দিয়ে কেনা ক্রীতদাসী ধনী বাবুদের যথেচ্ছ ভোগের পণ্য। যেদিন যার হুকুম বিচার না ক'রে তারই শয্যায় সেদিন নিজেকে ডালি দিতে হবে। তরুণ বাবুরা দরকষাকষি করে, ভাগাভাগি করে,—আজ এ নিলে তো কাল অমুককে দিতেই হবে, এমনি ধারা। তারপর পুরোনো হ'য়ে গেলে, ছেঁড়া জুতোর মত ছুঁড়ে দেয়। আর মনিবের পাতের উচ্ছিষ্ট নিয়ে ভৃত্যের দল কাড়াকাড়ি করে।

ওয়াং তীব্র বেদনায় কাতর হ'য়ে শিশুকে বুকে চেপে ধরে। একটা তলহীন কান্নার আবর্তে পড়ে ও অসহায় ভাবে কেবলি ঘুরপাক খেতে থাকে। উপায় নেই, কোনো উপায়, কোনো পথ নেই আর।

হঠাৎ একটা প্রচন্ড শব্দ। একটা ভয়ঙ্কর বিস্ফোরণে আকাশটা যেন ফেটে চৌচির হ'য়ে গেল। নিজেদের অজ্ঞাতসারেই সকলে মাটিতে উবু হয়ে পড়ে মুখ গুঁজে থাকে, ওই অতিকায় কুশ্রী গর্জনটা থেকে কি যে সাংঘাতিক সংকট ঘনিয়ে উঠবে কে জানে! ছেলেরা ভয়ে চীৎকার জুড়ে দেয়।

হঠাৎ-ই আবার থেমে গেল গর্জনটা—যেমনি হঠাৎ এল, তেমনি হঠাৎ গেল। তারপর পরিপূর্ণ নিস্তব্ধতা—পৃথিবীটাই যেন থেমে গেল। ওলান্ মাথা তুলে বলেঃ 'মিথ্যে শুনিনি তাহ'লে। শত্রুই তো এসেছে দেখছি, শহরের গেট ঐ ভেঙ্গে ফেলল।'

ওলান্-এর কথা শেষ হবার আগেই একটা বিরাট কোলাহল উঠল, কোলাহলের একটা বন্যা যেন সারা শহরকে প্লাবিত ক'রে দিল। প্রথমটা অস্পষ্ট যেন বহুদূর থেকে ছুটে-আসা প্রবল ঝড়ের চাপা গোঙ্গানী। ক্রমেই কাছে আসতে লাগল,—স্পষ্ট হ'তে স্পষ্টতর—উচ্চ হ'তে উচ্চতর, উন্মত্ত মানুষের চীৎকার—কাছে—আরো কাছে—প্রতি রাস্তায়—প্রতি গলিতে—বস্তির একেবারে কাছে—মর্ত্য এবং আকাশের রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়ল।

ওয়াং উঠে সোজা হ'য়ে বসে। একটা নামহীন ভীতি সরীসৃপের মত ওর মাংসের ওপর গুড়ি মেরে বেড়াতে লাগল—লোমকূপে, চুলের গোড়ায় গোড়ায় যেন কিলবিল করতে লাগল। আতঙ্কে, রোমাঞ্চিত দেহে ও কান পেতে শোনে...কেবলি মানুষের চীৎকার—আর কিছু না।

একেবারে কাছেই। প্রাচীরটার গায়ে একটা বিরাট কপাট যেন কব্জার ওপর

মোচড় খেয়ে ককিয়ে কেঁদে উঠে অনিচ্ছায় খুলে গেল। তারপর একেবারে হঠাৎ সেই লোকটা, সেদিন সন্ধ্যার সময় বলেছিল ওয়াংকে সব কিছুরই পথ আছে,—ওয়াং-এর কুঁড়ের মধ্যে উঁকি মেরে বলে উঠল : আরে, আরে আচ্ছা মানুষ তো। এখনও ঠাঁয় বসে আছ ? আরে বেরিয়ে এস, বেরিয়ে এস। সময় হ'য়ে গেছে। দেখছ না টাকার কুমীরটার বাড়ীর দরজা খুলে গেছে। আমাদেরই জন্য খুলেছে এই কথাটা মাথায় ঢুকল না এতক্ষণ ! কি বলেছিলাম সেদিন !'

চকিতে ওলান্ সেই লোকটার হাতের তলা দিয়ে গলিয়ে বেরিয়ে গিয়ে উধাও হ'য়ে গেল। ওয়াং ধীরে ধীরে ওঠে স্বপ্নাবিষ্টের মত। খুকীকে মাটিতে শুইয়ে বাইরে আসে।

বড় বাড়ীটার লোহার গেটের সামনে চীৎকারোন্মত্ত অসংখ্য মানুষের একটা তরঙ্গক্ষুব্ধ বিরাট সমুদ্র। সবাই সাধারণ মানুষ ওয়াং-এরই মত। ক্ষুধার্ত ব্যাঘ্রের মত হিংস্র গর্জন করতে করতে ওরা পাগল হ'য়ে সামনের দিকে ছুটছে ঠেলাঠেলি মারামারি ক'রছে অন্ধ আবেগে। এদের কোলাহলই ওয়াং শুনেছিল ফুলে-ফেঁপে-ফেটে রাস্তায় ছড়িয়ে পড়ছে। ওয়াং বুঝল, পশুর মত অভদ্র গর্জন করতে করতে ছুটছে এই যে অন্ধ উচ্ছৃঙ্খল জীবের দল এরাই সেই বুভুক্ষিত, সর্বহারা মানুষ যারা এতদিন দুর্গতির কারাগারে বন্দী ছিল। আজ সে-কারাগারের আগল ভেঙ্গেছে, একটা স্বল্পায়ু মুহূর্তের জন্য এরা যা খুশি তা করার অবাধ স্বাধীনতা পেয়েছে। তাই ওরা আজ দিশাহারা হ'য়ে মত্ত নেশায় ওই খোলা গেটের' দিকে ছুটছে সবাই। ব্যষ্টি গোষ্ঠির মধ্যে হারিয়ে গিয়ে ওই অসংখ্য মানুষ এক দেহ একটা প্রবাহে যেন বয়ে চলেছে একটা বেগবান স্রোতে।

আকস্মিকের বিস্ময়ে ওয়াং সম্বিৎ হারিয়েছিল। কেন যে ও এখানে এসেছে সে-খেয়ালও ওর নেই। পেছনের ঠেলায় ও স্রোতের আবর্তে গিয়ে পড়ল। ইচ্ছা না থাকলেও ভেসে চলল স্রোতে। শূন্যের ওপর ভর দিয়ে যেন চলল ওয়াং—ওর পা, মনে হ'ল, একবারও মাটি স্পর্শ করছে না।

গেট পেরিয়ে, মহলের পর মহল পার হয়ে একেবারে অন্দরের প্রাঙ্গনে গিয়ে পড়ল। শূন্যতা থম্ থম্ ক'রছে সেখানে যেন কোন্ যুগের এক প্রেতায়িত রাজপুরী। কেবল বাগানে পাথরের ফাঁকে ফাঁকে ফোটা লিলিফুলে, নিষ্পত্র তরু শাখে, বসন্তের পুষ্পোৎসবে এখনও প্রাণের পরিচয় রয়েছে। খাবার ঘরে টেবিলেও খাবার সুসজ্জিত, রান্না ঘরের উনুন তখনও জ্বালা। অন্তঃপুরের পথঘাট এ মানুষগুলোর নখাগ্রে। ভৃত্যদের ঘর, রান্না বাড়ী পার হয়ে ওরা সোজা চলে গেল বাবুদের খাসমহলে—যেখানে কোমল বিলাসী শয্যা, সোনার মীনা করা লাক্ষার আধার আর কারুকার্য মন্ডিত মূল্যবান আসবাব, প্রাচীর বিলম্বিত বিচিত্রিত পট প্রভৃতির অজস্র সম্ভার। জনতা ঐসব ঐশ্বর্যের ওপর ঝাঁপিয়ে পড়ে বাক্স পেট্‌রা খুলে ভেঙ্গে তচ্‌নচ্ ক'রে ছড়িয়ে ফেলল। যা কিছু চোখে পড়ে নিয়ে কাড়াকাড়ি করে, বিছানা, পর্দা, থালা বাটি কিছুই বাদ যায় না, কেবল হাতে হাতে ঘোরে। এ ওর হাত থেকে কেড়ে নেয়, ও তার থেকে ছিনিয়ে নেয়, কারো হাতে কিছু থাকলেই হ'ল অমনি ছোঁ মেরে আর একজন তুলে নেয়, এক মিনিট তাকিয়ে দেখে না।

ওয়াং লাং কেবল ছুঁল না কিছু। পরস্ব সে জীবনে ছোঁয়নি। অনেক চেষ্টায় ও ভিড়ের মাঝখান থেকে এক পাশে এল। পাশে চাপ অল্প, সুতরাং যেমন ক'রে নদী তীরোপান্তে ক্ষুদ্র ক্ষুদ্র ঘূর্ণ্যাবর্ত পাক খেয়ে খেয়ে অল্পতর স্রোতের সাথে সাথে বয়ে যায় ধীরে ধীরে, ওয়াংও তেমনি এগিয়ে চল্ল—।

যেখানটায় ও এসে পড়ল সেখানটা অন্দরের একেবারে পেছনের অংশ—বাবুদের হারেম। খিড়কির দরজা খোলা পড়ে আছে। কতকাল ধরে এমনিতরো বিপদের দিনে পালাবার পথ ক'রে দিয়েছে এই গুপ্তদ্বার। সবাই বোধহয় আজও ওই দরজা দিয়েই পালিয়েছে। কেবল একজন রয়ে গেছে, হয়তো পালাতে পারেনি। দেহের আয়তনের জন্যই হোক আর নেশার দরুণই হোক, পারে নি। একটা খালি ঘরের এক কোণে লোকটা লুকিয়েছিল। জনতা ওখান দিয়ে চলে গেছে, ওকে দেখতে পায়নি। এখন নিজেকে একা মনে ক'রে লোকটা পালিয়ে যাবার জন্য বেরিয়ে এসেছে। সেই মুহূর্তেই ওয়াং ভিড় থেকে বিশ্লিষ্ট হ'য়ে ওখানে এসে পড়ল।

লোকটার বয়স যৌবনাতিক্রামী। দেহে মাংসের বেমানান আতিশয্য। হয়ত' বিলাস নিদ্রায় রাত কাটিয়ে এই মাত্র ঘুম ভেঙ্গেছিল তার। কোনোমতে ওপর থেকে জড়িয়ে নেওয়া তসম্বৃত বেগুণী সাটীনের পরিচ্ছদ ভেদ ক'রে দেহের নগ্ন মাংস আত্মপ্রকাশ ক'রছে। বড় বড় হলদে মাংসের থোলো ঝুলছে বুকে পেটে; দুই গালের মাংসের উঁচু ঢিবির পেছনে কোটরগত শুয়োরের মত কুঁৎকুঁৎতে চোখ। ওয়াংকে দেখে লোকটা কাঁপতে লাগল ঠক্ ঠক্ ক'রে। এমন ভাবে হঠাৎ চীৎকার সুরু করল যেন ওর গায়ের মাংস কেউ ছুরি দিয়ে কাটছে। অহিংস, নিরস্ত্র, ওয়াং-লাং অবাক হ'য়ে গেল, ওর হাসি পেল। কিন্তু লোকটা ওর পায়ের ওপর আছাড় খেয়ে প'ড়ে মাটিতে মাথা ঠুকে কেঁদে কেঁদে ওকে বাঁচাবার জন্য মিনতি করতে লাগল। প্রাণে যেন না মারে ওয়াং ওকে, অনেক টাকা দেবে ও, যত চায়।

'টাকা—' এই শব্দটা যেন ওয়াং-এর মোহগ্রস্ত সম্বিতে সজোরে একটা ধাক্কা দিল। তাইতো টাকাই তো চাই। টাকা-টাকা-টাকা চাই, এই কথাই যেন ওয়াং দিকে দিকে শুনতে পেল। টাকা চাই, তাহলে ওর প্রিয়তমা কন্যা, ওর দেশ, জমি, মাটি·· মাটিমা ···তড়িৎ বেগে মনের পরদায় কতকগুলি ছবি জেগে উঠল।

পরুষ কণ্ঠে চীৎকার ক'রে উঠল ওয়াং: 'কৈ বের কর টাকা, শিগ্‌গির। অমন স্বর যে ওর কণ্ঠে লুকিয়েছিল তা এক মুহূর্ত আগেও জানতো না ওয়াং।

লোকটা উঠে দাঁড়ায়। ফোঁপাতে ফোঁপাতে আপন মনে কি বলতে বলতে পকেট থেকে দুই মুঠো ভরে মোহর বের ক'রে ওয়াং-এর কাপড়ে ঢেলে দিল। 'আরো দাও, আরো চাই'—বিকট স্বরে চীৎকার ক'রে আবার বলে ওয়াং।

আবার ভরা দুহাত বেরিয়ে আসে। আর নাই। কেঁদে ফেলে লোকটা বলে: 'প্রাণটা ছাড়া আর এখন কিছু নেই—'। তেলের মত ঝরে অশ্রু গাল বেয়ে গড়িয়ে পড়ে।

ক্রন্দনপর, বেপথুমান ওই মাংস পিন্ডটার দিকে তাকিয়ে তাকিয়ে ঘৃণায় জর্জরিত হ'য়ে ওঠে ওয়াং।

'দূর হ'য়ে যা আমার চোখের সামনে থেকে', চীৎকার ক'রে ওয়াং বলে : 'নয়ত পোকার মত দু'হাতে টিপে মারব।'

এ সেই ওয়াং,—বলদটা মারতে যার হাত ওঠেনি। লোকটা খেঁকী কুকুরের মত ওর পাশ কাটিয়ে পালিয়ে গেল।

হাতে বিপুল ঐশ্বর্য নিয়ে ওয়াং একা। দেখার জন্য এক মুহূর্ত দাঁড়াল না ও ওখানে। জামার মধ্যে মোহরগুলি গুঁজে খিড়কী দিয়ে বেরিয়ে চুপি চুপি বস্তিতে ফিরে এল।

মোহরগুলোতে তখনও তাদের পূর্বতন অধিকারীর দেহের উষ্ণতা জড়িয়ে রয়েছে। শক্ত ক'রে চেপে ধরল যেন কেউ কেড়ে না নেয়।

'আর দেরী নয় কালই ফিরে যাব,'—ওয়াং ভাবে : 'ফিরে যাব, যাব মাটি—আমার মাটি মায়ের কোলে।'

[পনর]

দু'চার দিনের মধ্যেই ওয়াং-এর সর্ব চেতনা এমন একটা প্রশান্ত পরিপূর্ণতায় এসে পৌঁছুল যে এখন আর ওর মনেই হয়না যে একদিনের জন্যও ও মাটি মায়ের কোল ছেড়ে দূরে এসেছে। মাঝখানের এই সুদীর্ঘ কালের বিচ্ছেদ সেই পরিপূর্ণতার মধ্যে বিলুপ্ত হয়ে যায়। আর বাস্তবিক পক্ষে ওর দেহটাই দূরে এসেছে, মন তো ফেলে এসেছে বিরহ সায়রের ওই তটে।

গোটা তিনেক ডলার দিয়ে খুব ভাল দেখে বীজ কিনল নানা রকম শস্যের। কোনও দিন চাষ করেনি এমন সব তরকারী শাক সব্জীর বীজও কিনল, আর নিল পুকুরের জন্য পদ্মের বীজ।

বাড়ী যাবার পথে একটা বলদ কিনল পাঁচটা মোহর দিয়ে। বলদটা দিয়ে জমি চষছিল এক চাষা। ওয়াং-এর চোখ পড়ল। বলদটার বলিষ্ঠ কাঁধ এবং প্রকাণ্ড জোয়ালের প্রতিকূলতায়ও লাঙ্গল টানার সাবলীল বলিষ্ঠ ভঙ্গী ওকে মুগ্ধ করল। সুতরাং ওটা ওয়াং-এর চাই-ই। প্রথমটায় চাষী মুখ বাঁকা ক'রে বলেছিল : 'সখের যে আর সীমা নেই হে, আমার হাল থেকে খুলে তিন বছরের যোয়ান বলদ আমি বেচি ওকে—এরপর বলবে বৌ বেচ!' ওয়াং দমল না—চাই-ই ওটা। খাসা বলদ, কি চমৎকার রং, কেমন পরিপূর্ণ কালো দুটি চোখ। তারপর অনেক কথা কাটাকাটি, অনেক দর কষাকষির পর উচিত মূল্যের দেড়গুণ পেয়ে লোকটা বলদ ছাড়ল। অবলীলায় পাঁচটা মোহর গুণে ও তার হাতে তুলে দিল। এমন চমৎকার বলদের কাছে তুচ্ছ ওর সোনা—তুচ্ছ রূপো। ওই পাঁচটা মোহরের বিনিময়ে ও যেন রাজ্য হাতে পেল এমনি গর্ব-স্ফীতভাবে ও বলদের দড়ি ধরে চলতে লাগল।

বাড়ী এল তারা। ঘরের দরজা নেই, চালে নেই একগাছি খড়। ছাউনিহীন

বাঁশ ক'খানা আর অর্ধেক ধ্বসে-পড়া মাটির দেয়াল কটা পড়ে আছে কেবল। চাষের যন্ত্রপাতি একখানিও নেই। প্রথম বিহ্বলতার ঘোর কেটে যাবার পর ওর এসব তুচ্ছ মনে হ'ল। শহর গিয়ে খুব মজবুত একটা হাল আর অন্যান্য হাতিয়ার এবং চালের জন্য খড় নিয়ে এল। নিজেদের জমির খড় উঠতে এখনও অনেক দেরী।

সন্ধ্যার সময় দাওয়ায় দাঁড়িয়ে দৃষ্টি মেলে দেয় ওয়াং মাঠগুলির বিস্তৃতির ওপর। পরম আপনার ধন ওই মাটি ওর, শীতের জড়তা কাটিয়ে নূতন বৃষ্টি রস-সেক-সমৃদ্ধ হ'য়ে উন্মুখ হ'য়ে আছে বীজ বোনার প্রতীক্ষায়। ভরা বসন্ত। অগভীর ডোবা-গুলি থেকে ভেসে আসে ব্যাং-এর একটানা তন্দ্রালু ডাক। বাড়ীর এক কোনের বাঁশ ঝাড়টায় লেগেছে মৃদু হাওয়ার শিহরণ। প্রদোষের ফিকে আলো-আঁধারে অস্পষ্ট-ভাবে দেখা যায় সামনের ওই মাঠের ধারের পিচ গাছগুলো গোলাপী ফুলে ফুলে ছেয়ে গেছে; উইলো গাছে নব কিশলয়ের পাটল শ্যাম শোভা। শান্ত, নীরব-শ্রী, উন্মুখ মাটির বুক থেকে লঘু জ্যোৎস্নার মত শুভ্র কুহেলীর জাল ধীরে ধীরে উঠে তরু -মূলে লীন হয়ে যায়।

কয়েকটা দিন ওয়াং যেন কি একটা ভাবাবেশে ডুবে রইল। এতদিন বিচ্ছেদের পর মিলনের এই মহালগ্নে ওর আর ওর পরম প্রিয়, পরম-আপনার মাটির মাঝখানে ও কাউকে সহ্য ক'রতে পারল না। কারো বাড়ী গেল না—কারো সাথে সাক্ষাৎ ক'রল না। প্রতিবেশীদের অনেকেই দুর্ভিক্ষে গত হয়েছে। দু-চার জন যারা বাকী ছিল, তারা এলে ও ক্ষেপে গিয়ে পাগলের মত চীৎকার জুড়ে দিত: 'এই শালারাই সব চুরি করেছে আমার—চালের খড় পর্যন্ত নিয়ে খেয়েছে—দে শালারা সব বের ক'রে—'

প্রতিবেশীরা ভালো মানুষের মত মাথা নেড়ে বলে: 'আমাদের গালি-গালাজ করিস না বলছি—আমরা কিছু জানি না—জানে তোর খুড়ো ব্যাটা। আকালের সময় চোর ডাকাতের বাজ্যি পড়ে সব জায়গায়ই, এ কে না জানে।'

'পেটের জ্বলায়ই লোকে চুরি করে—না ক'রে ক'রবেই বা কি। পেট তো মানে না।' এমনিধারা কৈফিয়ৎ।

পড়শী চিং-ও দেহটাকে বড় কষ্টে টানতে টানতে নিয়ে এসে উপস্থিত হয়। সে বলল: 'কি বলব ভাই, গোটা শীতটা তোমার বাড়ীতে সে এক ডাকাতের আড্ডা। গাঁ, শহর ওদের জ্বালায় অস্থির। তোমার কাকার ধরণ-ধারণ কেমন যেন—থাক্ বাপু সত্যি মিথ্যে আমি জানি না; অন্যের কথায় আমার কাজই বা কি?'

কিন্তু এই কি চিং? না তার ছায়া? জিরজিরে হাড় ক'খানার গায়ে সেঁটে আছে কেবল চামড়াখানা। মাথার চুল উঠে গেছে। যা দু-এক গাছি আছে তাও শনের মত শাদা। বয়স তো সবে এই চল্লিশ। ওয়াং-এর মুখে কথা সরে না। ওই মানুষ-রূপী কঙ্কালটার দিকে বিমূঢ় দৃষ্টিতে তাকিয়ে ওয়াং হঠাৎ বলে উঠল: 'তাইতো আমাদের চাইতে অনেক বেশী কষ্ট গেছে দেখি তোমার। কি খেয়ে দিন গেছে তোমার বলো দেখি?' ওয়াং-এর বুক দরদে ভরে ওঠে।

চাপা একটা দীর্ঘশ্বাস ফেলে চিং বলে: 'কি খাইনি তাই জিজ্ঞাসা করো। কুকুরের মত আঁস্তাকুড় থেকে কুড়িয়ে খামচে পচা গলা যা পেয়েছি এই পোড়া পেটে

পুরেছি। শহরে ভিক্ষে মেগেছি—পাইনি। কে দেবে? মরা কুকুরের মাংস অবধি খেয়েছি। বৌটা চলে গেল—এত কষ্ট সইতে পারল না। মরার আগে একদিন কিসের মাংস এনে সেদ্ধ ক'রে সামনে ধরল। জিজ্ঞেস ক'রতেও সাহস হ'লনা—কিসের মাংস। হয়ত শুনব মেয়েটারই মাংস। কিন্তু, না কিছুতেই কাউকে মারতে ওর হাত উঠবে না—এ আমি জানতাম। মরা ধরা জন্তু জানোয়ার কুড়িয়ে টুড়িয়ে এনে থাকবে। আমার মত লোহার প্রাণ তার ছিল না···সে চলে গেল। মেয়েটাও অমন ক'রে চোখের সামনে না খেয়ে শুকিয়ে তিল তিল ক'রে মরবে? এ সইতে পারলাম না—দিলুম তুলে একটা সৈন্যের হাতে।'

থেমে আবার বলল: 'লাঙ্গলখানা রয়েছে—ভাবলাম আবার হাতে করি। কিন্তু বুনব কি? বীজ কি রেখেছি একটা দানাও!'

ওয়াং স্বরে একটা কপট রুক্ষতা মিশিয়ে বলে: 'রাক্ষস! রাক্ষস! পেটে আগুন সব! যাক্, এখন এসো দেখি একবার সাথে।'

টেনে নিয়ে গেল ওকে বাড়ীর ভেতর। দক্ষিণ দেশ থেকে আনা বীজ থেকে সব রকম কিছু কিছু ক'রে ওর ছেঁড়া কোটের এক পার্শ্বে ঢেলে দিয়ে বলল: 'খাসা একটা বলদ কিনেছি—কাল তোমার জমিতেই ওটাকে পরখ ক'রে দেখব।'

চিং ফুঁপিয়ে কেঁদে উঠল। ওয়াং-এর চোখও ভিজে উঠল। উত্তেজিত স্বরে বলে উঠল: 'আকালের সময় খেতে দিয়ে আমার বৌটাকে বাঁচিয়েছিলে তুমি, সেকথা কি ভুলে গেছি? অমন নেমকহারাম ওয়াং নয়।' চোখ মুছতে মুছতে চ'লে যায় চিং।

কাকা গাঁয়ে নেই, ওয়াং স্বস্তির নিশ্বাস ফেলল। কোথায় গেছে কেউ জানে না। কেউ বলছে সব ক'টা মেয়েকে বেচে দিয়ে সে দেশান্তরী হয়েছে। শুনে রাগে ওয়াং-এর সর্ব শরীর কাঁপতে থাকে।

তারপর আপনাকে নিঃশেষ ক'রে ঢেলে দিল ওয়াং চাষের কাজে। চার ধারের সংসার যেন ওর চেতনার পার থেকে একেবারে মুছে গেল। খাবার শোবার যেটুকু সময় ওকে বাড়ীতে থাকতেই হয় তাতেও যেন ওব বুকটা চড়চড় করে। রুটির মোড়ক আর ক'কোয়া রসুন হাতে নিয়েই ও মাঠে চলে যায়। কোথায় কি লাগাবে তার হিসেব ক'রতে ক'রতে দাঁড়িয়ে দাঁড়িয়ে খেতে ওর বেশ লাগে। ক্লান্তিতে দেহটা যখন নুয়ে আসে তখন ও চষা জমির ওপর নিজেকে এলিয়ে দেয়। মাটির উষ্ণ স্পর্শে ওর চোখে ঘুম জড়িয়ে আসে।

ওলান্ও বসে থাকে না। নিজ হাতে চাটাই দিয়ে চাল ছায়; মাঠ থেকে মাটি এনে ঘরের দেয়াল মেরামত করে; উনুনটা নূতন ক'রে গড়ে; বৃষ্টি বাদলে রান্না-ঘরের মেজের মাটি উঠে গিয়ে এখানে সেখানে গর্ত হ'য়ে গিয়েছিল, সেগুলো ভরাট ক'রে নিকিয়ে পরিপাটি ক'রে তোলে। তারপর একদিন ওয়াং-এর সাথে শহরে গিয়ে বিছানা-পত্র, কিছু আসবাব, একটা লোহার কড়া, একটা দস্তার শামাদান, দস্তার ধূপদানী, একখানা ধনদেবতার পট—দেয়ালে ঝুলিয়ে রাখবে—এবং পটের সামনে জ্বালবার জন্য দুটো লাল মোমবাতী কিনে আনল। এছাড়া নলঘাসের সলতে

দেওয়া আরো দুটো চাবর বাতিও কিনল। আর কিনল এসব প্রয়োজনের ওপরে একটু বিলাসের রং লাগিয়ে চিত্র বিচিত্র করা একটা লাল রং-এর মেটে চা-দানী, এবং তার সাথে মিলিয়ে ছ'টা বাটি।

ওয়াং ক্ষেত্রদেবতার কথা ভোলে না। ফেরার পথে মন্দিরের মধ্যে এক বার উঁকি মেরে দেখে নিল। করুণ দৃশ্য। বৃষ্টির জলে ওপরকার রং ধুয়ে প্রতিমার মাটি বেরিয়ে পড়েছে। কাগজের পোষাক ছিন্ন ভিন্ন। আকালের বছরটায় কেউ আর এদিকে দৃষ্টি দেয়নি। ওয়াং মূর্তিটার দিকে তাকিয়ে একটু তৃপ্তিব স্বরে বলে: 'বেশ হয়েছে—খুব হয়েছে, মানুষের অনিষ্ট করবে আক্কেলটা পাও এখন! দেবতা না রাক্ষস!'

ওয়াং-এর বাড়ীখানা আবার হেসে ওঠে। দস্তাব শামাদানে লাল মোমবাতি জ্বলে লাল আভা ছড়ায়; চা-দানী, বাটি সব টেবিলের ওপর সাজানো। আর একটা ছোট-বিছানা বেড়েছে। ওযাং-এর শোবাব ঘরের ঘুলঘুলিতে নূতন কাগজ সাঁটা হয়েছে। নূতন কপাট বসেছে চৌকাঠেব গায়। ওয়াং শঙ্কিত হয়, কে জানে এত সুখ বুঝি সইবে না। ওলান্ আবার ভাবীমাতৃত্বে সমৃদ্ধা। ছেলেবা আঙ্গিনায় গড়াগড়ি ক'রে খেলা করে—ঠিক যেন মেটে রং-এর মোটা সোটা কুকুর-ছানা ক'টা। দক্ষিণেব প্রাচীরে হেলান দিয়ে বৃদ্ধ পবিতৃপ্ত অন্তঃকরণে ঝিমোয়।

শিশু-ধানের শ্যাম-রূপশ্রীতে মাঠ অপরূপ। আবো রূপ শিশু-মটর গাছেব মাটির বাঁধন ছাড়িয়ে আকাশের ইশারায় ওপর দিকে মাথা তোলার লীলায়।

হাতে যা টাকা আছে হিসেব ক'রে চললে নূতন ফসল ওঠা পর্যন্ত ভাবতে হবে না।

ওপরে নীলের বিস্তাবে শুভ্র মেঘের অভিযানের দিকে তাকিয়ে ওয়াং-এর মনে হয়: 'নাঃ মন্দিরে গিয়ে ঠাকুরের সামনে দুটো ধূপ জ্বালিয়ে দিয়ে আসি—কে জানে ওদের মতিগতিতে বিশ্বেস নেই মোটে।'

[ষোল]

একদিন রাতে শুয়ে শুয়ে ওয়াং এর হাতে ওলান্-এর বুকের মাঝখানে শক্ত একটা কি ঠেকল। জিজ্ঞাসা করল: 'ওটা কি রেখেছ ওখানে?' হাত দিয়ে দেখল কাপড়ে জড়ান একটা পুঁটুলি, ভেতরে শক্ত কি যেন নড়ে। ওলান্ সরে গেল। কিন্তু ওয়াং জোর ক'রে কেড়ে নিতে গেলে—হাল ছেড়ে দিয়ে জিনিষটা ছুঁড়ে ফেলে দিল ওর দিকে—'নাও নাও দেখ,' কাঁদ কাঁদ হ'য়ে ওলান বলে।

ময়লা ন্যাকড়ায় জড়ান পুঁটলিটা খুলতেই বেরিয়ে পড়ল একরাশ দামী পাথর। ওয়াং বিহ্বল হ'য়ে তাকিয়ে রইল। রামধনু রং-এর খেলা ওর সামনে। কোনোটা তরমুজের শাঁসের মত টুকটুকে লাল; সোনালী কোনোটা; কোনোটায় নবপল্লবের

শ্যামলিমা ; কোনোটায় বসুধা-তল-নিঃসৃত সলিলের স্বচ্ছতা। কি এ বস্তু! জহরৎ ওয়াং জীবনে দেখেনি, চেনেও না সে-সব। ঘরের অন্ধকারের মধ্যে কটা রং-এর রুক্ষ হাতখানার মধ্যে বস্তুগুলো যেন শত দীপের মতো জ্বলে উঠল। দুজনেই নিস্পন্দ, নির্বাক। ওদের বিমূঢ় দৃষ্টি যেন মণিগুলোর গায়ে বিঁধে রইল।

ওয়াং রুদ্ধশ্বাসে জিজ্ঞাসা করে ঃ 'কোথায়—কোথায় পেলে এসব ?'

'সেই বড় বাড়ীটায়। বোধ হয় বাবুদের পেয়ারের কারো গয়না ছিল এসব।' খুব ধীরে ধীরে ওলান্ বলে চলে ঃ 'দেয়ালের একটা জায়গায় আল্‌গা ইঁট একখানা দেখেই বুঝতে পারলাম। চুপি চুপি সেখানে চলে গেলাম। কেউ দেখলে আবার ভাগ দিতে হবে তো। গিয়ে ইঁটটাকে সরাতেই এই ঝক্‌ঝকে জিনিষ-গুলো বেরুল।'

'আল্‌গা ইঁট ? ভেতরে যে এসব থাকে তা জানলে কি ক'রে তুমি ?'—সপ্রশংস চাপা গলায় জিজ্ঞাসা করে ওয়াং।

ওলান্-এর ঠোঁটের কোণে একটু মৃদু হাসির রেখা জেগে ওঠে—সেই স্বল্পপ্রাণ হাসি যা ঠোঁটের প্রান্তেই মিলিয়ে যায়, যার দ্যুতি চোখে প্রতিফলিত হয় না কখনো। বলে ঃ 'অতদিন বড়লোকের বাড়ীতে থেকে এটুকুও জানব না ? ওরা ভয়েই মরে সর্বদা। তা, দামী জিনিসপত্র থাকলে ভয় হবারই কথা। আর একবার আকাল হয়েছিল, সেবার দেখলাম ডাকাত পড়লো বাবুদের বাড়ী। দাসী চাকর মায় গিন্নী পর্যন্ত যে যেদিকে পারল, প্রাণ নিয়ে পালালো। দেয়ালে আগে থাকতেই জায়গা ঠিক ক'রে রাখে। ওরই ফোকরে গয়না পত্র দামী জিনিস সব লুকিয়ে ফেলে। তারপর খাঁজের মুখে ইঁটখানা বসিয়ে দিলেই হ'ল! ও কত দেখেছি। পাঁচীলের গায়ে বলা নেই কওয়া নেই হঠাৎ একখানা আল্‌গা ইঁটের মানে কি, সে খুব বুঝি।'

অতৃপ্ত দৃষ্টিতে ওরা মণিগুলোর দিকে তাকিয়েই থাকে। মুহূর্তের পর মুহূর্ত পার হ'য়ে যায়। অনেকক্ষণ পর ওয়াং বলে ঃ 'এত দামী জিনিস তো আমাদেরও কাছে রাখা ঠিক হবে না। বেচে টাকা ক'রে টাকাগুলো বরঞ্চ ভালো জায়গায় রেখে দি। আমার মনে হয় জমি কেনাই ভালো সব চাইতে। নইলে কারো কানে একবার একথা গেলে রক্ষে আছে আর ? সেদিনই ডাকাত পড়বে। এগুলো তো যাবেই সাথে সাথে জানেও টান পড়বে। কাজেই আজই যাহোক একটা ব্যবস্থা ক'রতে হবে। নইলে ভয়ে ঘুমই আসবে না।'

কথা বলতে বলতে ওয়াং পাথরগুলো আবার আগের মত ক'রে পুঁটলিতে বেঁধে নিজের জামার মধ্যে পুরতে যাবে এমন সময় চোখ পড়ে গেল ওলান্-এর দিকে। বিছানার শেষ প্রান্তে পায়ের ওপর পা আড় ক'রে ওলান্ বসে আছে নতমুখে। চির-নির্বিকার, চির-ব্যঞ্জনা-বিহীন মুখখানায় কী যে গভীর কামনার একটা চাপা আবেগ ঠোঁট দুখানিতে কেঁপে কেঁপে উঠছে। ওয়াং অবাক্ হয়ে গেল। জিজ্ঞাসা করল ঃ 'একি! কি হ'লো তোমার ?

'সব কটাই বেচে ফেলবে ?'

'কেন, রাখতে চাও কটা ? কি করবে বলতো ?' ওয়াং আরো অবাক হ'য়ে যায়।'

'আমাদের এই তো মেটে ঘর, এতে অমন দামী জিনিস রাখতে আছে ?'

'বেশী নয়, অন্ততঃ দুটো যদি রাখতে পারতাম !' আশা ভঙ্গের আকুতিতে এমন ভারী হয়ে ওঠে ওলান্-এর কথা ক'টি, যে ওয়াং এর বুক দুলে ওঠে—ওর কোনো সন্তান যদি ওর কাছে একটা পুতুল বা লেবেঞ্চুস চায় তাহলে যেমন হয়, ঠিক তেমনি করে। বড় অবাক্ লাগে। একরকম চেঁচিয়েই বলে ওঠে ঃ 'সেকি, কি করবে বলতো ?'

ওলান্ মিনতি করে ঃ 'দুটো, ছোট্ট দুটো—না হয় ঐ সাদা মুক্তো দুটোই রাখ।'

'মুক্তো ?' ওয়াং আরো অবাক হয়—মুখটা ওর হাঁ হয়ে যায়।

'আমি পরবো না কখনও, কেবল কাছে রেখে দেব।'—চোখ দুটি যেন নেমে মাটির সঙ্গে মিশে যায়। চাদরের একটা আল্গা সুতো পাকাতে থাকে আস্তে আস্তে—যেন উত্তর পাবে না ব'লেই ধরে নিয়েছে।

কিছুই না বুঝে ওয়াং চকিত দৃষ্টিতে ওলান্-এর মর্মখানি প'ড়ে নিতে চেষ্টা করে ওর চোখের ভাষায়। প্রকাশ-হীন, ভাষাহীন, বোবা নারী—ভৃত্যের মতো সারাজীবন খেটে এল, যার জন্য কোনোদিন কোনো পুরস্কার পেল না। চোখের সামনে ধনী পরিবারের বিলাস-ব্যসন, মণি মানিকের চোখ-ঝলসান চাকচিক্য দেখেছে, কিন্তু হাতে ছুঁয়ে দেখবারও অধিকার ছিল না—কেবল চোখে দেখেছে।

নিজের মনেই বলে চলেছে ওলান্ ঃ 'মাঝে মাঝে একটু হাতে করে দেখতে পারতাম।'

ওয়াং ঠিক বুঝতে পারে না, কিন্তু বুকখানা দরদে ভরে ওঠে। জামার ভেতর থেকে পুঁটলিটা আবার বের ক'রে খুলে নীরবে ওলান্-এর হাতে তুলে দেয়। ওলান্ ওর কঠিন হাতখানা দিয়ে আল্তো ক'রে পাথরগুলো অনেকক্ষণ ধরে খুঁজে মুক্তো দুটো বের ক'রে নিয়ে বাকীগুলো বেঁধে ওয়াং-এর হাতে ফিরিয়ে দেয়। জামার একটা কোণ ছিঁড়ে তাতে ও দুটো বেঁধে বুকের মধ্যে রেখে দিয়ে তবে স্বস্তি পায়।

ওয়াং নির্বাক বিস্ময়ে, কতক বুঝে কতক না বুঝে, গভীর দৃষ্টিতে ওলান্কে দেখে। এর পর থেকে মাঝে মাঝেই হাতের কাজ থামিয়ে ওর দিকে তাকিয়ে ভাবে—মুক্তো দুটো এখনও হয়তো বুকের উত্তাপে জড়িয়ে রেখেছে ওলান্। কিন্তু কে একদিনও ওয়াং ওকে ও দুটো বের করতে দেখল না তো। কোন কথাও ত' হয় না আর ওদের মধ্যেও এ বিষয় নিয়ে।

অন্য পাথরগুলো নিয়ে ওয়াং অনেক ভাবল কি করা যায়। তারপর ঠিক করল হোয়াংদের বাড়ী গিয়ে দেখবে ওরা আর জমি বেচবে কিনা।

তাই গেল ওয়াং। গেটে আজ আর কেউ দাঁড়িয়ে গালের আঁচিলের চুলে তা দিচ্ছে না। সোজা ভেতরে চ'লে যাবার মত পদ-গৌরব যাদের নেই তাদের দিকে তাচ্ছিল্যের দৃষ্টি হান্ছে না কেউ। বিশাল কপাট-জোড়া বন্ধ। ওয়াং অনেক ধাক্কা দিল, কিন্তু কোনো সাড়া পেল না। রাস্তার লোকেরা বলল ঃ 'ধাক্কাধাক্কি ক'রে মিছেই মরছ। কেউ কি আর আছে যে সাড়া দেবে ! এক বুড়োটা আছে। সে যদি জেগে থাকে তো উঠে এলেও আসতে পারে—আর দাসী ফাসী কেউ থাকে তা তার কৃপা হ'লে খুলে দিলেও দিতে পারে।'

ভেতরে পায়ের শব্দ পাওয়া যায়—খুব ধীরে ধীরে এলোমেলো ভাবে কখনও জোরে কখনও আস্তে ফেলা। হুড়কো খোলার শব্দও পাওয়া যায়। তারপর কপাট খুলে যায়। ভেতর থেকে একটা ভাঙ্গা-গলা চাপা-স্বরে জিজ্ঞাসা করে: 'কে?'

ওয়াং বিস্মিত হওয়া সত্বেও একটু জোরেই বলে: আমি ওয়াং লাং।' বিরক্ত স্বরে একটা ঝাঁঝালো উত্তর আসে: 'সে আবার কোন্ শালা!' খোদ কর্তাই বটেন। আপ্যায়নের বহর দেখে বেশ বোঝা যায় আজীবন ভৃত্যের রাজ্যে রাজত্ব ক'রে ওটা অভ্যাসে দাঁড়িয়ে গেছে। ওয়াং বিনয়ে স্বর নরম ক'রে বলে: 'কর্তাবাবু, একটু কাজে এসেছিলাম। আপনার বড় কষ্ট হ'ল। মাপ করবেন কর্তা—। আপনার কষ্ট করবার দরকার ছিল না। ওটা আপনার ম্যানেজাবের সাথেই সেরে নিতে পারতাম।'

দরজা না খুলেই ঠোঁট বেঁকিয়ে কর্তা বলেন: 'ম্যানেজার ট্যানেজার নেই, ও ব্যাটা মরেছে, মরেছে—বুঝেছ? ক'মাস হ'ল ভেগেছে এখান থেকে।'

কি করবে ওয়াং ভেবে পায় না। কর্তার সাথে সরাসরি জমিদারী বিক্রির কথা কওয়া যায় না। কিন্তু পাথরগুলো ওর বুকের মধ্যে জ্বলন্ত অঙ্গারের মত জ্বলছে। এ থেকে মুক্তি চাই। শুধু তাই নয়—ওর জমি চাই, আরো অনেক জমি। যা বীজ এনেছে তাতে বর্তমানে ওর যা জমি আছে তার দ্বিগুণ চাষ করা চলে। কাজেই জমিদারের রসাল জমি ওকে পেতেই হবে কিছু।

অনেক ইতস্ততঃ ক'রে সসংকোচে বলে ফেলে অবশেষে: 'আজ্ঞে, এই সামান্য একটু লেনদেনের কথা ছিল।'

দরজাটা ওয়াং-এর মুখের ওপর বন্ধ হয়ে গেল। রুক্ষস্বর রুক্ষতর ক'রে উঁচু পর্দায় কর্তা বলেন: 'ম্যানেজার ব্যাটা সব লুটে নিয়ে পালিয়েছে। শালা চোর, ডাকাত, পাড় ডাকাত—ও নরকে যাবে, ওর মা যাবে, ওর বাবা যাবে, ওর চোদ্দ পুরুষ যাবে। আমার কি কিছু রেখেছে? সব মেরে নিয়েছে। দেনাটেনা শুধতে পারব না এখন—একটি পয়সাও না।'

ওয়াং তাড়াতাড়ি বলে: 'না, কর্তাবাবু না, আমি আদায়ে আসিনি। বরং টাকা দেব।'

একটা তীক্ষ্মস্বর ওয়াং-এর কানে এলো। দরজার ফাঁকে একজন স্ত্রীলোক মাথা বাড়িয়ে বলে: তা বেশ! কি মিঠে কথাই শোনালে। বহুকাল অমন কথা শুনিনি।' ওয়াং তাকিয়ে দেখে সুন্দর একখানা মুখ, ফুট্‌ফুটে রং, কিন্তু চোখে মুখে একটা শয়তানীর ছাপ। 'এসো বাছা ভেতরে এসো'—বলে দরজাটা খুলে ওয়াংকে ভেতরে এনে আবার ভালো ক'রে বন্ধ করে দিল সে।

বুড়ো কর্তা দাঁড়িয়ে কাঁপতে কাঁপতে ফ্যাল্ ফ্যাল্ ক'রে তাকিয়ে থাকেন। তাঁর আর সেদিন নেই। পুরু সাটীনের ময়লা একটা জামা পরা, অতীত গৌরবের চিহ্নস্বরূপ শতচ্ছিন্ন ফার-এর ছিঁটে ফোঁটা তখনও ঝুলছে তাতে। অজস্র দাগে ভরা আর কুঁচকে একাকার হয়েছে—যেন এটাকে নাইট্ গাউন ক'রে ব্যবহার করা হ'য়েছে দিনের পর দিন। কিন্তু তা সত্বেও বুঝতে কষ্ট হয় না পোষাকটা এককালে দামী ছিল। ওয়াং একটা ভয়-মিশ্রিত কৌতূহলে বৃদ্ধ জমিদারের দিকে তাকিয়ে থাকে।

এই বিশাল পুরীর অধিবাসীদের সম্বন্ধে এতদিন ওয়াং-এর একটা আতঙ্ক ছিল। সম্মুখের এই জরাজীর্ণ দীন মূর্তিটিই এই পুরীর অধীশ্বর, একদা পরাক্রান্ত মহা বিভবশালী জমিদার স্বয়ং, যার সম্বন্ধে ওয়াং কতো কথাই না শুনেছে! ওয়াং-এর বিশ্বাস হ'তে চায় না। তার ছায়া না প্রেত এ? কৈ ওয়াং-এর বুড়ো বাবার চাইতে বেশী ভয় করার মতো কিছু তো খুঁজে পায়না ও এই মানুষটার মধ্যে। বরং একে দেখলে মায়াই হয়। এক কালের অতিস্থূলত্বের প্রমাণ রয়েছে কেবল বৃদ্ধের অঙ্গের থলথলে ঝোলা অতি শিথিল চামড়ার খোলসটিতে। কতোদিন যেন নাওয়া নেই, কামান নেই। অভ্যাসবশতঃ বার বার চিবুকে ঘসতে গিয়ে ঝুলে-পড়া ঠোঁটটায় বৃদ্ধের পীতবর্ণের হাতখানা লেগে কেঁপে ওঠে।

স্ত্রীলোকটি ঠিক বিপরীত। তার কঠোর প্রখর মুখে, সুউচ্চ নাকের তীক্ষ্ণতায় কালো চোখের তীব্র দীপ্তিতে সেই সৌন্দর্য যা থাকে একমাত্র শিকারী বাজের চেহারায়। বর্ণে স্নিগ্ধতার একেবারে অভাব, চামড়া হাতের ওপর একটু অতিমাত্রায় সেঁটে বসা। ওষ্ঠে অদ্ভুত কাঠিন্য। রক্তিম গণ্ডে আর কালো কেশের মসৃণতায় যেন মুকুরের মত প্রতিফলিত করার শক্তি। কিন্তু ভাষা ও কথা বলার ভঙ্গিমা বলে দেয় এ লোকটি এখানকার এই অভিজাত গোষ্ঠির কেউ নয়। ক্রীতদাসী মাত্র। একদা-বহুজন-মুখর এই শতমহলা পুরীতে এখন এ দুটি ছাড়া আর কেউ নেই।

স্ত্রীলোকটি তীক্ষ্ণস্বরে বলেঃ 'হ্যাঁ বলতো বাপু কি দেবার থোবার কথা কইতে এসেছ?'

ওয়াং সহসা বলতে পারে না—কর্তা সামনে রয়েছেন। অসাধারণ বুঝবার ক্ষমতা মেয়েটির,—মুহূর্তেই ওয়াং-এর মনের অবস্থা বুঝে নিয়ে কর্তাকে কঠোর স্বরে বলেঃ 'হয়েছে, খুব হয়েছে, এখন দূর হও চোখের সামনে থেকে।'

কথাটি না বলে কাশতে কাশতে লোলচর্ম বৃদ্ধ সরে যায়। ওয়াং মুখোমুখি দাঁড়িয়ে স্ত্রীলোকটির সামনে। ভ্যাবাচ্যাকা খেয়ে যায়, কি বলবে, কি করবে কিছুই ঠিক ক'রতে পারে না। চারদিকের থমথমে নীরবতা যেন ওকে হাঁ ক'রে গ্রাস করতে চায়। পরের মহলটায় চোখ পড়ে—শূন্য নিথর-অঙ্গনে কতকালের সঞ্চিত আবর্জনার স্তূপ ছড়িয়ে আছে ঘাস, শুকনো পাতা, শুকনো ফুলের ডাঁট—

'মিনসের মুখ যেন কুলুপ মেরে রেখেছে। শিগ্গির বলে ফেল কি কাজ। আর টাকা পয়সা এনে থাকো তো বের কর।' কথাগুলোর অত্যুগ্র ঝাঁঝে ওয়াং চমকে একেবারে লাফিয়ে ওঠে।

একটু সাবধানী জবাব দেয় ওয়াংঃ 'হ্যাঁ কাজ আছে বলেছি, টাকা এনেছি বলিনি তো!'

'কাজ! টাকা ছাড়া কাজ কাকে বলে আবার! কাজ মানে—টাকা আসবে নয় যাবে, দুটোর একটা। বেরুবার মত কড়ি এ-বাড়ীতে এখন নেই বুঝেছ?'

ওয়াং মৃদু আপত্তি জানায়ঃ 'এসব বিষয়-ব্যবসার কথা তো আর মেয়েমানুষের সাথে চলে না।' প্রকৃত অবস্থাটা তখনও ওয়াং-এর হৃদয়ঙ্গম হয়নি। ও খালি বোকার মত চেয়ে থাকে। 'আলবৎ চলে,' তীক্ষ্ম ক্রুদ্ধস্বরে জবাব আসেঃ 'কেন চলবে

না শুনি ?' তারপর হঠাৎ অত্যন্ত চীৎকার ক'রে বলে ঃ 'জানিস না, আর দ্বিতীয় প্রাণীটি নেই এখানে !'

বলে কি ? ভীরুদৃষ্টি তুলে ধরে ওয়াং সম্মুখবর্তিনীর দিকে। স্ত্রীলোকটি আবার চীৎকার ক'রে বলে ঃ 'আমি আর ঐ বুড়ো,—বুড়ো কর্তা বুঝলি, আর কাক-চিলটি অবধি নেই।'

'কোথায় গেল আর সব ?' সভয়ে ওয়াং জিজ্ঞাসা করে।

'কোথায় গেল ? কানের মাথা খেয়ে ছিলে কোথায় শুনি ? এতো বড় ব্যাপারখানা শহরের কুকুর বেড়ালটাও জানে। যত গেঁয়ো ! সেবারে ডাকাত পড়ল শোনোনি কিছু ? একদল ডাকাত,—কিছু কি আর রেখে গেছে ? একটা কুটোও না। দাসীগুলিকে সুদ্ধ লুটের মাল ক'রে নিয়েছে। কর্তাকে বুড়ো আঙ্গুলে বেঁধে কড়ি কাঠের সাথে ঝুলিয়ে সেঁকি মার ! আর গিন্নীর মুখে একরাশ কাপড় গুঁজে,—যেন টুঁ শব্দটি না বেরোয়—চেয়ারের সাথে বেঁধে চলে গেল। আমি পালাই টালাই নি। একটা ঢাকা চৌবাচ্চার মধ্যে ঢুকে পড়লাম বেমালুম। ডাকাতরা যেতে তবে বেরই। দেখি গিন্নী ঠাকরুণ তো বসে বসেই ভয়ে কাঠ মেরেছেন। ও দেহে কি আর ছিল কিছু ? আফিং-এ একদম ঝাঁঝরা হয়ে গিয়েছিল। ভয়ের ধাক্কা আর সইবে কি করে ?'

'চাকর তো মেলাই ছিল, তারা ? দরোয়ান ?' ওয়াং হাঁপাতে হাঁপাতে বলে—ভয়ে যেন দম বন্ধ হয়ে আসে।

নির্বিকার স্বরে স্ত্রীলোকটি বলে ঃ 'কোনো ব্যাটা কি আছে ? সব চলে গেছে কোন কালে। শীতের মাঝামাঝি খাবার ফুরোল, ট্যাঁকও গড়ের মাঠ।' তারপর স্বর নামিয়ে কানে কানে বলে ঃ 'চাকররা—ওরাই তো সব ও-দলে ছিল। দরোয়ান ব্যাটাকে আমি স্বচক্ষে দেখেছি। ওই নেমকহারাম কুকুরটাই তো পথ দেখিয়ে দিয়েছে। কর্তার সামনে মুখটা অন্যদিকে ঘুরিয়ে রেখেছিল। কিন্তু আঁচিলটা আর তার ওপরের চুল তিন গাছা যাবে কোথায় ? আমার চোখে ধুলো দেবে ? হুঃ, ঠিক চিনেছি। অন্য চাকর ব্যাটারাও সব ছিল। নয়তো জানা লোক ছাড়া ভেতরের অন্দি সন্ধির খোঁজ জানে আর কেউ ভেবেছ ?' বলে সে চুপ ক'রে গেল। চারপাশে আবার রন্ধ্রহীন নীরবতার স্তর জমে উঠল। মৃত্যুর মত নীরবতা।

তারপর আবার আরম্ভ করে ঃ 'এ কি আর এক দিনে হ'য়েছে ভেবেছ ? তলা চোঁয়াচ্ছে সেই কর্তার বাপের আমল থেকে। বাবুরা জমিদারী দেখাশোনা ছাড়লেন। ম্যানেজার টাকা জোগায় আর তারা দু'হাতে ওড়ায়—এই তো ব্যবস্থা। সেই থেকেই ভেতর ফাঁপা হয়ে চলছিল কোনমতে। আর হাল আমলে জমিদারী যেতে বসল। একখানা দুখানা ক'রে জমি খসতে সুরু করল। হুট্ করতেই বেচে জমি।'

ওয়াং অবাক্ হয়ে শোনে—যেন রূপকথার গল্প। কিছুতে বিশ্বাস হয় না।

'কর্তার ছেলেরা সব কোথায় ?' ওয়াং জিজ্ঞাসা করে। 'সব যে যার মত এখানে সেখানে,' নির্লিপ্ত স্বরে মেয়েটি উত্তর দেয় ঃ 'ভাগ্যি ভালো যে মেয়ে দুটোর বিয়ে চুকে গিয়েছিল। এখানকার এসব ব্যাপার শুনে কর্তার বড় ছেলে বাপমাকে নিতে লোক পাঠিয়েছিল। আমি বাপু যেতে দিইনি। এই যক্ষির পুরীতে থাকবে কে ?

আমি তো মেয়েমানুষ, আমি কি এখানে একা একা থাকতে পারি? কথাগুলো বলার সময় ওর পাতলা ঠোঁট দুটিতে একটু ভক্তির কুণ্ঠন জাগল। একটু থেমে আবার বলল: 'এতকাল বাবুর সেবাতেই তো কাটল, আমার কি আর আপনার বলতে কিছু আছে। সবই আমার এখানে।'

ওয়াং তীক্ষ্ন দৃষ্টিতে তাকে পর্যবেক্ষণ ক'রে মুখ ঘুরিয়ে নিল। এইবারে ও যেন সব বুঝতে পারছে। এই পারের-যাত্রী বৃদ্ধের ওপর এত অনুরাগের মূলে রয়েছে লাভের আশা—লোকটা মরলে সবই এর। ঘৃণায় ওর মন কুণ্ঠিত হয়ে যায়।

'তুমি তো এখানকার ঝি বলে মনে হচ্ছে—কাজের কথা তোমার সাথে হবে কি ক'রে?'

'আমি যা বলব তাই ও মুখপোড়া ক'রবে,' বিরক্তভাবে জবাব দেয় স্ত্রীলোকটি! ওয়াং একটু ভাবে। জমি আছে, ও না কিনলে এই মেয়েটার হাত দিয়েই কিনবে অন্যে। ইতস্ততঃ ক'রে ও জিজ্ঞাসা করে: 'জমি কতটা হবে?'

ওয়াং-এর মনের কথা নিমেষে পড়ে নেয় মেয়েটি। বলে: 'জমি কিনতেই যদি এসে থাকো তবে শোন, বিক্রির জমি আছে অনেক। পশ্চিমের দিকে শ'খানেক একর হবে, আর দক্ষিণের দিকে এই শ'দুই। একসাথে নেই, ভাগ ভাগ করা হয়েছে।' হিসেবগুলো এমন গড় গড় ক'রে বলে গেল—যে ওয়াং বেশ বুঝতে পারল যে বুড়োর যা কিছু অবশিষ্ট আছে তার কড়াক্রান্তির হিসেয় এ মেয়ে রাখে। তাও ওর না হ'ল বিশ্বাস, না চাইল ওর মন এর সাথে কাজের কথা কইতে। 'ছেলেদের মত না নিয়েই কর্তা গোটা জমিদারী বেচবেন, এও কি একটা কথা?' ওয়াং সন্দেহ প্রকাশ করে।

'সে-বিষয়ে ভাবনা নেই গো তোমার। জমি সব বেচে ফেলতেই তারা বাবাকে বলেছে। সাতজন্মে তারা কেউ এখানে এসে থাকবে ভেবেছে? তা ছাড়া দুর্ভিক্ষ আর আকালের দিনে যা চোর ডাকাতের উপদ্রব—থাকবে কি? বাপেকে তারা পরিষ্কার জানিয়ে দিয়েছে তারা এখানে এসে থাকতে পারবে না। বরং জমিদারী বেচে টাকাটা ভাগযোগ ক'রে নিলে কাজে আসবে।

'কিনব তো, তা দামটা দেব কার হাতে?' ওয়াং-এর তখনও পুরো বিশ্বাস হয়নি মেয়েটির কথাগুলো।

'কর্তাই তো রয়েছেন বাপু খোদ।' মোলায়েম ভাবে মেয়েটি বলে।

কিন্তু ওয়াং বুঝে নিয়েছে কর্তার হাত গলিয়ে ওই হাতেই গিয়ে পড়বে সব। সুতরাং এর সাথে ও আর কোনো কথা কইবে না।

'আচ্ছা তাহ'লে আর একদিন—' বলতে বলতে পিছনে ফেরে ওয়াং। স্ত্রীলোকটি চীৎকার করতে করতে পেছন পিছন এলো রাস্তা পর্যন্ত: 'আচ্ছা কাল তাহ'লে এই সময় এসো। এ সময় সুবিধে না হ'লে বিকেলেই এসো। আমাদের সব সময়ই সময়।'

ওয়াং উত্তর না দিয়ে পথ ধরল। ওর মাথাটা যেন গুলিয়ে গেছে। যা কিছু শুনে এল, একটু চিন্তা না করলে ঠিক ঠাহর হচ্ছে না। ছোট্ট চা-এর দোকানটায় গিয়ে চা-এর হুকুম দিয়ে বসে পড়ল। ভৃত্য চট্‌পট্‌ চা এনে দিল এবং একটু উদ্ধত

ভাবে দামটা তুলে নিয়ে বাজাতে বাজাতে চলে গেল। ওয়াং তার ভাবনায় ডুবে গেল। যতই ভাবে ততই সবটা ইতিহাস ওর বড় ভয়ানক মনে হয়। নগরের গৌরব ও শক্তির উৎস এই মহাধনী অভিজাত পরিবারের এ অধঃপতন, এ দুর্গতি কেমন ক'রে সম্ভব হ'ল ?

বড় বেদনার সঙ্গেই ওর মনে হয় মাটির সঙ্গে সম্পর্ক ছেড়েই এমনি হ'ল। নিজের ছেলেদের কথা মনে হয়। বসন্তের নব-কিশলয়ের মত ছেলেদুটি বেড়ে উঠেছে। ওয়াং ঠিক ক'রল, ওদের খেলা-ধুলো আর ঘুরে-বেড়ানো আজই বন্ধ ক'রে দেবে এবং সোজা ক্ষেতের কাজে লাগিয়ে দেবে। মাটি আর লাঙ্গলের সুর রক্তে এখন থেকেই লাগুক ওদের।

জহরতগুলো ওয়াং-এর বুকের মধ্যে যেন কাঁটার মত বিঁধছিল। ওর ভয় হ'তে লাগল এগুলোর অত্যুজ্জ্বল দীপ্তি বুঝি ওর ছিন্নবস্ত্র ভেদ ক'রে বাইরে এসে কারো চোখে পড়বে। যতক্ষণ না এই রাজার ধনকে ও মাটিতে রূপান্তরিত করতে পারে ততক্ষণ ওর শান্তি নেই। দোকানীকে একটু অবসর দেখে তাকে ডেকে বলল ঃ

'ওখানে কেন ? এখানে এসে ব'সো না ভাই, একসঙ্গে একটু চা খাই। খাই, আর খেতে খেতে একটু গাল-গল্প করি। বহুদিন দেশে ছিলাম না—শহরের খবর টবর দুচারটে অমনি শোনা হবে'খন। চায়ের জন্য তোমার ভাবতে হবে না, সে-খরচটা আমিই দেব।'

গল্পের নামে দোকানী সর্বদাই তৈরী, বিশেষ ক'রে তার সাথে যদি পরের পয়সার নিজের ঘরের চায়ের চাট্ থাকে। এক মুহূর্ত দেরী হ'ল না, সে এসে টেবিলের একধারে ব'সে পড়ল। বেজীর মত মুখ, বাঁ চোখটা টেঁরা, শক্ত মোটা কাল কাপড়ের পোষাকের সামনের দিকটা তৈল-চর্চিত—এ দোকানটা ছাড়া ওর একটা হোটেলও ছিল—রান্না করত নিজের হাতেই, এ তারি চিহ্ন। এই দাগগুলো ওর গর্ব—বুক ফুলিয়ে সবাইকে দেখিয়ে দেখিয়ে বলত ঃ 'কাপড়ে দাগ না থাকলে আর রাঁধুনি কিসের— ! এ-তো রাঁধুনির অঙ্গের সাজ !' আর সেই জন্যেই ও ভাবতো পরিষ্কার থাকাটা অসঙ্গত ও অযৌক্তিক। মুহূর্ত মাত্র দেরী না ক'রে লোকটা আরম্ভ ক'রে দিল ঃ 'যা আকালটা হ'লো ও বছর। হাজার হাজার লোক না খেয়েই মরল। তবে এ তো মামুলী খবর। আসল খবর জানোতো ! সেই জমিদার বাড়ীতে ডাকাত পড়বার কথা শুনেছ ?'

ঠিক এইটেই জানতে চেয়েছিল ওয়াং। দোকানী বেশ রং ফলিয়ে বর্ণনা ক'রতে লাগল, কেমন করে চেঁচিয়ে দাসী-চাকরেরা বাড়ী মাথায় ক'রে তুলেছিল। কটা মাগীকে ডাকাত-ব্যাটারা তো নিয়েই গেল। বুড়ো কর্তার মেয়ে মানুষগুলোর মধ্যে ক'টা পালিয়েছে, যারা পালাতে পারেনি ডাকাতদের হাতে তাদের কি হালই না হ'লো। কাউকে তাড়িয়ে দিলে, কাউকে নিয়ে গেল। খাঁ খাঁ করে বাড়ীটা এখন। কে আর থাকবে ! আছে খালি কোকিলা মাগী। মাগী ধড়িবাজ, সে-ই গোড়া থেকে একেবারে শেকড় গেড়ে ব'সে আছে। নড়বার নামটি নেই। কত মেয়েমানুষই এল, মাগী কি কাউকে তিষ্ঠুতে দিয়েছে দুদিনের বেশী ! এখন ওই আছে এই শূন্য পুরীতে

যক্ষ হ'য়ে, আর বুড়ো আছে মাগীর হাতে দুধে-খোকাটি হ'য়ে।'

ওয়াং বেশ মন দিয়ে শুনে বলে ঃ

'কর্তা তাহ'লে ও-মাগীর হাতের মুঠোয়, কি বল ?'

'স্রেফ ভ্যাড়াটি বানিয়েছে হে বুড়োকে। বেটি হাতড়েছে কম ? দু'হাতে লুট্‌ছে যা পাচ্ছে সব। কিন্তু বেশীদিন আর নয়—কর্তার ছেলেরা সব এলেই পাততাড়ি গুটোতে হবে। তাদের সেখানকার কাজকর্ম একটু গোছগাছ ক'রে নিতে পারলেই আসবে সব তারা। দেবে তখন দূর ক'রে তাড়িয়ে। ছ্যোদো কথায় বধূরা আর ভুলবেস না। মাগী ন্যাকা ! তা ওর ভাবনাটাই বা কি ! বুঝ্ ঠিক বুঝে নিয়েছে। একশো বছর বসে বসে খেলেও ভাবনা নেই।'

'জমি জমাগুলো সব কি করবে জানো ?' আগ্রহে, আশায় ওয়াং-এর সর্বদেহ কাঁপতে থাকে।

'হুঃ জমিজমা—সেতো ওদের কাছে স্রেফ ধুলো। ওরা তো ওসব গণ্যই করে না।'

'বেচবে কি না জানো ?' অধীর হ'য়ে ওয়াং জিজ্ঞাসা করে।

নিতান্ত সাধারণ নির্লিপ্ত স্বরে দোকানী জবাব দেয় ঃ

'হ্যাঁ, কি বলছ ? জমি ?' এর মধ্যেই খদ্দের এসে উপস্থিত হয়। দোকানী উঠে যেতে যেতে বলে ঃ 'শুনেছিলাম জমি-জমা সবই বেচবে। খালি যেখানটায় ওদের দুপুরুষ ধরে কবর দিচ্ছে সেইটুকু রাখবে।'

ওয়াং উঠ্‌ল। যা শুনতে এসেছিল তা শোনা হ'ল। আবার জমিদার-বাড়ীর দরজায় এসে উপস্থিত হয়। স্ত্রীলোকটি এসে দরজা খুলে দেয়। ভেতরে না গিয়েই ওয়াং বলে ঃ 'ঠিক ক'রে বলো দেখি বিক্রির কবালায় কর্তা নিজেই সই দেবেন তো ?'

স্ত্রীলোকটি ওর দিকেই তাকিয়ে ছিল। মুখের কথা লুফে নিয়ে বলল ঃ 'দেবে আবার না,—সাতশোবার দেবে। আমি বলছি তোমায় দেবে।'

তারপর সোজাসুজি ওয়াং বলে ঃ 'দামটা কি কাঁচা টাকায়ই চাও না জহরৎ হ'লেও চলবে !'

স্ত্রীলোকটির চোখ জ্বলে উঠল, বলল ঃ 'জহরৎই আমি চাই।'

[সতের]

ওয়াং-এর এখন যা জমি তাতে একটা বলদ আর একটা মানুষ কুলিয়ে উঠতে পারে না। ফসল যা হয়েছে তা একজন মানুষের কাটার সাধ্য নেই। একটা গোলায়ও চলে না এখন আর, কাজেই বাড়ীতে আর একটা ঘর বাড়াতে হয়। গাধা কেনা হ'ল একটা। প্রতিবেশী চিংকে গিয়ে ওয়াং বলল ঃ 'এই তো অতটুকু জমি তোমার, কেন

আর হ্যাঙ্গাম পোয়াবে, দাও আমিই কিনে নি ওটুকু। আর তুমি চ'লে এসো আমার কাছে। এই শ্মশানপুরী আগলে ক'রবে কি? দুভাইয়ে একসাথে থাকা যাবে—আমারও একটু সাহায্য হবে, একা পেরে উঠি না আর।'

শুনে চিং খুশিই হয়।

সময় মতই বৃষ্টি হ'ল। ধানের চারা বেশ বড় হ'য়ে উঠেছে। গম কাটা হ'য়ে আঁটি আঁটি ক'রে আঙ্গিনায় এসে জমা হয়। তারপর মাড়াই ঝাড়াই হ'য়ে ওঠে গোলায়। প্রচুর বৃষ্টি হ'য়েছে, শুকনো মাঠগুলো জলে ভরে ধান লাগাবার মত হয়েছে, ওয়াং ওলান্ দু'জনে মিলে জলভরা মাঠে ধানের রোয়া লাগিয়ে দিলে। অন্য বছরের চেয়ে এবার অনেক বেশী ধানের আবাদ ক'রেছে ওয়াং, ধান কাটার সময় আরো দু'জন লাগাতে হ'ল।

জমিদারবাড়ী হ'তে কেনা জমিটায় কাজ ক'রতে ক'রতে ওয়াং-এর মনে পড়ে যায় এই ধ্বংসোন্মুখ জমিদারদেরই কথা। তাই রোজ সকালে ও ছেলেদের মাঠে যেতে হুকুম করে। গাধা-বলদগুলোকে তাড়িয়ে দেখেশুনে রাখা—এবং অমনি হাল্কা ধরণের ছোটো খাটো কাজ যা ওরা ছোটো ছোটো হাতে সহজে পাববে, তাতেই ওদের লাগিয়ে দেয়। ওয়াং-এর ইচ্ছা পরিশ্রমের কাজ ছেলেদের পক্ষে সম্ভব না হ'লেও, অন্ততঃপক্ষে রোদটা, আর চষা-জমির ওপর দিয়ে যাওয়া-আসার কষ্ট তো সইতে শিখুক।

কিন্তু ওলান্‌কে ওয়াং কিছুতেই আর ক্ষেতে আসতে দেয় না। কেনই বা দেবে? আগের মত গরীব তো নেই আর, ইচ্ছে হ'লেই দশটা জন মজুরও রাখতে পারে। এবারের মত এত ফসল কোনোবার হয়নি। আর একটা ঘরও বাড়াতেই হ'লো, নইলে নিজেদের ঘর কখানায় আর পা ফেলার জায়গা থাকে না। তিনটে শুয়োর ও একপাল মুরগী কিনে ফেলল ওয়াং। খুদকুঁড়ো তো মেলাই হয়—তাতেই মুরগীগুলোর চলবে। ওলান্ বসে থাকে না, স্বামী পুত্রের জন্য জুতো জামা তৈরী করে, প্রত্যেকটি বিছানার জন্য নতুন লেপ করে, তার ওয়াড়ে ব'সে ব'সে ফুল তোলে জামা কাপড়, বিছানা সব কিছুতেই এখন স্বচ্ছলতার চিহ্ন।

কিছুদিন পরে ওলান্ আবার গিয়ে শয্যা নিল। আবার এল নূতন শিশু। কিন্তু এবারেও আঁতুড়ে কাউকে থাকতে দিল না ওলান্। ইচ্ছে হ'লেই তো এখন টাকা খরচ ক'রে দাই আনতে পারে। কিন্তু ওলান্ একাই থাকবে। এবারে প্রসবে বড় বেশী সময় লাগল। ওয়াং বাড়ী ফিরে দেখে বাবা দরজায় দাঁড়িয়ে হেসে বলছে: 'এবারে এক ডিমের দুই কুসুম রে!'

ওয়াং ভিতরে গিয়ে দেখল ওলান্ শুয়ে আছে। পাশে সদ্যোজাত যমজ শিশু—একটি ছেলে, একটি মেয়ে। একেবারে হুবহু একরকম চেহারা, যেন এক ধানের দুইটি চাল। ওয়াং হোঃ হোঃ ক'রে হেসেই কুটিপাটি। তারপর ওর ইচ্ছে হয় একটু ঠাট্টা করে। বলে: 'ও—এইজন্য তুমি দুটো মুক্তো বুকে পুরে রেখেছিল?' কথাটা মনে আসতেই ওয়াং আবার একচোট হাসে। ওয়াংকে খুশি দেখে ওলান্‌ও একটু হাসে—সেই চিরকালের মন্থর, বিষাদঘন মৃদু হাসির একটু রেখা মাত্র।

ওয়াং-এর চারদিক এখন একেবারে ভরা, কোথাও কোনো ফাঁক, কোনো অভাব বোধ নেই। কেবল একটুখানি কাঁটা রয়ে গেল—বড়খুকী কথা কইতে শিখল না, না এল ওর মধ্যে বয়সের উপযোগী কোনো চঞ্চলতা। বয়স বৃথাই ওর ওপর দিয়ে চলে গেল। কেবল বাপের চোখে চোখ পড়লে শৈশবের সেই হাসিখানি হাসে। এ কিসের অভিশাপ? ওর প্রথম জীবনের সেই বেঁচে থাকার মহাসংগ্রাম? অনাহার? কিসের পরিণাম এ? ওয়াং ব্যাকুল হ'য়ে প্রতীক্ষা করে কবে কচি ঠোট দু'খানি ও আধো আধো বোলে 'দা—দা' ব'লে ওকে প্রথম সম্ভাষণ জানাবে! কিন্তু কই বোবা মুখে দন্তহীন মৃদু, মধুর হাসিটুকু ছাড়া আর কোনো ভাষা ফুটল না। মেয়েটার দিকে তাকিয়ে ওয়াং-এর যেন পাঁজর ভেঙ্গে যায়। আবেগ ভরে আদর করতে যায়ঃ 'ওরে আমার সোনামাণিক, আমার হাঁদুমণি'—আদরের ভাষা অস্ফুট, চাপা একটা বেদনার গুমরাণীতে পর্যবসিত হয়। বুকের মধ্যে খালি এই কথা গুমরে বেড়ায় হতভাগীকে যদি ও তখন বেচে ফেলত, তবে এতদিনে তারা নিশ্চয় ওকে মেরে ফেলত।

ওয়াং নিবিড়ভাবে শিশুকে আঁকড়ে ধরে, এতে যদি বেচারার জীবনের মহাক্ষতির কিছুমাত্রও পূরণ হয়। কখনো ও সঙ্গে সঙ্গে মাঠে যায়। নিঃশব্দে ওয়াং-এর পায়ে পায়ে চলে; ওয়াং কথা কইলে বা হাসলে একটুখানি হাসে।

ওয়াংদের এ অঞ্চলটায় দুর্ভিক্ষ লেগেই থাকে। অতিবৃষ্টি, অনাবৃষ্টি তো আছেই, তাছাড়া মাসে মাসে পাহাড় থেকে ঢল নেমে শত শত বছরের আগেকার তৈরী বাঁধ ছাপিয়ে মাঠ ঘাট সব ভাসিয়ে দেয়। এই সব কারণে প্রতি পাঁচ বছরে একবার অন্ততঃ দুর্ভিক্ষ হয়। ভগবানের কৃপায় মাঝে মাঝে ফাঁক পড়েছে অবশ্য—পাঁচ বছরে যায়গায় হয়ত' সাত-আট বছর হয়েছে বড় জোর ফাঁকটা।

প্রতি দুর্ভিক্ষের সময় সবাই দেশ ছেড়ে গেছে, আবার অবশ্য ফিরে এসেছে। সেইজন্য ওয়াং ওর চারপাশে এমনি বাঁধন আঁটতে লাগল যেন ওকে কোনো দুর্বছরে মাটি ছেড়ে যেতে না হয়। সু-সময়ের সঞ্চয় ওর আকালের পাথেয় যেন হয়।

দেবতাও ওর সহায় হ'লেন। পর পর সাতটা বছর খুব বেশী ফসল হ'ল। প্রতি বছর উদ্বৃত্ত ফসল ঘরে উঠে সঞ্চিত হয়, প্রতি বছর আরো বেশী জন মজুরের প্রয়োজন হয়, পুরানো বাড়ীর পেছনে আরো একটা মহল ওঠে,—একটা বড় ঘর, দুপাশে দুটো ছোট ছোট, সামনে একখানি আঙ্গিনা, টালির ছাদ। দেওয়ালগুলো হ'ল মাটিরই—ওদের মাঠ থেকে আনা মাটির—খালি ওপরে চুণের একটা পোঁচ পড়ল।

চিং-এর পূর্ণ পরিচয় ওয়াং-এর কাছে খুলে গেছে এ ক'বছরে। অতি বিশ্বাসী সাধুপ্রকৃতির মানুষটি। ওয়াং ওরই ওপর জমিজমার পুরো ভার ছেড়ে দিল। মাইনে মন্দ দেয় না—খাওয়া পরা বাদে দু' ডলার। কিন্তু চিং-এর হাড়ে কিছুতেই এক-ফোঁটা মাংস লাগে না। ওয়াং সর্বদাই ভালো ক'রে খাওয়া দাওয়া করার জন্য ওকে পীড়াপীড়ি করে। কিছুতেই কিছু হয় না। অত্যন্ত কৃশ, দুর্বল, এই এতটুকু

মানুষই রইল চিং—অতিমাত্রায় গম্ভীর। সকাল থেকে সেই সন্ধ্যা পর্যন্ত খুশি মনে কাজ ক'রে যায়। প্রয়োজন হলে একটা দুটো কথা কয় চির-অভ্যস্ত ক্ষীণ স্বরে। কইতে না হলেই খুশি হয় বেশী। ঘন্টার পর ঘন্টা কোদাল ওঠে পড়ে ; দুবেলা বালতি বালতি সার জল এনে গাছের গোড়ায় ঢালে।

ওয়াং খুব ভালো করে জানে, এমনি ভালো মানুষটি হ'লে কি হবে, ওর তীক্ষ্ণ দৃষ্টিকে ফাঁকি দেবার সাধ্য কারো নেই। জনমজুরদের মধ্যে কার ঘুমের মাত্রা একটু বেশী হ'ল বা দৈনিক বরাদ্দ খাবারে বীন্-এর চাট্নী একটু বেশী কে খেয়ে ফেললে, বা ফসল কাটা তোলার সময় কার বৌ ছেলে এসে লুকিয়ে দু'মুঠো নিয়ে গেল—চিং-এর চোখে এড়াবে না কিছুতে। বছরের শেষে যখন সকলের একসাথে মিলিত ভোজ হয় তখন ও ঠিক ওয়াংকে কানে কানে বলবে অমুককে আর যেন আগামী বছর রাখা না হয়।

সেই একমুঠো বীজ আর বীজশস্যের আদান প্রদান এই দুটি প্রাণীকে ভাইয়ের প্রেমে বেঁধেছে। একটু অবশ্য তফাৎ আছে, ওয়াং-এর স্থান উঁচুতে কাজেই বয়সে চিং-এর চাইতে ছোট হলেও আসলে ওই হয়েছে বড়। এবং চিংও সম্পূর্ণ ভুলতে পারে না যে সে বেতন ভোগী ভৃত্য, পরের ঘরে প্রবাসী।

পঞ্চম বছরের শেষে কাজ আরো অনেক বেড়ে গেল। নিজহাতে কাজ করাব সময় ওয়াং-এর আর প্রায় থাকেই না এখন। কাজ কর্ম দেখা শোনা তারপর এত ফসল, যখন একেবারে গঞ্জে গিয়ে কারবার করতে হয়, এসবেই ওর সব সময় যায়। লেখাপড়া না জানাতে ভয়ানক অসুবিধা হয় ওয়াং-এর। উটের লোমের তুলি দিয়ে টানা ওই হিজিবিজি দাগগুলোর কোনো মানেই ও বোঝে না। ব্যবসা সংক্রান্ত দলিল চুক্তিপত্র ইত্যাদির ব্যাপারে বড় বিপদে পড়ে ওয়াং। বাধ্য হয়ে উদ্ধত প্রকৃতির ব্যাপারীদের কাছে সবিনয়ে সসঙ্কোচে নিরক্ষরতার লজ্জা স্বীকার ক'রে বলতে হয়ঃ 'আমায় একটু শোনান দয়া ক'রে। আমি পড়তে জানিনে।' আরো বেশী লজ্জায় পড়ে নাম সই করার সময়। বাচ্চা কেরাণীটা পর্যন্ত ভ্রূ কুঁচকে ওর দিকে অবজ্ঞাভরে তাকিয়ে তাড়াতাড়ি তুলিটা তুলে নিয়ে ওর নামের অক্ষরগুলো টেনে যায়। কি রকম বিশ্রী টিপ্পনী কাটে ওরা সব। ওয়াং-এর ভারী লজ্জা করে।

সেদিন দুপুর বেলা, গঞ্জের হাটে ওরই ছেলের বয়সী ছোক্‌রা কর্মচারীদের কাছ থেকে বিদ্রূপের হাসি শুনে ওয়াং ভয়ানক রেগে বাড়ী ফিরল।

'শহুরে ভূত যত সব! কারো তো একহাত জমির মুরোদ নেই, ওদের ওই হিজিবিজি কালির আঁচড় পড়তে পারিনে বলে আবার আসে আমায় ঠাট্টা করতে।'

তারপর রাগটা পড়ে গেলে ভেবে দেখল, সত্যিই তো লিখতে পড়তে না পারাটা ভারী লজ্জার ব্যাপার বৈকি। কালই বড় খোকাকে ক্ষেতের কাজ ছাড়িয়ে শহরের স্কুলে পাঠিয়ে দেবে। লেখাপড়া শিখে ওই শেষে বাপের হ'য়ে ব্যবসা সংক্রান্ত যত লেখা পড়ার কাজ সব করবে। তখন বাছাদের হাসি, টিট্‌কারী বেরিয়ে যাবে। অতগুলো জমির মালিক ও, ওকে ঠাট্টা!

মৎলবটা ওর ভালোই ঠেক্‌ল। সেদিনই বড় ছেলেকে ডাকল। বছর বারো বয়স

হয়েছে, লম্বা দোহারা গড়ন, মায়ের মত বড় বড় হাত পা, চোয়ালের হাড় চওড়া; বাপের মত প্রখর দৃষ্টি চোখে। ওয়াং তাকে নিজের ইচ্ছা জানিয়ে দেয়ঃ 'মাঠে আর তোমায় যেতে হবে না এখন থেকে। লেখা-পড়া জানা একটা লোকের দরকার ব্যবসা চালানোর জন্য।' শুনে ছেলের মুখ আনন্দে ঝল্‌মল্‌ ক'রে উঠল। বলল: 'বহুদিন থেকেই আমার মনে মনে বড় ইচ্ছে ছিল, ভয়ে তোমায় বলতে পারিনি।'

মেজ খোকা শুনেই কাঁদতে কাঁদতে ছুটে এল; ছোট বেলা থেকে ওর ওই অভ্যাস। চ্যাঁচামেচী, কান্নাকাটি যে ক'র হোক কাজ আদায় ক'রে নেবেই। যেদিন থেকে ও প্রথম কথা বলতে শিখেছে—ওকে বিশ্বসংসারের সবাই ঠকাচ্ছে এমনি একটা ধারণা সেদিন থেকেই ওর মনে বসে গেছে। তাই সবটাতেই ভাগে কম পড়েছে বলে কান্না আর ঝগড়াঝাঁটি লেগেই থাকে। আজও সে এসে বাবার কাছে ঘ্যান্‌ ঘ্যান্‌ করতে লাগল: 'বেশ আমিও মাঠে যাবো না কিছুতে। দাদা দিব্যি বসে বসে থাকবে আর আরাম করে লিখবে পড়বে, আর আমি গাধার মত খাটব। দাদাই খালি তোমার ছেলে, আমি যেন কেউ নই!'

ওয়াং-এর এ ঘ্যান্‌ঘ্যানানী ভালো লাগে না। অসহিষ্ণু হ'য়ে বলে: 'বেশ বাপু বেশ। দুজনেই যেও—হ'ল? একজনকে যমে নিলে আর একজন থাকবে, আমারি ভালো।'

তারপর স্ত্রীকে পাঠাল শহরে ছেলেদের জামা কাপড় কিনতে; নিজে গিয়ে ওদের কাগজ, তুলি, দোয়াত এসব কিনে আনল। বড় মুস্কিলে পড়েছিল ওয়াং। এসব ব্যাপারে ও একেবারে অজ্ঞ, লজ্জায় দোকানীর কাছে নিজের অজ্ঞতাও প্রকাশ করতে পারে না। দোকানী যা কিছু সামনে আনে ওয়াং সন্দেহের চোখে দেখে। যাক্‌ এদিকের সব আয়োজন ঠিক হয়ে গেলে শহরের গেটের কাছে বড়ো গুরুমশায়ের ছোট পাঠশালাটায়ই ও ছেলেদের দেবে ঠিক করল। গুরুমশায়টি নাকি এককালে কি একটা সরকারী পরীক্ষা দিয়েছিলেন, কিন্তু পাশ করা আর হয়নি। কাজেই নিজের বসত-বাড়ীর একটা ঘরে বেঞ্চি পেতে, যৎসামান্য মাইনে নিয়ে ছেলে পড়ান। সারাদিন পোড়োরা উপুড় হ'য়ে বই মুখস্ত করে—ফাঁকির জো নেই। পড়া না পারলে হাতের প্রকাণ্ড পাখাটার বাঁট পোড়োদের পিঠে সজোরে পড়ে।

গরমের দিনটায় ছেলেরা একটু ফাঁক পায়। খাবার পর গুরুমশায়ের চোখ প্রথমে একটু ঢুলে আসে, তারপর ধীরে ধীরে ছোটো ঘরখানা নাসিকাধ্বনিতে ঝংকৃত হয়ে ওঠে। ছেলেরা তখন ফাঁক পেয়ে খেলায় মাতে—ফিসফাস করে, মজার মজার ছবি এঁকে এ ওকে দেখায়; গুরুমশায়ের ব্যাদিত মুখ-গহ্বরের অতি কাছে মাছি উড়তে দেখে বাজী রাখে, ওটা ওঁর মুখের মধ্যে পড়বে কিনা। হঠাৎ গুরুমশায়ের চোখ খুলে যায় কোনো এত্তালা না দিয়েই। এবারে পালা গুরুমশায়ের। ওঁর পাখার বাঁটের চট্‌ পটাপট্‌ আওয়াজ শুনে পড়শীরা বলে: 'হাঁ—এমন নইলে মাষ্টার!' এই কারণেই ওয়াং ছেলেদের জন্য এই পাঠশালাটাই নির্বাচন করল শিক্ষার যোগ্যতম স্থান বলে।

একটা দিন ঠিক ক'রে ওয়াং ছেলেদের পাঠশালায় নিয়ে চলল। ওয়াং আগে

আগে চলে—ছেলে বাপ পাশাপাশি চলা বেয়াদপী। নীল রং-এর রুমালে বেঁধে কটা ডিম এনেছিল ওয়াং, গুরুমশায়কে ভেট দিল। লোকটার প্রকান্ড পিতলের ফ্রেমের চশমা, কালো কাপড়ের লম্বা চাপকান্, হাতের বিরাট পাখাটা—শীতের দিনেও সেটা হাতছাড়া হয়না—এসব দেখে ওয়াং ভয়ে ভক্তিতে গদগদ হ'য়ে গেল। প্রণাম ক'রে বলল ঃ 'আমার ছেলে দুটো ঠাকুর আপনার পায়েই রইল। ওদের মাথার মোটা খুলির মধ্যে ঠেঙ্গিয়ে ঠুঙ্গিয়ে যাহোক ক'রে কিছু ঢুকিয়ে দেবেন।'

ছেলেরা বিস্মিত দৃষ্টিতে বেঞ্চে অধিষ্ঠিত মূর্তিগুলোকে দেখে, চোখাচোখি হয় ওদের সঙ্গে।

ছেলেদের স্কুলে রেখে বাড়ী ফেরার সময় গর্বে যেন ফেটে পড়তে লাগল। ওর মনে হ'ল, ওই অতগুলো ছেলের মধ্যে ওর ছেলেদের মত অমন বলিষ্ঠ চেহারা, অমন উজ্জ্বল বাদামী রং, আর কারো নেই। গেট পার হতে এক পড়শীর সাথে দেখা হ'য়ে যায়, শহরের দিকে চলেছে সে। তার প্রশ্নের উত্তরে ওয়াং জানাল যে সে ছেলেদের ইস্কুলে দিতে গিয়েছিল। লোকটার বিস্ময়ের ভাব দেখে নিতান্ত উদাসীন-ভাবে বলে ঃ 'ক্ষেতে খাটবার আর ওদের দরকারটাই বা কি। ওরা তার চাইতে দুটো আঁচড় কাটতেই শিখুক, কি বলো! ভাতের ভাবনা তো ঠাকুরের কৃপায় নেই আর!'

যেতে যেতে ওয়াং ভেবে দেখল যে বড় খোকা যদি কালে মস্ত পন্ডিত হয়ে ওঠে তবে ও মোটেই অবাক হবে না।

সেদিন থেকে গুরুমশায় বড় খোকা ছোট খোকা নাম ঘুচিয়ে, ওয়াং-এর ছেলেদের নাম রাখে নাং এন আর নাং ওয়েন। নাং শব্দটার মানে 'অর্থ', সম্পদ।'

[আঠার]

ওয়াং আটঘাট বেঁধে নিয়েছে, কোনো ছিদ্র দিয়ে যেন দুর্দিন না আসে। সপ্তম বছরে উত্তর পশ্চিমে অতিবৃষ্টি আর তুষার পাতের ফলে উত্তর দিককার বড় নদীটায় বান এল ঠেকাতে পারল না। ঐ অঞ্চলটা প্রায় সব বন্যায় ভেসে গেল। ওয়াং-এর জমির অর্ধেকের বেশী এক কাঁধ জলের তলায় তলিয়ে গেল। কিন্তু ওয়াং-এর ভয়ের কিছুই নেই।

বসন্তের শেষের দিক থেকে গ্রীষ্মের প্রথম পর্যন্ত জল কেবলি বাড়ল। চারদিকে শুধু জল আর জল, যেন একটি মহাসাগর নিস্তরঙ্গ অলস বিস্তারে পড়ে আকাশের চাঁদ, ভাসমান মেঘ, সারি সারি উইলো গাছের ছায়া বুকে জড়িয়ে ঘুমিয়ে আছে। আধ ডোবা বাঁশঝাড়ের ছায়ার ঋজু রেখাগুলো সেই শান্ত, সীমাহীন জলের বুকে বিচিত্র ক'রে তুলেছে। জনহীন, পরিত্যক্ত মেটে ঘরগুলো প্রথমটা দাঁড়িয়েই ছিল ক'দিন; তারপর জলের টানে ভেঙ্গে পড়েছে। ওয়াং লাং-এর বাড়ীটা কেবল একটা ছোট টিলার

উপর ছিল ব'লে বেঁচে গেছে। তা ছাড়া প্রায় সব বাড়ীর ওই এক দশা। জলবেষ্টিত টিলাগুলো এক একটি দ্বীপ হ'য়ে উঠেছে।

ওয়াং ভয় করবেই বা কেন? ব্যবসায়ে ওর বহু টাকা খাটছে। গত দু'বছরের উদ্বৃত্ত ফসলে ওর গোলা ভরা। বাড়ীখানার জন্যও ভাবনা নেই, অত উঁচুতে জল উঠবে না। কাজেই ওয়াং-এর কোনো ভয় ভাবনা নেই।

কিন্তু বেশীর ভাগ জমি জলে ডোবা বলে চাষবাস বন্ধ। একেবারে অলস কর্মহীন জীবন। খাওয়ার ভাবনা নেই; কেবল ভাবনা নেই নয়, প্রয়োজনের অতিরিক্ত সঞ্চয়ই রয়েছে। এখন কেবল শুয়ে বসে থাকা। ঘুমিয়ে ঘুমিয়ে ঘুমেও ক্লান্তি এসে যায়। ওয়াং চঞ্চল হ'য়ে ওঠে। হাতের কাছে করার মত কিছুই খুঁজে পায় না; থাকবেই বা কি ক'রে। গোটা বছরের জন্য জন-মজুর লাগান হয়েছিল আগেই, তাদেরই এখন হাত পা গুটিয়ে বসে থাকতে হচ্ছে, জল না নামা পর্যন্ত থাকতে হবেও। কাজেই তারা পায়ের উপর পা দিয়ে বসে অন্ন ধ্বংশ করবে আর ওয়াং খাটবে, তা তো হয় না। ওয়াং তাদেরই বরঞ্চ নানা কাজে লাগিয়ে দিল, পুরানো বাড়ীটার খড়ের চাল ছাওয়া, নূতন বাড়ীর টালির চাল চোঁয়ায়, তা সারানো; লাঙ্গল, কোদাল মই জোয়াল সব মেরামত করা; গরু বলদগুলোকে ভালো ক'রে দেখাশোনা করা, এমনি ধারা শত কাজে। হুকুম দিলঃ 'কতগুলো হাঁস কিনে ফেল না হে—যা জল দিব্যি সাঁতার কাটবে। শন তো মেলাই রয়েছে, দড়ি টড়ি পাকাও না।' এ সব কাজ আগে ওয়াং নিজ হাতেই করত। তখন ওই একহাতে লাঙ্গলও চালাত, এ সবও করত। এখন এরাই করে। সুতরাং ওয়াং একেবারে কর্মহীন। এমন অলসভাবে বসে থেকে ও অসহিষ্ণু হ'য়ে ওঠে। কি করবে ভেবে পায় না।

একটা মানুষ সারাদিন কিছু আর তার ডোবা মাঠগুলির দিকে তাকিয়ে বসে থাকতে পারে না; যা পেটে ধরে তার বেশী একেবারে বসে খাওয়াও যায় না; ঘুমুলেও ঘুম ফুরিয়ে যায়। ওয়াং চঞ্চল হ'য়ে বাড়ীর মধ্যে ঘুরে বেড়ায়—ওর উদ্দাম রক্তের কাছে নিস্তব্ধ বাড়ীখানা যেন একেবারে মৃত। বাবা বড় বেশী বুড়ো হ'য়ে পড়েছে, শরীরে শক্তি নেই, চোখে ভালো দেখতে পায় না, শুনতেও পায় না। সাধারণ কুশল প্রশ্ন—এখন চা খাবে কিনা, শীত করছে কিনা, এমনি ধারা দু'চারটে অসংলগ্ন কথা ছাড়া তার সাথে আর কোনো কথা বলার প্রয়োজনই হয় না। ওয়াং-এর অসহ্য মনে হয়। কেন বাবা ওর আজের এই শ্রীবৃদ্ধি, এই উন্নতি দেখতে পায় না? এখনও জলে চায়ের পাতা ভাসতে দেখলেই চীৎকার করবেঃ 'জলেই বেশ চলে যায়, চা খাওয়া, না কাঁচা পয়সা গেলা!—যত সব বড়মানুষী চাল!' বৃদ্ধকে কিছু বলেও লাভ নেই, কেননা তক্ষুনি সব ভুলে বসে থাকবে। একান্ত নিরালায় আপনার জগতে ডুবে থাকে বৃদ্ধ, অধিকাংশ সময় অতীতের স্বপ্নেই বিভোর হ'য়ে থাকে। ভুলে যায় তার বর্তমানের জরাগ্রস্ত রূপ। স্বপ্নের তরঙ্গে ভেসে ভেসে পশ্চাতে ফেলে-আসা ভরা যৌবনের দিনে ফিরে যায়। আশ পাশের বাস্তব জগৎ বহুদূরে পড়ে থাকে।

বড় খুকী এখনও কথা বলেনা, ঘণ্টার পর ঘণ্টা সে দাদুর পাশে বসে একটা কাপড়ের ফালি পাকায়, ভাঁজ করে, আবার খোলে, আবার ভাঁজ করে। নিজের মনেই হাসে। ওয়াং ধনী—ওর জীবনের ভরা গাঙ্গে জোয়ার, ওর উপযুক্ত কথা ঐ বৃদ্ধ আর জড়-বুদ্ধি মেয়েটা কোথায় পাবে? ওয়াং বাবাকে এক পেয়ালা চা ঢেলে দেয়—মেয়ের চোখে মুখে হাত বুলিয়ে আদর করে, প্রতিদানে পায় মেয়ের মধুর করুণ দন্তহীন হাসি। হাসিটুকু উঠেই চকিতে একটা বিষাদের ঘন ছায়ায় মিলিয়ে যায়—কেবল দীপ্তিহীন, ম্লান আঁখিদুটির শূন্যতাখানি পড়ে থাকে। কন্যার মুখের বিষাদের মেঘ পিতার মুখে ছায়া ফেলে যায়; স্তব্ধ হ'য়ে ওয়াং মুখ ফিরিয়ে নেয়। যমজ ছেলে মেয়ে দুটি আঙ্গিনায় ছুটো ছুটি ক'রে খেলা করে—সেদিকে সে একবার তাকায়।

কিন্তু কেবল শিশুদের অর্থহীন ছেলেমানুষী দেখে দেখে একটা পুরুষের মন ত' ভরে না। ক্ষণিকের হাসি, দুষ্টুমির ঝলক ছড়িয়ে ওরা আপন খেলায় মাতে। ওয়াং লাং আবার একা। অধীর হ'য়ে ওঠে...। একটা চঞ্চলতা। স্ত্রীর দিকে চায়—বিচিত্র দৃষ্টিতে—পুরুষের দৃষ্টি...যে মেয়েকে, তার দেহকে পরিপূর্ণভাবে জানা হ'য়ে গেছে—প্রত্যহের ঘনিষ্ঠ অন্তরঙ্গতায় যে-মেয়ে সম্পূর্ণ ভাবে উদ্ঘাটিতা—নূতন ক'রে জানার মত, পাবার মত যার মধ্যে আর কিছুই বাকী নেই সে-মেয়ের দিকে পুরুষ যে-চোখে তাকায়—এ সেই দৃষ্টি।

ওয়াং-এর মনে হয় জীবনে আজই সে প্রথম ওলান্‌কে দেখল। নিতান্ত সাধারণ, নিতান্ত আটপৌরে মেয়ে ওলান্। এরা নীরবে সংসারে চলে যায়—মানুষের হাটে তার কি মূল্য যাচাই হ'ল, ভেবেও দেখে না কোনোদিন। আজই প্রথম ওয়াং-এর মনে হয় ওলান্-এর মত মেয়ের বাইরের ওই সাধারণ রূপটির উর্ধ্বে পুরুষের চোখে পড়বার মত আর কিছুই নেই। এ মেয়ে কোনোদিন পুরুষের ধ্যানলোকের মানসী হ'য়ে ওঠে না। আজই প্রথম ওয়াং-এর চোখে পড়ল ওলান্-এর চুল রুক্ষ, কটা, তেল পড়েনি কতকাল; মুখটা অস্বাভাবিক বড়, চ্যাপ্টা; গায়ের চামড়া পুরু রুক্ষ; মোটা মোটা, পুরুষালি গড়ন; এককথায় এতটুকু সৌন্দর্য বা লালিত্য কোনো অঙ্গে নেই। অতি-বিস্তৃত ভ্রূ-জোড়া বিরল-কেশ; ঠোঁট দুটি অতি-বিস্ফারিত, হাত এবং পা বেমানান রকম বড়। এ সব ওয়াং যেন আজই প্রথম দেখল এমনি একটা অপরিচয়ের দৃষ্টিতে ওলান্-এর দিকে তাকিয়ে রুক্ষ ভাবে হঠাৎ বলে উঠল:

'তোমায় দেখে লোকে চাষার বউ ছাড়া আর কিছু বলবে না। কে বলবে যে তোমার স্বামীর এত জমি খামার, আর সে নিজে হাতে লাঙ্গল ঠেলে না—পয়সা দিয়ে জন খাটায়।

ওলান্‌কে ওর কেমন লাগছে সে-সম্বন্ধে ওয়াং আজ প্রথম মত প্রকাশ করল। প্রত্যুত্তরে ও শুধু নিবিড় বিষাদ বিধুর একটি মন্থর দৃষ্টি তুলে ধরল। একটা বেঞ্চিতে বসে একটা বড় সূঁচ দিয়ে জুতোর সুকতলি সেলাই করছিল ওলান্। হাত থেমে গেল, সূঁচটা যেমন ধরা ছিল তেমনি ধরা রইল, ঠোঁট দুটো ফাঁক হয়ে কালো দাঁতের রাশি বেরিয়ে পড়ল। হঠাৎ যেন ও বুঝতে পারল যে পুরুষ-ওয়াং আজ ওর দিকে

তাকিয়েছে। গালের উঁচু হাড়গুলির ওপর দিয়ে একটু লালের আভা খেলে গেল। খুব ধীরে ধীরে বলল ঃ

'ছোট খোকা খুকী হবার পর থেকে আমার শরীর তেমন ভালো যাচ্ছে না। ভেতরটায় যেন আগুন জ্বলে সর্বক্ষণ।'

ওয়াং বুঝতে পারে ওলান্-এর সরল মন ভেবে নিয়েছে ওর এই সাতটা বছরের মাতৃত্বে স্বামী রুষ্ট হ'য়েছে। বলে ঃ 'আমি বলছি কি, একটু তেল কেনারও পয়সা জোটে না তোমার ? কালো কাপড় দিয়ে একটা নতুন জামাওতো ক'রে নিতে পারো ? তুমি এখন চাষার বৌ নয়—তোমার স্বামী এখন রীতিমত বড়লোক বুঝেছ। কিন্তু যে ছিরির জুতো পরে আছ তুমি—ও জমিদারের বৌরা কস্মিন্ কালেও পরে না।' অনিচ্ছা সত্বেও ওয়াং-এর স্বরটা অতিমাত্রায় রুক্ষ হ'য়ে ওঠে।

ওলান নীরব। নম্র, ভীরু দৃষ্টিতে স্বামীর দিকে চায়; কি অপরাধ ক'রেছে বুঝতে পারে না। তারপর দু'খানা পা এক সঙ্গে ক'রে বেঞ্চিটার তলায় লুকিয়ে ফেলে। ওলান্‌কে অতগুলো পরুষ কথা বলার জন্য ওয়াং অন্তরে অন্তরে বড় লজ্জিত হয়। এই নারী এতকাল প্রভুভক্ত কুকুরের মত ওর অনুগমন ক'রেছে, দুঃখ দারিদ্র্যের দিনে যখন ওকে মাথার ঘাম পায়ে ফেলে ক্ষেতে কাজ করতে হয়েছে, এই নারীই তো, এমন কি প্রসবের পর-মুহূর্তেই শয্যা ছেড়ে উঠে এসে স্বামীর পাশে দাঁড়িয়ে তার শ্রমের অংশ আপন হাতে তুলে নিয়েছে—ওয়াং ভোলেনি সে-কথা। তবুও কিছুতেই ও মনের বিরক্তি ঠেকাতে পারে না, অনিচ্ছা সত্বেও ওর ভাষার স্বরে বড় কঠিন সুর বেজে ওঠে ঃ

'অত কষ্ট ক'রে তো দুটো পয়সার মুখ দেখেছি। আমি মোটেই চাইনে যে আমার বৌ অমন চাষাড়ে চেহারা ক'রে থাকে। আর তোমার ওই শ্রীচরণ দু'খানা—'

ওয়াং থেমে যায়। ওর মনে হয় ওলান্ বড় বেশী কুৎসিৎ। কিন্তু ঐ সাধারণ ঢিলে সুতী কাপড়ের জুতো পরা পা দু'খানা যেন সব চেয়ে কুৎসিৎ। জ্বলন্ত দৃষ্টিতে ওয়াং স্ত্রীর পায়ের দিকে তাকায়। ওলান আরো বেশী ক'রে বেঞ্চির নীচে পা দুটোকে ঠেলে দেয়। তারপর অনুচ্চার কণ্ঠে বলে ঃ

'খুব ছোট বেলায়ই আমাকে বেচে ফেলেছিল কিনা, তাই মা আর আমার পা বেঁধে দিতে পারেনি। মেয়ে দুটোর পা আমি বেঁধে দেব'খন।'

ওয়াং পেছন ফেরে। ওর বড় লজ্জা হয়, বেচারার ওপর অমন ক'রে রাগ ক'রেছে বলে। ওলান্ উল্টো রাগ করে না বলেই তো ওর অত রাগ হয়। ওলান্ কেন রাগ করে না ? কেন অত ভয় করে ?

নূতন কালো রং-এর জামাটা টেনে নিয়ে পরতে পরতে বিরক্তির স্বরে বলে ঃ 'যাই দেখি একবার চায়ের দোকানে—নতুন কিছু শুনে যদি একটু মুখ বদল হয়। ঘরে তো থাকার মধ্যে যত বোকা-হাবা, বুড়ো-হাবড়া আর দুটো বাচ্চা ছেলে। আর কি কিছু আছে ! এর মধ্যে থাকে কি ক'রে মানুষ !'

শহরের দিকে যেতে যেতে ওর মনে পড়ে যায় ওলান্ই জহরতগুলো সেই টাকার কুমীরটার বাড়ী থেকে এনে ছিল। তা যদি না আনতো এবং হুকুম করা মাত্রই সব

ওর হাতে তুলে না দিত, তবে সারা জীবনেও এই নতুন জমিগুলো ও কিছুতেই কিনতে পারত না। এ কথা মনে হ'তেই ওর রাগ আরো বেড়ে গেল। বিদ্রোহী ওয়াং নিজের অন্তরকে বোঝাতে বসল ঃ 'হ'লোইবা। জহরতগুলো আনার সময় ওলান্ কি কিছু ভেবে চিন্তে হিসেব ক'রে এনেছিল। এনেছিল নেহাৎ খেয়াল খুশিতে, ছোট ছেলেরা যেমন রঙ্গীন লজঞ্চুষ দেখলে খপ্ ক'রে ধরে। আর ওয়াং যদি না দেখত তবে ওলান্ চিরকালই ওগুলো বুকের মধ্যে লুকিয়ে রাখত!'

তারপর ভাবে ঃ ওলান্ কি এখনও মুক্তা দুটো ওর বুকের মাঝখানে লুকিয়ে রেখেছে! আগে কথাটা মাঝে মাঝে ওর ভাবনার খোরাক জুটিয়েছে এবং ভাবতে গিয়ে ওর মনে বিস্ময়ে একটা বিচিত্র অনুভূতি জেগেছে। কিন্তু আজ ঘৃণায় সারা মন ওর সঙ্কুচিত হ'য়ে উঠল—কারণ, বহু-সন্তান-মাতৃত্বে ওলান্-এর স্খলিত স্তনের কুরূপ মাংস পিন্ডের মাঝে বড় বেমানান লাগে মুক্তা দুটো।

বন্যা না হ'লে এবং ওয়াং পূর্বের সেই দরিদ্র চাষী ওয়াং থাকলে কোনো বিপর্যয়ই ঘটত না। কিন্তু আজ ওয়াং বহু ঐশ্বর্যের অধিকারী। এখানে সেখানে নানা জায়গায় ওর অঢেল অর্থ লুকোন রয়েছে দেয়ালের মধ্যে, নূতন বাড়ীর মেজেতে একটা টালির তলায় বস্তা ভরা, নিজেদের শোবার ঘরে বাক্সে কাপড়ের পুঁটলী বাঁধা, বিছানার তোষকে তুলোর সাথে সেলাই করা, কোমরে,—কোথায় না আছে। কোনো অভাব নেই ওয়াং-এর। আজকাল ওর একটা পেনি ব্যয় ক'রতে ক্ষতের মুখে ক্ষয়ের বেদনা জাগে না, আজ ওর অর্থ ব্যয়ে সার্থক—যেদিন সঞ্চয়ে সার্থক ছিল, সেদিন গেছে। অবহেলায় অজস্র অর্থ ওয়ংং-এর কোমর-বন্ধে পড়ে থাকে, হাতে ঠেকলেই হাত যেন জ্বালা করে। ওয়াং আজ অর্থ সম্বন্ধে উদাসীন হয়ে উঠেছে। যৌবনের দিনগুলিকে বিফলতায় বইয়ে না দিয়ে কেমন করে সার্থক করে তুলবে সে ভাবনাও ওয়াং ভাবতে আরম্ভ ক'রেছে।

আগের মত সব কিছুই এখন আর ওয়াং-এর ভালো লাগে না। যে চায়ের দোকানে পা দিতে গিয়ে সেদিনকার নিতান্ত সাধারণ গ্রামের মানুষ ওয়াং ভীরু কুণ্ঠায় সংকুচিত হ'য়ে যেত—আজের ওয়াং সে-চায়ের দোকানে ধরে না—দোকানগুলি ওর মনে হয় বড় নোংরা, বড় সংকীর্ণ, ওর অযোগ্য। সেকালে ওকে কেউ চিনত না—ওর প্রতি চা-পরিবেশক ভৃত্যদের ব্যবহার ছিল উদ্ধত। আজ ওয়াং এলেই সবাই সন্ত্রস্ত হয়ে ওঠে। একদিন ও ওদের কানাকানি করতেও শুনেছিল ঃ 'এই যে ওয়াং-পাড়ার ওয়াং এল। সেবার শীতে সেই আকালের বছর জমিদার বাড়ীর বুড়োকর্তা মারা গেলেন—তার সব জমিদারী এইতো কিনেছে। মস্ত বড়লোক এখন ওয়াং।' সেদিন ওয়াং পরম ঔদাস্যের ভান ক'রে বসে পড়েছিল, কিন্তু গোপনে অন্তর গর্বে স্ফীত হ'য়ে উঠেছিল। কিন্তু আজ স্ত্রীর উপর অনর্থক রাগারাগি ক'রে মনটা তিক্ত হ'য়ে রয়েছে। লোকের অযাচিত সম্ভ্রম আজ আর ভালো লাগল না। গুম্ হ'য়ে বসে চায়ের পেয়ালায় চুমুক দেয় আর ভাবে ঃ 'কই সংসারটা যত ভালো বলে মনে হ'য়েছিল, তত ভালো ত নয়।' তারপর হঠাৎ ওর মনে হয় ঃ 'আমার এতগুলো জমি, ছেলেরা আমার সব পন্ডিত, আমি কেন এই ট্যাঁরা চোখ, বেজীমুখো লোকটার দোকানে বসে

চা খাব? আমার ক্ষেতের একটা জনই তো ওর চাইতে বেশী কামায়!'

মনে হ'তেই ওয়াং উঠে পড়ে। চায়ের দামটা টেবিলের ওপর ছুঁড়ে ফেলে দিয়ে, কেউ কিছু জিজ্ঞাসা করবার আগেই হন্ হন্ ক'রে বেরিয়ে পড়ে। রাস্তায় রাস্তায় খানিকক্ষণ ঘুরে বেড়ায়—মন যে কি চায় নিজেই বুঝতে পারে না। গল্প-বুড়োর চালার পাশ দিয়ে যেতে যেতে থেমে পড়ে মুহূর্তের জন্য। মেলাই মানুষ। বেঞ্চিটার শেষ-প্রান্তে গিয়ে বসে পড়ে, শোনে সেকালের সেই 'তিন রাজ্যের বীরদের' কাহিনী। তবুও ওর অস্বস্তি ঘোচে না। অন্য শ্রোতাদের মত গল্পের যাদু ওয়াংকে মুগ্ধ ক'রতে পারে না। লোকটার অনবরত পেতলের ঘণ্টা পেটার শব্দে ওয়াং বিরক্ত হ'য়ে উঠে পড়ল।

শহরের বড় রেস্তরাঁ। দক্ষিণী একটা লোক নূতন খুলেছে দোকানটা। লোকটা এ সব ব্যবসা জানে ভালো। ওয়াং আগে অনেকবার দোকানটার পাশ দিয়ে যাতায়াত ক'রেছে। জুয়ায়, মদে, রমণীতে কি ক'রে লোক এমন ক'রে টাকা ঢালে ভেবে শিউরে উঠেছে। কিন্তু আজ ওয়াং ঐ দিকেই পা চালিয়ে দিল। হাতে কোনো কাজ না থাকায় মন তার অনবস্থিত—একটা কিছু অবলম্বন চাই। স্ত্রীর প্রতি অন্যায় ব্যবহারের জন্য অনুশোচনার গ্লানি মনে খচ্ খচ্ ক'রে বিঁধছে। আর কিছু ভাবতে পারে না—ওয়াং নিষিদ্ধ পথেই পা বাড়ায়। ওর বিক্ষিপ্ত অনবস্থিত মন আজ নূতন কিছু চাইছে।

নূতন চায়ের দোকানটাতে এসে উপস্থিত হ'ল ওয়াং। দরজা পেরিয়ে একটা আলোক দীপ্ত ঘর—রাস্তার দিকে খোলা। সারা ঘরটা ভরে টেবিল সাজান। দৃপ্ত-ভঙ্গীতে এসে ঘরে ঢুক্‌ল ওয়াং। অন্তরের দীন ভীরুতা চাপা দেবার জন্য ভঙ্গীটাকে দৃপ্ততর করার প্রয়াস ওর হাবে ভাবে বেশ স্পষ্ট। এই তো কদিন আগে ওয়াং ছিল দীন হ'তেও দীন—একটা দু'টো রূপোর মুদ্রার বেশী সঞ্চয়ের সম্বল কখনও ওর ছিল না; দক্ষিণ দেশে পেটের দায়ে ওকে রিক্‌শও টানতে হ'য়েছে। একথা ওর মনে জেগে থাকে।

রেস্তোরাঁয় প্রবেশ ক'রে ওয়াং চুপ করেই থাকে। চা কিনে চুপ চাপ খায় আর অবাক হ'য়ে চারিদিকে তাকিয়ে দেখে। প্রকাণ্ড বড় হলটায় সোনার জলে কারুকার্য করা ছাদ। দেয়ালে সাদা সিল্কের ওপর আঁকা কতকগুলি মেয়ের পট ঝোলান। ওয়াং গোপন দৃষ্টিতে নিরীক্ষণ ক'রে ক'রে পটগুলি দেখে। ওর মনে হয়, মানবী নয়, মানবী নয় এরা, স্বপ্নচারিণী, কল্পলোক বাসিনী—বাস্তব জগতে অমন অপূর্ব সৌন্দর্য কোনদিনও তো ও দেখেনি! প্রথম দিন ছবিগুলির দিকে একবার তাকিয়েই তাড়াতাড়ি কোন মতে চা খাওয়া সেরে বেরিয়ে আসে।

দিনের পর দিন যায়। বানের জল জমি হ'তে আর নামে না। ওয়াংও রোজ রেস্তোরাঁতে আসে, একা একটা কোণ বেছে নিয়ে বসে, আর চা খেতে খেতে নিষ্পলক দৃষ্টিতে ছবিগুলির দিকে তাকিয়ে থাকে। বাড়ীতে, ঘরে, ক্ষেতে মাঠে কোথাও কোনো কাজ নেই; ফেরার কোনো তাড়া নেই, কাজেই রেস্তরাঁতে প্রতিদিনই একটু একটু ক'রে বেশী সময় কাটে। এর বেশী আর কিছু হ'ত না হয়ত শেষ পর্যন্ত।

কারণ ঐশ্বর্য ওর চেহারার গ্রাম্যতার ছাপ মুছে নিতে পারেনি। এই অভিজাত রেস্তরাঁটিতে একমাত্র ওর পরনেই সুতী কাপড়ের বেশ, এবং পিঠের ওপর একটি বিসর্পিত বেণী। শহর-বাসীরা এই জিনিসটিকে একেবারেই বর্জন ক'রেছে—বেণীর কথা আজ ওরা কল্পনাও ক'রতে পারে না। কাজেই স্থানটা ওর পক্ষে তেমন অনুকূলও হ'তো না—আর ওয়াংও হয়ত নিজের স্থান ক'রে নিতে পারত না। কিন্তু বিপর্যয় ঘটে গেল সেদিন সন্ধ্যেবেলা। রোজকার মতই ওয়াং হুলের একেবারে পেছনের দিকটায় একটা টেবিলে বসে অন্যমনস্কভাবে চায়ের পেয়ালায় চুমুক দিচ্ছিল। এমন সময় প্রায় শেষ প্রান্তে প্রাচীরের গা বেয়ে দোতলায় যে সংকীর্ণ সিঁড়িটি চলে যাচ্ছে তা দিয়ে কে একজন নেমে এল।

শহরে রেস্তরাঁর এই বাড়িটিই কেবল মাত্র দোতলা। অবশ্য পশ্চিমের কাছে যে প্যাগোডাটি আছে সেটা আরো উঁচু—পাঁচতলা। তবে প্যাগোডাটি তলার দিক থেকে ওপরে ক্রমশঃ সরু হ'য়ে গেছে। আর এই বাড়ীটি নীচ ওপর সমান আয়তন।

রাতে, বিশেষ ক'রে মধ্যরাত্রের পর, নারী কণ্ঠের উচ্ছল সঙ্গীত, তরল হাসির টুকরো, তরুণীর কোমল হাতের অপূর্ব বীণার ঝংকারের মিশ্রিত ধ্বনি ওপর তলার জানালার পথে ভেসে এসে বাইরে বহুদূর পর্যন্ত বায়ুমন্ডলকে প্লাবিত ক'রে দেয়। নীচের তলায় ওয়াং যেখানে বসে সেখানে আরো বহুলোক চা খায়—তাদের উচ্চ কণ্ঠের কোলাহল, পেয়ালার ঠুনঠুন, জুয়ার টেবিলের ওপর ডাইস পড়ার শব্দ আর সব কিছু ছাপিয়ে ওপরে ওঠে।

এবং এইজন্যই ওরই পেছনে সিঁড়ি বেয়ে যে-মেয়েটি নেমে এল, তার পায়ের শব্দ ওয়াং একেবারেই শুনতে পেলে না। তাছাড়া ও স্বপ্নেও ভাবেনি এখানে কেউ ওকে চেনে। কাঁধের ওপর কার মৃদু স্পর্শ পেতেই ও ভয়ানক চমকে উঠল। মুখ তুলে তাকাতেই একটি সুন্দরী নারীমূর্তির সঙ্গে চোখাচোখি হ'য়ে গেল। কোকিলা না? হ্যাঁ, কোকিলাই তো। হোয়াংদের জমি কিনে এর হাতেই ত' ওয়াং তার জহরৎগুলো তুলে দিয়েছিল। বিক্রির কবালায় নাম সই করবার সময় বুড়ো কর্তার হাত বড় কাঁপছিল, এই মেয়েই তো তার হাতটা সোজা ক'রে ধরেছিল। ওয়াংকে দেখে মেয়েটি হাসল—তীক্ষ্ণ চাপা হাসি।

'তাই তো, ওয়াং চাষী যে গো! তুমি এখানে?' একটু শ্লেষের সঙ্গে চাষী কথাটার ওপর একটু বেশী জোর দিয়ে কোকিলা বলে।

ওয়াং-এর মনে হল, যে ক'রে হোক এ মেয়েটাকে বোঝাতেই হবে ওয়াং আজ সেদিনের গেঁয়ো চাষা নেই। হেসে একটু বেশী রকম উচ্চস্বরে বলল ঃ

'সবাই পয়সা খরচ করতে পারে, আর আমার পয়সা কি অপরাধ করল? ভগবান দুটো দিয়েছেন খরচ করব না?'

এই কথায় কোকিলা থেমে গেল; ক্ষুদ্র চোখ দুটি সাপের চোখের মত জ্বলে উঠল, কিন্তু স্বরটি অতি মোলায়েম, যেন হাঁড়ি থেকে তেল ঝরে পড়ছে। বলল ঃ

'আহা, বেশ বেশ। কেই বা না শুনেছে তোমার কথা। তা খেয়ে পরে দুটো পয়সা হাতে থাকলে একটু ফূর্তি টুর্তি করতে পুরুষ মানুষের একটু মন চায়

বৈকি ! ঠিক জায়গাতেই এসেছে। ফূর্তি করতে চাও তো এমন জায়গা আর পাবে না। শহরের যত বড় লোক জমিদার সবাই তো এখানে আসে। এখানকার মত অমন মদ কোথাও নেই। আমাদের এখানকার মদ একটু খেয়ে দেখেছ ওয়াং ?'

অর্ধলজ্জিতভাবে ওয়াং জবাব দেয়ঃ 'না আমি চা-ই খাই রোজ। মদও খাইনি, জুয়াও খেলিনি।'

'চা !' কর্কশভাবে হেসে ওঠে কোকিলা। উচ্চকণ্ঠে বলেঃ 'কত রকমারী ভালো ভালো দামী দামী মদ রয়েছে এখানে—চা খেতে যাবে কোন দুঃখে।'

ওয়াং মাথা নীচু ক'রে থাকে। কোকিলা স্বর নামিয়ে ধূর্তভাবে বলেঃ

'তা হ'লে আর কিছুও তোমার চোখে পড়েনি বলো !—ছোট ছোট হাত, ফোটা ফুলের মত গাল, কিছুই না ?'

ওয়াং এর মাথাটা আরো ঝুঁকে পড়ে। লজ্জায় মুখ চোখ লাল হয়ে ওঠে। ওর মনে হয় আশ-পাশের সবাই বিদ্রূপ-ভরা চোখে ওর দিকে তাকিয়ে আছে আর মেয়েটার কথা শুনছে। কিন্তু সাহস করে একটুখানি চোখ তুলে দেখল কেউ ওর দিকে তাকিয়ে নেই, সবাই যে যার নিয়ে ব্যস্ত। নূতন ক'রে আর এক ঝলক ডাইসের শব্দ ওঠে। বিব্রত হয়ে ওয়াং বলেঃ

'না, না,—দেখিনি—কিছুনা—খালি চা—

স্ত্রীলোকটি আবার হেসে ওঠে। তারপর দেয়ালে ঝোলান ছবিগুলোর দিকে ইশারা ক'রে দেখিয়ে দিয়ে বলেঃ 'দেখছ ? ঐ সেই তাদেরই ছবি সবঃ কাকে চাও বল—আর আমার হাতে টাকা ফেলে দাও—এই মুহূর্তে তাকে এনে সামনে হাজির ক'রে দিচ্ছি।'

'কী বলছ ? ওয়াং বিস্ময়াবিষ্ট হয়ে বলেঃ 'আমি ভেবেছিলাম এগুলো খালি পট। সেই যে গল্পবুড়োরা বলে 'কুয়েন লুয়েন' পাহাড়ে সব দেবীরা থাকে তাদের পট।'

'যা বলেছ পটই বটে !' কতক অন্তরঙ্গতা কতক বিদ্রূপের সুরে কোকিলা বলেঃ 'কিন্তু রূপোর ছোঁয়া পেলেই এ পটগুলো সব জলজ্যান্ত রক্তমাংসের মানুষ হয়ে যায়, জানো !' ব'লে ওযাং-এর দিকে ইঙ্গিত ক'রে দেখিয়ে পরিচারকদের দিকে চোখ টিপে মাথা নেড়ে নিজের কাজে চলে যায়। ইশারায় যেন বলে যায়ঃ 'গেঁয়ো ভূত কোথাকার।'

ছবিগুলো ওয়াংকে নূতন ক'রে আকর্ষণ করে। মুগ্ধ দৃষ্টিতে তাকিয়ে তাকিয়ে দেখে আর ভাবেঃ 'এই সংকীর্ণ সিঁড়িটার শেষে ওর ঠিক মাথার ওপরেই ঐ দোতালায়, এই এরাই সব রক্তমাংসের জ্যান্ত মানুষ হয়ে আছে ! ওখানেই, ওদের কাছেই এ লোকগুলো সব যায় ! ও ছাড়া সবাই যায়। পুরুষ তারা। কিন্তু ও যে গৃহস্থ, ওর বৌ আছে, ছেলেপুলে আছে। আচ্ছা তা যদি না হ'তো তবে এদের কাকে ওয়াং-এর পছন্দ হতো ! সত্যি ক'রে তো চাইছে না—ওতো মিছেমিছি —যদি ছা-পোষা গৃহস্থ মানুষ না হ'ত তবে কি করত তাই তো একটু পরখ করছে ওয়াং। শিশু যেমন বাস্তব নিয়ে খেলার ভান করে, তেমনি ক'রেই ওয়াং আজ ওর

মন নিয়ে খেলতে বসল। প্রতিটি ছবি নিরীক্ষণ ক'রে ক'রে আবেগ দিয়ে দেখে যেন ওটা ছবি নয়, মানুষ! যতক্ষণ নির্বাচনের প্রশ্ন ছিল না, প্রত্যেকটি সমান সুন্দর মনে হয়েছে ওয়াং-এর। কিন্তু এখন যেন সৌন্দর্যের তারতম্য ওর চোখে স্পষ্ট হ'য়ে উঠল। গোটা কুড়ি ছবির মধ্যে তিনখানা ওর সব চাইতে সুন্দর বলে মনে হ'ল। তারপর সে তিনখানা ভালো ক'রে যাচাই ক'রে দেখল। এবং শ্রেষ্ঠ সুন্দরী বলে একজন মাত্র চূড়ান্ত নির্বাচনের গৌরব পেল। অপূর্ব সুন্দরী—ছোট খাট, ছিপ্‌ছিপে গড়ন, বেণুযষ্টির মত লঘু। ছোট মুখখানা বেড়ালছানার মুখের মত ছুঁচলো—এক হাতে একটি সবৃন্ত পদ্ম কোরক। হাতখানা নবোন্মেষিত ফার্ণের মত পেলব।

ওয়াং-এর পলক পড়ে না। সুরার মত একটা তীব্র জ্বালা ওর শিরায় শিরায় ছড়িয়ে পড়ে।

হঠাৎ মুখ থেকে বেরিয়ে আসে একটু জোরেই: 'কি চমৎকার ঠিক যেন একটি কুইন্স* ফুল।'

স্বরটা কানে যেতেই ও যেন ভয়ে লজ্জায় উদ্‌ভ্রান্ত হ'য়ে উঠল। তাড়াতাড়ি উঠে পড়ল। টেবিলের ওপর টাকা রেখে বাইরের ঘনায়মান অন্ধকারের মধ্যে বেরিয়ে পড়ে বাড়ীর দিকে চলল।

বাইরে মাঠে, জলের বুকে জ্যোৎস্নার মায়া—রূপালী কুহেলীর জালায়ন। ওর দেহের সুগোপনে রক্ত প্রবাহে জোয়ার জাগে, শিরায় শিরায় আগুন জ্বলে ওঠে।

এর মধ্যে বন্যার জল নেমে গেলে ওয়াং-এর জীবনের মোড় ঘুরে যেত। রৌদ্র-করোজ্জ্বল আকাশের প্রসন্ন দৃষ্টির নীচে সিক্ত বাষ্পায়িত মাটি গ্রীষ্মের রৌদ্রের স্পর্শে অল্পদিনের মধ্যেই চাষের উপযুক্ত হ'য়ে উঠত। চাষ করা, বীজ বোনার মরশুম পড়ে যেত। হয়ত তাহ'লে ওদিকটা আর ওয়াং মাড়াত না। কিংবা যদি কোন ছেলেপুলের অসুখ হত অথবা বৃদ্ধ হঠাৎ মরে যেত, তবে সেই ব্যস্ততায় পটে আঁকা সুন্দর মুখখানা আর বেণু যষ্ঠির মত লঘু তনু দেহখানার কথা ও ভুলে যেত।

কিন্তু কিছুই হ'ল না। ওয়াং-এর হাতের কাজ মনের কাজ কিছুই জুটল না। চারদিকে শান্তি কেবল শান্তি—সন্ধ্যার দিকে প্রশান্ত বায়ুমন্ডল একটু দুলে ওঠে। জলের বুকে একটু হিল্লোল জাগে, তারপরেই আবার অচঞ্চল শান্তি; বৃদ্ধ বসে ঝিমোয়; বড় ছেলেদুটি সেই পাঠশালায় যায়, ফেরে সন্ধ্যায়। ওয়াং চঞ্চল হ'য়ে ওঠে—ছটফট ক'রে কেবল এদিক ওদিক করে, তারপর ধপ ক'রে চেয়ারটায় বসে পড়ে। ওলান চা ঢেলে দেয়। চায়ে মুখ না দিয়ে তক্ষুনি আবার উঠে পড়ে, জ্বালান পাইপ অমনি পড়ে থাকে। ওলান স্বামীর দিকে চায়, কেমন একটা গভীর বেদনায় মেদুর হ'য়ে যায় ওর বোবা দৃষ্টি। ওয়াং সহ্য করতে পারে না।

ছটা মাস চলে গেছে। সেদিন দিনটা বড় দীর্ঘ মনে হচ্ছিল ওয়াং-এর, কিছুতেই যেন আর কাটছিল না। দিনের শেষে দরজায় দাঁড়িয়ে ছিল ওয়াং। সন্ধ্যার বিম্বমান আবছা আলো হ্রদের বুকের গুঞ্জিত নিশ্বাসে মুখর হ'য়ে উঠেছে। হঠাৎ ভিতরে

---

* পেয়ারা ফলের মত একরকম টক ফল। আচার, জ্যাম জেলীতে ব্যবহার হয়। – অনুবাদিকা।

গিয়ে নিঃশব্দে ওয়াং ওলানের তৈরী উজ্জ্বল কালো রং-এর পোষাকী জামাটা পরে নিয়ে বেরিয়ে পড়ে। জলের ধার দিয়ে সরু মেঠো পথ বেয়ে চলে। পথের প্রান্তে শহরের অন্ধকার গেট পার হ'য়ে, কত পথ চ'লে ও রেস্তোরাঁয় এসে পেঁছুল।

আলো জ্বালান হ'য়ে গেছে—উজ্জ্বল বড় বড় বিদেশী আলো সব। আলোকোস্ভাসিত কক্ষটিতে কত লোক গান করছে, গল্প করছে। মাথার ওপর পাখা দুলছে—উজ্জ্বল স্বচ্ছ অকৃপণ, সঙ্গীতের মত সুমধুর হাসির লহর পথের প্রান্তে এসে ভেঙ্গে পড়ছে! ওয়াং তার চাষের কাজের মধ্যে এতদিন যত আনন্দ পেয়েছে—সব যেন এই ঘরখানার প্রাচীর বেষ্টনীর মধ্যে সঞ্চিত রয়েছে। এখানে কাজ নেই, আছে আনন্দ স্ফূর্তি। এখানে কেউ কাজ করতে আসে না—আসে হাসি খেলার স্রোতে গা ঢেলে দিতে।

ওয়াং দোর গোড়ায় দাঁড়িয়ে ইতস্ততঃ করে। ভিতরের অত্যুজ্জ্বল আলো খোলা দরজার পথে এসে ওকে প্লাবিত করে দিচ্ছে। ওর রক্তে ঝড় বইছে, শিরাগুলি যেন ফেটে যাবে। তবুও ভীরু ওয়াং হয়ত ওখানে দাঁড়িয়ে দাঁড়িয়ে ফিরে চলে আসত। কিন্তু আলোর প্রান্তে ছায়ার অন্ধকারের মধ্য থেকে কে একটি রমণী বেরিয়ে এল। কোকিলা। এতক্ষণ দরজায় হেলান দিয়ে ও ঐখানেই দাঁড়িয়ে ছিল। মানুষ দেখে সামনে এগিয়ে এল। ওর কাজই ঐ—এখানকার বারাঙ্গনা দলের জন্য শিকার ধরা। কিন্তু ওয়াংকে দেখে নাক সিঁটকে উঠল ঃ 'মর মুখপোড়া চাষার পো।'

কোকিলার স্বরের অবহেলার তীক্ষ্নতা ওয়াং-এর অন্তরে গিয়ে বেঁধে। রাগ হয় ভয়ানক, এবং হঠাৎ-রাগ মনে সাহসও এনে দেয়। ও বলে ফেলল। 'কেন বাপু এত লোক আসে আর আমি কি অপরাধ করলাম ?'

কোকিলা মুখ বাঁকা ক'রে তাচ্ছিল্যের হাসি হেসে জবাব দেয় ঃ 'তা এদের মত তোমার পয়সার মুরোদ থাকলে আসবে না কেন ?' ওয়াং ওকে দেখাবে ও যে সে নয়। যা খুশি তা করার মত টাকার জোর ওর আছে। ট্যাঁকে হাত দিয়ে মুঠো ভরে রুপোর ডলার তুলে কোকিলাকে বলে ঃ 'হ'লো ? না, এখনও হয় নি !'

কোকিলা ফ্যাল্ ফ্যাল্ করে ওয়াং-এর ডলার ভবা মুঠোটার দিকে তাকিয়ে থাকে। তারপর ব্যস্ত হয়ে বলে ঃ 'চলো, চলো। বলো দেখি, কাকে চাই।' নিজের অজ্ঞাতসারেই ওয়াং বলে ফেলল ঃ 'কি জানি—কিছু চাই না তো।' পরক্ষণেই কামনার সাগর উদ্বেল হ'য়ে উঠে। অনুচ্চার কণ্ঠে ওয়াং বলে ঃ 'সেই যে ছোট্টটি—লম্বাটে মুখ, সরু থুত্নি, দুধে আলতায় রং আর কুইন্স ফুলের মত ছোট মুখ যার, হাতে একটা পদ্মের কুঁড়ি—তাকে।'

অবলীলায় মাথা হেলিয়ে ওয়াংকে ইঙ্গিত ক'রে টেবিলের ভিড়ের ফাঁকে ফাঁকে পথ ক'রে কোকিলা চলে। ওয়াং একটু দূরে দূরে থেকে অনুসরণ করে। প্রথমে মনে হয়েছিল সবাই বুঝি ওর দিকে তাকিয়ে রয়েছে। সাহস ক'রে চোখ তুলে দেখল কেউ ওকে লক্ষ্যই করছে না। এক আধজন মাঝে মাঝে টিপ্পনী কাটছে—'রাত দুপুর হ'য়ে গেছে, তাই উনি মেয়েমানুষের খোঁজে চলেছেন ছুটতে ছুটতে।' আর একজন বলে উঠল ঃ 'তর্ আর সইছে না, সাঁঝ না লাগতেই ছুটছেন মাগীর খোঁজে।

ততক্ষণ ওরা সিঁড়িতে উঠছে। ওয়াং-এর এই প্রথম সিঁড়ি-চড়া। একটু কষ্ট হচ্ছে। ওপরে উঠে দেখে মোটে মনেই হয় না যে মাটি থেকে ওপরে রয়েছে। যেতে জানালা দিয়ে বাইরে চোখ পড়তে বুঝতে পারল যে অনেকটা উঁচুতে উঠে এসেছে। একটা অন্ধকার হলের মধ্য দিয়ে কোকিলা ওকে নিয়ে চলল। এবং যেতে যেতে চীৎকার ক'রে বলতে লাগল ঃ 'কই গো সব, প্রথম নাগর এল, বৌনি করগে।'

চকিতে হলের চারদিকে কতগুলি দরজা খুলে যায়। খোলা দরজার ফাঁকে ফালি ফালি আলোর ঝলকে কতগুলি সুন্দর মুখ দেখা যায়—যেন কুঁড়ির আড়াল ভেঙ্গে ফুল কলিরা প্রভাতী আলোয় ফুটে উঠল।

কোকিলা কঠিন কণ্ঠে ধমকে ওঠে ঃ 'যা, যা, তোদের কে ডেকেছে লা পোড়ার-মুখীরা। সুচাও-এর লালমুখো সেই বেঁটে-বাঁদরী কমলীর মানুষ লো, কমলির মানুষ।

সমস্ত হলে একটা অস্পষ্ট বাঁকা হাসির জলতরঙ্গ খেলে গেল। আনারের মত টুকটুকে লাল রং-এর একটি মেয়ে হেঁড়ে গলায় বলে উঠল ঃ 'নিক্ বাবা কমলিই নিক্। যা চাষাড়ে চেহারা, আর যা রসুনের খোঁসবাই ছেড়েছে—ম্যাগো।'

ওয়াং শুনল কিন্তু জবাব দিল না, যদিও কথাগুলো ছুরির মত ওর মাংসের মধ্যে যেন কেটে বসল। হয়ত সত্যি চাষার চেহারা ওর ঘোচেনি। কিন্তু ওয়াং বুক ফুলিয়ে চলল। টাকাই তো রয়েছে ট্যাঁকে, ভয় কি! অবশেষে একটা ভেজান দরজায় কোকিলা এসে ঘা দিল। অপেক্ষা না করেই ভেতরে ঢুকে পড়ল।

ফুল কাটা রং-এর গদি আঁটা বিছানায় বসে সেই পটের মেয়ে।

অমন ছোট ছোট হাতও কানুষের থাকে এ কথা ওয়াংকে আগে কেউ বললে ও কিছুতেই বিশ্বাস করত না। অতটুকু হাত! অমন কচি সরু হাড়। অমন ক্রম-ক্ষীয়মান দীর্ঘ-ছন্দ আঙ্গুল—পদ্মরং-এর অমন সুন্দর রাঙ্গা নখ! আর অমন দু'খানি পা—একটা মানুষের মধ্যমা-প্রমাণ ছোট পা দুখানি গোলাপী সাটিনের জুতো-জোড়ার মধ্যে ধরা দিয়েছে! বিছানার একধারে বসে ছেলে মানুষের মত পা দোলাচ্ছে মেয়েটি। ওর পা দু'খানিও ওয়াং-এর কাছে পরম বিস্ময়ের বস্তু, পৃথিবীর মানুষের অমন পা থাকে একথা আগে ও কিছুতেই বিশ্বাস ক'রতে পারত না।

বিমুগ্ধ দৃষ্টিতে কমলির দিকে তাকিয়ে ওয়াং বিছানার একধারে বসে রইল। নীচের হলে যে ছবিখানি দেখেছিল তাই যেন মূর্ত হয়ে ওর সামনে এসেছে। ছবিটির সাথে ওয়াং-এর পরিচয় এত অন্তরঙ্গ হ'য়েছিল যে মেয়েটিকে এমনি কোথাও দেখলে ও অবলীলায় চিনে নিত। সেই ছবির মতই অমনি সুকুমার পেলব চন্দ্রকলার মত দু'খানি হাত, তেমনি দুগ্ধ-ফেন-শুভ্রতায় অপরূপ। বাঁকা কর-পল্লব-দু'খানি পরস্পর সংলগ্ন হ'য়ে কোলের উপর পড়ে আছে! পরিচ্ছদের গোলাপী সাটীনের ওপর শুভ্র হাত দুখানি—অপরূপ! অপরূপ! ওয়াং ভাবে এ হাত কি স্পর্শের যোগ্য?

পটখানিকে যে বিস্ময় নিয়ে দেখেছিল, বাস্তবের এই মানবীকেও সেই বিস্ময় নিয়েই দেখে ওয়াং। কাঁচুলী-আঁটা বেণু-যষ্ঠির মত দেহ, সাদা ফার্-এর উঁচু

কলারের ওপর জেগে রয়েছে ছোট মুখখানা প্রসাধনে সুন্দর—যেন পটে আঁকা। ওয়াং দেখে—এপ্রিকট ফলের মত সুগোল দুটি চোখ। এতদিনে ওয়াং বুঝতে পারল গল্প বুড়োরা যে সুন্দরীদের এপ্রিকট আঁখির কথা বলে সে কেমন। ওয়াং-এর মনে হয় এ যেন মাটির ধরণীর রক্তমাংসের মানুষ নয়, শুধু পটে-লেখা ছবি।

তরুণী ধীরে ধীরে তার বাঁকা চাঁদের মত হাতখানা তুলে ওয়াং-এর কাঁধে রাখে, ধীরে ধীরে ওর অনাবৃত বাহু-দুটিতে স্পর্শ বুলিয়ে দেয়। এই স্পর্শ খানির মত এত লঘু, এত কোমল কোনও পার্থিব বস্তুর সাথে ওয়াং-এর পরিচয় ছিল না। হাতখানি চোখের সামনে না থাকলে ও হয়ত' বুঝতেই পারত না, গায়ের ওপর কিছু নড়ে বেড়াচ্ছে। ওয়াং চোখ ভরে দেখে, হাতখানা ওর বাহুর উপর থেকে ধীরে ধীরে নীচে নামে ; যে পথে যায় আগুন ছড়িয়ে যায়—জামার আবরণ ভেদ ক'রে সে আগুন ওর বাহুর মাংসকে পর্যন্ত দহন করে। ওয়াং দৃষ্টি ফেরাতে পারে না। হাতখানি ক্রমে ওর আস্তিনের শেষ প্রান্তে এসে, মুহূর্তের অভ্যস্ত দ্বিধায় অনাবৃত মণিবন্ধের কাছে এলিয়ে পড়ে যায়, এবং তারপর ওয়াং-এর অগৌর শিথিল পরুষ হাতের মধ্যে আপনাকে সমর্পণ ক'রে দেয়। ওয়াং থর্ থর্ ক'রে কাঁপে ; হাতখানাকে নিয়ে কি ক'রবে ভেবে পায় না।

হঠাৎ একটা তরল দ্রুত হাসির শব্দ ওর কানে এল, বাতাসের দোলায় প্যাগোডার রুপোর ঘন্টাটি যেন বেজে উঠ্‌ল। টুকরো হাসির মত একটা স্বরও কানে এল ঃ 'নাক টিপলে এখনও দুধ বেরয় নাকি ! বয়স বেড়েছে বাতাসে ? সারারাত আমি তোমার সামনে এমনি ক'রে বসে থাকি আর তুমি বসে আমার রূপ গেল, ওতেই পেট ভরে !'

ওয়াং চম্‌কে উঠে নিজের দুইহাতের মধ্যে হাতখানাকে চেপে ধরে—অতি সাবধানে—ভয় হয় পাছে কোমল হাতখানা ভেঙ্গে যায়। শুষ্ক পাতার মতই ভঙ্গুর হাতখানা। শুষ্ক, উত্তপ্ত। ওয়াং-এর যেন চেতনা নেই। মিনতি ক'রে বলে আত্মহারার মত ঃ 'আমি সত্যি কিছু জানি না, আমায় শিখিয়ে পড়িয়ে নাও।'

তাই নেবে কমলি, ওয়াংকে শিখিয়েই নেবে।

[উনিশ]

ওয়াং-এর সমস্ত অস্তিত্ব একটা অসহ্য পীড়ায় পীড়িত হতে থাকে। ঝল্‌সান রোদে ও হাড়ভাঙ্গা খাটুনি খেটেছে ; মরুভূমির-তুহিন-শীতল-হাওয়া ওর দেহের ওপর দিয়ে বয়ে গেছে, দুর্ভিক্ষের দিনে অনাহার ও সয়েছে, ফলহীন শ্রমের নৈরাশ্য বুকে বয়ে দক্ষিণ দেশের পথে পথে ঘুরেছে, কিন্তু এই এতটুকু হাতখানার যে যাতনা এতো ওর অভিজ্ঞতায় ছিল না।

প্রতিদিন ওয়াং রেস্তরাঁয় যায়, যতক্ষণ না কমলের সময় হয় প্রতীক্ষা করে, তারপর কমলের ঘরে যায়—প্রতিদিন যায়। তবু প্রতিদিন ও সেই গ্রামের ওয়াং, সেই কিছু-

না-জানা, দ্বারের কাছে এসে সেই কেঁপে ওঠা, বিছানার এক প্রান্তে তেমনি পাষাণ মূর্তির মত বসে থাকা, কমলের হাসির সঙ্কেতের জন্য সেই প্রতীক্ষা এবং আদিম ক্ষুধায় জর্জর হ'য়ে আজ্ঞাকারী ভৃত্যের মত এই নারীর ইঙ্গিতে ইঙ্গিতে চলা—। কমল যেন ধীরে ধীরে একটি একটি ক'রে আপনার দল মেলে দেয়; তারপর আসে চরম মুহূর্ত—ফোটা ফুলের বৃন্তের বন্ধন ঘুচিয়ে মানুষের হাতে ধরা দেবার মুহূর্ত—। ওয়াং-এর আলিঙ্গনে আপনাকে নিঃশেষ ক'রে দেবার জন্য কমল উন্মুখ হ'য়ে ওঠে।

কিন্তু পারে না—ওয়াং কিছুতেই পারে না। পরিপূর্ণভাবে কমলকে পেয়েও যেন সবটা পায় না—কোথায় যেন ফাঁক থেকে যায়। কমল সম্পূর্ণভাবে নিজেকে ওয়াং-এর হাতে ছেড়ে দেয়—তাও ওয়াং পারে না। ওয়াং-এর ক্ষুধা মেটে না—একটা অতৃপ্ত কামনার তীব্র দাহ ওর দেহে চিত্তে বাসা বেঁধে থাকে। ওলান্ যখন ওর ঘরে এসেছিল তখন ওয়াং-এর রক্তে ছিল পরিপূর্ণ স্বাস্থ্য। পশুর মত প্রচন্ড দৈহিক ক্ষুধায় ও ওলান্‌কে কামনা করত। ক্ষুধা মিটে গেলে ওকে সম্পূর্ণভাবে ভুলে গিয়ে ভরা মনে কাজ করত। কিন্তু এই মেয়েটিকে ভালোবেসে কোথায় সেই তৃপ্তি, কোথায় সে স্বাস্থ্য! রাতে প্রয়োজন ফুরিয়ে গেলে কমলের সেই কোমল ছোট হাত দুখানিতে কোথা থেকে যেন হঠাৎ শক্তি আসে, শক্ত হ'য়ে ওর কাঁধের ওপর চেপে বসে ওকে বাইরের পথ দেখিয়ে দেয়। ওয়াং তাড়াতাড়ি ওর জামার মধ্যে টাকা গুঁজে দিয়ে বেরিয়ে আসে। যে-ক্ষুধা বয়ে এসেছিল সে-ক্ষুধা বয়েই ফিরে যায়। ওয়াং রোজ যায়, অবাধ স্বাধীনতায় কমলকে হাতে পায়, কিন্তু অতৃপ্তি নিয়ে ফিরে আসে। এমনিই রোজ ঘটে। এ যেন পিপাসায় ওষ্ঠাগত-প্রাণ হ'য়ে আঁজলা ভরে সাগরের নোনা জল খাওয়া। সাগরের জল জল হ'লেও তৃষ্ণা মেটে না, বেড়ে যায়, রক্ত পর্যন্ত যেন শুকিয়ে যায়—পিপাসা কেবলি বাড়ে, অবশেষে ঐ নোনাজলই প্রাণঘাতী হয়।

সারাটা গ্রীষ্ম এমনি ক'রেই কাটল। ওয়াং এই মেয়েটির সম্বন্ধে কিছুই জানতে পারল না। যখন কমলের কাছে থাকে ও বড় একটা কথা কয় না। কমলের মুখে হাসি কথার অনর্গল স্রোত বয়ে যায়, ওয়াং-এর কানে যেন কিছুই যায় না। ও কেবল তাকিয়ে তাকিয়ে দেখে কমলের মুখ, ওর হাত, ওর দেহের অজস্র ভঙ্গিমা, ওর আয়ত চোখদুটির মাধুরীর অর্থ খোঁজে। দেখে, আর প্রতীক্ষা করে। কমলকে পেয়েও ওর যেন আর পাওয়ার শেষ হয় না—পাওয়ার পেয়ালা কিছুতেই ভরে ওঠে না। অতৃপ্ত দেহ মনের বোঝা বয়ে মুহ্যমানের মত রাতের শেষে বাড়ী ফেরে।

দিনগুলি যেন আর ফুরোতে চায় না। নিজের বিছানায় ওয়াং আর কিছুতে শুতে পারে না। গরমের ভান ক'রে বাইরে বাঁশঝাড়ের তলায় মাদুর বিছিয়ে বিকার গ্রস্তের মত খানিকটা ঘুমায়। তারপর ঘুম ভেঙ্গে যায়, শুয়ে শুয়ে বাঁশপাতার তীক্ষ্নাগ্র-ছায়ার দিকে তাকিয়ে থাকে। কি যে তীব্র বেদনার সুখে ওর অন্তর বিধুর হ'য়ে ওঠে ওয়াং প্রকাশ ক'রতে পারে না।

কেউ কথা বলতে এলেই ওয়াং রেগে ওঠে—সে স্ত্রী হোক, ছেলেরাই হোক্। চিং

এসে বলে ঃ 'ভাই, জল তো শ্‌কিয়ে এল, এবার চাষের ব্যবস্থা করতে হয়।'

ক্ষিপ্তের মত ও চীৎকার ক'রে ওঠে ঃ 'যাও, যাও, আমায় জ্বালিও না।'

ওয়াং আর পারে না। অহোরাত্র এ কি দাহ! ব্‌কটা যেন ফেটে যায়, ভেঙ্গে চুর্‌ চুর্‌ হ'য়ে যায়। কেন, কেন কমল ওর ক্ষ্‌ধা মেটাতে পারে না।

দিনের পর দিন চলে যায়। দিন গিয়ে সন্ধ্যা আসবে, এই আশায়ই যেন ওয়াং সারাটা দিন কোনো মতে বেঁচে থাকে। ওলান্‌-এর, ছেলেদের ম্‌খ গম্ভীর; ওয়াং কারো দিকে চায় না। ওকে দেখলেই ছেলেদের খেলা থেমে যায়। ব্‌ড়ো বাপ মাঝে মাঝে ম্‌খ বাড়িয়ে জিজ্ঞাসা করে ঃ 'কি হলো রে তোর? মেজাজটা অমন খিটখিটে হয়েছে কেন? চেহারাটাই বা তোর অমন পাঁশ্‌টে হচ্ছে কেন রে?' ওয়াং কোনো জবাব দেয় না, ফিরেও চায় না।

দিন যায়, রাত হয়; ওয়াং কমলের হাতে গিয়ে পড়ে। একদিন কমল ওর বেণীটি দেখে হেসে বলল ঃ 'আমাদের এদিককার লোক অমন বানরের ল্যাজ মাথায় রাখে না।'

প্রতিদিন অনেকক্ষণ ধরে, অনেক যত্নে ওই বেণীটির প্রসাধন করেছে ওয়াং; বহ্‌ বিদ্রূপ, বহ্‌ সমালোচনায়ও ও বেণীতে কিছ্‌তেই হাত দেয় নি। সেদিন নির্বিবাদে গিয়ে অত সাধের বেণীটিকে বিসর্জন দিয়ে এল। ওলান্‌ দেখে ভয়ে চীৎকার ক'রে উঠল ঃ 'সর্বনাশ, করলে কি?' ও যে ভারী অমঙ্গল।'

ওয়াং গর্জন ক'রে ওঠে ঃ 'তুমি কি জান? শহরে সবাই ছোট ক'রে চুল ছাঁটে। আমি তোমাদের জন্য সারাজীবন গেঁয়ো ভ্‌ত হয়ে থাকব নাকি?' কিন্তু বেণীটি কাটার জন্য কেমন যেন একটা ভয়ও থেকে যায়। আবার এদিকে কমল বলেছে—অন্যথা চলে না। কমলের হ্‌কুমে,—হ্‌কুমে কেন, সামান্য একটু ইচ্ছার ইঙ্গিতে প্রাণ দেওয়াও ওয়াং-এর পক্ষে এমন বেশী কিছ্‌ নয়। কারণ, স্‌ন্দরী কমল ওর কামনা-সায়র, তাতে ও ডুব দিয়েছে।

সাধারণতঃ ওয়াং বড় একটা নায় না। খেটেছে, দর্‌দর্‌ ধারে ঘাম ঝরেছে এবং তাতেই ওর পিঙ্গলবর্ণ স্‌গঠিত দেহটা ধৌত স্নাত হয়েছে। জলের আর প্রয়োজন হয় নি। এখন রোজ স্নান করে, দেহটা নিরীক্ষণ ক'রে ক'রে দেখে আর সকলের মত হল কি না। ওলান্‌ চিন্তিত হ'য়ে ওঠে। একদিন বলে ফেলে ঃ 'রোজ-রোজ এমন ক'রে নাইলে মরবে যে গো।'

তারপর দোকান থেকে লাল রং-এর কি একটা বিদেশী পদার্থ, সাবান না কি বলে, ওয়াং একদিন তাই কিনে এনে গায়ে বেশ ক'রে ঘসে ঘসে স্নান করে। কিছ্‌তেই রস্‌ন ছোঁয় না, পাছে কমলের নাকে গন্ধ যায়। অথচ দ্‌'দিন আগেও রস্‌ন কি ভালোই না বাসত।

ব্যাপার কি কেউ ব্‌ঝতে পারে না।

এতদিন ওলান্‌-এর হাতের তৈরী ঢোলা ঢালা—মজব্‌ৎ করার জন্য যেখানে সেখানে সেলাই করা জামাই ওয়াং সন্তুষ্ট চিত্তে পরে এসেছে। এখন ও-সেলাই, কাট-ছাঁট আর পছন্দ হয় না। পোষাকের জন্য ধ্‌সর রং-এর সিল্ক আর কালো

সাটীন আসে। শহরের দরজীরা কেমন গায়ের ঠিক মাপে মাপে সুন্দর জামা তৈরী করে, একটুও ঢিলে হয় না। শহুরে দরজী দিয়ে ওয়াং তার পোষাক ক'রে নিল—সিল্কটা দিয়ে আচ্‌কান, আরো কালো সাটীন দিয়ে আস্তিন-হীন একটা কোট, আচকানের ওপরে পরার জন্য। বুড়ো জমিদারের মত কালো ভেলভেটের একজোড়া জুতোও কিনে নিল। হাঁটলে গোড়ালীর দিকটায় বেশ শব্দ হয়।

কিন্তু ওলান্ আর ছেলেপুলের সামনে এসব কাপড় ওর পরতে লজ্জা করে। ব্রাউন কাগজে মুড়ে ও রেস্তরাঁতেই একজন কর্মচারীর কাছে রেখে আসে, কর্মচারীটির সঙ্গে ওর একটু ঘনিষ্ঠতা হ'য়েছে। সে ওয়াংকে কাপড় ছাড়ার জন্য একটা জায়গার ব্যবস্থা ক'রে দিয়েছে। অবশ্যি ওয়াং-এর কিছু দিতে হয় লোকটাকে এজন্য। এছাড়া সোনার গিল্‌টি করা একটা রুপোর আংটিও কিনে পরল। আস্ত একটা ডলার দিয়ে একশিশি সুগন্ধী বিদেশী মাথার তেলও কিনে নিল।

ওলান্ অবাক্ হ'য়ে ওয়াং-এর দিকে তাকিয়ে থাকে, কিছু যেন বুঝতে পারে না। একদিন দুপুর বেলা খাবার সময় ওলান্ অনেকক্ষণ ওর দিকে তাকিয়ে থেকে বলল: 'তোমায় দেখে জমিদার বাড়ীর সোমত্ত বয়সের বাবুদের কথা মনে পড়ছে আমার।'

ওয়াং হো হো ক'রে হেসে জবাব দিল: 'ঠাকুরের কৃপায় একটু কপাল ফিরেছে। তুমি কি বল, এখনও সেই চাষাই থাকি!'

মনে মনে খুব খুশি হয় ওয়াং, এবং বহুদিন পরে ওলান্-এর ওপর আজ একটু সদয় হ'য়ে ওঠে।

ওয়াং-এর হাতের ফাঁক দিয়ে জলের মত অর্থ বেরিয়ে যেতে লাগল—সাধু-শ্রম দিয়ে যে-অর্থ অর্জন করেছিল সেই অর্থ। ঘন্টা হিসেবে কমলের ভাড়া রয়েছে, তা ছাড়া ওর অজস্র আব্দার রয়েছে। কি সুন্দর ক'রে মিষ্টি ক'রে আব্দার করে কমল! এমনভাবে দীর্ঘ নিশ্বাস ফেলে, মনে হয়, ওর ইচ্ছা পূরণ না হ'লে ওর বুক বুঝি ভেঙ্গে যাবে।

ওয়াং আগে কমলের সামনে কথা কইতে পারত না। এখন শিখেছে। কমল যখন দীর্ঘশ্বাস ফেলে, হা-হুতাশ করে, ওয়াং ওর কানে কানে বলে: 'কি হয়েছে মণি?'

কমল বলে: 'যাও যাও সরে যাও আমার চোখের সামনে থেকে। ঐ ওঘরের কেষ্টমণির মানুষ, কেমন ওকে সোনার চুলের কাঁটা দিয়েছে। আমার পোড়া কপালে সেই আদ্দিকালের রুপোরটাই। এটার ক্ষয়ও নেই, লয়ও নেই।'

ওয়াং-এর মনটা বড় খারাপ হয়ে যায়। কমলের কানের পাশ থেকে ঘন কালো মোলায়েম কোঁকড়া চুলের গুচ্ছটি সরিয়ে দেয়—ওর কান দুটি দেখতে ওয়াং-এর বড় ভালো লাগে। কানে কানে বলে: 'ওঃ এই কথা। সোনার কাঁটা? তার জন্য ভাবনা কি মণি? আজই নিয়ে আসছি দেখ।'

ছোট শিশুকে যেমন ক'রে মানুষ প্রথম ভাষা শেখায়, তেমনি করেই কমল ওয়াংকে প্রেমের ভাষা শিখিয়েছে—ওয়াং ওর কানে কানে কইবে। ওয়াং বলতে যায়—মুখে

বেধে যায়। এতটি কাল চাষী ওয়াং হাল-বলদ রোদজল আর মাটি-ফসলের কথাই বলে এসেছে। নূতন শেখা নূতন ভাষা তেমন ক'রে এখনও মুখে আসে না। তবু বলে—কিন্তু সবটা বলা হয় না।

প্রাচীরের গায়ে গর্ত ক'রে টাকা রেখেছিল—গর্ত শূন্য হ'ল; বস্তায় ভরে মেজের নীচে রেখেছিল—বস্তা শূন্য হ'ল। আগের দিন হ'লে ওলান্ বিনা দ্বিধায় ধমকে উঠত: 'ও টাকা নিচ্ছ কেন?' এখন কিছু বলে না। ক্লিষ্ট পীড়িত হৃদয়ে নীরবে কেবল তাকিয়ে তাকিয়ে দেখে—বোঝে, ওয়াং-এর জীবনের স্রোত মোড় ঘুরেছে—এবং বহু দূরে পড়ে রয়েছে ওলান্—বহুদূরে রইল ওর মাটি। কিন্তু ঠিক বোঝে না স্রোতের গতি কোথায় গিয়ে পড়েছে। ওলান্ আজকাল স্বামীকে ভয় করে—যেদিন থেকে ওর কুরূপতা তার চোখে ধরা প'ড়েছে সেদিন থেকে বড় ভয় করে। কিছু জিজ্ঞাসা ক'রতে সাহস হয় না। সারাক্ষণই ওয়াং যেন ওর ওপর রেগে থাকে।

সেদিন ওলান্ পুকুরঘাটে কাপড় কাচ্ছিল। ওয়াং মেঠোপথ ধরে ঘরে ফিরছিল। ওলান্‌কে দেখে কাছে এসে খানিকক্ষণ চুপ ক'রে দাঁড়িয়ে থেকে রুক্ষভাবে বলল: 'মুক্তোদুটো কোথায়?' ওর মনে মনে ভয়ানক লজ্জা হচ্ছিল এবং সেই লজ্জা ঢাকার প্রয়াসেই স্বর অত কঠিন হ'য়ে উঠল।

ওলান্ কাপড় কাচা থামিয়ে ভীরু দৃষ্টি তুলে একবার তাকিয়ে উত্তর দিল: 'আছে। কেন?'

ওয়াং ওলান্-এর দিকে তাকাতে পারে না। ওর শিরা-সংকুল ভেজা হাতের দিকে চোখ রেখে বলে: 'মিছেমিছি অমনি ও দুটো ফেলে রেখে লাভ কি হচ্ছে?' অতি ধীরে ওলান্ বলে: 'ভেবেছিলাম এক জোড়া দুল করব।' ওয়াং পাছে হাসে সেই ভয়ে তক্ষুণি আবার বলে: 'ছোট খুকীকে বিয়ের সময় দেব ভেবেছিলাম।'

ওয়াং কঠিন হ'য়ে ওঠে। কঠিন কণ্ঠে বলে: 'ও, যা না মেটে রং-এর ছিরি! তায় মুক্তোর দুল! রূপ খুলবে! মুক্তো ঐ চেহারায় পরে না। মুক্তো পরবে যাদের চেহারা আছে তারা।'

বলে কয়েকমিনিট চুপ ক'রে থেকে চীৎকার করে ওঠে: 'দাও শিগ্‌গির বের ক'রে দাও, আমার দরকার আছে।'

অতি ধীরে ভেজা কুরূপ হাতখানা দিয়ে জামার ভেতর থেকে ছোট একটা পুঁটুলি বের ক'রে ওয়াং-এর হাতে তুলে দিল ওলান্।

ওয়াং পুঁটলীটা খোলে—ওলান্ একদৃষ্টে তাকিয়ে থাকে। ওয়াং-এর হাতের মধ্যে মুক্তোদুটো সূর্যের আলো নিবিড়ভাবে অঙ্গে জড়িয়ে নেয়। ওয়াং হেসে ওঠে।

ওলান্ আবার কাপড় কাচা আরম্ভ করে। অশ্রুর ধারা ধীরে ধীরে ওর গাল বেয়ে ঝরে পড়ে। ওলান মোছে না—পাথরের ওপরে ছড়ান ভেজা কাপড়গুলো কাঠের মুগুর দিয়ে আরো স্থির ভঙ্গিতে পিটিয়ে চলে।

[কুড়ি]

ওয়াং যে পথে চলেছিল—দেউলে না হওয়া পর্যন্ত হয়ত' থামত না। কিন্তু বাধা পড়ল। বলা নেই, কওয়া নেই এতদিন কোথায় ছিল, কোত্থেকে এল, কোনো খবর নেই—হঠাৎ ওর কাকা এসে উপস্থিত। সেই আগের মতই শতছিন্ন বোতামহীন জামা-কাপড় কোনোমতে গায় জড়িয়ে এসে দরজায় দাঁড়াল—যেন আকাশ থেকে টপকে পড়ল। চেহারায় তেমন কোনো পরিবর্তন হয়নি, কেবল খানিকটা রোদ, জল আর বয়সের ছাপ পড়েছে। সবাই প্রাতরাশ খেতে বসেছিল। লোকটা এসে সকলের দিকে তাকিয়ে দাঁত বের ক'রে এক গাল হাসল। ওয়াং বিস্ময়ে হতবাক্ হ'য়ে ফ্যাল ফ্যাল ক'রে তাকিয়ে রইল। ও ভুলেই গিয়েছিল যে ওর কাকা বেঁচে আছে। ওর মনে হ'ল এ কাকা নয়, কাকার প্রেত—প্রেতপুরী থেকে ফিরে এসেছে। ওয়াং-এর বাবা চোখ কচ্‌লে মিটমিট ক'রে অনেকক্ষণ তাকিয়ে তাকিয়েও চিনতে পারল না। কাকা নিজ থেকেই সবাইকে ডেকে বলল: 'কিগো দাদা, ওয়াং, বৌমা নাতিনাতনীরা সব কেমন আছো ?'

ওয়াং এবারে উঠল—ওর মনটা একেবারে মুষড়ে গেছে। তবুও মুখে হাসি টেনে, স্বর মোলায়েম ক'রে বলল: 'তুমি খেয়েছ কাকা ?'

'না, তোদের সঙ্গেই খাবখ'ন।' বলে বাটি, কাঠি আর খাবার টেনে নিয়ে একটা চেয়ারে বসে পড়ল এবং কারো অনুরোধের অপেক্ষা না রেখেই ভাত, নোনা-মাছ, গাজরের আচার যা কিছু ছিল টেনে টুনে নিয়ে গো-গ্রাসে গিলতে আরম্ভ করল যেন বহুকালের উপোসী। তিন বাটি ভাতের মন্ড খেল, মাছের কাঁটা কড়মড় ক'রে চিবুল, বীন্ খেল একরাশ। সব চুপচাপ। কেউ একটাও কথা বলেনি এতক্ষণ। খাওয়া শেষ ক'রে দাবীর সুরে কাকা বলল: 'তিন তিনটে রাত্তির ঘুমুইনি। এখন একটু ঘুমুব।'

হতবুদ্ধি ওয়াং লাং কি যে ক'রবে ঠিক না পেয়ে কাকাকে বাবার বিছানায়ই নিয়ে গেল। লোকটা লেপ তুলে দেখল ধবধবে চাদর, নরম পুরু তোষকের বিছানা। চারদিক নিরীক্ষণ ক'রে ক'রে দেখল—চমৎকার খাটখানা, নতুন একটা টেবিল পাশে, মস্ত একটা সুন্দর কাঠের চেয়ার তার সামনে। এই সেদিন ওয়াং ওটা বাবার জন্য কিনে এনেছে। সব দেখে শুনে বলে: 'তা শুনেছিলাম বটে, তোর অবস্থা ফিরেছে —কিন্তু এত বড়লোক হয়েছিস ভাবিনি।'

তারপর ভয়ানক গরম সত্ত্বেও লেপ টেনে আপাদ-মস্তক মুড়ি দিয়ে শুয়ে পড়ল—যেন সব কিছু তারই এবং মুহূর্তেই ঘুমিয়ে পড়ল।

ওয়াং বিহ্বলের মত মাঝের ঘরে ফিরে আসে। ও বেশ বুঝতে পেরেছে কাকা এবার সহজে নড়ছে না, কারণ এবার তো আর দারিদ্র্যের অজুহাত চলবে না। খুড়ী

আর তার পুত্রটিও তাহলে এল বলে। খুড়ীর কথা মনে আনতেও ওয়াং-এর ভয় করে।

মিছে ভয় করেনি। কারণ সারাটা দিন ঘুমিয়ে সন্ধে নাগাদ কাকা উঠল। সশব্দে তিনটে হাই তুলে কাপড় সামলাতে সামলাতে বাইরে এসে বসল: 'যাই ওদের সব নিয়ে আসিগে। তিনটে মাত্র মানুষ আমরা। তোর এত বড় বাড়ী আর এত লোকজনের মধ্যে আমরা যে আছি টেরই পাবি না।'

ওয়াং আর কি করবে? কেবল একটা নিষ্ফল ক্রুদ্ধ দৃষ্টি লোকটার দিকে ছুঁড়ে মারে। স্বচ্ছল সংসার, তায় একেবারে আপন কাকা। তাড়ানো তো এমনিতেই চলে না। তারপর গাঁয়ে ওয়াং-এর বেশ সম্মান—অমন একটা কাজ ক'রে বসলে কি আর মাথা তোলার জো থাকবে? কাজেই মুখ বুঁজে থাকতে হয়। কিষাণদের পুরানো বাড়ীতে পাঠিয়ে দিয়ে, সদর দরজার পাশের ঘর দুটো খালি ক'রে দিল। সন্ধ্যে বেলা কাকা তার বৌ ছেলে নিয়ে এসে ঐখানে বাসা বাঁধল।

ওয়াং ভেতরে ভেতরে জ্বলে মরে। বেশী রাগ হয় এজন্য, যে সব কিছু নিঃশব্দে হজম ক'রে এদের সাথে হেসে কথা কইতে হয়, মিষ্টি কথায় আপ্যায়নও ক'রতে হয়। খুড়ীর চ্যাপ্টা, তেল চুকচুকে মস্ত বড় মুখটার দিকে চাইলেই ওর রক্ত টগ্‌বগ্‌ ক'রে ফুটতে থাকে। আর কাকার ধুরন্ধর ছেলেটার গুন্ডা মার্কা চেহারাটা দেখলে গোটাকয়েক চড় কষিয়ে দেবার জন্য ওর হাত নিস্‌পিস্‌ করে। রাগে তিনদিন ও শহরেই গেল না।

তারপর ধীরে ধীরে সব সয়ে এল। ওলান্‌ও এসে বোঝায়: 'রাগ ক'রে লাভ কি বল! সইতেই তো হবেই। না সয়ে আর উপায় কি?' ওয়াংও ভেবে দেখল যে এবার নিজেদের স্বার্থেই কাকা এবং তস্য পরিবার একটু সামলে চলবে। সুতরাং তেমন ভয়ের কিছু নেই।

ওয়াং একটু আশ্বস্ত হয় এবং আবার কমলের জন্য প্রবলভাবে উচাটন হয়ে ওঠে ওর মন। নিজের মনে মনে যুক্তি দেখায় ওয়াং; 'বাড়ীতে যত সব বুনো কুকুরের মেলা। মানুষের একটা দম ফেলার জায়গা চাইতো!'

আগেরই মতই তীব্র কামনার আগুন—অতৃপ্ত কামনায় জর্জরিত হওয়া।

ওলান্‌-এর সরলতা, তার শ্বশুরের বার্ধক্য আর চিং-এর বন্ধু-প্রীতি যা দেখতে পায় নি, মুহূর্তেই ওয়াং-এর খুড়ীর চোখে তা ধরা পড়ে গেল। বাঁকা চোখে বাঁকা হাসি মেখে সেদিন সে বলেই ফেলল: 'বাপধন যে আবার অন্য ফুলের মধু খেতে সুরু করেছে।'

ওলান্‌ বোঝে না, নম্র দৃষ্টি তুলে খুড়ীর দিকে তাকায়। খুড়ী হেসে আবার বলে: 'আচ্ছা মেয়ে তো! তরমুজটা কেটে একেবারে দু'ফাঁক ক'রে তবে তোকে দানা দেখাতে হবে? তা'হলে একেবারে সাদা কথায়ই শোন্‌···তোর কর্তাটি আর এক মাগী নিয়ে মেতেছে—বুঝেছিস্‌?'

ভোর হয়েছে সবে—ওয়াং ক্লান্ত দেহ মন নিয়ে ঘরে শুয়েছিল। একটু তন্দ্রাও এসেছিল। খুড়ীর কণ্ঠে ওর তন্দ্রা ভেঙ্গে গেল। উঠানে দাঁড়িয়েই কথা হচ্ছিল।

ওয়াং শুয়ে শুয়ে সব শুনতে পেল। অবাক হ'য়ে গেল—কি তীক্ষ্ণ চোখ ঐ স্ত্রী-লোকটির! আরো কান পেতে শুনতে লাগল ওয়াং। যেন হাঁড়ি থেকে তেল ঢালা হ'চ্ছে এমনিভাবে মোটা গলা থেকে মোটা স্বরের কথাগুলি অনর্গল বেরিয়ে আসতে লাগল: 'অনেক দেখেছি লো, অনেক দেখেছি। দেখতে দেখতে বুড়ো হ'লাম। ব্যাটাছেলের অমন টেরী বাগানো অমন ফুলবাবুটি হ'য়ে সাজা! পেছনে মেয়ে-মানুষ না থেকে যায়!'

বুকভাঙ্গা একটা চাপা আর্তনাদ ওলান্-এর মুখ থেকে বেরিয়ে আসে। ওয়াং বুঝতে পারল না কথাগুলো। কিন্তু শুনতে পেল খুড়ী আবার বলছে: 'মরদগুলোর কি খালি মাগ নিয়ে সাধ মেটে লো! বোকা মেয়ে! তারপর সংসারে খেটে খেটে যে মাগের গতর প'ড়ে গেছে—তার দিকে তো ওরা ফিরেও দেখে না। আন্‌চান্ ক'রে এদিক ওদিক যায়—মেয়েমানুষ জুটিয়ে নেয়। আবাগী তোর কি রূপ আছে যে মরদকে ঘরে বেঁধে রাখবি? তুই তো ওর হালের বলদ, ওর গেরস্তালীর হাল ঠেলবি খালি। তা এখন বাছার হাতে যা হোক দু' পয়সা আসছে, যোয়ান মরদ—ও যদি আর একটাকে ঘরে আনেই তার জন্য তুই হেদিয়ে মরবি কেন? ও সব মিন্‌সেরাই করে। আমার মিন্‌সেই কি কম যায়! শুধু ট্যাঁকটি ফাঁকা নইলে—হুঃ—পিণ্ডিই জোটে না আবার মেয়েমানুষ।'

আরো অনেক কিছু বলল খুড়ী, কিন্তু ওয়াং-এর কানে আর কিছু গেল না। ওর মনের গতি যেন হঠাৎ থেমে গেছে। হঠাৎ যেন ওর সামনে একটা পথ খুলে গেল। কমলের জন্য এই যে অসহ্য যাতনা, এই অতৃপ্ত ক্ষুধা, এই যে রক্তশোষী পিপাসা—ও অহর্নিশ বহন ক'রে বেড়াচ্ছে এ মেটাবার সহজ পথ তো ওর সামনেই রয়েছে! টাকা ফেলে দিয়ে কমলকে বাড়ী নিয়ে আসবে একেবারে—একেবারে নিজস্ব ক'রে। অন্য পুরুষ আর ভাগীদার হতে আসবে না। ও আপন ইচ্ছামত ওকে খাওয়াবে, পরাবে, যত্ন করবে। তবে তো ওর মন ভরবে! তক্ষুণি উঠে পড়ে বাইরে গিয়ে খুড়ীকে ইশারায় ডাকল। খুড়ী এলে তাকে সঙ্গে ক'রে চুপি চুপি একেবারে বাড়ীর বাইরে খেজুর গাছটার তলায় এল যেখানে বেশ নিরিবিলিতে কথা কওয়া চলে।

ওয়াং বলল: উঠোনে দাঁড়িয়ে কি বলছিলে সব শুনেছি। ঠিক কথাই বলেছ। আচ্ছা তুমিই বলো, ওকে নিয়ে চলে কখনও? আর মাটির দৌলতে আমার তো আর পয়সার অভাব নেই—আমি এমনি থাকবই বা কেন বলতো?

ব্যস্ত ভাবে ওর মুখের কথা লুফে নিয়ে খুড়ী বলে: 'সত্যি তো বাছা। যাদের গাঁটে পয়সা আছে সবাই করে অমন। গরীবেরই খালি চিরকাল এক ঘটিতে জল খেতে হয়।' এর পর যে ওয়াং কি বলবে স্ত্রীলোকটি বেশ ভালো করেই জানে। ওয়াং বললে: কিন্তু আমার হয়ে কেই বা গিয়ে কথা বার্তা বলে। একটা পুরুষ মানুষ তো কিছু আর হুট্ ক'রে একজন মেয়েমানুষকে বলে বসতে পারে না—ওগো চলো আমার বাড়ী।

ক্ষিপ্রতার সঙ্গে খুড়ী জবাব দেয়: 'ভেবো না বাছা। আমার হাতে ছেড়ে দাও সব। কেবল বাতলে দাও কোনটি। বাস?

ভীরু দ্বিধায় কমলের নামটি উচ্চারণ করল ওয়াং—সহজ ভাবে পারল না। কারণ আজ পর্যন্ত ও-নাম ও কারো সামনে উচ্চারণ করেনি। ওর মনে হয় কমল বিশ্বেবিশ্রুতা নাম ছাড়া অন্য পরিচয় ওর ক্ষেত্রে বাহুল্য। ও ভুলে গেছে যে একটা মাস আগে, কমল বলে একটি প্রাণী যে সংসারে আছে তা ও নিজেই জানত না। সুতরাং খুড়ী যখন জিজ্ঞাসা করল মেয়েটি থাকে কোথায়—ও ধৈর্য হারিয়ে ফেলল। একটু উষ্ণ ভাবেই জবাব দিল ঃ

'কোথায় আবার। বড় রাস্তার ধারের রেস্তরাঁয়।'

'ওঃ পুষ্প-কাননে? তাই বল।'

'হ্যাঁ হ্যাঁ ঐ তো—আবার কোথায়?'

খানিক চিন্তা ক'রে, নীচের ঠোঁটটি বাঁকিয়ে খুড়ী বলে ঃ 'ওখানে কাউকে তো চিনি না। খোঁজ করতে হবে। আচ্ছা মেয়েটার মালিক কে?'

ওয়াং কোকিলার পরিচয় দেয়। কাকী হেসে বলে ঃ 'তাই বলো না কেন। জমিদার বুড়ো ও-মাগীর বিছানায় শুয়েই তো পটল তুলল; তার পর থেকে এই করছে বুঝি? এ ছাড়া আর করবেই বা কি?'

বলে আবার হিঃ হিঃ করে হেসে যেন গড়িয়ে পড়ল। তারপর বেশ সহজ হ'য়ে বলে ঃ 'ও—কোকিলা! তাহলে তো ভাবনাই নেই। কাজ হয়েই গেছে মনে কর। কোকিলাকে যা বলব সব করবে। টাকা পেলে ও মাগী পাহাড়ও তুলে আনতে পারে।'

ওয়াং-এর গলা যেন শুকিয়ে আসে। স্বর বেরুতে চায় না। প্রায় ফিস্ ফিস্ ক'রে বলে ঃ 'টাকা! যত চাও দেব। জমা জমি সব কবুল।'

কমলের জন্য ওয়াং-এর যে আবেগ তা এখন বিচিত্র রূপ নিল ও বিচিত্র ধারায় বইতে লাগল। সব ব্যবস্থা শেষ হবার আগে ও আর রেস্তরাঁতে গেল না। মনে মনে বলল যদি কমল এখানে আসতে রাজী না হয় তবে ও আর কোনদিন ওমুখো হবে না। কিন্তু এই 'যদি'-টি মনে আসতেই ভয়ে ও যেন কাঠ হয়ে যায়। বার বার কাকীর কাছে দৌড়ে যায় আর বলে ঃ 'বুঝেছ খুড়ী, টাকার জন্য না আটকায় দেখো। কোকিলাকে বলো যেয়ে—যত চাই দেব। আর এও তাকে বলো যে আমার এখানে তাকে কুটোটি নাড়তে হবে না। সিল্ক মুড়ে রেখে দেব, আর হাঙ্গরের পাখনা* খাওয়াব।'

শুনতে শুনতে একদিন কাকীর আর ধৈর্য থাকে না। চোখ ঘুরিয়ে চীৎকার জুড়ে দেয় ঃ হয়েছে বাপু, খুব বেহায়াপনা হয়েছে। আমি কি কচি খুকী? না আমার এই হাতে খড়ি? শেখাতে এসো না বলছি। বহুদিন বলেছি—যা করার আমি করব। কথা কয়ো না একটি।'

কমলের থাকার ব্যবস্থা করা আর বসে বসে আঙ্গুল কামড়ান ছাড়া আর কোনো কাজ রইল না এখন ওয়াং-এর হাতে। ঝাড়া ধোয়া পোছা লেগে যায়। ওয়াং ওলানকে তাড়া দিয়ে নানা কাজ করায়। আসবাব পত্র এদিক থেকে ওদিকে যায়—

*ছোটজাতীয় এক রকম হাঙ্গরের পাখনা—চীনাদের উপাদেয় খাদ্য।—অনুবাদিকা।

একটা হুলস্থুল পড়ে যায়। ওয়াং কিছু বলেনি, কিন্তু ওলান্-এর বুঝতে বাকী থাকে না। বেচারা ভয়ে কাঠ হয়ে যায়।

ওলান্-এর সঙ্গে আর ওয়াং কিছুতে এক শয্যায় শুতে পারে না। মনে মনে হিসেব করে ঃ বাড়ীতে এখন দু'জন মেয়েমানুষ—সুতরাং আরো ঘর চাই। একেবারে একটা আলাদা মহলই ভালো; তাহলে আর কোন হাঙ্গামা থাকে না—ও একেবারে সারা সংসার থেকে সরে গিয়ে একান্তে প্রেম-সাগরে ডুব দিতে পারবে। এই ভেবে একেবারে মজুর ডাকিয়ে মাঝের ঘরের পেছন দিকটায় আর একটা মহল তৈরীর কাজে লাগিয়ে দিল। একটা বড় ঘর হবে তার দু' দিকে দুটো ছোট—এই তিনটে ঘর। মজুররা অবাক হ'য়ে তাকিয়ে থাকে। কিছু জিজ্ঞাসা করারও সাহস হয় না। ওয়াংও কিছু বলে না কাজের তদারক ও নিজেই করে—কাজেই চিং-এর সঙ্গেও এ-বিষয়ে কোনো সম্বন্ধ নেই।

সব কটা ঘরের মেজেই পাকা হল। দরজায় লাল পরদা ঝুলল। একটা নূতন টেবিল আর দুটো কারুকার্য-করা চেয়ার এল। চেয়ার দুটো টেবিলের দুদিকে সাজিয়ে রাখা হল। পাহাড় ও নদীর দৃশ্য আঁকা দু'খানা ছবিও টেবিলের ওপর দিয়ে দেয়ালে ঝুলিয়ে দিল।

তারপর ঢাকনা দেওয়া গালার ডিস কিনে আনল ওয়াং। তাতে নানা রকম সুস্বাদু খাবার ভরে টেবিলের ওপর সাজিয়ে রাখল। পুরু গদীওয়ালা খাটটা একটু বড়ই হল। ফুলকাটা পরদা কিনল খাটের চারদিকে ঝোলাবার জন্য। ওলান্‌কে কিছু জিজ্ঞাসা ক'রতে ওর বড় লজ্জা করে। অথচ নিজে পুরুষ মানুষ, সব জানেও না, বোঝেও না। রোজ সন্ধ্যেবেলা খুড়ী আসে, পরদা-টরদা টাঙ্গিয়ে অন্যান্য কাজ কর্মও ক'রে দিয়ে যায়।

এদিকের সব কাজই শেষ হয়ে গেল। আর কিছু বাকী নেই ' অথচ পনেরটা দিন চলে গেল। ওদিকের কোনো ব্যবস্থাই হল না। ওয়াং নূতন মহলের আঙ্গিনায় একা ঘুরে বেড়ায়। ওর মনে হয়, উঠানটার মাঝখানে একটা পুকুর মত করলে যেন বেশ ভালো দেখায়। মজুর ডেকে দু'হাত লম্বা দু'হাত চওড়া একটা চৌবাচ্চা করিয়ে নিল তারপর শহরে গিয়ে পাঁচটা সোণালী মাছ কিনে এনে চৌবাচ্চায় ছেড়ে দিল। বাস্—এও হ'য়ে গেল। তারপর কোনো কাজের কথা মনে আসে না। এখন কেবল অধীর হ'য়ে প্রতীক্ষা করে।

এ কয়দিন কারো সঙ্গেই ওয়াং কোনো কথা বলেনি। কেবল মাঝে মাঝে ছেলেমেয়েদের নোংরা থাকার জন্য গাল দিয়েছে—আর ওলান কেন চুলে তেল দেয় না সে-কথা বলে ওর সাথে চ্যাঁচামেচি করেছে। অবশেষে একদিন ওলান্ কেঁদে ফেলল—ভয়ানক কাঁদল। এর আগে ওয়াং কখনও ওকে কাঁদতে দেখে নি! সেবার যখন দিনের পর দিন অনাহারে কেটেছে ওলান্-এর—তখনো না। কিন্তু ওয়াং আরো কঠিন হয়ে ওঠে ঃ 'ও সব আমি মোটে পছন্দ করি না। চুল তো না, ঘোড়ার ল্যাজ, তাতে আবার চিরুণী ছোঁয়াবার ফুরসৎ হয় না। বললেই যত হ্যাঙ্গাম!

ওলান্ ফুঁপিয়ে কেঁদে ওঠে। বার বার বলতে থাকে ঃ 'তোমার সন্তান যে পেটে ধরেছি। তোমার সন্তান…'

ওয়াং-এর_বাক্য রোধ হয়ে যায়। কি রকম অস্বস্তি বোধ হয়। ওলান্-এর সামনে দাঁড়িয়ে থাকতে ওর ভয়ানক লজ্জা করে। আস্তে আস্তে সেখান থেকে চলে যায়। ও ভেবে দেখে, আইনতঃ স্ত্রীর বিরুদ্ধে ওর কোনো নালিশ নেই, থাকতে পারে না। কারণ তিন তিনটি সুস্থ সবল পুত্রের জননী ওলান্। সুতরাং ওয়াং-এর তরফ থেকে বলার কিছুই নেই। কিন্তু চঞ্চল চিত্তকে যে কিছুতেই ঠেকাতে পারে না ওয়াং।

কয়েকদিন পরে খুড়ী এসে জানাল ঃ'নাও বাপু সব ঠিকঠাদ হ'য়ে গেছে। তবে রেস্তরাঁর মালিকদের পক্ষ হ'য়ে কোকিলাই ক'বছে কর্মাচ্ছে কিনা, তার হাতে গুণে একশটি ডলার তুলে দিতে হবে, নইলে মাছ ছাড়বে না। আর তোমার কমলের চাই এক জোড়া জেড্-এর দুল, সোনার আংটি, দু'প্রস্থ সাটিনের পোষাক—আর দু'প্রস্থ সিল্কের, জুতো একজোড়া। বিছানাটিও সিল্কের না হ'লে চলবে না।'

এ সব কিছুই ওয়াং-এর কানে যায়নি। ও খালি শুনেছে ঃ 'সব ব্যবস্থা হ'য়ে গেছে।'

'আচ্ছা আচ্ছা, তাই হবে, তাই হবে।' উত্তেজিত স্বরে ওয়াং বলে ওঠে, এবং তক্ষুণি বাড়ীর ভিতর গিয়ে কতকগুলো ডলার এনে খুড়ীর হাতে ঢেলে ছিল। অত্যন্ত গোপনেই দিল কারণ দিনে দিনে বছরে বছরে সঞ্চয় করা, মাটির দান এই অর্থ—তার অপঘাতের সাক্ষী কেউ হয় এ ইচ্ছা ওয়াং-এর ছিল না। খুড়ীকে হাত খরচের জন্য গোটাদশেক ডলার ও থেকে তুলে রাখতে বলল। স্থূল দেহটাকে খানিক মোচড় দিয়ে, ম্যথাটাকে একবার ডাইনে একবার বাঁয়ে হেলিয়ে চাপা স্বরে খুড়ী বলে ঃ ছিঃ ছিঃ কি যে বলিস্ বাছা ঠিক নেই। তুই আমার পেটের ছেলের মত। ছেলের জন্য মা করে কি পয়সার লোভে!'

কিন্তু ওয়াং-এর চোখ এড়ায় না—ওদিকে খুড়ীর হাত এগিয়ে এসেছে। সেই বাড়ানো হাতে ওয়াং ওর মহা-অর্থ, ওর মাটির দান অবলীলায় ঢেলে দিল। আজকের এ অর্থব্যয় যে অপব্যয় নয়, অত্যন্ত রকম সার্থক এবং সঙ্গত ব্যয় ওর এ বিশ্বাসে কোনো রকম দ্বিধার ফাঁক রইল না।

নিজে বাজারে গিয়ে শুয়র ও গরুর মাংস, ম্যান্ডেরিণ মাছ, বাদাম, বাঁশের কোঁড়, শুট্‌কি হাঙ্গরের পাখ্না এবং আরো যত রকম রসনার রসবস্তু পেল কিনে নিয়ে এল। তারপর অবকাশ—প্রতীক্ষা—।

ওয়াং বিক্ষুব্ধ, আলোড়িত। অদম্য অধীরতা—।

গ্রীষ্মান্তের উজ্জ্বল উত্তপ্ত দিন। দূর থেকে ওয়াং দেখতে পেল একখানা ঘেরা টোপে ঢাকা বাঁশের সীডান্ চেয়ার মাঠের বুকে সর্পিল সরু পথটি বেয়ে আসছে। পেছনে কোকিলা। ভেতরে কমল বসে। বাহকের দেহের দোলায় চেয়ারখানি দুলছে। ওয়াং-এর বুকটা কেমন একটা ভয়ে দুর দুর ক'রে উঠল ঃ 'এ কাকে নিয়ে এলাম আমি?' অভিভূতের মত ছুটে চলে গেল জীবনের এই সুদীর্ঘ বছরগুলি স্ত্রীর সাহচর্যে যে-ঘরে কেটেছে সেই ঘরে। খিল এঁটে দিল ওয়াং। সব যেন কেমন গোলমাল এলোমেলো হ'য়ে গেছে। অন্ধকারের মধ্যে চুপ ক'রে দাঁড়িয়ে রইল! শুনতে পেল, ওদিকে খুড়ী হাঁক ডাক লাগিয়েছে ওর জন্য।

ধীরে ধীরে ওয়াং বেরিয়ে আসে। একরাশ লজ্জা এসে ওকে ঘিরে ধরে। আজ এই যেন প্রথম দেখা—কমলকে যেন এর আগে কখনো ও দেখেনি। মাথা তুলতে পারে না—এদিক ওদিক চায়, কিন্তু সামনের দিকে চাইতে দৃষ্টি নেমে আসে।

কোকিলা কণ্ঠে খুশির ঢেউ তুলে ওয়াংকে অভ্যর্থনা করে : 'এসো, এসো! তারপর তোমার সঙ্গে যে আবার এমন কাজ কর্মের ব্যাপারও করতে হবে সে-দিন কে আর জানতো বল?'

চেয়ারটা বাহকেরা নামিয়ে রেখেছে। কোকিলা কাছে এসে পরদা তুলে কলকণ্ঠে বলল : 'এসগো পদ্ম ফুল, বেরিয়ে এসো। বাড়ী ঘর-দোর আর কর্তাটিকে বুঝে শুনে নাও।'

ওয়াং-এর চোখ পড়ে যায়, বাহকদের মুখে বিশ্রী হাসি। মনটা কেমন ক'রে ওঠে। কিন্তু মনকে বোঝাতে চেষ্টা করে—কোথাকার ছোট লোক সব, ওদের হাসিতে বড় এল আর গেল! আবার ভয়ানক রাগও হয় কেন ওর মুখ চোখ অমন লাল, অমন গরম হ'য়ে উঠল?'

পরদা তুলে ফেলতে নিজের অজ্ঞাত সারেই ওয়াং-এর চোখ পড়ে গেল চেয়ারটার নিভৃত ছায়ায়। ফোটা লিলি ফুলটির মতই কমলের সযত্ন প্রসাধিত সুন্দর মুখখানা। ওয়াং সব ভুলে গেল। ভুলে গেল একটু আগেই ও রেগেছিল; এই শহরে লোকগুলি যে একটু আগেই দাঁত বের ক'রে অমন ক'রে হেসেছিল তাও মনে রইল না। সব ভুলে গেল কেবল এটুকু অত্যন্ত স্পষ্ট হ'য়ে ওর মনে গেঁথে রইল যে এই মেয়েকে আজ ও রীতিমত মূল্য দিয়ে ঘরে এনেছে! এ ঘরেই সে চিরকালের মত বাঁধা থাকবে। ওর মূল্যের বিনিময়ে কমল আজ থেকে ওর নিজস্ব। ওয়াং প্রস্তর মূর্তির মত দাঁড়িয়ে থাকে—সমস্ত দেহ থর থর ক'রে কাঁপে। তাকিয়ে তাকিয়ে দেখে ওয়াং। কমল উঠে দাঁড়ায়, যেন একখানি হাল্কা হাওয়ার ঝলক ফুলের বুকে দোলা জাগিয়ে গেল। ওয়াং চোখ ফেরাতে পারে না। কোকিলার হাত ধরে কমল বেরিয়ে আসে মাথা নীচু ক'রে। তারই ওপর ভর দিয়ে ধীরে ধীরে টলে টলে এগিয়ে আসে। ওয়াং-এর পাশ কাটিয়ে চলে গেল, কিন্তু কমল ওর সাথে একটি কথাও কইল না—কেবল কোকিলাকে জিজ্ঞাসা করল ও থাকবে কোথায়। ছোট ছোট পা দুখানির 'পর ওর লঘু দেহখানি দোল খায় চলতে গিয়ে।

খুড়ী আর কোকিলায় মিলে ওকে নতুন মহলে নিয়ে এল। বাড়ীতে আর কেউ ছিল না। সুতরাং কমলের আগমন কারোও চোখেই পড়ল না। ওয়াং আগেই চিং ও অন্যান্য লোকজনদের অনেক দূরের একটা ক্ষেতে কাজ ক'রতে পাঠিয়ে দিয়েছিল। ওলান্‌ও ছোট ছেলে মেয়ে দুটিকে নিয়ে কোথায় যেন গেছে। বড় দুই ছেলে স্কুলে; বাবা দেওয়ালে হেলান দিয়ে ঝিমোয়, তা ছাড়া এমনিতেই সংসারের কিছুই তার চোখে পড়ে না, কানেও যায় না। হাবা মেয়েটা মা আর বাবাকে ছাড়া সংসারে কিছুই বোঝে না। কমল ভেতরে চলে গেলে কোকিলা পরদা টেনে দিল।

কিছুক্ষণ পরে ঠোঁটের কোণে বাঁকা হাসি মেখে, দুই হাত ঝাড়তে ঝাড়তে খুড়ী বাইরে এল, যেন হাতে কিছু লেগেছে। হাসতে হাসতে বলল : 'গায়ে যা ভুর্‌ভুরে

গন্ধ, ম্যাগোঃ !' তারপর একটু কথার ধারকে আর একটু বাঁকা, আর একটু তীক্ষ্ণ ক'রে বলে ঃ 'যতটা কচি দেখায়, তত কচি নয় বাছা। বয়সে ভাটা পড়ে এসেছে, দু'দিন পর আর কোনো মরদই চোখ তুলে ওর দিকে চাইত না। নইলে হাজার জেডের দুল দাও, সোনার গহনা দাও, আর সিল্ক-সাটীনে গা মুড়ে দাও, শত বড় লোক হ'লেও চাষার ঘরে আসত না ও আরো কিছু !' ওয়াং-এর মুখ রাগে লাল হয়ে ওঠে। খুড়ী তাড়াতাড়ি কথার মোড় ঘুরিয়ে দেয় ; 'তাও বলি বাছা চেহারায় ওর পায়ের কাছে কেউ দাঁড়াতে পারে ? কত ঘুরেছি, কত দেখেছি, অমন একখানা মুখই তো দেখিনি কোথাও। ওই ঢেঁকিপানা বাঁদীটার সঙ্গে এত বছর তো ঘর করলি ! এবার যাহোক একটু মুখ বদলাবে।'

ওয়াং কোনো কথা বলে না। অস্থিরভাবে সারা বাড়ীময় এদিক ওদিক ছট্‌ফট্‌ ক'রে বেড়ায়—কি শুনবার জন্য কান পেতে থাকে আর চঞ্চল হ'য়ে ওঠে। তারপর সাহস ক'রে পরদা তুলে নতুন মহলে ঢুকে পড়ে এবং আরো সাহস ক'রে কমলের ঘরে পা বাড়িয়ে দেয়। সন্ধ্যার আগে ও আর বেরুল না।

সারাটা দিন ওলান্‌ বাড়ী এল না। সেই কোন সকালে দেওয়াল থেকে নিড়ানিটা পেড়ে নিয়ে, খানিকটা বাসি খাবার পদ্মপাতায় জড়িয়ে ছেলে দুটোকে সঙ্গে নিয়ে বেরিয়ে গেছে। সন্ধ্যের পর সারা গায়ে ধুলোমাটি মেখে রাজ্যের ক্লান্তি নিয়ে নিঃশব্দে বাড়ী ফিরল। মুখখানা শুকিয়ে কালো হ'য়ে গেছে। ছেলে মেয়ে দুটিও নিঃশব্দে এল পেছনে পেছনে। ওলান্‌ কাউকে কিছু বলল না। সোজা রান্না ঘরে গিয়ে রোজকার মত খাবার তৈরি ক'রে টেবিলে সাজিয়ে রাখল। বৃদ্ধ শ্বশুরকে ডেকে এনে খাওয়াতে বসাল, হাতে খাবার কাঠি তুলে দিল। বোবা মেয়েটাকে খাওয়াল, নিজেও একটু মুখে দিল ছেলেদের সঙ্গে। সকলেই এক এক করে শুতে চলে গেল। ওয়াং কি স্বপ্নে বিভোর হ'য়ে টেবিলে বসে রইল। ওলান্‌ গা ধুয়ে রোজগার মত ঘরে গিয়ে যেন শুয়ে পড়ে নিঃসঙ্গ শয্যায়।

এখন দিবারাত্র প্রেমের ভরা পেয়ালা ওয়াং-এর মুখের কাছে ধরা—আকণ্ঠ পান করে ওয়াং। আলস্যের সুষমায় কমল শয্যায় এলিয়ে পড়ে থাকে। ওয়াং আসে—পাশে বসে—দৃষ্টি দিয়ে যেন ওকে গণ্ডূষ ভরে ভরে পান করে। শরতের বাতাসে তখনও উত্তাপ রয়েছে, কাজেই কমল বাইরে আসে না। কোকিলা উষ্ণ জল দিয়ে ওকে স্নান করিয়ে. তেল দিয়ে দেহ পরিমার্জ্জিত ক'রে দেয়, সুবাসিত তেল দিয়ে চুল বেঁধে দেয়। কোকিলাকে কমল ছাড়েনি, জোর ক'রে ধরেছিল যে ওকে না হ'লে ওর চলবে না। তারপর কমলের মুক্ত হস্ত—কোকিলা বিবেচনা ক'রে দেখেছিল যে দেশের পরিচর্যা ছেড়ে একের পরিচর্যায় অন্ততঃ এক্ষেত্রে লোকসানের ভয় নেই। কাজেই শেষ পর্যন্ত সে ঐ নির্জন প্রবাসে আসতে রাজী হ'ল।

সবুজ রং-এর গ্রীষ্মোপযোগী সিল্কের তৈরী পায়জামা এবং কোমর পর্যন্ত লম্বা গাঁটা একটা জামা পরে কমল, দরজা-জানালা-বন্ধ ঘরখানার সুশীতল অন্ধকারের মধ্যে সারাটা দিন কাটায়। মাঝে মাঝে ফলটা মিষ্টিটা থেকে একটু খুঁটে খুঁটে মুখে দেয়। ওয়াং দেখে মুগ্ধ হ'য়ে যায়।

বিকেল বেলা ঠোঁট ফুলিয়ে আব্দারের সুরে ও ওয়াংকে ঘর থেকে যেতে অনুরোধ করে। তারপর আবার স্নান, প্রসাধন। নতুন ক'রে সজ্জা, সাদা মিহি সিল্কের অন্তর্বাসের ওপর গোলাপী রং-এর পরিচ্ছদ, পায়ে-ফুল-তোলা জুতো। কমল ধীরে ধীরে আঙ্গিনায় এসে চৌবাচ্চার ধারে ব'সে সোনালী মাছের খেলা দেখে! ওয়াং-এর কাছে কমল পরম বিস্ময়ের বস্তু। পাশে দাঁড়িয়ে কেবলি দেখে—সমস্ত সত্তা দিয়ে দেখে। ছোট দু'খানি পায়ের ওপর অতটুকু দেহখানা কেমন দুলে দুলে চলে—ছোট পা দু'খানি মাথার দিকটায় কেমন চমৎকার সরু হ'য়ে গেছে। এলিয়ে পড়ে-থাকা চন্দ্র কলার মত হাত দু'খানি···ওয়াং-এর মনে হয় বিশ্বের সৌন্দর্য দিয়ে তিল তিল ক'রে গড়া হয়েছে ঐ হাত, ঐ পা, ঐ দেহ।

ওয়াং-এর অধিকারে আজ আর কেউ অংশীদার নাই। ও একাই ওর এই পরম ঐশ্বর্য ভোগ করে। পরিপূর্ণ পরিতৃপ্তিতে ওর সকল দাহ শান্ত হ'য়ে যায়।

[একুশ]

যদি কেউ ভেবে থাকে কমল ও তার পরিচারিকা কোকিলাকে ওয়াং-এর এ বাড়াতে নিয়ে এসে বসানোর ব্যাপারটা একেবারে চুকে গেল—কোন আলোড়ন, বিলোড়ন, আক্ষেপ বিক্ষেপ কিছুই হল না—তবে সেটা ভুল, কারণ তা হয় নি। আলোড়ন যথেষ্টই হ'ল।—যে হেতু স্ত্রীজাতির একের অধিক সংখ্যা যেখানে—সেখানে ঠোকাঠুকি অনিবার্য। ওয়াং আগে অতটা তলিয়ে দেখেনি, বুঝতেও পারেনি। ওলান্-এর মুখের ভাব এবং কোকিলার ঝাঁঝালো কন্ঠে মাঝে মাঝে চমক, দেখে মনে হয়েছে কোথাও তালভঙ্গ হয়েছে। কিন্তু তত লক্ষ্য করেনি—করার অবসরও ছিল না। কারণ ওর নিজের মধ্যেই আলোড়ন—বাইরের আলোড়নের দিকে তাকাবার সময় কোথায়?

কটা দিন গেল। ধীরে ধীরে নেশার প্রথম ঘোর কেটে ওয়াং চোখ মেলে চেয়ে দেখল—যেমন দিনের পর রাত এবং রাতের পর আসে প্রভাত—প্রভাতে ওঠে সূর্য এবং চাঁদও যথানিয়মে আকাশে হাজিরা দেয়—এ সত্যের মতই সত্য হ'য়ে কমল ওর বাড়ীতে, ওর একেবারে হাতের কাছে রয়েছে এবং ইচ্ছা হলেই ও তাকে ধরতে পারে, ছুঁতে পারে, পরম ঘনিষ্ঠতায় কাছে পেতে পারে। সুতরাং ওয়াং নিশ্চিত হয়, এবং এই নিশ্চিন্ততায় ওর ভেতরের চাঞ্চল্য অনেকটা শান্ত হ'য়ে আসে। এতদিনে চোখের সামনে থেকেও যা চোখে পড়েনি এবারে তা চোখেও পড়ে।

এবারে ওয়াং স্পষ্ট দেখতে পায়—ওলান্ আর কোকিলাতে বনছে না। কিন্তু বড় অবাক হয়। কমলকে ওলান্ সইতে পারবে না এ ও জানত। এবং এর জন্য প্রস্তুতও ছিল। সতীনকে কোন্ মেয়েই বা সইতে পারে। গলায় দড়ি দিয়ে মরে পর্যন্ত মেয়েরা সতীন ঘরে এলে। তা ছাড়া বেচারা স্বামীদের লাঞ্ছনায় গঞ্জনায় দুর্দশার অন্ত থাকে না—সে কথা বলাই বাহুল্য। এসব কাহিনী ওয়াং বহু শুনেছে। সে জন্যই,

ওলান্‌-এর যে বেশী কথা কওয়ার অভ্যাস নেই তাতে ও খুশি এবং অনেকটা নিশ্চিন্তও। আর যাই হোক অন্ততঃ ওর সঙ্গে ওলান্‌ ঝগড়া ঝাটি করবে না।

কিন্তু এদিকে ওর সাথে ঝগড়া ঝাটি না ক'রে কমলকে কিছু না বলে ওলান্‌ কোকিলার উপর এমন খড়্গহস্ত হ'য়ে উঠবে—এ ওয়াং ভাবতে পারেনি কখনও। তাছাড়া, আসার আগে কমল চোখের জলে ভাসিয়ে আব্দার ধরে বসেছিল—কোকিলাকে সাথে নেবার জন্য! একে তো কমলের কথায় ওয়াং-এর তখন প্রাণ দিয়ে ফেলাটাও কঠিন মনে হত না, এমনি অবস্থা। তারপর মেয়েটা একেবারে আঁতে ঘা দিয়ে বসল—'সংসারে কেই বা আর আছে আমার—সেই এতটুকু রেখে তো বাপ মা চ'লে গেল। একটু বড় হ'তেই চেহারাখানা ভালো হ'ল দেখে-কাকা দিলে বেচে। সেই থেকে তো এই ঘেন্নার জীবন চলেছে। কোকিলা থাকলে তবুও' একটু ভালো লাগে। তা ছাড়া আমার কাজ কর্ম'ও ক'রে দিতে পারবে।'—বলতে বলতে কমলের চোখ জলে ভরে এসেছিল। অবশ্য ওর সুন্দর চোখ দুটির কোণে জলের ভান্ডার সর্বদাই প্রস্তুত থাকে। কিন্তু তবুও ওর চোখের জল ওয়াং সইতে পারে না। তা ছাড়া ভেবেও দেখল সত্যিইতো বেচারা বড় একা পড়বে। ওর জন্য ঝিও লাগবে একজন, কারণ ওলান-এর কাছ থেকে কিছু পাওয়ার আশা না করাই ভালো—সে হয়তো সতীনের ছায়াও মাড়াবে না। এক রয়েছে খুড়ী। কিন্তু একেও ওয়াং-এর বিশেষ ভরসা হয় না। একবার ফাঁক পেলে এসে একেবারে জুড়ে বসবে। আর ওরই খাবে ওরই পরবে আর ওরই শ্রাদ্ধ করবে বসে বসে। তার চাইতে কোকিলাই ভালো। আর কেউ তো ওয়াং-এর জানাও নেই, যাকে আনা যেতে পারে। কাজেই সাত পাঁচ ভেবে শেষ পর্যন্ত ওয়াং কোকিলাকে নিয়ে এল কমলের সঙ্গে।

কোকিলাকে প্রথম দেখেই ওলান্‌ আগুনের মত জ্বলে উঠেছিল। অত রাগ এ নীরব মানুষটির মধ্যে ওয়াং কখনও দেখেনি, বা অত রাগ যে ওলান্‌-এর মধ্যে আছে স্বপ্নেও ভাবেনি। কোকিলা অবশ্য ওলান্‌-এর মন জুগিয়ে চলতে চেষ্টা করেছে! কেননা ওয়াং ওর প্রভু আর ওলান্‌ প্রভুপত্নী। জমিদার বাড়ী থাকতে না হয় সম্পর্কটা ঠিক উল্টো ছিল। প্রথম দিন এসে কোকিলা ওলান্‌কে ডেকে আপ্যায়নের স্বরে বলেছিল ঃ

'আবার এক সাথে এসে মিললাম। কিন্তু অদৃষ্টের ফের দেখ। এবারে তুমি গিন্নী—আমার মালিক, আর আমি হ'লাম তোমার দাসী বাঁদী।'

ওলান্‌ কিছু বুঝতে না পেরে ফ্যাল ফ্যাল ক'রে তাকিয়ে ছিল খানিকক্ষণ, তারপর কোকিলাকে চিনতে পেরে একটি কথা না কয়ে ছুটে চলে গেল মাঝের ঘরে—একেবারে সোজা ওয়াং-এর কাছে। বিনা ভূমিকায়, একেবারে সাদা সোজা ভাষায় জিজ্ঞাসা ক'রে বসল ঃ

'ওই দাসী মাগী এখানে এল কি ক'রে?

ওয়াং ভ্যাবাচ্যাকা খেয়ে গেল। হঠাৎ মুখে কিছু জোগাল না। এদিক ওদিক তাকাতে লাগল কেবল। খুব শক্ত ক'রে মুখের ওপর বলে দিতে চাইল—এ বাড়ী ওর, সুতরাং যাকে খুশি তাকে আনবে। ওলান্‌ কথা বলার কে? কিন্তু মানুষটা স্পষ্ট

চোখের সামনে দাঁড়িয়ে। কেমন যেন লজ্জা হ'ল ওয়াং-এর। কথা বেধে গেল। একটি কথাও বেরুল না। এবং বেরুল না বলেই ভয়ানক রাগ হ'ল। বিচার ক'রে দেখল—লজ্জার কোনো হেতুই নেই। আর দশটা মরদ হাতে পয়সা থাকলে যা করে—ও তাই করেছে। নতুন কিছু বা বেশী কিছু করেনি।

যুক্তি দিয়ে আত্ম সমর্থন হওয়া সত্ত্বেও ওয়াং কিছু বলতে পারল না। আবার একবার এদিকে একবার ওদিকে তাকাল; যেন পাইপটা পড়ে গেছে এমনি ভাবে জামা কাপড় ঝেড়ে ঝেড়ে খুঁজতে লাগল। কিন্তু ওয়াং তার ধ্যাবড়া ধ্যাবড়া পায়েব ওপর শক্ত হ'য়ে দাঁড়িয়ে অপেক্ষা ক'রতে লাগল। এবং যখন দেখল ওয়াং কিছু বলছে না, তখন আবার প্রশ্ন করল: 'ওই দাসী মাগী আমাদের এখানে কেন?'

ওয়াং দেখল জবাব না পেলে ওলান্ নড়বে না। বলল বটে: 'তাতে তোমার কি?' কিন্তু কথায় একটুও জোর ফুটল না।

ওলান্ বলল: দেখ, জমিদার বাড়ী যতদিন ছিলাম ওর চোখ রাঙ্গানি ঢের সয়েছি। যখন তখন, দিনের মধ্যে হাজার বার রান্নাঘরে ঢুকে ওর হাজার ফরমাস—এই চা দাও, এই খাবার দাও, এটা বেশী গরম ওটা ঠান্ডা হিম, এ রান্নাটা ভালো হয়নি, আমার চেহারা কালো কুচ্ছিৎ, আমি কাজ করতে পারি না কত কি।'

তবুও ওয়াং নিরুত্তর, উত্তর কি দেবে ভেবেই পেল না। ওলান্ দাঁড়িয়ে রইল। কোন উত্তরই না পেয়ে ওর দু'চোখ উষ্ণ অশ্রুতে ভরে গেল—বাধা দেবার প্রাণপণ চেষ্টা করল। তারপর নীল জামার খুঁট দিয়ে চোখ মুছে বলল: এখন নিজের বাড়িতে দাসীর চোখরাঙ্গানি সইব কি ক'রে? বাপের বাড়ীও নেই যে চলে যাব।'

ওয়াং তবু নীরব। নীরবে পাইপ ধরিয়ে টানতে লাগল। ওলান্ তার সেই অদ্ভুত বোবা চোখ দুটি ওয়াং-এর দিকে তুলে ধরল। গভীর বিষাদে বিধুর হ'য়ে উঠল দৃষ্টি—এ যেন ভাষাহীন মূক পশুর দৃষ্টি!

চোখের জলে দৃষ্টি আচ্ছন্ন হ'য়ে গেল—কোনো রকমে হাতড়ে হাতড়ে দরজা আন্দাজ ক'রে বেরিয়ে গেল ওলান্।

যতক্ষণ দেখা গেল, ওয়াং ওলান্-এর দিকে তাকিয়ে রইল। চলে যেতে একা থাকতে পেয়ে হাঁফ ছেড়ে বাঁচল। এখনও ওর লজ্জা ঘুচল না, এবং লজ্জা করছে বলেই ওর রাগ হতে লাগল। যেন কারো সঙ্গে ঝগড়া ক'রছে, এমনি ভাবে জোরে জোরে নিজে নিজেই বলতে লাগল ঝাঁঝ দিয়ে: 'বেশ করেছি। সবাই করে। আমি আর এমন কি করেছি! তাও ওকে তো কিচ্ছুটি বলিনি, মাথায় ক'রে রেখেছি। কতজন তো আরো কত কি করে! অবশেষে ও সাব্যস্ত ক'রে নিল, ওলান্কে সয়েই থাকতে হবে।

ওলান্ ভেঙ্গে পড়ল না। নীরবে সে তার কাজ ক'রে যেতে লাগল। ভোরে উঠে বরাবরের মত জল গরম ক'রে শ্বশুরকে দের; ওয়াং যদি ও মহলে না থাকে তবে তাকেও চা দেয়। কিন্তু কোকিলা যখন তার মনিবের জন্য গরম জল নিতে আসে, কড়া পায় শুকনো। হাজার চিৎকারেও ওলান্ একটি কথা বলে না। সুতরাং মনিবের গরম জলের দরকার হলে কোকিলার নিজহাতে গরম ক'রে নেওয়া ছাড়া উপায় থাকে না।

কিন্তু পরক্ষণেই প্রাতে খাবার মন্ড তৈরী করার সময় হ'য়ে যায়। কড়ায় এক বাটিও বেশী জল ধরে না—নির্বিকার ভঙ্গিতে ওলান্ মন্ড চড়িয়ে দেয়। কোকিলা বৃথাই চেঁচিয়ে মরে ; 'ঐ তো শরীর, শরীরে কি কিছু আছে ? একফোঁটা গরম জলও জুটবে না ভোর বেলা ? গলা শুকিয়ে কাঠ হ'য়ে বিছানায় মরে পড়ে থাকতে বলো নাকি ?'

ওলান্ একেবারে নির্বিকার। নির্বিকার চিত্তে উনুনের মুখে ঘাস পাতা দেয়। ধীরে ধীরে একটি একটি ক'রে, আগের মত হিসাব ক'রে—যখন ওদের অসচ্ছল সংসারে একটি শুকুন পাতার দাম ছিল, ঠিক তেমনি করে।

কোকিলা চীৎকার ক'রতে ক'রতে গিয়ে ওয়াং-এর কাছে নালিশ করে। ওয়াং রঙ্গীন নেশায় মশগুল, এসব খুঁটিনাটি বাজে ঝামেলা ভালো লাগে না। চটে গিয়ে ওলান্কে গালাগালি করে ঃ 'কড়ায় একটা বাটি বেশী জল দিতে কি তোমার হাত ক্ষয়ে যায় ?'

ওলান্-এর মুখ আরো বেশী থমথমে হ'য়ে ওঠে ঃ 'এ বাড়ীতে বসে বাঁদীর বাঁদীপনা ক'রতে পারব না—'জবাব দেয়।

ওয়াং আর আপনাকে সংযত করতে পারে না। ছুটে গিয়ে ওলান্-এর টুঁটি চেপে ধরে ঝাঁকাতে ঝাঁকাতে বলে ঃ 'ন্যাকা আর কি, কিছু যেন জানেন না। বাঁদী যার কথা বলছ সে বাঁদী নয়—বাঁদীর মুনিব, বুঝেছ !'

ওলান্ নীরবে সব সহ্য করে। একটি কথাও বলে না। তারপর ওয়াং-এর দিকে তাকিয়ে সহজভাবে বলে ঃ 'ওকেই বুঝি মুক্তো দুটো দিয়েছ ?'

ওয়াং-এর হাত শিথিল হ'য়ে পড়ে যায়। মুখে কথা সরে না, রাগ একেবারে উবে যায়। লজ্জায় মাথা নীচু ক'রে বেরিয়ে গিয়ে কোকিলাকে বলে ঃ 'দেখ এখানেই আর একটা রান্নাঘর ক'রে দেব না হয়। এ তো যা-তা মুখে দিতে পারে না, আর ওর শরীরেও সইবে না। বড় বৌ ভাল রান্না ক'রতে একেবারেই জানে না। কাজেই আলাদা রান্নাঘরই ভালো। তুমি নিজের হাতে খুশিমত রান্না ক'রে নেবে, নিজেও একটু মুখে দিতে পারবে।'

মিস্ত্রি লাগিয়ে দিল আর একটা রান্নাঘর আর উনুন তৈরী করতে। বেশ ভালো দেখে একটা কড়াও কিনে নিয়ে এল। ওয়াং নিজে বলেছে খুশিমত রান্না বাড়ি ক'রে নিও—কোকিলাও খুশি হ'ল।

ওয়াং লাং ভাবল, যাক এবারে ঝামেলা মিটে গেল। কোকিলা আর ওলান্ দু'জনে দু'জায়গায় নির্ঝঞ্ঝাটে থাকবে। এবং ওয়াংও কমলকে নিয়ে শান্তিতে থাকতে পারবে। নতুন ক'রে ওয়াং-এর মনে হয়—এমনি করেই ও চিরকাল কমলের ভালোবাসায় ডুবে থাকতে পারবে। কোনোদিন ক্লান্তি আসবে না—আসবে না। ওই ঠোঁট ফুলিয়ে অভিমান—অভিমান আয়ত চোখ দু'টির ওপর পল্লব দুটির নেমে আসা—যেন সন্ধ্যা বেলায় পদ্মের পাপড়ি মুদে আসা। হাসিতে ঝলমল্ চোখে অমন ক'রে চাওয়া—আসবে না, কোনোদিন ওয়াং-এর ক্লান্তি আসবে না।

কিন্তু সমস্যা মিটল না। বরং নতুন রান্নাঘরের ব্যাপারটা মাংসের মধ্যে কাঁটার

খোঁচার মত হয়ে রইল। কারণ কোকিলা রোজ নিজে বাজারে যায়, আর ইচ্ছেমত দক্ষিণ দেশের আমদানী যত দামী দামী জিনিস কিনে আনে। অনেক জিনিসের নামই ওয়াং কখনও শোনেনি। খরচের পরিমাণ দেখে ওয়াং-এর হৃৎকম্প উপস্থিত হয়। মুখ দিয়ে বেরিয়ে আসতে চায়ঃ আমার মাংস চিবিয়ে খাচ্ছ তোমরা।' কিন্তু সামলে নেয়। ভয় করে পাছে কোকিলা রাগ করে;—তা'হলে তার মনিবের কানে যাবে এবং সেও কিছু খুশি হবে না। কাজেই নিরুপায় হ'য়ে ওয়াংকে ট্যাঁক থেকে বিনা প্রশ্নে টাকা বের ক'রে দিতে হয়! কিন্তু মনটায় দিনরাত বড় খোঁচা লাগে। কাউকে বলতেও পারে না। দিনের পর দিন কাঁটাটা যেন আরো গভীর হ'য়ে ফুটে বসে। কমলের প্রতি ভালোবাসায় একটু একটু ক'রে ভাটা পড়ে আসে।

প্রথম কাঁটাটি থেকে আর একটি কাঁটার সৃষ্টি হ'ল। ওয়াং-এর খুড়ীর লোভী রসনা ঠিক খাওয়ার সময় তাকে এ মহলে টেনে নিয়ে আসে। ক্রমে এ মহলে তার গতিবিধি স্বচ্ছন্দ এবং অবাধ হয়ে দাঁড়ায়। যদিও নিজের আত্মীয়, তবুও এ স্ত্রীলোক-টির সঙ্গে কমলের এত ঘনিষ্ঠতা ওয়াং-এর একেবারেই পছন্দ হয় না। এরা তিনজনে মিলে দিব্য চর্ব্যচোষ্য-লেহ-পেয় খায়, ঘন্টার পর ঘন্টা অনর্গল হাসি, গল্প কানাকানি করে। পরমানন্দে আছে ওরা। খুড়ীকে খুব ভালো লাগে কমলের। ওয়াং-এর সহ্য হয় না।

কিন্তু নিরুপায়—কিছু বলতে পারে না। বলতে গেলেই অনর্থ বাধে। সেদিন বড় আদর ক'রে ওয়াং বলেছিলঃ 'শুনছ গো আমার কমল, আমার পদ্ম-ফুল—তোমার সবটুকু সুধা বুঝি ওই ধুমসী বুড়ীটার জন্যই খরচ করবে! আমার জন্যে একটুখানি রেখো! ভারী ধড়িবাজ বুড়ী জানো! ওযে সকাল-সন্ধ্যে এখানে জমে বসে থাকে আমার একটুও ভালো লাগে না।'

কমল চটে উঠেছিল। অভিমানে ঠোঁট ফুলিয়ে, ওকে ঠেলে সরিয়ে দিয়ে গরম হ'য়ে জবাব দিয়েছিলঃ 'আমি অত প্যাঁচার মত থাকতে পারিনে বাপু! চিরটা কাল মানুষ-জন হাসি-হুল্লোড়ের মধ্যে কাটিয়ে এসেছি। এখানে আর কে আছে শুনি? এদিকে আছ তুমি। আর ওখানে তোমার বড় গিন্নি, আর হতচ্ছাড়া ছেলেগুলো! তিনি তো ঘেন্নায় আমার মুখই দেখেন না—। আর ছেলেগুলো! হাড় জ্বালিয়ে খেলে আমার। কার সাথেই বা একটা কথা বলে বাঁচি।'

কান্নার সুরে অনুযোগ করেঃ 'তুমি আমায় একটুও ভালোবাস না। ভালবাসলে আমার কষ্ট একটু বুঝতে।'

তারপর একেবারে মোক্ষম্ অস্ত্র ছাড়ে—সে রাতের মত শয়ন গৃহ হ'তে নির্বাসন।

ওয়াং একেবারে এতটুকু হ'য়ে যায়। অনুশোচনায়, উদ্বেগে, ব্যাকুল হ'য়ে বলেঃ 'থাক্ থাক্, তোমার যা ভলো লাগে কারো।' তবে ক্ষমা ভিক্ষা পায়।

সেদিন থেকে কমলের কোনো ইচ্ছার বিরোধিতা ক'রতে ওয়াং-এর আর সাহস হয় না। বড় ভয়ে ভয়ে চলে। সেদিন থেকে কমলের সাহস বেড়ে যায়। খুড়ীর সাথে গল্প ক'রছে বা খাচ্ছে—এমন সময় ওয়াং যদি এসে পড়ে তবে নির্বিকার চিত্তে সে ওকে বাইরে অপেক্ষা ক'রতে বলে। এখন কমল রীতিমত তাচ্ছিল্য করে ওয়াংকে।

ওয়াং বোঝে খুড়ী যখন থাকে ওর আসা কমল একেবারেই পছন্দ করে না। ওর ভয়ানক রাগ হয়, বেরিয়ে চলে আসে। এমনি ক'রে ওয়াং-এর অজ্ঞাতসারেই ওর ভালোবাসায় ভাটা পড়ে।

আরো বেশী রাগ হয় যে অত খরচ ক'রে কমলের জন্য যে খাবার কেনা হচ্ছে—তা খেয়ে খেয়ে বুড়ীর দেহের চর্বি বাড়ছে। কিন্তু ওয়াং-এর কিছু বলার সাহস নেই। তাছাড়া খুড়ীও চতুর কম নয়। ওয়াং ঘরে এলেই উঠে দাঁড়ায়, কত বিনয় দেখায়—মিষ্টি মিষ্টি কথা বলে তোষামদ ক'রে একেবারে ভিজিয়ে দেয়! রাগ দেখাবার পথ থাকে না।

যে ভালোবাসা একদিন ওয়াং-এর সমস্ত সত্তাকে, সমগ্র চেতনাকে আচ্ছন্ন ক'রে ছিল, সেই পূর্ণাঙ্গ ভালোবাসা ধীরে ধীরে সঙ্কুচিত হয়ে এল নানা ঘাত প্রতিঘাতে। সব কিছু আজ ওয়াংকে নীরবে নিজের মধ্যেই পরিপাক ক'রে নিতে হয়—প্রকাশের উপায় নেই। নানা প্রতিকুলতায় ক্ষণে ক্ষণে যে ক্রোধ ওয়াং-এর মনের মধ্যে জমে ওঠে, তা অন্তরে অবরুদ্ধ ক'রে রাখতে হয়। অবরুদ্ধ থেকে তার উত্তাপ ক্রমশঃ বেড়ে যায়। একটু সান্ত্বনার আশায় ওলান-এর কাছে গিয়ে যে দাঁড়াবে, ওলান-এর কাছে গিয়ে যে নিজেকে খুলে ধরবে, সে-পথও নেই! উভয়ের বিচ্ছিন্ন জীবনের মাঝখানে আজ দুস্তর সাগর। বড় রাগ হয় ওয়াং-এর। কেন অমন ক'রে ওর সকল দিক রুদ্ধ হয়ে গেল। তীক্ষ্ম ছুরির ফলার মত এই রাগই ওর প্রেমকে ক্ষত-বিক্ষত খন্ড-বিখন্ড ক'রে দেয়।

একটি মূল থেকে যেমন সহস্র কাঁটার সৃষ্টি হ'য়ে বিস্তীর্ণ ভূমিকে আকীর্ণ ক'রে দেয় তেমনি ওয়াং-এর জীবনও কমলকে কেন্দ্র ক'রে সহস্র দুর্গতিতে ক্লিষ্ট হ'য়ে উঠেছিল।

এতদিন ওয়াং-এর বাবা সব কিছু থেকে বিশ্লিষ্ট হ'য়ে তার জরাগ্রস্ত সত্তা নিয়ে সংসারে একধারে পড়েছিল। সেদিনও অভ্যাস মত রোদে শুয়ে ঘুমুচ্ছিল বৃদ্ধ। হঠাৎ কি হল—জেগে উঠে সেবার জন্মদিনে ওয়াং-এর দেওয়া ড্রাগন-মুখো লাঠিটায় ভর দিয়ে স্থবির দেহটাকে টানতে টানতে নতুন আর পুরোনো মহলের মাঝখানের দরজাটার কাছে এসে উপস্থিত হল। এ দরজাটা এতদিন বৃদ্ধের চোখে পড়েনি, মহলটা যখন তৈরী হয়েছিল তখনও কিছু বুঝতে পারেনি। ছেলে যে আর এক বৌ ঘরে এনেছে তাও বাপকে বলেনি। কারণ, বলতে গেলে জগৎ সংসারকে শুনিয়ে বলতে হয়—নইলে বৃদ্ধের বধির কানে কোনো কথা প্রবেশ করে না।

দরজাটা দেখে বৃদ্ধের কৌতূহল হ'ল এবং পরদা সরিয়ে ভেতরে এল। বিকেল বেলা। এ সময়টা ওয়াং ও কমল রোজ আঙ্গিনায় বেড়ায়। আজও ওরা বাইরে চৌবাচ্চার ধারে দাঁড়িয়েছিল। কমল দেখছিল সোনালী মাছের পুচ্ছ তাড়না, আর ওয়াং দেখছিল কমলের গ্রীবাভঙ্গি। ঠিক এই সময় বৃদ্ধ এসে উপস্থিত হ'ল এবং ছেলেকে একজন যুবতীর পাশে দাঁড়িয়ে থাকতে দেখে রাগে আগুন হ'য়ে ভাঙ্গা গলায় চীৎকার করতে লাগল ঃ

'বেশ্যা! আমার বাড়ীতে বেশ্যা!'

ওয়াং ভয়ে বিবর্ণ হ'য়ে গেল, কমল হয়ত এক্ষুণি রেগে গিয়ে অনর্থ বাধিয়ে

বসবে। কারণ, কমল মানুষটি ছোট হলেও রাগ হ'লে তার চীৎকার, হাত পা ছোড়ার পরিমাণ মানুষটার দেহের পরিমাণকে ছাড়িয়ে যায়। কাজেই এগিয়ে এসে বাবাকে বাইরে নিয়ে গিয়ে বুঝিয়ে শান্ত করতে চাইল যে এ বেশ্যা নয়, দ্বিতীয়া স্ত্রী। কিন্তু কোন ফল হল না। ওয়াং-এর কথা তার কানে গেল কিনা কে জানে, বৃদ্ধ কেবলি চীৎকার ক'রতে লাগল ঃ 'বেশ্যা, বেশ্যা, আমার বাড়ীতে বেশ্যা!' তারপর ওয়াং লাং-এর ওপর চোখ পড়তে ব'লে উঠল ঃ 'বাপু হে, আমার ছিল এক বৌ, আমার বাপের ছিল এক বৌ। আমরা জমি চষেছি আর এক বৌ নিয়ে ঘর করেছি—' কিছুক্ষণ চুপ ক'রে থেকে আবার চীৎকার ক'রতে আরম্ভ করে ঃ 'বেশ্যা!'

কমলের প্রতি একটা প্রবল ঘৃণা বৃদ্ধের জরাগ্রস্ত চেতনার ওপর জেগে রইল।

এখন মাঝে মাঝেই কমলের মহলের দরজায় গিয়ে সে বেশ্যা বলে হঠাৎ চীৎকার ক'রে ওঠে। নয়তো পরদা ঠেলে ভেতরে গিয়ে আঙিনায় থু থু ফেলে, বা ঢিল কুড়িয়ে নিয়ে চৌবাচ্চায় সোনালী মাছগুলির গায় ছোঁড়ে। এমনি ক'রে ছোটদের মত বৃদ্ধ তার রাগ প্রকাশ করে।

এই ব্যাপারকে অবলম্বন ক'রে একটা ভয়ানক অশান্তির সৃষ্টি হ'ল। এদিকে বাবাকে কিছু বলতে লজ্জা করে, আবার ওদিকে কমলের মেজাজের ভয় রয়েছে, সামান্য কারণেই কমল যা অনাসৃষ্টি ঘটায়! কমলের রাগ ঠেকাতে হলে বাবাকে ঠেকাতে হয়। এবং এই ঠেকানোর ব্যাপারে ওয়াং নিজেই ঠেকে ঠেকে মনের দিক দিয়ে বড় ক্লান্ত হ'য়ে পড়ে। এই হলো আর একটা কারণ যাতে ওর ভালোবাসা ক্রমে জীবনের বোঝা হ'য়ে দাঁড়াল।

একদিন কমলের মহল থেকে একটা ভয়ানক চীৎকার ওর কানে এল। গলাটা কমলেরই। ওয়াং ছুটে গিয়ে দেখে ওর যমজ ছেলে মেয়ে দু'টিতে মিলে তাদের বোবা দিদিকে টানতে টানতে ওখানে নিয়ে এসেছে। ভেতরের মহলের এই অধিবাসিনী সম্বন্ধে ওদের চার ভাই বোনেরই বড় কৌতূহল। বড় দু'জন বোঝে ব্যক্তিটি ওখানে কি ক'রে এল এবং ওদের বাবার সাথে তার সম্পর্কটাই বা কি। ওরা লজ্জা পায় একটু। সুতরাং অতি গোপনে নিজেদের মধ্যে ছাড়া কমলের নামও কখনো উচ্চারণ করে না। কিন্তু উঁকি মেরে, কানাকানি ক'রে, ওঘর থেকে ভেসে-আসা সুগন্ধ বাতাস নাক ভরে টেনে নিয়ে, কোকিলা এঁটো বাসন নিয়ে যাবার সময় তাতে একটু আঙুল লাগিয়ে চেটে দেখেও ছোট দুটির কৌতূহল মেটে না।

ছেলেদের উপদ্রব সম্বন্ধে বহুবার কমল ওয়াং-এর কাছে নালিশ ক'রেছে—যাতে ওরা আর এদিকে এসে ওকে বিরক্ত ক'রতে না পারে সেজন্য ওদের বন্ধ ক'রে রাখার ব্যবস্থাও দিয়েছে, কিন্তু ওয়াং কিছুতে রাজী হয়নি। হাসতে হাসতে বলেছে ঃ 'ওদের বাবার মত ওরাও সুন্দর মুখখানা না দেখে থাকতে পারে না কিনা, কি করবে বলো!'

ওয়াং ছেলেদের এদিকে আসতে বারণ ক'রে দিয়েছে। বাপের চোখের সামনে ওরা এদিকে আর আসেনা, তবে চোখের আড়াল হলেই আর কথা নেই। বোবা মেয়েটা কেবল এসবের ধার ধারে না, সে নিজের জায়গায় পাঁচিলে হেলান দিয়ে রোদে বসে তার কাপড়ের ফালিটি নিয়ে খেলা করে।

আজ দাদারা স্কুলে চলে গেলে ছোট দুজন ভাবল বোবা দিদিটা তো ও-মহলের মানুষটিকে দেখেনি, তাকে একবার দেখাতে হয়। তাই তারা দু'জনে মিলে দুদিক থেকে হাত ধরে টানতে টানতে বোবা দিদিকে নিয়ে এসে হাজির করল একেবারে কমলের সামনে। কমল এর আগে কখনও একে দেখেনি। বোবা দিদি বসে পড়ে অচেনা মানুষটির দিকে ফ্যাল ফ্যাল ক'রে তাকিয়ে থাকে। কমলের পরনের ঝলমল সিল্কের পোষাক আর কানে জেডের দুল দুটি দেখে ওর মনে কি একটা আনন্দ উথলে ওঠে। দু'হাত বাড়িয়ে দুলের উজ্জ্বল সবুজ রংগুলো ধরতে গিয়ে খল্ খল্ ক'রে হেসে উঠল; হাসির বদলে ওর মুখ থেকে কেবল একটা অর্থহীন বিকৃত শব্দ বেরুল। কমল ভয় পেয়ে চীৎকার ক'রে উঠল। সেই চীৎকার শুনেই ওয়াং ছুটে এসেছিল! এসে দেখল কমল রাগে কাঁপতে কাঁপতে ঘরময় ছুটোছুটি ক'রছে। খুকী তখনও হাসছিল। ওয়াং আসাতেই খুকীকে দেখিয়ে আস্ফালন ক'রে কমল চীৎকার করে উঠল ঃ

'আমি চলে যাব। ঐ ওটা যদি আমার সামনে আসে, একমুহূর্ত এ-বাড়ীতে থাকব না—থাকব না। কে জানতো বাবা এখানে রাজ্যের যত সব ভূত-পেত্নীর আড্ডা! আগে জানলে কি আর পা বাড়াই এদিকে! ছিঃ, কি নোংরা ভূতের মত ছেলেগুলো।'

ছোট ছেলেটা যমজ বোনটির হাত ধরে কমলের কাছটিতেই হাঁ ক'রে দাঁড়িয়েছিল অবাক হ'য়ে। তাকে কমল এক ধাক্কা-মেরে সরিয়ে ছিল।

সন্তান-গত-প্রাণ ওয়াং-এর বাৎসল্যে ঘা লাগল। প্রচন্ড রাগে ওর আপাদ মস্তক জ্বলে উঠল। কঠোর ভাবে কমলকে বলল ঃ

'খবরদার, আমার ছেলেদের অমন ক'রে শাপ মন্যি করো না। আর যেন কোনো দিন না শুনি। হোক হাবা বোবা, আমার মেয়েকে কখনও গাল দেবে না বলে রাখছি। পেটে তো একটা ছেলে ধরার মুরোদ হল না, আবার শাপ মন্যি করা!'

তারপর ছেলেমেয়েদের কাছে টেনে এনে বলল ঃ 'যা তো বাছারা, যা এখান থেকে, আর এখানে আসিসনে। ও তোদের ভালোবাসে না! আর, যে তোদের ভালোবাসে না তোদের বাপকেও ভালোবাসে না।' তারপর বড় খুকীকে গভীর আদরে ভরে বলে ঃ 'হাবা মা আমার, চল্‌তো তোর নিজের জায়গায় বসবি চল।' খুকী হাসল একটু, ওয়াং ওর হাত ধরে বেরিয়ে গেল।

বিশেষ করে এই দুর্ভাগিনী মেয়েটাকে যে কমল অমন ক'রে গাল দিতে সাহস ক'রেছে এ জন্য ওর রাগ হয়েছে আরো বেশী। এই অভিশপ্ত মেয়েটার জন্য নূতন ক'রে একটা গভীর বেদনা ওর বুকে পুঞ্জীভূত হ'য়ে ওঠে। দিন দুই ও আর কমলের কাছে গেলই না। ছেলেদের সঙ্গে খেলা ক'রে কাটিয়ে দিল। শহরে গিয়ে মেয়েটার জন্য লজেঞ্চুশ কিনে নিয়ে এল। খাবার জিনিস হাতে পেয়ে অবোধ মেয়েটার মুখে যে আনন্দ ফুটে উঠল, তা দেখে ওয়াং-এর মনের মেঘ কেটে গেল।

এর পর ওয়াং যখন আবার কমলের ঘরে গেল, এ দুদিনের না-আসা নিয়ে দু'জনের মধ্যে কোনো কথাই উঠল না। কমল আজ ওয়াংকে খুশি করতে উঠে পড়ে লাগল।

খুড়ী ওর সাথে চা খাচ্ছিল। ওয়াং আসতেই কমল উঠে পড়ল। এবং খুড়ী চলে না যাওয়া পর্যন্ত দাঁড়িয়ে রইল।

তারপর ওয়াং-এর কাছে এসে ওর হাত নিয়ে চুমো খেল। ওয়াং-এর প্রসন্নতা ফিরে এল বটে, কিন্তু সেই অতলস্পর্শী পূর্ণাবিয়ব প্রেম আর ফিরল না।

গ্রীষ্ম শেষ হ'ল। ভোরের স্বচ্ছ আকাশে সাগরের নীলিমা জেগে ওঠে। শরতের বাতাস প্রসন্ন দাক্ষিণ্যে মাঠের ওপর দিয়ে হু হু ক'রে বয়ে যায়। একটা গভীর সুপ্তি থেকে ওয়াং যেন জেগে ওঠে। ক্ষেতগুলির দিকে দৃষ্টি মেলে দিয়ে দাওয়ায় দাঁড়িয়ে থাকে। বনের জল নেমে গেছে। শরতের শুষ্ক শীতল বাতাসের নীচে ব্যগ্র রবির কনক-কিরনপাতে মাটি যেন জ্যোতির্ময়ী হ'য়ে উঠেছে।

মাটির আকুল আহ্বান ওর অন্তরে ধ্বনিত হ'য়ে ওঠে। কমলেব প্রতি প্রেম, জীবনের যত চাওযা যত পাওয়ার রাগিণী, সব ছাপিয়ে সে-আহ্বান যেন রণিত হ'য়ে ওঠে। ওয়াং ছিঁড়ে ফেলল তার আজানুলম্বী বিলাস বসন ছুঁড়ে ফেলে দিল মখমলের জুতো আর সাদা মোজা। লম্বা পাযজামার পা হাটু পর্যন্ত গুটিয়ে নিল। ব্যগ্রতায় উচ্চারিত অনাবৃত বলিষ্ঠ দেহে ওয়াং যেন একটা মিথ্যার খোলস কেটে আজ আলোয় বেরিয়ে এল।

'কোথায় হে, লাঙগল কোদাল সব কোথায় ?—'ওয়াং হাঁক দিল ঃ 'গমেব বীজগুলো কোথায় ? চিং ভাই এসো, সবাইকে ডেকে নিয়ে চলো, আমি এগুচ্ছি।'

[বাইশ]

ওয়াং দক্ষিণ দেশ থেকে ফিরে আসার পর সেখানকার অবাঞ্ছিত জীবনের সমস্ত পীড়া, সমস্ত বেদনা ওর মাটির স্পর্শে ঘুচে গিয়েছিল। জীবনের যে কালো অধ্যায়টি সেখানে রচিত হ'য়েছিল তারি দিকে তাকিয়ে তাকিয়ে অপূর্ব সান্ত্বনায় ওর যত দাহ সব সান্ত্বনায় স্নিগ্ধ হ য়েছিল। এবারেও মাটিই ওব হৃত-স্বাস্থ্য মনকে রোগমুক্ত ক'রে দিল। পায়ের তলায় ভেজা মাটির স্পর্শ, চষা-জমির সোঁদা গন্ধ নিশ্বাসের সাথে বুক ভ'রে গ্রহণ করে ওয়াং। জন-মজুরদের হুকুমেব পর হুকুম ক'রে দশদিনের কাজ একদিনে করিয়ে নেয়। প্রায় সারাটা মাঠেই চাষ পড়ে গেল। প্রথম লাঙ্গলখানায় ওয়াং নিজেই গিয়ে দাঁড়াল। চাবুক হাতে বলদ তাড়িয়ে ও আগে আগে চলে, যখন সপাং সপাং ক'রে বলদের পিঠে চাবুক পড়ে। লাঙ্গলের ফাল গভীর হ'য়ে মাটির মধ্যে বসে যায়—ওয়াং-এর বড় ভালো লাগে। খানিক পরে চিংএর হাতে বলদের দড়ি তুলে দিয়ে নিজে মুগুর নিয়ে মাটির ঢেলা ভাঙ্গতে বসে যায়। একেবারে অণু অণু ক'রে ফেলে বড় বড় ঢেলাগুলো। ভিজে কালো মাটি নরম কালো চিনির মত হ'য়ে ওঠে। আজ ওয়াং প্রয়োজনের তাগিদে কাজ করে না, আজ ওর কাজে রয়েছে আনন্দের আমন্ত্রণ। ক্লান্ত হ'লে মাটির ওপরই শুয়ে ঘুমিয়ে পড়ল। মাটির স্বাস্থ্য ওর দেহের রক্ত মাংসে মিশে ওর যা কিছু পীড়া সব হরণ ক'রে নিল।

সূর্য ডুবে যায়; রাতের অন্ধকার ঘনিয়ে আসে। তারপর ওয়াং বাড়ী ফেরে—শ্রম-ক্লান্ত দেহে জয়ের মহিমা লেখা। দুই মহলের মাঝখানের পরদাটা ছিঁড়ে ফেলে দিল। কমল বাইরেই ছিল—ওয়াং-এর মাটিমাখা মূর্তি দেখে চীৎকার করে উঠল। ওয়াং কাছে যেতেই শিউরে উঠে সরে গেল।

ওয়াং হেসে উঠে বাঁকা চন্দ্র কলার মত হাত দু'খানি নিজের নোংরা হাতের মধ্য নিয়ে প্রবল বেগে হাসতে বলে ঃ

'দেখেছ তো কার ঘরে এসেছ। চাষা, চাষা, একেবারে একেবারে একটা আস্ত চাষা গো—চাষার বৌ!'

কমল রুখে জবাব দেয় ঃ 'ওঃ বয়ে গেছে আমার চাষার বৌ হ'তে। তোমার যা খুশি তাই থাকো, আমার তাতে কি?'

ওয়াং আবার হেসে ওঠে এবং অত্যন্ত সহজভাবেই ওখান থেকে চলে যায়।

গায়ে পায়ে মাটি নিয়েই ও ভাত খায়। শোবার আগে হাত পা ধুতে হয়, কিন্তু তাও নেহাৎ অনিচ্ছায়। গা ধুয়ে আর একবার খুব হেসে নেয়—কেননা আজ ও মুক্তি পেয়েছে—আজ আর কোন রমণীর জন্য ওকে নাইতে হয়নি।

ওয়াং-এর মনে হয় ও যেন বহুদিন এখানে ছিল না, তাই মেলাই কাজ জমে গেছে! জমিগুলি যেন প্রতিমুহূর্তে চাষ করা, বীজ বোনার জন্য সশব্দ দাবী জানায়। দিনের পর দিন অক্লান্ত পরিশ্রম করে ওয়াং। এ কয় মাসের আলস্য এবং দৈহিক ও মানসিক পীড়ার ফলে ওর বর্ণে যে পাণ্ডুরতা জেগেছিল রোদে পুড়ে পুড়ে তা আবার গাঢ় পিঙ্গল বর্ণ হ্য়ে ওঠে। হাতের কড়াগুলো মিলিয়ে গিয়ে জায়গা-গুলো নরম হ'য়ে এসেছিল। লাঙ্গল কোদালের ঘসায় সেগুলো আবার শক্ত হ'য়ে গেল।

দুপুর রাতে ঘরে ফিরে ওলান্-এর রান্না ভাত তরকারী, রসুন আর রুটি পরম তৃপ্তি ভরে খায়। ওয়াং কাছে এলে কমল নাক টিপে সরে যায়। ওয়াং হেসে এক মুখ হাওয়া নিয়ে হুস্ ক'রে ওর মুখের ওপর ছেড়ে দেয়। যা ভালো লাগে তা ও করবে বৈকি। কমলকে তা বরদাস্ত করতে হবেই। ওয়াং-এর দেহ-মনের পরিপূর্ণ স্বাস্থ্য ফিরে এসেছ। কাজেই তখন সহজভাবে কমলের কাছে যেতে পারে এবং প্রয়োজন মিটিয়ে নিতান্ত সহজভাবে ফিরে এসে কাজে মন দিতে পারে।

ওলান্ এবং কমল দু'জনেই নিজ নিজ স্থানে রইল। কমল রইল তার রমণীত্ব এবং রমণীয়ত্ব নিয়ে ওয়াং-এর ভোগের খেলনা হ'য়ে। আর ওলান্ ওর কর্মের সহচরী, সন্তানের জননী, ওর গৃহিণী, ওর নিজের, ওর সন্তানদের, বৃদ্ধ পিতার অন্ন-দায়িনী, পালিকা, ধাত্রী।

কমল গাঁয়ের লোকের ঈর্ষার এবং সেই হেতু ওয়াং-এর গর্বের বস্তু। অর্থাৎ ও যেন অতিকষ্টে আহৃত কোনো দুর্লভ রত্ন, বা বহুমূল্য কোনো খেলার বস্তু, বা এমনি ধারা একটা কিছু যা বাস্তবিক পক্ষে একেবারে প্রয়োজনের ছাপহীন এবং সাংসারিক পরিভাষায় একেবারে 'বাজের' কোঠায়। অথচ আর একদিকে এসবের মূল্য আছে। অর্থাৎ মানুষ যে কেবল অশন-বসন প্রভৃতি দৈহিক প্রয়োজনকেই

একমাত্র কাম্য ও অর্থ-ব্যয়ের বিষয় না ক'রে ইচ্ছা ক'রলে আনন্দের জন্যেও অর্থ ব্যয় ক'রতে পারে অকাতরে—এরা তারই জীবন্ত সাক্ষ্য।

ওয়াং-এর সৌভাগ্য-কীর্তনে ওর কাকাই বেশী মুখর। লোকটা প্রসাদলোভী কুকুরের মত হ'য়ে উঠেছে আজকাল। প্রায়ই আস্ফালন ক'রে বেড়ায়ঃ

'আমার ওয়াং কি যে সে ছেলেরে বাপু! বুঝলে কিনা!—মেয়ে মানুষ রাখবি তো অমনি। যা একখানা ঘরে এনেছে—ওরকম আমরা চাষা-ভুষো মানুষ কখনও চোখেই দেখিনি। গিন্নী বলে বড়লোকের বাড়ীর বৌদের মত নাকি খালি সিল্ক আর সাটীনেই মুড়ে রেখে দেয় তাকে। ভাইপোটি আমার কি তোমার আমার মত মানুষ! দেখছ কি! একেবারে জমিদারী গুছিয়ে ফেলেছে! ওর ব্যাটারা হবে জমিদারের ব্যাটা, খেটে আর খেতে হবে না তাদের। পায়ের ওপর পা দিয়ে বসে বসে খেতে পারবে।'

ওয়াংকে গ্রামের লোকেরা বড় সম্ভ্রমের চোখে দেখে। তারা ওর সঙ্গে এক ভূমিতে দাঁড়াবার অযোগ্য মনে করে নিজেদের। ধনী ওয়াং ওদের কাছে বহু উচ্চস্তরের মানুষ। তারা ওয়াং-এর কাছে সুদে টাকা ধার চায়, ছেলে-মেয়েদের বিয়ের ব্যাপারে পরামর্শ নেয়। জমির সীমানা নিয়ে বিবাদ বাঁধলে ওকে মধ্যস্থ মানে—ওয়াং মীমাংসা ক'রে দেয়। ওয়াং-এর বিচার নির্বিচারে সকলে শিরোধার্য করে।

আজকাল এসব নিয়েই ডুবে থাকে ওয়াং। যথা সময়ে বৃষ্টি হয়, গম এসে খামারে ওঠে। দাম না চড়া পর্যন্ত বের করে না। তারপর শীতের সময় বাজারে চালান করে। এবার বড় ছেলেকে ওয়াং সঙ্গে নিয়ে গেল।

ওয়াং পিতার গর্ব নিয়ে সবিস্ময়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে ওর ছেলে—প্রথম ছেলে কত বড় হয়েছে, কাগজের বুকে লেখা ঐসব কেমন গড় গড় ক'রে জোরে জোরে পড়ে যায়, আবার নিজেও তুলি টেনে খস খস্ ক'রে লিখে দেয়। যে কেরাণীরা একদিন ওর অজ্ঞতায় হাসত, তারাই এখন ছেলের লেখা দেখে বলে 'বাঃ চমৎকার হাতের লেখা তো! খাসা ছেলে!' ওয়াং একটুও হাসে না। এমন খাসা ছেলে থাকা যে একেবারে সাধারণ মামুলী কথা এমনি একটা ভাব ওর গাম্ভীর্যে ফুটিয়ে তুলতে চায়। ছেলে যখন আবার অন্যের লেখার ভুল ধরে, ওয়াং যেন গর্বে ভেতরে ভেতরে ফেটে যায়। পাছে ওর মনের গর্ব চোখে পড়ে সেজন্য তাড়াতাড়ি মুখ ফিরিয়ে কাশ্‌তে আরম্ভ করে আর মেজেতে থুথু ফেলে। ছেলের কৃতিত্ব দেখে কর্মচারীরা যখন অবাক হ'য়ে নিজেদের মধ্যে বলাবলি করে, ওয়াং নির্লিপ্ত স্বরে বলেঃ 'ভুল টুল যা থাকে দে বাপু ঠিক ক'রে, ভুলের মধ্যে যেন আবার সইটা না পড়ে দেখিস।'

ছেলে তুলি নিয়ে একটানে লেখাটা ঠিক ক'রে দেয়। ওয়াং ভয়ানক অবাক হ'য়ে দেখে।

তারপর রসিদ বিক্রির চালান প্রভৃতিতে বাবার নাম লেখা হ'য়ে গেলে ছেলে বাপ একসঙ্গে ঘরে ফেরে। পথে আসতে আসতে ওয়াং ভাবে ছেলে তো সোমত্ত হ'য়ে উঠছে— আর এই বড় ছেলে—বাপের কর্তব্য ক'রতে হয় এবার। একটি মেয়ে দেখে

বিয়ের কথাটা পাকা ক'রে ফেলতে হয়। ওয়াং-এর মত তার ছেলেকে আবার বড়-লোকের দুয়ারে ভিক্ষে মেগে, ওদের ফেলা ছড়া, চোষা ছিবড়ে যা পেল এনে বৌ বলে ঘরে তুলতে না হয়। গরীব ওয়াং-এর অন্য উপায় ছিল না। কিন্তু ওর ছেলে তো গরীবের ছেলে নয়। তার বাপের তো অতগুলো জমি জমা রয়েছে—ভাগের নয় জোতের নয়, একেবারে নিজ খাসের।

সুতরাং ওয়াং মেয়ে খুঁজতে লেগে যায়। কাজটা বড় সহজ হয় না। কারণ, সাধারণ ঘরের মামুলী মেয়ে ওয়াং এর কিছুতেই মনে ধরে না।

সেদিন মাঝের ঘরে বসে একসঙ্গে এ মোস্তমের চাষের জন্য কি কি বীজ লাগবে তার হিসেব ক'রতে ক'রতে কথাটা ওয়াং চিংকে বলল। সাহায্যের আশায় বলল, তা নয়। চিং সরল সোজা মানুষ, কুকুরের মত বিশ্বাসী আর প্রভুভক্ত—এমন মানুষের কাছে মন খুলে সুখ আছে। তাই বলল।

ধনী ওয়াং-এর সামনে চিং কিছুতেই বসে না। সম্ভ্রমে দাঁড়িয়ে দাঁড়িয়েই শুনছিল। কথা শেষ হ'তে একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলে স্বভাব কুণ্ঠায় চাপা স্বরে বলল ঃ

'বড় মেয়েটা থাকলে বিনা পণে অমনি তোমার হাতে তুলে দিতাম। তোমার খেয়েই তো বেঁচে আছি।'

ওয়াং ধন্যবাদ দেয়। কিন্তু মনের কথা চেপে যায়। চিং ভালো লোক সন্দেহ নাই, কিন্তু তার নিজের বলতে এক সুতোও মাটি নেই। পরের জমিতে মাইনেতে খাটে। তার মেয়েকে ওয়াং বৌ করবে না।

আর কাউকে কিছু বলল না ওয়াং। রেস্তোরাঁয় যায়, সেখানে আলাপ আলোচনায় কান পেতে শোনে শহরের কোনো অবস্থাপন্ন ঘরের মেয়ের সন্ধান পায় কিনা। নিজের ব্যাপারে খুড়ীব শরণ ছাড়া উপায় ছিল না, কিন্তু ছেলের জন্য পাত্রী খোঁজার কথা বলল না। কাবণ, ওযাং ভালো ক'রে বুঝতে পেরেছে ওসব ব্যাপারেই খুড়ীর হাত পাকা, বিয়ের ঘটকালি তার কর্ম নয়।

তাবপব বরফ আর হাড় কাঁপানো উত্তুরে হাওয়ার মধ্যে নতুন বছরের উৎসব এসে পড়ে। খাওয়া দাওয়া, আসা যাওয়া, দেখা শোনার ধুম পড়ে যায়। ওয়াং-এর সঙ্গে দেখা ক'রতে মেলাই লোক আসে। খালি নিজের গাঁয়ের লোকই নয়, শহর থেকেও বহু লোক এসে শুভ কামনা জানিয়ে যায়!

ওয়াং লাং সিল্কের পোষাক পরেছে। দু'পাশে দুই যোগ্য ছেলে, তাদেরও পরণে সিল্কের পোষাক—টেবিলে সাজানো কত রকমের মিষ্টি পিঠে তরমুজের বীজ, মেওয়া, ঘরে দোরে সব জায়গায় লাল রং-এর মঙ্গল পত্রী। চারদিকেই সৌভাগ্যের চিহ্ন। ওয়াং-এর মনের তারে তারে তাঁরি ভরা সুর বাজে।

তারপর বসন্ত আসে। উইলো গাছের শাখায় শাখায় সবুজেব স্বপ্ন জাগে—পীচ্ গাছ গোলাপী কুঁড়িতে ছেয়ে যায়, কিন্তু ওয়াং ভাবী পুত্রবধূর সন্ধান পায় না।

বসন্তেব দীর্ঘায়িত আতপ্ত দিনগুলি প্লাম-চেরীর সুবাসে ভয়ে ওঠে ঃ উইলো গাছে

নব পল্লবের জড়িমা ধীরে ধীরে খুলে যায়, গাছে গাছে সবুজের সাগর উথলে ওঠে, ভেজা মাটি আর ফসলের সুগন্ধে বাতাস ভরে যায়। ওয়াং-এর বড় ছেলেও যেন অকস্মাৎ সীমা ছাপিয়ে যায়। সর্বদা কেমন যেন মেজাজ খিট্‌খিটে, মন ভার, মুখ ভার—বইয়ে মন বসে না, খায় না। ওয়াং ভয় পেয়ে যায়। কি হয়েছে বুঝতে না পেরে ডাক্তারের শরণ নেয়।

কোনো রকমেই ছেলেকে শোধরানো যায় না। কেবলি পিঠ চাপড়িয়ে চলতে হয়। নইলে অনর্থ। ওয়াং হয়ত বলল: 'খাওয়া নিয়ে গোলমাল কোরো না, খেয়ে নাও।' কথায় হয়ত পিঠ চাপড়ানোর সুর না হ'য়ে একটু অন্য সুর বাজল, ছেলে অমনি মুখ গোমরা ক'রে জেদ ধরে গুম্ হ'য়ে বসে রইল। আর ওয়াং রাগ করলে তো উপায় নেই সে অমনি কেঁদে কেটে ঘর থেকেই চলে যায়।

ওয়াং-এর কোনো খেই পায় না, অবাক হয়ে যায়। তারপর ছেলের পেছন পেছন গিয়ে যথাসাধ্য নরম স্বরে বোঝাতে বসে: 'ছিঃ বাবা, অমন করে না। বল্‌তো আমাকে কি হ'য়েছে তোর!'

ছেলে কেবলি কাঁদে—আর জোরে জোরে মাথা নাড়ে।

আর এক মুস্কিল হ'ল। সে ভোরে বিছানা থেকে উঠবেও না, ইস্কুলেও কিছুতে যাবে না। ওয়াংকে চীৎকার ক'রতে হয় রোজ, ক'খনও মেরেও বসে। মারধর খেয়ে হয়ত মুখ ভার ক'রে বেরিয়ে যায় কিন্তু ইস্কুলে যায় না, রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায়। ওয়াং সারাদিন কিছুই টের পায় না। সেদিন রাতে মেজ ছেলে দাদা ইস্কুলে যায় না, তাকে যেতে হয় এই রাগে নালিশ করে: 'দাদা আজ ইস্কুলে যায়নি বাবা।'

ওয়াং রেগে চেঁচামেচি করে: 'টাকাগুলো কি আমি মিছেমিছি জলে ফেলব?'

তারপর একটা বাঁশ নিয়ে ছেলেকে ধরে মারতে আরম্ভ করে। ওলান্ শুনতে পেয়ে রান্নাঘর থেকে ছুটে এসে মাঝখানে দাঁড়ায়। ওয়াং কিছুতেই থামে না, এদিক ওদিক ঘুরে ওলান্‌কে ঠেলে দিয়ে লাঠি চালায়। মারগুলি সব ওলান্-এর পিঠে পড়ে। কিন্তু আশ্চর্যের বিষয়—যে-ছেলে মুখের কথায় কেঁদে ভাসিয়েছে সে আজ ওই বাঁশের ঘা নিঃশব্দে দাঁড়িয়ে পিঠ পেতে নেয়! থম্‌থমে বিবর্ণ মুখখানা যেন খোদাই করা পাথরের মুখ! ওয়াং লাং ভেবে কুল পায় না—এ কি! রাত দিন কেবল ঐ কথাই ওর মনে হয়।

সেদিনও সন্ধ্যাবেলা ইস্কুলে না যাবার জন্য ছেলেকে খুব মারল ওয়াং। খাওয়ার পর রাতে বসে ওই কথাই ভাবছিল। ওলান্ ধীরে ধীরে নিঃশব্দে সামনে এসে দাঁড়াল। ওয়াং বুঝতে পারে ওলান্ কিছু বলতে চায়।

'কিছু বলবে?'—ওয়াং জিজ্ঞাসা করে।

'বলছিলাম কি, মিছেমিছি মারধোর ক'রছ। আমি জমিদার বাড়ীতে দেখেছি ছেলেরা সোমত্ত হ'য়ে উঠলেই অমনি হয়। তারপর হয় তারা নিজেরাই দাসীদের মধ্যে ব্যবস্থা ক'রে নিত, নয়ত কর্তাই ক'রে দিতেন। দুদিনে সব ঠান্ডা।'

'ও সব চলবে না। আমারও একদিন ঐ বয়স ছিল—কই মনে তো পড়ে না,

অমন মেজাজ, অমন ঠোঁট ফোলান, আর মন গুমরাণী কোনোদিন ছিল! মেয়েমানুষও সাতজন্মে দরকার হয়নি।'

ওলান্ কিছুক্ষণ চুপ ক'রে থেকে ধীরে ধীরে বলে: 'অবশ্য ওবাড়ীর বাবুদের ছাড়া আর করো ওরকম হ'তে দেখিনি। এটা কেন বোঝ না তোমায় খেটে খেতে হয়েছে। কিন্তু ওযে বাবুর মত বসে খায়।'

ওয়াং অবাক হ'য়ে শোনে। তারপর ভেবে দেখে—ওলান্ ঠিক কথাই বলেছে। ও যখন ঐ বয়সের ছিল, মুখ হাঁড়ি ক'রে মন গুমরে থাকার সময় তখন ওর কোথায়? সাত সকালে উঠে তো হাল-বলদ, খুরপী, কোদাল নিয়ে মাঠে গেছে। খাটতে খাটতে পিঠ বেঁকে গেছে। কাঁদলেই বা দেখতে গেছে কে? ওর ছেলে ইস্কুল পালায়, কিন্তু ওর কি কাজ পালালে রক্ষে ছিল! খাবে কি? কাজেই ওকে খাটতে হয়েছে। সব কথাই ওয়াং-এর মনে পড়ে যায়। তুলনা ক'রে দেখে: ওর ছেলে ওর মত নয়। কত নরম, কত দুর্বল। হবেই তো, ওয়াং-এর বাপ ছিল গরীব, আর এর বাপ বড়লোক। ওয়াং-এর কত লোক খাট্ছে ক্ষেতে, ওর ছেলের তো আর গিয়ে হাল ঠেলার দরকার নেই। তাছাড়া লেখা-পড়া শিখে পন্ডিত হ'য়েছে ছেলে। তাকে নিয়ে আর হালে জোতা যায় না।

ছেলের গর্বে ওয়াং-এর মনটা গোপনে ভরে যায়।

'তা কি ক'রবে বলো!' ওয়াং বলে: 'ছেলের যদি একটু বড়মানুষী ধরন হ'য়েই থাকে, কি আর করা যায়। কিন্তু তাই বলে আমি দাসী টাসি জোটাতে পারব না বলে দিচ্ছি। বরঞ্চ বিয়েরই যোগাড় দেখছি।'

বলে, উঠে কমলের ঘরে চলে গেল।

[তেইশ]

কমল লক্ষ্য করে ওয়াং কেমন অন্যমনস্ক। ওর সুন্দর মুখখানা ছাড়া অন্য কি যেন ওর মন জুড়ে আছে। অভিমানে ঠোঁট ফুলিয়ে বলে:

'আগে যদি জানতাম একটা বছরের মধ্যেই তুমি আমায় অমন হেলা ফেলা ক'রবে, তাহলে কি আর আসি! সেই রেস্তোরাঁই আমার ভালো ছিল।' বলে মাথা অন্যদিকে ঘুরিয়ে অপাঙ্গে ওয়াং-এর দিকে দেখতে লাগল। ওয়াং হেসে ফেলে কমলের হাতখানা তুলে নিয়ে নিজের চোখে মুখে বুলায়, হাতখানার সুবাস অনুভব করে। বলে:

'জামার মধ্যে হীরের বোতাম থাকলে মানুষ তো সেই কথাই জপে না সারাক্ষণ; হারালে তবে টনক নড়ে। বড় খোকা আমায় ভাবিয়ে তুলেছে। ও যেন কেমন হ'য়ে গেছে। বুঝতেই পাচ্ছ কি চায়। বিয়ে দেওয়া দরকার কিন্তু পাত্রী তো পাচ্ছি না। আমাদের এই গাঁয়ের কোনো ঘরে ওর বিয়ে হয় আমি চাই না। তা ছাড়া, ঠিকও হবে না—কারণ, এখানে সবাই তো একই জ্ঞাতি-গোষ্ঠী, সবাইর তো ওয়াং গোত্র। শহরেও তো কাউকে চিনি না। পেশাদার ঘটকদের কাছেও যেতে ইচ্ছে করে না।

অনেক সময় মেয়ের বাপের টাকা খেয়ে কানা খোঁড়া মেয়ে চালিয়ে দেয় মাগীরা।'

দীর্ঘছন্দ সুকুমার মূর্তি তরুণ নাং এনের ওপর কমলের পক্ষপাত ছিল একটু। ওর নাম হতেই কমল একটু সোজা হ'য়ে বসল। একটু ভেবে বলল ঃ

'ওখানে যখন ছিলাম এক ভদ্রলোক আসত আমার কাছে। প্রায়ই মেয়ের গল্প করত। একেবারে আমার মত নাকি দেখতে। তবে তখন তো খুবই ছোট ছিল। সেই ভদ্রলোক বলত আমি নাকি এত বেশী তার মেয়ের মত দেখতে যে আমাকে অন্য চোখে সে কিছুতেই দেখতে পারে না। এবং এ জন্য সে যেতো ঐ ধুমসী লাল মুখো 'ডালিম ফুলের' কাছে। অবশ্য ভালো আমাকেই সব চেয়ে বেশী বাসত।'

'লোকটা কেমন, কি করে, জানো কিছু ?'

চমৎকার লোক আর কি দরাজ হাত। কোনো জিনিস দেব বলে ভাঁড়ায়নি কখনও। যেমন মুখ দিয়ে কথা বেরনো অমনি কাজ। আমাদের সকলেরই বড় ভালো লাগত একে। টাকা পয়সা নিয়ে কোনোদিন কাঁইকুঁই করেনি, কোনো মেয়ে পুরো সময় দিতে না পারলে অন্য ব্যাটাদের মত ঠকিয়েছে ঠকিয়েছে বলে চেঁচিয়ে বাড়ী মাথায় করেনি। আস্তে আস্তে ক'বে পুরো টাকাটি হাতে তুলে দিয়ে কি সুন্দর ক'রে বলতো ঃ 'আচ্ছা তাঁহলে আমি এখন যাই। তুমি ততক্ষণ বিশ্রাম ক'রে নাও।' কি কথা, কেমন চমৎকার ব্যবহার সকলের সাথে! যেন রাজপুত্র বা কোন বড় বনেদী ঘরের ছেলে!'

বলে কমল যেন কি ভাবতে লাগল। কমল আবার তার পুরানো জীবনের স্মৃতির পাঁক ঘাটতে বসে, এ ওয়াং-এর ভালো লাগল না। ওর চিন্তার খেই ছিঁড়ে দেবার জন্য তাড়াতাড়ি বলে উঠল ঃ 'খুব বড়লোক তাহ'লে! কি করত জানো ?'

'ঠিক জানি না,' কমল বলে ঃ 'তবে মনে হচ্ছে যেন গোলাদারী ব্যবসা না কি আছে। কোকিলা ঠিক বলতে পারবে। যতলোক ওখানে আসতো সকলের হাঁড়ির খবর কোকিলা রাখত।' বলেই কমল তালি বাজায়। কোকিলা আগুনের আঁচে লাল চোখমুখ নিয়ে রান্নাঘর থেকে ছুটে আসে। কমল জিজ্ঞাসা করে ঃ

'সেই যে একজন মোটা-পানা ভালোমানুষ মত এক ভদ্রলোক ছিল—আগে আমার কাছেই আসত, তারপর আমি তার মেয়ের মত ব'লে ডালিম ফুলের কাছে যেতে সুরু করল—। খুব ভালো বাসত আমাকে। তার নামটা কি যেন—তোমার মনে আছে ?'

'লিউ-র কথা বলছ ? সেই যে গোলদার!' কোকিলা জবাব দেয় ঃ 'সত্যি বড় চমৎকার মানুষ। অমন আর হয় না। আমায় দেখলেই, হাতে টাকা গুঁজে দিত।'

ওসব মেয়েলী কথা অতটা গায়ে না মেখে একটু নির্লিপ্ত ভাবেই ওয়াং জিজ্ঞাসা করে ঃ 'থাকে কোনদিকটায় ?'

'ষ্টোনব্রিজ রোডে।' কোকিলা বলে।

কোকিলার কথা শেষ না হতেই ওয়াং আনন্দে হাততালি দিয়ে প্রায় লাফিয়ে ওঠে।

'আরে আমার কাজও তো ঐ পট্টিতেই! এতো খুব ভালো সম্বন্ধ।' এবারে ওয়াং-এর আগ্রহ জেগে উঠল। ওরই মাল কেনে এমন লোকের সঙ্গে যদি কুটুম্বিতে হয় সে তো খুব সৌভাগ্যের কথা।

ইঁদুর যেমন চর্বির গন্ধ পায়, কোনো কাজের কথা হ'লেই কোকিলা আগে থাকতে টাকার গন্ধ পায়। তাড়াতাড়ি এপ্রণে হাতটা মুছে নিয়ে বলে ঃ 'বলেন তো দেখতে পারি চেষ্টা ক'রে।'

ওয়াং সন্দিগ্ধ ভাবে কোকিলার ধূর্ত মুখের দিকে তাকায়। কমল খুশি হ'য়ে বলে ঃ 'হ্যাঁ হ্যাঁ, সেই ভালো। লিউ তো কোকিলাকে চেনেই,—ওই যাক্। কোকিলা চালাক চতুর আছে, ঠিক কাজ হাসিল ক'রে আসতে পারবে। ভালো ক'রে কাজ ক'রলে ঘটকী বিদায় না হয় ওকেই দেয়া যাবে।

গভীর আন্তরিকতার সুর টেনে কোকিলা বলে ঃ আচ্ছা, আচ্ছা, আমি ঠিক ক'রে দেব।' হাতের তেলোতে কতগুলো ঝক্ঝকে রুপোর ডলার কল্পনা ক'রে মনে মনে উৎফুল্ল হ'য়ে ওঠে কোকিলা। এপ্রণটি খুলতে খুলতে খুব আগ্রহের সঙ্গে বলে ঃ 'আমি এক্ষুণি হ'য়ে আসিগে। তরকারী পাতি সব কোটা রয়েছে। মাংসও সেদ্ধ হয়েও কষা হ'য়ে রয়েছে, খাবার সময় একেবারে গরম গরম রান্না ক'রে দেব।'

কিন্তু ওয়াং তখনও ভালো ক'রে ভেবে দেখেনি, আর তাড়াতাড়ি করারও কিছু নেই। কোকিলাকে ডেকে বলল ঃ 'দেখ, আমি তো এখন কিছু ঠিক করিনি। কদিন একটু ভালো ক'রে ভেবে নি, তারপর যা হয় তোমায় বলব'খন।'

কমল কোকিলা, দু'জনেই একটু আগ্রহান্বিত হ'য়ে উঠেছিল। কোকিলা প্রাপ্তির আশায়; আর কমল একটু নতুন কিছু হবে, দু'দিন স্ফূর্তির খোরাক জুটবে, এই আশায়! ওয়াং বলতে বলতে বেরিয়ে গেল ঃ 'তোমরা সবুর কর একটু। ছেলে আমার, আমায় একটু ভাবতে দাও!'

ভাবতে ভাবতে হয়ত' বহুদিন গড়িয়ে যেত। কিন্তু মাঝখানে বিঘ্ন ঘটে ওয়াং-এর ভাবনা সূত্র ছিন্ন ক'রে দিল। সেদিন ভোর বেলায় নাং এন্ মদ খেয়ে টল্তে টল্তে কোত্থেকে বাড়ী এল। এর আগে বাড়ীর তৈরী খুব হাল্কা, জোলো ভাতের মদ ছাড়া আর কখনও খায় নি। এসেই হুমড়ি খেয়ে উঠানে পড়ে গেল। শব্দ শুনে ওয়াং ছুটে এল। এসে দেখে ছেলে উঠানে ধুলোয় পড়ে বমি ক'রছে আর কুকুরের মত বমিতেই গড়াগড়ি ক'রছে।

ওয়াং ভয় পেয়ে চীৎকার ক'রে ওলান্কে ডাকল। তারপর দু'জনে ধরে ওকে তুলে ধুইয়ে মুছিয়ে পরিষ্কার ক'রে ওলান্-এর ঘরে এনে শুইয়ে দিল। শোয়াবার আগেই নাং এন্ ঘুমিয়ে পড়েছিল। এখন মড়ার মত পড়ে রইল। ওয়াং-এর একটা কথারও উত্তর দিতে পারল না।

ওয়াং উঠে নাং এন্ আর নাং ওয়েনের শোবার ঘরে গেল। নাং ওয়েন্ হাই তুলতে তুলতে এবং আড়মোড়া ভাঙ্গতে ভাঙ্গতে বই গোছাচ্ছিল স্কুলে যাবার জন্য। ওয়াং ওকে জিজ্ঞাসা করল ঃ 'তোর দাদা কাল এখানে শোয়নি?

'না—'অনিচ্ছাসত্বে ওয়েন জবাব দেব। ওয়াং লক্ষ্য করল ছেলের চোখে মুখে ভয়ের ছায়া। কঠোর হ'য়ে আবার জিজ্ঞাসা করল ঃ

'কোথায় ছিল তবে?'

ওয়েন্ জবাব দিল না। ওয়াং ওর ঘাড় ধরে ঝাঁকাতে ঝাঁকাতে চীৎকার ক'রে উঠল : 'শিগগির, বল্ পাজী কোথাকার! বল্, কোথায় ছিল?'

ওয়েন্ ভয়ে কেঁদে ফেলল। কাঁদতে কাঁদতে বলল : 'দাদা আমাকে বলতে মানা ক'রে দিয়েছে যে! বল্লে ছুঁচ পুড়িয়ে ফুটিয়ে দেবে। আর না বললে পয়সা দেবে বলেছে।'

ওয়াং আর রাগ সমালাতে পারে না।'

'বল শিগগির, নইলে খুন ক'রে ফেলব।' গর্জন ক'রে ওঠে।

ওয়েন্ চারিদিকে তাকিয়ে দেখল, রক্ষা করার কেউ নেই। না বললে বাবা ওর টুটি ছাড়বে না, টিপ্‌তে টিপ্‌তে মেরেই ফেলবে। কাজেই মরীয়া হ'য়ে বলে ফেলল :

'তিন রাত্তির ধরেই তো দাদা বাড়ী আসে না। কোথায় যায় আমি কি ক'রে জানব? যায় তো কাকার সঙ্গে।'

ওয়াং ছেলের টুটি ছেড়ে একদিকে ঠেলে ফেলে দিয়ে দুম্‌দাম্ ক'রে পা ফেলে কাকার ঘরে এসে উপস্থিত হ'ল। দেখল কাকার ছেলেরও ওই একই হাল। চোখ মুখ লাল—যেন আগুন বেরুচ্ছে। তবে সে নাং এন্-এর চাইতে বয়সে বড়; আর এদিকটায় একটু পেকেছেও, কাজেই একটু শক্ত আছে, অত কাহিল হয় নি। ওকে দেখেই ওয়াং চীৎকার করে উঠল : 'বল্ আমার ছেলেকে কোথায় নিয়ে গিয়েছিলি!'

বেহায়া ছেলেটা ভ্রূকুটি ক'রে জবাব দিল : 'সে কচি খোকা নয়, নিয়ে যাবার দরকার হয় না, নিজেই রাস্তা চেনে।'

ওয়াং-এর ইচ্ছা হয় বকাটে মুখটাকে থেঁতলে ভোঁতা ক'রে দেয়। গর্জন করে ওঠে : 'কাল রাতে কোথায় গিয়েছিল সে?'

ওয়াং-এর গলার স্বরে কাকার ছেলে ভয় পেয়ে গেল। উদ্ধত চোখ দুটো নীচু ক'রে নেহাৎ অনিচ্ছায় রাগে গরগর ক'রতে ক'রতে জবাব দিল : 'ওই জমিদার বাড়ীতে একটা ঘরে একজন মেয়ে-মানুষ থাকে, তার ওখানে গিয়েছিল।'

কথাটা কানে যেতেই ওয়াং-এর ভেতর থেকে একটা আর্তনাদ বেরিয়ে এল। ও বেশ্যাকে চেনে না এমন লোক নেই। নেহাৎ কুলি মজুর ছাড়া ওর কাছে কেউ যায় না, কারণ, ওর মরশুম প্রায় ফুরিয়ে এসেছে, কাজেই ওর কাছে সস্তায় বেশীর কারবার। না খেয়ে তক্ষুণি বেরিয়ে গেল ওয়াং। গেট পেরিয়ে মাঠে এসে পড়ল। একবারও তাকিয়ে দেখল না মাঠে কি ফসল ফলেছে, কেমন ফলেছে! এরকম ঘটনা ওর জীবনে আজ এই প্রথম। ছেলের চিন্তায় বিধুর ওয়াং-এর আজ আর কোনো দিকে দৃষ্টি নেই। ওর দৃষ্টি আজ ওর মর্মে নিবিষ্ট। শহরের গেট পেরিয়ে ও সোজা গিয়ে উপস্থিত হ'ল বিলুপ্ত-মহিমা জমিদার বাড়ীর দরজায়।

বিশাল কপাট দুটো সম্পূর্ণ খোলা। লোহার বড় বড় কব্জার ওপর মোচড় দিয়ে কেউ আর এ কপাট বন্ধ করে না। ভদ্রইতর-সাধারণ সকলের জন্যই অবারিত দ্বার। ওয়াং ভেতরে চলে গেল। ঘর আর মহলগুলোতে সাধারণ স্তরের মানুষ

কিলবিল ক'রছে। এরা সব ভাড়াটে। এক একটা ঘরে এক একটা গোটা পরিবার এ'টে সে'টে গা ঘে'সে দিন কাটায়। বাড়ীটা একেবারে নরককুন্ড হ'য়ে আছে। বুড়ো পাইন গাছগুলোকে কেটে ফেলা হ'য়েছে—যেগুলো দাঁড়িয়ে আছে তারাও মরণ-পথ-যাত্রী। পুকুরগুলি আবর্জনায় প্রায় বুজে এসেছে।

এসব কিছুই ওয়াং-এর চোখে পড়ল না। বাইরের মহলের উঠানে দাঁড়িয়ে চীৎকার ক'রে ডাকল ঃ 'য়ান্ কার নাম এখানে ?'

তিন পেয়ে একটা টুলে বসে একজন স্ত্রীলোক জুতোর সুক্তলা সেলাই করছিল। সে মাথা নেড়ে ইঙ্গিত ক'রে একটা দরজার দিকে দেখিয়ে দিয়ে এমনভাবে নিজের কাজে মন দিল যেন ঐ একই প্রশ্ন বহুবার শুনেছে সে এবং এই শোনাটা ওর অভ্যাসে দাঁড়িয়ে গেছে।

নির্দিষ্ট দরজার কাছে গিয়ে ঘা দিতেই একটা খন্খনে রুষ্টস্বর ভেতর থেকে জবাব দিল ঃ 'কোন মুখপোড়া মরতে এলো আবার ! যাও যাও এখন আর পারব না, আর গতরে দেবে না। সারারাত পর এই তো সবে একটু বিছানায় গতর ঠেকিয়েছি। আমাদের কি আর ঘুম টুমের দরকার নেই গা ?'

ওয়াং কথা কয় না। কেবলি ধাক্কা দেয়। অবশেষে একটা খস্ খস্ শব্দ কানে আসে ! একটি স্ত্রীলোক এসে দরজা খুলে দেয়। স্ত্রীলোকটির বয়স নেহাৎ কম নয়, মুখে গভীর ক্লান্তির ছায়া। দু'টি ঝুলে-পড়া পুরু ঠোঁট ; কপালে সাদা আর গালে-ঠোঁটে লাল রং-এর পুরু পালিশ। তখনও ধোয়া হয়নি। ওয়াং-এর দিকে তাকিয়ে ঝাঁঝিয়ে মেয়েটি বলল ঃ 'কতবার বলব যে এখন হবে না। ওবেলা যত শিগগির চাও এসো। কিন্তু এখন কিছুতেই পারব না। বিরক্ত ক'রো না, এখন ঘুমুতে দাও দিকি !'

মেয়েটার চেহারা দেখেই এবং এখানের এ-নরকের মধ্যেই ওর ছেলেটা আসে মনে হ'তেই ওয়াং-এর বুকটা মোচড় দিয়ে উঠল। মেয়েটার কথার মাঝখানেই কর্কশ ভাবে বলে উঠল ঃ 'আমার কোনো দরকার নেই, এসেছি আমার ছেলের জন্য। নইলে এসব জায়গায় আমরা আসিনা।' একটা জমাট বাঁধা কান্না যেন তাল পাকিয়ে ওয়াং-এর গলার কাছে উঠতে লাগল।

'তোমার ছেলের কি হ'লো আবার ?'

'কাল রাতে সে এখানে ছিল ? ওয়াং-এর স্বর কাঁপে।

'কত লোকই তো কাল এসেছিল—কে তোমার ছেলে কি ক'রে জানব।'

'একটি ছোট ছেলে, বয়সের আন্দাজে একটু লম্বা বেশী,' ওয়াং মিনতি করে ঃ 'দেখ, দেখ, একটু মনে ক'রতে চেষ্টা কর—দেখতে বড় হ'য়ে গেছে, কিন্তু বড় কাঁচ বয়স ! আমি তো স্বপ্নেও ভাবিনি এ-বয়সেই সে মেয়েমানুষ ধরবে !'

অনেকক্ষণ ভেবে মেয়েটি বলল ঃ 'হ্যাঁ দু'জন এসেছিল। একজন বেশ যোয়ান সোমত্ত গোছের—ঝুনো নারকেলটির মত চেহারা, নাকের ডগাটা উপরের দিকে উল্টোন। টুপিটা এক কানের দিকে একটু হেলান। আর আর একজন, ঐ যেমন বললে—ডাগর ডোগর দেখতে, কিন্তু মুখখানা কাঁচ। ভাব দেখলে মনে হয় যেন

বড় হবার জন্য ভারী ব্যস্ত হ'য়ে পড়েছে।'

'হ্যাঁ হ্যাঁ, ঐ, ঐতো আমার ছেলে।' ওয়াং অধীর হ'য়ে ওঠে।

'তোমার ছেলে তো বুঝলাম। কিন্তু হ'য়েছে কি বলনা।'

ওয়াং ব্যগ্রভাবে বলে: 'আমি বলছিলাম যে, সে যদি আবার আসে, তাকে তুমি তাড়িয়ে দিও। দোহাই তোমার, আসতে দিওনা—ব'লো, ছেলেমানুষ তোমার চলে না। বলো, বলো, কথা রাখবে? যদি রাখো, যতবার সে আসবে আর যতবার তুমি তাকে তাড়িয়ে দেবে—তোমার যা দস্তুর তার দুনো আমি গুণে তোমার হাতে তুলে দেব। বলো, রাখবে?'

স্ত্রীলোকটি হেসে উঠলো। হঠাৎ ওর মেজাজ সপ্তম থেকে একেবারে নিখাদে নেমে এল। মোলায়েম সুরে নির্লিপ্ত ভাবে জবাব দিল: 'কাজ না ক'রে পয়সা পেলে কে আর ফেলে? যা বলছ তাই হবে।...যা বলেছ—কচি খোকাদের নিয়ে স্ফূর্তি জমে না। বলতে বলতে ওয়াং-এর দিকে কটাক্ষ হেনে মাথা নাড়ে।

কুৎসিৎ মুখটা ওয়াং আর সহ্য ক'রতে পারে না। ঘৃণায় ওর ন্যক্কার আসে। তাড়াতাড়ি 'আচ্ছা আমি চললাম—' বলে হন্ হন্ ক'রে বাড়ীর দিকে পা চালিয়ে দিল। মেয়েটার কথা মনে হ'তেই ওর সারা গা ঘিন ঘিন করে। সারাপথ থুথু ফেলতে ফেলতে আসে।

সেদিনই এসে কোকিলাকে বলল: 'যাও তো দেখি, সেই ভদ্রলোকের সঙ্গে গিয়ে কথাবার্তা বলে এসো। মেয়ে পছন্দ হ'লে পণ ভালোই দেব—তবে দেখো ওদের দাবীটা যেন খুব বেশী না হয় আবার।'

তারপর এসে ঘুমন্ত ছেলের পাশে বসল। কি সুন্দর শান্ত, ঘুমন্ত মুখখানা! কি কচি, কি সুকুমার! তারপর সেই রংমাখা, পুরু ঠোঁটওয়ালা বীভৎস মুখটা চোখের সামনে ভেসে ওঠে। রাগে, ঘৃণায় ওয়াং-এর সমস্ত দেহ মন ক্লিষ্ট হ'তে থাকে।

ওলান্ আসে। ছেলের দিকে তাকিয়ে দাঁড়িয়ে থাকে। ছেলের সর্বাঙ্গ ঘামে ভিজে গেছে। ওলান্ ভিনিগার আর গরম জল এনে ওর গা মুছিয়ে দিল। ওলান্ দেখেছে জমিদার বাড়ীতে তরুণ বাবুদের মদ খেয়ে অমনি হ'ত—অমনি ক'রেই ভিনিগার দিয়ে তাদের গা মোছান হ'ত। ওয়াং বিহ্বল হ'য়ে তাকিয়ে থাকে—ঐ কচিমুখ। কিন্তু কি গভীর নেশা! এত নাড়া চাড়িতেও ঘুম ভাঙ্গল না। ওয়াং উঠে পড়ে। রাগে জ্বলতে জ্বলতে কাকার ঘরে এসে উপস্থিত হয়। এই লোকটা যে ওরই পিতৃসহোদর, পরম সম্মানের পাত্র একথা ভুলে যায়। ওর হীরের টুকরো ছেলের সর্বনাশ যে সয়তান করেছে, সেই পাষণ্ডের জন্মদাতা এ লোকটা একথাই ওর মনে জেগে থাকে। নিজেকে সামলাতে পারে না, চীৎকার ক'রে ওঠে: 'সাপ! দুধকলা দিয়ে সাপ পুষেছি। আমার খাচ্ছ আর আমাকেই ছোবল মারছ।'

টেবিলের ওপর ঝুঁকে পড়ে কাকা তখন প্রাতরাশ নিয়ে ব্যস্ত। কাজকর্ম নেই, দুপুর পর্যন্ত ঐ খানেই বসে থাকে বৃদ্ধ। ওয়াং-এর কথা শুনে অলস নির্লিপ্ত ভাবে বলল: 'কি হলো রে?'

ওয়াং লাং কোনোরকমে সব কথা বলে ফেলে। ওর যেন দম আটকে আসে। কাকা শুনে একটু হেসে বলল : 'ছেলে কি চিরকাল মায়ের কোলে শুয়ে দুধ খাবে? বড় হবে না? দেখিসনি—কুকুরের বাচ্চা ধাড়ী হ'লেই মাদী দেখলেই পেছু নেয়!'

কাকার ওই হাসিটি কানে যেতেই, একটি সংক্ষিপ্ত মুহূর্তের মধ্যে বহু পুরানো স্মৃতি ওয়াং-এর মনে ভিড় ক'রে এল। এই কাকার জন্য কত দুর্ভোগ না ওকে ভুগতে হয়েছে। ওকে দিয়ে জমিগুলো বেচবার জন্য কত ফিকির ক'রল সে বছর। কিছু করবে না, তিনজনে মিলে কেবল খেয়ে খেয়ে ফুলবে। কমলের জন্য ও অত খরচ ক'রে ভালো ভালো খাবার আনে। ঐ ধুমসী বুড়ী খেয়ে সব উজাড় করে। আবার এখন এই বুড়োর গুণধর ছেলে ওর ছেলেটার মাথা খেতে বসেছে। ওয়াং রাগে ঠোঁট কামড়ে জিভ কামড়ে বলে :

'আর না—খুব হয়েছে। এখন পথ দেখ সবাই। আজ থেকে তোমাদের এখানকার অন্নজল উঠল। তোমাদের মত লোককে বাড়ীতে জায়গা দেবার চাইতে বরং বাড়ী জ্বালিয়ে দেব। যত নিমক-হারামের দল!'

নির্বিকার চিত্তে কাকা খেয়েই চলে। ওয়াং-এর কথায় কোনো ভ্রূক্ষেপই নাই। ওয়াং দাঁড়িয়ে দাঁড়িয়ে রাগে ফোলে। অবশেষে আর সহ্য ক'রতে না পেরে হাত তুলে এগিয়ে আসে। এবারে কাকা মাথাটা একটু তুলে বলে :

'তাড়া দেখি কেমন মুরোদ!'

ওয়াং গর্জে উঠল : 'হ্যাঁ, তাড়াবই তো—কি করবে?—'

কথা শেষ হবার আগেই কাকা কোট খুলে লাইনিং-এর তলাটা খুলে ধরে।

লাল দাড়ি একটা, আর একখন্ড লাল কাপড়!!

ওয়াং লাং যেন পাথর হ'য়ে গেল। নিমেষে ওর রাগ একেবারে জল। ও দাঁড়িয়ে দাঁড়িয়ে কাঁপতে লাগল। ওর মনে হ'ল শরীরের সমস্ত শক্তি যেন একেবারে নিঃশেষ হ'য়ে গেছে।

লাল দাড়ি, লাল কাপড় ডাকাত দলের চিহ্ন!

এরা কত যে ঘর জ্বালিয়েছে এ-অঞ্চলের, পুরুষদের দরজার সাথে বেঁধে রেখে মেয়েদের নিয়ে গেছে। পরের দিন দেখা গেছে বাধ্য অবস্থায় লোকগুলো হয় উম্মাদ হ'য়ে প্রলাপ বকছে, নয়ত তাদের মৃতদেহ ঝুলছে—ঝলসান, পোড়ান—যেন অল্প আঁচে বেশ ক'রে রোষ্ট্ করা।

ওয়াং-এর চোখ যেন কোটর থেকে ঠিক্‌রে বেরিয়ে আসতে চায়। একটি কথা না বলে নিঃশব্দে ওয়াং ফিরে আসে। কাকা আবার ভাতের বাটির ওপর ঝুঁকে পড়ে। আসতে আসতে কাকার চাপা হাসি ওয়াং-এর কানে এসে বেঁধে।

ওয়াং যেন আষ্টে পৃষ্ঠে জালে জড়িয়ে পড়ল। এমনটা হবে ও ভাবতেও পারেনি। কাকা ঠিক তেমনি আছে—খোঁচা খোঁচা পাকা দাড়ির ফাঁকে দাঁত-বের-ক'রে হাসি: সেই এলোমেলো ছেঁড়া ময়লা কাপড় কোনো মতে দেহের সঙ্গে জড়ান। ওকে দেখলেই ওয়াং-এর রক্ত যেন হিম হ'য়ে জমে যায়। নেহাৎ দরকার হ'লে দু'একটা কথা অতি বিনীতভাবে বলা ছাড়া আর কথা বলতে ওয়াং-এর সাহস হয় না। কে

জানে ভয়ঙ্কর লোকটা কি ক'রে বসে। কিন্তু সুদিনে দুর্দিনে কোনো সময়েই ওয়াং-এর বাড়ীতে একদিনও ডাকাত পড়েনি, এ কথা ঠিক! এক এক সময়ে, কি ভয়ে দিন গেছে। কমলের সঙ্গে দেখা হবার আগে পর্যন্ত ও একেবারে সাদামাটা পোষাক পরেছে বেশে বাসে, কিছুতে ঐশ্বর্যের কোনো চিহ্ন রাখেনি। অতি সাবধানে পরিহার ক'রে চলেছে। পাড়া-পড়শীদের কাছে ডাকাতের গল্প যেদিন শুনেছে রাতে ওর ঘুম হয়নি। সামান্য শব্দে ও জেগে উঠেছে। কিন্তু কোনোদিন ডাকাত পড়েনি।

ক্রমে ওয়াং-এর ভয় চলে যায়। ওর দৃঢ় বিশ্বাস হয়—ওকে রক্ষা ক'রছেন দেবতারা—ওর এত ধন সেও দেবতারই দান। দেবতাদের সম্বন্ধেও ধীরে ধীরে ও উদাসীন হ'য়ে ওঠে। বিনা সাধনায় দেবতার প্রসন্নতা পেয়ে পেয়ে একটু ধূপ, একটা দীপ ঠাকুরের সামনে দেবার কথাও ওয়াং ভুলে যায়। সব ভুলে নিজের বিষয় চিন্তায় ও ডুবে গেল। আজ এসব কথা মনে হ'তে ওর বুক দুরু দুরু ক'রে ওঠে—দর্ দর্ ক'রে শীতল ঘাম ঝরতে থাকে। আজ ও বোঝে কার দক্ষিণ হস্ত ওকে এতদিন রক্ষা ক'রেছে। কাকার জামার মধ্যে লুকনো যা দেখেছে কাউকে বলতে সাহস হয় না সে-কথা।

কাকাকে বাড়ী থেকে চলে যাব্যর কথা আর বলে না। কথায় জোর ক'রে আগ্রহের স্বর মাখিয়ে বলে: 'ও ঘরে গিয়ে দুটো ভালো মন্দ মুখে দিও খুড়ী।' হাতে মাঝে মাঝে টাকাও গুঁজে দেয়, বলে: 'হাত খরচ ক'রো, রেখে দাও।'

কাকার ছেলের হাতে টাকা গুঁজে দিয়ে বলে: 'তোদের যোয়ান বয়েস, এদিক ওদিক খরচ ক'রতে লাগে তো, ধর টাকা কটা।' বলতে গিয়ে ওয়াং-এর গলার স্বর যেন বন্ধ হ'য়ে যায়—তাল পাকিয়ে গলার কাছে কি যেন উঠতে থাকে।

কিন্তু নিজের ছেলেকে অতি সাবধানে চোখে রাখে। সন্ধ্যার পর কোনো কারণেই বাড়ী থেকে বেরুতে দেয় না। সে রাগে চীৎকার ক'রে হাত পা ছুঁড়ে ছোট ভাই বোনদের মেরে ধরে কুরুক্ষেত্র বাঁধিয়ে বসে। চারদিকে ওয়াং-এর আর ঝঞ্ঝাটের অন্ত থাকে না।

নানা ঝঞ্ঝাটে, দুশ্চিন্তায় ওয়াং প্রথমটা কাজে একেবারেই মন বসাতে পারে না। একবার ভাবে দিই কাকাদের দূর ক'রে। তারপর শহরে চলে যাই। চারদিকে উঁচু পাঁচিল—রাত্তিরে গেট থাকে বন্ধ। কি ক'রবে ডাকাতে? তারপর মনে হয়, না—তাহ'লে তো রোজ অতটা দূর হেঁটে ক্ষেতে আসতে হবে। তারপর ক্ষেতে কাজ করবার সময় যদি কিছু হয়? তখন তো আর কেউ কাছে থাকবে না। কিন্তু তাহ'লে তো জমি-জমা ছেড়ে ওকে শহরেই গিয়ে ঘরে রাতদিন হুড়কো এঁটে বসে থাকতে হবে। সে পারবে না ওয়াং—ক্ষেত জমি ছেড়ে ও বাঁচবে না। তা ছাড়া আকাল দুর্দিনও রয়েছে। আর শহরেই কি রেহাই আছে। জমিদার বাড়ীতেই তো কতবার ডাকাত পড়ল। পাঁচিল আর গেট—পারল ডাকাত আটকাতে? আর এক কাজ অবশ্যি করা যায়, ওয়াং আবার ভাবে: 'শহরে গিয়ে ম্যাজিস্ট্রেটের কাছে বলে আসি যে আমার কাকা লালদেড়েদের দলের লোক।' কিন্তু ওকে কে বিশ্বাস

ক'রবে? আপন কাকা—বাপের সাক্ষাৎ ভাই, তার সম্বধে যে অমন সর্বনেশে কথা বলতে পারে তাকে কেউ বিশ্বাস করবে না। মাঝে থেকে গুরুজনকে অসম্মান করার জন্য ওই মার খেয়ে মরবে, কাকার কিছুই হবে না। আর ডাকাতরা টের পেলে তো আর কথাই নেই, জান নিয়ে শোধ তুলে ছাড়বে।

ওদিকে আর এক মুস্কিল হ'ল! কোকিলা ফিরে এসে জানাল লিউ-এর সঙ্গে কথাবার্তা একরকম ভালোয় ভালোয় হ'য়ে গেছে। কিন্তু তার মেয়ে বড় ছোট, সবে এই চোদ্দ বছর মাত্র বয়েস। কাজেই তার ইচ্ছা নয় যে বিয়ে এখন হয়। কথা পাকাপাকি হ'য়ে থাক, বিয়ে বছর তিনেক পরে হবে। ওয়াং লাং বসে পড়ল। আরো তিন তিনটে বছর ছেলের ঐ মেজাজ সইতে হবে! কিছু করবেও না হতভাগা ছেলে—দশদিনের মধ্যে দুটো দিনও যদি ইস্কুলে যায়। হাত পা খুঁটে বসে থাকবে আর ফোঁস্ ফোঁস্ ক'রবে!

রাতে খেতে বসে ওলান্‌কে বলল:

'দেখ, সব কটা ছেলের পাত্রী ঠিক ক'রে ফেলি যত শিগগির পারি। যত তাড়াতাড়ি হয় ততই ভালো। যেই বড় হ'য়ে উঠে একটু আন্‌চান্ আরম্ভ করবে, অমনি বিয়ে দিয়ে ফেলব। বাস্। নইলে আরো তিনবার এরকম আদিখ্যেতা দেখতে হবে।'

রাতে ওয়াং-এর ভালো ঘুম হ'ল না। ভোরে উঠেই সখের লম্বা আচকান খুলে ফেলে দিল—জুতোজোড়া ছুঁড়ে ফেলে দিল আর একদিকে। কোদাল হাতে নিয়ে চলল মাঠের দিকে। তারপর সংসারে অশান্তি হ'লে ও যা ক'রে থাকে—সদর দিয়ে যাবার সময় দেখল বড় খুকী বসে বসে ন্যাকড়ার ফালি নিয়ে খেলা করছে আর আপন মনে হাসছে। ওয়াং মনে মনে বল্‌ল: 'এ মেয়েটাই আমার সব জ্বালার শান্তি।'

এর পর কদিন রোজই ওয়াং লাং মাঠে গিয়ে নিয়মিত কাজ করল। আবার মাটি আর রোদে মিলে ওর সব ক্লেশ হরণ ক'রে নিল—গ্রীষ্মের উষ্ণ বায়ু ওর সর্বাঙ্গে মেখে দিল স্নিগ্ধ শান্তি।

সেদিন দক্ষিণ দিক হতে ছোট একখানি হাল্কা মেঘের টুকরো আকাশের প্রান্তে দেখা দিল। বুঝি ওর সব জ্বালা, সব অশান্তির মূলোচ্ছেদ করবার জন্যই প্রথমে মেঘটা খানিকটা কুয়াশার মত দিগন্তের প্রান্তে ঝুলে রইল স্থির হ'য়ে। এমনি তো মেঘ বাতাসে ভেসে যায়, কিন্তু এ মেঘখানা একটুও নড়ল না। তারপর গোটানো পাখা যেমন ক'রে খুলে যায় তেমনি ক'রে হঠাৎ সারা আকাশে ছড়িয়ে গেল।

গ্রামবাসীরা দেখে অবাক্ হ'য়ে আলোচনা করে। আতঙ্কের ছায়া পড়ে সকলের মুখে। পঙ্গপাল নয়তো? তাহ'লে তো সর্বনাশ! মাঠে একটা ঘাসও থাকবে না! ওয়াং দাঁড়িয়ে দেখছিল। ঝট্‌কা বাতাসে হঠাৎ কি যেন একটা উড়ে এসে ওদের পায়ের কাছে পড়ল। একজন তাড়াতাড়ি নীচু হ'য়ে কুড়িয়ে নিল—

একটা মরা পঙ্গপাল...।

ওয়াং সব ভুলে গেল। কালকের যত দুশ্চিন্তা,—ওলান্-কমল-খুড়ী-ছেলে-

থুকী-কাকা, সব ভুলে গেল।

ভীত শঙ্কিত গ্রামবাসীদের মাঝখানে ঝাঁপিয়ে পড়ে চীৎকার ক'রে সকলকে বলতে লাগল: 'ভয় নাই, চল সব মাঠে চল। আকাশের ঐ শত্রুর সঙ্গে লড়তে হবে।' কয়েকজন প্রথম থেকেই নিরাশ হ'য়ে বসে পড়েছিল। তার মাথা নেড়ে বলে: 'মিথ্যে চেষ্টা ভাই! এবার আমাদের না খাইয়ে মারাই ঠাকুরের ইচ্ছে। উপোস ক'রে মরতেই যখন হবে, তখন এখন থেকেই ভগবানের ইচ্ছার বিরুদ্ধে লড়ে লড়ে শক্তি ক্ষয় করবে কেন?'

স্ত্রীলোকেরা কাঁদতে কাঁদতে শহরে গেল গাঁয়ের ছোট মন্দিরে ক্ষেত্র-দেবতার পুজো দেবার জন্য ধূপ-ধুনো কিনতে। কেউ কেউ গিয়ে শহরের বড় মন্দিরের স্বর্গের দেবতার ঠাঁই ধন্না দিল। গাঁয়ে আর শহরে, পৃথিবীর আর স্বর্গের দেবতার প্রসন্নতা লাভের সাধনা চলতে লাগল।

কিন্তু দেবতা শুনলেন না। পঙ্গপাল এল পালে পালে। আকাশ ছেয়ে গেল, ক্ষেতগুলির ওপরকার বায়ুমন্ডল ছেয়ে গেল।

ওয়াং তার নিজের কিষাণ জন-মজুরদের ডেকে নিল। চিং আদেশের প্রতীক্ষায় নীরবে এসে পাশে দাঁড়াল। অন্যান্য চাষীরাও এল। মাঠ আলোকরা গমের রাশ প্রায় পেকে এসেছে। নিজহাতে ওরা আগুন ধরিয়ে দেয়। মাঠের চারিদিকে বড় বড় নালা কেটে কুয়ো থেকে জল তুলে এনে ভরে। আহার নাই, নিদ্রা নাই, ওদের হাত পা দেহ চলতেই লাগল। ওলান্ খাবার নিয়ে এসে দাঁড়াল। কিষাণদের বৌরা তাদের স্বামীদের জন্য খাবার নিয়ে আসে। দিন রাত অবিরাম পরিশ্রম ক'রে ক'রে ওদের তখন প্রচন্ড ক্ষুধা; দাঁড়িয়ে দাঁড়িয়ে পশুর ক্ষুধা নিয়ে গোগ্রাসে ওরা গেলে।

তারপর আকাশ একেবারে কালো হ'য়ে গেল। কোটি কোটি উড়ন্ত কীটের ডানার শব্দ—একটা একটানা চাপা গভীর মহাগর্জনে বাতাস ভরে গেল। পঙ্গপালের দল নীচে নেমে আসে, কোনো ক্ষেতের ওপর দিয়ে চলে যায়, আবার কোন ক্ষেতে নেমে সব নিঃশেষ ক'রে খেয়ে ধূসর শূনতা রেখে চলে যায়। সকলে কাঁদে, বুক চাপড়িয়ে ভাগ্যের দোহাই দেয়। কিন্তু এক ওয়াং লাং যেন দশ হ'য়ে ওঠে। ও যেন ক্ষেপে যায় একটা হিংস্রতায় ভয়ঙ্কর হ'য়ে ওঠে। পঙ্গপালগুলিকে বাঁশ দিয়ে আঘাত ক'রে ক'রে মাটিতে ফেলে, তারপর দুই পায়ে মাড়িয়ে মারে। দলে দলে পঙ্গপাল নীচে পড়ে। কতক পড়ে আগুনে, কতক নালার জলে। মরে কোটি কোটি—কিন্তু যা বেঁচে রইল তার কাছে মৃতের সংখ্যা ক্ষুদ্র ভগ্নাংশ মাত্র।

ওয়াং-এর প্রাণপণ সংগ্রাম বৃথা গেল না। ওর সব চাইতে ভাল ক্ষেতগুলি বেঁচে গেল। কালো মেঘটা আকাশের বুক থেকে সরে গেলে তবে ওরা হাঁফ ছাড়ার অবসর পেল। ওয়াং-এর গম কিছু বেঁচেছে, কেটে ঘরে তোলা যাবে। ধানের চারাগুলোও বেঁচেছে। তৃপ্তিতে ওয়াং-এর মন ভরে গেল। অনেকে আগুনে ঝলসান পঙ্গপাল নিয়ে গিয়ে খেল। ওয়াং খেতে পারল না—এই বীভৎস প্রাণীগুলো ওর সোনা-ফলা ক্ষেতগুলোর যে সর্বনাশ ক'রে গেল, কি ক'রে ওয়াং

ওগুলো মুখে তুলবে! ওলান্ কতগুলো নিয়ে গিয়ে তেলে ভাজল—কিষাণেরা কুরমুর্ ক'রে চিবিয়ে খেল, ছেলেরা খেল বীৎভস বড় চোখগুলো দেখে ভয় ক'রতে ক'রতে। ওয়াং কাউকে কিছু বলল না, সুধু নিজে খেল না।

যাই হোক পঙ্গপাল ওয়াং-এর একটা উপকার ক'রে দিয়ে গেল। সাতদিন ওয়াং আর কিছু ভাবল না, কেবল ওর জমির কথা ভাবল। ওর যত অশান্তি, যত ভয়, যত ব্যথা, সব হাওয়ায় উড়ে মন একেবারে নিরাময় হ'য়ে গেল। অতি শান্ত, ধীর-ভাবে মনকে ও বলতে পারল এখন :

দুঃখ কষ্ট কার জীবনে না আসে! ওরও এসেছে, আরো আসবে। সব সয়ে, মানিয়েই চলতে হবে। কাকা বুড়ো হয়েছে, কদিনই বা আর বাঁচবে। ছেলের বিয়ে? থাকনা তিনটে বছর, ওরা যেমন চায়। ও দেখতে দেখতে চলে যাবে। কেন অমন ভেবে ভেবে আত্মহত্যা করব!

গম কাটা হল। বৃষ্টি হ'তে, প্লাবিত ক্ষেতে ধানের চারা তুলে লাগিয়ে দিল। দেখতে দেখতে গ্রীষ্ম এসে গেল।

[চব্বিশ]

কয়েকদিন পরে একদিন দুপুরবেলা ওয়াং মাঠ থেকে আসতেই বড় ছেলে নাং বলল :

'বাবা ভালো ক'রে লেখাপড়া শিখতে হ'লে তো আর এ বুড়োর কাছে চলছে না।'

রান্নাঘরে থেকে একটা পাত্রে ক'রে খানিকটা গরমজল এনে সবে ওয়াং তোয়ালেটা তাতে ডুবিয়েছিল। ভেজা তোয়ালেটা মুখের সামনে ধরে জিজ্ঞাসা করল : 'কি বলছ?'

নাং একটু ইতস্ততঃ ক'রে বলল : 'ভালো ক'রে লেখা-পড়া শিখতে হ'লে আমার ইচ্ছে দক্ষিণে গিয়ে কোনো বড় স্কুলে পড়ি, এখানে তো আর হচ্ছে না।'

ভেজা তোয়ালে দিয়ে ওয়াং চোখ মুখ কান ঘাড় মুছে নিল। মুখ হ'তে তখনও ধোঁয়া বেরুচ্ছে। 'মাথা খারাপ হয়েছে তোমার?' ওয়াং বলে। দেহটা বড় ক্লান্ত—স্বরটাও তাই পুরুষ হ'য়ে গেল। 'যাওয়া টাওয়া হবে না কোথাও, এই বলে দিলাম। যা শিখেছ ঢের হয়েছে। ওতেই এখানে বেশ চলে যাবে। যাও, এখন আর বিরক্ত ক'রো না।'

ওয়াং আর একবার তোয়ালে ভিজিয়ে নিংড়ে নিল। নাং এন-এর চোখ তার বাবার দিকে—দৃষ্টিতে ঘৃণা। নিজের মনে অস্পষ্টভাবে কি যেন বলল। ওয়াং বুঝতে না পেরে চটে গিয়ে হুংকার দিয়ে উঠল :

'যা বলতে চাস্, পরিষ্কার ক'রে বল।'

ছেলেও জ্বলে উঠে বলল ঃ

'যাবই আমি। কিছুতেই এ-বাড়ীতে থাকব না, সারাদিন কচি খোকার মত নজর-বন্দী হ'য়ে আমি থাকতে পারব না। আর এটা শহর তো ভারী, এর চাইতে গাঁ ভালো। তোমাকে বলে দিলাম—আমি যাবই। ভূতের মত কোণে প'ড়ে থাকব না। আমি দেখে শুনে শিখতে চাই।'

ওয়াং একবার ছেলের দিকে, একবার নিজের দিকে চায়। ছেলের পরণে ফিকে গ্রে রং-এর মিহি কাপড়ের লম্বা আচকান। তার ওপরের ওষ্ঠের ওপরকার মিহি কালো রেখায় নব যৌবনের লেখা। সুমসৃণ দেহের বর্ণে কাঞ্চনের কান্তি। আস্তিনের বাইরে বেরিয়ে থাকা হাত দু'খানা গড়নে সৌষ্ঠবে একেবারে নারীর হাত। ওয়াং নিজের দিকে চোখ ফেরায়—শক্ত বলিষ্ঠ চওড়া গড়ন—সর্বাঙ্গে মাটির ছাপ। বেশের মধ্যে—হাঁটু পর্যন্ত লম্বা মোটা নীল কাপড়ের তৈরী পাজামা। কোমর থেকে ঊর্ধ্বাঙ্গে আর কোন আবরণ নেই। ওকে দেখলে কে বলবে ঐ ছেলে ওর। বরঞ্চ ওকে ঐ সুঠাম সুদর্শন যুবকের ভৃত্য বলেই বেশী মনে হবে।

ছেলের সুঠাম সুদর্শন মূর্তির ওপর ওয়াং-এর কেমন একটা ঘৃণা হয়। এবং ঘৃণায় ওয়াংকে নির্মম ক'রে তোলে।

যা দেখি একবার মাঠে। বেশ ক'রে গায়ে মাথায় মাটি মেখে আয়। নইলে' উগ্রস্বরে ওয়াং চীৎকার করে ঃ ঐ চেহারায় লোকে মেয়েমানুষ ঠাওরাবে। আর ভাত যে গিলছিস, বলি, সে ভাত আসে কোত্থেকে! খেতে হলে গতর খাটাতে হয়।'

ছেলে কত বড় পন্ডিত, কেমন সহজে কালি তুলি দিয়ে কাগজের ওপর লেখা টেনে যায়, এ যে একদিন ওয়াং-এর গর্বের বস্তু ছিল, আজ তা একেবারে ভুলে গেল। আজ গর্বের স্থানে ছেলের তরুণ সুকুমার মূর্তির প্রতি একটা দ্বেষ এবং সেই দ্বেষের অভিব্যক্তি অসংযত ক্রোধে। হাত পা ছুঁড়ে দুমদাম ক'রে পা ফেলে মেজেতে কুৎসিৎ ভাবে থুথু ফেলতে ফেলতে ওয়াং চলে গেল।

ছেলে তীব্র ঘৃণায় চেয়ে রইল! ওয়াং আর একবারও ফিরে চাইল না।

রাতে ওয়াং যখন ঘরে এল কমল কথায় কথায় যেন অতি তুচ্ছ কথা এমনি ভাবে বলল ঃ 'তোমার বড় ছেলে যে কোথায় যাবার জন্য অস্থির হয়ে উঠছে।'

ছেলের ওপর আবার নূতন ক'রে রাগ হয়। রুক্ষ ভাবে ওয়াং জবাব দেয় ঃ 'তোমার তাতে মাথা ব্যথা কেন; সে বুঝি এখন এখানেই আনা গোনা সুরু ক'রেছে; নইলে তুমি জানলে কি ক'রে?'

কমল প্রায় মুখের কথা কেড়ে নিয়ে জবাব দেয় ঃ 'না, না, আমি কিছু বলিনি। কোকিলা বলছিল কিনা!'

কোকিলা দাঁড়িয়ে বাতাস করছিল। সেও ক্ষিপ্রভাবে জবাব দিল ঃ

'সকলেরই চোখ আছে গো। সকলেই দেখতে পায়। ছেলের চেহারা আছে, উঠতি বয়েস। এখন সে চুপচাপ হাত-পা কামড়ে বসে থাকতে পারে কখনও?'

এ কথায় ওয়াং দমে গেল। কোনো জবাব খুঁজে পেল না। কিন্তু ছেলের ওপর রাগও রয়েছে তখনও।

'না, কিছুতেই যাওয়া হবে না। খামখা কতগুলো টাকা আমি জলে ফেলব না।' ঝাঁঝের সঙ্গে ব'লে ওয়াং চুপ ক'রে গেল। স্পষ্ট বোঝা গেল এ-বিষযে সে আর কোনো আলোচনা ক'রতে নারাজ। কমল দেখল ওয়াং-এর মেজাজটা আজ বিগড়ে আছে। তাই কোকিলাকে ঘর থেকে পাঠিয়ে দিল।

এর পর বহুদিন এ সম্বন্ধে কোনো কথা উঠল না। ওয়াং লক্ষ্য করে, নাং এন্-এর মেজাজটা হঠাৎ খুব খুশি হ'য়ে উঠেছে। কিন্তু স্কুলে যেতে কিছুতেই রাজী নয়। ওয়াংও এ নিয়ে আর পীড়াপীড়ি করে না, ছোট তো আর নেই। আঠারো বছরের ছেলে হ'ল। মায়ের মতই চওড়া কাঠামো হয়েছে—বেশ বড় সড় হয়ে উঠেছে। ওয়াং যখনই বাড়ী আসে দেখতে পায় ছেলে নিজের ঘরে বসে পড়ছে। ও খুব খুশি হয়, ভাবেঃ সব দুদিনের ছেলেমানুষী খেয়াল। দুদিনেই ব্যাস্ পরিষ্কার। ওদের কি দরকার তাকি ওরা নিজেরা বোঝে! যাক্—তিনটে তো মোটে বছর। কিছু টাকা খসালে, তিন বছরই ক'মে দু'বছর হ'য়ে যাবে। আর একটু হাত খুললে, চাই কি, হয়তো এক বছরেই নেমে যাবে। ফসল টসল কাটা হ'য়ে গেলে শীতের গম বুনে তারপর যা হয় কিছু একটা করা যাবে'খন।

পঙ্গপালে নষ্ট করার পরও ফসল যা পাওয়া গেল বেশ ভালোই। ওয়াং কাজের ভিড়ে ছেলের কথা ভুলে গেল। কমলের পেছনে যা খরচ হয়েছিল একমাসে সব উঠে যায়। আর একবার অর্থ ওয়াং-এর কাছে পরামর্থ হয়ে ওঠে। ওযে কেমন ক'রে একটা স্ত্রীলোকের পেছনে জলের মত অত টাকা খরচ ক'রতে পেরেছে ভেবে ও নিজেই এক এক সময় অবাক হ'য়ে যায় এখন।

এখনও মাঝে মাঝে কমল ওয়াং-এব মনটাকে নাড়া দেয়। তবে আগের সে তীব্রতা আর নেই। কিন্তু সম্পত্তি হিসেবে কমল ওয়াং-এর গর্বের বস্তু। খুড়ী যা বলেছিল তা ঠিকই, দেখতে ছোটো খাট হলেও কমলের বয়স খুব কম না—যে বয়সকে যৌবন বলে, সে-বয়স নেই কমলের। মাতৃত্ব গৌরবেও কমল বঞ্চিতা। কিন্তু এর জন্য ওয়াং-এর বিশেষ আফশোষ নেই কারণ ভগবানের কৃপায় ওর ছেলে মেয়ের দুঃখ নেই। সুতরাং থাক না কমল—ওর 'ভালো লাগা'র উৎস হ'য়েই থাক।

বয়সের পরিণতির সঙ্গে সঙ্গে কমল যেন আরো লাবণ্যে ভরে উঠেছে। আগে ও বড় কৃশ ছিল, অঙ্গ-ভরা সৌন্দর্যের মধ্যে ওই একটু ত্রুটি ছিল। অতটা কৃশতার দরুণ মুখখানায় হাড়ের স্থানগুলি ছিল তীক্ষ্ণ রেখায় বড় প্রকট; গাল দুটিও বেশ একটু চাপা ছিল। এখন কোকিলার রান্না নানা রকম উপাদেয় খাদ্যের গুণে এবং বহু পরিচর্যার বদলে এক পরিচর্যার নিয়ন্ত্রিত জীবনের ফলে কমল এখন বেশ হৃষ্টপুষ্ট সুডৌল হ'য়ে উঠেছে। মুখখানাও বেশ ভরে বর্ণ চিক্কণ হ'য়ে উঠেছে। বড় বড় চোখ, ছোট এতটুকু মুখ, সব নিয়ে এখন ওকে আরো বেশী ক'রে মোটা সোটা বেড়ালের মত দেখায়। খেয়ে ঘুমিয়ে দেহটি ক্রমেই সুপুষ্ট হ'য়ে ওঠে, এবং তার সঙ্গে স্বচ্ছন্দ-জীবনের একটা লালিত্য ওর কোমল দেহের মসৃণ কান্তিতে ফুটে ওঠে। কমলের কুঁড়িটি এখন না হলেও কমল ঝরা ফুল নয়। পূর্ণ-বিকশিত সহস্র দল। তরুণী না হলেও বৃদ্ধা নয় কমল। ওর বর্তমান বয়ঃসন্ধিক্ষণ থেকে যৌবন এবং বার্ধক্য সমদূরে।

সংসারে এখন আর কোনো কোনো অশান্তি, কোনো ঝঞ্ঝাট নেই। ছেলেও বেশ শান্ত সুস্থভাবেই আছে, কোনো গোলমাল নেই। কিন্তু তবুও শান্তি ওয়াং-এর কপালে লেখা নেই। সেদিন অনেক রাত পর্যন্ত বসে ওয়াং কড় গুণে গুণে হিসেব করছিল গম কতটা বেচবে আর চাল কতটা বেচবে। এমন সময় ধীরে ধীরে ওলান্ ঘরে এল! এ ক'বছরে বড় রোগা হ'য়ে গেছে ওলান্। চোখ কোথায় বসে গেছে, মোটা মোটা হাড়গুলি সব মাথা উঁচিয়ে আছে। কেউ কিছু জিজ্ঞাসা করলে খালি বলে: 'কি জানি, আমার ভেতরটা যেন জ্বলে যায়।'

তিন বছর ধরে পেটটি ফুলে আছে—দেখলে মনে হয় অন্তঃসত্ত্বা। কিন্তু চিরকালের মত একইভাবে ভোর না হতেই উঠে ও কাজ করে। ওর দিকে তাকিয়ে দেখার বড় একটা প্রয়োজন হয় না ওয়াং-এর ;—যেমন হয়না ঘরে যে টেবিলটা রয়েছে চেয়ার রয়েছে, আঙ্গিনায় গাছটা রয়েছে এসবের দিকে। বলদটা যদি একদিন ঝিমিয়ে বসে থাকে, বা শুয়োরটা যদি একদিন না খায় তবে তার জন্য যতটুকু ব্যাকুল হবার প্রয়োজন হয়, ওলান্-এর জন্য সে প্রয়োজনও হয় না। কাজেই ওলান্ একা একা কাজ করে ; কথা কয় না, অর্থাৎ যতটুকু কথা না বললে নয়, তার বেশী কয় না। কোকিলার সঙ্গে একেবারেই নয়। কমলের ওদিকে ওলান্ যায় না। কমল যদি কখনও তার উঠানের সীমানা ছেড়ে এদিকে ওদিকে যায় ওলান্ গিয়ে ঘরে বসে। যতক্ষণ না কেউ এসে সংবাদ দেয় যে সে ভেতরে চলে গেছে ততক্ষণ বাইরে বেরয় না। বোবা ওলান্ নীরবে রান্না করে, নীরবে পুকুরঘাটে গিয়ে কাপড় বাসন ধোয়। শীতের সময় যখন জল জমে বরফ হ'য়ে যায় তখনও। ওয়াং-এর কখনও মনে হয়নি যে বলে: 'একটা ঝি চাকর রাখোনা কেন?' পয়সার তো অভাব নেই। চাষের কাজের জন্য গরু, গাধা, শুয়োরগুলোর দেখাশোনার জন্য, গরমের সময় যখন নদীতে জল বাড়ে তখন হাঁস মুরগী পালার জন্য, নিত্য নূতন লোক রাখে ওয়াং, কিন্তু ওলান্‌কে ও-কথাটা বলার প্রয়োজন বোধ তার হয়নি।

ধীরে ধীরে ওলান্ এল। ওয়াং-এর সামনে টেবিলের ওপর শামাদানে লাল মোমবাতি জ্বলছিল। ওলান্ এসে সামনে দাঁড়ায়, খানিক এদিক ওদিক তাকিয়ে অনেক ইতস্ততঃ ক'রে বলে: 'একটা কথা বলব?' ওয়াং অবাক্ হ'য়ে তাকায়। বলো না, কি বলবে। বলো।' ওয়াং পলকহীন চোখে তাকিয়ে তাকিয়ে থাকে ওলান্-এর দিকে, ওর গালের গর্তের মধ্যে খাব্‌লা খাব্‌লা জমাট বাঁধা অন্ধকারের দিকে, মনে পড়ে যায় কুরূপা ওলান্‌কে কতদিন—কতদিন ও ওর অন্তরঙ্গ জীবনের পরিসীমা থেকে দূরে সরিয়ে রেখেছে।

'তুমি যখন বাড়ী থাকোনা,' চাপা কিন্তু অত্যন্ত প্রখর স্বরে ওলান্ বলে: বড় খোকা 'বারবার ওবাড়ী যায়।'

ওলান্-এর কথার অর্থ ওয়াং প্রথমে কিছুই বুঝতে পারল না। ওর মুখটা হাঁ হ'য়ে গেল! সামনের দিকে ঝুঁকে পড়ে বলল:

'কি বললে?'

নিঃশব্দে আঙ্গুল দিয়ে প্রথমে ছেলের ঘরের দিকে, তারপর শুকনো ঠোঁট কুঞ্চিত

ক'রে কমলের মহলের দিকে দেখিয়ে দেয়।

ওয়াং সোজা হ'য়ে বসে ওলান্‌-এর দিকে তাকায়, ওর বিশ্বাস হয় না। শেষে বলে ফেলে : 'তোমার মাথা খারাপ হ'য়েছে!'

ওলান্‌ মাথা নাড়ে। ওর কণ্ঠ-নিঃসৃত কথা ঠোঁটের কাছে হোঁচট খেয়ে খেয়ে একটি একটি ক'রে বেরোয় :

'বেশতো, একদিন হঠাৎ বাড়ী এসেই দেখো না।'

খানিক চুপ ক'রে থেকে আবার বলে : 'ওকে বরং পাঠিয়েই দাও। দক্ষিণে যেতে চায়, তাই দাও।' তারপর টেবিলের কাছে এসে ওয়াং-এর চায়ের বাটিটা হাত দিয়ে দেখল, ঠান্ডা হ'য়ে গেছে। ঠান্ডা চা'টা মাটিতে ফেলে দিয়ে আর এক বাটি গরম চা ঢেলে দিল। তারপর যেমন নিঃশব্দে এসেছিল তেমনি নিঃশব্দে চলে গেল। ওয়াং বিস্ময় সাগরে ডুবে নিশ্চল হ'য়ে বসে রইল।

ও নিজেকে বোঝাতে চাইল, এ হয়তো কমলের ওপর ওলান্‌-এর হিংসে। যাক্‌গে ছাই, ও আর এসব নিয়ে মিথ্যে মাথা ঘামাবে না। নাং এন্‌ তো বেশ ভালই আছে, খুশি মনে দিব্যি পড়াশোনা ক'রছে। যত সব মেয়েলী হিংসে। ওয়াং হোঃ হোঃ ক'রে হেসে উঠল। তারপর মন থেকে সব ঝেড়ে ফেলে দিয়ে উঠে পড়ল।

রাতে কমল ওকে বিরক্তির সঙ্গে বিছানার এক পাশে ঠেলে সরিয়ে দিয়ে মুখ ফুলিয়ে বলল : 'একে তো গরম—তায় যা গন্ধ তোমার গায়ে। রোজ নেয়ে তবে আমার কাছে শুতে আসবে।'

বলতে বলতে কমল উঠে বসে। ঝাঁঝের সঙ্গে একটা ঝাঁকানি দিয়ে মুখে চুল-গুলি পেছনে সরিয়ে দিয়ে রাগ ক'রে দূরে বসে থাকে। ওয়াং আদর ক'রে কাছে টানতে চায়। কমল কাঠ হ'য়ে বসে থাকে। ওয়াং চুপচাপ শুয়ে পড়ে। ওর মনে পড়ে অনেক দিনই তো কমলের এমনি অনিচ্ছার সঙ্গে ওকে লড়াই ক'রতে হয়েছে। এইদিন এসব খেয়ালী মেয়ের খেয়াল বলে উড়িয়ে দিয়েছে, ভেবেছে, গরমে মেয়েটার মেজাজ ভাল নেই। কিন্তু আজ ওলান্‌-এর কথাগুলো মনে পড়ে যায়। মনে হয় ওর কথাগুলোয় যেন একটা অতি স্পষ্ট, প্রখর সত্য রয়েছে। বিছানা থেকে লাফ দিয়ে উঠে পড়ে রূঢ়ভাবে বলে : একাই থাকো তবে। গলা কেটে ফেললেও আর আসছিনে।'

বলে হন্‌ হন্‌ ক'রে বেরিয়ে গেল। মাঝের ঘরে এসে দুটো চেয়ার জোড়া দিয়ে শুয়ে পড়ল। ঘুম এল না। উঠে বাইরে এসে বাড়ীর পেছনে বাঁশঝাড়ের মধ্যে পায়চারী ক'রতে লাগল। নৈশ বায়ুর শীতলতা ওর উত্তপ্ত দেহের উপর স্নিগ্ধতা ঢেলে দিল।

ওর মনে পড়ে গেল—নাং এন্‌ যে বিদেশে যেতে চায় কমল জানে। কিন্তু কেমন ক'রে জানল? ছেলেই বা হঠাৎ অমন শান্ত হ'য়ে গেল কেন? এই যাবার জন্য এত পাগল, কিন্তু এখন আর যাবার নামটি করে না, এর কারণ কি?

ওয়াং কঠিন পণ ক'রে বসে : 'দেখে নেবো সব।'

মাটির বুকের ওপরকার কুহেলির জাল ছিন্ন ক'রে দিগন্ত লাল হ'য়ে ওঠে।

ধীরে ধীরে আলো পরিস্ফুট হ'য়ে মাঠের ওপারের দিক্-চক্রবাল সোনালী রেখায় জ্বলে ওঠে। ওয়াং বাড়ী ফেরে। তারপর খেয়ে দেয়ে রোজকার মত কাজ তদারক ক'রতে বেরিয়ে যায়। যাবার সময়, সবাই শুনতে পায় এমন ভাবে ডেকে বলে যায়ঃ 'আমি শহরের পাঁচিলের ধারের জমিতে যাচ্ছি। আসতে একটু বেলা হবে।'

কিন্তু আধপথে ছোট মন্দিরটা পর্যন্ত এসেই থেমে যায়। রাস্তার ধারে একটা ঘাসে ঢাকা ঢিবি বহুকালের পুরানো ভুলে-যাওয়া একটা কবর—তারি ওপর বসে পড়ে। একটা ঘাস ছিঁড়ে নিয়ে দু' আঙ্গুলে মোড়াতে মোড়াতে ভাবনায় ডুবে যায়। ওর ঠিক সামনেই দেবতার মৃণ্ময়ী প্রতিমা—ওর দিকে সোজা তাকিয়ে রয়েছে। ওর মনে পড়ে আগে কি ভয়টাই না করত এদের। কিন্তু আজকাল আর ভয় করে না। দরকার নেই ব'লে এদিকে বড় একটা আর আসেও না। কিন্তু এসব চিন্তা ছাপিয়ে বারে বারে মনে হয়—ফিরে যাবে কিনা।

হঠাৎ গত রাতের কথা ওর মনে পড়ে যায়—কমল ওকে বিছানা থেকে ঠেলে দিয়েছিল। কত ক'রেছে কমলের জন্য ওয়াং। তারপর ভয়ানক রাগ হয়। জানা আছে সব! রেস্তরাঁয় আর বেশীদিন টিকতে হ'ত না যাদুকে। এখানে এসে রাণীর হালে আছেন—তাই গরম বেশী!

রাগের ঝোঁকেই ওয়াং উঠে পড়ে পা চালিয়ে দিল বাড়ীর দিকে। সোজা পথে গেল না। চুপি চুপি গিয়ে পরদার আড়ালে দাঁড়িয়ে কান পেতে রইল। পুরুষের অস্পষ্ট কথা যেন শোনা যায়! তাইতো এ যে ওর ছেলেরই গলা!

শুধু যদি বলা হয়—ওয়াং-এর রাগ হ'ল—তবে কিছুই বলা হ'ল না। রাগ হ'ল, কিন্তু যে রাগ হ'ল তা যে ওর মধ্যে ছিল তা ওয়াং নিজেই জানত না এতদিন। রাগ অবশ্য ওয়াং-এর আজকাল হয়। আগের দীন, ভীরু ওয়াং নেই। এখন ধনী ওয়াং-এর সমাজে বড় পরিচয়—ওয়াং শহরেও মাথা উঁচু ক'রে চলে। কাজেই সে রাগ করে যখন তখন, কারণে অকারণে। কিন্তু আজ যে রাগ ওর হ'ল—সে রোজকার ক্ষণে ক্ষণে কারণে অকারণে রাগ নয়—এ 'পুরুষের' অমর্ষ—আদি-মানবের ক্রোধ—যা যুগে যুগে দয়িতা-হরণকারীকে, প্রেমের ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বীকে দগ্ধ ক'রে এসেছে। পরমুহূর্তেই যখন মনে হ'ল—ওর প্রতিদ্বন্দ্বী ওর নিজেরই সন্তান—তখন ন্যক্কারে ওর সমস্ত অস্তিত্ব যেন গুলিয়ে উঠল।

দাঁতে দাঁত চেপে বাইরে গিয়ে ঝাড় থেকে একটা সরু শক্ত বাঁশের কঞ্চি নিয়ে এল—ডাল পালা সব ছেঁটে ফেলে মাথায় খালি এক গোছা সরু ডালপাতা রেখে দিল। তারপর নিঃশব্দে এসে একেবারে আচম্বিতে পরদা সরিয়ে ভেতরে এসে দাঁড়াল। চৌবাচ্চার ধারে একটা টুলে কমল বসে, পাশেই ওর দিকে তাকিয়ে দাঁড়িয়ে নাং এন্। কমল পিচ্ রং-এর সিল্কের পোষাকটি পরেছে। সকাল বেলা এ ভাবে সাজ-সজ্জা ক'রতে ওকে ওয়াং কখনও দেখেনি।

ওরা হাসি গল্পে তন্ময়। কমল নাং এন্-এর দিকে অপাঙ্গে তাকিয়ে কি যেন বলছিল আর হাসছিল। মাথাটা ওদিকে ফেরান ছিল—তাই ওয়াং-এর আসা টের পায়নি। ওয়াং কঠিন দৃষ্টিতে ওদের দিকে তাকিয়ে দাঁড়িয়ে রইল। ওর মুখ

থেকে সমস্ত রক্ত যেন চকিতে উবে গিয়ে, মুখটা একেবারে মড়ার মত সাদা ফ্যাকাশে হয়ে ওঠে, ঠোঁট উল্টে ফাঁক হ'য়ে দাঁত বেরিয়ে পড়ে—কঞ্চিটার ওপর মুঠি চেপে বসে। ওরা তখনও কিছু টের পায়নি। কোকিলা হঠাৎ কি কাজে এসে ওয়াংকে দেখতে পেয়ে চীৎকার ক'রে উঠল।

ওয়াং লাং লাফিয়ে সামনে এসে বাঘের মত ছেলের ওপর ঝাঁপিয়ে পড়ে। ডাইনে বাঁয়ে বিদ্যুতের মত হাতের কঞ্চি চলে। ওয়াং-এর হাল-চালানো হাতের মারে নাং এন্-এর গা ক্ষতবিক্ষত হ'য়ে গেল। ঝর্ ঝর্ ক'রে রক্ত পড়তে লাগল। কমল চীৎকার ক'রে ওয়াং-এর হাত ধরে টানতে লাগল। ওয়াং ওকে ঠেলে দিতে চেষ্টা করে, কিন্তু কমল কিছুতেই ছাড়ে না। ওয়াং পথ না পেয়ে কমলকেই মারতে আরম্ভ করে। মার খেয়ে কমল পালিয়ে গেলে, ওয়াং আবার গিয়ে নাং এন্-এর ওপর পড়ে। নাং এন্ ক্ষত-বিক্ষত মুখ দু'হাতে চেপে মাটির উপর উপুড় হ'য়ে পড়ে। তার আগে ওয়াং-এর হাত কিছুতে থামে না।

ওয়াং দাঁড়িয়ে দাঁড়িয়ে হাঁপাতে থাকে। বিচ্ছিন্ন ওষ্ঠের ফাঁকে সশব্দে নিঃশ্বাস ওঠে পড়ে। দর্ দর্ ক'রে ঘাম ঝরে ঝরে সর্বশরীর একেবারে যেন নেয়ে ওঠে। বড় দুর্বল মনে হয় হঠাৎ—যেন কোনো অসুখ করেছে। কঞ্চিটা ছুঁড়ে ফেলে দিয়ে হাঁপাতে হাঁপাতে বলে: 'যা উঠে এক দম সোজা নিজের ঘরে চলে যা। যতক্ষণ না বলি খবরদার বেরুবি না—নয়তো মেরে খুন ক'রে ফেলব। আজই তোকে এখান থেকে তাড়াবার ব্যবস্থা ক'রে তবে অন্য কথা।'

নিঃশব্দে নাং এন্ উঠে চলে গেল। যে টুলটায় কমল বসেছিল, ওয়াং সেইটেতে বসে পড়ল। দু'হাতের মধ্যে মাথা গুঁজে, চোখ বন্ধ ক'রে বসে রইল। ঘন ঘন নিঃশ্বাস পড়তে লাগল। বহুক্ষণ ওই ভাবে একা বসে থেকে থেকে অবশেষে ওর মন শান্ত হ'য়ে এল।

তারপর অবসন্ন দেহটাকে টেনে নিয়ে এল ঘরে। কমল বিছানায় শুয়ে শুয়ে চীৎকার ক'রে কাঁদছিল। ওয়াং কাছে গিয়ে ওকে ধরে ফেরাল।

ওয়াং-এর দিকে তাকিয়ে আরো জোরে কেঁদে উঠল কমল। সারা মুখ কঞ্চির দাগে বেগুনী হয়ে ফুলে আছে।

ওয়াং বলে—বড় দুঃখে ওর স্বর ভারী হ'য়ে আসে:

'বেশ্যার স্বভাব ছাড়তে পারলে না কিছুতে! অবশেষে আমারই ছেলের সঙ্গে—'

কমল আরো জোরে কেঁদে ওঠে:

'না না, মিথ্যে কথা—আমি কিছু করিনি। জিজ্ঞাসা করো কোকিলাকে—ওর একা একা ভালো লাগত না বলে আসত। কিন্তু কক্‌খনো বিছানার কাছেও আসেনি। উঠানে তো দেখেছ। ওর চাইতে একটুও বেশী কাছে আসেনি কোনোদিন।'

তারপর ভীত করুণ দৃষ্টি ওয়াং-এর দিকে তুলে ধরে। ওয়াং-এর হাতটা টেনে এনে নিজের মুখে বুলিয়ে কৃত্রিম কান্নায় ফোঁপাতে ফোঁপাতে বলে: 'দেখ তোমার কমলের কি দশা ক'রেছ। তোমায় কি ক'রে বোঝাব যে তুমিই আমার সব। তুমি

ছাড়া আর কারো জায়গা নেই আমার মনে। ছেলে তোমার, সে আমার কে?'

কমল আবার চোখ তুলে ধরে। স্বচ্ছ অশ্রুর সাগরে টলমল করে চোখ দুটি। অব্যক্ত বেদনায় ওয়াং গুমরে ওঠে। এই নারীর সৌন্দর্যের আকর্ষণ প্রতিহত করার শক্তি ওর নেই। সৌন্দর্যের নাগপাশ দিয়ে ওয়াংকে বেঁধেছে কমল। ইচ্ছে না থাকলেও ভালো না বেসে পারে না। না, না, থাক, ওয়াং জানতে চায় না, জানবে না, কমল আর আর—, না থাক, ও রহস্যের সমাধান ওয়াং করবে না, কোনদিন করতে চাইবেও না। থাক রহস্য, অন্ধকারই ভালো···। আর্তনাদ ক'রে ওয়াং বেরিয়ে আসে। ছেলের ঘরের পাশ দিয়ে যেতে যেতে না ঢুকেই ডেকে বলে:

"জিনিসপত্র সব গুছিয়ে নে। কালই বেরিয়ে পড়বি দক্ষিণদেশে না কোথায় যাবি। কিন্তু যতদিন না আসতে লিখি, বা লোক পাঠাই, আসিস না যেন।'

ওলান্ ওয়াং-এরই একটা জামা সেলাই করছিল। ওয়াং ওর পাশ দিয়েই চলে গেল, ওলান্ কিছু বলল না। ওমহলের ঐসব হাঙ্গামার শব্দ ওর কানে গেছে কিনা কে জানে—গিয়ে থাকলেও অন্ততঃ ওর চেহারায় তা কিছুই বোঝা গেল না।

ভরা দুপুর—সূর্য মাথার ওপরে। ওয়াং চলতে চলতে বাড়ী থেকে বেরিয়ে মাঠে এসে পড়ল। পা আর চলে না, শরীর একেবারে অবসন্ন, একটুও শক্তি নেই—যেন সারাদিন বড় পরিশ্রম ক'রে এসেছে।

[পঁচিশ]

নাং এন্ চলে গেল। যেন বাড়ী থেকে এক প্রকাণ্ড অশান্তির বোঝা নেমে গেল। ওয়াং হাঁফ ছাড়ল। নাং এন্ গিয়ে দু'পক্ষেই ভালো হ'ল। ওর নিজের পক্ষেও, ওয়াং-এর পক্ষেও। ওয়াং এখন অন্য ছেলেগুলোর দিকে তাকাতে পারবে। এতদিন কি ছাই কোনো দিকে চাইতে পেরেছে, যা ঝঞ্ঝাট নিজের, তার ওপর কাজ কর্মের। পৃথিবী উল্টে গেলেও ঠিক সময়ে চাষ কর, বীজ বোন, ফসল কাট। এদিক ওদিক হবার জো নেই। কোন্ দিকে তাল সামলাবে! এবার একটু নজর দিতে পারবে। ওয়াং ঠিক ক'বল মেজ ছেলেকে বেশী পড়াবে না, একটু তাড়াতাড়িই স্কুল ছাড়িয়ে নিয়ে কিছু একটা কাজ শিখতে দেবে। শিগ্গির শিগ্গির কাজ কর্মে জুতে দেওয়াই ভালো। নইলে বড় খোকার মত ডানা গজাবে আর বাড়ী সুদ্ধ লোককে জ্বালিয়ে খাবে।

বড় ছেলে আর মেজ ছেলে আকারে প্রকারে একেবারে উল্টো। বড় জন লম্বা, শরীরে কাঠামোখানা মায়েরই মত অর্থাৎ উত্তর দেশীদের মত মুখের রং লালচে। মেজ ছেলে বেঁটে ছিপ্‌ছিপে, রং হল্‌দে, ওয়াং-এর বাবার মুখের অনেকটা আদল আসে। অত্যন্ত তীক্ষ্ণ ধূর্ত চোখ, ব্যঙ্গে ভরা। কারণ ঘটলে হিংস্র হ'য়ে উঠতে দেরী হয় না। ওয়াং ভাবে:

এ ছেলে আমার পাকা ব্যবসায়ী হবে। ইস্কুলে ছাড়িয়ে ওকে ব্যবসা-পাট্টিতেই নিয়ে যাব, দেখি যদি কোথাও কাজ শিখতে দিতে পারি। ওখানেই তো আমার নিজের কাজ কর্ম! নিজের লোক একটা থাকলে মন্দ হয় না। ফসল বেচার সময় দাঁড়ি পাল্লার দিকে একটু নজর রাখতে পারে, ওজনের সময় একটু আধটু নিজেদের সুবিধেও তো ক'রে নিতে পারে। সুতরাং সেইদিনই কোকিলাকে বলে: 'যাও তো দেখি বেয়াই মশাইকে বলো গে যে আমার ও'র সাথে একটু দরকার আছে। অন্ততঃ এক সাথে বসে একটু মদ খেতে হয়তো আমাদের—এরপর যখন দুজনে এক বোতলের মদই হ'তে যাচ্ছি। খেতে খেতেই কথা হবে'খন।'

কোকিলা ফিরে এসে বলল: 'আপনার যেদিন সুবিধে হবে সেদিনই যেতে বললেন উনি। আজ দুপুরেও ও'র সময় আছে। আর বলেন তো উনিও আসতে পারেন।'

শহরের এই মানুষটি ওর বাড়ীতে এলে ওয়াংকে অনেক কিছু আয়োজন ক'রতে হয়, একে শহরের মানুষ, তায় বেয়াই। তার চেয়ে নিজের যাওয়াই ভালো। স্নান সেরে সিল্কের পোষাক পরে মাঠের পথে বেরিয়ে পড়ল। নির্দিষ্ট রাস্তায় গিয়ে কোকিলার নির্দেশমত পুলটা পেরিয়ে ডানদিকে দুটো বাড়ীর পরে বাড়ীটা আন্দাজ ক'রে একজনকে জিজ্ঞাসা ক'রে জেনে নিল ঠিক ঐ বাড়ীটাই।

দরজায় ঘা দিতেই একজন পরিচারিকা এসে দ্বার খুলে ওর পরিচয় জিজ্ঞাসা ক'রল। ওয়াং পরিচয় দিলে অবাক হ'য়ে একবার তাকিয়ে দেখে সে ওকে প্রথম মহলে নিয়ে গেল। এ মহলেই পুরুষেরা থাকে। একটা ঘরে নিয়ে গিয়ে বসাল। তারপরে আর একবার ওয়াং-এর দিকে বড় বড় চোখ ক'রে তাকিয়ে তবে মেয়েটির হৃদয়ঙ্গম হল যে এঁরই ছেলের সঙ্গে এ বাড়ীর কর্তার মেয়ের বিয়ে সে দিন ঠিক হ'ল। তাড়াতাড়ি প্রভুকে সংবাদ দিতে চলে গেল।

ওয়াং লাং চারদিক নিরীক্ষণ ক'রে ক'রে দেখতে লাগল। উঠে গিয়ে দরজার পরদায় হাত দিয়ে দেখল, আসবাব পত্রের কাঠগুলি পরীক্ষা ক'রে দেখল—বেশ খুশি হল—সব কিছুতে বেশ সচ্ছন্দ জীবন-যাত্রার পরিচয় র'য়েছে। খুব বেশী বড়লোকের মেয়ে ওয়াং চায়নি—এমনি মাঝারি ঘরের মেয়ে চেয়েছিল। সাধারণতঃ বড়লোকের মেয়েরা বড় অহংকারী আর জেদী হয়—আর তাদের কাপড় গহনা জুগিয়ে কুল পাওয়া যায় না। তা ছাড়া বড় কথা হ'লো যে ওসব মেয়েরা দু'দিনে ছেলেকে পর ক'রে নেয়। যাক্ ভালোই হ'ল। ওয়াং বসে বসে ভাবী বেয়াইয়ের প্রতীক্ষা ক'রতে লাগল।

তারপর ভারী পায়ের শব্দ ক'রে একজন স্থূলকায় বয়স্ক ব্যক্তি ঘরে এল। অভিবাদনের আদান প্রদানের পর গোপন দৃষ্টিতে দু'জনকে নিরীক্ষণ করে। বেশ ভালো লাগে পরস্পরকে। প্রতিষ্ঠা প্রতিপত্তির জন্য দু'জনেই দু'জনকে সম্ভ্রমের দৃষ্টিতে দেখে। একজন পরিচারিকা এসে উষ্ণ সুরা দিয়ে যায়—পান ক'রতে ক'রতে ওরা নানা আলোচনা করে। অবশেষে ওয়াং কাজের কথায় আসে:

'এখন যে জন্য আসা বেয়াই। কথাটা হচ্ছে এই যে আমার মেজ ছেলেটাকে আপনার হাতে সঁপে দিতে চাই। ছেলেটা চালাক চতুর আছে। আপনার তো মস্ত

বড় ব্যবসা, লোক জনের দরকার হয়তো। যদি কিছুদিন আপনার কাছে থেকে একটু কাজ কর্ম শিখতে পারে আমার বড় উপকার হয়। তবে আপনার যদি সুবিধে না হয় তো—'

'হ্যাঁ, হ্যাঁ, লেখা পড়া জানা ঐ রকম চালাক চতুর ছোকরার আমার দরকার আছে বৈকি!' প্রসন্ন সুরে লিউ বলে।

ওয়াং একটু গর্বের সুরে উত্তর দেয়ঃ

'আমার দু'ছেলেই খুব বিদ্বান মশায়। অন্যের লেখায় এতটুকু ভুল থাকলে ঠিক ধরে দেবে—ওদের চোখ এড়াবে না।'

'বেশ, বেশ, চমৎকার!' যেদিন আপনার খুশি দিন পাঠিয়ে! তবে বেয়াই মশায়, মাইনে পত্তর কিন্তু প্রথমটা দেব না। আমার এখানেই খেয়ে কাজকর্ম শিখুক না আগে। বছর খানেকের মধ্যেই মোটামুটি সব বুঝে শুনে নিতে পারবে। তখন মাসে ডলার খানেক ক'রে পাবে। তিন বছর পর্যন্ত এক ডলার ক'রে বাড়িয়ে দেব। আর এ-ছাড়া খদ্দেরদের কাছ থেকেও ও নিজে যা কমিশন আদায় ক'রতে পারে। তারপর তিনটে বছর পরে—তখন তো ওর নিজের হাত। যেমন কাজ ক'রবে তেমন পয়সা। শেখার তিন বছরই একটু টেনে তুলতে হবে। জামিন-টামিনও আর লাগবে না। আমরা তো আর পর নই এখন। আপনা আপনির মধ্যে আর ওসবের দরকার নেই।'

ওয়াং খুশি হ'য়ে বিদায় নিল। বেরুতে বেরুতে বলল ঃ

'তাই তো, আমরা তো আর পর নই এখন। আর একটা কথা বেই মশায়, আপনার ছেলে নেই? আমার যে মেয়েও রয়েছে একটা।'

লিউ হোঃ হোঃ করে প্রাণ খোলা হাসি হেসে উঠল। ওর সুখাদ্য-পুষ্ট স্থূল দেহটা নড়ে উঠল হাসির প্রাবল্যে। বলল ঃ

'মেজ ছেলেটা রয়েছে, এই দশ বছর হ'ল। ওরই বিয়ের কথা বাকী আছে এখনও। আপনার মেয়েটির বয়েস কত?'

ওয়াং হেসে উত্তর দিল ঃ

'এই ন বছর চলছে। ফুলের মত সুন্দর হয়েছে মেয়েটা।'

দুজনেই এক সঙ্গে হেসে উঠল। লিউ বলল ঃ

'ডবল দড়ির ব্যবস্থা যে!'

ওয়াং আর কিছু বলল না। কেননা সম্বন্ধ বিষয়ে এর বেশী কথা মুখো মুখি আর চলে না। কাজেই মাথা নীচু ক'রে নমস্কার ক'রে বেরিয়ে এল। বাড়ী এসে মেজ খুকীর দিকে তাকিয়ে ভাবল, মন্দ হবে না সম্বন্ধটা। বড় সুন্দর হ'য়েছে মেয়েটা। মা পা বেঁধে দিয়েছে—টলে টলে যখন চলে বড় সুন্দর লাগে। কিন্তু কাছে আসতে চোখ প'ড়ে গেল মেয়েটার গালে চোখের জল শুকিয়ে আছে—মুখখানা ছাইয়ের মত সাদা, আর বড় গম্ভীর। হাত ধরে কাছে টেনে এনে আদর ক'রে জিজ্ঞাসা করল ঃ

'কেঁদেছিস কেনরে মা?'

মাথা নীচু ক'রে জামার বোতামটা নাড়াচাড়া ক'রতে ক'রতে বড় লজ্জায়, বড় আস্তে অস্পষ্ট স্বরে মেয়ে জবাব দিল ঃ

'মা একটা কাপড় দিয়ে রোজ রোজ বেশী শক্ত ক'রে পা বেঁধে দেয়। বড় ব্যাথা করে, রাতে ঘুমতে পারি না।'

ওয়াং অবাক হ'য়ে বলে : 'কইরে তোকে তো কোনোদিন কাঁদতে শুনিনি!'

'কাঁদব কি ক'রে! মা যে বলেছে কাঁদলে তোমার কষ্ট হবে। কারো কষ্ট নাকি তুমি সইতে পারো না। আমায় কাঁদতে দেখলে—' ছোট শিশু যেমন শোনা-গল্প মুখস্থ বলে তেমনি ভাবে মেয়েটি বলে যায় : 'নাকি পা আর বাঁধতেই দেবে না। আর পা বাঁধা না থাকলে, তুমি যেমন মাকে ভালোবাস না, আমার বরও তেমন আমায় ভালোবাসবে না।'

ওয়াং-এর বুকে কে যেন একটা ছুরি বসিয়ে দিল। ওলান্ মেয়েকে বলেছে ও তাকে ভালোবাসে না! ওরই সন্তানের জননী সে!

তাড়াতাড়ি কথা ঘুরিয়ে বলল : 'জানিস তোর জন্য একটা টুকটুকে বর দেখে এসেছি আজ। কোকিলাকে কথাবার্তা ঠিক ক'রে আসতে পাঠিয়ে দেব।'

বালিকা মধুর হেসে মাথা নীচু করে। হঠাৎ যেন ওর শৈশব যৌবনে মুক্তি পেয়ে যায়। সেদিনই সন্ধ্যার সময় ওয়াং কোকিলাকে কথাবার্তা পাকা ক'রতে পাঠিয়ে দিল।

কমলের পাশে শুয়েও সে-রাতে ওয়াং-এর ভালো ঘুম হ'ল না। বার বার ওর মনের পটে অতীতের ছবি ফুটে উঠতে লাগল। ওলান্ই তো ওর জীবনে প্রথম এসেছিল—তাকেই তো ও প্রথম জেনেছিল, ভালোবেসেছিল। সেই থেকে দুঃখে সুখে ওর পাশে দাঁড়িয়ে, অনুগত ভৃত্যের মত নীরবে সেবা ক'রে গেল ওলান্। মেয়ের কথাগুলো বার বার মনে পড়ে ওকে খোঁচা দিতে লাগল। ওলান্ বুঝেছে—নিষ্প্রভ চোখ দুটি দিয়েই ওলান্ ওর অন্তস্থলটা দেখতে পেয়েছে। এই কথাটা ওয়াংকে বড় ব্যথা দিতে লাগল।

কিছুদিন পরে মেজ ছেলে নাং ওয়েন্ শহরে চলে গেল। মেজ মেয়ের সম্বন্ধ পাকা হ'য়ে গেল। যৌতুকের হিসেব, দলিল পত্র, যা কিছু সব ঠিক ঠাক, পাকা হ'য়ে গেল। ওয়াং এবার নিশ্চিন্ত। ছেলে মেয়েদের ব্যবস্থা তো একরকম হ'য়ে গেল। রইল বড় খুকী আর ছোট ছেলেটা। বোবা মেয়েটার আর কি ব্যবস্থা হবে—রোদে বসে কাপড়ের ফালি পাকিয়ে পাকিয়ে খেলা করা ছাড়া তো সে-বেচারার আর কোনো ক্ষমতাই নেই। ছোট খোকাকে ইস্কুলে আর দেবে না। দু'ছেলে লেখাপড়া শিখেছে ওতেই ঢের হবে। ওকে এদিকেই জমি জমা দেখা শোনা করবার জন্য রেখে দেবে।

তিন তিনটি যোগ্য ছেলে—ওয়াং গর্ব বোধ করে। একজন পণ্ডিত, একজন ব্যবসা করে, একজন চাষ-বাস ক'রবে। কম কথা? ক'জনের ভাগ্যে জোটে? ওয়াং-এর মত সুখী কে? ছেলেমেয়ের কথা আর ভাববার দরকার নেই,—মন থেকে ঝেড়ে ফেলে দিল একেবারে। কিন্তু ছেলেদের মায়ের কথা ঝেড়ে ফেলতে পারল না। জ্ঞাতসারে অজ্ঞাতসারে ঐ কথাই মন ছেয়ে রইল।

এত বছর পরে এই প্রথম ওয়াং ওলান্-এর কথা ভাবে। ওলান্ ব্যক্তি হিসেবে ওয়াং-এর চিন্তায় কখনও স্থান পায়নি—বিবাহিত জীবনের রোমাঞ্চের অধ্যায়েও নয়। অর্থাৎ ওলান্কে ওলান্ ব'লে ওয়াং কোনোদিন হিসেবে আনেনি। ওলান্ রমণী—

এইটুকুই শুধু ও দেখেছিল। ওলান্‌কে অবলম্বন ক'রে কুমার ওয়াং-এর প্রথম নারীর অভিজ্ঞতা। ওলান্ রমণী, এর বেশী ওয়াং দেখেনি। তাছাড়া নানা কাজে নানা ঝঞ্ঝাটে ওর সময়ই বা কোথায় ছিল কারো কথা ভাবার ? এখন ছেলেদের ব্যবস্থা হ'য়ে গেছে। শীত এসে পড়েছে, মাঠের কাজও একরকম শেষ হয়েছে, কমলকে নিয়েও আর ওর তেমন পাগলামী নেই। আর মার খাওয়ার পর থেকে কমলও একেবারে নরম হ'য়ে গেছে। এখন ওর অবসর হ'য়েছে। সুতরাং এখন ও ওলান্‌-এর কথা ভাবতে বসেছে।

আজ আর ওলান্ ওয়াং-এর কাছে কেবলি নারী নয়, আজ ওর কুরূপ মূর্তি, ওর অস্থিসার শ্রীহীন দেহ, রুক্ষ-হলুদে ত্বক্ ওয়াং-এর চোখে পড়ে না। স্ত্রীর কথা ভাবতে গিয়ে তীব্র অনুশোচনায় ও ক্লিষ্ট হ'য়ে ওঠে কি রোগা হ'য়ে গেছে ওলান্, রং একেবারে পাংশুটে, চামড়া শুকিয়ে রুক্ষ হ'য়ে গেছে। এই তো সেদিনের কথা—ওয়াং এর সঙ্গে সঙ্গে মাঠে গিয়ে কাজ ক'রেছে। কি সুন্দর গভীর পিঙ্গল বর্ণ—লালের আভা খেলত তাতে। কত বছর ওলান্ মাঠে যায় না। বছরে বার দুই সেই ফসল কাটার সময় যেত খালি। তাও গত দু-তিন বছর যায়নি, অবশ্যি ওয়াংই যেতে দেয় নি—পাছে লোকে নিন্দে করে যে অত বড়লোক হয়েও ওয়াং বউকে খাটায়।

সে-তো হলো। কিন্তু ওয়াং তো কোনোদিন ভেবে দেখেনি কেনই বা শেষ পর্যন্ত ওলান্ মাঠে যাওয়া ছাড়তে রাজী হ'লো, কেনই বা ও অত ধীরে ধীরে চলা ফেরা করে। ক্রমশঃই যেন ওর নড়াচড়া বড় বেশী মন্থর হ'য়ে চলেছে। ভাবতে বসে মনে পড়ে গেল ঃ তাইতো, কতদিন ও শুনেছে ভোর বেলা বিছানা থেকে ওঠার সময় ওলান্ কেমন যেন কাতরায়। উপুর হ'য়ে উনুন ধরাবার সময়ও কতদিন কাতরানি শুনেছে ওয়াং। কতদিন জিজ্ঞাসাও ক'রেছে কি হ'য়েছে। কিন্তু জিজ্ঞাসা ক'রলেই ওলান্ চুপ ক'রে গেছে। ওর দিকে আর ওর উদরের অস্বাভাবিক স্ফীতির দিকে তাকিয়ে ওয়াং-এর মনে বড় অনুতাপ হয়। কিন্তু কেন যে হয় তা ও বোঝে না। আপন মনেই তর্ক করে ঃ

আমার কি অপরাধ হলো ! ভালোবাসিনি কে বললে ? রক্ষিতার পেছনে মানুষ যেমন পাগল হয়—তেমনি হইনি, এইতো কথা ? ঘরের বৌ-এর জন্য কেই বা তা হয় ?

তারপর যেন নিজেকে সান্ত্বনা দেয় ঃ তা মারধোর তো ক'রিনি কখনও, টাকা পয়সা যখন যা চেয়েছে দিয়েছিও।

শত সান্ত্বনা সত্ত্বেও মেয়ের কথাগুলো মন থেকে কিছুতে মুছে যায় না। কেন যে যায় না কিছুতে বুঝতে পারে না। মনের সঙ্গে অনেক তর্কবিতর্ক করে। স্বামী হিসেবে ও তো বহু লোকের চাইতে ভালো। কোনোদিন তো ওলান্‌-এর সঙ্গে কোনো খারাপ ব্যবহার করেনি ! তবে কেন !

তবে কেন ? এই 'তবে কেন' ধাঁধা ওয়াং-এর মনের মধ্যে বাসা বেঁধে রইল। ওয়াং-এর দৃষ্টি অনুক্ষণ ওলান্‌কে নিরীক্ষণ ক'রে ফিরতে লাগল। চলায় ফেরায়, ওর কাজের মধ্যে ওয়াং কেবল ওলান্‌কে দেখে। একদিন সকলের খাওয়া হ'য়ে গেলে, ওলান্ নীচু হ'য়ে এঁটো ঝাঁটা দিচ্ছিল। ওয়াং লক্ষ্য করল ও হাঁপাচ্ছে, পেট

চেপে ধরে উপুর হ'য়ে রয়েছে। দূর থেকে মনে হ'চ্ছে যে ঝাঁটই দিচ্ছে।

ওয়াং ওকে জিজ্ঞাসা করল, একটু রুক্ষভাবেই করল: 'কি হ'য়েছে তোমার?'

ওলান্ মুখ ফিরিয়ে অত্যন্ত বিনীত ভাবে জবাব দিল: 'সেই আগের ব্যাথাটা।'

ওয়াং খানিকক্ষণ স্ত্রীর দিকে তাকিয়ে রইল। তারপর মেয়েকে ডেকে বলল:

'যা তো মা, ঘরটা ঝাঁট দিয়ে ফেল। তোর মায়ের অসুখ ক'রেছে।'

তার পর স্বরে মমতা ভরে, যা ও এত বছরের মধ্যে কোনোদিন করেনি, ওলান্‌কে বলল:

'তুমি শুয়ে পড়োগে এক্ষুণি। খুকীকে বলেছি এক্ষুণি গরম জল এনে দেবে। খবরদার উঠো না যেন।'

ওলান্ নীরবে আদেশ মেনে নিয়ে নিজের ঘরে চলে যায়। তারপর ক্লান্ত দেহটাকে টেনে টেনে এদিক ওদিক নড়াচড়া ক'রে গিয়ে শুয়ে পড়ে। নড়াচড়ার শব্দ শোনা যায় এ ঘর থেকে। চাপা কাতরানির শব্দ আসে। ওয়াং বসে বসে শোনে। তারপর উঠে ডাক্তারের খোঁজে শহরে চলে যায়।

মেজ ছেলে যেখানে কাজ করে সেখানকার একজন কেরাণী ওকে এক ডাক্তারের খোঁজ দিল।

ডাক্তার বৃদ্ধ, দীর্ঘ শ্বেত শ্মশ্রুতে বুকে মুখ প্রায় ঢাকা—নাকের ওপর প্যাঁচার চোখের মত একজোড়া পেতলের ফ্রেমের চশমা। গ্রে রং-এর ময়লা আচ্‌কানটির ঢোলা আস্তিনে হাত সম্পূর্ণ ঢাকা। বৃদ্ধ চায়ের পেয়ালা নিয়ে বসেছিল। ওয়াং-এর কাছে তার স্ত্রীর রোগের সব বিবরণ শুনে মুখ বাঁকা ক'রে টেবিলের দেরাজ থেকে কালো রং-এর কাপড়ে জড়ান একটি পুঁট্‌লি বের ক'রে বলল: 'চলুন।'

ওলান্-এর ঘরে এসে দেখে কেমন জানি একটা তন্দ্রায় আচ্ছন্ন ওলান্। কপালে, ওপরের ওষ্ঠের ওপরে, শিশির বিন্দুর মত বিন্দু বিন্দু ঘাম। এ দেখেই ডাক্তার মাথা নাড়ে। বানরের হাতের মত চর্মসার, পাংশুটে একখানা হাত আস্তিনের ভেতর থেকে বের ক'রে অনেকক্ষণ ধরে নাড়ী দেখে—তারপর গম্ভীরভাবে মাথা নেড়ে বলে:

'পিলেটা দেখছি বড় বেড়ে গেছে। এঃ যকৃৎটা তো একেবারেই খারাপ হ'য়ে গেছে।···জরায়ুর মধ্যেও মানুষের মাথার মত বড় একটা পাথর···আর···পাকস্থলীও কোনো কাজই ক'রতে পারছে না···সর্বনাশ! হৃদ্‌পিন্ডও যেন নড়ছে না, এই কোনোমতে একটু ধিকি ধিকি ক'রছে মাত্র—মনে হচ্ছে ওটাতে পোকা পড়েছে।'

একথা শুনে ভয়ে ওয়াং-এর নিজের হৃদ্‌পিন্ডই যেন থেমে গেল মনে হ'ল। ও রেগে উঠল: 'শুনলাম তো সব—এখন দেরী না ক'রে ওষুধ দিন।'

ওদের কথাবার্তার শব্দে ওলান্ চোখ খুলে চাইল—বেদনাতুর ক্লান্ত শূন্য দৃষ্টি।

ডাক্তার আবার বলে: 'বড় কঠিন রোগ মশায়। বড় কঠিন রোগ। টাকা একটু বেশী লাগবে। একেবারে ভালো ক'রে দেবার চুক্তি যদি না চান—তবে একটু কমে হবে। দশ ডলার লাগবে তা'হলে ফী। কিছু ওষুধ লিখে দিচ্ছি—একটা পাঁচন থাকবে, তার সঙ্গে বাঘের শুক্‌ন হৃৎপিন্ড আর কুকুরের দাঁত থাকবে। সব একসঙ্গে

সেদ্ধ ক'রে ক্বাথটা খাইয়ে দেবেন। আর ভালো ক'রে দিতেই হবে বলে যদি শর্ত লিখিয়ে নিতে চান তবে পাঁচশ' ডলার লাগবে বলে দিচ্ছি।'

পাঁচশ' ডলার—কথা কটি ওলান্-এর কানে গেল। হঠাৎ তন্দ্রা থেকে জেগে উঠে ক্ষীণ দুর্বল স্বরে বলল ঃ

'না গো না, আমার তুচ্ছ জীবনটার জন্য অত খরচ ক'রো না। ঐ টাকা দিয়ে যে ভালো একখানা জমি হ'য়ে যাবে।'

ওলান্-এর কথায় পুরানো অনুশোচনা জেগে উঠে ওয়াংকে চাবুক মারে। ও ক্ষেপে ওঠে। ভয়ানক চীৎকার ক'রে ওলানকে বলে ঃ 'যতক্ষণ আমার টাকা আছে আমি এ বাড়ীর কাউকে মরতে দেব না।'

'আমার টাকা আছে' কথা কটি ডাক্তারের কানে যায়। লোভে বৃদ্ধের চোখ জ্বলে ওঠে। কিন্তু আইনের ভয় আছে। সর্ত ক'রে সর্ত যদি না রাখতে পারে—অর্থাৎ রোগী যদি মরে—তবে আইন অনুসারে কঠিন শাস্তি পেতে হবে, বৃদ্ধ জানে।

তাই নিতান্ত দুঃখের সঙ্গে বলে ঃ

'দেখুন—চোখের ওই রংটা তখন খেয়াল করিনি, তাই একটু ভুল হ'য়েছিল। রোগটা বড়ই কঠিন। বলেছিলাম বটে—কিন্তু পাঁচশ' ডলারে সারাবার শর্ত ক'রতে পারব না। পাঁচ হাজার না হ'লে পারছি না। ভেবে দেখুন, বড়ই শক্ত কিনা।'

ওয়াং বোঝে সব। নীরবে ডাক্তারের দিকে চায়। কোথায় পাবে অত টাকা? জমি বেচতে হবে। কিন্তু ওয়াং ভালো ক'রেই জানে, জমি বেচলেও লাভ হবে না— কেননা ওই পাঁচ হাজারের ছলে ডাক্তার চরম রায় দিয়ে গেল।

সুতরাং দশটি ডলারই ডাক্তারের হাতে গুণে দিল। ডাক্তার চলে গেলে ও রান্নাঘরে ঢুকল। অন্ধকার রান্নাঘর—যেখান ওলান্-এর জীবনের বেশীর ভাগ সময় কেটেছে— আর আজ সেখানে সে নেই। ওলানকে আর কোনোদিন কেউ এ ঘরে দেখবে না। ধোঁয়ায় কালো দেয়ালের দিকে মুখ ফিরিয়ে ওয়াং অঝোরে কাঁদতে লাগল।

[ছাব্বিশ]

ওলান্-এর খুব তাড়াতাড়ি কিছু হ'ল না। সবে মাঝ পথে আসা কাঁচা জীবন অত তাড়াতাড়ি দেহটার মায়া ছাড়তে চাইল না। বহু মাস ধরে বিছানায় শুয়ে শুয়ে ওলান্ তিল তিল ক'রে মরতে লাগল। শীতের সুদীর্ঘ দিনের পথ বেয়ে পা পা ক'রে মৃত্যু আসতে লাগল। ওয়াং আর তার সন্তানেরা এতদিনে বুঝতে পারল ওলান্ এ-গৃহের কি ছিল, কি স্বাচ্ছন্দ্যে কি সুখে সকলকে ঘিরে রেখেছিল, কাউকে কিছু জানতে দেয়নি।

তাই আজ কেউ কিছু জানে না! জানে না উনুন ধরাতে, জানে না মাছ না-

ভেঙ্গে না-পুড়িয়ে ভাজতে, জানে না কোন তরকারীতে কি তেল পড়বে। টেবিলের তলায় এঁটো পড়ে থাকে যতক্ষণ না ওয়াং নিজে দুর্গন্ধে অস্থির হ'য়ে কুকুর ডাকিয়ে খাইয়ে দেয়, নয় মেজ খুকীকে দিয়ে পরিষ্কার করায়।

শিশুর মত অসহায় স্থবির ঠাকুরদাদার সেবা ক'রে ছোট ছেলেটাই তার মায়ের স্থান পূর্ণ করতে চেষ্টা করে। ওয়াং কিছুতেই এই বৃদ্ধ-শিশুকে বোঝাতে পারে না আর তার বৌমা তাকে গরম জল এনে দেবে না, বিছানায় শুইয়ে দেবে না, হাত ধরে বিছানা থেকে তুলে দেবে না। ক্ষণে ক্ষণে বৌকে ডাকে বৃদ্ধ—এবং না পেয়ে ওর মেজাজ বিগড়ে যায়। রাগ ক'রে চায়ের বাটি ছুঁড়ে ফেলে দেয়—বে' না দি'লে খাবে না—! জেদী শিশুর মত! একদিন ওয়াং ওকে ধরে ধরে ওলান্-এর বিছানার কাছে নিয়ে আসে। বৃদ্ধ তার ছানি-পড়া চোখের ঝাপসা দৃষ্টি দিয়ে দেখতে চেষ্টা করে। কি যেন বলে অস্পষ্ট স্বরে, কেঁদে ওঠে—বোঝে সুর কেটে গেছে।

জড়বুদ্ধি বোবা মেয়েটাই কেবল কিছু বুঝল না। তেমনি হেসে, তেমনি ন্যাকড়ার ফালি পাকিয়ে তার দিন যায়। ওর তো কোনো জ্ঞান, কোনো অভাব বোধ নেই। কাজেই ওর কথা এক জনকে মনে রাখতেই হয়! ওকে খাওয়ানো, শোয়ান, বাইরে এনে রোদে বসান, আবার ঘরে নিয়ে যাওয়া—সব মনে ক'রে ক'রতে হয়। কিন্তু মাঝে মাঝেই ভুল হয়, ওয়াং নিজেও ভোলে। একদিন ভুলে বেচারা সারারাতই বাইরে প'ড়ে রইল। ভোরের দিকে শীতে কাঁপতে কাঁপতে বেচারা কেঁদে উঠল। ওয়াং শুনতে পেয়ে ভয়ানক রেগে গিয়ে সব ছেলে মেয়েদের খুব গালাগাল করল—মায়ের পেটের বোনটা, অবোলা মানুষ তার কথা ওরা ভুলল কি ক'রে। কিন্তু নিজের ভুল বুঝতে পারে—ওরা ছেলেমানুষ, নেহাৎ ছেলেমানুষ। কত আর ক'রবে। তাও তো মায়ের স্থান পূর্ণ ক'রতে প্রাণপণ চেষ্টা ক'রছে বেচারারা। পেরে ওঠেনা, কি আর ক'রবে। এরপর থেকে বোবা মেয়ের ভার ওয়াং নিজের হাতেই তুলে নেয়।

ওয়াং এখন আর কাজকর্ম একেবারে দেখে না। শীতের চাষ আর জনদের ভার সম্পূর্ণ চিং-এর হাতে ছেড়ে দিল। চিং প্রাণ দিয়ে খাটে। চিং দু'বেলা ওলান্-এর ঘরের দরজায় দাঁড়িয়ে ক্ষীণস্বরে রোগিণীর সংবাদ নেয়। আজ একটু সুপ খেয়েছে, আজ ভাতের মন্ড খেয়েছে—এমনি ধারা একই কথা রোজ বলে ওয়াং বিরক্ত হ'য়ে চিংকে আর জিজ্ঞাসা ক'রতে বারণ ক'রে দেয়। তাকে যা কাজ দেওয়া হ'য়েছে তাই সে ভাল ক'রে করুক, তা'হলেই যথেষ্ট হবে।

ওয়াং ঘুরে ঘুরে এসে ওলান্-এর পাশে বসে ; ওর শীত ক'রলে মাটির উনুনটায় কাঠ-কয়লা জেলে এনে বিছানার পাশে রেখে দেয়। ওলান্-এর বড় অস্বস্তি বোধ হয়। বলে ঃ 'অত বাজে খরচ ক'রো না, বড় পয়সা নষ্ট হচ্ছে।' রোজই ও কথা শুনে শুনে সেদিন ওয়াং ভয়ানক চটে গিয়ে বলল ঃ 'ও কথা বলো না, আমি সইতে পারি না। জমিজমা সব বেঁচে ফেলব দেখি তোমায় সারিয়ে তুলতে পারি কিনা।'

শুনে ম্লান হেসে ওলান্ হাঁপাতে হাঁপাতে অস্পষ্ট স্বরে বলে : 'না—না, সে কক্খনও—হ'তে দেব না—আমি তো চলেছি—। আজ হোক—কাল হোক—যাবই—কিন্তু আমার মাটি যেন থাকে—ওতে—হাত দিও না—।'

ওলান্ মরবে এ ওয়াং কিছুতে সইতে পারবে না—ও ঘর থেকে বেরিয়ে যায়।

কিন্তু তবুও ওয়াং জানে ওই কথাই সত্য—ওলান্-এর আর বেশীদিন নেই। ওকে কর্তব্য করতেই হবে। সুতরাং একদিন শহরে কফিনের দোকানে গিয়ে অনেক বেছে বেছে শক্ত ভারী কাঠের তৈরী কালো রং-এর সুন্দর একটা কফিন কিনে নিয়ে এল। ধূর্ত মিস্ত্রী কাছেই দাঁড়িয়েছিল, বলল :

'দেখ ন, দুটোই একসঙ্গে নিন না, দাম অনেক কম হবে। নিজের জন্য নিয়ে নিন্ না একটা, নিশ্চিন্ত থাকবেন।'

'না হে, তার দরকার নেই, সে আমার ছেলেরাই ক'রবে—'ওয়াং উত্তর দেয়। তারপর বাবার কথা মনে প'ড়ে যায়—তাঁর কফিন তো কেনা হয়নি এখনও। মিস্ত্রীর কথাটা মনে লাগল। বলল :

'ভালো কথা মনে ক'রেছ হে! বাবা বুড়ো হ'য়েছেন, তাঁর তো দিন ফুরিয়েই এল। তা দাও, দুটোই নেব।'

আবার ভালো ক'রে কালো পালিশ লাগিয়ে কফিন জোড়া ওয়াং-এর বাড়ীতে পাঠিয়ে দেবে, মিস্ত্রী বলল। ওয়াং স্ত্রীকে কফিন কেনার কথা বলল এসে। ওলান্ শুনে খুব খুশি হ'ল—ওর ওপারে যাবার রাজসিক বন্দোবস্ত ক'রেছে যে ওয়াং।

দিনের বেশীর ভাগ সময়ই ওয়াং ওলান্-এর পাশে বসে থাকে। কথা বড় একটা হয় না। ওলান্ বড় দুর্বল। তাছাড়া কোন্ দিনই বা ওদের মধ্যে বেশী কথা হ'য়েছে। মাঝে মাঝে ওলান্-এর কেমন ভুল হ'য়ে যায়। ও কোথায় আছে তাও ভুলে যায়। ওয়াং পাথরের মূর্তির মত বসে বসে শোনে। প্রলাপের টুক্রো টুক্রো কথার ফাঁকে ওলান্-এর মর্মখানি এই প্রথম ওয়াং দেখতে পায়।

'আমি মাংস দরজার কাছে পর্যন্ত দিয়ে আসব...আমি জানি গো আমি কালো কুচ্ছিৎ দেখতে, কর্তার সামনে যাবার মত চেহারা আমার নেই...'

হাঁপাতে হাঁপাতে আবার বলে :

'মেরোনা, মেরোনা···আর খাব না চুরি ক'রে···'

—বাবা গো···মা গো···কোথায়···জানি জানি···আমি কালো···আমার রূপ নাই···তাই আমায় কেউ ভালোবাসতে পারে না···' ঘুরিয়ে ফিরিয়ে ওই কথাই বার বার বলে।

'আমি কালো কুচ্ছিৎ আমায় কেউ ভালোবাসতে পারে না···' ওয়াং-এর যেন পাঁজর ভেঙ্গে যায়, সহ্য ক'রতে পারে না। ওলান্-এর হাতখানা নিজের হাতের মধ্যে নিয়ে আস্তে আস্তে হাত বুলিয়ে দেয়—রুক্ষ মস্তবড় হাতখানা, শক্ত যেন মৃত-দেহের হাত। বসে বসে অবাক্ হ'য়ে ভাবে, বড় দুঃখ হয়—ওলান্ সত্যি কথাই ব'লেছে—ওর রূপ নেই, ওকে কেউ ভালোবাসতে পারে না—ওয়াংও পারেনি। ওলান্-এর হাতখানা হাতের মধ্যে ধরা, ওয়াং একান্ত ক'রে চায় স্পর্শের ভেতর দিয়ে ওর

ভালোবাসা ওলান্-এর অন্তরে গিয়ে পৌঁছাক। কিন্তু কোথায় ভালোবাসা ? ওয়াং নিজের কাছেই বড় লজ্জিত হয়। এতটুকু মমতাও তো ওয়াং খুঁজে পায় না। কমল একটুখানি অভিমান ক'রলে ওয়াং-এর হৃদয় গ'লে যায়, উছলে ওঠে। কোথায় ওলান্-এর জন্য সেই প্রাণ গলে-যাওয়া—সেই উছলে ওঠা ? ওয়াং ভালোবেসে মৃত্যুপথ যাত্রিণীর শীতল হাতখানা নিজের হাতের মধ্যে তুলে নেয়নি। মমতা ? করুণা ? কুৎসিৎ হাতখানার দিকে তাকালেই মন ঘৃণায় বিরূপ হ'য়ে ওঠে—কোথায় করুণা ? ওয়াং-এর নিজের 'পরেই বেশী দুঃখ হয়।

অন্তরের এই দৈন্যের ক্ষতিপূরণ ক'রতে ওয়াং বাইরে ওলান্-এর জন্য বড় ব্যগ্র হ'য়ে ওঠে। ওর জন্য বেছে বেছে ভালো ভালো খাবার জিনিস আনে। আরামের সব রকম বন্দোবস্ত ক'রে দেয়। কোনোদিকে কোনো ফাঁক রাখে না। দিন রাত মৃত্যুর এই বিভীষিকা দেখে দেখে ক্লান্ত ওয়াং একটু শান্তির জন্য কমলের কাছে যায়, কিন্তু ওলান্‌কে ভুলতে পারে না। কমলকে বাহুবন্ধনে বাঁধতে যায়—বাহু শিথিল হ'য়ে খসে পড়ে।—ওলান্—

মাঝে মাঝে ওলান্-এর চেতনা ফিরে আসে। একদিন জ্ঞান হ'লে ও কোকিলাকে ডাকল। ওয়াং অবাক হ'য়ে ওকে ডেকে আনল। ওলান্ ধীরে ধীরে হাতের ওপর কম্পিত দেহটার ভার রেখে ওঠে। তারপর অতি সহজ সাধারণ ভাবে বলে যায়ঃ

'কোকিলা তোমার চেহারা ভালো ছিল। তাই জমিদার বাড়ী তুমি খোদ কর্তার সোহাগী হয়েছিলে। আমি কারো সোহাগী হ'তে পারিনি, কিন্তু আমি আমার স্বামীর স্ত্রী। স্বামীর সন্তান গর্ভে ধরেছি। তুমি তো যে দাসী সে দাসীই র'য়ে গেলে।'

কোকিলা খুব রেগে একটা জবাব দিতে যাচ্ছিল। কিন্তু ওয়াং মিনতি ক'রে থামিয়ে বাইরে নিয়ে গিয়ে বলেঃ 'যেতে দাও। ওর কি জ্ঞান আছে ? কি বলছে নিজেই জানে না।'

ওয়াং ফিরে এসে দেখে ওলান্ তখনও সেই ভাবে হাতে মাথা রেখে আধশোয়া অবস্থায় রয়েছে। ওয়াংকে দেখে বললঃ

'আমি মরলে ওরা—ওই দাসী মাগী—আর তার মুনিব ঠাকরুণ—কেউ যেন আমার এ ঘরে না আসে,—দেখো। আমার কোনো জিনিসে—যেন হাত না দেয়। যদি দেয়—তাহ'লে—আমার আত্মা এসে—ওদের ঘাড়ে চাপবে।'

ব'লেই মাথা বালিশে ঢলে পড়ল।

নূতন বছরের উৎসবের আগের দিন হঠাৎ ওলান্-এর অবস্থা ভালোর দিকে গেল। বহুদিন পরে ওর জ্ঞান সম্পূর্ণ ভাবে ফিরে এল। ওলান্ একেবারে স্বাভাবিক হ'য়ে গেল। নেব্‌বার আগে প্রদীপটি যেন শেষবারের মত জ্বলে উঠল। বিছানায় উঠে বসে নিজেই চুল বাঁধল। চা চেয়ে খেল। ওয়াং ঘরে এলে বললঃ

'কাল না নতুন বছর। পিঠে টিঠে কিছুই তো হয়নি। কেই বা করবে! কিন্তু

– দাসী-মাগী যেন আমার রান্নাঘরে না ঢোকে। তুমি এক কাজ কর। লোক পাঠিয়ে আমার বড় খোকার যে পাত্রী ঠিক ক'রেছ তাকে নিয়ে এস। আমার ঘরের লক্ষ্মীকে তো দেখেনি এখনও। সে আসুক। তাকেই আমি সব বুঝিয়ে দিচ্ছি।'

এ বছর উৎসবের কথা ওয়াং-এর মনেই হয়নি। কিন্তু ওলান্‌কে উঠে বসতে দেখে ওর বড় আনন্দ হল। কোকিলাকে পাঠিয়ে দিল লিউ-এর কাছে। সব শুনে লিউ যখন দেখল যে ওলান্ শীতটা কাটিয়ে উঠতে পারে কিনা সন্দেহ, আর এদিকে মেয়ের বয়সও ষোল হ'য়েছে—তখন আর আপত্তি করল না। এমন বয়সে অনেক মেয়েই স্বামীর ঘর করে।

বিনা আড়ম্বরে নিঃশব্দে সিডন্ চেয়ারে বসে বৌ ঘরে এল। সাথে এল শুধু মেয়ের মা আর একজন বুড়ী ঝি। মেয়েকে পৌঁছে দিয়ে মা চ'লে গেল—ঝি রইল।

ছোট ছেলেদের সরিয়ে দিয়ে সেই ঘরটাই বৌকে দেওয়া হ'ল। ওয়াং নূতন বৌ-এর সাথে কথা কয় না—বলা রীতি নয়। কিন্তু বৌ এসে যখন প্রণাম ক'রল, ও গম্ভীর ভাবে মাথা নেড়ে প্রণাম গ্রহণ ক'রল। মেয়েটিকে ওর বড় ভালো লাগল, সুশীলা লক্ষ্মী মেয়ে—রীত্ সহবৎ জানে—চলে যখন শব্দটি হয় না। পরমা সুন্দরী না হ'লেও চেহারা খানা ভালোই। বেশী সুন্দর না হওয়া—সে একরকম ভালোই —গুমর হয় না। কথায় বার্তায় ব্যবহারে কোনো খুঁৎ নেই। ওলান্-এর সেবার ভারও বৌ নিজের হাতে তুলে নিল। ওলান্ও বড় সুখী হ'ল, ওয়াংও অনেকটা হাল্কা হ'ল।

তিন চারদিন ওলান্ খুব প্রফুল্লই রইল। সেদিন ওর মনে আর একটা কথা এল। ওয়াং যখন ভোরে ওকে দেখতে এল তখন বলল :

'মরার আগে আর একটা কাজ দেখে যেতে চাই।'

ওয়াং চ'টে গেল।

'রোজই খালি মরব মরব কর। ওই কথা শুনতে বুঝি আমার খুব ভালো লাগে ভাব?' ওলান্-এর মুখে ঈষৎ একটু ম্লান হাসি জেগে ওঠে। চিরকালের সেই স্বল্পায়ু মন্থর হাসি যা চোখে ধরা দেবার আগেই মিলিয়ে যায়।

'মরব না ব'ললেই কি আমায় ধ'রে রাখতে পারবে?' ওলান্ বলে : 'আমি বুঝতে পাচ্ছি, আমার দিন ফুরিয়ে এসেছে। কিছুতেই আমাকে বাঁচাতে পারবে না। কিন্তু আমার বড় খোকাকে না দেখে, তার বিয়ে না দেখে আমার মরণ হবে না। বৌমা আমার লক্ষ্মী মেয়ে, কি সেবাটাই আমার করে—কখন মুখ ধোয়াতে হবে, কখন কি ক'রতে হবে সব জানে। কিছু ব'লতে হয় না। বেদনা উঠলে ঠিক বুঝতে পারে। খোকাকে বাড়ী আনো। তার বিয়ে দাও। আমায় দেখতে দাও—আমাদের নাতি, আমার শ্বশুরের ভাবী বংশধরদের আসার পথ খুলল। তবে আমি নিশ্চিন্তে মরতে পারব, সুখে মরতে পারব।'

স্বাভাবিক সুস্থ অবস্থায়ও ওলান্ এতগুলো কথা এক সঙ্গে কখনও বলেনি। বড় আবেগ দিয়ে কথাগুলো বলল। এত মাসের মধ্যে একদিনও অমন ক'রে ওলান্

কথা কয়নি। অমন সবল স্বর একদিনও শোনেনি—অমন জোর ক'রে কিছু চায়ওনি। আজ ওর কথা কওয়ার জোরে, চাওয়ার জোরে ওয়াং বড় আনন্দিত হ'ল। যদিও বিয়ের মত অতবড় একটা কাজ এত হুট্ ক'রে ক'রে ফেলতে ওর মোটেই মন চাইল না। কিন্তু ওলান্-এর আকাঙ্ক্ষায় বাধা দিতেও ইচ্ছে হ'ল না। সুতরাং সাগ্রহে বলল ঃ

তাই হবে, তাই হবে। আজই লোক পাঠাচ্ছি। যেখানে পাক খোকাকে খুঁজে নিয়ে আসবে। ও এলেই বিয়ে হবে। তাতো হ'লো, কিন্তু তুমি বল, কথা দাও—তুমি ভালো হ'য়ে উঠবে, মরবে না। তুমি প'ড়ে থাকায় বাড়ীটা যে জঙ্গল হ'য়ে উঠেছে।'

ওলান্কে খুশি করার জন্য ওয়াং কথাগুলো ব'লল। ওলান্ খুশি হ'ল। কিন্তু আর কথা ব'লল না। মৃদু হেসে নিঃশব্দে পাশ ফিরে শুয়ে চোখ বুঁজল।

সেই দিনই ওয়াং নাং এন্কে আনতে লোক পাঠাল। তাকে মায়ের সংবাদ জানিয়ে বলতে বলে দিল যে ওকে না দেখে, ওর বিয়ে না দিয়ে সে নিশ্চিন্তে চোখ বুঁজতে পারছে না। বাপমার ওপর যদি এতটুকু টান থাকে নাং এন্ যেন দ্বিতীয় নিশ্বাস ফেলার আগে চলে আসে। সেদিন থেকে তিন দিন পরে বিয়ে হবে, সব আয়োজন ঠিক থাকবে। চারদিকে লোকজন নেমতন্ন করা হবে, সুতরাং সে যেন দেরী না করে।

ওয়াং কথা মত কাজে লেগে গেল। কোকিলাকে ডেকে খাওয়া দাওয়ার আয়োজন ক'রতে বলে দিল। শহর থেকে রান্নার লোক আসবে—আয়োজন খুব ভালো হওয়া চাই। কোকিলার হাতে একরাশ টাকা ঢেলে দিয়ে বলল ঃ

'বিয়ে খাওয়ার সময় জমিদার বাড়ী যেমন হ'ত ঠিক সে-রকম সব হওয়া চাই কিন্তু। টাকা যত চাই দেব।'

তারপর গ্রামের আর শহরের এমন কি রেস্তরাঁয় বাজারে যত লোককে জানত সকলকে নিমন্ত্রণ ক'রে এল। কাকাকে ও তাদের সব পরিচিত বন্ধু-বান্ধবদের বলতে বলে দিল। কাকা যে কে সে-কথা তো ওয়াং ভোলেনি। যে মুহূর্তে থেকে এ লোকটার আসল পরিচয় ওয়াং পেয়েছে সে-মুহূর্ত থেকে ও এর সঙ্গে সম্মানিত অতিথির মত ব্যবহার করে।

বিয়ের আগের দিন নাং এন্ বাড়ী এল। ছেলেকে দেখে দু'বছর আগের সব কথা ওয়াং ভুলে গেল। দু'বছরেরও বেশী পরে ছেলের দেখা। সেদিনের বালক আজ সবল সুদর্শন যুবক—দীর্ঘ, ঋজু সুগঠিত অবয়ব। ছোট ছোট উজ্জ্বল কালো চুলের রাশ মাথায়—উঁচু গালের উপর স্বাস্থ্যের লালিমা। দক্ষিণী ফ্যাসানে তৈরী গভীর লাল সাটীনের আচ্কান গায়ে, তার ওপর কালো মখ্মলের আস্তিনহীন কোট। এই সুদর্শন যুবক ওয়াং-এর ছেলে—ওয়াং-এর গর্ব আর ধরে না। ওরই ছেলে, ওরই ছেলে—এই যুবক! বিগত দিনের সব গ্লানিকর ইতিহাস মুছে দিয়ে এই কথাটাই জেগে রইল। ওয়াং ছেলেকে তার মায়ের কাছে নিয়ে এল।

মায়ের বিছানার পাশে এসে বসল নাং। মায়ের চেহারা দেখে দু-চোখ ছাপিয়ে

জল এল। কিন্তু রোগীর সামনে মুখের হাসি রাখতে হয়। তাই মুখে প্রফুল্লতা টেনে এনে বলল: 'তোমাকে তো অনেক ভালো দেখাচ্ছে মা! কোথায় তুমি মরবে এখন?'

ওলান্ শুধু বলল: 'নারে, তোর বিয়ে না দেখে আমি মরব না।'

বিয়ের আগে বরের কনেকে দেখতে নেই। তাই কমল কনেকে তার নিজের মহলে নিয়ে এল। বিয়ের খুঁটি নাটি কমল, কোকিলা আর খুড়ী খুব ভালো ক'রেই জানে। বিয়ের দিন সকালে কনেকে খুব ভালো ক'রে স্নান করিয়ে প্রথমেই নূতন সাদা কাপড় দিয়ে পা বেঁধে ওপরে নূতন সাদা মোজা পরিয়ে দিল। কমল নিজের মাখবার সুগন্ধি বাদাম তেল দিয়ে ওর দেহ চর্চ্চিত ক'রে দিল। এবারে পোষাকের পালা। প্রথম ফুলকাটা সাদা সিল্কের জামা—তার ওপর অতি সূক্ষ্ম পশমী জামা। সব ওপরে লাল সাটীনের বিয়ের পোষাক—এ সবই কনের নিজের বাড়ী থেকে আনা। ফিতে দিয়ে নিপুণ হাতে কপালের উপরকার কৌমার্য্যের চিহ্ন ঝালরের মত চুলগুলি পেছনে টেনে বেঁধে দিয়ে কপালটিকে সুপ্রশস্ত ক'রে দেয়। নূতন সৌভাগ্যকে প্রতিষ্ঠা করার জন্য প্রশস্ত ললাট প্রয়োজন। পাউডার রুজ প্রভৃতি দিয়ে মুখের প্রসাধন ক'রে তুলি দিয়ে সুন্দর ক'রে দুটি সুদীর্ঘ ভ্রূ টেনে দেয়। মাথায় মুকুট আর পুঁতি-বসান অবগুণ্ঠন তুলে দিয়ে পরায় ফুল-তোলা জুতো। নখ রাঙ্গিয়ে হাত দু'খানি ক'রে দেয় সুবাস-স্নিগ্ধ।

বিয়ের আসর হ'য়েছে মাঝের ঘরে। ওয়াং, তার বাবা, কাকা, অতিথি অভ্যাগত সকলেই এসেছে। কনে আনা হল। বাপের বাড়ীর দাসী আর খুড়ীর হাতে ভর ক'রে, ব্রীড়া-কুণ্ঠিত পদে কনের যেমন ক'রে চলা উচিত তেমনি ক'রে কনে সভায় এল। বিয়েতে যেন নেহাৎ অনিচ্ছা, পাশের লোকটি যেন ওকে নেহাৎ জোর ক'রেই ধরে আনছে—চলার ভঙ্গিতে এমনি একটা স্বেচ্ছাকৃত দ্বিধার ভাব কনের বিনয়, লজ্জা, শীলতা ও ব্যবহার-শাস্ত্রের নিখুঁত জ্ঞানের সাক্ষ্য দেয়। ওয়াং সানন্দে নিজের মনে স্বীকার ক'রে নিল—যে বৌ হবার উপযুক্ত মেয়ে বটে।

এরপর এল বর। পরনে সেই লাল আচ্‌কান আর কালো মখমলের কোর্টটি। চুল পরিপাটি ক'রে আঁচড়ান; মুখ সদ্য খুর-সংস্পর্শ-মসৃণ। পেছনে ছোট ভাই দুটি। এক সঙ্গে তিন ছেলেকে দেখে ওয়াং-এর বুক গর্বে ফুলে ওঠে। ওয়াং-এর পর এই বলিষ্ঠ সুদর্শন পুত্ররাই তো ওয়াং-এর বংশের ধারাকে, ওর দেহের মধ্যে যে প্রাণের প্রবাহ রয়েছে, সেই প্রবাহকে ধরিত্রীর বুকে প্রবহমান রাখবে।

বৃদ্ধ ওয়াং-এর বাবা কি যে ব্যাপার হচ্ছে বিশেষ কিছুই এতক্ষণ বুঝতে পারেনি। কানের কাছে চীৎকার ক'রে বলা কথার দু' একটা টুকরো মাত্র মাঝে ছিটকে ও কানে গেছে। হঠাৎ যেন সব বুঝতে পারল বৃদ্ধ। উচ্চ হেসে উচ্ছ্বসিত হ'য়ে কলকণ্ঠে বার বার বলতে লাগল:

'বুঝেছি—বিয়ে হচ্ছে বিয়ে! বিয়ে মানেই তো ছেলে তারপর তার ছেলে! হাঃ হাঃ—'

বৃদ্ধের উচ্ছ্বসিত হাসিতে সমাগত অতিথিরা সবাই হেসে ওঠে। ওয়াং-এর কেবলি

মনে হয়—ওলান্ যদি ভালো থাকত তবে ষোলকলা পূর্ণ হ'ত।

ওয়াং-এর চোখ বরাবরই রয়েছে ছেলের দিকে। ছেলে কখন কনের দিকে তাকায় ওকে দেখতে হবে। সুযোগ বুঝে ছেলে অপাঙ্গে কনেকে একবার দেখে নিল—ওর মুখে চোখে চলায় বসায় খুশি দুলে উঠল। ওই টুকুই তো ওয়াং দেখতে চেয়েছিল। তা হ'লে বৌ মনে ধরেছে ছেলের। হবে না—কেমন মেয়ে এনেছে ওয়াং।

বর-কনে এক সঙ্গে প্রথমে ওয়াং-এর বাবা, তারপর ওয়াংকে প্রণাম ক'রে ওলান্-এর ঘরে এল। ওলান্ আজ তার পোষাকী জামাটি আনিয়ে পরেছে। ছেলে বৌ ঘরে আসতে বিছানায় উঠে বসল। ওর মুখে দুটো লাল দাগ আগুনের মত জ্বল্ জ্বল্ ক'রছে। ওয়াং ভুল ক'রে বসল। ভাবল রক্তহীন দেহে রক্ত হ'য়েছে, মুখে তারি আভা ফুটেছে। আনন্দের আতিশয্যে বলে উঠল: 'এই তো বেশ একটু ভালো দেখাচ্ছে। সেরে উঠলে বলে।'

ছেলে বৌ সামনে এসে প্রণাম করে। বিছানাটা দেখিয়ে দিয়ে ওলান্ বলে: 'বসো এখানে আমার কাছে। আমার সামনে বসেই তোমরা বিয়ের সুরা আর অন্ন মুখে তুলবে। আমি নিজের চোখে দেখব। আমি তো যাবার পথে। আমি মরে গেলে এই খাটেই তোমরা শোবে।'

ওলান্-এর কথায় কেউ কোনো উত্তর করল না। বর-কনে নীরবে, সঙ্কোচে কুণ্ঠিত হ'য়ে পাশাপাশি বসে থাকে। তারপর ওয়াং-এর খুড়ী তার মোটা দেহ আর মুখে ব্যস্ততা নিয়ে দুই গ্লাস উষ্ণ সুরা নিয়ে আসে। বর-কনে প্রথম আলাদা আলাদা পান করে। পরে দু' গ্লাসের সুরা এক সঙ্গে মিশিয়ে অর্থাৎ এই দুইটি অচেনা প্রাণী যে আজ হ'তে আর আলাদা রইল না, আলাদা গ্লাসের সুরা যেমন মিশে এক হ'ল তেমনি এদের জীবনও যে আজ হ'তে মিশে একেবারে এক হ'য়ে গেল—ওই কথাই বলা হয় ওতে। ভাত এলে তাও মিশিয়ে খেতে হয়। এখানেই বিয়ের সব আচার কৃত্য শেষ হ'য়ে যায়, এবং বিয়ে শেষ হয়। তারপর বর-কনে আবার একসঙ্গে ওলান্‌কে প্রণাম ক'রে আসরে এসে সমাগত অতিথি-অভ্যাগতকে প্রণাম করে। বিয়ের পর্ব শেষ হয়ে যায়।

এর পর ভোজ পর্ব। আঙ্গিনায়, ঘরে, সব জায়গায় টেবিল ফেলে জায়গা করা হ'য়েছে। রান্নার গন্ধ আর হাসির কোলাহলে বাড়ী মুখর। বহুদূর দূরান্তর থেকে নিমন্ত্রিতের দল এসেছে। ধনী ওয়াং-এর ধনের খ্যাতি চাপা নেই। এত বড় একটা ব্যাপারে দু' দশ পঞ্চাশ জন বেশী খেয়ে গেলে এরকম ঘরে টেরও পাওয়া যায় না, আর গেলেও তার জন্য কারো বুক চড়্ চড়্ করে না। বোধ হয় এই কথা স্মরণ করেই—নিমন্ত্রিত অতিথিদের সঙ্গে অনিমন্ত্রিত যারা এসেছে তাদের সংখ্যাও নেহাৎ কম নয়। ওয়াং এদের অনেককেই চেনে না কোনো কালে দেখেওনি। কোকিলা রান্নার লোকের ব্যবস্থা শহর থেকেই ক'রেছিল। তারা প্রকান্ড প্রকান্ড গামলা ভরা একেবারে তৈরী রান্না নিয়ে এল, খাবার সময়ে গরম ক'রে দিলেই চলবে। ভোজ্যের তালিকার মধ্যে এমন বহু জিনিস ছিল যা সাধারণ গৃহস্থ ঘরের উনুনে হয় না। তাই একেবারে শহর থেকেই খাবার তৈরী হ'য়ে এসেছে। পাচকের দল সগর্বে, নোংরা

দাগ ভরা এপ্রান উড়িয়ে ভয়ানক ব্যস্ত সমস্ত হ'য়ে চার দিকে ঘুরে বেড়ায়। অতিথিরা খেয়ে চলে—যে যত পারে। থামে যখন আর তিলটিও পেটে ধরে না। সকলেই আকণ্ঠ খেয়ে প্রাণ ভরে আনন্দ ক'রে ঘরে গেল।

ওলান্ তার ঘরের সব দরজা খুলিয়ে দিয়েছে—পরদা দিয়েছে সরিয়ে। ও এই আনন্দের কোলাহল শুনবে, নিশ্বাসের সঙ্গে খাবারের সুঘ্রাণ গ্রহণ ক'রবে। ওয়াং ফাঁকে ফাঁকে বার বার ওলান্‌কে দেখতে আসে, আর বার বার ওলান জিজ্ঞাসা করে: 'সকলে ঠিকমত মদ পেয়েছে তো, মিঠে ভাতটায় বেশ বেশী ক'রে ঘি চিনি আর মেওয়া দেওয়া হ'য়েছে তো? ওটা যেন খুব গরম গরম খাওয়ার ঠিক মাঝা-মাঝি দেয়া হয়...' এমনি ধারা হাজারো খুঁটিনাটি সম্বন্ধে ওলান্ বিছানা থেকেই নির্দেশ দেয়।

সব ঠিক আছে—যেমনটি সে চেয়েছিল ঠিক তেমনিই হয়েছে সব কাজ। শুনে ওলান্ শান্ত হয়ে শোয়—ওর মনে ভরা সুখ। বাইরে থেকে উৎসবের কোলাহল কানে আসে...।

ধীরে ধীরে অতিথিরা চলে যায় এক এক ক'রে। উৎসবের কোলাহল থেমে গিয়ে বাড়ীখানার ওপর গভীর নিস্তব্ধতা নেমে আসে। ওলান্-এর ওপরও অবসাদ নেমে আসে। অঙ্গ প্রত্যঙ্গ অবশ হ'য়ে আসে। ছেলে বৌকে ডাকে। ওরা এলে বলে:

'আমার সব সাধ পূর্ণ হ'য়েছে। এখন আর আমার মরতে দুঃখ নেই। খোকা, বাবা—তোর ঠাকুর্দাকে দেখিস। আর বৌমা, স্বামীর সেবা ক'রো। শ্বশুর আর ঐ অথর্ব বুড়ো রইল মা, তাদের দেখো।...ওই বোবা হতভাগী—ওকে—ওকেও তোর হাতেই সঁপে দিলাম—ওর আর কেউ রইল না। এ ছাড়া আর কারো ওপরে তোর কোনো কর্তব্য নেই।'

শেষের কথা কটি ওলান্ কমলকে লক্ষ্য ক'রে বলে। আবার বলতে বলতে তন্দ্রায় আচ্ছন্ন হ'য়ে পড়ে! কয়েক মুহূর্ত পরে একটু যেন জেগে উঠে আবার কথা বলতে চেষ্টা করে। কিন্তু চেতনা একেবারে লুপ্ত হ'য়ে যায়। ও কোথায় আছে, ছেলে, বৌ যে পাশে দাঁড়িয়ে—সব ভুলে গেল। ঠোঁট দুটি নড়ে উঠল, মাথাটা ঘন ঘন এপাশ ওপাশ ক'রতে লাগল। চোখ বন্ধ—ওলান্ বলতে লাগল—সম্পূর্ণ বিকার:

'জানি গো জানি, আমি কুৎসিৎ—আমার এতটুকুও রূপ নেই—কিন্তু ছেলে তো পেটে ধরেছি—

'আমি দাসী-বাঁদী, কিন্তু তবু—তবু তো ছেলের মা...

তারপর হঠাৎ খুব জোর দিয়ে বলে উঠলো: 'ঐ ওটা...আমার মত ক'রে পারবে স্বামীর সেবা ক'রতে?...রূপ থাকলেই তো আর ছেলে পেটে ধরা যায় না—'

বিশ্বসংসার ভুলে গিয়ে বিকার-গ্রস্ত ওলান্ প্রলাপ বকে চলে। ওয়াং সকলকে চলে যেতে ব'লে নিজে পাশে বসে রইল। ঘোর বিকার—এই একটু জেগে উঠে প্রলাপ বকে—পরমুহূর্তেই তন্দ্রায় আচ্ছন্ন হ'য়ে এলিয়ে পড়ে। ওয়াং ওর মুখের দিকে তাকিয়ে বসে থাকে। কি দেখছে ওয়াং? বিশীর্ণ, বিস্ফারিত কালো ঠোঁট জোড়া দু'দিকে ফাঁক হ'য়ে গিয়ে দাঁতগুলো বেরিয়ে পড়েছে ওলান্-এর—কুৎসিৎ বীভৎস। মৃত্যুপথ-যাত্রিনীর শয্যায় বসে, তার মুখের দিকে তাকিয়ে কেবল ওইটুকু ওয়াং-এর

চোখে পড়ল? ছিঃ ছিঃ। একি লজ্জা! নিজের কাছেই বড় লজ্জিত হ'ল ওয়াং। বড় অপরাধী মনে হ'ল নিজেকে।

হঠাৎ ওলান্-এর চোখ দুটি সম্পূর্ণ খুলে গেল—একটা যেন কুয়াশা নেমে এল দৃষ্টির ওপর—ওলান্ পূর্ণ দৃষ্টি ওয়াং-এর মুখের উপর রেখে বার বার দেখতে লাগল—যেন অচেনা কাউকে চিনবার চেষ্টা ক'রছে। হঠাৎ মাথাটা বালিশ থেকে গড়িয়ে পড়ে গেল—একটু কেঁপে উঠেই দেহটা একেবারে স্থির হয়ে গেল।

মৃত ওলান্-এর সান্নিধ্য এক মুহূর্তও আর ওয়াং সইতে পারল না—কিছুতেই। খুড়ীকে ডেকে মৃত দেহটাকে স্নান করাতে বলে দিল। ওয়াং আর ঘরে ঢুকতে পারল না—ওর পা সরল না। স্নান করান হ'য়ে গেলে খুড়ী, নাং এন্ আর বৌ মিলে দেহটা কফিনের মধ্যে পুরে ফেলল। ওয়াং ভুলে থাকার জন্য এ-কাজ সে-কাজ নিয়ে ব্যস্ত হ'য়ে পড়ল। কফিনটা বন্ধ করানোর আবার নানা রকম নিয়ম রয়েছে—লোক ডাকতে ওয়াং নিজেই শহরে চলে গেল। পণ্ডিতের কাছে গিয়ে অন্ত্যেষ্টি ক্রিয়ার একটা শুভদিন ঠিক ক'রে এল। তিন মাসের মধ্যে দিন নাই—তারই মধ্যে প্রথম যেটি পেল পণ্ডিত সেইটিই ওকে বলে দিল। পণ্ডিতকে তার ফী দিয়ে শহরের বড় মন্দিরে এল। সেখানে পুরুতের সঙ্গে অনেক দর কষাকষি ক'রে এ ক'মাস কফিনটা রাখবার জন্য মন্দিরের মধ্যে একটু জায়গা ভাড়া ক'রে এল। বাড়ীর মধ্যে কফিনটা দিনরাত চোখের সামনে থাকবে—ওয়াং কিছুতেই সহ্য করতে পারবে না। কফিনটা এনে মন্দিরে রেখে ও নিশ্চিন্ত হল।

মৃতের প্রতি কোনো কর্তব্যে এতটুকু ত্রুটি ওয়াং থাকতে দেয় না। পরিবারের সকলকেই শোকচিহ্ন ধারণ করতে হ'ল। পুরুষেরা সাদা মোটা কাপড়ের জুতো পরল, আর গোড়ালীর কাছে সাদা ফিতে বাঁধল। প্রত্যেক স্ত্রীলোক সাদা ফিতে দিয়ে চুল বাঁধল।

ওয়াং আর ওলান্-এর ঘরে আসতে পারে না—ওর নিশ্বাস যেন বন্ধ হয়ে আসে। কাজেই জিনিস পত্র নিয়ে ও একেবারে কমলের মহলে চলে এল। বড় ছেলেকে ডেকে বলল: 'তোমরা দুজনে এখন থেকে ও ঘরে থাকবে। তোমার মা যতদিন ছিল ওই ঘরেই ছিল। চোখও বুজল ওই ঘরেই। তোমার জন্ম ওখানেই হ'য়েছে। তোমার ছেলেদেরও জন্ম ওখানেই হোক।'

ছেলে বৌ খুশি হ'য়েই ও-ঘরে বাসা বাঁধল।

মৃত্যু একমাত্র ওলান্কে নিয়েই শান্ত হ'ল না। এর পরে এল ওয়াং-এর বাবার পালা। ওলান্-এর মৃত্যু—আর তার শক্ত শীতল দেহটাকে কফিনের মধ্যে পুরতে বৃদ্ধ চোখের সামনে দেখেছিল। সেদিন থেকে কেমন যেন বিভ্রান্ত হ'য়ে উঠল। তারপর একদিন সেই রাতে শুলো আর জাগল না। ভোর বেলা ছোট খুকী চা নিয়ে গিয়ে দেখে—বৃদ্ধের প্রাণহীন দেহটা শক্ত হ'য়ে পড়ে আছে, মাথাটা পেছন দিকে এলিয়ে পড়া, দাড়িগুলো শূন্যে খাড়া হ'য়ে দাঁড়ান।

চীৎকার ক'রে ছোট খুকী কাছে ছুটে এল। এসে দেখে শুকন গাঁট-বহুল

পাইন গাছের মত অস্থিসার স্থবির দেহটা কঠিন হিম শীতল হ'য়ে পড়ে আছে। অনেকক্ষণ আগেই প্রাণ বেরিয়ে গেছে। বোধ হয় প্রথম রাতেই। ওয়াং নিজের হাতেই দেহটা স্নান করিয়ে কফিনে পুরে বন্ধ ক'রে রাখল। দুজনের অন্ত্যেষ্টি সেই একদিনই হবে। পাহাড়টার ধারে ওর যে জমি আছে সেখানেই। ওয়াং মরলেও তারও কবর ওখানেই হবে।

মাঝের ঘরে দুটো বেঞ্চি পেতে কফিনটা রেখে দিল। ওয়াং-এর মনে হয় ঐখানে থাকলে ওর বাবার আত্মা শান্তি পাবে। তা ছাড়া কফিনের কাঠের আড়াল হলেও বাবা যেন কাছেই রইল। এই নৈকট্যের অনুভূতি ওর বিচ্ছেদের বেদনাকে অনেকটা সহজ ক'রে আনল। বৃদ্ধ-স্থবির পিতার মৃত্যুতে ওয়াং-এর শোক হয়নি। বহু বছর থেকে জরাগ্রস্ত দেহে, বিকল, লুপ্তপ্রায় চেতনায় সে তো অর্ধমৃতই ছিল। কাজেই আজ তার পূর্ণমৃত্যুতে ওয়াং-এর শোক হয়নি। অর্ধমৃত হলেও এতদিন সে ছিল —এইখানে, এই ঘরে—আজ সে নেই। ওয়াং-এর বেদনা—বিচ্ছেদের বেদনা। কফিনটা কাছে রেখে ওর সে-বিচ্ছেদের অনুভূতি আংশিক দূর হ'য়ে যায়।

তিনটি মাস দেখতে দেখতে চলে গেল। শীত গেল, বসন্ত এল। পণ্ডিতেরা নির্দিষ্ট অন্ত্যেষ্টি ক্রিয়ার দিনও এসে পড়ল। 'তাও' মন্দিরের পুরোহিতরা এল— হলদে রং-এর পোষাক, লম্বা চুল মাথার ওপর চুড়ো ক'রে বাঁধা। বৌদ্ধ মন্দিরে ধর্মযাজক এল কয়েকজন, পরনে লম্বা ঢিলে গ্রে রং-এর আলখাল্লা, মুণ্ডিত মস্তকে পবিত্র চিহ্ন ধারণ করা। সারারাত ঢাক বাজিয়ে মৃতের আত্মার শান্তির জন্য মন্ত্র-পাঠ চলে। মুহূর্তের জন্য থামলেই ওয়াং পুরোহিতদের হাতে টাকা গুঁজে দেয়। একটু বিশ্রাম ক'রে তারা আবার আরম্ভ করে।

ওয়াং নিজের জমিতে ছোট টিলাটার ওপর খেজুর গাছের তলাকার জায়গাটা বেছে রেখেছে। চিং সেটা মাটির পাঁচিল দিয়ে ঘিরে দুটো কবর খুঁড়িয়ে রাখল। আরো অনেক জায়গা রইল পরিবারস্থ আর সকলের জন্য—ওয়াং, তার ছেলে-বৌ, তাদেব ছেলে মেয়ে সকলের সমাধি এখানেই হবে। গমের পক্ষে জমিটা খুব ভালো ছিল কিন্তু ওয়াং স্বচ্ছন্দে এটা ছেড়ে দিল—ওয়াং-পরিবারেব প্রতিষ্ঠা এবং স্থিতি তার নিজের মাটিতেই, তারি সাক্ষী হ'য়ে থাকবে ওই সমাধি স্থান। জীবনে, মরণে ওয়াং পরিবার আপন মাটি আঁকড়ে ধ'রে থাকবে।

ভোর বেলা সারা-রাত-ব্যাপী মন্ত্র-কীর্তন শেষ হ'ল। এবারে অন্ত্যেষ্টিক্রিয়া —পরিবারস্থ সকলেই যথারীতি শোকচিহ্ন ধারণ ক'রে সমাধিস্থানে যাবে! ওয়াং, তার ছেলে-মেয়ে-বৌ, কাকা, তার ছেলে, সকলেই রীতি অনুসারে সাদা মোটা কাপড়ের তৈরী শোক-বেশ পরল। ধনী ওয়াং এবং তার পরিবারবর্গ সাধারণ দরিদ্র কৃষকের মত হেঁটে যেতে পারে না। কাজেই শহর থেকে প্রত্যেকের জন্য ডুলি এল। এই প্রথম ওয়াং ডুলিতে চড়ল। ওলান্-এর কফিনের পেছনে ওয়াং, আর তার বাবার কফিনের পেছনে কাকা। তারপর অন্য সকলে। কমলও এসেছে। ওলান্ বেঁচে থাকতে কমল তার সামনে যেতে সাহস করেনি—কিন্তু স্বামীর প্রথমা স্ত্রীর প্রতি কর্তব্য ক'রে প্রশংসা অর্জনের আশায় আজ সেও এল। ওয়াং বোবা জড়বুদ্ধি

মেয়েটাকেও বাদ দেয়নি। সেও অন্যদের মত নূতন শোক-বেশ পরেছে। তার জন্যও ডুলি এসেছে—ডুলিতে ব'সে সেও আর সকলের মধ্যে চ'লেছে। কিন্তু ও বোঝেনা কিছুই, অন্য সকলের কান্নার মধ্যে একা ওই হাসে—অর্থহীন শূন্য কর্কশ হাসি।

পেছনে চিং এবং কিষাণেরা চলে পায়ে হেঁটে। তাদেরও পায়ে সাদা জুতো। সারা রাস্তা সকলে উচ্চরোলে বিলাপ ক'রতে ক'রতে এল।

সমাধিস্থানে পেঁীছে ওয়াং এসে দুটো কবরের মাঝখানে দাঁড়াল। বাবার ক্রিয়া প্রথম হবে। ওলান্-এর কফিনটা ততক্ষণ নামিয়ে রাখা হ'ল। ওয়াং দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে—চোখে এক ফোঁটা অশ্রু নেই। সকলেই চীৎকার ক'রে কাঁদছে, ওয়াং-এর দুঃখ শুকিয়ে জমাট বেঁধে গেছে। কেঁদে ক'রবেই বা কি, যা হবার তা হ'লো, ফেরানো যাবে না কিছু। ওয়াংও তার যথা কর্তব্য ক'রেছে—এর চাইতে বেশী আর কিইবা ক'রতে পারতো।

সব সমাধা হ'য়ে গেলে অন্য সবাইকে ডুলি ক'রে পাঠিয়ে দিল। কিন্তু নিজে একা পায়ে হেঁটে ফিরল। ওর মনের অন্ধকারের মধ্যে হঠাৎ অতি স্পষ্ট অতি দীপ্ত হ'য়ে এই কথাটাই অনুশোচনায় জ্বলে উঠল—কেন সেদিন—ওলান্ যখন ঘাটে বসে কাপড় কাচছিল—কেন মুক্তো দু'টো ওয়াং ওর কাছ থেকে চেয়ে নিল। কেন নিলো! না নিলেই তো পারত।' এতদিন পরে আজ ওয়াং এর বড় দুঃখ হয়—কেন নিতে গেল মুক্তো দুটো! কমলকে আর ও-দুটো কানে প'রতে দেবে না। ওয়াং দেখতে পারবে না।

ক্লিষ্ট মনে একা পথ ভেঙ্গে চলে ওয়াং। চলতে চলতে মনে হয় জীবনের প্রথম অর্ধেক—হয়ত কিছু বেশীই হবে—আজ ওই মাটির তলায় চাপা পড়ল! জীবনের অর্ধেক কেন, আধখানাই আজ ওই কবরের মাটিতে ঢাকা পড়ে গেল। যে আধখানা বাকি রইল, সে একেবারে আলাদা—তার রূপ রং সবই অন্য রকম হ'য়ে যাবে।

হঠাৎ কয়েক ফোঁটা জল ওর চোখ থেকে গড়িয়ে পড়ল—ছোট ছেলের মত হাতের উল্টোদিক দিয়ে তাড়াতাড়ি মুছে নিয়ে ও এগিয়ে চলল।

[সাতাশ]

এ কটা মাস ওয়াং ওর কাজ কর্মের কথা একেবারেই ভাবতে পারেনি। বাড়ীতে বিয়ে গেল, দুদুটো মৃত্যু—এ সবের ঝঞ্ঝাট কম গেল না।

চিং একদিন এসে ব'লল :

'সব তো মিটে গেছে, এখন এদিকে একটু তাকাও। হাল তো তেমন ভালো ঠেকছে না।

'সে আবার কি! কি হলো। কবর দেবার ওই মাটি টুকু ছাড়া যে আর আমার কিছু আছে এ কমাস একেবারেই সে কথা ভুলে গিয়েছিলাম। বল দেখি, কি বলতে এসেছ।'

ওয়াং সসম্মানে দূরে দাঁড়িয়ে চিং-এর কথা শুনল। চিং ধীরে ধীরে ব'লল ঃ

'ভগবান না করুন, মনে হচ্ছে এবার ভয়ানক বন্যা হবে। গ্রীষ্ম না আসতেই এরি মধ্যে ধারের জল মাঠে এসে পড়েছে।'

ওয়াং রেগে গিয়ে বলে ঃ

'ও ব্যাটার কাছ থেকে যদি এক ফোঁটা উপকার পাওয়া যায় কোনদিন। গাদা গাদা ধূপই পোড়াও আর যাই কর। ব্যাটা আকাশে ব'সে মজা দেখে। চলো দেখি কি হ'ল।'

চিং ভীরু প্রকৃতির মানুষ। যতই দুর্গতি হোক না কেন ওয়াং-এর মত অমন করে ঠাকুর দেবতাকে গাল দিতে ওর সাহস হয় না। অতিবৃষ্টি অনাবৃষ্টি সব কিছুকেই ও ভগবানের ইচ্ছা বলে নিঃশব্দে মেনে নেয়। ওয়াং লাং সে প্রকৃতির নয়।

ওয়াং ঘুরে ঘুরে মাঠ ঘাট সব দেখল। চিং-এর কথা সত্যি। জমিদার বাড়ী থেকে কেনা খাতের ধানের জমিগুলোয় সব একেবারে কাদা-ভরা খাতের জল তলা দিয়ে চুঁইয়ে আসে। চমৎকার গম হয়েছিল। সব হলদে হয়ে আধমরা হয়ে রয়েছে।

খাতটা কানায় কানায় ভরে হ্রদের মত হয়ে উঠেছে। নালা গুলো ভরে ছোটখাট নদীর মত হয়ে উঠেছে বেশ স্রোত জলে, ছোট ছোট আবর্ত পাক খেয়ে খেয়ে বয়ে চলেছে। এ দেখে অতি নির্বোধেও বুঝতে পারে যে এখনই যখন জলের এ অবস্থা, তখন আসল মৌসুম বন্যা অবধারিত এবং আবার দুর্ভিক্ষ—আবার চারদিকে সকলের অনাহারে মৃত্যু। ওয়াং ব্যস্ত হয়ে ছুটোছুটি করে সব জমিগুলো পরীক্ষা করে দেখে—চিং চলে পেছনে ছায়ার মত। দু'জনে মিলে হিসেব ক'রে কোন ক্ষেতটায় ধান এখনও লাগান চলতে পারে, আর কোনটা লাগাবার আগেই ডুবে যাবে। কানায় কানায় ভরা নালাগুলোর দিকে তাকিয়ে ওয়াং দেবতাকে গাল দেয়, বুড়ো এখন ওপরে ব'সে মজা দেখবে ঃ 'দলে দলে মানুষ না খেয়ে মরবে ছট্‌ফট্ করে। ফূর্তি হবে ওর। ও তো ওই চায়!'

চিং ভয়ে কেঁপে ওঠে। বলে ঃ 'কি কচ্ছ ভাই! শত হলেও দেবতা! গাল দিতে নেই অমনি করে।'

ওয়াং এখন আর দেবতাকে ভয় করে না।

আর রাগ না হ'য়ে পারে? অমন সুন্দর জমিগুলো ওর সব ডুবে গেল?

সবাই যেমন আশঙ্কা করেছিল—ভয়ানক বান এল। উত্তরের নদীটা কেঁপে উঠে সব চাইতে শেষের বাঁধ ভেঙ্গে ফেলল। গ্রামবাসীরা অবস্থা সঙ্গীন দেখে বাঁধ মেরামতের জন্য পাগলের মত এদিক ওদিক ছুটোছুটি ক'রে অর্থ সংগ্রহ ক'রতে লাগল। সকলেই যা সঞ্চয় ক'রেছিল ঢেলে দিল—কেননা ঐ বাঁধে সকলেরই স্বার্থ বাঁধা র'য়েছে। তারা টাকা তুলে নূতন ম্যাজিস্ট্রেটের হাতে তুলে দিল। কিন্তু বাঁধ পর্যন্ত টাকা পৌঁছুল না। দরিদ্রের সন্তান ম্যাজিস্ট্রেট অত টাকা একসঙ্গে দেখে লোভ সামলাতে পারে নি। দরিদ্র পিতা তার যথাসর্বস্ব, উপরন্তু বিশাল ঋণের মূল্যে এই উচ্চাসন ছেলের জন্য কিনেছিল—আশা ছিল দারিদ্র্য ঘুচবে। নদীর জল দ্বিতীয় বার ফেঁপে উঠতেই গ্রামবাসীরা কোলাহল ক'রতে ক'রতে ছুটে এসে ম্যাজিস্ট্রেট সাহেবের দরজায় ভিড়

করল। প্রতিজ্ঞামত সাহেব তখনও বাঁধগুলো মেরামত করাননি। দরিদ্র-গ্রামবাসীর অর্থ তিনটি হাজার ডলার সাহেবের নিজ সংসারের ভাঙ্গা বাঁধ মেরামতেই সার্থক হ'য়েছে। তিনি গা ঢাকা দিলেন। জনতা মার-মূর্তিতে বাড়ী ঘেরাও ক'রল—তারা অপরাধীর প্রাণ চায়। ম্যাজিস্ট্রেট যখন দেখল প্রাণ তার যাবেই—তখন দৌড়ে গিয়ে নদীতে ঝাঁপিয়ে প'ড়ে ডুবে মরে পরের হাতে মরার লজ্জা ঘোচাল।

সুতরাং না ফিরল টাকা, না মেরামত হ'ল বাঁধ, জলও বেড়ে চলল—একটার পর একটা বাঁধও ভাঙ্গতে লাগল—কেবল ভাঙ্গল নয়, নিশ্চিহ্ন হয়ে গেল। কোথাও যে একটা বাঁধ ছিল তার চিহ্নও রইল না। সুতরাং সামনে বাঁধহীন বিস্তৃতি পেয়ে বানের জল নাচতে নাচতে এসে যত ক্ষেত খামার সব ভাসিয়ে নিয়ে গেল। শিশু ধান গম সব সেই জলের তলায় ডুবে গেল। ক্ষেত, মাঠের ওপর যেন সমুদ্র থৈ থৈ ক'রতে লাগল।

চারদিকে অথৈ জলে গ্রামগুলো দ্বীপের মত ভেসে রইল। অসহায় গ্রামবাসীদের চোখের সামনে জল বেড়েই চলে। বেড়ে বেড়ে বাড়ীর দোরগোড়ায় এল। ওরা তখন টেবিল, খাট, মায় দরজা পর্যন্ত খুলে নিয়ে ভেলা তৈরী ক'রে শিশু, নারী আর সাংসারিক সম্পত্তির মধ্যে কিঞ্চিৎ যা রক্ষা করতে পারল, তাতে তুলে দিল। কিন্তু জল বেড়েই চলল। ঘরের মাটির পাঁচিল ধ্বসে পড়ে জলে মিশে গেল। তারপর মর্ত্যের জলের টানে আকাশের জলও নেমে এল। অশ্রান্ত বর্ষা দিনের পর দিন ঝরেই চলল, যেন—যুগ যুগের পিয়াসী ধরার পিয়াস মেটাবে ব'লে আকাশ পণ করে ব'সেছে।

ওয়াং-এর বাড়ীটা একটা উঁচু টিলার ওপর ছিল বলে ওটা রক্ষে পেল। কিন্তু ওর চোখের সামনে অত সাধের জমিগুলো ভেসে গেল। ওয়াং সতর্ক দৃষ্টি রাখল যেন কবরগুলো ভেসে না যায়। কিন্তু অতদূর জল এগুল না, বুভুক্ষু ধূসর ঘোলা জলের লোভী জিহ্বা বারবার জায়গাটার প্রান্ত লেহন ক'বে ক'রে গেল কেবল!

সারা বছর কোথাও একটি দানা ফসল হ'লো না। ঘরে ঘরে অনাহারের মর্মভেদী হাহাকার। বুভুক্ষু মানুষের পেটের আগুন নিষ্ঠুর ভাগ্যের বিরুদ্ধে মনেও আগুন জ্বালিয়ে দেয়। অনেকে দক্ষিণ দেশে চলে যায়। দুঃসাহসী মরীয়ার দল ডাকাতের দলে গিয়ে ভেড়ে। ওরা শহরে গিয়ে লুট তরাজ আরম্ভ ক'রে দিল। সুতরাং শহরের সমস্ত গেটে তালা পড়ে যায়—কেবল পশ্চিমদিকের ছোট একটা গেট সশস্ত্র সৈন্যদের পাহারায় খোলা থাকে। যারা দক্ষিণে গেল, আর যারা ডাকাতের দলে ভিড়ল—তারা ছাড়া বাকী পড়ে রইল তারাই যারা জীবনের পথ চলায় শ্রান্ত, অবসন্ন, আশাহত,—চিং-এব মত পুত্রহীন ভীরু বৃদ্ধের দল। ওরাই শুধু পড়ে রইল এবং পড়ে থেকে ওরা এখন উপোস করে, ঘাস খায়, উঁচু জায়গায় দু' একটা পাতা যা পায় খুঁটে খায়, ধুঁকে ধুঁকে জলে, ডাঙ্গায়, যেখানে সেখানে প'ড়ে প'ড়ে মরে।

শীত এসে গেল, গম বোনার সময় হ'ল—জল কমল না। পরের বছরও ফসল পাওয়া যাবে না। ওয়াং বুঝতে পারল—ওদের সামনে বড় ভীষণ দুর্ভিক্ষ। সুতরাং সাবধান হল। বাড়ীর খাওয়া দাওয়া খরচ পত্রের ওপর কড়া নজর রাখল। কিন্তু

মুস্কিল কোকিলাকে নিয়ে। সে কিছুতেই এখনও রোজ শহর থেকে মাংস আনা ছাড়বে না। ওয়াং কত ঝগড়া করে। শেষে শহরের রাস্তাও যখন ডুবে গেল ওয়াং খুব খুশি হ'ল। এখন তো আর ইচ্ছে হ'লেই শহরে যাওয়া চলবে না। নৌকো চাই। ওয়াং-এর কথা ছাড়া নৌকো খোলার হুকুম নেই। চিং ওয়াং-এর আজ্ঞাধীন। কোকিলার তীক্ষ্ন রসনার সহস্র খোঁচাও চিংকে টলাতে পারে না।

বেচা কেনাও ওয়াং সব নিজের হাতে নিল। ওর কথা ছাড়া এতটুকুও নড়চড় হতে পারে না। যা পুঁজি আছে ও নিজেই দেখে শুনে হিসেব ক'রে ব্যবস্থা করে। প্রতিদিন নিজেদের সংসারের জন্য দরকারী ভাঁড়ার আন্দাজ ক'রে পুত্রবধূর হাতে দেয়, আর বাইরের লোকজনদেরটা দেয় চিং-এর হাতে। জন-মজুরেরা সব ব'সে। এতগুলো লোককে বসিয়ে খাওয়াতে ওয়াং-এর অন্তর্দাহ হয়। অবশেষে শীত এলে ও সবাইকে জানিয়ে দিল যে আর ওদের বসিয়ে খাওয়ান ওয়াং-এর সম্ভব হবে না। তারা দক্ষিণ দেশে গিয়ে ভিক্ষে, চুরি, মজুরী যে করে হোক নিজেদের ব্যবস্থা ক'রে নিক। শীত গেলে বসন্তের সময় তখন ফিরে আসতে পারে ইচ্ছে হ'লে। কমলকে ওয়াং লুকিয়ে, চিনি, তেল, একটু ভালো খাবার দেয়। কারণ কষ্ট করার অভ্যাস বেচারীর নেই। নূতন বছরের উৎসবও খুব সংক্ষেপেই সারা হ'ল এবার! একটা মাছ নিজেরাই ধরেছিল—আর বাড়ীর একটা পোষা শুয়োর কাটা হ'ল, বাস্।

ওয়াং বাইরে দেখায় না, কিন্তু ওর পুঁজি যথেষ্ট রয়েছে। ছেলে বৌ যে ঘরে থাকে সে ঘরের দেয়ালে মেলাই টাকা লুকিয়ে রেখেছে। অবশ্যি ছেলে বৌ জানে না সে-কথা। বাঁশঝাড়ে, মাটির তলায়, সামনের মাঠে যে ডোবা আছে তার তলায়—কোথায় না আছে! কেবল রুপোই নয়, সোনাও আছে। তা ছাড়া গত বছরের উদ্বৃত্ত ফসলও যথেষ্ট রয়েছে। কাজেই অনাহারে মরার ভয় ওয়াং-এর পরিবারের নেই।

কিন্তু ওর পাশে অনাহারের হাহাকার। সেবার দুর্ভিক্ষের সময় ও যখন সবাইকে নিয়ে দক্ষিণ দেশে যাচ্ছিল, জমিদার বাড়ীর দরজার সামনে বুভুক্ষু দুর্গত মানবতার মর্মান্তিক দৃশ্য ও দেখেছিল। তাদের আর্তনাদ শুনেছিল। ওর মনে পড়ে সে-কথা। ওর ঘরে যে খাবার রয়েছে এ জন্য গাঁয়ের অনেক লোকেরই ওর ওপর আক্রোশ আছে, এ কথা ওয়াং জানে। সে জন্য ও সর্বদাই গেট বন্ধ ক'রে রাখে। অচেনা কোনো লোককে ঢুকতে দেয় না। কিন্তু ডাকাতের হাত থেকে অত সহজে রক্ষা পেত না, কাকা না থাকলে। কাকার দয়া না হ'লে কোন্ কালে ডাকাতেরা ওকে শেষ ক'রে ফেলত। টাকা, পয়সা, খাবার, বাড়ীর মেয়েদের কিছুই কি রক্ষা ক'রতে পারত! সেই জন্যই কাকা, খুড়ী আর তাদের ছেলেকে অত্যন্ত আদরে ও সম্মানে রাখে ওয়াং। এদের ঘরে চা যায় সকলের আগে—এরা বাটিতে কাঠি না দিলে কেউ খাবারে হাতও দেয় না।

এরাও তিনজনে বেশ বুঝতে পেরেছে যে ওয়াং ওদের ভয় করে। সেই সুযোগ নিয়ে এরা ওর ওপর একেবারে চেপে বসেছে। অসম্ভব ওদের দাবী, অভদ্র ওদের ব্যবহার, যখন তখন খাওয়া-পরা নিয়ে অভিযোগ। বিশেষ ক'রে খুড়ীটি। আজকাল কমলের মহলে চর্ব্য-চোষ্য-লেহ্য-পেয়ের অভাব ঘটেছে। সুতরাং স্বামীর কাছে তার

দাবী, এবং তিন জনের দাবী এক সঙ্গে আসে ওয়াং-এর কাছে।

ওয়াং বোঝে—কাকা বুড়ো হয়েছে, সে বেশী ঝঞ্ঝাট ভালোবাসে না, একটু নিরালায় থাকতে চায়। ওই বকাটে ছেলেটা আর তার মা যদি না ঘাঁটায় তবে মানুষটা চুপচাপই থাকে। কিন্তু দু'জন ছিনে-জোঁকের মত ওর পেছনে লেগেই থাকে। একদিন তো ওয়াং নিজের কানেই শুনল তারা বুড়োকে ব'লছে ঃ

'এই তো সুযোগ বুঝতে পারছ না? এমন সুযোগ আর পাবে না। ওয়াং বেশ জানে তুমি না হ'লে লাল-দেড়েদের হাতে বাছাধন সাবাড় হ'য়ে যেতেন—ভিটের একখানা ইঁটও থাকত না। তুমি আছ ব'লেই না! কাজেই যা পারো এইবারে বাগিয়ে নাও। ওর টাকা আছে দেবেই বা না কেন?'

রাগে ওয়াং-এর রক্ত যেন ফুটতে লাগল। কিন্তু অনেক কষ্টে সামলে গেল। কি যে ক'রবে কোনো কুল কিনারা ভেবে পায় না। কি ক'রে এদের হাত থেকে রক্ষা পাবে কোনো পথই মেলে না।

পরদিনই কাকা এসে খুড়ীর জামা কাপড় ও নিজের পাইপ তামাক কেনার জন্য টাকা চাইল। ওয়াং আড়ালে গিয়ে দাঁত কড়মড় করে। কিন্তু প্রকাশ্যে নির্বিবাদে তার হাতে টাকা তুলে দিতে হয়। টাকা কটা দিয়ে ওর মনে হ'ল গায়ের মাংস কেটে দিলে। যখন পয়সার টানাটানি ছিল, একটা পয়সাও খরচ ক'রতে ওর কষ্ট হ'ত বটে, কিন্তু এতটা হত না।

দু'দিন যেতে না যেতেই কাকা আবার এসে টাকার জন্য হাত পাতে। এবারে ওয়াং আর সইতে না পেরে চীৎকার ক'রে ওঠে ঃ 'তোমরা কি পেয়েছ? এমনি হ'লে দুদিন পরে সবাইকে উপোস ক'রতে হবে।' কাকা নির্লিপ্তভাবে হেসে বলে ঃ

'তোর কি বাছা! নেহাৎ তোর কপাল ভালো, নইলে তোর চাইতে ঢের কম টাকা এমন কত লোক পোড়া ঘরের কড়ি কাঠে দিব্যি রোষ্ট হ'য়ে ঝুলছে দেখ গে যা।'

ওয়াং বোঝে। ঠান্ডা ঘাম ঝরে গা দিয়ে। চুপচাপ কাকার হাতে টাকা তুলে দেয়। এর পর থেকে সব রকমে এদের জন্য বিশেষ ব্যবস্থা হয়। বাড়ীতে আর কারো জন্য মাংস না এলেও কাকাদের তিনজনের জন্য আসে। ওয়াং-এর নিজের ভাগ্যে কদাচিৎ তামাক জোটে, কিন্তু কাকার পাইপ দিন রাত অজর্গল ধূম উদ্গীরণ করে।

নাং এন্ এতদিন তার নতুন নেশায় ডুবে ছিল। সংসারের কোথায় কি হচ্ছে কোনো দিকেই সে চোখ দেয়নি। তবে তার বাবার খুড়তুত ভাইটার লোভী দৃষ্টি যাতে বৌ-এর ওপর না পড়ে সেদিকে তার প্রখর দৃষ্টি। দু'জনের পুরানো বন্ধুত্ব উবে গেছে, এখন ওরা পরম শত্রু। নাং এন্ আজকাল বৌকে সন্ধ্যে ছাড়া নিজের ঘর থেকে বেরুতে দেয় না। ঐ সময়টা বাপ-ব্যাটায় মিলে কোথায় বেরিয়ে যায়।

বাবাকে নিয়ে এরা তিনজনে মিলে পুতুল নাচাচ্ছে দেখে নাং এন্ ভয়ানক চটে গেল। একদিন এসে বাবাকে বলল ঃ 'তোমার দেখছি ছেলে-বৌ, যাদের ঘরে দু'দিন পরে তোমার নাতি হবে—তাদের চইতে তোমার কাকা আর গুণধর ভাই-এর ওপরই টান বেশী। কি আর করা—অগত্যা আমায় অন্য জায়গায় থাকার ব্যবস্থা ক'রতে হচ্ছে।'

ওয়াং যে-কথা এতদিন ভেতরে একেবারে চেপে রেখেছিল—আজ সে-কথা ছেলেকে খুলে বলে ঃ

'সাধে তোয়াজ করি ? করি ব'লেই তো বেঁচে আছি। কিছু ক'রলে উপায় আছে ? বুড়ো ডাকাতের সর্দার জানিস্ ? যতদিন তোয়াজ ক'রে রাখব ততদিন নিশ্চিন্ত। কিন্তু এমনি ক'রেও তো আর পারা যায় না। আমি অতিষ্ঠ হ'য়ে উঠেছি। ওদের দেখলে আমার পিত্তি জ্বলে ওঠে। ইচ্ছে করে টুঁটি ছিঁড়ে ফেলি। কিন্তু যে ফাঁদে প'ড়েছি। কোনো পথও তো পাচ্ছি না।'

নাং এন্ যেন আকাশ থেকে পড়ে। ফ্যাল্ ফ্যাল্ ক'রে বাবার মুখের দিকে তাকিয়ে থাকে। চোখ দুটো যেন কোটর থেকে ঠিক্‌রে বেরিয়ে আসতে চায়। ধীরে ধীরে ব্যাপারটা যখন হৃদয়ঙ্গম হয় তখন আরো বেশী রেগে ওঠে।

'চল এক কাজ করি', বাবাকে বলে নাং এন্ ঃ একদিন রাত্তিরে এদের সবাইকে দিই ঠেলে জলে ফেলে। মোটা চুমসী বুড়ীকে চিংই বেশ পারবে। দেহখানাই আছে, গায়ে এক ফোঁটা জোর নেই বুড়ীর। তোমার কাকাটির ভার তুমিই নিও। তার সোনার চাঁদ ছেলেটিকে নিজের হাতে চুবোনি দিতে না পারলে আমার মন ঠান্ডা হবে না। যা প্যাট্ প্যাট্ ক'রে আমার বৌ-এর দিকে তাকায়।'

নিজের হাতে পোষা বলদটাকে মারার চাইতে ওই কাকা জাতীয় জীবটিকে মারা ওয়াং-এর পক্ষে ঢের সহজ। তবুও ওয়াং-এর মারতে হাত ওঠে না। যদিও ওই মানুষটিকে ও ভয়ানক ঘৃণা করে, তবুও একেবারে মেরে ফেলা ! ওর মন সায় দেয় না। বলে ঃ

'পারিনা যে তা নয়, কিন্তু তা হয় না। অন্য ডাকাতরা টের পেলে আর উপায় নেই। তার চাইতে বরং বুড়ো যতদিন বেঁচে আছে আমরা আছি ভালো। দেখছিস্ তো চারদিকে এসব আকালের সময়ে গরীব লোকেরা পর্যন্ত ডাকাতের হাতে কেমন নাজেহাল হচ্ছে।'

তাই তো কি করা যায় ! দুজনেই চুপ ক'রে ভাবে। নাং এন্ দেখল বাবা ঠিক কথাই বলেছে—মেরে ফেললেই মুস্কিল আসান হচ্ছে কোথায়। অন্য কিছু উপায় ঠাওরাতে হবে।

কিছুক্ষণ ভাবার পর ওয়াং ব'লল ঃ

'এমন যদি কিছু করা যেত যে এরা থাকল এখানেই, কিন্তু কোন গোলমাল ক'রবে না, চুপচাপ ভালো মানুষের মত প'ড়ে থাকবে তাহ'লে বেশ হত। কিন্তু তা তো আর হবে না। ভেল্কি ছাড়া—ও একেবারে অসম্ভব।'

নাং এন্ হঠাৎ হাততালি দিয়ে লাফিয়ে ওঠে ঃ

'পেয়েছি পেয়েছি, তোমার কথায়ই পেয়ে গেছি। ভেল্কি নয়, কষে আফিং কিনে দাও দেখি। রোজ মাত্রাটা চড়িয়ে দাও। টানুক ফুর্তিসে, তারপর মজাটা দেখ ! আর বুড়োর পুত্তুরকে দেখনা, দিচ্ছি ভজিয়ে রেস্তরাঁয় আবার খাতির টাতির ক'রে। সেখানে ব'সে তিনি নল টানুন, আর এখানে বুড়োবুড়ী। বাস্ !'

ওয়াং লাং-এর মাথায় কথাটা আসেনি। ওর যেন তেমন আস্থা হল না

প্রস্তাবটায়। 'বড্ড খরচ হবে যে,' বলে ঃ 'আফিং-এর যা দাম !'

ছেলে গরম হ'য়ে জবাব দেয় ঃ 'যেভাবে পুষছ সেতো হাতী পোষা হচ্ছে। তবুও ওদের চোখ রাঙানী খেয়ে মর। আর তোমার ভাইটি যা ফেউ-এর মত আমার বৌ-এর পেছনে লেগে থাকে। এর চেয়ে দুটো পয়সা যায় সেও ভালো।'

কিন্তু ওয়াং তক্ষুণি রাজী হয় না। প্রথমতঃ ব্যাপারটা যত সহজ ভাবা যাচ্ছে তত সহজ নয়। দ্বিতীয়তঃ, টাকার প্রশ্ন।

এবং সম্ভবতঃ রাজী ওয়াং হত'ও না। জল না নামা পর্যন্ত হয়ত' ওভাবেই চলত। কিন্তু সেদিন একটা ব্যাপার ঘটে গেল।

ব্যাপারটা এই—ওয়াং-এর ছোট মেয়ে পরমাসুন্দরী। নাং ওয়েন্-এর সাথে অনেকটা আদল আসে। তারই মত ছোট খাট গড়ন; কিন্তু নাং ওয়েন্-এর গায়ের রং হলুদে, আর ওর বর্ণে বাদাম ফুলের স্নিগ্ধতা। ছোট নাক, লাল টুকটুকে এক-জোড়া ঠোঁট, পা দু'খানি একটা মুঠোর মধ্যে পুরে রাখা যায় যেন। ওয়াং-এর কাকার পুত্ররত্নের চোখ এই মেয়েটির ওপর পড়ে সম্পর্কের বিচার না ক'রেই। সেদিন মেয়েটা রান্নাঘর থেকে বেরিয়ে যখন শোবার ঘরে আসছিল—শ্রীমান ওকে জড়িয়ে ধরল। খুকী চিৎকার করে উঠল। ওয়াং এসে ওর মাথায় ঘুষির ওপর ঘুষি মারতে লাগল। কিন্তু সে মাংস-চোর কুকুরের মত পড়ে মার খাবে কিন্তু মাংস ছাড়বে না। অবশেষে জোর করে মেয়েটাকে ছিনিয়ে নিয়ে গেল ওয়াং। কিন্তু নির্লজ্জ মানুষটা গম্ভীর হাসি হেসে বলল ঃ 'আহা' হা, একটু ঠাট্টা কর'ছিলাম ভাইঝির সঙ্গে। ঠাট্টা একটুও বুঝলে না!' বলতে বলতে লালসায় ওর চোখদুটো জ্বলে ওঠে। ওয়াং মেয়েকে টেনে ঘরের মধ্যে নিয়ে যায়।

রাতে নাং এনু সব কথা শুনে বলে ঃ

'ছোট খুকীকে তার শ্বশুর বাড়ী পাঠিয়ে দিতে হবে। তাছাড়া আর উপায় নেই। লিউ হয়ত বলে বসবে এ বছর বিয়ের দিন নেই। কিন্তু তা শুনলে চলবে না। এই রাক্ষুসে বাঘের পাল্লা থেকে মেয়েটাকে এখানে বাঁচানো যাবে না।'

ওয়াং পরদিন লিউ-এর বাড়ী গেল এবং বেয়াইকে বলল ঃ

'বেয়াই, মেয়ের আমার বয়স তো তের হ'ল। বিয়ের যুগ্যি হয়েছে।'

লিউ একটু ইতঃস্তত করে বলে ঃ

'এ বছরটা তেমন লাভ হয়নি বেয়াই। বাজার মন্দা। বিয়ের খরচ পত্র—'

আসল কথাটা বলতে ওয়াং লজ্জা পায়। শুধু বলে ঃ

'সোমত্ত মেয়ে। জানেন তো ঘরে মা নেই। কেই বা চোখ রাখে। বলতে নেই, চেহারাখানা মন্দ হয়নি। আমার প্রকান্ড বড় বাড়ী—দশের মেলা। আমি তো আর সর্বক্ষণ ওকে পাহারা দিয়ে বসে থাকতে পারি না। কখন কি হয়। দুদিন পরেই যখন আপনার ঘরের বৌ হবে তখন আপনার জিনিস আপনার হাতে সঁপে দিয়ে আমি নিশ্চিত হই। বিয়ে যেদিন খুশি দিন।'

লিউ ভালো মানুষ, প্রকৃতিটাও বড় নরম। আর আপত্তি করতে পারে না। বলল ঃ

'বেশ বেয়াই তাই হবে। আপনার বাড়ীতে তাকে রক্ষা করার যদি কেউ না থাকে,

মাকে আমার এখানেই নিয়ে আসব। আমি গিন্নীর সাথে কথা বলছি। আপনার মেয়ে তার শাশুড়ীর কাছে পরম আদরে থাকবে। আগামী বছর বিয়ে হবে'খন।'

ওয়াং সন্তুষ্ট হয়ে বাড়ী ফেরে।

শহরের গেটের কাছে চিং নৌকো নিয়ে অপেক্ষা করছিল। আসতে আসতে পথে একটা আফিং-তামাকের দোকান পড়ল। ওয়াং কিছু মাখা তামাক কিনতে গেল। দোকানী যখন তামাক ওজন করছে—কি মনে হল ওয়াং-এর, হঠাৎ জিজ্ঞাসা করে বসল।

'আফিং-এর দর কি হে ?'

'আফিং বেচা বে-আইনী হয়ে গেছে। খোলাখুলি বেচতে পারব না। আপনি চান তো পেছনের ঘরটায় আসুন, মেপে দিচ্ছি। টাকা আছে তো সাথে ? দর আউন্স এক ডলার।'

ওয়াং ছয় আউন্স কিনে ফেলল।

[আটাশ]

মেয়েকে তার শ্বশুর বাড়ী পাঠিয়ে দিয়ে ওয়াং যেন দায়মুক্ত হ'ল। কয়েকদিন পরে কাকাকে বলল ঃ

'এই দেখ কি চমৎকার তামাক।' পাত্রটা খুলে দেখাল। বেশ আঁটাল, মিষ্টি গন্ধ। কাকা হাতে করে একটু তুলে নিয়ে শুঁকে দেখে উল্লসিত হয়ে ওঠে। বলল ঃ

'এরকম তামাক আগে এক আধবার খেয়েছি, তবে বড় একটা না। বড় দাম কিনা। কিন্তু বড় চমৎকার জিনিস !'

দামটা যেন গায়েই লাগেনি এমন ভাবে ওয়াং বলল ঃ 'এমন আর কি ! বাবার শেষের দিকে ভালো ঘুম হতো না। তখন তার জন্য কিনেছিলাম। সবতো লাগেনি তার। এই এতটা পড়েছিল। আজ হঠাৎ চোখে পড়ে গেল। ভাবলাম আমি আর নাই খেলাম, তুমি বুড়ো হয়েছ, তোমারই বেশী দরকার। আমার না হলেও চলবে। রেখে দাও কাছে। মাঝে মাঝে একটু করে টেনে দেখো কি চমৎকার জিনিস। আর ব্যথা টেথায় ভারী উপকার দেয়।'

বৃদ্ধ লোভীর মত পাত্রটা ওয়াং-এর হাত থেকে প্রায় ছিনিয়ে নিল। চমৎকার খোসবু ! এসব কি আর গরীবের জন্য। একটা পাইপ কিনে এনে শুয়ে শুয়ে সারা দিন বুড়ো টানে এর পর থেকে। ওয়াং কতগুলো পাইপ এনে এখানে সেখানে ছড়িয়ে রেখে দেয়, নিজে টানবার ভান করে মাত্র। একটা কেবল ঘরে নিয়ে যায়, কিন্তু সেটা ব্যবহার করে না। কমল আর দুই ছেলেকে দুর্মূল্যতার অজুহাতে আফিং ছুঁতেও দেয় না। কিন্তু কাকাদের তিনজনকে সেধে সেধে খাওয়ায়। আফিং-এর ধোঁয়ার মিষ্টি গন্ধ মহলে মহলে ছড়িয়ে যায়।

আজ এই অর্থব্যয়ে ওয়াং-এর মনে কোনো ব্যাথা বাজে না। কেননা—এই ব্যয়ে—অবশ্য অপব্যয়েই—ওয়াং সংসারে শান্তি কিনেছে।

শীত প্রায় শেষ। জল অনেক নেমে গেছে। হেঁটে এখন অনেকদূর যাওয়া যায়। সেদিন ওয়াং বাইরে আসতে বড়ছেলে নাং এন্ পেছন পেছন এল এবং স্বরে গর্বভরে বাবাকে খবর দিল—আর একজন খাবার লোক বাড়ছে। নাতি।

ওয়াং শুনে ফিরে দাঁড়াল। প্রচুর হেসে, হাতে হাত ঘসে পরম উল্লাসে ব'লল ঃ

'কার মুখ দেখে উঠেছিলাম রে আজ !'

চিংকে শহরে পাঠিয়ে দিল। মাছ আর ভালো ভালো খাবার আনিয়ে বৌমাকে ব'লে পাঠাল, ভালো ক'রে খেয়ে দেয়ে ওর নাতিকে যেন তাজা জোয়ান ক'রে তোলে।

নাতি হবে—নাতি হবে—ওয়াং একটা সুখ স্বপ্নে বিভোর হ'য়ে থাকে। ওর সব কাজের পাকে পাকে, ওর ব্যস্ততায়, ওর সহস্র উদ্বেগে ওই কথাটাই সুখ হ'য়ে জড়িয়ে থাকে।

বসন্ত চ'লে গিয়ে গরম আসে! বন্যার সময় যারা চ'লে গিয়েছিল—প্রবাসী আবিঞ্চন জীবনের কৃচ্ছ্র ক্লান্ত জর্জরিত দেহগুলিকে টানতে টানতে তারা একে একে, দলে দলে ফিরে আসে। কিন্তু কোথায়? কোথায় গৃহ? কোথায় আশ্রয়? যেখানে একদিন ওদের গৃহ ছিল আজ সেখানে একটা পরিচয়হীন পিঙ্গল-কর্দমের বিস্তার। তবুও হতভাগ্য মানুষের দল পরবাসে এরই দিকে তাকিয়েছিল! তাই ফিরে আসার পথ পেয়ে ওরা খুশি হয়। ওই কাদার বুকে কাদা দিয়েই আবাব ওরা ঘর বাঁধবে, বাজার থেকে চাটাই কিনে এনে তার চাল ছাইবে।

অনেকেই ঋণের জন্য ওয়াং-এর কাছে এসে হাত পাতে। বাজার গরম দেখে চড়া সুদে ঋণ দেয় ওয়াং—কিন্তু জমি বন্ধক রেখে। তা ছাড়া দেয় না। ঋণের টাঁকা দিয়ে বীজ কিনে ওরা পলি-সমৃদ্ধ মাটিতে ফসলের চাষ করে। যখন ঋণ পায় না তখন বাধ্য হ'য়ে হাল-বলদ আর বীজের জন্য অনেককেই কিছু কিছু জমি বেচতে হয়। কিছু যাবে বটে, তবুও বাঁচবে কিছু। ঐ পয়সায় সেটুকুর চাষ চলবে তো। ওয়াং লাং এইসব জমি একদিক থেকে কেনে। দায়ের বাজারে একেবারে জলের দরে।

অনেকে এক ফোঁটাও জমি বেচল না। দায়ে ঠেকেও না। যখন দায় চরম দায় হ'ল তারা মেয়ে বেচল। মেয়ে নিয়েও তারা ওয়াং-এর কাছে আসে। ওয়াং ধনী, ওয়াং-এর প্রতিপত্তি আছে, হৃদয় আছে, সুতরাং উপায় হবে।

যে নাতি এখনও আসেনি, আধপথ এগিয়ে আছে মাত্র, এবং অন্য ছেলেদের বিয়ে হ'লে আর যে নাতিরা আসবে, তাদের কথা হিসেব ক'রে ওয়াং পাঁচজন দাসী কিনে ফেলল। তাদের মধ্যে দু'জন বছর বারোর—প্রকান্ড বড় বড় দুই পা, শক্ত এবং সমর্থ শরীর। দু'জন একটু ছোট এদের চাইতে। এরা সকলেরই ফরমাস খাটবে—বেশী কাজ তো আর ক'রতে পারবে না। আর একটি কমলের জন্য—ওর কাছে থাকবে, এটা সেটা ক'রবে। কোকিলার বয়স হয়েছে—আগের মত আর পেরে ওঠে না। তারপর ছোট খুকী চ'লে যাবার পর থেকে এদিকে সংসারেও কোকিলাকে

দরকার হয়। কাজেই কমলের একজন লোক দরকার।

পাঁচজনকে একদিনেই কিনে ফেলল ওয়াং। কেননা টাকার হিসেব ক'রতে হয় না। আর হয় না ব'লেই কাজেরও বড় একটা হিসেব ক'রতে হয় না। যা 'করব' ব'লে ভাবে তা ক'রে ফেলতে একটুও দেরী হয় না।

এর কিছুদিন পরে একটি বছর সাতের ছোট্ট কৃশ মেয়েকে বেচতে নিয়ে এল একজন লোক। অত ছোট, অত কৃশ, আর অত ক্ষীণ মেয়েটা কোন্ কাজেই বা আসবে। সুতরাং লোকটাকে ফিরিয়ে দিচ্ছিল। কিন্তু কমলের নজর পড়ে গেল। এ মেয়ে ওর চাই-ই। ঠোঁট ফুলিয়ে আব্দার ধরলঃ 'মেয়েটিকে কেন আমার জন্য। কি চমৎকার সুন্দর! আমার ঝি মাগী কি বিশ্রী দেখতে! গায়ে যেন ছাগলের গন্ধ। আমার ঘেন্না করে।'

ওয়াং তাকিয়ে দেখে, কচি সুন্দর মুখখানা—সুন্দর চোখ দুটি ভয়ে চকিত! বড় বেশী কৃশ—মায়া হয় দেখলে! ওয়াং-এর ইচ্ছে করে একটু খাইয়ে দাইয়ে মেয়েটিকে যদি একটু তাজা ক'রে তুলতে পারত। কতক এ জন্য, কতক কমলকে খুশি করার জন্য কুড়ি ডলার দিয়ে মেয়েটিকে কেনা হ'ল! কমলের কাছেই থাকে। রাতে কমলের পায়ের কাছে শুয়ে ঘুমিয়ে থাকে।

চারদিকে কোথাও তো কিছু বাকী নেই, ওয়াং-এর মনে হয় এবারে ও নির্ঝঞ্ঝাটে শান্তিতে থাকতে পারবে। ধীরে ধীরে বানের জল নেমে যায়। গ্রীষ্ম আসে। চাষের মৌসুম। ওয়াং নিজে প্রত্যেকটি ক্ষেত দেখে—বানের জলে কোন্ মাঠে পলি বেশী পড়েছে, কোন্‌টার মাটি কোমল হয়েছে, মাটি হিসেবে এবারে কোন্ ক্ষেতে কি ফসল দেওয়া চলে—চিং-এর সঙ্গে আলোচনা করে। ছোট ছেলেকে এসব কাজ শিখাবার জন্য স্কুলে না দিয়ে বাড়ীতে রেখেছে—সর্বদা বেরুবার সময় তাকে সঙ্গে নিয়ে যায়। মাথা নীচু ক'রে মুখে একরাশ অন্ধকার নিয়ে সে বাবার পেছন পেছন চলে। ওয়াং ছেলে ওর কথা শুনছে কিনা, যদি বা শুনছে কিভাবে গ্রহণ ক'রছে ওসব কখনও তাকিয়ে দেখে না। ওর মনের মধ্যে যে কি তাও কারো বুঝবার শক্তি নেই। ছেলে কি করে—ওয়াং দেখে না, সে যে মুখ বুজে বাধ্য ছেলের মত সাথে সাথে আছে ঐটুকুতেই তো বাপ সন্তুষ্ট। কাজ কর্ম হ'য়ে গেলে পরিতৃপ্ত মনে বাড়ী ফিরতে ফিরতে ভাবেঃ

'বুড়ো হ'য়েছি এখন। আর নিজে খাটব না। দরকারটাই বা কি, খাটবই বা কেন। অতলোক রয়েছে, ছেলে রয়েছে। বাড়ীতেও কোনো ঝামেলা নেই, বাস্, চুপচাপ ব'সে থাকব।'

কিন্তু বাড়ীতে শান্তি ওয়াং-এর কপালে নাই। যদিও ছেলেকে বিয়ে দিয়েছে—প্রত্যেকের সেবার জন্য দাসী কিনে দিয়েছে, খুড়ো খুড়ীকে রাশি রাশি আফিং দিচ্ছে—তারা ওতেই মশগুল। কাজেই শান্তি না থাকার কথা নয়। কিন্তু তবুও নেই। বড় ছেলে আর কাকার ছেলে এদের দু'জনকে নিয়েই এখন যত হ্যাঙ্গাম।

অশান্তির মূলটা রইল বিশেষ ক'রে নাং এন্-এর মনে। নাং এন্ কয়েক বছর আগে নিজের চোখেই এই লোকটার চরিত্রের সাক্ষাৎ পরিচয় পেয়েছে। কাজেই তার মন থেকে কিছুতেই সন্দেহ দূর হয় না। এখন এমন হ'য়েছে যে তাকে সঙ্গে না নিয়ে নাং এন্ চায়ের দোকানেও যায় না। সে বাড়ী থেকে না বেরুলে নিজেই এক পা নড়ে না। ওর গভীর সন্দেহ বাড়ীর দাসী, মায় কমলকে পর্যন্ত নিয়ে লোকটা ঘাঁটাঘাঁটি করে। দাসীদের কথাটা সত্য হ'লেও হ'তে পারে, কিন্তু কমলের কথা একেবারেই অর্থহীন। কারণ কমল বয়স বাড়ার সঙ্গে সঙ্গে দিন দিন স্থূল-কায়া হচ্ছে। এবং বহুদিন থেকেই একমাত্র পানাহার ছাড়া তার আর কিছুতে আসঙ্গ নেই। এমন কি ওয়াং লাংও যে এখন বয়সের সঙ্গে সঙ্গে এদিকে আসা কমিয়েছে তাতে ও খুশি ছাড়া দুঃখিত নয়। কাজেই ওয়াং-এর কাকার ছেলের দিকে সে ফিরেও চায় কিনা সন্দেহ।

সেদিন কথাটা বাবার কাছে বলেই ফেলল নাং। ওয়াং সবে ক্ষেত থেকে বাড়ী ফিরেছে ছোট ছেলেকে সঙ্গে নিয়ে। নাং এন্ অমনি গিয়ে আরম্ভ করল: 'আর আমি পারি না। সারাদিন চারদিকে অমন ক'রে উঁকিঝুঁকি মেরে বেড়াবে। জামা কাপড় ভালো ক'রে পরবে না—গা আদুড় ক'রে ক'রে দাসীদের পেছন পেছন ঘুরে বেড়ায়, এ আর সহ্য করা যায় না।'

কমলের কথাটা নাং এন্ চেপে যায়। কেননা পিতার দয়িতা এই রমণীর প্রেমে ও নিজেই মজেছিল। আজকের প্রৌঢ় কমলের স্থূল দেহের দিকে তাকিয়ে ও জানতে পারে না সত্যি সত্যি এরই প্রেম ওকে পাগল ক'রেছিল। নিজের মনেই নাং এন্ সঙ্কুচিত হয়ে ওঠে। পিতার মনে সেই অপ্রীতিকর স্মৃতিটা আর জাগিয়ে তুলতে চায় না ও। কাজেই কমলের কথা আর বলল না—কেবল দাসীদের কথাই বলল।

মনে গভীর প্রসন্নতা নিয়ে ওয়াং বাড়ী ফিরেছিল। জল নেমে গেছে, শুকনো মাটি, উষ্ণ বাতাস—। বড় ভালো লেগেছে। ছোট খোকা সাথে গিয়েছিল। বাড়ীতে পা দিতেই নূতন অশান্তির ঘায়ে মনের সেই গভীর আনন্দের সুরটি কেটে গেল। ওয়াং অসহিষ্ণু হ'য়ে চীৎকার করে উঠল:

'তোর মাথা খারাপ হয়েছে—ঐ এক কথাই জপ্‌ছিস সারাদিন। কেবল বৌ বৌ বৌ! বৌ না বেশ্যা যে তাকে নিয়ে অত ঢলাঢলি করছিস! সব ফেলে কোন্ মরদ অমন বৌ পাগল হয়ে ঘুরে বেড়ায় রে! য়্যাঃ!'

বাবার তিরস্কার নাং এন্-এর ভেতরে গিয়ে কেটে বসে। কারণ, ইতর সাধারণের মত ওর কোনো ব্যবহার কোনো দিক দিয়ে অনুমোদিত মাপকাঠি হ'তে খাটো হ'য়েছে, এ অভিযোগ নাং এন্-এর পক্ষে সব চেয়ে পীড়াদায়ক, এবং এইটেকেই ও ভয়ও পায় সব চেয়ে বেশী। তাই ব্যস্ত হ'য়ে বলে:

'বৌর কথা বলছি না, বাবা। তোমার বাড়ীতে তোমার বুকের ওপর বসে এসব অনাচার—সইতে পারি না তাই বলছিলাম।'

ওয়াং এসব কোনো কথাই কানে তুলল না। ভয়ানক রেগে ছিল এবং কি যেন ভাবছিল। ঝাঁঝের সঙ্গে বলে উঠল:

'মেয়ে মানুষ নিয়ে এসব ঝামেলা আর কি শেষ হবে না রে বাপু। একদিনের জন্য যদি একটু শান্তি পাবার যো থাকে! নিজের তো বয়স হয়েছে, রক্তও ঠান্ডা হ'য়ে গেছে—ওসব ল্যাঠা তো নিজের চুকে গেছে। এখন কি আবার তোদেরটা নিয়ে পাগল হবো?' কিছুক্ষণ চুপ ক'রে থেকে আবার চীৎকার করে ওঠে: 'তা আমায় কি করতে হবে শুনি।'

নাং এতক্ষণ ধৈর্য ধরে বাবার মেজাজ ঠান্ডা হবার প্রতীক্ষা করছিল। এবারে শান্তভাবে বলল:

'আমার মনে হয় এ বাড়ী ছেড়ে আমাদের শহরে গিয়ে থাকতে পারলে ভাল হ'তো। তা ছাড়া এমনি ক'রে চিরটা কাল চাষার মত গাঁয়ে বসে থাকাই বা কেন।' আমরা তো অনায়াসে শহরে একটা বাড়ী নিয়ে থাকতে পারি। সেখানে ঘেরা পাঁচিলের মধ্যে ভয়ও থাকবে না কোনো। তোমার কাকা…তার বৌ ছেলে নিয়ে এখানেই থাকতে পারবে বেশ।'

অর্থহীন প্রলাপ। ছেলের কথায় ওয়াং বিরক্ত ভাবে একটুখানি হাসল।

ওয়াং ঘরে গিয়ে টেবিলের কাছে হুঁকোটি টেনে নিয়ে বসে পড়ে। বসে বসে নিজের মনেই বলে। তারপর বেশ একটু জোর দিয়েই বলে:

'আমার বাড়ী—আমার ঘর, ভিটে, মাটি সব আমার। খুশি হয় থাকো। নয় বেরিয়ে যাও। হ্যাঁঃ, শহরে যাবে! জমাজমি রইল এখানে পড়ে—শহরে যাও! বললেই হ'লো! বলি এই জমিগুলো যদি না থাকত, থাকতে কোথায় সব! অমন ফুলবাবুটি সেজে ঠাট ক'রে পেখম ছড়িয়ে বেড়ানো—কোথায় থাকতো! কোন্ কালে না খেয়ে শুট্‌কী হ'য়ে সব শিঙ্গে ফুঁকতে। কোথায় থাকত ওই বিদ্যের গুমর! চাষার ব্যাটা আজ বাবু হ'য়ে বসেছ কিসের দৌলতে!…'

উঠে পড়ে ওয়াং। মাঝের ঘরে গিয়ে দুম্ দাম করে পা ফেলে পায়চারী করতে থাকে। ক্ষণিকের জন্য ওর আভিজাত্যের আবরণ খসে যায়। ওয়াং চাষা হ'য়ে ওঠে—ঠিক চাষার মত ক'রে মেজের চারিদিকে থুথু ফেলে কুৎসিৎ ভাবে। দুই বিপরীত-মুখী আবেগে ওর চিত্তে সংঘাত বাঁধে। ছেলের জন্য গর্ব বোধ ওয়াং না ক'রে পারে না, সুঠাম আকৃতি, সুমার্জিত বেশ, চলাফেরা, ব্যবহার—কে বলবে এই ছেলে এই পুরুষেই লাঙ্গল ছেড়েছে। মনের একদিকটায় এই নিয়ে গর্ব এবং গৌরব-বোধ কানায় কানায় ভরা এবং আরেক দিকে ঐ পরিমাণ ঘৃণা ও রাগ ছেলের ওপর।

নাং এনু হাল ছাড়েনি। সঙ্গে সঙ্গে এসেছে। বলল:

'ওই জমিদার বাড়ীটা—হোয়াংদের বাড়ীর কথা বলছিলাম—। ওটা পড়েই রয়েছে। সামনের দিকটায় অবশ্য বারো রকমের সব লোক রয়েছে! কিন্তু ভেতরের মহলগুলো সব খালি। তালা বন্ধ পড়ে থাকে। ওই অংশটা ভাড়া নিয়ে তো বেশ থাকতে পারি আমরা। তুমি, ছোট খোকা ওখান থেকে এসে বেশ এদিকে দেখা শোনা করতে পারবে। শান্তিতে থাকা যাবে, ঐ কুকুরটার হাত থেকেও রক্ষা পাওয়া যাবে।'

বাবাকে ঐ নিয়ে ধরে পড়ল। জোর করে চোখ টিপে দু'ফোঁটা জলও বের করল। চোখের জল গাল বেয়ে পড়লেও মুছলো না।

'তোমার কথা মতই তো চলি। কোনো বদ্ খেয়াল নেই, জুয়া বল, আফিং বল, কোন নেশা নেই। তুমি দেখে শুনে যার সঙ্গে বিয়ে দিয়েছ তাকে নিয়েই খুশি হ'য়ে ঘর করছি। কোনদিন তো কিছু চাইনি। আজই সামান্য একটু আব্দার করছি—।'

ওয়াং টলল। ছেলের চোখের জলেই কিনা, তা ওয়াংও জানে না, কিন্তু ছেলের মুখ হ'তে হোয়াংদের বাড়ীর নাম উচ্চারণ হ'তেই ওয়াং চমকে উঠল।

ওয়াং ভোলেনি, একদিন ওই গৃহদ্বারে মাথা নীচু ক'রে গিয়ে ও দাঁড়িয়েছিল। ওই গৃহের অধিবাসীদের সামনে ও সঙ্কোচে মাটিতে মিলিয়ে গিয়েছিল—চোখও তুলতে পারেনি, এমনকি দারোয়ানটাকে পর্যন্ত ভয় ক'রেছিল। ভোলেনি সে কথা—ওয়াং ভুলতে পারেনি। নিদারুণ কলঙ্কের ইতিহাস আজও ওর চিত্তে একটা বিষময় ব্রণের মত হ'য়ে আছে। সেদিন ও খুব ভাল ক'রেই জানত—লোক চোক্ষে ওয়াং-এর স্থান শহরবাসীদের সমপর্যায়ে নয়—বহু নীচে। বিশাল জমিদার গৃহের বৃদ্ধা অধীশ্বরীর সামনে ও যখন দাঁড়াল গিয়ে ওর সে-বোধ আরো সত্য, আরো স্পষ্ট হ'য়ে উঠল—একেবারে চরমে গিয়ে ঠেকল। নিজের চোখের সামনেই ওয়াং যেন ক্ষুদ্র হতে হতে একেবারে অণু-পরিমাণ হয়ে গিয়েছিল। 'আমরা তো ওই জমিদার বাড়ীতে গিয়ে থাকতে পারি' পুত্রের এই কথায় চকিতে ওয়াং-এর চোখের সম্মুখ থেকে যেন একটা যবনিকা সরে গেল। একটা পরম বাস্তব ওর দৃষ্টির সামনে উদ্ঘাটিত হ'য়ে গেল··· পারে, ওয়াংও তো পারে—সেই বৃদ্ধা জমিদার-গৃহিনী যেখানে যে-আসনে বসে ওকে হীন ক্রীতদাসের মত দাঁড়িয়ে থাকতে আদেশ করেছিল—সেখানে, সেই আসনে, তেমনি করে ও গিয়ে বসতে পারে এখন—ঠিক তেমনি ক'রে আর একজনকে হুকুম করতে পারে।

ওয়াং ভাল করে চিন্তা করে দেখল—হ্যাঁ, ও পারে—ইচ্ছে করলেই পারে।

এই ভাবনাটি নিয়ে ওয়াং যেন খেলায় মেতে উঠল। ছেলের কথায় কোন জবাব দিল না—নিঃশব্দে বসে রইল। পাইপে তামাক সাজিয়ে নিয়ে টানতে টানতে টানতে ঐযে ও ইচ্ছা করলেই যা পারে তারি স্বপ্নে ডুবে যায়। আজন্মের কল্পলোক, স্ব-মহিমায় মহীয়ান্ ওই জমিদার গৃহে গিয়ে বাসা বাঁধার স্বপ্ন দেখে ওয়াং। ওর এই স্বপ্ন দেখার মূলে রইল না ছেলে—রইল না কাকা—রইল না তার কেউ।

ওয়াং যে শহরে যাবে বা অন্য কোনো ব্যবস্থা করবে কিছুই ছেলেকে বলল না বটে, কিন্তু সেদিন থেকে কাকার ছেলেটার ওপর নজর রাখল। নিজের চোখেই দেখল নাং এন্ যা বলেছে সত্যি—বাড়ীর দাসীদের ওপরেই ওর চোখ। এই ইতরটার সঙ্গে আর যে একসঙ্গে বাস করা চলে না এও বুঝল।

কাকার দিকে নজর দিয়ে দেখে অনবরত আফিং ফুঁকে ফুঁকে বেজায় রোগা হয়ে গেছে। গায়ের চামড়া হলদে, হঠাৎ যেন বেশী বুড়ো হয়ে দেহ নুয়ে গেছে, কাশির সঙ্গে রক্ত ওঠে। আর ওদিকে খুড়ীও দিনরাত পাইপ আঁকড়ে পড়ে পড়ে ঝিমোয়। তাই নিয়েই সে পরম সন্তুষ্ট। বাড়ী এখন একেবারে ঠাণ্ডা। আফিং অসাধ্য সাধন করেছে।

মুস্কিল রয়ে গেল ওদের বকাটে ছেলেটাকে নিয়েই। বিয়ে হয়নি এখনও, বুনো

জানোয়ারের ক্ষুধা। বুড়োবুড়ীর মত ওকে আফিং দিয়েই অত সহজে বাগ মানানো গেল না। ওয়াং ইচ্ছে করেই এখানে ওর বিয়েও দিলে না—এক ওই মানুষরূপী জন্তুটাতেই রক্ষে নেই, ওর ঘরে আবার ওরই মত কতগুলো জানোয়ারই তো জন্মাবে! হতচ্ছাড়া ছেলেটা কোনো কাজ কর্ম করবে না একেবারে পরের ঘাড়ে বসে যখন খাওয়া চলে তখন করবেই বা কেন। এক রাতের বেলা দলের সঙ্গে ক-ঘন্টা ঘোরা ফিরা—ঐ যা কাজ। গাঁয়ের লোক ফিরে আসতে গাঁয়ে শৃঙ্খলা ফিরল, সুতরাং ওদেরও নিশাচর-বৃত্তির সুযোগ ধীরে ধীরে কমে গেল। ডাকাতরা উত্তর-পশ্চিমের পাহাড়ের দিকে পালালো! কিন্তু আপদটা তাদের সঙ্গে গেল না। ওয়াং-এর ঘাড় চেপে পড়ে রইল।

একদিন ওয়াং শহরে গিয়ে মেজ ছেলের সঙ্গে দেখা করে নাং এন-এর প্রস্তাবটি তাকে জানিয়ে মত জিজ্ঞাসা করল।

নাং ওয়েন্ এখন তরুণ যুবক—অন্য কেরানীদের মতই বেশ পরিপাটি ঘষা মাজা চেহারা। আকারে কিছু ছোট খাটই—চোখের দৃষ্টি প্রখর, বুদ্ধিতে ঝল্‌মল করে। বাবার কথায় শান্তভাবে উত্তর করে ঃ

'খুব ভালই তো। আমারও খুব সুবিধে হয়। বিয়ে টিয়ে করে আমিও তাহলে এখাই থাকনে পারি। আর বড় বড় ঘরে যেমন থাকে সেই রকম সকলে বেশ এক সঙ্গে থাকা যাবে।'

বিয়ে! ওয়াং-এর চমক ভাঙ্গে। তাইতো এ ছেলের বিয়ের ভাবনা তো এতদিন মনেই আসেনি। শান্ত শিষ্ট ভালো ছেলে। চিরকালটা ঐ রকম—ওর মধ্যে বয়সের কোনো চাঞ্চলতা ওয়াং-এর চোখে কোনোদিন পড়েনি। কাজেই এ ছেলের বিয়ের কথা এতদিন মনে আসেনি। এখন একটু লজ্জায় পড়ল। বলল ঃ 'তোর বিয়ের কথা অনেক দিন থেকেই ভাবছি—কিন্তু নানা ঝামেলায় আর পেরে উঠিনি। আর এই গেলো বন্যায় একেবারে বসিয়ে দিলে কিনা। এখনতো একটু সুবিধে হয়েছে এবারে যোগাড় যন্ত্র করব।'

মনে মনে ভাবতে লাগল—মেয়ে কোথায় পাওয়া যায়।

নাং ওয়েন্ বলল ঃ

'হ্যা সেই ভালো। বাজে খেয়ালে টাকা ওড়ানর চাইতে বিয়ে থাওয়া করে সংসার করাই ভালো। ছেলে না হলে চলে কি করে! কিন্তু বাবা, একটা কথা বলে রাখছি। বৌদির মত শহুরে মেয়ে আমার ঘাড়ে চাপিও না যেন। ও সব মেয়ের খালি বাপের বাড়ীর খোঁটা আর টাকা, আর কোনো কথা নেই। অত টাকা ঢালতে আমি পারব না। শেষটায় আমার মেজাজও ঠিক থাকবে না।'

ওয়াং লাং অবাক হ'য়ে শোনে। বড় বৌ যে ওরকম তাতো জানতো না! অমন প্রতিমার মত চেহারা, চাল চলনে কোথাও এতটুকুও খুঁত নেই। সে মেয়ে অমন? ছেলেটা বেশ কথা ব'লেছে। বেশ বুদ্ধিমানের মত কথা বলেছে। ছেলের এতটা সংসারী বুদ্ধি হ'য়েছে দেখে ওয়াং-এর বেশ আনন্দ হ'ল।

এ ছেলেকে ওয়াং কোনো দিনই বিশেষ আমলে আনেনি। ওর দিকে বড় একটা চেয়েও দেখেনি। আকর্ষণ করার মত কিছু ওর মধ্যে কোনো দিন ছিলও না। ছোট-

বেলাও না—এক বাঁশির মত সরু গলায় অনর্গল বকে যাওয়া ছাড়া। আর বড়ো হ'য়ে তো নিতান্ত ঠাণ্ডা ভালো ছেলে হ'লো, কিছু নিয়ে একদিনও কাউকে ভাবাল না। বড় ভাইয়ের অত্যন্ত স্পষ্ট, অত্যন্ত প্রখর, অত্যন্ত জোরালো ব্যক্তিত্বের পাশে ও এত মিইয়ে রইল যে কারো চোখেই প্রায় পড়ল না। তার পর কাজ ক'রতে যখন শহরে এল, ওয়াং ক্রমে ক্রমে, বলতে গেলে, ওকে ভুলেই বসল। কেউ যখন জিজ্ঞাসা করেছে ক'ছেলে, তখন মনে পড়ে গিয়ে হিসেবে ধরেছে।

ওয়াং অবাক হ'য়ে গেল। সামনে দাঁড়ান ওই সযত্নে ছাঁটা,—তেল দিয়ে সযত্নে পালিশ করে আঁচড়ান চুল, গ্রে রং-এর সিল্কের পরিচ্ছন্ন পরিপাটি জামাটি পরা, সুমার্জিত, ধীর-স্থির চলন-বলন ওই সুশ্রী যুবক—ওয়াং অবাক হয়ে ভাবে—ওরই ছেলে, সেই ভুলে যাওয়া ছেলে! বাইরে শুধু বলল :

'কেমন মেয়ে চাসরে তুই!'

অত্যন্ত সহজ এবং ধীর ভাবে নাং ওয়েন্ ব'লে গেল। যেন এ-মেয়ের ছবি আগে থাকতেই ওর মনে আঁকা ছিল : মেয়ে হবে গ্রামের—কিন্তু অবস্থাপন্ন গৃহস্থ ঘরের। মেয়ের বাপের জমি জমা থাকবে, আত্মীয়স্বজন কেউ দরিদ্র থাকবে না। বেশ মোটা যৌতুক নিয়ে আসবে বাপের ঘর থেকে। চেহারাটা হবে চলনসই—খুব ভাল নয়, আবার একেবারে খারাপও হবে না। মেয়ের ভালো রাঁধতে পারা চাই যাতে এখানে এসে নিজের হাতে রান্না ক'রতে না হ'লেও চাকর বাকরের ওপর নজর রাখতে পারে। আর হবে হিসেবী—চাল যখন কিনবে যা লাগবে ঠিক হিসেব ক'রে, একটি মুঠো বেশী হবে না। আর জামার কাপড় কিনলে জামাটি হয়ে ছাঁটকাটের সামান্য এক আধটু ফালি ছাড়া আর এতটুকুও বাঁচবে না!

আশ্চর্য! ওয়াং আরো অবাক হয়। নিজের ছেলে হলেও এ ছেলেকে তো ও এতদিন চেনেনি। ও নিজে বা বড় ছেলে নাং এন্, কেউই অমন ছিল না ও বয়সে— অত ধীর স্থির, অত বিবেচনা! এ মানুষটার জাত জগৎ সবই মন ওদের থেকে আলাদা। অত্যন্ত আনন্দ হ'ল ওয়াং-এর। হাসতে হাসতে বলল : 'বেশ, বেশ, তাই হবে। তোর পছন্দমত মেয়েই খোঁজা যাবে। চিংও গাঁয়ে গাঁয়ে খোঁজ করবে'খন।'

হাসতে হাসতে ওয়াং বিদায় নিল। জমিদার বাড়ীর সামনে দিয়ে যেতে যেতে গেটের সামনে এসে থমকে দাঁড়াল। তারপর সোজা ভেতরে চ'লে গেল। নাং এন্-এর ব্যাপারে সেই বেশ্যাটার খোঁজ ক'রতে এসে যেমনি দেখেছিল,—সদরের দিকটা ঠিক তেমনি আছে। গাছে গাছে মেলে দেওয়া ভিজে কাপড়,—এখানে সেখানে স্ত্রীলোকেরা লম্বা সুঁচ দিয়ে জুতোর সুক্তলা সেলাই করতে করতে জটলা করছে। উলঙ্গ শিশুর দল আপাদ-মস্তক ধুলো মেখে সান-বাঁধান আঙ্গিনায় গড়াগড়ি দিচ্ছে। একটা ভ্যাপ্সা গন্ধ চারিদিকে—এখানকার বর্তমান অধিবাসীদের গায়ের কাপড়ের গন্ধ বিশ্রী। মানব সমাজের অত্যন্ত নীচু স্তরের সামান্য মানুষ এরা—পতিত উদ্বাস্তুর ধনীর গৃহে এমনি করেই ভিড় করে চিরকাল। যে ঘরটায় সেই বেশ্যা থাকত, ওয়াং দেখল সেটা খোলা প'ড়ে—সে নেই। আছে কে আর একজন বৃদ্ধ। ওয়াং খুশি হ'য়ে ভেতরের দিকে এগিয়ে চল'ল।

এই নিতান্ত সাধারণ মানুষগুলির ওপর ওয়াং-এর কেমন একটা ঘৃণা হয় আজ। ক'বছর পূর্বে হলে—অর্থাৎ হোয়াং পরিবার ঐশ্বর্যে, প্রতিষ্ঠায়, মর্যাদায় যখন এ গৃহ অধিকার ক'রে ছিল, তখন হ'লে অন্য কথা হ'ত। ওয়াং তখন গৃহের অধিবাসী অভিজাত ধনী সন্তানদের থেকে নিজেকে একেবারে আলাদা স্তরের মানুষ মনে ক'রত—তাদের ঘৃণা ক'রত, ভয় করত, এদের বিরুদ্ধে ওর মন বিদ্রোহ ক'রতে চাইত। তখন মনে হ'ত এই অতি সামান্য মানুষরাই ওর স্বগোষ্ঠী, আত্মীয়। কিন্তু আজ ফের ঘুরেছে—আজ ওয়াং এদের ঘৃণা করে। ভূস্বামী ওয়াং, অর্থবান্ ওয়াং, আজ এই সামান্য মানুষদের ঘৃণা করে—কারণ, এরা নোংরা, এদেরই গায়ের গন্ধে বাতাস ভারী। ওর মন আজ এদের বিরুদ্ধে বিদ্রোহী হ'য়ে ওঠে—যেন ও স্বয়ং এই বিশাল ভবনের পরমাত্মীয়। সাবধানে নাক ঢেকে, সাবধানে ধীরে ধীরে নিশ্বাস টেনে ওয়াং এদের মধ্যে পথ করে করে এগিয়ে চলে।

ওযে কিছু স্থির করে এসেছিল তা নয়। নিছক কৌতূহলের বশবর্তী হ'য়ে ও মহলের পর মহল পেরিয়ে চ'লল। যেতে যেতে দেখল পেছনের দিকের একটা মহল তালা-বন্ধ। তালাবন্ধ দরজার পাশেই এক বৃদ্ধা বসে বসে ঝিমোচ্ছে। ওয়াং ভালো ক'রে দেখে চিনতে পারল—সেই দরোয়ান গৃহিণী। আশ্চর্য! সেই সদাহাস্যময়ী মধ্যবয়সী স্ত্রীলোকটি! সেই মানুষেরই আজ এমনি একেবারে সাদা মাথাটি—হলদে রং-এর উঁচু দাঁতগুলো আলগা হ'য়ে মাড়ীর সাথে ঝুলছে! ত্বক কুঁচকে দড়ির মত হ'য়েছে—আর দেহ হয়েছে হাড় জিরজিরে! বৃদ্ধার দিকে তাকিয়ে তাকিয়ে হঠাৎ ওর চোখের সামনে ছবি ভেসে উঠল—তরুণ ওয়াং তার প্রথম পুত্রকে কোলে নিয়ে এসে দাঁড়িয়েছিল। কিন্তু কতকালের কথা—কত সুদীর্ঘকালের ইতিহাস সে! এতগুলি বছর একটা চোখের নিমেষে চ'লে গেল!

আজ প্রথম মনে হ'ল ওয়াং-এর—ও বুড়ো হ'চ্ছে।

কেমন বিষাদে মনটা ভারী হয়ে গেল।

বিষণ্ণ ভাবে বৃদ্ধাকে বলল : 'সরো তো একটু, ভেতরে যাব।'

বৃদ্ধা চমকে উঠে চোখ পিট্ পিট্ করে বার কয়েক শুকন ঠোঁট দুটি চেটে ব'লল : 'ভেতরের সব মহলগুলি যদি ভাড়া নাও, তবে খুলে দেখাই, নইলে খুলব না।

আচম্বিতে ওয়াং-এর মুখ দিয়ে বেরিয়ে এল :

'দেখাও তো আগে—পছন্দ হ'লে তবে তো কথা! নিতেও পারি সবটা।'

ওয়াং নিজের পরিচয় দিল না। সঙ্গে সঙ্গে গেল। প্রত্যেকটি পথ ওর জানা। মহলগুলি নীরব, যেন ম'রে পড়ে আছে। সামনে ঐ তো ছোট কুঠুরিটা যেখানে বিয়ের দিন এসে ওয়াং ওর ঝুড়ি রেখেছিল। ওই তো সেই আরক্ত-বর্ণে চিত্রিত স্তম্ভের সারি-শোভিত বারান্দা। বৃদ্ধার পেছনে পেছনে ও হলটায় গিয়ে ঢুকল। এতগুলি সুদীর্ঘ বছরের বেড়া ডিঙ্গিয়ে ওয়াং-এর মন নিমেষে উড়ে চলে গেল সেই দিনটিতে যেদিন ও এই বাড়ীরই একজন পরিচারিকার পাণিপ্রার্থী হয়ে এসে দাঁড়িয়েছিল। সামনেই তো সেই কারুখচিত মঞ্চ যেখানে সযত্ন প্রসাধনে উজ্জ্বল-মসৃণ ক্ষীণ ক্ষুদ্র

অঙ্গখানিকে রজত শুভ্র সাটিনের পরিচ্ছদে শোভিত ক'রে কত্রীঠাকুরাণী বসে ছিলেন।

কি একটা বিচিত্র আকস্মিক আবেগ ওয়াংকে সম্মুখে ঠেলে নিয়ে গেল। যেখানে কত্রীঠাকুরাণী বসেছিলেন সেই আসনে গিয়ে ও বসে তেমনি করে সামনের টেবিলের ওপরে হাত রাখে। বৃদ্ধা অবাক্ হয়ে যায়। নীচে মেজের ওপর দাঁড়িয়ে তার কুৎসিৎ মুখের ক্ষীণ দৃষ্টি দিয়ে পিট্ পিট্ করে ওয়াং-এর দিকে তাকিয়ে থাকে।

আজীবন যে বাসনা ওয়াং-এর অবচেতনায় বাসা বেঁধে ছিল আজ তা ফুলে ফেঁপে, বেগে, আবেগে ওর চেতনায় ভেসে ওঠে। টেবিলে আঘাত ক'রে ওয়াং বলে ওঠে :

'এ বাড়ী আমি নেবই।'

[ঊনত্রিশ]

আজকাল মনে মনে কোনো সংকল্প ক'রলেও ওয়াং তা তাড়াতাড়ি কাজ ক'রে উঠতে পারে না। অথচ তাড়াতাড়ি কাজ চুকিয়ে বোঝা ঝেড়ে ফেলার জন্য ভয়ানক ব্যস্ত হয়ে ওঠে। বয়স যতই বাড়ছে ততই এটাও বাড়ছে। কাজ সামনে পড়লে ও প্রায় অসহিষ্ণু হ'য়ে ওঠে, কতক্ষণে ঘাড় থেকে নামিয়ে হাল্কা হ'য়ে হাঁফ ছাড়বে। দুপুরের পর ওর ইচ্ছে করে নির্ঝঞ্ঝাটে চুপচাপ বসে থাকে—ব'সে ব'সে আকাশে পড়ন্ত সূর্যের রূপ দেখে, বা মাঠে একটু ঘুরে এসে কিছুক্ষণ গড়াগড়ি করে। তাই বড় ছেলেকে ডেকে ওর সংকল্পের কথা জানিয়ে দিল। বাড়ী বদলের ব্যাপারে সাহায্যের জন্য মেজ ছেলেকেও ডেকে পাঠাল।

বাঁধা-ছাঁদা হ'য়ে গেলে একদিন ওরা চ'লে গেল। কমল এবং কোকিলা দাসীদের আর মালপত্র নিয়ে আগে চ'লে গেল। তারপর গেল নাং এনু তার স্ত্রী আর লোকজন নিয়ে।

ওয়াং তক্ষুনি গেল না—ছোট ছেলেকে নিয়ে এখানে রইল। যে মাটিতে জন্মেছে তার সাথে আজন্মের নাড়ীর বন্ধন ছিঁড়ে যাবার মুহূর্তে যখন এল, ওর বুক টন্‌টন্ ক'রে উঠল। ভেবেছিল সহজেই ছিঁড়তে পারবে। পারল না। ছেলেরা পীড়াপীড়ি ক'রতে তাদের বলল :

'আচ্ছা, আচ্ছা, তোরা যা তো! আমার জন্য একটা ঘর ঠিক ক'রে রাখিস। গেলেই হবে একদিন। নাতি হবার আগেই যাবো দেখিস্। ক'দিন থেকে আবার চ'লে আসব।' তবুও তারা ছাড়ে না।

'বোবা মেয়েটা রয়েছে,' ওয়াং বলে : 'ওটাকে নিয়ে যাবো কিনা ভাবছি। না নিয়ে গেলেও চ'লবে না। আমি না হ'লে বেচারা না খেয়ে থাকলেও একট কেউ উঁকি মেরে দেখবে না।'

ওয়াং-এর এ-কথায় বড় বৌ-এর উপর খোঁটা ছিল। এই হতভাগ্য মেয়েটার গায়ের বাতাসও সে সইতে পারে না। সর্বদা গালাগালি করে : 'মরে না কেন ও। ওকে কি যমে চোখেও দেখে না? আমার চোখের সামনে থেকে থেকে পেটেরটার সর্বনাশ

ক'রে তবে ছাড়বে হতচ্ছাড়ী-

নাং জানে সবই। কাজেই চুপ ক'রে যায়। কড়া কথাগুলো ব'লে ফেলে ওয়াং-এর অনুতাপ হয়। স্বর কোমল ক'রে আবার বলে ঃ

'দাঁড়া মেজ খোকার পাত্রী ঠিক হ'লেই চ'লে আসছি। চিং এখানে আছে, এখান থাকলেই খোঁজ খবর করার সুবিধে হবে।'

এর পর নাং ওদের আর পীড়াপীড়ি ক'রল না। এ বাড়ীতে রইল ওয়াং, তার ছোট ছেলে, বোবা মেয়ে, আর কাকা তার পরিবার নিয়ে। কমলের মহলটাই কাকা অধিকার ক'রে বসল। ওয়াং-এর এতে বিশেষ আপত্তি হ'লো না, কারণ ও বেশ ভালো ক'রে বুঝতে পেরেছে, কাকা আর বেশীদিন বাঁচবে না। কাকার মৃত্যুর পর ওয়াং-এরও ও-পরিবারের ওপর কর্তব্য শেষ হ'য়ে যাবে। তখন কথা মত না চল'লে কাকার ছেলেটাকেও ওয়াং তাড়িয়ে দিতে পারবে। কেউ নিন্দে ক'রবে না।

কাকার মহলে চিং তার জন-মজুরদের নিয়ে চলে এল। আর ওয়াং তার ছেলে মেয়ে নিয়ে রইল মাঝের ঘরে। জবরদস্ত দেখে একজন পরিচারিকা নিল কাজকর্ম করার জন্য।

ওয়াং হঠাৎ যেন ভারী ক্লান্ত হ'য়ে প'ড়ল। একরকম খেয়ে ঘুমিয়ে ওর দিন কাটে। বাড়ীতে এখন কোনোদিক থেকে কোনো অশান্তি নেই। কেউ নেই বিরক্ত করার মত। ছোট খোকা বড় বেশী চুপচাপ। সে পারলে বাবার চোখের সামনে আসে না। ওর বিশাল স্তব্ধতার ব্যূহ ভেদ ক'রে কিছুতেই ওয়াং ওর হৃদয়-দুয়ারে পৌঁছুতে পারে না। চেষ্টাও করে না।

একদিন গা ঝাড়া দিয়ে উঠে ওয়াং চিংকে মেজ খোকার জন্য পাত্রী দেখতে তাড়া দিল।

চিংও বুড়ো হয়েছে। আরো শীর্ণ হ'য়ে ওর দেহটা এখন একটা নল-খাগরার মত হ'য়েছে। কিন্তু প্রভুভক্ত কুকুরের মত ওর শক্তি। প্রভুর কাজে দেহপাত অনায়াসে ক'রতে পারে। ওয়াং ওকে এখন আর কোদাল ধরতে বা লাঙল চালাতে দেয় না। কিন্তু তবুও অনেক কাজ করে চিং—জন-মজুরদের কাজের খবরদারী করে, ফসল মেপে ঘরে তোলার সময় চোখ রাখে—এমনি হাল্কা ধরণের কাজ। সেদিন ওয়াং ওকে পাত্রীর কথা বলতেই ও তাড়াতাড়ি পোষাকী নীল কোটটা গায়ে চাপিয়ে বেরিয়ে পড়ল। ঘুরে ঘুরে নানা গাঁয়ে মেয়ে দেখতে লাগল। তারপর একদিন এসে বলল ঃ

'তোমার ছেলের জন্য পাত্রী খুঁজতে গিয়ে আমারই যে লোভ হচ্ছে! চমৎকার একটি মেয়ে দেখে এলাম। বয়স থাকলে কি আর এ-মেয়ে হাতছাড়া করি? আমাদের এ গাঁ থেকে তিনখানা গাঁ পেরিয়ে, সে গাঁ, সেখানেই বাড়ী ওদের। ভারী সুন্দর হাসি-খুসি—হুঁসিয়ার মেয়ে। আর তো কিছু নয়—যখন তখন একটু বেশী হাসে এই যা। তোমার সঙ্গে কাজ করার মেয়ের বাপের ভারী ইচ্ছে। জমিজমাও আছে ভদ্রলোকের। আর যৌতুক যা দেবে বললে সে আজকালকার তুলনায় খুবই ভালো বলতে হবে।'

বেশ ভাল সম্বন্ধ। তাড়াতাড়ি কাজ মিটিয়ে ফেলার জন্য ওয়াং ব্যস্ত হ'য়ে ওঠে।

তক্ষুণি সম্মতি জানিয়ে দেয়। কাগজপত্র তৈরী হ'য়ে গেলে—নিজের সীলটি বসিয়ে দিয়ে হাঁফ ছেড়ে বাঁচে। ভাবে : 'আর কি, আর তো মাত্র একটা ছেলে বাকী। বিয়ে-টিয়ের হ্যাঙ্গাম একরকম চুকে বুকে গেল। বেশ আরামে শান্তিতে থাকতে পারব এখন।'

বিয়ের আর সব ঠিক হ'য়ে গেল। দিনও ঠিক হ'ল। ওয়াং-এর একেবারে ছুটি এখন। সে এখন ঠিক তার বাবার মত ক'রেই রোদে বসে ঝিমোয়।

ওয়াং বুঝতে পারে এখন ব্যবস্থা বদলাতে হবে। চিং-এর এখন আগের মত সামর্থ্য নেই। নিজেরও বয়সের দরুণ এবং অতিভোজনের ফলে দেহটা বেশী রকম ভারী হয়ে পড়েছে, আলস্যও এসেছে। ছোট ছেলে নেহাতই নাবালক—কিছুর ভার নেবার মত শক্তি তার এখনও হয়নি। দূরে দূরে যে সব ক্ষেত রয়েছে সেগুলো দেখাশোনা করার বড়ই অসুবিধা। সুতরাং ঐ সব জমিগুলোকে ভাগে বন্দোবস্ত করে দেওয়াই ঠিক করল ওয়াং। আশে পাশের অনেকেই সাগ্রহে এগিয়ে এল। কথা-বার্তা ঠিক হতে দেরী হ'ল না—ফসলের ভাগ আধাআধি ; আর বাড়ীর ঘানি থেকে যে তিলের, বীজের খোল হয় এবং গোয়ালের আবর্জনার সার এসব ওয়াং দেবে। বদলে নিজেদের খাবার জন্য আরও কিছু ফসল পাবে।

এই ব্যবস্থার পর ওয়াং-এর এখন বলতে গেলে পুরো ছুটি। মাঝে মাঝে এখন শহরের বাড়ীতে গিয়ে রাতটা থাকে। কিন্তু ভোর হতে না হতেই শহরের গেট খোলা মাত্র ও হেঁটে হেঁটে পুরানো বাড়ীর পথ ধরে। হাওয়ায় ভেসে আসে কাঁচা ফসলের গন্ধ। ওয়াং নাক দিয়ে বুক ভরে বাতাস টেনে নেয়। নিজের মাটিতে পা দিয়ে আনন্দে ওর বুক ভরে ওঠে।

ওয়াং-এর বৃদ্ধ বয়সের শান্তির পাকাপাকি বন্দোবস্তই ভগবান এরপর করে দিলেন। উত্তরে কোথায় যুদ্ধ বাধল। কাকার ছেলে নিঝুম নিস্তব্ধ বাড়ীটায় বসে থেকে থেকে অতীষ্ঠ হ'য়ে উঠেছিল। বিশেষ ক'রে কোনো স্ত্রীলোক বাড়ীতে না থাকায় তার হচ্ছিল আরও অসুবিধা। মেয়ের মধ্যে ছিল ওই মন্দা চেহারার পরিচারিকাটি—সেও আবার বিবাহিতা, ওয়াং এরই এক কিষাণের গৃহিণী। যুদ্ধের কথা শুনে সে এসে বললে :

'বসে বসে গাঁটে বাত ধরে গেল দাদা—আমি চললাম। হাত পা ঝেড়ে একটু বাঁচব। কাপড় চোপড় বিছানা পত্র লাগবে তো। কটা টাকা না দিলে যাওয়া হয় না।'

উল্লাসে ওয়াং-এর বুকের ভেতরটা নেচে ওঠে। কিন্তু বাইরে তার প্রকাশ চেপে দুঃখের ভান ক'রে বলে :

'দশটা না পাঁচটা না, কাকার ঐ সবে নীলমনি তুই। তুই যুদ্ধে গেলে ওদের কি হবে বলতো ?'

'থাক থাক ঢের হয়েছে—' হাসতে হাসতে কাকার ছেলে বলে : 'মরি বাঁচি যাবোই। যুদ্ধ শেষ না হ'লে আর ফিরব না। একঘেয়ে বসে বসে আর পারি না।

তা ছাড়া বুড়ো হ'য়ে গেলে আর তো হবে না, এইবেলা একটু দেশ বেড়িয়ে নেওয়াও হ'য়ে যাবে।'

আর বাক্যব্যয় না ক'রে ওয়াং টাকা বের করে দেয়। নিছক অপব্যয়—কিন্তু এবারও ওর মনে বাজে না। ভাবে, শেষ পর্যন্ত মতিটি যদি স্থির থাকে বাঁচা যায়। যুদ্ধ তো ইচ্ছেই কোথাও না কোথাও। কত লোক তো মরে লড়াইয়ে। অত ভাগ্য কি—ওয়াং সাগ্রহে ভাবে—অত ভাগ্য কি হবে—এটাও… !

ভেতরে ভেতরে ওয়াং খুব খুশি। কিন্তু চেপে গিয়ে পুত্র-বিয়োগ-বিধুরা মাকে সান্ত্বনা দেয়। আরো বেশী ক'রে আফিং এনে নিজে হাতে পাইপে সাজিয়ে ধরিয়ে দিয়ে বলে ঃ 'দুদিনে বড় অফিসার হ'য়ে ফিরবে তোমার ছেলে, দেখে নিও খুড়ী। আমাদের বংশের মান বাড়াবে ও ছেলে। তুমি কেঁদ না, দেখ না—কি রকম হোমরা চোমড়া হ'য়ে দুদিনেই ফিরে আসছে।'

ভ্রাতা চলে গেল। এবারে একেবারে অনাবিল শান্তি। বাড়ীখানা নিঝুম নিস্তব্ধ —এক প্রান্তে দুই বুড়ো-বুড়ী আফিং-এর ঘোরে ঝিমিয়ে পড়ে থাকে—আর এক প্রান্তে ওয়াং রোদে বসে ঝিমোয়।

নাতি হবে—নাতি হবে—ওয়াং কান পেতে থাকে—ওই বুঝি তার পায়ের ধ্বনি শোনা যায়।

যতই তার আসার সময় এগিয়ে আসে—ওয়াং-এরও শহরের বাড়ীতে যাওয়া এবং আসার পরিমাণ বেড়ে যায়। আজকাল খুবই বেশী থাকে সে ওখানে। মহলে মহলে ঘুরে বেড়ায় আর গভীর বিস্ময়ের সাগরে ডুবে যায়—এ কি হলো…কি ক'রে হলো…এখানেই—এইতো সেদিনকার কথা…হোয়াং-এর বিশাল বনেদী পরিবার… এখানেই ছিল। আর আজ—বড় বিচিত্র…ওয়াং ভেবে কুল পায় না। আজ তার কিনা রয়েছে, ও স্ত্রী পুত্র পরিজন নিয়ে—ও নিজে, ওর পুত্রেরা—আবার আসছে ওই শিশু তৃতীয় পুরুষের ভূমিকায় !

ওয়াং-এর অন্তরের ক্ষেত্রও বিস্তৃত হ'য়ে ওঠে। বহুমূল্য বলে হাতগুটিয়ে নেবার কথা ওর আর মনে আসে না। নিজেই থানে থানে সাটিন আর সিল্ক কিনে আনে —বাড়ীর সকলের জামা কাপড় হবে ওতে। নইলে অমন সুন্দর দামী দামী দক্ষিণী কাঠের তৈরী কারুকার্য খচিত আসবাবের সাথে মানাবে কেন ? দাস-দাসীদের জন্যও কালো রং-এর সুতী কাপড় আনা হ'লো—হুকুম হ'ল কেউ ছেঁড়া-ফাটা পরবে না। নাং এন্-এর বন্ধু বান্ধবরা শহর থেকে আসে, তারা ওর ঐশ্বর্য দেখছে—ভেবে ওয়াং আত্মপ্রসাদ লাভ করে। অসন-বসন সব ব্যবস্থাই এ গৃহের এবং তার ঐতিহ্যের সাথে খাপ খাওয়ান। আগের মত মোটা আটার রুটির মধ্যে রসুন পুরে পুড়িয়ে নিয়ে খেতে ভালবাসার দিন ফুরিয়েছে ওয়াং-এর। এখন ও ওঠে অনেক বেলায়, নিজের হাতে হাত হাল চালানোও নেই—কাজেই এখন বাঁশের কোঁড় বলো, দক্ষিণের আমদানী মাছ বলো, উত্তর দিককার সমুদ্রের শামুক বলো, পায়রার ডিম বলো—কিছুতেউ ধনী ওয়াং-এর অলস ক্ষুধার মন ভোলে না। আগের স্বাস্থ্যও নেই—রুচিও বদলেছে। ছেলেদের, কমলের, বৌ এদের সকলেরই এ ব্যবস্থা খাওয়ার। দেখেশুনে কোকিলা

হাসতে হাসতে বলে :

"ঠিক তেমনি সব হ'য়েছে আবার। সেই আগের মত। কেবল আমিই বুড়িয়ে শুকিয়ে পোড়াকাঠ হ'য়ে গেছি—বুড়োকর্তার মনে ধরে না। আর সবই হ'লো—আমার কপালই আর তেমনটি হ'ল না।'

বলে বাঁকা চোখে ওয়াং-এর দিকে তাকায়। ওয়াং না-শোনার ভান করে। তদানীন্তন বৃদ্ধ জমিদারের সঙ্গে কোকিলা ওকে তুলনা ক'রেছে বলে ও মনে মনে ওর ওপর প্রসন্ন হয়।

এমনি ক'রে অলসে-বিলাসে, যত খুশি ঘুমিয়ে,—যখন খুশি উঠে ওয়াং পৌত্রের প্রতীক্ষা করে। তারপর এক শুভ প্রাতে স্ত্রীকণ্ঠের কাৎরাণি কানে এল। নাং এন্-এর মহলে গিয়ে ছেলের কাছে শুনতে পেল বধূ আসন্ন প্রসবা। কিন্তু কোকিলা বলেছে সময় নেবে—কষ্টও হবে।

ওয়াং নিজের ঘরে ফিরে যায়। বসে বসে কাৎরাণি শোনে। ভয় করে—বহুবছর পরে আবার আজ ওয়াং-এর ভয় করে—দেবতাকে আজ আবার প্রয়োজন হয়। উঠে গন্ধ-বণিকের দোকান থেকে কিছু ধূপ কিনে নিয়ে ও শহরে চলে যায় করুণা-দেবীর মন্দিরে। নিষ্কর্মা পূজারীটাকে ডেকে হাতে কটা টাকা আর ধূপকাঠিগুলো গুঁজে দিয়ে বলে : 'দেখুন বৌমার আমার ছেলে হবে। বড় কষ্ট পাচ্ছে। শহরের মেয়ে কিনা, আর বড্ড রোগা। তাই এলাম। আমি পুরুষমানুষ এসব তো আমার কম্মে নেই, জানি। কিন্তু কি করি, ঘরে আর কোনো মেয়েমানুষ নেই। ছেলের আমার মাও নেই, আপনিই দয়া ক'রে ধূপকাঠি কটা একটু জেলে বেদীর সামনে দিয়ে দিন।'

পূজারী ধূপ জেলে ছাইয়ের মধ্যে গুঁজে বসিয়ে দেয়। ওয়াং তাকিয়ে থাকে। হঠাৎ ভয়ে ওর পা শিউরে ওঠে—যদি মেয়ে হয়! সন্ত্রস্ত হ'য়ে মানত করে—ছেলে হ'লে প্রতিমার জন্য লাল পোষাক বানিয়ে দেবে। আর মেয়ে হ'লে—কিচ্ছু না—কিচ্ছু দেবে না ওয়াং।

উদ্বিগ্ন মনে বেরিয়ে আসে। তাই তো—মেয়েও তো হ'তে পারে। ছেলে ছেলে তো ক'রছে, কিন্তু ছেলে না হ'য়ে মেয়ে তো হ'তে পারে। এ কথাটা আগে তো মনে আসেনি। ফিরে গিয়ে আরো ধূপ কেনে। দিনটা অত্যন্ত গরম। কিন্তু এই প্রচন্ড রোদ মাথায় ক'রে, রাস্তার একহাঁটু ধুলো ভেঙ্গে ওয়াং আসে গাঁয়ের ক্ষেত্র-দেবতার মন্দিরে, যেখানে ক্ষেত্র দেবতা তাঁর সঙ্গিনীকে নিয়ে অহোরাত্র জাগর হ'য়ে মর্তের মানবের মাটির প্রহরা দেন। প্রতিমার সম্মুখে ধূপ জেলে দিয়ে প্রার্থনা করে :

"চিরকাল তোমার সেবা ক'রে এসেছি ঠাকুর! বাবা থেকে আরম্ভ ক'রে আজও সকলে কায়মনে তোমার সেবা করি। আমার ছেলের ঘরে ছেলে—আমার নাতি যেন হয় দেখো। ছেলে না হ'লে আর তোমাদের পুজো করছিনে।'

যা করার সব ক'রে একেবারে অবসন্ন দেহে ওয়াং বাড়ী ফেরে। এসে ধপ্ ক'রে একটা চেয়ারে বসে পড়ে। ওর ইচ্ছে হল কেউ একটু চা এনে দিক, গরম জলে

একখানা তোয়ালে ভিজিয়ে এনে দিক, ও মুখ হাত একটু মুছে ফেলবে। তা হলে হয়ত একটু ভালো লাগবে। হাত তালি দিল, কেউ ফিরেও তাকায় না। সবাই অত্যন্ত ব্যস্ত হয়ে ছুটোছুটি ক'রছে। ওয়াং-এর সাহস হয়না কাউকে জিজ্ঞাসা করে প্রসব হল কিনা, এবং হয়ে থাকলে ছেলে না মেয়ে। গায়ে পায়ে ধুলো নিয়ে রাজ্যের অবসাদে ওয়াং ওখানেই বসে রইল। কেউ ওকে একটা কথাও জিজ্ঞাসা করল না।

কতক্ষণ বসে ছিল খেয়াল নেই। যখন খেয়াল হল—তখন সন্ধ্যে উৎরে গেছে। এমন সময় কমল তার গুরুভার দেহ নিয়ে কোকিলার ওপর ভর করে ছোট দুখানি পায়ে টলতে টলতে এসে উপস্থিত হ'ল। মুখ ভরে হেসে জোরে জোরে বলে উঠল :

'ওগো তোমার যে নাতি হ'ল গো। মায়ে পোয়ে ভালোই আছে। দেখে এলাম ছেলে, বেশ সুন্দর ডাগর ডোগরটি হ'য়েছে।'

ওয়াং হেসে উঠল আনন্দে। তারপর উঠে পড়ে আবার হাততালি দিয়ে হাসতে লাগল। হাসতে হাসতে বলল :

'বাব্বা, সেই থেকে এখানে বসে আছি, আর বসে বসে ভয়ে কালিয়ে যাচ্ছি! যেন আমারই প্রথম ছেলে হচ্ছে।'

কমল চলে যায়। ওয়াং ভাবনায় ডুবে যায়। কই ওর যখন প্রথম ছেলে হয়েছিল তখন তো অত ভয় হয়নি! ভাবতে ভাবতে ওর মনে পড়ে যায় আর একটি দিনের কথা। ওলান্ ধীরে ধীরে অন্ধকার ছোট কুঠরীটার মধ্যে ঢুকল গিয়ে নীরবে—সেখানেই নিঃশব্দে নীরবে একা ঘরে ওর প্রথম ছেলে, এই নাং এন্-এর জন্ম হ'ল। তারপর বার বার—যতবার ছেলে হল, যতবার মেয়ে হল, ওলান্ অমনি করে ওই আঁধার ঘরে গিয়ে ঢুকেছে—সেখানে নিঃশব্দে নিঃসঙ্গে ওর সন্তানদের জন্ম হয়েছে—তার পরেই ওলান্ মাঠে এসে স্বামীর পাশে দাঁড়িয়ে তার কাজের আধখানা আপন হাতে তুলে নিয়েছে। সেই মায়েরই ছেলের এ বৌ কিনা বেদনায় শিশুর মত কাঁদল—দাসী চাকররা ওর জন্যে ছুটোছুটি করে বাড়ীখানা তোলপাড় করে তুলল! স্বামী-সুদ্ধ গিয়ে আঁতুড় ঘরের দরজায় দাঁড়িয়ে থাকল!

বহুকাল আগের কথা স্বপ্নের মত ওয়াং-এর চোখের সামনে ভেসে ওঠে, ওলান্ কাজের মাঝে হাত থামিয়ে মাটিতে বসে পড়ে শিশুর মুখে ওর বক্ষের অজস্র ধারা ঢেলে দিত—স্তন উচ্ছ্বসিত শুভ্রধারায় ঝরে মাটি ভিজিয়ে দিত—। স্বপ্ন! না বাস্তবইতো ছিল! কিন্তু বহুদিন—কত সুদীর্ঘ দিন চলে গেলো···সুদূর অতীতের কুয়াশায় বাস্তব ঝাপ্‌সা হয়ে এসেছে...মনে হয় বুঝি স্বপ্ন—কেবলি স্বপ্ন সে-সব।

ছেলে আসে উদ্ভাসিত চোখে মুখে, গর্বে ডগবগ হয়ে বলে : 'তোমার নাতি হ'লো যে বাবা। দুধের দাই চাইতো এক জন ছেলেকে দুধ দিতে। ছেলেকে দুধ দিয়ে দিয়ে তোমার বৌ-এর শরীর খারাপ হয়ে যাবে, তা ছাড়া চেহারাও ভেঙ্গে যাবে। বড় ঘরে কোনো মেয়েই ছেলেকে নিজে দুধ দেয় না।'

ওয়াং-এর মনে একটা বিষাদ ঘন হয়ে ওঠে—কেন, ও নিজেই বোঝে না। বলে : 'তা, নাই যদি পারে, কি আর করা যাবে! ধাত্রী খোঁজ।'

শিশুর বয়স একমাস হ'লে নাং এন্ তার জন্মোৎসব করল। শহরের বহু পরিচিত

বন্ধু-বান্ধব, শ্বশুর শাশুড়ী নিমন্ত্রিত হ'য়ে এল। শ'য়ে শয়ে মুরগীর ডিম লাল রং ক'রে প্রত্যেক অতিথিকে দেওয়া হল। ছেলে দশদিন নির্বিঘ্নে কাটিয়ে উঠলে তবে না নিশ্চিন্ত হওয়া যায়। সেই দশদিন উৎসব গেছে—ভয়ের কালো ছায়াটা বাড়ী থেকে নেমে গেছে। সুতরাং আনন্দে কোলাহলে বাড়ী মুখরিত হয়ে ওঠে।

উৎসবান্তে নাং এন্ তার বাবাকে এসে বলেঃ 'তিন পুরুষ একসঙ্গে হয়েছে সুতরাং বনেদী ঘরের রীতি অনুসারে পূর্বপুরুষদের নাম পাথরের ফলকে খোদাই ক'রে প্রতিষ্ঠা করতে হয়—'

ঐ সব পাথরের ফলক প্রত্যেক উৎসবের সময় পুজো করা হবে—বনেদী ঘরে যেমন হ'য়ে থাকে। কারণ ওয়াং পরিবারও তো এখন পাকা বনেদী পরিবার।

এ প্রস্তাব ওয়াং-এর খুব ভালো লাগল। তক্ষুণি ও সম্মতি দিল এবং সব ব্যবস্থা হ'তেও দেরী হ'ল না। হলের প্রাচীরের সারি সারি ফলক বসল। প্রথমটায় ওয়াং-এর ঠাকুর্দার, তারপর ওর বাবার। বাকীগুলো খালি রইল ওয়াং-এর পরবর্তী বংশধরদের জন্য। ওয়াং একটা ধূপদানী কিনে এনে ফলকগুলির সামনে রেখে দিল।

ওয়াং-এর মনে পড়ে যায়—করুণাদেবীর লাল পোষাক মানত করেছিল। মন্দিরে গিয়ে পোষাকের দাম দিয়ে এল।

বোধহয় দেবতারা একেবারে মুক্তহস্তে দেন না—দানের মধ্যে ফাঁক রেখে দেন। শহর থেকে ফেরার পথে একজনক কিষাণ মাঠ থেকে ছুটতে ছুটতে এসে ওয়াংকে সংবাদ দিল, চিং মৃত্যু শয্যায়, ওয়াংকে একবার দেখতে চায়। অমন হঠাৎ এই ভয়ানক দুঃসংবাদটি পেয়ে ও চটে উঠলঃ

'বুঝেছি, বুঝেছি, ওই ছোট মন্দিরের ব্যাটাদের হিংসে হয়েছে, ওদের লাল কাপড়ের পোষাক দিইনি। কেন দেব? মানুষের যশ নিয়ে কথা। সেকি ওদের এলাকা—ওরা হলো ক্ষেত খামারের দেবতা।'

এদিকে দুপুরের খাবার তৈরী। কমলের অনুরোধ সত্ত্বেও ওয়াং না খেয়ে চলে গেল রোদের মধ্যেই কমল ছাতা দিয়ে একটা ঝিকে পেছনে পেছনে পাঠিয়ে দিল। কিন্তু সাধ্য কি ওয়াং-এর চলার সঙ্গে তাল রেখে মাথায় ছাতা ধরে রাখে সে।

ওয়াং গিয়ে দেখে চিং ঘরে শুয়ে। ঘরে কিষাণ মজুরদের ভিড়। ওয়াং চীৎকার করে জিজ্ঞাসা করলঃ 'কি হয়েছে?'

তাড়াতাড়িতে সকলের কথা একসঙ্গে খিচুড়ী পাকিয়ে যায়।

'একটা নতুন লোক এসেছে—মাড়ানী ধরতেও জানে না।'

'নিজেই কাজ করবে সব—কত বলি বুড়ো হয়েছ···'

'চিং মাড়ানী ধরতে দেখিয়ে দিতে গেছে···'

'বুড়ো মানুষ কি অত পারে?···'

ওয়াং গর্জন ক'রে ওঠেঃ 'নিয়ে আয় ব্যাটাকে আমার সামনে।'

সকলে লোকটাকে সামনে ঠেলে। লোকটা দাঁড়িয়ে দাঁড়িয়ে ঠক্ ঠক্ ক'রে কাঁপতে থাকে ভয়ে। ভিন গাঁয়ের মানুষ। বিরাট জোয়ান চেহারা—রংটা লালচে, কোনো অঙ্গে শ্রীছাঁদ নেই। ওপরের দাঁতের পাটি নীচের ওষ্ঠের ওপর চেপে বসে

আছে। বলদের মত গোল গোল নিষ্প্রভ ভাবহীন দুই চোখ। ওয়াং এর বিন্দুমাত্র দরদ হলো না লোকটার ওপর। দুই গালে গোটা কয়েক চড় বসিয়ে, দাসীর হাত থেকে ছাতাটা টেনে নিয়ে ওর মাথায় ঘা কতক লাগাল। বাধা দিতে কারো সাহস হয় না। পাছে বাধা পেয়ে ওয়াং-এর রাগ আরো বেড়ে যায়—এবং বেড়ে গেলে, হয়তো বৃদ্ধ মনিবের নিজের দুর্বল দেহটারই ক্ষতি হবে।

চিং কাতর শব্দ করে ওঠে। ওয়াং ছাতা ফেলে দৌড়ে ওর বিছানার কাছে আসে। পাশে বসে ওর হাতটা নিজের হাতের মধ্যে তুলে নেয়। ঝরে-পড়া শুকনো পাতার মত হাতখানা। শিরায় যেন এক ফোঁটাও রক্ত নেই। মুখখানা তো এমনিতেই ফ্যাকাসে। কিন্তু আজ যেন কালি লেপে দিয়েছে কে। তারপর সমস্ত মুখে লাল লাল দাগ। আধ-বোজা চোখের দৃষ্টির ওপর ছায়া নেমে এসেছে। কন্ঠশ্বাস। ওয়াং ঝুঁকে পড়ে, কানের কাছে চীৎকার করে বলে: চিং ভাই, আমি এসেছি। বাবার কফিনের মত আমি তোমার জন্য কিনব, ভেবো না।

কিন্তু চিং এর কান রক্তে ভরে গেছে—ওয়াং এর একটা কথাও সেখানে পৌঁছুল না। যদি বা পৌঁছুল, বাইরে থেকে কিছু বোঝা গেল না। কষ্ট-শ্বাসে দেহটা কেবল কেঁপে কেঁপে উঠতে লাগল। সংজ্ঞা আর হলো না। তারপর এক সময়ে সব থেমে গেল।

চিং-এর দেহটার উপর পড়ে পড়ে ওয়াং বড় কান্না কাঁদল। ওর বাবার মৃত্যুতেও অত কাঁদেনি। সব চেয়ে ভালো দেখে কফিন কিনল। পুরুত ডাকল। নিজে সাদা পোষাক পরে পায়ে হেঁটে শবানুগমন করল। ছেলেদেরও পায়ে সাদাপটি বাঁধতে হল—যেন আপন পরিবারের কারো দেহান্ত ঘটেছে। নাং এন্-এর এতটা পছন্দ হয়নি—শত হলেও ভৃত্যই তো, হলেই বা না হয় একটু উঁচুদরের—তবুও তো বেতন ভোগীই। ভৃত্যের জন্য শোক চিহ্ন ধারণ করাতে, ওর মতে অমর্যাদা ঘটে। কিন্তু ওয়াং ছাড়েনি।

ওয়াং-এর ইচ্ছে ছিল বাবা আর ওলান্-এর কবরের পাশেই চিংকে কবর দেয়। কিন্তু এই দুই ছেলেরই আপত্তি ওঠায়। ওয়াং তর্ক করতে পারে না—অশান্তি সহ্য হয় না। কাজেই যে জায়গাটা ওয়াং পরিবারের কবরের জন্য ঘিরে রাখা হয়েছে, তারি মুখে চিংকে কবর দেওয়া হয়। ওয়াং-এর বড় বাজে। কিন্তু যেটুকু করতে পারল, তা দিয়েই কোনো মতে নিজেকে সান্ত্বনা দেয়। এত বছর সহস্র অনর্থপাত হতে কি সতর্ক দৃষ্টি দিয়ে ওয়াংকে ওই ছোট্ট মানুষটি ঘিরে রেখেছিল। ছেলেদের বলে রাখল—ও মরলে চিং-এর পাশেই যেন ওকে কবর দেওয়া হয়।

ওয়াং মাঠে যাওয়া আরো কমিয়ে দিল। চিং-হীন মাঠে যেতে ওর বুক ফেটে যায়। তাছাড়া পরিশ্রমও করতে পারে না। একটুতেই বড় ক্লান্তি আসে। রুক্ষ জমির উপর দিয়ে চলতে চলতে হাড়গুলো যেন বিষিয়ে ব্যাথায় টন্ টন্ করে উঠে। সুতরাং দেখা শোনার লোকের অভাবে সব খামার জমিই আগের মত বরগা দিয়ে দিল। কিন্তু একহাত জমিও বেচল না। সালকাবারী বন্দোবস্ত। জমির স্বত্ব ওরই থাকবে।

একজন কিষাণকে তার পরিবার নিয়ে পুরানো বাড়ীতে থাকার বন্দোবস্ত করে

দেয় খুড়ো-খুড়ীর দেখা শোনার জন্যে। হঠাৎ ছোট ছেলের ব্যগ্র দৃষ্টির দিকে চোখ পড়ে যায়। বলে ঃ 'তুইও চল। মেয়েটাকেও নিয়ে যাব। চিং নেই, একা একা কোথায় থাকবি ? তাছাড়া আমি না থাকলে চাষের কাজই বা তোকে কে শেখাবে ?'

সবাইকে নিয়ে ওয়াং চলে যায়। কদাচিৎ আর এ বাড়ী আসে। যদি বা আসে বেশীক্ষণ থাকে না।

[তিরিশ]

ওয়াং-এর চারদিক কানায় কানায় ভরা। ওর মনে হয় আকাঙ্খা হাঙ্গামা নেই। বিনা আয়াসে টাকা আসে সুতরাং এখন ও বোবা মেয়ের পাশে রোদে চেয়ারটায় হেলান দিয়ে বসে হুঁকো টেনে শান্তিতে জীবনটা বেশ কাটিয়ে দিতে পারে।

পারতও তাই। কিন্তু বড় ছেলে নাং এন্-এর আর কিছুতে তুষ্টি নেই। যত পায় ততই বেশী চাওয়া ওর রোগ। একদিন এসে ও বাবাকে বলে ঃ

'অনেক কিছু করতে হবে বাবা। জমিদারের বাড়ীতে থাকি বলে ওই ছাপেই আর কিছু আমরা বাবু বনে গেলাম না। মেজ ভাইয়ের বিয়ের তো ছ'মাসও বাকী নেই। লোকজন বসাবার মত আসবাব পত্র নেই। বাসন পত্রই বা কোথায় তেমন ? তা ছাড়া সদর মহলে সব ভেড়ার পাল গিস্ গিস্ ক'রছে—যা ভুর্‌ভুরে গন্ধ বেরয় ওদের গা থেকে ! এ সবের মধ্য দিয়ে লোকজন আসতে বলতেও ত' লজ্জা করে। তারপর দুদিন বাদে ওয়েনেরও ছেলেপুলে হবে। তখন তো ওসব ঘরগুলোও দরকার হবেই।'

ওয়াং তার সুবেশ পুত্রের দিকে তাকিয়ে রইল কিছুক্ষণ। তারপর চোখ বন্ধ করে হুঁকোতে জোরে জোরে কয়েকটা টান দিয়ে রুদ্ধস্বরে বলে উঠল ঃ

'তারপর আর কি ?'

নাং এন্ বোঝে বাবা ভয়ানক বিরক্ত হয়েছে। সেও ছাড়বার পাত্র নয়। একটু কঠিন স্বরেই বলে ঃ

'মোদ্দা কথা হচ্ছে সদরের ওই ঘরগুলো আমার চাই। আর চাই আমাদের মত অবস্থার মানুষের উপযুক্ত ভাবে থাকতে হলে যা কিছু দরকার সব।'

ওয়াং হুঁকো টানতে টানতে নীচু স্বরে বলে ঃ

'জমি আমার, তুই হাতও ছোঁয়াসনি কোনোদিন।'

এ কথা শুনে নাং ধৈর্য হারিয়ে চীৎকার করে ওঠে ঃ

'আমার কি দোষ ! তুমিই তো আমায় পন্ডিত বানিয়ে স্বর্গে তুললে। আমি কোথায় চাই—তুমি জমিদার, তার উপযুক্ত হ'য়ে চলবে—আর তুমি আমায় গাল দিচ্ছ ! তুমি চাও বৌ আর আমি ঝি-চাকরের মত থাকি।'

নাং ঝড়ের মত বেরিয়ে যায়। আঙ্গিনার পাইন গাছটায় মাথা ঠুকতে যায়। ওয়াং ভয় পায়, কি জানি ও কি করে ফেলে—চিরকেলে বদরাগী ছেলেটা। 'যা ইচ্ছে

করুগে বাপু যা— ওয়াং ডেকে বলে : 'শুধু অনুগ্রহ করে আমার মাথাটি খেতে এসো না।'

নাং এন্-এর রাগ পড়ে যায়। বাবার মত পাছে বদলে যায় তাই তাড়াতাড়ি বাবার সামনে থেকে চলে যায়। এক দিনও সময় নষ্ট না করে সে কাজে লেগে গেল। সুচাও থেকে কারুকার্য করা কাঠের আসবাব আনাল : লাল সিল্কের পরদা দরজায় জানালায় ঝুলল। বড় ছোট রকমারী ফুলদানী এল। নানা রকমের ছবি ঘরের দেয়ালে দেয়ালে ঝুলল। রূপসী মেয়েদের ছবিও কতগুলো নিয়ে এল সঙ্গে নাং এন্। দক্ষিণ দেশে দেখে এসেছিল—সেই রকম করে আঙ্গিনায় কৃত্রিম পাহাড় তৈরী করার উদ্দেশ্যে বিচিত্র রকমের সব পাথর এল। বহু দিন ধরে এসব নিয়ে মেতে রইল নাং।

এসব কাজে বারবার ওকে বাইরে যেতে আসতে হয়। সদরের ভাড়াটে ইতর লোকগুলোকে ও কিছুতেই বরদাস্ত ক'রতে পারে না। তাদের মধ্য দিয়ে আসার সময় নাক বন্ধ করে মুখ বিকৃত করতে করতে যায়। দেখে লোকগুলো হাসে। পেছনে টিট্কিরী দেয় : 'দুদিন আগে বাপের ঘরের দুয়ারে সারের ঢিবি থাকত বাছাধন, তা ভুলে গেছ এরই মধ্যে!' কিন্তু বড়লোকের ছেলে সামনে কিছু বলতে সাহস পায় না। পেছনে বলেই আশ মেটায়।

নূতন বছরে নূতন করে ভাড়ার চুক্তি হয়। এবারে ভাড়াটেরা দেখল ওদের ঘরের ভাড়া অত্যন্ত রকম বেড়ে গেছে। সুতরাং তাদের বাস তুলতে হল। তারা বুঝতে পারল এ কাজ ওয়াং-এর বড় পুত্রের। চতুর ছেলে! মুখে কিছু না বললেও বুঝতে কারোই বাকী রইল না যে তলায় তলায় সেই ভূতপূর্ব জমিদারের ছেলেকে চিঠি লিখে এ ব্যবস্থা ও করেছে। এই পুরানো বাড়ীটা দিয়ে যত বেশী হয় মুনাফা পাওয়াই হল সে ব্যক্তির কথা – সে যে ভাবেই হোক। কাজেই দরিদ্র ভাড়াটেদের কথা তার কাছে অবান্তর।

ছেঁড়া ভাঙ্গা সামান্য যা সম্বল ছিল পোটলা বেঁধে নিয়ে, এই দুর্গত দরিদ্র, সামান্য মানুষেরা গাল দিতে দিতে, অভিশাপ দিতে দিতে চলে গেল। উদ্বেল ক্রোধে শাসিয়ে গেল—দীন দরিদ্রেরও দিন আসে। ধনীদের বাড় যখন অত্যন্ত বেড়ে যায়— তারও পথ হয়। এবং সে পথেই একদিন ওরা আবার এখানে ফিরে আসবে।

ওয়াং বড় একটা বাইরে আসে না। তাই ওর কানে এসবের কিছুই গেল না। ছেলে কি করছে তা নিয়ে ও মাথাও ঘামায় না—খায় দায়, শান্তিতে এক কোনে পড়ে থাকে। নাং এন্ সদর মহলগুলো মেরামত করতে মিস্ত্রী লাগিয়ে দিল। আঙ্গিনায় যে ছোট ছোট জলাধারগুলো ছিল সেগুলোও মেরামত করিয়ে রঙ্গীন মাছ এনে ছেড়ে দিল। সোনালী মাছ, আর কুমুদ কহ্লারে জলাধারগুলো হেসে ওঠে। দক্ষিণ দেশে যেমন দেখেছিল এবং মাথায় যতটা এল নাং এন্ বাড়ীখানাকে সাজিয়ে তুলল বড় সুন্দর করে।

নাং এন্-এর স্ত্রী স্বামীর সঙ্গে ঘুরে ঘুরে সব কিছু নিরীক্ষণ করে দেখে, কোথায় কি ত্রুটি রয়ে গেল, কি বাকী রইল সমালোচনা করে। নাং এন্ মন দিয়ে শোনে

এবং ত্রুটি সংশোধন করে।

ভূতপূর্ব জমিদার-গৃহের বিলুপ্ত শ্রীব পুনরুদ্ধারের কাহিনী কারো অবিদিত থাকে না। এতদিন যারা ওয়াংকে ওয়াং চাষী বলে এসেছে, তারা এখন সসম্ভ্রমে ওর নামের সঙ্গে জমিদার কথাটি জুড়ে দেয়।

কত অর্থ যে এই জাতে ওঠার যজ্ঞে ব্যয় হচ্ছে ওয়াং কিছুই বুঝতে পারে না। কারণ নাং এন্ চতুর, এক সঙ্গে টাকা চায় না। থেকে থেকে এসে টুক্‌রো টুক্‌রো কাজের ফিরিস্তি পেশ করে: আজ শ'খানেক ডলার চাই অমুক কাজের জন্য, গেটের কাছে সামান্য একটু কাজ বাকী রয়ে গেছে, সামান্য খরচেই হয়ে যাবে—একেবারে আন্‌কোরা নতুন দেখাবে গেটটা—। একটা লম্বা টেবিল কেনার দরকার যে। ছেলে বারে বারে অল্প অল্প ক'রে চায়—ওয়াংও আরামে পা এলিয়ে পরম আরামে পাইপ টানতে টানতে চোখ বুজে ছেলের হাতে বারে বারে টাকা তুলে দেয় চাইলেই। হিসেবও থাকে না—রাখেও না, দিতেও বাধে না। কেন না প্রতি ফসলের সময়ই আপনি টাকা ঘরে এসে হাজির হয়! অনায়াসের টাকা আযেসেই খরচ হ'য়ে চলে। মেজছেলে নাং ওয়েন্ সেদিন এসে বাবার চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিলে:

'জলের মত টাকা যে কেবলই খরচ হচ্ছে—এর মানে কি? অত বড়মানুষী চালের দরকার যে কি তাও তো বুঝি না। বাড়ীখানাকে একেবারে রাজপুরী না করে তুললে বুঝি আর চলছে না? এতগুলো টাকা সুদে খাটালে বিশ ডলার হারে সুদ পাওয়া যায় আজকাল—আজ কত হতো বলতো? যত সব বাজে জিনিস এনে জোটাচ্ছে আর টাকার শ্রাদ্ধ! ওসব ফুল, পাতাবাহারের গাছে কোন কর্মটা হবে? ফলটলের গাছ হলেও না হয় বোঝা যেত।'

ওয়াং স্পষ্ট বোঝে দুভায়ের বিপরীত এই দৃষ্টি ভঙ্গির প্রত্যক্ষ ফল বিবাদ এবং পরোক্ষ ফল ওর নিজের শান্তি ভঙ্গ। সন্ত্রস্ত হয়ে ওঠে ও। বলে:

'আরে এসব তোরণ বিয়ের জন্যই তো রে।

নাং ওয়েন্ একটু শুষ্ক বক্র হাসি হেসে বলে:

'চমৎকার! বৌ-এর দামের দশগুণ বৌ-আনার খরচ! ওসব দাদার বড় মানুষী চাল। শোন বাবা, বলে দিচ্ছি আমরা, সব ভায়েরা, আমাদের পৈতৃক সম্পত্তির সমান হক্‌দার। কিন্তু দাদা একাই যে সব তার বড়মানুষী খেয়ালে ওড়াবে সে কিন্তু বড় ভাল কথা নয়।'

ওয়াং মেজ ছেলের জেদ জানে—একটা হেস্ত নেস্ত না করে সে এক পা নড়বে না। সুতরাং ব্যস্ত হয়ে বলে:

'আচ্ছা আচ্ছা, সব বন্ধ করে দিচ্ছি। ঠিক কথাই তো বলেছিস তুই। বলছি ডেকে নাং এন্‌কে। আর একটি পয়সা বার কচ্ছিনে।'

নাং ওয়েন মস্ত বড় এক কাগজ বের করল—তার দাদা যা যা খরচ করেছে তারই লম্বা ফিরিস্তি। দেখে ওয়াং-এর মাথা ঘুরে ওঠে। তাড়াতাড়ি বলে: 'ওরে আমি খাইনিরে এখনও। বুড়ো মানুষ এত বেলা পর্যন্ত না খেয়ে থাকলে চোখে আঁধার

ঠেকে। রাখ্ ওটা। দেখবখন।' বলেই নিজের ঘরে চলে যায়। সেদিনই সন্ধ্যার সময় বড় ছেলেকে ডেকে বলল ঃ

'এবার থামা দেখি বাপ্ ওসব। আমরা গেরস্ত, গাঁয়ের মানুষ, আমাদের অত চালে দরকার কি ?

'কক্খনও না,' রুষ্ট স্বরে নাং এন্ জবাব দেয় ঃ 'আর আমরা গেঁয়ো নই। শহরে কি নাম আর মান আমাদের জানো ? লোকে আমাদের এখন বনেদী বলে। আমি তেমনি ভাবেই মাথা তুলে থাকতে চাই। বেশ তো, মেজবাবু যদি কেবল টাকাই চিনে থাকেন, কি আর করব। আমি আর আমার বৌ মিলেই যাতে আমাদের পরিবারের মান বজায় থাকে দেখব।'

ওয়াং আজকাল বাইরে বড় একটা যায় না। এমন কি রেস্তোরাঁয়ও না। বাজারে তো দরকারই হয় না—মেজ ছেলেই ব্যবসা চালায়। কাজেই শহরে যে ওদের এত মান বেড়েছে, চাষী থেকে একেবারে বনেদী পর্যায়ে উঠে গেছে—এ খবর ওয়াং-এর কানেই আসেনি। এখন খবরটা শুনে ও উৎফুল্ল হ'য়ে ওঠে। কিন্তু ভাব গোপন ক'রে বলে ঃ

'দেখ, জমিদার বল্, বনেদী বল্, সব ওই মাটি থেকে। সব কিছুর মূল ওই মাটিতে—বুঝেছিস ? গাছ ওপরে উঠে যায় কিন্তু শেকড় থাকে মাটিতে।'

ওয়াং-এর মুখের কথা শেষ না হতেই নাং এন্ বলে ঃ

'হ্যা, তা ঠিক, কিন্তু মাটি কামড়েই কিছু আর তারা চিরকাল পড়ে থাকে না। তাদেরও ডাল পালা গজায়, ফুল হয়, ফল হয়।'

অমন মুখে মুখে জবাব ওয়াং-এর সহ্য হয় না। ছেলের কাছে হারও মানবে না। একটু রুক্ষ স্বরে সে বলে ঃ

'এই যা বললাম। সব থামিয়ে দে। আর টাকা দেব না আমি। আর দেখ্ ফুল ফল পেতে হ'লে ওই মাটির মধ্যেই গাছের শিকড়কে জিইয়ে রাখতে হবে যত্ন করে। বুঝলি ?

সন্ধ্যে হ'য়েছে। আর এসব গোলমাল ওয়াং-এর ভালো লাগছে না। ছেলেটা কেন তার যত বিবাদ, যত দাবী দাওয়া, সব নিয়ে নিজের ঘরে চলে যায় না ! এই লোকটা ওর সামনে থেকে চলে গেলে ওয়াং নিরালায় সন্ধ্যার এই স্নিগ্ধ আঁধারের গভীর প্রশান্তিতে ডুব দেবে। কিন্তু এ ছেলেকে নিয়ে সুখ ওয়াং-এর কপালে লেখা নেই। তার নিজের এবং নিজের মহলের ব্যবস্থা হ'য়ে গেছে, কাজেই কটা দিন সে হয়ত' সুবোধ ছেলে হয়ে থাকবে। কিন্তু না—নাং এন্ আবার আরম্ভ করে ঃ

'তুমি যখন বলছ তখন থামিয়েই দিচ্ছি সব। কিন্তু আর একটা কথা আছে।'

ওয়াং পাইপটা ছুঁড়ে ফেলে দিয়ে রাগে চীৎকার ক'রে ওঠে ঃ

'খা খা, খেয়ে ফেল্ আমাকে।'

নাং এন্ও না দমে শক্ত হয়ে জবাব দেয় ঃ

'আমার সাত গুষ্টির কারো কথা নয় বলছি তোমারই ছোট ছেলের কথা। লেখা-পড়া শেখালে না, মূর্খ ক'রে রাখলে সেই কথাই বলছিলাম।'

ওয়াং অবাক হয়। এ যে একেবারে নূতন কথা। ও যে বহুদিন আগেই ছেলের ভবিষ্যৎ জীবনের পাকা ব্যবস্থা ক'রে রেখে দিয়েছে!

'থাক বাপু যথেষ্ট হয়েছে,' ওয়াং বলে: 'আর পন্ডিতে কাজ নেই। দু'জনই যথেষ্ট—। ও ওই জমি-জমা নিয়েই থাকবে।'

'হ্যাঁ, সেই জন্যই তো,' নাং এন্ জবাব দেয়: 'রাতে ও চুপি চুপি কাঁদে আর শুকিয়ে অমন কাঠ হচ্ছে দিন দিন।'

কাঁদে! বলে কি! ছোট ছেলের মনোগত ইচ্ছার খোঁজ রাখার ওয়াং কখনও দরকার বোধ করেনি। সে যে কি ক'রতে চায় সেকথা একবারও জিজ্ঞাসা করার কথা ওর মনে হয়নি। জমির কাজে একে রাখার সংকল্প ওয়াং আগে থেকেই স্থির ক'রে রেখেছিল। আজ নাং এন-এর কথা যেন ওকে একেবারে বসিয়ে দিল। মুখ দিয়ে একটা কথা স'রল না। ধীরে ধীরে পাইপটি কুড়িয়ে নিয়ে ছোট ছেলের কথাই ভাবতে লাগল। বড় দুভাই থেকে ছেলেটা একেবারে আলাদা ধরনের। মুখে একটি কথা নেই ঠিক ওর মার মত। ওর ওই নীরবতার আড়ালেই ও সকলের দৃষ্টি থেকে ঢাকা প'ড়ে গেছে। কারোই চোখে পড়ে না।

ওয়াং একটু সন্দিগ্ধভাবে জিজ্ঞাসা করে: কিছু ব'লেছে তোকে?'

নাং এন্ জবাব দেয়: 'তুমিই জিজ্ঞাসা ক'রোনা একবার।'

'কিন্তু একজনকে তো জমি-জমা নিয়ে থাকতেই হবে।' ওয়াং হঠাৎ চীৎকার করে ওঠে।

'কিন্তু কেন?' নাং এন্ বলে: 'তোমার মত লোকের ছেলে মূর্খ চাষাভুষোর মত হ'য়ে কেন থাকবে? লোকে বলবে কি তোমায়? আঙ্গুল দিয়ে দেখাবে আর বলবে তুমি কৃপণ, তুমি কঞ্জুষ। বলবে নিজে থাকে রাজার হালে আর ছেলেকে রেখেছে চাষা বানিয়ে।'

আঁতে ঘা দিয়ে কথাগুলো নাং বলে। ও জানে লোকমত সম্বন্ধে ওর বাবার অসীম দুর্বলতা। আবার বলে: 'বাড়ীতে মাষ্টারও তো একজন রেখে দেওয়া যায়। কিছুটা এগুলে পরে দক্ষিণে কোথাও পাঠান যেতে পারে ভালো লেখা-পড়া শেখার জন্য। বাড়ীতে আমরাই তো দু'জন রইলাম তোমার কাজকর্ম দেখার জন্য। ভাবনা কি তোমার, ও যা চায় ক'রতে দাও।'

ওয়াং অবশেষে বলে: আচ্ছা দে দেখি ওকে আমার কাছে পাঠিয়ে।'

কিছুক্ষণ পরে ছোট ছেলে এসে সামনে দাঁড়াল। ওয়াং তাকাল ওর দিকে, ভাল ক'রে দেখবে আজ। দোহারা গড়ন—না বাপের মত, না মায়ের মত; কেবল মায়ের গভীর নীরব অতল গাম্ভীর্যের আবরণ মুখে; কিন্তু মায়ের চাইতে মুখখানা সুন্দর। ছোটখুকী ছাড়া ওয়াং-এর অন্য সব সন্তানদের মধ্যে এই ছেলেই বেশী সুন্দর। কিন্তু সারা কপাল জুড়ে অতি-বিস্তৃত, ঘন-কৃষ্ণ ভ্রূ-জোড়া ওর কচি ম্লান মুখখানায় নিতান্ত বেমানান, কিছু সৌন্দর্যহানিও ঘটিয়েছে। ভ্রূ কুঞ্চিত করা ওর প্রায় মুদ্রাদোষই। কুঞ্চিত ক'রলেই ভ্রূ জোড়া একসঙ্গে মিলে একটা ঘন কালো প্রশস্ত রেখার সৃষ্টি করে

কপাল জুড়ে।

ওয়াং ছেলের দিকে নিবিষ্ট দৃষ্টিতে তাকিয়ে তাকিয়ে নিরীক্ষণ ক'রে ব'লল ঃ

'তোর দাদা বলছিল তুই লেখাপড়া করতে চাস্।'

'হুঁ—' সংক্ষিপ্ত উত্তর, ঠোঁট হয়ত নড়লও না।

ওয়াং পাইপ থেকে ছাই ঝেড়ে ফেলে বুড়ো আঙ্গুল দিয়ে টিপে টিপে নূতন তামাক ভ'রে নিল।

'বেশ। বুঝতে পাচ্ছি, জমি-জমার কাজ তোর পছন্দ হচ্ছে না। তিন তিনটে ছেলে, অথচ জমিগুলো দেখবার একজন কেউ আমার নেই।' স্বরে তিক্ততা মেখে ওয়াং বলে। কিন্তু ছেলে কোন উত্তর ক'রল না। সুদীর্ঘ গ্রীষ্ম-বেশ আচ্ছাদিত দেহ, সোজা হ'য়ে দাঁড়িয়ে রইল নীরবে। ওয়াং এই নীরবতায় রেগে গিয়ে চেঁচিয়ে উঠল ঃ

'উত্তরে দিচ্ছিস্ না যে বড় ! ঠিক্ ক'রে বল, সত্যি তুই জমি-জমা নিয়ে থাকতে চাস্ কি না !'

আবার একশব্দে উত্তর ঃ উঁহু।'

ওয়াং ছেলের দিকে তাকিয়ে মনে মনে ভাবে—জীবনের এই সায়াহ্নে ছেলেরা ওকে শান্তিতে থাকতে তো দিলই না, বরং দুর্বহ বোঝা ক'রে তুলল। ওয়াং মুক্তি পেতে চায়, কিন্তু পথ পায় না। অত্যাচার, ঘোর অত্যাচার ক'রছে ছেলেরা ওর ওপর। ওয়াং-এর মন বিদ্রোহী হ'য়ে ওঠে। তিক্তকণ্ঠে চীৎকার ক'রে ওঠে ঃ

'যা খুশি ক'রগে যা ; আমার কি এল গেল ! দূর হয়ে যা আমার সামনে থেকে—'

ছোট পালিয়ে বাঁচে। ওয়াং ব'সে থাকে একা। ভাবে ছেলেগুলোর চাইতে মেয়েদুটো ঢের ভালো। বোবা মেয়েটা কিছু চায় না—যা কিছু দিয়ে পেটটা ভ'রলে হ'ল, আর পাকাবার জন্য একফালি কাপড়। আর একজন তো বিয়ে হ'য়ে পরের ঘরে চ'লে গিয়েছে।

ধীরে ধীর সন্ধ্যার ছায়ায় ওয়াংকে ঘিরে শূন্যতার যবনিকা নেমে আসে।

কিন্তু বরাবর রাগ ঠান্ডা হ'য়ে গেলে ওয়াং যা ক'রত এবারও তাই ক'রল। ছেলেদের স্বাধীন ইচ্ছায় আর বাধা দিল না। নাংকে ডেকে ব'লে দিল ছোট যদি লেখা পড়া শিখতে চায়ই নেহাৎ, তবে তার জন্য যেন মাষ্টার রেখে দেয়, ওয়াংকে আর এ নিয়ে যেন বিরক্ত না করা হয়। যার যা খুশি করুক। মেজকে ডেকে ব'লল ঃ

'কেউ যখন জমির কাজ ক'রবে না তখন তাকেই ওদিক দেখে শুনে বন্দোবস্তের টাকা পয়সা আদায় পত্র করার ভার নিতে হবে।'

মেজ খুশি হল ; কারণ টাকাগুলো তার হাত দিয়ে যাবে তো, তাহ'লে তার জানা থাকবে জমি থেকে কি আয় হ'ল না হ'ল। দাদার খরচের হিসাব বাবাকে চোখে আঙ্গুল দিয়ে তখন দেখিয়ে দেবে।

অতি হিসেবী মেজ ছেলেকে ওয়াং যেন বুঝে উঠতে পারে না। বিয়ের দিনেও ওর হিসেবী মন বেহিসেবী হ'ল না। ভোজ্য পানীয়ের চুল চেরা হিসেব রাখল

নিজের তত্ত্বাবধানে সাবধানে। পরিবেশন করাল ; ভাল জিনিস দিল শহরবাসী অতিথি বন্ধুবর্গকে যারা ভালোর মর্যাদা বোঝে ; প্রজা, ও মধ্যম পর্যায়ের নিমন্ত্রিতদের ভাগে রইল তাদের দৈনন্দিন সাদামাটা পানাহার থেকে সামান্য উন্নততর মধ্যম ব্যবস্থা, যা তারা পরম রাজভোগ বলে উল্লাস ক'রবে।

বাইরে থেকে যা উপহার এল, তার দিকে ও হিসেবী চোখ রাখল। অনুচর পরিচরদের স্বল্পতম যেটুকু না দিলে নয়, তাই দিল। কোকিলার হাতে বক্‌শিসের ঐ রকম একটা পরিমাণ এসে পড়াতে সে তো নাক সিঁটকে ভ্রূ কুঁচকে লোক জনের সামনেই চেঁচামিচি সুরু ক'রে দিল :

'বাবা, কি-হাড় কেপ্পন ! হবেই বা না কেন ? চাষার পোর আর কত হাত হবে ! সব কানাকড়ি ধুয়ে বাক্সে তোলো। অমন ঠাট ক'রে থাকলে কি হবে, দেখলেই চেনা যায় ও ময়ুরের পেখম লাগানো দাঁড়কাক।'

এই কুৎসিৎ ইঙ্গিত বড়র কানে গিয়ে ওকে লজ্জায় এতটুকু ক'রে ফেলল। কোকিলার ক্ষুরধার রসনার তীব্রতাকে নাং এন্-এর বড় ভয় ; আড়ালে ডেকে এনে তাকে টাকা দিয়ে তার মুখবন্ধ ক'রে তবে রক্ষা। কিন্তু মেজর ওপর বড় রাগ হ'ল। বিয়ের দিনে সমাগত নিমন্ত্রিতদের সামনেও দুই ভাইয়ের মধ্যেকার এই ধুমায়িত অপ্রীতি অপ্রকাশ রইল না।

নাং এন্ তার নিজের বন্ধু-বান্ধবদের মধ্যে খুব কমই নিমন্ত্রণ ক'রেছিল। মেজর যে রকম অতি হিসেবী স্বভাব, বন্ধুদের সামনে অপ্রস্তুত হবার ভয় ছিল, তা ছাড়া কনে গ্রামের মেয়ে সে-লজ্জাও ছিল। নববধূর চেয়ার এলে, নাং একদিকে স'রে গেল। অতবড় ধনী পিতার পুত্র হ'য়ে মানিকের পাত্র কেনার সমর্থ্য থাকা সত্ত্বেও ভাই এই মেটে হাঁড়ি বেছে নিল ! এই রুচিহীনতা নাং এন্-এর পছন্দ হয়নি। বৌ নিয়ে ভাই ওকে প্রণাম ক'রলে তাচ্ছিল্যের সঙ্গে সামান্য একটু মাথা নেড়ে স্বীকৃতি জানাল। বড় বৌ চালচলনে নিখুঁত। তার স্থান থেকে যতটুকু মাথা না নোয়ালে নয় কেবল ততটুকু মাথা নুইয়ে সে ব্যবহার-রীতির মর্যাদা অক্ষুণ্ণ রাখল।

এই বিশাল পুরীর মধ্যে একমাত্র ওয়াং-এর শিশু পৌত্র নিরুদ্বেগে, আপন ভুলে দিন কাটায় পরম আনন্দে। আর কারো মনেই স্বাচ্ছন্দ্য নেই।

কমলের পাশের ঘরে বিরাট পালং-এর কারুশোভিত বেষ্টনীর ছায়ায় শুয়ে স্বপ্ন দেখতে দেখতে জেগে ওঠে ওয়াং : এ শতমহলা পুরী কোথায় মিলিয়ে গেছে—সেই অনাড়ম্বর অন্ধকার মেটে ঘর, সেখানে যেমন খুশি চলতে পারো, ঠান্ডা চাটা মেজেতে ঢেলে দিতে পারো। চ'লতে গেলেই এখানকার মত সুশৃঙ্খল সজ্জায় অসাবধানে বিপর্যয় ঘটাবার ভয় থাকে না সেখানে। পৈঠে থেকে পা বাড়ালেই পরমাত্মীয় মৃত্তিকার বিস্তার—উদার আকাশের সুনীল উন্মুক্তি !

ভাইদের মধ্যে সংঘর্ষ লেগেই থাকে। ভিন্নমুখী মনোধারা—সংঘর্ষ অনিবার্য। বড়র ভয়, পাছে খরচের হিসেব ক'রতে গিয়ে লোকদৃষ্টিতে মর্যাদা ক্ষুণ্ন হ'য়ে বসে ; মেজ অপচয়ের ছিদ্রপথে অর্থের ক্ষয় ঘটতে দেবে না কিছুতে : আর চাষার ছেলের

মত ক্ষেতে মাঠে যে-দিন গ‍ুলো ব‍ৃথাই চলে গেল, তার প্রতিকার ও ক্ষতিপ‍ূরণ করার জন্য উঠে পড়ে লেগেছে ছোট।

নাং এন‍্-এর শিশ‍ু প‍ুত্র শ‍ুধ‍ু নিজের জগতে তুষ্ট, পরিতৃপ্ত। ছোট ছোট টলায়মান পায়ে ছ‍ুটে বেড়ায় সারা বাড়ী। এই বড় বাড়ীটাই বেড়াবার একমাত্র জগৎ, এর বাইরে কিছ‍ু আছে ব'লে তার মনেই হয় না। বাড়ীটা ছোট কি বড় সে বিচার করে না। ছোট হোক বড় হোক, এ ঘর ওর নিজের, এখানে ওর বাবা আছে, মা আছে, দাদ‍ু আছে, আরও অনেকে আছে যারা ওর সেবক, ওর আজ্ঞাকারী। ব‍ৃদ্ধ ওয়াং-এর শান্তির উৎস সুখের খনি এই শিশ‍ু ভোলানাথ। ওকে দেখে দেখে ওয়াং-এর চোখ ভরে না; ওর সঙ্গে হেসে খেলে, প'ড়ে গেলে ব‍ুকে করে তুলে নিয়ে ওয়াং-এর মন ভরে না। মনে পড়ে ওর বাবা কেমন ক'রে ছেলেদের কোমরে দড়ি বেঁধে নিয়ে আগলাতো। নাতির কোমরে কোমর-বন্ধ জড়িয়ে তাতে একটা ফিতে লাগিয়ে ধরে বেড়ায় ওয়াং, খোকা যেন প'ড়ে না যায়। বড় ভাল লাগে ওর। অমনি ক'রে এ মহল থেকে ও মহলে, এ উঠান থেকে সে উঠানে ঘ‍ুরে ঘরে বেড়ায়। শিশ‍ু কখনও প‍ুকুরের মাছদের সাঁতরে সাঁতরে ল‍ুকোচুরী খেলার দিকে কচি কচি আঙ্গ‍ুল দিয়ে নির্দেশ ক'রে খল খল ক'রে হেসে ওঠে; কখনও তার অর্ধোচ্চার কাকলীতে অনর্গল কত কি ব'লে যায়, কখনও ম‍ুঠো ক'রে ফ‍ুল-সুদ্ধ গাছের ডগাটা টেনে ছেঁড়ে। কোথাও কোন বাধা নেই, সব কিছ‍ুই যেন ওর স্বাধিকারের এলাকা ওর খ‍ুশির জন্য। এই শিশ‍ুর লীলায় ওয়াং কি যে শান্তির সম্পদ আহরণ করে তা বলা যায় না।

শিশ‍ুর সংখ্যা বেড়ে চলে। বড় বৌ প্রকৃত গ‍ৃহিণীর মত প্রতি বৎসর একটি করে প‍ুত্ররত্ন উপহার দিতে লাগল। প্রতি শিশ‍ুর একজন ক'রে পরিচারিকা এল। শিশ‍ু আর পরিচারিকার সংখ্যা দিনে দিনে বেড়ে চলে। কেউ যদি এসে ওয়াংকে বড়ছেলের বংশ ব‍ৃদ্ধির খবর দিত সে খালি হাঃ হাঃ ক'রে হেসে বলত': 'আসুক, আসুক। আমার মাটির দৌলতে ঘরে ভাতের অভাব নেই।'

মেজ বৌও যথাসময়ে জন্ম দিলেন একটি কন্যার- যেন বড় জায়ের সম্মান দেখিয়ে। পাঁচ বছরের মধ্যে চার নাতী, তিন নাত্নীর কান্না হাসি, কল কলে ঘরদ‍ুয়ার টলমল ক'রে উঠল। এদের নিয়ে মেতে এই পাঁচটা বছর আফিংখোর খ‍ুড়ো খ‍ুড়ির কথা ওয়াং প্রায় ভুলে বসে ছিল। তবে ঠিক সময় তাদের আহার বস্ত্র আর মৌতাত জ‍ুগিয়ে এসেছে। পঞ্চম বছরে শীত যা প'ড়ল, গত ত্রিশ বছরে অমন হয়নি। যতদ‍ূর ওয়াং-এর মনে পড়ে, এর আগে খাত কখনও জমেনি। এবার জমা খাতের ওপর দিয়ে পায়ে হেঁটে যাওয়া চলে। গরম কাপড়, চামড়ার জামার ভেতর দিয়ে রক্তে পর্যন্ত বরফের হিম স্পর্শ পেঁছায়। প্রতি ঘরে আগ‍ুনের জ্বালাও মান‍ুষের নিঃশ্বাসের শীতলতায় নিস্তেজ হ'য়ে আসে। বহ‍ুদিন থেকে ওয়াং-এর খ‍ুড়োখ‍ুড়ী আফিং-এর সঙ্গে সঙ্গে গায়ের মাংস অবধি ফ‍ুঁকে ফ‍ুঁকে কঞ্চির মত হ'য়ে গেছে। রাতদিন দ‍ু'জনে বিছানায় প'ড়ে থাকে। শরীরে কোথাও একফোঁটা উষ্ণতার লেশ নেই। ওয়াং শ‍ুনেছিল খ‍ুড়ো আর উঠে বসতে পারে না, কাশির সঙ্গে রক্ত বেরয়। ওয়াং দেখতে এল; ব‍ুঝতে বাকী রইল না, ব‍ৃদ্ধের ডাক এসেছে।

ওয়াং তার কর্তব্য ক'রবে। উৎকৃষ্ট না হ'লেও বেশ ভাল কাঠের দুটি শবাধার কিনে কাকার ঘরে এনে তাকে দেখাল। মৃত্যু-পথ-যাত্রী বৃদ্ধ-বৃদ্ধা মনে শান্তি পায়। শুকন হাড়ের আঁটিটাকে রাখার স্থান হ'লো, এ স্বস্তি নিয়ে বৃদ্ধ চোখ বুজতে পারবে এবার। কম্পিত দুর্বল, অস্পষ্ট স্বরে ফিস্ ফিস্ ক'রে ব'লল:

'তুইই আমার আসল ছেলেরে বাপ, তুইই আমার ছেলে। ঐ হতভাগাটা কোন্ জাহান্নামে গেছে কে জানে!'

খুড়ীর দেহে একটু বেশী শক্তি আছে স্বামীর চাইতে। ব'লল:

'আমার কথা দে বাপ, ছেলেটা ফেরার আগেই যদি আমরা যদি আমরা মরি তবে তার একটা বিয়ে থাওয়া তোরা দিয়ে দিবি। আমাদের বংশটা লোপ হ'তে দিসনে বাপ।' ওয়াং প্রতিজ্ঞা করে।

তারপর হঠাৎ একদিন কাকা এপারের তল্পী গোটাল। কেউই কিছু জানতে পারে নি। ঝি খাবার দিতে দিয়ে দেখল প্রাণহীন দেহটা কাঠ হ'য়ে বিছানায় প'ড়ে আছে। সেদিন অসম্ভব শীত। বরফের ঝড় বইছিল সকাল থেকেই। তারি মধ্যে ওয়াং কাকাকে কবর দিয়ে এল ওদের পরিবারের জন্য নির্দিষ্ট গন্ডীর মধ্যে, ওর বাবার সমাধির পাশে, আর ওর নিজের জন্য নির্বাচিত জায়গার ঠিক ওপরে।

সমস্ত পরিবারকে এক বছর ধ'রে শোকচিহ্ন ধারণ ক'রতে হ'ল। যে লোকটার মৃত্যুতে ওদের সুদীর্ঘকালের মুস্কিল আসান হ'লো, তার বিয়োগ-বেদনায় বিধুর হ'য়ে শোকচিহ্ন ধারণ করা তো নয়—এ হচ্ছে বড় ঘরের প্রচলিত রীতি। পরিবারের কারো মৃত্যু হলে শোক না হ'লেও এক বৎসর শোকচিহ্ন ধারণ করা অভিজাত-শাস্ত্রের অনুশাসন।

খুড়ীকে আর একা ফেলে রাখা যায় না। শহরের বাড়ীতে এনে শেষ মহলের একটা ঘর তাকে ছেড়ে দেওয়া হ'ল। কোকিলাকে ওয়াং বলে দিল, খুড়ীর পরিচর্যার জন্য একজন দাসী নিযুক্ত ক'রে নিজের তত্ত্বাবধানে রাখতে। বৃদ্ধা পরম তৃপ্তি-ভরে বিছানায় শুয়ে আফিং-এর হুঁকো মুখে দিয়ে ঘুময়। পাশে রাখা কাফনটা দেখে সে পরকাল সম্বন্ধে নিশ্চিত হয়েছে।

ওয়াং অবাক হ'য়ে যায়—সেদিনকার সেই মাংস-বহুল প্রচুর-দেহা গ্রাম্য নারী যার আলস্য আর রসনার ক্ষুরধার ওয়াং-এর পরম ভয়ের বস্তু ছিল—আজ তারই এই মূক বিশীর্ণ পান্ডুর মূর্তি! অবলুপ্ত-মহিমা জমিদার পরিবারের লোলচর্ম, পান্ডুরবর্ণ বৃদ্ধা কর্ত্রীর ছবির সাথে এ-ছবি যেন একেবারে এক।

[একত্রিশ]

ওয়াং আজন্ম লড়াইয়ের কথা শুনেই এসেছে কেবল। সেবার দুর্ভিক্ষের বছরে যখন দক্ষিণ দেশে ছিল, তখন আভাস পেয়েছিল মাত্র। তার চাইতে বেশী কিছুর অভিজ্ঞতা ওর আজও হয়নি, যদিও ছোটবেলা থেকে অমুক জায়গায় যুদ্ধ হ'চ্ছে ব'লে

বহুবার লোকজনকে বলাবলি ক'রতে শুনেছে। মাটি, জল, আকাশের মতই যুদ্ধের মধ্যেও ভয় করার মত ওয়াং কিছুই খুঁজে পায় না। যুদ্ধ যে কেন হয় কেউ বলতে পারে না। তবে প্রায়ই লোককে বলাবলি ক'রতে শোনে—'চল্লুম লড়াইয়ে।' বিশেষ ক'রে দুর্ভিক্ষের সময়ে এই সদিচ্ছার প্রকাশ বেশী দেখা যায়—ভিক্ষা করার অগৌরবের চেয়ে সৈনিক জীবনের ক্লেশ সয় ভালো। বাড়ীতে গোলমাল হলেও কাউকে কাউকে অমন কথা বলতে শুনেছে। ওর খুড়তুত ভাইও ব'লেছে। এ পর্যন্ত দূরে দূরেই লড়াই হ'য়েছে। কিন্তু হঠাৎ-আসা দমকা হাওয়ার মত এও যে ঘরের কোণে এগিয়ে আসবে কে ভেবেছিল ?

ওয়াং প্রথম শুনল মেজ ছেলের কাছ থেকে। সেদিন দুপুরে খেতে এসে সে বলল: 'দক্ষিণে যুদ্ধ বেধে গেল বাবা। এদিকেও এল ব'লে। ধানের বাজারটা হঠাৎ তাই চড়ে গেল। আরও চড়বে ব'লে মনে হচ্ছে। ওরা যতই এগুবে ততই দাম বাড়বে। ধান ছাড়ছিনে এখন। ওরা আসুক, খুব ভালো দাম পাওয়া যাবে।'

'বেশ ভালোই। যুদ্ধ এদিকে মাঝে মাঝে হলে তো মন্দ হয় না। চিরজন্ম শুনেই এলুম লড়াই লড়াই। কিন্তু পদার্থটা যে কেমন তা আর দেখা ভাগ্যে হ'ল না এ পর্যন্ত। এবার তাহলে দেখে নেওয়া যাবে।' তারপর ওর মনে পড়ে গেল—সৈন্যরা ওকে ধরে নেবে বলে কি ভয়টাই না পেয়েছিল সেবার। এখন তো আর সে-ভয় নেই। এই বুড়ো হাবড়াকে নিয়ে তো আর কারো কোন কাজে আসবে না। তাছাড়া ও সেদিনকার মত গরীব নেই আর। যাদের টাকা আছে, তাদের ভয় কি ? সুতরাং এর বেশী আর মাথা ঘামাল না। সামান্য একটু কৌতূহল ছাড়া আর কোন মনোবিকার হল না ওয়াং-এর। ছেলেকে বলল:

'যা ভাল বুঝিস কর। ধান আটকে রাখতে হয় রাখ। সব তো তোর হাতেই।'

রোজকার মতই, যখন ভালো লাগে নাতি নাত্নীদের সঙ্গে খেলা করে, খায়, ঘুমোয়, হুঁকো টানে; মাঝে মাঝে ওরই মহলের এক কোণে ব'সে থাকা বোবা মেয়েটাকে দেখে আসে।

গ্রীষ্মের প্রথম দিকে উত্তর-পশ্চিম থেকে পঙ্গপালের ঝাঁকের মত মানুষের ঝাঁক এসে শহর ছেয়ে গেল। ভোরবেলা ওয়াং-এর নাতি ভৃত্যের সঙ্গে বাইরে গেটে দাঁড়িয়েছিল। দলে দলে ধূসর বর্ণের কোট-পরা মানুষের অন্তহীন সারি দেখে সে দৌড়ে এসে ব'লল:

'দাদু দাদু, দেখ'গে শিগ্গির কি সব আসছে।'

নাতির মন রাখার জন্য দাদু গেটে গিয়ে যা দেখল, তাতে তার চক্ষু স্থির। অগুন্তি মানুষ, রাস্তাঘাট ছেয়ে—শহর ছেয়ে—। ওয়াং-এর হঠাৎ অনুভব হয়, একবেশ-পরা এই সংখ্যাতীত লোকগুলির উদ্দাম দাপটে আলো বাতাসের বুঝি স্নায়ু ছিঁড়ে গেল। ওয়াং পর্যবেক্ষণ ক'রে দেখল—এদের প্রত্যেকের হাতে এক একখানা একরকম মাথায় ছোরার মত লাগান অস্ত্র। প্রত্যেকের মুখে একরকম বন্য ভীষণতা। কাঁচ বয়সের কতগুলো ছেলেও ছিল এদের মধ্যে, কিন্তু সকলের মুখে ঐ এক ছাপ। ওদের মুখের দিকে তাকিয়ে ওয়াং-এর বুকের রক্ত জল

হ'য়ে যায়। নাতিকে তড়োতাড়ি কাছে টেনে এনে ব'লল :

'লোকগুলোকে তেমন ভালো ঠেকছে না ; চল্ দাদু, ভেতরে গিয়ে গেটটায় হুড়কো লাগিয়ে দি।'

কিন্তু ফেরার আগেই ঐ জনসমুদ্র থেকে কে যেন ডেকে ব'লল :

'দাদা না ? তাইতো দাদাই যে !'

ওয়াং ডাক শুনে পেছনে তাকিয়ে দেখে— ভাই, কাকার ছেলে। অন্যদের মতই ধূসর রং-এর ইনিফরম্ পরা, আপাদ-মস্তক ধুলোয় ভরা। কিন্তু ওর মুখটা যেন আরো ক্রুর, আরো ভীষণ। চীৎকার করে হেসে সঙ্গীদের ব'লল সে :

'ওহে বন্ধুগণ এসো হে আজ আমার বড়লোক ভাইয়ের বাড়ীই অতিথি হওয়া যাক।'

ওয়াং ভয়ে একদম কাঠ হয়ে গেছে। কিন্তু অভ্যর্থনার অপেক্ষা না করেই তারা ওর পাশ কাটিয়ে ভেতরে ঢুকে পড়ে। ও শুধু স্থানুর মত দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে। নর্দমার ময়লা জলের প্রবাহের মত এরা আঙ্গিনা, ঘর, বাগান, যত কোণ, যত.ফাটল সব প্লাবিত করে দেয়। যথেচ্ছভাবে মেজের ওপর শুয়ে গড়াগড়ি দেয়, চৌবাচ্চায় হাত ডুবিয়ে জল খায়, কারুকার্য করা টেবিলগুলির গায়ে ছোরা ধার দেয়, এখানে সেখানে থুথু ফেলে, বীভৎস চীৎকারে আবহাওয়া ঘোলাটে, পঙ্কিল করে তোলে।

ওয়াং চোখে অন্ধকার দেখে। নাতিকে নিয়ে দৌড়ে হাঁপাতে হাঁপাতে বড় ছেলের মহলে গিয়ে উপস্থিত হয়। নাং তার ঘরে বসে কি একটা বই পড়ছিল। বাবাকে দেখে উঠে দাঁড়াল। তারপর সব শুনে করুণ আর্তনাদের স্বর বেরিয়ে এল ওর মুখ থেকে। ও বাইরে চলে এল। পিতৃব্যকে আদর ক'রে ঘরে তুলবে না অভিশাপ দেবে তা বুঝতে পারে না। পেছন ফিরে বাবার দিকে তাকিয়ে ভীত করুণ ভাবে বলল : 'ওঃ, সবার হাতেই যে ছুরি রয়েছে দেখছি।' তারপর নিজেকে সংযত করে অত্যন্ত সৌজন্যের স্বরে বলল :

'কে, কাকা ? এতদিন পর আমাদের কথা মনে পড়ল ? এস এস এতো তোমারই ঘর বাড়ী।'

কাকা অসম্ভব রকম মুখব্যাদান করে সব কটি দাঁত বের করে হেসে বলল : ক'জন অতিথিও আছে হে সঙ্গে।'

'বেশতো এতো সৌভাগ্য। তোমরা এসো, বিশ্রাম কর সব ততক্ষণ, আমি রান্না ক'রতে বলিগে, না খেয়ে কেউ যেন যান না, দেখো কাকা।'

দাঁত বের করে কাকা উত্তর করল :

'তাড়াতাড়ি নেই কিছু বাবাজী। আমরা দুটো দিন একটু জিরুব বলেই এসেছি। তাই বা কেন, কি বলো হে সব—ডাক যতদিন না পড়ে এখানেই থাকা যাক, আর বার বার নড়াচড়া করে কি হবে ?

ওয়াং আর নাং এই কথা শুনে মনের মধ্যে প্রলয়ের ঝড় ওঠে। ভাব গোপন করে, যতটুকু পারল নিষ্প্রাণ হাসি মুখে টেনে এনে বলল :

'খুব ভালো কথা—আমাদের পরম সৌভাগ্য—'

নাং এমনি ভাব দেখাল যেন ওদের আপ্যায়নের জন্য সে বড় ব্যস্ত হয়ে পড়েছে, সুতরাং তার ব্যবস্থা করতে এক্ষুনি তাকে যেতে হবে। বাপকে টেনে নিয়ে সে গিয়ে অন্দর মহলে খিল এঁটে দিল। দুজনে চোখ চাওয়া চাওয়ি করে—কি করা যায় ভেবে উঠতে পারে না, সব গুলিয়ে গেছে।

মেজ ছুটতে ছুটতে এসে দরজায় ধাক্কা মারে। দরজা খুলে দিতে ও হুমড়ি খেয়ে পড়ে হাঁপাতে লাগল :

'আমি তোমাদের বলতে এলাম, কিছু বলো না যেন রাক্ষসগুলোকে! বাবা, চারদিক ভরে ফেলেছে একেবারে। আমাদের ওখানকার একজন কেরাণী, বুঝেছ, আমরা একসাথেই কাজ করি—হুড়মুড় করে একদল সৈন্য ঢুকে পড়ল ওর বাড়ী যে-ঘরে ওর রোগা বউটা শুয়ে ছিল সেই ঘরে। একটু প্রতিবাদ করাতে একখানা ছোরা এমন ভাবে ওর বুকে এপিঠ ফুঁড়ে দিল যেন শরীরটা এক ডেলা মাথা। কিছু বলো না, যা খুশি করুক। ঠাকুরের কাছে মানত কর শিগগিরই যেন আপদগুলো বিদেয় হয়।'

তিনজনের সব চাইতে বড় ভাবনা হল এই উচ্ছৃংখল, বুভুক্ষিত জানোয়ারগুলোর লালসার আগুন হতে বাড়ীর মেয়েদের বাঁচাবে কেমন ক'রে। নাং এন্-এর তার সুন্দরী তন্বী স্ত্রীর জন্য সবচেয়ে বেশী ভয়। সে ব্যবস্থা দিল : 'সব চাইতে ভেতরের মহলে মেয়েদের রাখা যাক। সামনের দরজা থাকবে বন্ধ, খিড়কীর দরজা খোলা থাকবে। দিনরাত কড়া পাহারা দিতে হবে।'

তাই হ'ল। মেয়েদের আর ছোটদের নিয়ে রাখা হ'ল কমলের মহলে। নাং এন্ আর ওয়াং দিন-রাত কড়া চোখ রাখে। নাং এন্ এসে মাঝে মাঝে দেখে যায়। আর সব যেমন তেমন, কিন্তু ওয়াং-এর ভাই আপনার লোক, সর্বত্র তার অবাধ গতি। তাকে ঠেকানো যাবে কি ক'রে? যখন তখন সে এসে দরজায় ধাক্কা দেবে, যেখানে ইচ্ছা সেখানে ঢুকে পড়বে। হাতে ছোরাখানা খোলাই থাকে। নাং এন্ ওর সঙ্গে সঙ্গে থাকে সর্বক্ষণ। মুখে রাজ্যের তিক্ততা, কিছু বলতে সাহস নেই, চোখের সামনে ছোরাটা ঝলমল করে যে। পিতৃব্য সব কিছু ভাল ক'রে দেখে, প্রত্যেক মেয়ের রূপের তারিফ করে।

একদিন বড় বৌ-এর দিকে তাকিয়ে কুৎসিৎ অট্টহাসি হেসে বলল : 'বাবাজীর পছন্দটি বেশ মিহি। দিব্যি সহুরে ফুলটি—পলের কুঁড়ির মত ছোট ছোট পা দুখানি বেশ মানিয়েছে।' মেজ বৌ-এর মোটা-সোটা চওড়া গড়ন। রংটা লাল। অবশ্য দেখতে মন্দ নয়। তাকে দেখে বলল : 'বাঃ বেড়ে লাল মুলোটি তো!' কুৎসিৎ রসিকতা শুনে বড় বৌ যেন লজ্জায় মরে গিয়ে ঐ নোংরা দৃষ্টির সামনে থেকে পালিয়ে বাঁচে। কিন্তু মেজ বৌ তার স্থূল দেহের কাঠামোর ভেতরকার স্থূল সাদাসিদে মনটি দিয়ে রসিকতা উপভোগ করে। জামার হাতে মুখ লুকিয়ে সে হেসে গড়িয়ে পড়ে বলল : 'লাল মুলো পছন্দ করে এমন লোকও আছে তো দেখি।' প্রশ্রয় পেয়ে শ্রীমান মেজ বৌ-এর হাত ধরতে এগিয়ে এল। বলল : আমি তো করি।

এই লোকটার সঙ্গে কথা বলার সম্পর্কও মেজ বৌ-এর নয়। অথচ সেই স্থলে এতখানি বেহায়াপণা দেখে নাং এন্ লজ্জায় একেবারে মাটির সঙ্গে মিশে যায়। বিশেষ ক'রে স্ত্রীর সামনে। সহরের মেয়ে—তা ছাড়া এদের চাইতে ঢের বেশী ভদ্র আবেষ্টণে এবং ভদ্র ভাবে মানুষ হয়েছে। এরকম রীতি-বিরোধী ও নির্লজ্জ আচরণ তার রুচিতে বাধে। নাং এন্ বার বার স্ত্রীর দিকে চেয়ে তার চোখ মুখের ভাব দেখে। নাং এন্-এর কাকার চোখে এড়ায় না - ভ্রাতুষ্পুত্রের স্ত্রী-ভীতি চোখে পড়ে যায়। বলে ঃ এরকম প্রাণহীন ঠান্ডা মাছের চাইতে আমার লালমুলোই ভাল দেখছি।'

এই রসিকতায় বড় বৌ সাম্রাজ্ঞীর মত মর্যাদায় মাথা তুলে উঠে চলে গেল।

এমনি করে কমলের সঙ্গেও ঠাট্টা ইয়ার্কি করে সে চারদিক দেখে বেড়ায়। নাং এন্ কিছু বলতে পারে না। নিষ্ফল ক্রোধে ও অন্তরে গুমরে মরে। এক-দিন মায়ের সঙ্গে দেখা করতে এল সুযোগ্য ছেলে। ওয়াং সঙ্গে এল। মা বিছানায় গভীর নিদ্রায় মগ্ন। ছেলের সাধ্য নেই সে ঘুম ভাঙ্গায়। কিন্তু বন্দুকের বাঁট দিয়ে ঠুকে ঠুকে সে ঘুম ভাঙ্গিয়ে ছাড়ল। চোখ খুলে বিকার-গ্রস্তের মত বৃদ্ধা অর্থহীন দৃষ্টিতে তাকিয়ে রইল ছেলের দিকে। এ কি স্বপ্ন দেখেছে সে? ছেলে অসহিষ্ণু হয়ে চেঁচিয়ে ওঠে ঃ 'বাঃ বেশ আছ, এত-দিন পরে আমি এলাম, আর তুমি নাক ডাকাচ্ছ?

বৃদ্ধা বিছানা থেকে একটু উঠে তেমনি ফ্যাল ফ্যাল করে তাকিয়ে পরম বিস্ময়ে বলে ঃ 'ওরে বাছা, আমার বাপধন, এলি তুই?'

অনেকক্ষণ ধরে পলকহীন দৃষ্টিতে সে পুত্রের দিকে তাকিয়ে থাকে। দীর্ঘকাল পরে ঘরে-ফেরা পুত্রকে সে কি দিয়ে অভ্যর্থনা করবে, বৃদ্ধা ভেবে পায় না। তাড়াতাড়ি আফিং-এর পাইপটা এগিয়ে দেয়, যেন ওর দুনিয়ায় এর চাইতে ভালো আর নেই কিছু। পরিচারিকাকে হুকুম করে ঃ

দে দে ওকে দে শিগ্গির।

ছেলে অবাক হয়ে বারণ করে। ওয়াং-এর ভয় করতে লাগল যদি ভায়া বলেই বসে এমন করে নেশা করিয়ে তার মার রক্ত মাংস শুষে নেওয়া হয়েছে কেন? তাড়াতাড়ি কৈফিয়তের সুরে বলল ঃ 'কি আফিংটাই টানে খুড়ী রোজ। কত বলি কিন্তু একছিঁটেও কমাবে না। টাকা কি কম যায়। রোজ মুঠো মুঠো টাকা। না দিলে ভয়ানক রেগে যায়। এ বয়সে চটাতেও সাহস করি না—' বলে একটা দীর্ঘশ্বাস ফেলে অপাঙ্গ দৃষ্টিতে ভাইয়ের মুখটা পড়ে নেয়। কিন্তু যার উদ্দেশ্যে বলা সে কোনও উত্তর না দিয়ে মায়ের ক্ষীণ মূর্তির দিকে তাকিয়ে রইল। বৃদ্ধা আবার ঘুমে ঢলে পড়ল—সেও হাতের বন্দুকটা লাঠির মত করে ঠক্ ঠক্ করে মাটিতে ঠুকতে ঠুকতে বেরিয়ে গেল।

ওয়াং লাং-এর অমন সুন্দর সাজানো বাড়ীখানায় যেন প্রলয় লাগল। এই যুদ্ধ-ফেরৎ মানুষগুলো স্বভাবের বন্যতায় গাছপাতা ছিঁড়ে ভেঙ্গে, ভারী বুটের

আঘাতে সূক্ষ্ম-শিল্প-শোভিত আসবাব পত্র ভেঙ্গে চুরে একেবারে নয় ছয় করে দিল। রঙ্গীন মাছ জিয়োন জলাধারগুলো যে লজ্জাস্কর ভাবে নোংরা করলো তা পশুর স্বভাবেই সাজে; ফলে মাছগুলোর খেলা ফুরিয়ে গেল অসময়ে—সাদা ফুলো পেট উল্টো দিকে করে তারা পচে ভেসে উঠল। কিন্তু এসব সত্ত্বেও ওয়াং-এর ভয় ওই আত্মীয়টিকেই সব চেয়ে বেশী। পরিচারিকা মহলে ও লোকটার আনাগোনা ইয়ার্কি অত্যন্ত চোখে ঠেকার মত। ওয়াং আর তার ছেলেরা উপায় খুঁজে পায় না। কেবল অসহায় ভাবে এ ওর মুখ চায়। ভয়ে দুশ্চিন্তায় ওদের চোখ বসে গেছে—চোখের কোলে পড়েছে কালি। রাতে ঘুম নেই।

একদিন কোকিলা পথ দেখিয়ে দিলেঃ

'এক কাজ কর, একটা দাসীকে দিয়ে দাও ওকে। যতদিন থাকে ওটাকে নিয়েই পড়ে থাকবে'খন। নইলে হয়ত ওর পাত্রাপাত্র জ্ঞানও থাকবে না।'

ওয়াং যেন আঁধারে হঠাৎ আলো দেখতে পেয়ে লাফিয়ে ওঠেঃ 'ঠিক ঠিক, ঠিক বলেছ।' ওয়াং মরিয়া হয়ে উঠেছে, এত ভয় এত উদ্বেগ নিয়ে ও দিন কাটাতে আর পারছে না। এক মুহূর্তও না। কোকিলাকে বলে দেয় তক্ষুণি যেন শ্রীমানকে জিজ্ঞাসা করে আসে দাসীদের মধ্যে কাকে সে চায়—সবাইকেই তো সে দেখেছে।

কোকিলা ফিরে এসে জানায়ঃ 'কমলের কাছে থাকে যে ছোট কৃশ মেয়েটি, তাকে তার চাই।'

সেই দুর্ভিক্ষের বছর ওয়াং এই মেয়েটিকে কিনেছিল। তখন এই এতটুকু ছিল। অনাহার ক্ষিণ্ন, অস্থিসার এই একটা মুঠো শরীর ছিল। মুখখানা ছিল বিষাদে ভরা—চোখে জল আসতো দেখে। মেয়েটা সকলেরই আদরের কমল আদর করে নাম দিয়েছে—যুঁই। শক্ত পরিশ্রমের কাজ একে করতে দেয় না কমল; কোকিলাকে একটু আধটু সাহায্য করে, আর কমলের এটা ওটা এগিয়ে দেয়, চা ঢেলে দেয়, পাইপ ভরে দেয়—এমনি ধারা কাজ।

কমলের চা ঢালছিল যুঁই। ওর সামনেই এসে কোকিলা বলল। যুঁইয়ের হাত থেকে চা-দানী পড়ে চুরমার হয়ে গেল, চা গেল গড়িয়ে; চীৎকার করে কমলের পায়ের কাছে আছড়ে পড়ে, মেজেতে মাথা কুটে, কুটে আকুল হয়ে কেঁদে কাকুতি মিনতি করতে লাগলঃ 'মা, মা, বাঁচাও আমায়, আমাকে অমন করে ভাসিও না।'

কমল বিরক্ত হয়ে উঠলঃ 'আ মলো যা! যতসব ন্যাকামো! ও কি তোকে খেয়ে ফেলবে? পুরুষ মানুষ তো আর বাঘ না! ঢং দেখ না!'

কোকিলার দিকে ফিরে বললঃ জোর করে নিয়ে যা ছুঁড়ীকে। দিয়ে আয়গে।

যুঁই হাত জোড় করে আকুল মিনতি করে। কান্নায় আলোড়িত হয়ে ওঠে সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ। ছোট দেহটুকু ভয়ে ঝঞ্ঝা-বিক্ষুব্ধ বেতসপত্রের মত কাঁপে। প্রত্যেকের মুখের দিকে করুণ আবেদন-ভরা শঙ্কিত দৃষ্টিতে চায়।

কমলের কথার ওপর কথা বলার সাহস এ বাড়ীতে কারো নেই—ছেলেদেরও না, বউদেরও না। ওয়াং-এর ছোট ছেলে স্তব্ধ হয়ে দাঁড়িয়ে রইল কমলের দিকে তাকিয়ে—ওর চোখের পলক যেন আড়ষ্ট হয়ে থেমে গেল। হাত দুটো অব্যক্ত বেদনায় মুঠো

হয়ে বুকের ওপর চেপে বসে, বুঝি ভেতরের উন্মথিত বেদনা-পারাবারকে দুহাতে চাপা দিতে চায়। ভৃত্য, পরিচারিকা, শিশুর দল যারা ওখানে ছিল—কারো মুখে কথা নেই। ভয়-বিহ্বলা যুঁইয়ের চাপা কান্নার গুমরানী ছাড়া আর কোনো শব্দও নাই।

ওয়াং-এর কেমন যেন অস্বস্তি বোধ হয়। ওর স্বভাব-কোমল মন দুলে ওঠে। এদিকে কমলকে রাগাবার সাহস নেই। একটু দ্বিধার দৃষ্টিতে যুঁইয়ের দিকে তাকায়। যুঁই যেন ওয়াং-এর মুখেই তার তার বুকখানা পড়ে নিল; ছুটে গিয়ে আছড়ে পড়ে দুহাতে ওয়াং-এর পা জড়িয়ে ধরে ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদে মাথা কুটতে লাগল। ওয়াং দৃষ্টি নত করে একবার ভুলুণ্ঠিতাকে দেখল। ঐ তো একটুখানি শরীর। কি ভয়ানক কাঁপছে। ওর চোখের সামনে জেগে উঠল ওর ভাইয়ের মূর্তি। চোয়াড়ে, ষন্ডামার্কা চেহারা। যৌবন পেরিয়ে গেছে কবে। সমস্ত ব্যাপারটা ওর ভারী নোংরা, কুৎসিত মনে হয়। ওয়াং কোকিলাকে ডেকে মৃদুস্বরে বলে:

জোর জবরদস্তি করে লাভ নেই কোকিলা।

কমলের কান এড়ায় না। খন্ খন্ করে চেঁচিয়ে ওঠে:

ঢং দেখে আর বাঁচিনে। উনি যেন চিরকাল কচি খুকীটি থাকবেন। সব মেয়েরই একদিন ঐ ঘাটের জল খেতে হবে; তার জন্য অত কান্না, অত আদিখ্যেতা কেন লা? নে ওঠ্—কথার অবাধ্য হোসনে বলছি।

ওয়াং স্বরে প্রশ্রয় মিশিয়ে কমলকে বলে:

আহাহা, যেতে দাও না। দেখাই যাক না একবার চেষ্টা করে কি করা যায়। তারপর না হয় যা খুশি করো।

অনেক দিন থেকেই একটা নূতন বিলিতী ঘড়ি আর একটা চুণীর আংটির সখ কমলের ছিল। কথাটা মনে পড়ায় যুঁইয়ের ব্যাপার নিয়ে আর জেদ করল না। চুপ করে গেল। ওয়াং কোকিলাকে বলল:

'যাওতো ভায়াকে বলে এসোগে, টুক্‌টুকেটি দোখ তো ভায়ার মাকাল ফলের উপর চোখ পড়ল। ছুঁড়ির ভেতরে যে খারাপ রোগ রয়েছে। সুতরাং কি করবে জিজ্ঞাসা করে এসো। এ ছুঁড়িকে না হলে যদি তার নাই চলে, বেশ পাঠিয়ে দিচ্ছি। আর নয়তো বলুক—মেয়ের অভাব কি, কতো রয়েছে।

বলে সামনের দাসীদের দিকে তাকায়। ওয়াং-এর চোখে চোখ পড়তেই ওরা খিল্ খিল্ করে হেসে মুখ ফেরায়। যেন কত লজ্জা পেয়েছে। একজন কুড়ি একুশ বছরের মেয়ে, বলিষ্ঠ নিটোল গড়ন—হাসতে হাসতে বলে:

আমায়ই পাঠিয়ে দাও না কর্তা। কি হয়েছে, গিলেতো আর ফেলবে না।

ওয়াং যেন হাঁফ ছেড়ে বাঁচে। কোকিলা ওকে নিয়ে চলে যায়। যুঁই তবু ওয়াং-এর পায় লুটিয়ে পড়ে থাকে। কান্না থেমে গেছে—যেন ঝড়ের পর নিস্তব্ধ নিস্তরঙ্গ সাগরের বুক। কিন্তু এদিকে কান পেতে রয়েছে যুঁই, আবার কিছু যদি হয়। কমলের রাগ পড়েনি। একটিও কথা না বলে সে বেরিয়ে গেল ঘর থেকে। ওয়াং ধীরে ধীরে যুঁইকে ধরে তোলে। যুঁই উঠে দাঁড়ায়—পান্ডুর, মূর্চ্ছিত যুঁই

ফুলটিরই মত ফ্যাকাশে মুখ নিয়ে। ওয়াং দেখল রক্তহীন ভীত মুখখানায় যেন বিশ্বের কমনীয়তা বাসা বেঁধে আছে। ছোট দুখানি লাল করুণ ঠোঁট। মায়া হয়।

স্নেহভরা কণ্ঠে ওয়াং বলে :

দেখ বাছা, ক'দিন গিন্নীর চোখের একটু আড়ালে থেকো। রাগটা পড়ুক। আর ভায়ার চোখোর সামনে পড়ো না যেন—সাবধান। দেখলে বলা যায় না—হয়ত আবার তোমায় নিয়ে টানা হ্যাঁচড়া করবে।

যুঁই চোখ তুলে আবেগ-ভরা পরিপূর্ণ দৃষ্টিতে ওয়াং-এর দিকে তাকিয়ে নীরবে ছায়ার মত ধীরে ধীরে সরে গেল।

মাস দেড়েক পরে যুদ্ধের ডাক এল। হাওয়ার মুখে শুকনো পাতার মত নিমিষে সৈন্যের দলকে নিয়ে গেল উড়িয়ে। পেছনে পড়ে রইল শুধুই ধ্বংস, অনাসৃষ্টি আর ক্লেদ আর সেই দাসীর গর্ভে ওয়াং-এর ভাইয়ের কামনার ফল। কোমরে ছোরা গুঁজে রাইফেল কাঁধে ফেলে যাবার সময় সে রসিকতা করে বলে গেল :

কে জানে আর হয়ত ফিরব না। মাকে বলো নাতি রেখে গেলাম তার জন্য।

আরো দু একটা কুৎসিৎ পরিহাস করে সে হাসতে হাসতে চলে গেল।

[বত্রিশ]

সৈন্যরা আসাতে একটা উপকার হ'ল। ওরা চলে যাওয়ার পর ওয়াং ও তার দুই ছেলের মধ্যে অন্ততঃ একটা বিষয়ে একতা দেখা গেল। তিনজনে মিলে এই বর্বর মানুষগুলির সমস্ত অনাচারের চিহ্ন নিশ্চিহ্ন ক'রে মুছে ফেলতে উঠে পড়ে লেগে যায়। ভৃত্যদের লাগিয়ে দেয় আঙিনার আবর্জনা পরিষ্কার ক'রতে। মিস্ত্রী লাগে আসবাবগুলোর নষ্ট শিল্পের উদ্ধারে। ঘরে দরজায় ওদের তান্ডবের যত চিহ্ন পড়েছিল, রাজমিস্ত্রী লাগে সে-সবের সংস্কারে। জলাধারের জল বের ক'রে ফেলে নূতন জল ভরা হয়। নাং এন্ নূতন ক'রে রং বেরংয়ের মাছ কিনে আনে। আবার নূতন ক'রে ফুল ফলের গাছ লাগায়। ভাঙ্গা ডাল, ছেঁড়া পাতা নিয়ে আধখানা হ'য়ে তখনও যে গাছগুলো দাঁড়িয়েছিল, ছেঁটে ছেঁটে তাদের শ্রী ফেরান হয়। একবছরের মধ্যে পুরানো বিশ্রী ইতিহাসটা চাপা প'ড়ে আবার সব যেমনকার তেমন হ'য়ে ওঠে। ছেলেরা সব নিজ নিজ মহলে ফিরে যায়

পিতৃব্য-পুত্রের প্রসাদ-গর্বিতা সেই দাসীটি ওয়াং-এর নির্দেশে ওর খুড়ীর পরিচর্যার ভার পেল। বৃদ্ধার মৃত্যু পর্যন্ত তার সেবা করার এবং মৃত্যুর পরে তার শেষ ক্রিয়া করার অধিকারও ওয়াং একেই দিল। ওয়াং ভয়ে ভয়ে ছিল, এই মেয়েটার গর্ভে ছেলে হ'লেই সর্বনাশ। এদের পরিবারে ন্যায্য স্থানের দাবী তার থাকবে। ভাগ্য ভালো—হল মেয়ে। দাসীর মেয়ে—দাসীর চাইতে বেশী ভাগ্যের অধিকার তার নেই ; আর মেয়ের মায়ের স্থানও মেয়ের মা হবার অগৌরবে যথা-পূর্বং।

কিন্তু ওয়াং অন্যায় বিচার করল না। ব্যবস্থা ক'রে দিল খুড়ীর মৃত্যুর পর,

মেয়েটা—অবশ্য যদি সে চায়— ওই মহলেই থাকতে পারবে। টাকাও দিল কিছু। দাসী ওই থাকার ব্যবস্থায়ই আশাতীত খুশি হ'য়েছিল। আবার টাকার কথায় ওয়াংকে বলল :

'টাকাটা এখন রেখে দিন। যদি পারেন—কিষাণ তো আপনার মেলাই আছে তাদের মধ্যে গরীব-গরবা দেখে কারো সাথে আমার বিয়ে দিয়ে দেবেন—নইলে আমি একা থাকতে পারব না। ঐ টাকাটা বিয়ের সময় যৌতুক দেবেন। ভগবান আপনার ভালো করবেন।'

এ আর তেমন কি কঠিন কাজ। ওয়াং কথা দিলে—তাই হবে, ওকে বিয়েই দিয়ে দেবে। গরীব হোক যাই হোক, কারো ঘরে যাতে মেয়েটার একটু ঠাঁই হয়, ওয়াং সে চেষ্টা ক'রবে। ওর চোখের সামনে থেকে প্রায় ভুলে-যাওয়া অতীতের একখানি পরদা সরে গেল। ওয়াংও তো একদিন দরিদ্র ছিল। একদিন এইখানে, এই গৃহে সে এসে দাঁড়িয়েছিল তার জীবনের সঙ্গিণীকে যাচ্ঞা করতে। এত বছর— ওর আয়ুষ্কালের প্রায় অর্ধেক হবে—ওলান্-এর কথা সম্পূর্ণ বিস্মৃত হ'য়ে ও কাটিয়ে দিল। আজ ওলান্-এর কথা মনে পড়ে যায়। কেমন যেন মনটা ভারী হ'য়ে আসে। ঠিক দুঃখ নয়—বেদনাও নয়। কত দিনের কথা—যেন কোন্ যুগের। স্মৃতিটি অবধি যেন পুরানো হ'য়ে মরচে ধরে গেছে—স্মৃতিতেও যেন বেদনা নেই। কেবল ক্ষণিকের একটু বিষাদ মাত্র। স্মৃতিটি নাড়া পড়ে তলানি পড়া পুরানো সুখ দুঃখের কাহিনী ওপরে ভেসে ওঠায় একটু সাময়িক অন্ধকার মাত্র।

ধরা ধরা স্বরে দাসীকে ওয়াং বলে :

'দুটো দিন একটু সবুর কর্ মা, বুড়ীর তো হ'য়ে এল, তারপর তোর ব্যবস্থা করছি।'

একদিন সকালে দাসী এসে খবর দিয়ে গেল— ওয়াং-এর খুড়ী সেই যে রাতে ঘুমিয়েছে, সে-ঘুম আর ভাঙেনি। মৃতদেহ সে কফিনে পুরে রেখেছে। তাইতো! এখন তো ওয়াং-এর প্রতিজ্ঞা রাখতে হয়। কিন্তু কোথায় পাত্র। মনে প'ড়ে যায় সেই ভালো মানুষ গোছের দাঁত উঁচু ছেলেটির কথা যাকে কাজ দেখাতে গিয়েই চিং মরল। তা সে হতভাগার দোষ কি? ইচ্ছে ক'রে মারেনি তো। আহা বেচারা নির্দোষ। মিছেই মারটা খেল সেদিন। এ ছাড়া আর কৈ—কারো কথা মনে পড়ল না ওয়াং-এর।

ওকেই পাত্র ঠিক ক'রে ওয়াং ডেকে পাঠায়। আজ ওর কি যেন খেয়াল হ'ল—হলে গিয়ে মঞ্চের ওপর বসে দুজনকে সামনে দাঁড়াতে আদেশ করে। তারপর বলে—ধীরে, অতি ধীরে—যেন স্বল্পায়ু রোমাঞ্চকর মুহূর্তটির ক্ষুদ্রতম ভগ্নাংশও বৃথা না যায়। মুহূর্তটিকে যেন ওয়াং আঁকড়ে ধ'রে থাকতে চায়। ধীরে ধীরে এই দুর্লভ ক্ষণটির সবখানি রস পান ক'রে ক'রে ওয়াং বলে :

'দেখে নাও ভালো ক'রে—পছন্দ হয় কিনা। চাওতো একে বিয়ে ক'রতে পার। আমার ভাই ছাড়া আর কারো হাত পড়েনি ওর ওপর।'

চাওতো! চাইবে না কি? এ যে অযাচিত, আশাতীত করুণা। কৃতজ্ঞতায়

নুয়ে বেচারা কৃষাণ এই দয়ার দান মাথায় তুলে নেয়। ওর মত দীন দরিদ্রের বিয়ে কি কপালে জুটতো কোনো কালে? তারপর এমন মেয়ে—অমন শক্ত সমর্থ শরীর—অমন সাদা মন!

ওয়াং মঞ্চ থেকে নেমে আসে। আজ যেন ওর সব কাজ সারা হ'য়ে গেল। জীবনে ওর যা কিছু রচনার ছিল, যা কিছু যাচঞা ছিল, আজ ওর সব পাত্র ভরে উঠলো। ও সব পেয়েছে—যা চেয়েছিল তার বেশী পেয়েছে। সার্থকতা এমনি ক'রে ওকে এসে ধরা দেবে তা কি ও স্বপ্নেও ভেবেছিল? এ অসম্ভব কি ক'রে সম্ভব হলো? কোথা দিয়ে হ'ল টেরও পেল না ওয়াং।

সবতো হ'য়েছে—এবার ওর ছুটি—আরাম—শান্তি। এবারে নিরালায় বসে বসে পরম সুখে ঝিমোবার অবসর পাবে ওয়াং। পঁয়ষট্টির কোঠায় বয়স এল—ছুটি নেবার সময় হয়েছে বৈকি। ছেলেরা যোগ্য—তাদের ছেলেতে মেয়েতে ঘর ভরলো, দিন দিন শশী কলার মত বাড়ছে তারা।

আর কি কাজ বাকি আছে ওয়াং-এর? এক ছোটর বিয়ে। শিগ্গির সেরে ফেলবে। তারপর? তারপর শান্তি—আরাম, বিশ্রাম।

কিন্তু শান্তি ওয়াং-এর ভাগ্যে, নেই। কোন্ মৌমাছির ঝাঁকের মত সৈন্য দল এসেছিল। তারা চলে গেল, কিন্তু হুলের কাঁটা রেখে গেল।

যতদিন আলাদা মহলে ছিল—দুই বউ-এর মধ্যে অন্তত সৌজন্যের পালিশ টুকু বজায় ছিল। কিন্তু এখন এক জায়গায় থেকে সংঘর্ষ আর বাধা মানল না। বিবাদ বাধল, নয় অষ্ট প্রহর লেগে রইল। কারণ বড় কিছু নয়—মেয়েলী বিবাদ। বেশীর ভাগই উপলক্ষ ছেলে-মেয়েরা। ছোট শিশু বোঝে না এই আনন্দে খেলায় মাতা; এই কুকুর বেড়ালের মত ঝগড়া মারা-মারি। ওদের হাসি কান্নার বাল্যলীলার মাঝে এসে দাঁড়াল মায়েরা—কোমর এঁটে, মুখ শানিয়ে। কোঁদল চলে কেন ওর ছেলে এর ছেলেকে মারলো! এর ছেলের একতিলও দোষ নেই, সব দোষ ওর ছেলের। এ মা সে মার ছেলেকে ধরে ঠ্যাঙ্গায়, সে মা এ মার ছেলেকে ঠেঙ্গায়। প্রায় মুখ দেখা বন্ধ হওয়ার যোগাড়।

তারপর সেই যে ওয়াং-এর যোদ্ধা ভাই নাগরিকা বড় বৌকে ফেলে মেজোবৌ-এর তারিফ ক'রেছিল—মেজর সে-অপরাধ বড় বৌ ক্ষমা ক'রতে পারেনি। মেজ বৌকে দেখলেই সে নাক সিটকোয়, আর ভ্রূ কোঁচকায়।

একদিন সকলকে শুনিয়ে বড় বৌ বলল: 'যে বৌ পুরুষের সাথে অমন বেহায়ার মত ঢলাঢলি ক'রতে পারে তাকে নিয়ে ঘর করায় বিপদ আছে।'

মেজ বৌ পেছনে পড়ে থাকেন না, তিনিও শুনিয়ে দিলেন:

'আমায় একজন একটু ভাল দেখতে বলেছে বলে দিদির হিংসে হয়েছে।'

এর পরের পালা—ক্রুদ্ধ দৃষ্টির বিনিময় আর মনের মধ্যে আরো তিক্ত বিদ্বেষের বিষ জমে ওঠা। বড় বৌ নাগরিকা—মার্জিতরুচি আর আচরণ নিক্তিতে ওজন করা, এতটুকু ভুলচুক নেই, কাজেই তার তরফের সংগ্রাম নিঃশব্দে। তার ক্রোধের প্রকাশ মেজ বৌকে নীরব উপেক্ষায়। তবে ছেলেরা গ্রাম্য মেজ বৌ-এর মহলে গেলে তিনি সরবেই

তাদের শাসন করেন ঃ 'ফের গেছিস্‌ ঐ ছোটলোকগুলোর সঙ্গে মিশতে! তোরাও অমনি অসভ্য হ'য়ে উঠবি সব।'

মেজ বৌকে শুনিয়েই বলে। মেজ বৌও তার ছেলেদের উচ্চকণ্ঠে শাসন করে ঃ 'এই হতভাগারা, মরবার আর জায়গা পেলি না তোরা। সাপের সঙ্গে গেছিস্‌ খেলতে, দেখিস্‌ ছোবল যদি না মেরেছে।'

দুই জায়ের এই পরস্পর বিদ্বেষ ক্রমেই বেড়ে চলে, দু'ভাইয়ের অসম্প্রীতি এ আগুনের ইন্ধন যোগায়। বড় ভাই যত্নবান্‌—সহুরে পত্নীর কাছে তার বংশ মর্যাদা কোথাও যেন না ক্ষুণ্ণ হয়। মেজ সতর্ক—চাল দেখাতে গিয়ে ভাগ হবার আগেই সম্পত্তি দাদার আঙ্গুলের ফাঁক দিয়ে না গলে যায়। জমিদারীর লেন দেন এখনও বাবাই করে, কিন্তু সব যায় আসে মেজ'র হাত দিয়ে। কাজেই আয় ব্যয়ের চুল-চেরা হিসেবে তার নখাগ্রে। বড়র লজ্জা ঐখানে—বড় হয়েও শিশুর মত বাবার কাছে এটা সেটার জন্য হাত পাততে হয়। সুতরাং নারীজগতের ধূমায়িত কলহ পুরুষমহলেও ব্যাপ্ত হবার অবারিত পথ পায়। দুমহল ক্রুদ্ধ জানোয়ারের মত গর্জায়। কোথায় ওয়াং-এর বহু-প্রার্থিত শান্তি! চৌচির হ'য়ে ভেঙ্গে পড়েছে। অসহায় বৃদ্ধ নিষ্ফল বেদনায় নীরবে দীর্ঘশ্বাস ফেলে।

যুঁইকে নিয়ে সেদিনের ঘটনার পর থেকে ওয়াং-এর নিজের মনেও অশান্তি চলছিল। মেয়েটার ত্রাণকর্তা হিসেবে ওয়াং-এর গিয়ে দাঁড়ানোটা কমলের মনঃপূত হয়নি। কাজেই ওয়াং তার প্রসন্নতা এবং নিরপরাধ মেয়েটা তার প্রসাদ থেকে বঞ্চিত হ'ল। কিন্তু মেয়েটা নীরবে প্রভুপত্নীর সেবা ক'রে যায়, সারাদিন কাছে কাছে থাকে, পাইপ ভরে দেয়—সব হাতের কাছে এগিয়ে দেয়। কোনো কাজে কমলের আদেশের অপেক্ষা রাখে না। রাতে কমলের ঘুম হয় না—বিছানায় পড়ে এপাশ ওপাশ করে। যুঁই সারা রাত জেগে বসে ওর হাত পা টিপে দেয়—ঘুম পাড়াবার চেষ্টা করে। কিন্তু কমল তবুও প্রসন্ন হয় না।

ওর ওপর কমলের ঈর্ষা। ওয়াং ঘরে এলেই নানা অছিলায় যুঁইকে ঘর থেকে সরিয়ে দেয়। অনুদার কুৎসিৎ ইঙ্গিতে ওয়াংকে বিব্রত ক রে তোলে। ওয়াং এতদিন যুঁই-এর কথা কোনো বিশেষ ভাবেনি। অসহায়া এক ফোঁটা মেয়েটার সেদিনকার ভয় পাওয়ার কথাটাই মনে ছিল।

ওর বোবা মেয়েটার মতই ভীরু অসহায়া মেয়েটার ওপর ওয়াং-এর ছিল একটু করুণা মেশান বাৎসল্য। তেমন ভালো ক'রে ও যুঁইকে এতদিন দেখেনি। কমলের অভিযোগে ভালো ক'রে তাকিয়ে দেখার কথা মনে হয়। সত্যিতো বড় সুন্দর, লাবণ্য পারাবার মুখখানা—যুঁই ফুলের মতই ওর মুখের স্নিগ্ধ ম্লানিমাটুকু।

বৃদ্ধ ওয়াং-এর দশ বারো বছরের ঘুমিয়ে পড়া রক্ত কি যেন একটা বিচিত্র চেতনায় জেগে ওঠে।

কিন্তু বলেঃ 'কি যে ছাইভস্ম বলছ ঠিক নেই। আমি কি এখনও যুবোটি আছি নাকি? মহারাণীর দরবারেই বা বান্দা ক'দিন হাজির হয়?'

এই নজিরে যে মুহূর্তে কমলের সন্দেহ উড়িয়ে দেয়—সেইক্ষণেই ওর অপাঙ্গ

দৃষ্টির পথে যুঁই-এর মুকুলিত রূপশ্রী রক্তে আগুন জ্বালিয়ে দেয়।

অন্যদিকে যতই কাঁচা হোক কমল পুরুষদের চেনে। সে জানে নির্বানের মুখে এসে প্রদীপ যেমন শেষবারের মত দপ্ ক'রে জ্বলে ওঠে, তেমনি ক'রে বার্ধক্যের শেষ প্রান্তে এসে পুরুষ আকস্মিক একটা সংক্ষিপ্ত যৌবনে জেগে ওঠে একবার। তাই যুঁইকে ওর ভয়। যত রাগ ওই যুঁই-এর উপর। রাগে ভাবে দেবে ওকে দূর ক'রে, নয়তো ওই রেস্তরাঁয় বেচে দেবে। কিন্তু কমল আরামপ্রিয়। বয়সের দরুণ কোকিলা বড় অলস হ'য়ে পড়েছে। এখন অবলম্বন ওই যুঁই। যুঁই না হ'লে কমল চোখে অন্ধকার দেখে। আশ্চর্য ক্ষমতা মেয়েটার — কমল টের পাবার আগেই তার প্রয়োজনের খবর ও পায়। সুতরাং ওকে ছাড়া কমলের চলে না। অথচ রাখায়ও বিঘ্ন। সংগ্রামে অনভ্যস্ত কমল উভয় সংকটে পড়ে আরো উত্তেজিত হ'য়ে ওঠে। ওয়াং দূরে দূরে থেকে আত্মরক্ষা করে। নাইবা সামনে গেল দু'দিন। দু'দিনের রাগ যাবে দুদিন পরে। কটা দিন অপেক্ষা ক'রেই দেখা যাক্।

কিন্তু প্রতিক্ষার এই কদিনের ফাঁক ওয়াং-এর অজ্ঞাতসারেই একখানা অতি সুন্দর ম্লান মুখের চিন্তায় ভরে ওঠে।

অশান্তির ভরা পূর্ণ হবার যেটুকু বাকী ছিল—সেটুকু ক'রে দিল ছোট। নিতান্ত শান্ত, নীরব ছেলে—সারাদিন বইয়ে মুখ গোঁজা। রোগা পট্‌কা বইয়ের পোকা ওই ছেলেকে কেউ বড় একটা ধর্তব্যের মধ্যেই আনেনি কোনোদিন। কাজেই ওর কথা কারো মনেও হয় না।

সৈন্যরা যখন ছিল ও তাদেব সঙ্গে সঙ্গে থাকত, আত্মহারা হ'য়ে গল্প শুনত লড়াইয়ের যত দুঃসাহসিক অভিযানেব। মাস্টার মশাইয়ের কাছেও এমনতরো সব বই চেয়ে নিয়ে পড়ত' যাতে থাকত লড়াইয়ের গল্প—সিউ হ্রদের ধারে সেই সেকেলে যে ডাকাতের দল লুকিয়ে থাকত তাদের গল্প। ওই সব পড়ে পড়ে ওর মনের মধ্যে গড়ে উঠল এক কল্পনার জগৎ।

সেদিন এসে বাবাকে বলল: 'বাবা আমি সব ঠিক ক'রে ফেলেছি। যুদ্ধে নাম লেখাব। যুদ্ধ হ'চ্ছে, চলে যাব।'

ওয়াং শিউরে উঠে। এ কি সর্বনেশে খেয়াল। ভয়ে ও চীৎকার ক'রে ওঠে: 'এ সব আবার কি পাগলামী! আমার কি একটুও শান্তিতে থাকতে দিবিনে তোরা?'

ছেলেকে বোঝায় ওয়াং, ধমকায়, মিষ্টি কথা বলে। ছেলের প্রশস্ত কালো ভ্রূজোড়া কুঞ্চিত হ'য়ে ওঠে। দেখে ওয়াং বলে:

'দেখ্ বাবা, তারকাঁটা তৈরী করবার জন্য আর ইস্পাত লাগে না। তোর মত ঘরের ছেলে সৈন্য হবে কোন দুঃখে বল্‌তো! তাছাড়া তুই আমার ছোট ছেলে, আমার চোখের মণি। তুই কোথায় মাঠে ঘাটে বনে বাঁদাড়ে ঘুরে বেড়াবি আর আমি বিছানায় শুয়ে আরামে ঘুমব কেমন ক'রে?'

কিন্তু ছেলের সংকল্প টলে না। গাঢ়-কৃষ্ণ ভ্রূ জোড়াকে কুঞ্চিত ক'রে বাবার দিকে দৃঢ়ভাবে তাকিয়ে জানিয়ে দেয় সে যাবেই।

ওয়াং আদর ক'রে ভোলায়: 'ইস্কুলে প'ড়তে যাবি না তুই? তোকে যে

দক্ষিণের খুব বড় একটা ইস্কুলে পাঠাব ঠিক ক'রে রেখেছি। সাহেবদের ইস্কুলে যদি যেতে চাস্ তাই পাঠাব। কত নতুন জিনিস দেখবি, জানবি। আমরা সাত-জন্মেও সে-সব দেখেনি, কানেও শুনিনি। যুদ্ধে গেলে আর পড়বি কি ক'রে? তা ছাড়া বড় ঘরের ছেলে তুই - আমার অত টাকা, অত সম্পত্তি—তুই যদি আজ সেপাই হ'য়ে লড়াইয়ে যাস তবে আমার মুখে চুন কালি প'ড়বে যে রে! ছিঃ বাবা, ও সব পাগলামো ছাড়।'

ছোট নীরব। ওয়াং আবার কোমল স্বরে বলল:

'মাণিক আমার, বুড়ো বাপকে কষ্ট দিসনে। বল্‌তো কোন্ দুঃখে তুই লড়াইয়ে যেতে চাস্!'

কালো ভ্রুজোড়ার নীচে চোখ দুটো চকিতে জ্বলে ওঠে ছোটর। বলে:

'লড়াই হবে বাবা, লড়াই হবে। এমন ভীষণ লড়াই জন্মে হয়নি। বিপ্লব হবে বুঝেছ? সব ওলট্ পালট্ হ'য়ে যাবে। আমাদের দেশ মাটি সব মুক্ত হবার দিন এসেছে। আমরা স্বাধীন হব।'

ওয়াং আকাশ থেকে পড়ে। অবাক্ করলে ছেলে! যত সব সৃষ্টি-ছাড়া কথা ওর।

'দেশ মাটি মুক্ত হবে বলছিস্ কি রে? ওতো মুক্তই আছে। আমার জমিগুলো তো সবই পুরোদস্তুর আমার। কারো দখল নেই ওতে। আমি খুশিমত বরগায় দি—টাকা আসে। নইলে তোদের খাওয়া, ভালো ভালো জামা সব আসে কোত্থেকে? আমি বাপু অতশত বুঝিনে। এর চাইতে আর কি বেশী চাস্ রে?'

একটু বিরক্ত হ'য়ে ছেলে জবাব দেয়: 'তুমি সেকেলে লোক, ওসব বুঝবে না।'

ওয়াং ভাবতে ব'সে যায়। ছেলের মুখের দিকে চায়—কি যেন একটা গভীর বেদনা লেখা মুখে। কিসের বেদনা? কি কষ্ট ওর? সবই তো দিয়েছি! ওর প্রাণটাই তো আমার দেওয়া। জমি ছেড়ে আসতে চাইলে—দিলাম। প'ড়তে চাইলে—দরকার ছিল না পড়া-শোনার, তাও দিলাম বন্দোবস্ত ক'রে। ভেবে কুল পায় না ওয়াং। কি চায় ও? আমার কাছ থেকেই তো ও সব পেয়েছে। আর কি দিতে পারি? কিসের দুঃখ ওর?

আরো ভালো ক'রে নিরীক্ষণ ক'রে দেখে ওয়াং। মাথায় তো বেড়েছে পুরো—কিন্তু তেমনি কৃশ। যৌবনের চঞ্চলতারও কোন চিহ্ন মুখে নেই। তবে! তবে কি? বুঝবার জন্য বলে:

'তোর বিয়েটা দিয়ে ফেলছি শিগ্গির।'

কুঞ্চিত কালো ভ্রূর তলায় ছোটর দৃষ্টি অগ্নিশিখার মত দপ্ ক'রে জ্বলে ওঠে। কঠিন ঘৃণামিশ্রিত স্বরে বলে:

'তা হ'লে আরও পাবে না আমাকে। একেবারে চলে যাব, খোঁজও পাবে না। বড়দার মত আমার সব কিছুর সমাধান ওই দিয়ে হবে, ভেবো না।'

ওয়াং বোঝে ভুল হ'য়েছে। সুতরাং সংশোধনের উদ্দেশ্যে বলে:

'না, না, তুই যদি না চাস তবে বিয়ে দেব কেন জোর ক'রে? তবে এই ব'লছিলাম

কি—এই এখানে তো—হ্যাঁ, যদি দাসীদের মধ্যে কাউকে—'

মুহূর্তে ছোটর দেহ ঋজু হ'য়ে উঠল। ওই ঋজু দেহ, উন্নত মস্তক, গভীর দৃষ্টি থেকে বিচ্ছুরিত মর্যাদা কিশোর বালককে অপূর্ব মহিমা দিল। হাত দুটো যুক্ত ক'রে বুকের ওপর রেখে ছোট বলে :

'সাধারণ ছেলের দলের মধ্যে আমায় ফেলো না। আমার আশা আকাঙ্ক্ষা অন্য রকম। আমার বুকের মধ্যে র'য়েছে মহা-স্বপ্ন। আমি বড় হ'তে চাই, গৌরবের মধ্যে বাঁচতে চাই। স্ত্রীলোক তো সবখানেই পাওয়া যায়।'

তারপর হঠাৎ মুখের ভাব একেবারে বদলে যায়। যেন কি একটা ভুলে যাওয়া কথা এই মাত্র মনে প'ড়ে গেল এমনিতরো ভাব। মুহূর্ত পূর্বের মর্যাদার মেঘস্পর্শী উচ্চতা থেকে যেন নিমেষে পৃথিবীর মাটিতে নেমে আসে। হাত দুটো শিথিল হ'য়ে দুই পাশে ঝুলে পড়ে। এবারে স্বাভাবিক স্বরে ছোট বলে :

'কিন্তু বাবা, তোমার দাসীগুলোকে কি বেছে বেছে কুৎসিত দেখে এনেছ? কি কুৎসিৎ সব ক'টা। এক তোমার অন্দর মহলে—ভেবোনা আমার লোভ র'য়েছে ব'লে ব'লছি, আমি ব'লছি, অন্দর মহলে যে ছোট কৃশ মেয়েটি কাজ করে ঐ মেয়েটি বড় সুন্দর। ওর মত অমন সুন্দর তোমার গোটা বাড়ীটায় নেই।'

ওয়াং বোঝে—যুঁই।

একটা বিজাতীয় হিংসা ওর স্নায়ুতে জ্বলে ওঠে। হঠাৎ নিজেকে আরো বেশী বৃদ্ধ বলে অনুভব হয়—ওয়াং বৃদ্ধ হ'য়ে গেছে, স্থবির হ'য়ে গেছে, অনাবশ্যক লোল মাংসে ভারগ্রস্ত ওর উদর, শুভ্রায়মান কেশে বার্ধক্য অতি স্পষ্ট। আর সামনের ওই যুবক—ওরই পুত্র। এর তনুদেহের সুঠাম দীর্ঘতায় ভরা যৌবন দীপ্ত হ'য়ে জ্বলছে। ওই যুবক—ওয়াং ভুলে যায়—ওই যুবক ওর পুত্র, ও তার জনক। আজ যেন পিতাপুত্র নয়—দুটি পুরুষ মাত্র। কেবল ওই—পুরুষ আর কিছু না। ওয়াং ক্রোধে হিংস্র হ'য়ে ওঠে :

'প'ড়েছে? তোরও দাসী মহলে চোখ প'ড়েছে? ওসব হবে না—ব'লে দিচ্ছি। ভালো চাস্‌তো ওসব খেয়াল ছেড়ে দে। বড়লোকের বাড়ীর নব্যবাবুদের মত নোংরা চাল এখানে চ'লবে না। আমরা গেঁয়ো মানুষ—ভদ্র পরিবার—ভদ্রভাবে থাকব। ওসব চ'লবে না এ বাড়ীতে, বুঝলি?'

ছেলে কালো ভ্রূ জোড়া কপালে তুলে বিরক্তির স্বরে বলে :

'তুমিই তো ব'ললে প্রথম।' বলেই ঘর থেকে বেরিয়ে গেল।

ওয়াং সেইখানেই ব'সে রইল টেবিলের পাশে। চারদিক নিঝুম—ওর বড় বিশ্রী লাগে। বড় একা মনে হয়। মনটা আরো তিক্ত হ'য়ে ওঠে। যত আপদ্‌! এক ফোঁটা শান্তি পাবার জো নেই এ বাড়ীতে।

ক্রোধে ওর ভেতরটা যেন দপ্‌ দপ্‌ ক'রে জ্বলে মাথার মধ্যে কেমন সব গোলমাল হ'য়ে ওঠে। কিন্তু কেন? ওয়াং বোঝে না।

সেই কৃশ, পাণ্ডুর ম্লানমুখী মেয়েটি ওর ছেলের চোখে লেগেছে, তাকে ওর ভালো লেগেছে…

কিন্তু ওয়াং-এর মন অমন ক'রে জ্বলছে কেন ? বহু দাসীর মধ্যে একজন ছাড়া আর তো কিছু নয় ওই মেয়ে...তবে ?

ওয়াং কোন মতে ভুলতে পারল না ছোটর চোখে যুঁইকে ভাল লেগেছে। যুঁই কাজ কর্মে আসে যায়, ওয়াং শুধু চোখ ভ'রে কেবল দেখে। যুঁই কখন ওর অনুভূতিতে নিবিড় ক'রে জড়িয়ে গেল ওয়াং জানল না।

শীত কেটে গেছে। উষ্ণতায় রাতের বাতাস ফুল-সুগন্ধে ঘন। ওয়াং আপন মহলে একা বসেছিল একটা কুসুমিত 'কাসিয়া' গাছের নীচে। ওর জরা আজ সেই সুগন্ধের সাথে মিলে হাওয়ায় গেছে উড়ে। ধমনীর রক্তে যৌবনের বান ডেকে গেছে। সারাদিন ও নিজের মধ্যে পুনর্ভূ যৌবনের উদ্ঘোষিত বাণী শুনেছে। ওয়াং-এর ইচ্ছে হচ্ছিল খালি পায়ে বেরিয়ে পড়ে মাঠে ; থাকবে না পায়ে জুতোর বাধা, থাকবে না মোজা। ওর পরমাত্মীয় যে মাটি সেই মাটির নিটোল মমতা ভরা স্পর্শ লাগুক ওর অনাবৃত পায়ের তলায়। কিন্তু কেউ যদি দেখে ফেলে! এখন তো আর সেদিনকার ওয়াং-চাষী নয়, এই মহানগরীতে এখন ও সম্ভ্রান্ত সমৃদ্ধ জমিদার। সুতরাং চঞ্চল ভাবে মহলে মহলে ঘুরে বেড়াতে লাগল। যেখানে গাছের ছায়ায় বসে কমল ধূমপান ক'রছিল—সে-ধার দিয়েও ওয়াং গেল না। সাবধানে তার চোখের বাইরে রইল, সন্ধানী চোখ নারীর—পুরুষের এমনি চঞ্চলতা সে দৃষ্টির কাছে ধরা প'ড়বেই। ওয়াং-এর বড় মনে হ'তে লাগলো একা কোথায় যাবে ? কলহপ্রিয়া পুত্রবধূদের কাছে মন যেতে চাইল না, আকাশ থেকে ঝরে-পড়া-আনন্দের টুকরোর মত নাতি-নাত্নীদের কাছেও না।

এমনি ক'রেই লম্বা দিনটা কেটেছে একটা পীড়াদায়ক নিঃসঙ্গে। এদিকে রক্তে ফেনিল সুরার উচ্ছলতা। ভুলতে পারছে না ওয়াং ছোটর ঋজু দীর্ঘছন্দ মূর্তি। ঘন সংশ্লিষ্ট কালো ভ্রু-জোড়ায় বলিষ্ঠ ভঙ্গিমায় যৌবনের কি দীপ্ত গাম্ভীর্য। আর যুঁই। যুঁই-এর কথাও ভুলতে পারছে না। নিজের মনে মনেই বলে ঃ 'বোধ হয় ওরা এক বয়সীই হবে। বছর আঠার হবে দুজনেই।'

সঙ্গে সঙ্গেই অনুভবে একথাও স্পষ্ট হ'য়ে উঠল বেশীদিন নেই আর, ওর বয়স যাবে সত্তরের গন্ডী পেরিয়ে। আজ এ-বয়সে ধমনীর সুগোপনে রক্তের যৌবন সুলভ উন্মত্ততা ওকে লজ্জা দেয়—ভাবে—ভালো—সেই ভালো ছেলের হাতেই সঁপে দেবে এই কন্যাকে। বার বার ক'রে এই মন্ত্র ও জপে' জপে' শোনাতে লাগল দুই কানকে। কিন্তু উচ্চারণ ক'রতেই ওর ক্লিষ্ট মাংসে যেন একটা তীক্ষ্ণ ছুরির ঝক্ ঝকে ফলা আমূল ফুঁড়ে বসে। হবে, এ আঘাত ওকে সইতেই হবে, ব্যথা লাগবে তাও। নিজের হাতেই নিজের দেহে ছোরা বসাতে হবে।

রাত হ'ল – কেউ এল না। একা, বড় একা। আপন মহলে ওয়াং ব'সে রইল একা। এত বড় পুরীতে একটা মানুষ নেই যার কাছে দাঁড়াতে পারে গিয়ে। বাতাসে কাসিয়া ফুলের গন্ধ। রাতটা উষ্ণতায় স্পন্দিত। আঙ্গিনায় গাছের তলাকার অন্ধকারে ওয়াং এসে বসে। কে যেন পাশ কাটিয়ে চ'লে যায়।

যুঁই !

'যুঁই !' চুপি চুপি ডাকে ওয়াং। স্বরটা শোনায় নিঃশ্বাসের মত। যুঁই থেমে প'ড়ে শুনতে চেষ্টা ক'রল।

ওয়াং আবার ডাকে। চাপা স্বরটা কণ্ঠের গণ্ডী ছেড়ে যেন বেরিয়ে আসতে চায় না।

'যুঁই, এখানে এস একটু।'

যুঁই শুনতে পেয়ে ভয়ে ভয়ে গেট পেরিয়ে এসে দাঁড়াল সামনে। অন্ধকার যুঁইকে দু'হাতে রাখলে আড়াল ক'রে। ওয়াং ওকে দেখতে পাচ্ছে না, কিন্তু অনুভব ক'রছে স্পষ্ট—ঐ তো যুঁই দাঁড়িয়ে। হাত বাড়িয়ে যুঁই-এর জামাটা ধ'রে ফেলে ঘন কণ্ঠে ডাকে : 'যুঁই—'

আর বলা হ'ল না। ওয়াং থেমে গেল। ব'লবে কি লোকে ওকে ; এরই বয়সী নাতি-নাত্নীতে যে ওর ঘর ভরা। ওয়াং আস্তে আস্তে ওর জামাটায় হাত বুলোতে লাগল।

যুঁই দাঁড়িয়ে আছে। প্রতীক্ষায়। ওয়াং-এর রক্তের উত্তাপ ওর অন্তরে গিয়ে লাগে। তারপর হঠাৎ বৃন্ত হ'তে খসে-পড়া ফুলটির মত যুঁই ব'সে পড়ল মাটিতে ; উপুড় হ'য়ে দু'হাতে ওয়াং-এর পাদুটো জড়িয়ে ধ'রে প'ড়ে রইল। ওয়াং ধীরে ধীরে বলে :

'যুঁই আমি যে বুড়ো হ'য়েছি, বড় বেশী বুড়ো —'

'তাই ভালোবাসি, আমি বড় ভালবাসি—বুড়োরাই ভালো—' কাসিয়া ফুলের সুবাসিত নিশ্বাসের মত যুঁইয়ের কণ্ঠ ভেসে এল অন্ধকারের ওপর দিয়ে।

'তুই যে বড় ছোট যুঁই। তোরই মত অমন টুকটুকে সুন্দর যোয়ান তাজা ছেলেই যে তোর সাথে মানায় যুঁই !' মনে মনে জুড়ে দিল—'আমার ছেলের মত—' কিন্তু জোরে ব'লতে পারল না সাহস ক'রে ; কে জানে মেয়েটার মনে এ কথাটা কোন্ সম্ভাবনার ইঙ্গিত ব'য়ে আনে। তাহ'লে পারবে না, ওয়াং কিছুতে সহ্য ক'রতে পারবে না।

'না, না', যুঁই বলে : 'না না, কক্খনও না, ওরা ওই যুবো ছেলেরা ভালো নয়—ওরা বড় নিষ্ঠুর, বড় ভয়ানক—'

কচি কোমল ভীরু স্বরটা কাকুতির মত মর্মরিত হ'য়ে, কেঁপে কেঁপে দুলে দুলে ওর পায়ের কাছ থেকে উর্ধ্বে উঠে ওর বুককে স্পন্দিত মথিত ক'রে তোলে। একটা বিশাল ভালবাসায় ওয়াং-এর হৃদয় তরঙ্গায়িত হ'য়ে ওঠে। বিশ্বের কোমলতা হাতে মাখিয়ে ধীরে ধীরে যুঁইকে তুলে নিয়ে যায় নিজের ঘরে।

নিজের কাছেই অদ্ভুত বিস্ময়ের বস্তু হ'য়ে ওঠে ওয়াং-এর এই পরিণত বয়সের নূতন প্রেম। ওর যৌবনের দিনের কত চিত্ত বৈকল্য, কত উদ্দামতা, কত চঞ্চলতা, কত উন্মত্ত কামনার ইতিহাস। এমন বিস্মিত ওয়াং হয়নি কোনদিন। ওর প্রেম যেন ওর বার্দ্ধক্যে নবজন্ম নিয়েছে নবরূপে। কৈ ওয়াং তেমন ক'রে তো যুঁইকে কাছে টানেনি—যেমন ক'রে এনেছিল ওই নারীদের যারা ওর প্রখর যৌবনের দিনে

ওর জীবনে পদার্পণ ক'রেছিল।

না, আজ ওর স্পর্শে সে-তীব্রতা ছিল না। আজ ও যুঁইকে কোমল হাতে আলতো ক'রে ধ'রেছিল। ওর স্থবির মাংসে এই দেহখানির কোমল উষ্ণ স্পর্শটুকুই তৃপ্তি আনে। দিনের বেলায় ওকে দেখেই ওয়াং-এর দু'চোখ ভ'রে ওঠে। মন ভ'রে ওঠে ওর জামাটায় হাত বুলিয়ে, আর রাতে প্রশান্ত নির্ভরতায় যুঁইয়ের এলিয়ে দেওয়া দেহের নৈকট্যে। কি বিচিত্র এই পরিণত বয়সের ভালোবাসা! কত সহজে এর তৃপ্তি!

আর যুঁই! ওর মধ্যে কোনো চঞ্চলতা নেই। পিতার কাছে কন্যা যেমন, তেমনি শান্ত নির্ভরতায় ও ঘুময় ওয়াং-এর পাশে। ও যেন নারী নয়, কৈশোরমুখী শিশু নারী হ'য়ে এখনও ফুটে ওঠেনি।

ওয়াং কাউকে কিছু ব'লল না। ব'লবেই বা কেন? ওই প্রভু, ওই মালিক, জবাবদিহি ক'রবে কার কাছে!

কিন্তু কোকিলার চোখ এড়ায় না। একদিন ভোরবেলা ওয়াং-এর মহল থেকে বেরিয়ে আসবার সময় যুঁই ধরা প'ড়ে যায়। কোকিলার শ্যেন-চক্ষু ঝক্‌মক্‌ ক'রে ওঠে। হাসতে হাসতে বলে:

'হুঁ। বড় মাছটাই জালে তুলেছিস লো!'

ওয়াং ঘর থেকে শুনতে পেয়ে তাড়াতাড়ি কাপড় ঠিক ক'রে বাইরে এসে কতক গর্ব কতক ভয়ের হাসি হেসে যেন সাফাই দিতে দিতে বলে:

'তা-তা আমি বলেছিলুম ওকে, আমি বুড়ো হ'য়েছি। হেঁ হেঁ—কোন সোমত্ত জোয়ান—তা ওর এই বুড়োকেই পছন্দ।'

কোকিলার চোখ বিষে জ্বলে ওঠে। বলে: 'তা বেশ গিন্নীকে খবরটা দিই গে।'

ওয়াং ধীরে ধীরে বলে: 'কি জানি কোথা দিয়ে কেমন ক'রে কি যে ঘটে গেল, টেরই পেলাম না।'

'ভালই তো, খোসখবরটা দিইগে গিন্নীকে।'

কমলের প্রলয়ঙ্কর ক্রোধকেই ওয়াং-এর ভয় বেশী। ভয়ে ভয়ে বলে:

'বলতে চাও বল। কিন্তু হেঁ হেঁ দেখ, তোমায়—হেঁ হেঁ—কিছু দেব এই হাত খরচ কিছু। দেখ যেন গিন্নী রাগ না করে।'

কোকিলা হাসতে হাসতে মাথা নেড়ে প্রতিজ্ঞা করে। ওয়াং গিয়ে ঘরে ঢোকে, আর বেরয় না। কোকিলা এসে ডাকে:

'বেরিয়ে এস গো কর্তা। উতরে গেছে। বাবাঃ কি রাগটাই না ক'রল প্রথম। সে এক কান্ড! কিন্তু আমি মনে করিয়ে দিলুম, সেই সেবারে বিলিতী ঘড়ি দেবে ব'লেছিলে, আর চুণীর একজোড়া আংটি দু'হাতের দু' আঙ্গুলে প'রবে। আর যা যা চায় দিয়ে দাও বাপু। সাবধান ও যেন আর সামনে না যায়। তুমিও এখন যেও না বাপু। তোমায় দেখলে নাকি গিন্নীর পিত্তি জ্বলে যায়।'

পরম আগ্রহে ওয়াং সব স্বীকার ক'রে নিল। দাও দাও, যা চায় সব দাও।

কমলের সামনে যেতে হবে না, এতে ওয়াং আশ্বস্ত হ'ল।

কিন্তু তিন ছেলে রয়েছে। তাদের কাছে ওয়াং যেন মরমে ম'রে রইল। কিন্তু কেন? কিসের লজ্জা কিসের ভয়। ওরা কি বাড়ীর কর্তা নাকি? নিজের পয়সায় বাঁদী কিনেছে ওয়াং অন্যের পয়সায় নয়।

কিন্তু তবুও লজ্জা করে। লজ্জার সাথে গর্ব। সবাই দেখছে ওয়াং বৃদ্ধ। অতগুলো পৌত্র পৌত্রী র'য়েছে ওর—ও পিতামহ। কিন্তু ওরা তো জানে না—যুবক ওয়াং মরে নি। বৃদ্ধ ওয়াং-এর ধমনীতে এখনও তাজা রক্ত বয়।

ছেলেরা আসে—আলাদা আলাদা। প্রথম মেজবাবু। সে কয় সংসারী কথা, জমিজমার কথা, ফসলের কথা বৃষ্টি হ'ল না—ফসল তেমন হবে না। ওয়াং-এর তাতে ভারী এল গেল। গত বছরের উদ্বৃত্ত ফসল রয়েছে, সঞ্চিত অর্থ র'য়েছে। বাজারে পাওনা র'য়েছে সেও তো অনেক। উঁচু সুদে লগ্নী কারবার চ'লছে। মেজবাবু সুদ যা আদায় উসুল করে তার পরিমাণও কম নয়। সুতরাং মাটির দিকে আকাশ যে কি দৃষ্টিতে তাকাল সে-ভাবনা ওয়াং-এর ভাববার নয়।

মেজবাবু এ সব কথাই বলে আর চারদিকে চায় অপাঙ্গে। ওয়াং বোঝে সে দৃষ্টির উদ্দেশ্য, কানে যা শুনেছে তা চোখে পরখ ক'রে নেওয়া। যুঁই শোবার ঘরে আত্মগোপন করে ছিল, ওয়াং ডাকল ঃ

কোথায় যুঁই, আমার আর মেজ খোকার জন্য চা নিয়ে আয় তো!' যুঁই বেরিয়ে এল। কোমল পান্ডুর মুখে লালের আভা ফুটে উঠেছে পিচ্ ফলের মত। মাথা নীচু ক'রে নিঃশব্দে যুঁই এগিয়ে এল। মেজবাবু বিস্ফারিত দৃষ্টিতে তাকিয়ে রইল তার দিকে অনেকক্ষণ। ওরা যেন এতক্ষণ যা শুনেছে বিশ্বাস হচ্ছিল না কিছুই। কিন্তু মুখে বলল না কিছু। জমি জমার কথা, রায়ত প্রজার কথাই ব'লে চ'লল,—আসছে বছর অমুককে জমি আর বরগা দেওয়া চ'লবে না, চন্ডুখোর ব্যাটা, জমি চ'ষবে কি!

ওয়াং খবর নিল মেজর ছেলেরা কেমন আছে। কমাস ধরেই তো কাশি চ'লছে ওগুলোর। গরম পড়ে এসেছে, সেরে যাবে এবার। চা খেতে খেতে ঘুরে ফিরে এ সব কথাই হ'ল। নাং ওয়েন্ তার দ্রষ্টব্য ভাল করে দেখে চ'লে গেল। ওয়াং-এর একটা ফাঁড়া কাটল।

দুপুরের আগেই আসে বড় বাবু। তার দেহ ঋজু, সুঠু, দীর্ঘতায় বয়সের উপযুক্ত মর্যাদা, মুখে গাম্ভীর্য। ওয়াং এই মর্যাদা বোধকে ভয় করে। প্রথমে যুঁইকে সে সামনে ডাকল না। নাং এন্ সম্ভ্রম ও আত্মবোধে কঠিন হ'য়ে ব'সে পিতার কুশল প্রশ্ন করে যথারীতি। ওয়াং শান্ত ভাবে উত্তর দেয়। ছেলের দিকে তাকিয়ে ওয়াং-এর ভয় ভেঙ্গে গেল। কেন ভয় করবে ওই ভীরুটাকে? শরীর খানাই আছে। এ দিকে শহুরে বৌটির কাছে তো কেঁচোটি—আর পাছে চেহারার কোনো ফাঁকে বেরিয়ে পড়ে উনি চাষার ছেলে সেই ভয়ে সারা। একে ভয়? ছিঃ, মাটির যে বলিষ্ঠতা ওয়াং-এর সত্তার সাথে ওর অজ্ঞাতসারেই এক হ'য়ে মিশে আছে, এই মুহূর্তে তাতে যেন জোয়ার জাগল। ওয়াং আবার আগের মতই বড় ছেলেকে ভয় ক'রল না, গ্রাহ্য ক'রল না ওর মার্জিত রুচি, পরিচ্ছন্ন পালিশলাগানো চেহারাকে।

অকস্মাৎ নিতান্ত সহজ সুরে ও যুঁইকে ডেকে ওদের জন্য চা আনতে ব'লে দিল।

যুঁই আসে, যেন হিমাঙ্গ প্রস্তর মূর্তি— মুখ রক্তহীন, যুঁই ফুলের মত সাদা। চোখ রইল মাটিতে—কলের পুতুলের মত আদেশ পালন ক'রে নীরবে বেরিয়ে গেল।

যতক্ষণ যুঁই চা ঢালছিল—ওরা দু'জন নীরবে ব'সেছিল। ও চলে যেতে পেয়ালা তুলে নিল। ওয়াং তীক্ষ্ণ দৃষ্টিতে ছেলের দিকে চায়—নাং এন্-এর চোখে একদিকে কা'র রূপের প্রতিফলিত আলো, আর একদিকে গোপন ঈর্ষার চাপা আগুন।

এক সঙ্গে ব'সে ওরা চা খায়। অবশেষে দুর্বল বিচলিত স্বরে নাং এন্ বলে:

'এতক্ষণ বিশ্বাস হয়নি যা শুনেছি।'

ওয়াং শান্ত, স্থির কণ্ঠে জবাব দেয়:

'কেন হয়নি? এ বাড়ী আমার মনে রেখো।'

দীর্ঘ নিশ্বাস ফেলে একটু থেমে নাং এন্ বলে:

'তুমি বড়লোক, যা খুশি ক'রতে পারো বৈকি।'

তারপর আবার দীর্ঘশ্বাস ফেলে বলে:

'কোন পুরুষেরই একজনে চলে না বরাবর···এবং একটা সময় আসে—' নাং এন্ থেমে যায়। দৃষ্টিতে সেই ঈর্ষা। ওয়াং দেখে হাসে। ছেলেকে ও চেনে,—তার ভেতরের কাম-চপল জন্তুটাকেও চেনে। জানে নাগরিকা স্ত্রীটি ওর রাশ চিরকাল টেনে রাখতে পারবে না। একদিন না একদিন জন্তুটা ছুটে পালাবেই।

নাং এন্ আর কিছু না ব'লে কি যেন ভাবতে ভাবতে বেরিয়ে গেল। ওয়াং ব'সে পাইপ টানতে টানতে গর্বে স্ফীত হ'তে লাগল- বৃদ্ধ ওয়াং তার যা খুশি হ'য়েছে ক'রেছে।

রাতে এল ছোট ছেলে—সেও একাই। ওয়াং মাঝের ঘরে ব'সে। লাল মোমবাতি টেবিলের উপর জ্বলছে। টেবিলের একধারে ব'সে ওয়াং পাইপ টেনে চ'লেছে। আর একধারে যুঁই। ওর হাত দুখানি যুক্ত হ'য়ে কোলের ওপর যেন ঘুমিয়ে। মাঝে মাঝে শিশুর সারল্য-মাখা, ছলা-কলাহীন পরিপূর্ণ শান্ত দৃষ্টিতে ওয়াং-এর দিকে তাকায়। হঠাৎ ছোট এসে সামনে দাঁড়ায়। কেই ওকে ঢুকতে দেখেনি। ও যেন অন্ধকারের বুক চিরে সেই মুহূর্তে এখানে এসে ছিটকে পড়ল। অদ্ভুত একটা হিংস্র ভঙ্গীতে ও দাঁড়িয়ে, যেন এখান কা'র ঘাড়ে ও লাফিয়ে প'ড়বে। ওয়াং লাং-এর চকিতে মনে প'ড়ে গেল—কবে গ্রামের লোকেরা পাহাড় থেকে একটা চিতা বাঘ ধরে এনেছিল। বাঘটা ছিল বন্দী, তবু শিকারের ওপর লাফিয়ে পড়ার একটা প্রচেষ্টা স্পষ্ট ছিল ওর অঙ্গ প্রত্যঙ্গে—চোখে ছিল জিঘাংসার স্ফুলিঙ্গ। ছোটর চোখও তেমনি হিংস্রতায় বাবার মুখের ওপর যেন বিঁধে আছে। আর ঐ ভ্রু-জোড়ায় —ওর বয়সের তুলনায় যা বড় বেশী কালো, বড় নিবিড়—কী ভীষণতায় কুঞ্চিত, রাশীকৃত, কৃষ্ণতর হ'য়ে যেন ওর চোখের ঠিক ওপরে জমাট বেঁধে আছে। অমনি ক'রে দাঁড়িয়ে থেকে আবেগ-মথিত স্বরে ধীরে ধীরে বলল: এবারে আমি যুদ্ধে—আমি চল্লুম—'

যুঁইয়ের দিকে তাকাল না। বাবার দিকে তাকিয়ে ব'লল। আর ওয়াং যে বড়

ছেলেকে ভয় করেনি, গ্রাহ্য করেনি মেজকে,—হঠাৎ ভয়ে কাঠ হ'য়ে গেল ছোটর কাছেই, জন্ম থেকে যাকে সে আমলেই আনেনি মোটে।

ওয়াং-এর মুখে কথা আটকে গেল। কি যেন ব'লতে গিয়ে অস্পষ্ট ভাঙ্গা-চোরা কয়েকটা শব্দের টুকরো মাত্র বেরুল। তাড়াতাড়ি হুঁকোটা চেপে ধরল মুখে। বিকৃত শব্দও বেরুতে দিল না। তাকিয়ে থাকল ছেলের দিকে। ছেলে বার বার বলে চ'লল: 'এবারে যাবই আমি, যাবই।'

তারপর অকস্মাৎ ছোট পেছন ফিরে দৃষ্টি ফেলল যুঁইয়ের দিকে। যুঁইও সে-দৃষ্টি ফিরিয়ে দিল পরম কুণ্ঠায়। দু'হাতের মধ্যে মুখ গুঁজল যুঁই। ছোট তার দৃষ্টি উপড়ে নিয়ে ছিটকে ঘর থেকে বেরিয়ে গেল।

সীমাহীন অন্ধকার। খোলা দরজার চতুষ্কোণ অন্ধকার অবকাশের পথে নিদাঘ রাত্রির সেই উৎসারিত কালোর পারাবারে কোথায় হারিয়ে গেল ছোট। চারদিকে স্তব্ধতা থম্‌থম্‌ ক'রে উঠল।

বৃদ্ধের গর্বের চূড়া মাটিতে পড়ে ভেঙ্গে চুরমার হ'য়ে গেল। অব্যক্ত বেদনায় গুমরে উঠল ওর স্থবির বুক।

'ওরে যুঁই, আমি বুড়ো হ'য়ে গেছি, বুড়ো হ'য়ে গেছি, তোর যোগ্য নই, নই।'

মুখ থেকে হাত প'ড়ে গেল যুঁইয়ের। প্রবল আবেগে কান্না উদ্বেল হ'য়ে উঠল। অমন ক'রে ওকে কাঁদতে ওয়াং দেখেনি।

'আমি বুড়োদেরই ভালোবাসি গো। ঐ ওরা, ছেলেরা বড় নিষ্ঠুর, বড়—'

রাত ভোর হ'তে দেখা গেল ছোট নেই। কিন্তু কোথায় ছোট? কোথায়?

নিদাঘের শেষ উত্তাপটুকু বুকে আঁকড়ে ক্ষণিকের জন্য প্রচন্ড হ'য়ে উঠে শরতের পরিসমাপ্তি ঘটে শীতের নিষ্প্রাণ শুভ্রতায়। তেমনি যুঁইয়ের প্রতি ওয়াং-এর আবেগের উত্তাপও প্রচন্ড হয়ে জ্বলে উঠে স'রে গেল। যুঁইকে ওয়াং ভালোবাসে। কিন্তু ওর রক্তের চঞ্চলতা মরে গেছে হঠাৎ যেন বার্ধক্যের উত্তুরে হাওয়ার ঝাপ্‌টা এসে নিমেষে ওকে জমিয়ে দিয়েছে। তবুও ওয়াং যুঁইকে ভালোবাসে। যুঁই ওয়াং-এর প্রশান্তি, ওয়াং-এর আরাম, ওয়াং-এর স্বাচ্ছন্দ্য। বিশাল ধৈর্য দিয়ে, প্রাণ দিয়ে যুঁই ওয়াং-এর সেবা করে, থাকে কাছে কাছে। তাই ওয়াং যুঁইকে ভালোবাসে। কামনার উদ্দাম তুফান থেমে গিয়ে ওর ভালোবাসার সাগরে বাৎসল্যের গভীর প্রশান্তি নেমেছে।

ওয়াং-এর জন্যই যুঁই জড়বুদ্ধি মেয়েটাকে স্নেহে বুকের কাছে টেনে নিয়েছে। বৃদ্ধের প্রাণে এও একটা স্বস্তি এনেছে। হতভাগিনীকে নিয়ে ওয়াং-এর দুর্ভাবনার অন্ত ছিল না। সে চলে গেলে কে-ই বা এটাকে দেখবে? ওয়াং ছাড়া কেউ তো ফিরেও তাকায় না ওর দিকে। হয়ত' না খেয়েই পড়ে থাকবে, কারো খোঁজ প'ড়বে না। তাই ওয়াং কিছু বিষ এনে লুকিয়ে রেখেছিল। ওর ওপর যেদিন মৃত্যুর সমন জারি হবে, ঐ বিষের সাহায্যে বোবা মেয়েটাকেও সঙ্গে নিয়ে যাবে ওয়াং। নিজের মৃত্যুর চাইতে মেয়েটার বেঁচে থাকাকে ওর ভয় বেশী। এখন যুঁইয়ের স্নেহকোমল সেবায় ও নিশ্চিন্ত হল। একদিন যুঁইকে ডেকে ব'লল:

আমি ম'রলে মেয়েটাকে কেউ দেখবার থাকতো না যুঁই। এখন তোর হাতে ওকে

তুলে দিয়ে আমি নিশ্চিন্তে চোখ বুজতে পারব। আমার পরে কতকালই তো ও বেঁচে থাকবে। ওর জগতে কোন ভাবনা, কোন জ্বালা, কোন দুঃখ তো নেই যার ঘসায় ঘসায় ওর আয়ু ক্ষয়ে যাবে। ওর পঙ্গু মনে কোন কিছুরই দাগ লাগে না। এও আমি জানি, আমি ম'রলে কেউ ওকে খেয়াল ক'রে একমুঠো খাবারও দেবে না। জলে ভিজবে, রোদে পুড়বে, ওকে ঘরে আনার কথা কারো মনে থাকবে না। শীতে বেচারা কাঁপবে, ধরে একটু রোদে বসাবে না কেউ। হয়ত' বা কোনদিন রাস্তায় বেরিয়ে নিখোঁজই হ'য়ে যাবে। ওর মা থাকতে ওকে বুকে ক'রে রেখেছিল। সে চ'লে গেল হতভাগীকে আমার বুকে রেখে। আমি ওর মা বাপ দু'ই হয়ে ওকে ঢেকে রেখেছিলাম রে যুঁই। ওর গায়ে তো কোন আঁচই লাগেনি।'

বিষের মোড়কটা বের ক'রে ব'লল: ধর তুলে রাখ এটা। আমি ম'রলে এর একটু ওর ভাতে মিশিয়ে দিয়ে ওকে আমার পেছন পাঠিয়ে দিস্, ও মরে বাঁচবে। বল করবি। আমি তাহ'লে সুখে মরি।'

যুঁই মোড়কটা দেখে ভয় পেয়ে যায়। ধীরে ধীরে বলে: 'কি বলছেন, একটা মাছি মারতে আমার হাত বেধে যায়, আর জ্বলজ্যান্ত একটা মানুষ মারব কি ক'রে! দিয়ে দিন ওকে আমায়। আমি নিলুম ওকে। দুনিয়ায় এক আপনি ছাড়া আমার সাথে একটা ভাল কথা কেউ তো বলেনি, একটু দরদ কেউ দেখায় নি। আপনার অগাধ স্নেহের ঋণ অনুপরিমাণও তো শোধ দিতে পারিনি! ওর সেবা ক'রে আপনার স্নেহের একটু মর্যাদা করার অধিকার দিন আমায়।'

ওয়াং-এর চোখ ছলছল ক'রে উঠল। এমন ক'রে সান্ত্বনার কথা কেউ ওকে বলেনি। যুঁই যেন আজ আরো বেশী কাছে এল।

'তা হোক, তা হোক যুঁই। তোকে ছাড়া কাউকে বিশ্বাস করিনে, রেখে দে এটা কাছে। ব'লতে আমার বুকটা টন্ টন্ ক'রে ওঠে, কিন্তু তুই—তুইও অমর হ'য়ে আসিস্‌নি রে। ধর তুইই—' ওয়াং-এর গলায় বেধে যায়। একমুহূর্ত থেমে আবার বলে: 'ধর ওর আগেই যদি তোর ডাক আসে – কেউ থাকবে না ওর তাহ'লে। আমার ছেলে বৌরা? তাদের যে নিজের জগৎ গড়ে উঠছে যুঁই! তাদের বিবাদ, তাদের সন্তান নিয়েই তারা ব্যস্ত, অন্যদিকে তাকাবার তাদের সময় কই? আর ছেলেরা পুরুষ মানুষ, তাদের কি এসব দিকে খেয়াল থাকে?

যুঁই বুঝতে পারে। কোন কথা না বলে মোড়কটা নিয়ে রেখে দিল। দুর্ভাগিনী মেয়েটা সম্বন্ধে ওয়াং নিশ্চিত হয়।

ওয়াং যেন সত্যই এবার বাইরের সংসার হ'তে সংযত হ'য়ে তার বার্ধক্যের খোলসের মধ্যে ধীরে ধীরে গিয়ে ঢুকতে লাগল। ওর মহলের দুটি প্রাণীর সাময়িক সঙ্গ ছাড়া বেশীর ভাগ ওর একাই কাটে। মাঝে মাঝে যেন গভীর সুষুপ্তি থেকে জেগে উঠে যুঁইয়ের মুখের দিকে তাকায়—গভীর উদ্বেগে মুখ রেখায়িত হ'য়ে ওঠে। বলে: 'আমি যে একেবারে জুড়িয়ে গেছি যুঁই! এ ঠান্ডা জীবন তোর সহ্য হবে কেন?'

গভীর কৃতজ্ঞতায় ভরে উঠে যুঁই কোমল স্বরে জানিয়ে দেয়: 'হোক তা, কিন্ত

এ যে বড় শান্তি, কত বড় নিশ্চিন্ত নিরাপত্তা।

ওয়াং আবার কখনও হয়ত বলেঃ যুঁই একেবারে জুড়িয়ে গেছি, আগুন নেই একফোঁটা, পড়ে আছে খালি ছাই।

যুঁইয়ের ঐ এক জবাব—অন্য কোন পুরুষকে সে চায় না, চায় না। ওয়াং-এর অবাক লাগে। একদিন কৌতুহলী হ'য়ে জিজ্ঞাসা ক'রল এই তরুণ বয়সে পুরুষ জাতির ওপর অমন ভয়ের কারণ কি ঘটল। উত্তরের প্রতীক্ষায় তাকিয়ে রইল যুঁইয়ের মুখের দিকে। একি! অতিশয় শঙ্কা কালো হ'য়ে ওঠে ওর দুই চোখে। আশ্চর্য! দুই হাতে যুঁই মুখ ঢাকল। তারপর একেবারে চাপা গলায় ব'লল ঃ

আপনি ছাড়া সব পুরুষকে আমি ঘৃণা করি, ঘৃণা করি! আজন্ম ক'রে এসেছি—বাবাকে সুদ্ধ। কেনই বা ক'রব না বাপ হ'য়ে আমাকে বেচে দিতে পেরেছিল—।'

ওয়াং আরো অবাক হ'য়ে জিজ্ঞাসা করেঃ 'কিন্তু আমার বাড়ী তো তুই নির্ঝঞ্ঝাটেই ছিলি, কেউ তো কোন অত্যাচার করেনি তোর ওপর।'

অন্যদিকে তাকিয়ে যুঁই বলে চলেঃ 'সকলকে ঘৃণা করি,—মন থেকে, আমার সমস্ত শক্তি দিয়ে ঘৃণা করি। বিশেষ ক'রে যুবকদের। ঘৃণা—কেবল ঘৃণা—আর কিছু না। ওদের কেবল ঘৃণা করি।'

যুঁই আর কিছু ব'লল না। ওয়াং বিস্ময়ের সাগরে ডুবে ভাবে, কেন অমন হ'ল। কমল কি তার নিজের জীবনের ইতিহাস শুনিয়ে ওর মনকে বিষিয়ে দিল? না কোকিলা ওকে পুরুষের প্রবৃত্তির খেলায় মেয়েদের সর্বনাশের কাহিনী শোনাল! কী এ? না ওরই জীবনে র'য়েছে কোন সুগোপন ইতিহাস—যার রহস্য ও উদ্ঘাটন ক'রবে না!

প্রশ্নটা আর তুলল না ওয়াং। অনর্থক মাথা ঘামানো। ভালো লাগে না ঝঞ্ঝাট। ও শান্তি চায়। যুঁই আর মেয়েটাকে কাছে নিয়ে ও নিরালা চুপ-চাপ ব'সে থাকবে।

অমনি ক'রেই ওয়াং ব'সে থাকে। দিন যায় বছর যায়, ওয়াং-এর বাবা যেমন ক'রে ঝিমুত তেমনি ক'রে যেন নেশার ঘোরে ঝিমিয়ে ওর বেশী সময় কাটে এখন। ওয়াং-এর আর কোন কাজ বাকী নেই, ও পরিতৃপ্ত।

মাঝে মাঝে—যদিও খুব কম, অন্য মহলে যায়। কমলের মহলেও যায় কখনও, কিন্তু আগের চাইতে আরো কম। যুঁইয়ের কথা কমল মুখে আনে না। ওয়াংকে সাদরে অভ্যর্থনা করে। কমলও এখন বুড়ী হ'য়েছে। খাওয়া আর টাকা নিয়ে সে খুশি। কোকিলা পরিচারিকার পদ হ'তে সখীর পর্যায়ে উন্নত হ'য়েছে। দু'জনে একসঙ্গে ব'সে গল্পগুজব করে অফুরন্ত—বেশীর ভাগ ওদের বিগত দিনের রসাল ইতিহাসের জাবর কাটে, কত গোপন পর্বের স্মৃতি নিয়ে কানাকানি করে। খায়, ঘুময়, জেগে ওঠে খাবার আগ পর্যন্ত গালে হাত দিয়ে ব'সে আবার গল্প করে।

ওয়াং ছেলেদের মহলে গেলে তারা ব্যস্ত হ'য়ে ওঠে, চা এনে দেয়, আদর ক'রে বসায়। ওয়াং নবতম শিশুকে দেখতে চায়। জিজ্ঞাসা করে কটি নাতি হ'ল

সবসুদ্ধ। কতবার যে এ প্রশ্ন ক'রেছে, প্রতিবারই ভুলে গেছে।

কেউ জবাব দিল তাড়াতাড়ি—দু'ঘরে মিলিয়ে এগার ছেলে, নয় মেয়ে। কল্ কল্ ক'রে হাসতে হাসতে বৃদ্ধ বলেঃ 'প্রতি বছর দুটো ক'রে যোগ দাও আরো। ঠিক হলো না? তারপর খানিকক্ষণ বসে। চারদিকে ঘিরে আসে নাতিনাত্নীরা। তাদের তাকিয়ে দেখে খুঁটে খুঁটে। বেশ লম্বা বড় সড় হয়ে উঠেছে সব। আপন মনে বসে বসে বলেঃ আরে এ ছেলেটা দেখছি আমার বাবার মত হয়েছে ঠিক! এটা দেখছি আবার ছোট খাট একটা লিউ! বাঃ বেশ মজা তো, ইনি যে দেখছি খোকা ওয়াং লাং!

নাতিদের জিজ্ঞাসা করেঃ 'ইস্কুলে যাচ্ছিস তো তোরা?'

চারিদিক থেকে কল কল এলো মেলো জবাস আসেঃ 'যাচ্ছি দাদু!'

'শাস্ত্র টাস্ত্র একটু আধটু পড়ছিস তো।'

ওরা হেসে ওঠে। কচি কচি মুখে একটু অবজ্ঞার হাসি। বুড়ো হ'য়ে গেছে দাদু কিছু জানে না। 'না দাদু, এখন আর ওসব পড়ায় না, সেবার বিপ্লবের পর থেকে ওসব উঠে গেছে।'

ওয়াং একটু ভেবে বলেঃ 'হ্যাঁ হ্যাঁ, শুনেছি বটে, কবে একটা বিপ্লব হ'য়েছিল। আমার কি তখন আর মরবার ফুরসৎ ছিল। কাজ-কর্ম নিয়ে এমনি ব্যস্ত ছিলাম, ওসব দিকে মন দিতে পারিনি। জমিজমার কাজ কি আর একটুখানি!'

নাতিরা মুখ ঘুরিয়ে নাসিকা-কুঞ্চন করে। ওয়াং উঠে পড়ে। ছেলেদের মহলে ওয়াং অতিথি।

কিছুদিনের মধ্যে ছেলেদের মহলে যাওয়াও ছেড়ে দিল। কোকিলাকে মাঝে মাঝে জিজ্ঞাসা ক'রে জানে বৌমারা এখনও আগের মত ঝগড়া করে কি না, না মিলে-মিশে আছে। কোকিলা মাটিতে খানিকটা থুথু ফেলে বলেঃ 'হুঃ পীরিতের আর অন্ত নেই! যেন সাপ আর নেউল। বড় বৌ-এর নালিশের জ্বালায় বড় বাবুর তো হাড় কালিয়ে গেল। খালি বাপের বাড়ীর গুমর। অমন মেয়েমানুষ নিয়ে পুরুষে ঘর কত্তে পারে? শুনছি বড়বাবু নাকি আবার বিয়ে করবে।'

কোকিলার কথা শেষ হবার আগেই ওয়াং-এর কৌতূহল শেষ হ'য়ে গেছে। ততক্ষণে চায়ের ভাবনা ওর মনে জুড়ে বসেছে। যা হাওয়া, শীতও যে ক'রছে বড়।

আর একদিন হয়ত' কোকিলাকে জিজ্ঞাসা করেঃ 'ছোটর খবর পেলে কিছু? এতদিন কোথায় রইল ছেলেটা।'

কোকিলা এ বাড়ীর সব জানে। সে হয়ত জবাব দেয়ঃ

'না, তা চিঠি পত্র লেখে কই? দক্ষিণ দেশ থেকে কেউ এলে শুনি সে 'নাকি ভারী বড় চাকরী করে সেখানে সৈন্যদের দলে। বিপ্লব না ফিপ্লব, কি বলে ছাই মাথা মুণ্ডু, কী হ'য়েছিল সেবারে, তাতেই নাকি তার বড় মান বেড়েছে।'

'বেশ বেশ,'—বার বার মাথা নেড়ে ওয়াং বলে। কিন্তু কোকিলার সব কথা হয়ত' ওর কানে পেঁছায় না। এদিকে সন্ধে হ'য়ে আসে, ঠান্ডা পড়ে গেছে, ওর বুড়ো হাড় শীতে কন্ কন্ ক'রে উঠেছে। বেশীক্ষণ কোন জিনিসে ও মন বসাতে

পারে না, ভালও লাগে না। তাছাড়া সব কিছুর চাইতে ওর শারীরিক স্বাচ্ছন্দের প্রয়োজনানুভূতি এখন খুব বেশী। রাতে যুঁই পাশে শোয়। তরুণ দেহের উত্তাপ ওয়াং-এর উত্তাপ-হীন দেহে সঞ্চারীত হয়।

কত বসন্ত এল আর গেল। যতই দিন যায় ঋতুর পদধ্বনি ওয়াং-এর কানে ক্ষীণতর হ'য়ে আসে। কিন্তু একটি জিনিস এখনও র'য়েছে তেমনি ভাস্বর, তেমনি দীপ্যমান। সে ওর মাটির টান। মাটি থেকে ও আজ সরে এসেছে কত দূরে—ঘর বেঁধেছে নগরে : ঘরে র'য়েছে রাজার ঐশ্বর্য। কিন্তু ওয়াং-এর শিকড় র'য়েছে মাটি আঁকড়ে। মাসের পর মাস হয়ত' ক্ষেতে যায়না, সম্পূর্ণ ভুলে যায় ক্ষেতের কথা। কিন্তু বসন্ত এলে আর ওয়াং ঘরে থাকতে পারে না। নিজের হাতে হাল চালাবার শক্তি নেই, তবুও যাবে, দাঁড়িয়ে দেখবে কৃষাণদের হাল চালানো, হালের ফলার মাটির বুক চিরে ফেড়ে চলে যাওয়া।

কখনও সঙ্গে ভৃত্য তার বিছানা নিয়ে যায়। রাতে ঘুময় সেই মেটে ঘরে, সেই পুরানো খাটে— যেখানে ও শুয়েছে, যেখানে পৃথিবীর আলো দেখেছে ওর সন্তানেরা, যেখানে ওলানু-এর শেষ নিশ্বাস পড়েছে। ভোর বেলা জেগে উঠে বেরিয়ে যায় মাঠে। কম্পিত হাতে কষ্টে সৃষ্টে ভেঙ্গে নেয় মুকুলিত উইলো গাছের একটা শিশু-শাখা, পিচ ফুলের একটা স্তবক। সারাদিন হাতের মুঠোয় ক'রে রাখে।

সেবার বসন্তের শেষ দিকে একদিন হাঁটতে হাঁটতে ওয়াং এসে পড়ল ছোট পাহাড়টার গায়ে সেই ঘেরা জায়গায়, যেখানে ওর কত প্রিয়জনের সমাধি রচনা ক'রেছে। লাঠির ওপর ভর দিয়ে দিয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে ও কাঁপতে লাগল। সমাধিগুলোর দিকে তাকিয়ে তাকিয়ে, এদের নীচেকার অধিবাসীদের প্রত্যেকের কথা ওর মনে পড়ল। এই মৃতেরা আজ জীবিতের চাইতে, ওর জীবন্ত পুত্রদের চাইতে, বোবা মেয়েটা আর যুঁই ছাড়া সব কিছুর চাইতে স্পষ্টতর, সত্যতর হয়ে উঠল ওর কাছে। কতগুলি স্তূপীকৃত বছরের স্তর ডিঙ্গিয়ে ওর চেতনা আজ চলে গেল এক সুদূর অতীতের তটপ্রান্তে। সুদূর সেই অতীতের সব কিছু তার ক্ষুদ্রতম অনুটুকুও ওয়াং-এর কাছে আজ বিশাল, তেজোময় হ'য়ে উঠল—এমন কি ছোট খুকীর কথাও আজ মনে পড়ে গেল। কতদিন খবর পায়নি তার— হয়ত' মনেও নেই কতদিন। ছোট্ট ফুট্‌ফুটে মেয়ে ছিল এক টুকরো পাতলা সিল্কের মত টুক্‌টুকে দুটি ঠোঁট। সেও ওয়াং-এর কাছে এই মৃতদের মতই বিস্মৃতির তলায় ডুবে গিয়েছিল! হঠাৎ বিদ্যুতের মত ওর মনে খেলে গেল, তাইতো —এবার পালা যে ওর!

ওয়াং ভালো ক'রে দেখে দেখে ঘেরার মধ্যে নিজের জন্য একটা স্থান নির্বাচন ক'রে নিল—যেখানে ও এসে শুয়ে পড়বে, বাবা কাকার পায়ের নীচে, চিং-এর মাথার কাছে আর ওলান-এর পাশে। মাটির এ টুকরোটার দিকে ও নিষ্পলক দৃষ্টিতে তাকিয়ে রইল। স্পষ্ট দেখতে পেল, মাটির তলায় ওই যে ওয়াং রয়েছে শুয়ে। শাশ্বত কালের মাটির ছেলে ওয়াং আবার শাশ্বতকালের জন্য ফিরে এলো মাটির কোলে—ওর পরম আপনার ধন ওই মাটি, ওই জমি,—ক্ষেত মাঠ—।

এবারে কফিনটাও দেখে নিতে হবে। মনে হ'তেই' বুকটা মোচড় দিয়ে উঠল,—

কিন্তু কথাটা ওকে পেয়ে বসল। সহরে ফিরে এসে নাং এন্‌কে ডেকে পাঠাল। সে এলে বলল :

'আমার একটা কথা বলার আছে।'

'এই তো রয়েছি বাবা, কি বলবে?'

কিন্তু বলতে গিয়ে কি বলতে বসেছিল তা মনে ক'রে উঠতে পারল না। ওর চোখ ফেটে জল এল। এত কষ্ট ক'রে ও আঁকড়ে জড়িয়ে রেখেছিল কথাটা বুকের মধ্যে; ব্যাথা বাজছিল, কাঁটার মত ফুটে বসছিল—আর তাই কিনা দুষ্টু ছেলের মত কোন ফাঁকে ছুটে পালিয়ে গেল! যু'ইকে ডেকে বলল :

'আমি কি বলতে যাচ্ছিলাম রে যু'ই?'

'কোথায় গিয়েছিলেন আজ?'

ওয়াং যু'ইয়ের চোখে চোখ রেখে খানিকক্ষণ অপেক্ষা ক'রে বলল :

'মাঠে গিয়েছিলাম।'

'কোন মাঠে?'

নিমেষে ওয়াং-এর স্মৃতি ফিরে এল। জল-ভরা চোখে হাসি ঝল্‌মল্‌ ক'রে উঠল। চীৎকার ক'রে বলল : 'মনে পড়েছে, মনে পড়েছে। আমি আমার কবরের জায়গা ঠিক ক'রে এসেছি। এখন মরবার আগে আমি আমার কফিনটা দেখতে চাই।'

'ও কথা বলো না বাবা।...যাক্‌ তুমি যা বলছ, করব'—নাং এন্‌ বলল। যেমন ক'রে বলা উচিত ঠিক তেমনি ক'রে বলল—ওজনে, ধরনে কোথাও একচুল এদিক ওদিক হলো না।'

নাং এন সুগন্ধি কাঠের কারুকার্যখচিত একটা কফিন নিয়ে এল। এক কফিন ছাড়া আর কোন কাজে এ কাঠ ব্যবহার হয় না, বোধহয় লোহার চাইতে, মানুষের অস্থির চাইতে এ কাঠের স্থায়িত্ব বেশী। ওয়াং নিশ্চিত হ'ল। কফিনটাকে নিজের ঘরে আনিয়ে রাখল। প্রতিদিন দেখে দেখে ওর তৃপ্তি হয়।

হঠাৎ একদিন আর একটা ইচ্ছা ওর মনে খেলে গেল। কফিনটা নিয়ে ও চলে যাবে সেই মাটির ঘরে। সেখানেই কাটাবে শেষের দিন কটা।

কিছুতেই ওয়াংকে ফেরান গেল না। সে আবার ফিরে গেল তার মাটিতে, মাটি দিয়ে বাঁধা ঘরে। সঙ্গে গেল যু'ই, বোবা মেয়ে, আর প্রয়োজন মত পরিচর অনুচর। আবার এসে ওয়াং বাসা বাঁধল ওর মাটির বুকে, মাটির ঘরে। নগরের বিশাল পুরী, যে মহা-পরিবারের প্রতিষ্ঠা ক'রে ছিল সেখানে, সব পেছনে রেখে এল তাদের জন্য।

বসন্ত আসে যায়। গ্রীষ্মও যায়, ফসলের সম্পদে ধরিত্রীকে ঐশ্বর্যশালিনী করে। ওর বাবা যেখানে বসে রোদ পোয়াত সেখানে ওয়াং দেয়ালে ঠেসান দিয়ে ব'সে শরতের শেষ রৌদ্র উপভোগ করে। কি ফসল হ'লো, কি বীজ বুনবে, সে সব ওর মন থেকে সরে গেছে। এখন কেবল মাটির ধ্যান ওর চেতনায়, ওর অবচেতনে মাটির ধ্যান মিশে একাকার হয়ে যায়। মাঝে মাঝে নত হ'য়ে একমুঠো মাটি খাবলে তুলে নেয়। আঙুলের বন্ধনে মুঠোর মধ্যে মৃত মাটি জীবন্ত হ'য়ে ওঠে। মুঠোর মধ্যে মাটির

স্পর্শে অপূর্ব অপূর্ব তৃপ্তিতে ভরে ওঠে ওর বুক। মাটির স্বপ্ন, মাটির ধ্যান—আর ওই কফিন ওর একমাত্র মননের বস্তু। দাক্ষিণ্যশালিণী ধরিত্রীর কোন ত্বরা নেই, অপার ধৈর্য নিয়ে প্রতীক্ষা করে সেদিনটির জন্য যেদিন ওয়াং ফিরে আসবে তার কোলে।

ছেলেরা কর্তব্যপরায়ণ। প্রায় প্রতিদিন ওয়াংকে দেখতে আসে, ভালো ভালো খাবার পাঠিয়ে দেয়। কিন্তু ওয়াং-এর ভালো লাগে বাবার মত গরম গরম ভুট্টার মন্ড খেতে। ছেলেরা প্রতিদিন আসতে না পারলে যু'ইয়ের কাছে অভিযোগ করে: 'কি এত ওদের কাজ যে বুড়ো বাপকে এসে একটু দেখে যাবার সময় হয় না?' যু'ই বলে: 'কাজ তো ওদের মেলাই। নাং এন্-এর শহরে কত প্রতিপত্তি, কত মান। ধনী মহলে তার স্থান। সে আবার আর একটা বিয়ে ক'রেছে। মেজ ধান চালের আলাদা ক'রে কারবার খুলেছে নিজের নামে।' ওয়াং শোনে, কিছু বোঝে না। দূর-প্রসারী মাটির ওপর ওর দৃষ্টি চলে যায়। মুহূর্তে সব কিছু ভুলে যায়।

একদিন ক্ষণিকের জন্য ওয়াং জেগে ওঠে। দু-ছেলেই সেদিন এসেছে। সাধারণ দু'চারটে অভ্যস্ত কথা ব'লে বাইরে এসে বাড়ীর চারদিক ঘুরে তারা মাঠে এসে পড়ে। সব কিছু অত্যন্ত স্পষ্ট হয়ে ওয়াং-এর কাছে ধরা পড়ে যায়। ওয়াং চুপি চুপি ওদের পেছু নিল। ওরা কিছু দূর গিয়ে দাঁড়িয়ে পড়ে, ওয়াংও দাঁড়ায়—এত নিঃশব্দে, এত ধীরে যে ওরা টেরই পায় না। ওরা চাপাস্বরে কি বলাবলি করে—ওয়াং কান পাতে।

'ও জমিটাই তা'হলে বেচা যাক। টাকার সমান বখ্রা হবে। তোমার বখরাটা আমায় ধার দিও। ভাল সুদ দেব। এখন সোজা রেল-রাস্তা হ'য়েছে—চাল চালান দিতে পারা যাবে এবার।'

'জমিটা বেচা যাক্' একথাটি বৃদ্ধের কানে গেল। প্রচন্ড রাগে ওয়াং যেন ভেঙ্গে খান্ খান্ হ'য়ে পড়ল। কাঁপতে কাঁপতে চীৎকার ক'রে উঠল:

'পাজী, হতচ্ছাড়া নিষ্কর্মা শয়তানের দল। তবে রে! জমি বেচবে—' স্বর আটকে যায়। হুমড়ি খেয়ে ও পড়ে যাচ্ছিল, ছেলেরা ধ'রে ফেলে। পাগলের মত কেঁদে ওঠে ওয়াং। ছেলেরা প্রবোধ দেয়:

'কে বললে। জমি বেচবো না, কক্খনও বেচবো না।'

'শেষ—শেষ—' বৃদ্ধ ফুঁপিয়ে ওঠে: 'মাটি বেচতে আরম্ভ করলেই ব্যস্। মাটি বেরিয়ে গেলেই সেই পথে অলক্ষ্মী আসে। সর্বনাশ হবে, কিছু থাকবে না, সব যাবে—বংশ প্রতিষ্ঠা সব যাবে। ওরে মাটি বেচিস্‌নি তোরা!'

একেবারে ভেঙ্গে পড়ে ওয়াং। একটু থেমে আবার বলে:

'ওরে মাটি হাতছাড়া করিস্‌নে। মাটি থেকে আমরা এসেছি, মাটিতেই আবার ফিরে যেতে হবে। মাটি! মাটি! ওরে মাটি ছাড়িস্‌নে তোরা, ছাড়িস্‌নে—! ওই তোদের বাঁচার পথ। মাটি কেউ কেড়ে নিতে পারে না রে, কেউ পারে না—

কয়েক ফোঁটা অশ্রু গড়িয়ে বৃদ্ধের গালের ওপর পড়ল। শুকিয়ে কয়েকটা কালো দাগ রেখে গেল। নত হ'য়ে হাত ভরে এক মুঠো মাটি তুলে নিয়ে শক্ত ক'রে হাতের মুঠোয় চেপে ধরে আপন মনে বলতে লাগল:

'মাটি বেচ্‌বে—তাহলে আর কি ? বাস্‌—'

দু ছেলে দুদিকে দাঁড়িয়ে ওকে শক্ত করে ধরে রইল। ওয়াং-এর মুঠোর মধ্যে উষ্ণ আলগা মাটি।

ছেলেরা সান্ত্বনা দেয়। বারবার বলে ঃ

'ভেবো না বাবা, ভেবো না। কোন ভয় নেই তোমার। কে বলেছে জমি বেচব। এক তিলও বেচব না।'

কিন্তু বৃদ্ধের মাথার ওপর দিয়ে পরস্পরের দিকে তাকিয়ে ওরা মৃদু মৃদু হাসে।

ওয়াং-পরিবারের কাহিনী ভিত্তি ক'রে পার্ল বাক্ তিনটি উপন্যাস (ট্রিলোজি) লিখেছেন। 'গুড আর্থ' তার প্রথম, দ্বিতীয়টির নাম 'সনস' এবং তৃতীয় উপন্যাসটি হ'ল 'এ হাউজ ডিভাইডেড্'। এই তিনটি উপন্যাস ইংরেজীতে আবার একসঙ্গে প্রকাশিত হয়েছে 'হাউজ্ অব্ আর্থ' নামে।